পরপর কোনো বাক্যাংশ বা পঙ্‌ক্তিতে একই শব্দ বা শব্দ গুচ্ছ বার বার ব্যবহার করে ছন্দালঙ্কার তৈরি করাকে Anaphora বলে। যেমন: "**Every** day, **every** night, in **every** way, I am getting better and better." এই বাক্যটিতে Every শব্দটি বার বার ব্যবহার করে বাক্যটিতে সৌন্দর্য আনা হয়েছে। আবার "**My life** is my purpose. **My life** is my goal. **My life** is my inspiration." এই বাক্যটিতে My Life শব্দগুচ্ছ বা Phrase টি প্রতিটি বাক্যের শুরুতে ব্যবহার করে Anaphora তৈরি করা হয়েছে।

Antithesis (পরস্পর বিরোধী শব্দাবলী ব্যবহার)

একই বাক্যে পরস্পর বিপরীত বা বিরোধী দুইটি ব্যাপারকে একই সাথে তুলনামূলক ভাবে উপস্থাপন করাকে Antithesis বলে। যেমন: "**Speech** is silver, but **silence** is gold." এই বাক্যটিতে Speech বা কথা বলাকে রুপা আর Silence বা নীরবতাকে স্বর্ণের সাথে তুলনা দিয়ে কথা বলার চেয়ে নীরবতাকে মূল্যবান বলা হয়েছে।

আরো কিছু Antithesis এর উদাহরণ:

- ✓ Give **every** man thy **ear**, but **few** thy **voice**.
- ✓ Man **propoes**, God **disposes**.
- ✓ Love is an **ideal** thing, marriage a **real** thing.
- ✓ Patience is **bitter**, but it has a **sweet** fruit.
- ✓ Money is the root of all **evils**: poverty is the fruit of all **goodness**.
- ✓ You are **easy** on the eyes, but **hard** on the heart.

Apostrophe (সম্বোধন অলঙ্কার)

যখন সাহিত্যকর্মের কোনো বক্তা অনুপস্থিত কাউকে বা কোনো কিছু সম্পর্কে সরাসরি সম্বোধন করে তাকে Apostrophe বলে। সাহিত্যে ব্যবহৃত এর কিছু উদাহরণ:

- ✓ Oh! Lift me as **wave**, a **leaf**, a **cloud**! (P.B. Shelley)
- ✓ Twinkle, twinkle, **little star**,
  How I wonder what you are.
  Up above the world so high,
  Like a diamond in the sky. (A well known nursery rhyme "The Star" by **Jane Taylor**)

Assonance (স্বরানুপ্রাস)

যখন কোনো বাক্যে পরপর ব্যবহৃত শব্দগুলোতে স্বরবর্ণ(Vowel) বারবার ব্যবহৃত হয়ে একধরনের ছন্দালঙ্কার তৈরি করে তাকে বলে Assonance বা স্বরানুপ্রাস। পূর্বে আলোচিত Alliteration থেকে এটি আলাদা কারণ Alliteration এ হয় ব্যঞ্জনবর্ণের পুনরাবৃত্তি আর Assonance এ হয় স্বরধ্বনির পুনরাবৃত্তি। যেমন: "That fat cat sat back" এই বাক্যটিতে 'a' স্বরবর্ণটি পরপর সবগুলো শব্দতে ব্যবহৃত হয়ে Assonance তৈরি করেছে। আরো কিছু Assonance এর উদাহরণ:

- ✓ We light fire on the mountain.
- ✓ I feel depressed and restless.
- ✓ Go and mow the lawn.
- ✓ 'Alone, alone, all, all alone
  Alone on a wide, wide sea (The Rime of the Ancient Mariner)
- ✓ The engineer held the steering to steer the vehicle.

Aside এবং Soliloquy এর মধ্যে পার্থক্য

Aside হলো নাট্য সাহিত্যের একটি উপকরণ যখন কোনো চরিত্র সরাসরি দর্শকদের উদ্দেশ্যে করে কিছু বলে সেটি হয় Aside। এই বক্তব্য নাটকের অন্য চরিত্ররা শুনতে পায় না। কিন্তু যখন কোনো চরিত্র দর্শকদের উদ্দেশ্যে নয় বরং আপন মনে নিজেকে নিজেই কিছু বলে তখন তাকে বলে Soliloquy. অর্থাৎ কোনো চরিত্রের বক্তব্য সরাসরি দর্শকদের উদ্দেশ্যে বলা হচ্ছে না দর্শকদের শুনিয়ে চরিত্র আপন মনেই বলছে তার উপর ভিত্তি করেই Aside এবং Soliloquy এর মধ্যে পার্থক্য বুঝা যায়।

যেমন: Shakespeare-এর বিখ্যাত Tragedy *'Macbeth'* এ কেন্দ্রীয় চরিত্র Macbeth এই বাক্যটি Aside হিসেবে দর্শকদের উদ্দেশ্যে বলেঃ– **"Time, thou anticipatest my dread explots."** আবার আরেক বিখ্যাত Tragedy *'Hamlet'* এর অন্তর্ভুক্ত বিখ্যাত Aside – **"A little more than kin, and less than kind."**

আবার *Hamlet* নাটকেই কেন্দ্রীয় চরিত্র Hamlet এর একটি বিখ্যাত Soliloquy আছে। এটি নিম্নরূপঃ–

"To be, or not to be: that is the question:
Whether 'tis nobler in the mind to suffer
The slings and arrows of outrageous fortune,
Or to take arms against a sea of troubles,
And by opposing end them?"

Blank Verse (অমিত্রাক্ষর ছন্দ)

Blank Verse হলো পদের শেষে অন্তমিল বিহীন এবং প্রায়ই Iambic Pentameter চরণ সম্বলিত বিশেষ পদ্যছন্দ। রোমান মহাকবি ভার্জিলের অমর মহাকাব্য "Aeneid" অনুবাদের সময় Henry Howard প্রথম ইংরেজি ভাষায় Blank Verse ব্যবহার করেন। বাংলা সাহিত্যে অমিত্রাক্ষর ছন্দের প্রবর্তক মাইকেল মধুসূদন দত্ত।

Ballad (গীতিকা)

গীতি কবিতার আদি রূপ হিসেবে বিচার করা হয় গাথা বা ব্যালাডকে। ইতালিয় শব্দ Ballare থেকে ব্যালাড (Ballad) শব্দের উৎপত্তি। Ballare অর্থ 'নৃত্য করা'। অর্থাৎ কবিতার সঙ্গে নৃত্য ও নাটকীয়তার মিশ্রণে গাথার সৃষ্টি। গাথা কবিতায় প্রেম, ধর্ম, বীরত্ব, রাজনীতি, সামাজিক প্রসঙ্গ, হাস্যরসের ঘটনা স্থান পায়। এছাড়াও লোকজীবন বা গ্রামীণ জীবনের প্রসঙ্গও এর বিষয়বস্তু। এতে ব্যক্তি কিংবা সামষ্টিক জীবনের বেদনা করুণ কাহিনির প্রাধান্য থাকে। ব্যালাডকে গীতিকাহিনি বা Romantic Folk Song-ও বলা হয়। যেমন: Wordsworth এবং Coleridge রচিত **Lyrical Ballads,** John Keats রচিত **La Belle Dame sans Merci**, Edgar Allan Poe রচিত **Annabel Lee** ইত্যাদি Ballads এর উদাহরণ। বাংলা সাহিত্যে জসীম উদ্‌দীনের 'নকশী কাঁথার মাঠ' এবং 'সোজন বাদিয়ার ঘাট' গাথা কবিতার অতুলনীয় নিদর্শন।

Couplet (দ্বিপদী শ্লোক)

যখন কোনো পদ্যের পরপর দুইটি পঙ্‌ক্তির শেষে অন্ত্যমিল ছন্দ থাকে তাদের Couplet বলে। যেমন, Shakespeare-এর সুবিখ্যাত **Sonnet 18** এর শেষ দুই লাইন একটি Couplet এর উদাহরণ:

"So long as men can breathe or eyes can **see**,
So long lives this and this gives life to **thee**."

Comedy (মিলনাত্মক নাটক)

যখন কোনো নাটকে জীবনের হাসি-আনন্দ ভরা হালকা দিকটা আনন্দঘন পরিবেশে মিলন-মধুর আবেশে চিত্রিত হয় তখন তাকে Comedy বা মিলনাত্মক নাটক বলে। এই ধরনের নাটকের শেষে নায়ক নায়িকার মিলনই মূল বৈশিষ্ট্য, হাস্য-রস থাকা আবশ্যিক নয়। কাব্যধর্মী, চক্রান্তমূলক, প্রহসন জাতীয় ইত্যাদি নানা ধরনের Comedy দেখা যায়। Shakespeare-এর **As You like it, Comedy of Errors, All's Well That Ends Well** ইত্যাদি কয়েকটি বিখ্যাত Comedy.

Climax (চরমসীমা বা চূড়ান্ত পর্যায়)

কোনো কাহিনি বা নাটকের চরম পরিণতির মূহুর্তকে Climax বলে। Climax হচ্ছে কোনো নাটক বা গল্পের সর্বোচ্চ অবস্থা বা turning point যেখানে পরস্পর বিরোধী দুইপক্ষের মধ্যে ঘটনার তীব্রতার শেষ হয় আর ঘটনার পতন শুরু হয়। সুতরাং বলা যায়- Climax happens at the height of a plot. যেমন, Shakespeare-এর **Julius Caeser** নাটকের Climax মূহুর্তে প্রধান চরিত্র Julius বলে উঠে "Veni, vidi, vici" ("I came, I saw, I conquered") আবার বাক্যের মধ্যেও Climax থাকতে পারে যেমন "He smiles, he laughs and **he roars**", বাক্যটির শেষে 'he roars' অংশে Climax ঘটেছে।

Chiasmus (বাক্যলঙ্কার)

Chiasmus হলো বাক্যের মাঝে শব্দ সাজানোর বিশেষ এক বিন্যাস, যেখানে পরস্পর বিপরীত অর্থ প্রকাশ করে, বাক্যের প্রথম অংশের সাথে বাক্যের শেষ অংশের ভারসাম্য বজায় রাখা হয়। যেমন: "Do I **love** you because you're **beautiful**? Or are you **beautiful** because I **love** you?"

এই বাক্য দুইটি লক্ষ্য করলে আমরা দেখবো যে প্রথমটিতে বলা হচ্ছে "তুমি সুন্দর বলেই কি আমি তোমাকে ভালোবাসি?" আবার পরের লাইনেই বিপরীত কথা বলা হচ্ছে, "নাকি ভালোবাসি বলেই তুমি সুন্দর?" **Oscar Hammerstein** এর লেখা এই লাইন দুটি Chiasmus এর উৎকৃষ্ট উদাহরণ। আরো কিছু উদাহরণ:

- ✓ "**Love** as if you would one day **hate**,
  And **hate** as if you would one day **love**." [Bias, 6th Century B.C]
- ✓ "**Bad** men **live** that they may **eat** and **drink**,
  Whereas **good** men **eat** and **drink** that they may **live**." [Socrates]
- ✓ "His time a **moment**, and a point his **space**." [Alexander Pope, *Essay on Man*]
- ✓ "In his face. Divine compassion visibly appeared,
  Love without end, and without measure **Grace**." [John Milton, *Paradise Lost*]

Catastrophe (বিপর্যয়)

কোনো নাটকে বিশেষত ট্রাজেডিতে Catastrophe বলতে নাটকের কোনো গল্প বা কাহিনির সমাপ্তি বোঝায় যেখানে সকল টুকরো টুকরো ঘটনাগুলো একটি পরিণতি পায়। ট্রাজেডিতে Catastrophe বলতে মূলত প্রধান চরিত্রের মৃত্যু এবং কমেডিতে নায়ক নায়িকার মিলনকে বোঝানো হয়।

Diction (শব্দ চয়ন)

সাহিত্যের প্রয়োজনে লেখক কর্তৃক বিভিন্ন তুলনামূলক কম ব্যবহৃত ও দুর্লভ শব্দ ব্যবহার করাকেই Diction বলে। যেমন, John Keats তাঁর Ode on a Grecian Urn কবিতায় লিখেছেন- "Heard melodies are sweet, but those unheard are sweeter: therefore, **ye** soft pipes, play on …". এখানে 'ye' শব্দটি 'you' এর বদলে ব্যবহৃত হয়েছে। এটি Diction এর উদাহরণ।

Digression

কোনো সাহিত্যকর্মের মূল থিম বা বিষয় থেকে যখন কাহিনি সরে যায় তখন সাহিত্যের ভাষায় তাকে Digression বলে। অনেক সময় মূল কাহিনি থামিয়ে লেখক কোনো চরিত্রের পেছনের ইতিহাস বর্ণনা করতে শুরু করেন। প্রাচীন গ্রিক মহাকবি হোমার তার ইলিয়াড ও ওডিসি থেকে শুরু করে চার্লস ডিকেন্সের Oliver Twist-অনেক সাহিত্যিকই তাদের রচনায় Digression ব্যবহার করেছেন।

Dirge

কোনো শেষকৃত্য অনুষ্ঠানে পরিবেশনের উপযোগী শোক বা দুঃখ প্রকাশের জন্য ব্যবহৃত বিলাপসংগীত বা কষ্টের গান কে Dirge বলে। যেমন: Christina Rossetti এর "A Dirge", Sir Philip Sidney এর "Ring Out Your Bells" ইত্যাদি।

Elegy (শোকগীতি)

মূল গ্রিক শব্দ Elegeia এর অর্থ হলো lament, বেদনার আর্তি। প্রাচীন গ্রিক এবং ল্যাটিন সাহিত্যে Elegiac নামে ৬+৫ মাত্রায় রচিত এক ধরনের কবিতা প্রচলিত ছিল। বর্তমানে Elegy বলতে কেবল সম্মানিত কোনো মৃত ব্যক্তির স্মরণে বা উদ্দেশ্যে লেখা শোক কবিতাকেই বোঝায়। এ রীতির কবিতায় কবি ব্যক্তিগত শোক কাব্যিক মাধুর্যে প্রকাশ করেন। যেমন: **Thomas Gray** রচিত **Elegy Written in a Country Churchyard** (মৃত পূর্বপুরুষদের নিয়ে লেখা), **John Milton** রচিত **Lycidas** (**Edward King** এর মৃত্যুতে), **Shelley** রচিত **Adonais** (**John Keats** এর মৃত্যুতে) ইত্যাদি বিখ্যাত কিছু Elegy.

Epic (মহাকাব্য)

সাধারণত কোনো ঐতিহাসিক ঘটনা, যুদ্ধ বা বীরের বীরত্বের কাহিনি নিয়ে দীর্ঘ কলেবরে ও বিস্তৃত পরিসরে যে কাব্য লেখা হয় তাকে Epic বা মহাকাব্য বলে। Epic প্রধানত ২ প্রকার হয় যথা: (i) **Primary or Oral epic** (ii) **Secondary or Literary epic**

(i) **Primary or Oral epic:** এই মহাকাব্যগুলো প্রাথমিকভাবে মুখে মুখে রচিত হয়েছিলো, পরে লিখিত রূপ পায়। যেমন: Homer এর **Iliad** এবং **Odyssey**.

(ii) **Secondary or Literary epic:** এই মহাকাব্যগুলো প্রাথমিক মহাকাব্য থেকে অনুপ্রাণিত হয়ে লেখা হয়েছিলো। এগুলোর কোনো মৌখিক রূপ ছিলোনা, সরাসরি লিখিত হয়েছিলো। যেমন: **Virgil's Aeneid, Dante's Divine Comedy** এবং **Milton's Paradise Lost**

Epigram

সংক্ষিপ্ত, আকর্ষণীয় এবং কখনও কখনও আশ্চর্যজনক ব্যঙ্গাত্মক সাহিত্যিক উক্তিকে বলে Epigram. এই সাহিত্য কৌশলটি প্রায় ২ হাজার বছর ধরে ব্যবহৃত হয়ে আসছে। ইংরেজি Epigram শব্দটি গ্রিক Epigrama থেকে এসেছে। যার অর্থ "লিপিবদ্ধ করা"।

কিছু Epigram এর উদাহরণ –

- ✓ "She keeps her scents in a dressing case
  And her sense? In some undiscoverable place."– Sappho, 630-570 BCE
- ✓ "Mankind must put an end to war, or war will put an end to mankind." – John F. Kennedy
- ✓ "If we don't end war, war will end us." – G. Wells
- ✓ "It is better to light a candle than to curse the darkness." – Eleanor Roosevelt

Eulogy

কারো উচ্চ প্রশংসা করে রচনা করা কোনো সাহিত্য বা বাণীকে বলে Eulogy. কেউ মৃত্যুবরণ করলে তার অন্ত্যেষ্টিক্রিয়া অনুষ্ঠানে মৃত ব্যক্তির স্মৃতির উদ্দেশ্যে Eulogy পাঠ করা হয়।

Euphemism (শ্রুতিমধুরতা)

যে কথা সরাসরি বলা ভব্যতার মধ্যে পড়ে না বা বললে কেউ মনে কষ্ট পেতে পারে সেটা ঘুরিয়ে অন্য কোনো উপমার মাধ্যমে শ্রুতিমধুর করে বলাকে Euphemism বলে। যেমন: "You are becoming a little **thin on top**" এ বাক্যটিতে 'thin on top' শব্দগুচ্ছ দিয়ে মাথায় টাক পড়া বোঝাচ্ছে। সরাসরি Bald না বলে এভাবে বলার ফলে মূল ভাব বোঝা গেলেও শুনতে শ্রুতিকটু লাগছে না। এটাকেই Euphemism বলে। আরো কিছু Euphemism এর উদাহরণ:

- ✓ Our teacher is **in the family way** (pregnant).
- ✓ We do not hire **mentally challenged** (stupid) people.
- ✓ He is a **special child** (disabled or retarded).
- ✓ My father works in a **meat packing company** (slaughter-house).
- ✓ We need a bigger t-shirt, he is little **plus-sized** (overweight).

Free Verse (মুক্তক ছন্দ)

গঠন, নিয়ম, ধারাবাহিকতা ইত্যাদি না মেনেই ছন্দ তৈরি করে লেখা কবিতা কে বলে Free Verse. Walt Whiteman is the pioneer of Free Verse.

Hyperbole (অতিশয়োক্তি)

কোনো বিষয়ে অতিরিক্ত জোর দিতে খুব অতিরঞ্জিত কোনো উপমার ব্যবহার বা কোনো কিছু খুব বাড়িয়ে বলাকে Hyperbole বলা হয়। এটার মূল উদ্দেশ্য থাকে কোনো ব্যাপারে বক্তব্য জোরালো করা। আবার হাস্য-রসের মাধ্যমে কোনো কিছুকে ব্যঙ্গ করতেও Hyperbole ব্যবহৃত হতে পারে। যেমন: "I am so hungry I could **eat a horse**!" অর্থাৎ "আমি এতটাই ক্ষুধার্ত যে আমি আস্ত একটা ঘোড়া খেয়ে ফেলতে পারবো!" আক্ষরিক অর্থে কারো পক্ষে পুরো একটা ঘোড়া খাওয়া সম্ভব না হলেও এখানে ক্ষুধার তীব্রতা বোঝাতে এই অতিরঞ্জন করা হয়েছে। একেই Hyperbole বলে। আরো কিছু Hyperabole এর উদাহরণ:

- ✓ I've told you a **million times.**
- ✓ This car goes faster than the **speed of light**.
- ✓ That new car costs **billion dollars**.
- ✓ That joke is so old, the last time I heard it I was **riding on a dinosaur**.
- ✓ They ran like **greased lightning**.
- ✓ He's got **tons of** money.
- ✓ He is older than **the hills**.
- ✓ He is as skinny as **a toothpick**.
- ✓ I have **a million** things to do.

Homophones (সমোচ্চারিত ভিন্নার্থক শব্দ)

যখন একাধিক শব্দের উচ্চারণ একরকম হয় কিন্তু বানান ও অর্থ আলাদা হয় তাদের বলে Homophones বা সমোচ্চারিত ভিন্নার্থক শব্দ। যেমন: 'Write' এবং 'Right' এই দুইটি শব্দের উচ্চারণ একই হলেও তাদের বানান আলাদা এবং প্রথমটি দিয়ে 'লেখা' এবং দ্বিতীয়টি দিয়ে 'সঠিক' বুঝায়। এদেরকে Homophones বলে। আরো কিছু উদাহরণ:

- ✓ Cent (পয়সা) / Scent (সুগন্ধ)
- ✓ Knew (জানতো) / New (নতুন)
- ✓ Die (মারা যাওয়া) / Dye (কাপড়ের রঙ)

Homonyms (সমস্বর)

বানান ও উচ্চারণ দুইটাই একই হবার পরও যদি একাধিক শব্দের আলাদা আলাদা অর্থ থাকে, তবে তাদের বলে Homonyms. যেমন: Right শব্দটি দিয়ে 'ডান দিক' এবং 'সঠিক' এই দুইটি আলাদা অর্থ বুঝায়:

- ✓ You are **right**. (সঠিক)
- ✓ Look at your **right** (ডান দিকের) side.

Hymn (হেম)

Hymn মানে মর্মস্পর্শী গান বা ধর্মীয় গান। মহান স্রষ্টার প্রশংসা করে যে গান পরিবেশন করা হয় তাকে Hymm বলে। সাধারণত চার্চে প্রার্থনার সময় সমবেত ভাবে এই গান পরিবেশন করা হয়।

Irony (বিদ্রূপ/ব্যঙ্গোক্তি)

যখন কাউকে নিন্দা, অপমান বা ব্যঙ্গ করতে ঠাট্টাচ্ছলে বিপরীত অর্থবাচক প্রশংসামূলক শব্দ করা হয় তখন সেটাকে Irony বলে। যেমন: "The boy showed his **merit** by making twenty mistakes in ten minutes." অর্থাৎ "ছেলেটি দশ মিনিটে বিশটি ভুল করে তার মেধা দেখালো"। এই বাক্যটিতে বিদ্রুপ করে ছেলেটিকে মেধাবী বলা হয়েছে যদিও প্রকৃতপক্ষে তার অকৃতকার্যতাকেই ব্যঙ্গ করা হয়েছে। এরকম আরো কিছু Irony এর উদাহরণ:

- ✓ My name is Ozymandias, king of kings.
- ✓ A marriage counselor files for divorce.
- ✓ The Butter is as soft as a marble piece

Litotes (নঞর্থক অর্থালঙ্কার)

যখন জোরালোভাবে কোনো বক্তব্য প্রকাশ করতে গিয়ে তার বিপরীত ভাবটি না বাচক অর্থে ব্যবহার করে প্রকৃতপক্ষে হ্যাঁ বোধক অর্থটিই বোঝানো হয় তখন Litotes বলে। যেমন: "The ice cream **was not too bad**." অর্থাৎ "আইসক্রিমটা খুব একটা খারাপ ছিলো না" এই বাক্যটি দিয়ে প্রকৃতপক্ষে আইসক্রিমটা ভালোই ছিলো বোঝানো হয়েছে। এভাবে ঘুরিয়ে না-বাচক বাক্যদিয়ে কোনো কিছু বিশেষভাবে বোঝানোকে Litotes বলে। আরো কিছু Litotes এর উদাহরণ:

- ✓ New York is **not an ordinary** city.
- ✓ I **cannot disagree** with your point of view.
- ✓ William Shakespeare **was not a bad** playwright at all.
- ✓ He is **not the cleverest** person I have ever met.
- ✓ She is **not unlike** her mother.
- ✓ A million dollars is **not a little** amount.

Limerick (কৌতুকপূর্ণ ছড়া)

পাঁচ লাইনের ছোট কৌতুকপূর্ণ ছড়াকে বলে Limerick. এধরনের ছড়ায় ১ম, ২য় ও ৫ম লাইন দীর্ঘ হয় এবং ৩য় ও ৪র্থ লাইন তুলনামূলক ক্ষুদ্র হয়। ছন্দের বিন্যাস হয় *aabba*. এ ধরনের ছড়া নিছক মজার জন্য রচনা করা হয়, কোনো গভীর অর্থবাচকতা নাও থাকতে পারে। এখানে একটি Limerick এর উদাহরণ দেওয়া হল:

"There was an Old Man with a bear**d**
Who said, "It is just as I fear**ed**!
Two Owls and a He**n**,
Four Larks and a Wre**n**,
Have all built their nests in my bear**d**!"

Lyric (গীতি কবিতা)

গানে পরিণত করা যায় এমন বা গান হিসেবে পরিবেশনের উদ্দেশ্যেই রচিত ছোট আকারের কবিতাকে বলে Lyric বা গীতিকবিতা। এধরনের কবিতায় কবির একান্তই ব্যক্তিগত আবেগ, অনুভূতি ও উপলব্ধি প্রকাশ পায়। প্রাচীনযুগে বীণাবাদনের সঙ্গে পরিবেশিত গান কে Lyric বলা হতো। ইংরেজি সাহিত্যের কিছু বিখ্যাত Lyric এর উদাহরণ: W.H. Auden রচিত ***If I Could Tell You***, Sir Thomas Wyatt রচিত ***Whoso List to Hunt***, Robert Herrick রচিত ***Upon Julia's Clothes***, W. B. Yeats রচিত ***He Wishes for the Cloths of Heaven*** ইত্যাদি।

Metaphor (রূপকালঙ্কার)

বাক্যের মাঝে 'যেরূপ', 'যেমন' (**as, like**) প্রভৃতি উপমাবাচক শব্দের প্রয়োগ না করে, দুটি অসদৃশ বিষয়ের মধ্যে সরাসরি তুলনা করাকে Metaphor বা রূপক বলে। যেমন, "The Classroom was **a zoo**." অর্থাৎ "ক্লাসরুমটি একটা চিড়িয়াখানা ছিলো"। এই বাক্যটিতে ক্লাসরুমকে চিড়িয়াখানার মতো উচ্ছৃঙ্খল না বলে সরাসরি চিড়িয়াখানাই বলা হয়েছে। এটি একটি Metaphor। আরো কিছু উদাহরণ:

- ✓ All the world's **a stage.**
- ✓ Bangabandhu is **the Himalayas.**
- ✓ The snow is a **white blanket.**
- ✓ America is a **melting pot.**
- ✓ Life is a **roller coaster.**
- ✓ He is a **shining star.**

Metonymy

যখন কোনো ব্যক্তি, প্রতিষ্ঠান, গোষ্ঠী বা বিমূর্ত কোনো বিষয়ের নাম সরাসরি উল্লেখ না করে তার সংশ্লিষ্ট অন্য কোনো শব্দ ব্যবহার করে সম্বোধন করা হয় তাকে Metonymy বলে। যেমন: "**The White House** is concerned about terrorism." এই বাক্যটিতে **The White House** দ্বারা কোনো ভবন নয় বরং আমেরিকান প্রেসিডেন্ট এবং প্রশাসনিক ব্যক্তিবর্গদের বোঝানো হয়েছে।
এরকম আরো কিছু Metonymy এর উদাহরণ:

- ✓ **England** decides to keep check on immigration. (ইংল্যান্ডের সরকারি কর্তৃপক্ষকে বোঝানো হয়েছে)
- ✓ **The pen** is mightier than the sword. (কলম নয় বরং লিখিত বক্তব্যকে বোঝানো হয়েছে)
- ✓ **The Oval Office** was busy in work. (ওভাল অফিসের কর্মীদের বোঝানো হয়েছে)
- ✓ Let me give you a **hand**. (সাহায্য করা বোঝানো হয়েছে)

Melodrama (আবেগপ্রধান নাটক)

যে সাহিত্যকর্মে অতি আবেগপ্রবণ সংলাপ ও ঘটনার ঘনঘটা দ্বারা উত্তেজনাকর পরিস্থিতি তৈরি করা হয় তাকে Melodrama বলে। যেমন: Shakespeare রচিত ***A Midsummer night's Dream***, Jean-Jacques Rousseau রচিত ***Pygmalion*** ইত্যাদি Melodramatic সাহিত্যের উদাহরণ।

Monologue (স্বগতোক্তি)

কোনো একক চরিত্রের মাধ্যমে যে বক্তব্য উপস্থিত দর্শক বা অন্য কোনো চরিত্রের উদ্দেশ্য কোনো বিরতি ছাড়াই পেশ করা হয় তাকে বলা হয় Monologue বা স্বগতোক্তি। এই উপকরণ নাটক, চলচ্চিত্রসহ উপস্থিত দর্শকের সামনে আয়োজিত কোনো অনুষ্ঠানের সূচনায় উপস্থাপকের দ্বারা ব্যবহৃত হতে পারে।

Machiavellian Character

সাহিত্যের পরিভাষায় কোনো নাটকের ব্যক্তিস্বার্থ হাসিলকারী, চতুর বা প্রতারক চরিত্রকে Machiavellian character বলা হয়। রেনেসাঁ যুগের বিখ্যাত রাজনৈতিক দার্শনিক Niccolò Machiavelli এর নাম অনুসারে এই বিশেষণটি তৈরি করা হয়েছে। Machiavelli বিশ্বাস করতেন, ক্ষমতায় টিকে থাকার জন্য কোনো শাসক যেকোনো কিছু করার অধিকার রাখে। Shakespeare-এর *Othello* নাটকের খল চরিত্র **Iago**, John Milton রচিত *Paradise Lost* মহাকাব্যের **Satan**, William Makepeace Thackeray রচিত *Vanity Fair* উপন্যাসের চরিত্র **Becky Sharp** ইত্যাদি Machiavellian চরিত্রের উদাহরণ।

Meter (মাত্রা)

কবিতার পঙ্‌ক্তির মৌলিক গঠন কাঠামোকে Meter বা মাত্রা বলে। মূলত পঙ্‌ক্তিতে Syllable বা অক্ষর সংখ্যা ও সেগুলো সাজানোর বিন্যাসের উপর কোনো কবিতার মাত্রা নির্ভর করে।

Ode (শ্লোক বা গাথা)

অনিয়মিত ছন্দে রচিত ও মহৎ অনুভূতি প্রকাশক এই কবিতা প্রায়শ কোনো বিশেষ ঘটনা বা বস্তুর মহিমাকীর্তন করে। এর আরেকটি বৈশিষ্ট্য হলো, "It begins with grief or agony and ends with consolation" একটি ক্লাসিক Ode তিনটি প্রধান অংশে বিভক্ত: the strophe, the antistrophe এবং the epode. Thomas Gray রচিত ***The bard***, Milton রচিত ***Ode on the Morning of Christ's***, John Keats রচিত ***Ode to a Nightingale*** ইত্যাদি কিছু বিখ্যাত Ode কবিতা।

Onomatopoeia (অনুকার শব্দ)

কোন প্রাণী বা বস্তুর ডাক বা শব্দের অনুকরণে যে শব্দগুচ্ছ ব্যবহার করা হয় তাদের Onomatopoeia বা অনুকার শব্দ বলা হয়। বহুল ব্যবহৃত কিছু Onomatopoeia এর উদাহরণ:

- ✓ The sheep went, "**Baa.**"
- ✓ It is not unusual for a dog to **bark** when visitors arrive.
- ✓ Silence your cell phone so that it does not **beep** during the movie.
- ✓ Dad released a **belch** from the pit of his stomach.
- ✓ The bridge collapsed creating a tremendous **boom**.
- ✓ The large dog said "**Bow-wow**!"
- ✓ Are you afraid of things that go **bump** in the night?
- ✓ My brother can **burp** the alphabet.
- ✓ Both bees and buzzers **buzz**.
- ✓ The cash register popped open with a heart warming **caching.**

Oxymoron (বিপরীতালঙ্কার)

যখন একেবারেই বিপরীত অর্থবাচক দুইটি শব্দ পাশাপাশি বসিয়ে বিশেষ এক ধরনের অর্থালঙ্কার সৃষ্টি করা হয় তাকে Oxymoron বলে। যেমন: "His corruption being corrupt is **open secret** in the office" এই বাক্যটিতে Open Secret এই দুইটি বিপরীত অর্থবোধক শব্দ পাশাপাশি বসিয়ে Oxymoron তৈরি করা হয়েছে। আরো কিছু উদাহরণ:

- ✓ She is **irregularly regular.**
- ✓ He is an **honest rogue.**
- ✓ It is a **painful pleasure.**
- ✓ That event was **seriously funny.**
- ✓ Don't fall into his **foolish wisdom.**
- ✓ I bought all the **original copies.**

Paradox (আপাত বিরোধী হলেও সত্য/ বিরোধাভাস)

যখন প্রকৃত অর্থে বিরোধ নেই এমন দুটি বিষয়কে পরস্পর বিরোধী ভাবে উপস্থাপন করে বিশেষ কোনো অর্থ প্রকাশ হয় তখন তাকে Paradox বলে। যেমন: "There is no one as **poor** as a **wealthy** miser." এই বাক্যটিতে ধনী কৃপণকে সবচেয়ে দরিদ্র বলা হয়েছে। আপাতদৃষ্টিতে এই কথাটা অর্থহীন ও পরস্পরবিরোধী মনে হলেও এটা দ্বারা অন্তরের দারিদ্র্যতাকে বুঝাচ্ছে। আরো কিছু Paradox এর উদাহরণ:

- ✓ **Child** is the **father** of man.
- ✓ Cowards **die** many times **before their deaths**.
- ✓ Truth is **honey** which is **bitter**.
- ✓ **Nobody** goes to that restaurant because it is too **crowded**.
- ✓ I must be **cruel** to be **kind**
- ✓ This is the **beginning** of our **end.**
- ✓ All animals are **equal**, but some are **more equel** than others.

Personification (ব্যক্তিরূপ দান)

সাহিত্যে কোনো নির্জীব বস্তুকে একজন ব্যক্তি হিসেবে বিবেচনা করার কৌশলকে Personification বলে। যেমন: "The **wind whispered** through dry grass." এখানে বলা হচ্ছে বাতাস যেন শুকনো ঘাসের মধ্য দিয়ে ফিসফিস করে কিছু বলে গেল। বাতাস নির্জীব বস্তু হলেও এ বাক্যে তাকে একটি প্রাণী হিসেবে বিবেচনা করা হয়েছে। এরকম আরো কিছু Personification এর উদাহরণ:

- ✓ **The flowers danced** in the gentle breeze.
- ✓ **Time** and **tide wait** for none.
- ✓ **The fire swallowed** the entire forest.
- ✓ **Lighting danced** across the sky.
- ✓ **The wind howled** in the sky.
- ✓ **Death lays** his icy hand on kings.

Protagonist (নাটকের মুখ্যচরিত্র)

কোনো নাটক, উপন্যাস, গল্প বা অন্য কোনো সাহিত্যকর্মের মুখ্য বা প্রধান চরিত্রকে Protagonist বলে। যেমন, Shakespeare-এর *The Tempest* নাটকের মূল চরিত্র Prospero, আবার *Macbeth* ও *Othello* এই দুটি নাটকের নামকরণই করা হয়েছে তাদের মূলচরিত্র বা Protagonist এর নামে।

Prologue (প্রস্তাবনা)

Prologue বলতে কোনো গল্প বা কাহিনির ভূমিকাকে বোঝায় যেখানে গল্পটির বিষয়বস্তু বা পটভূমি সম্পর্কে ধারণা দেওয়া হয়। Prologue শব্দটি গ্রিক শব্দ prólogos থেকে এসেছে, এখানে "pró" এর অর্থ "before" এবং "lógos" অর্থ "word".

Pun (শ্লেষালঙ্কার/দ্ব্যর্থক শব্দ প্রয়োগ)

যখন কোনো বাক্যে একটি মাত্র শব্দ ব্যবহার করে দুইটি ভিন্ন কিন্তু বাক্যের মূল অর্থের সাথে প্রাসঙ্গিক কাছাকাছি অর্থ প্রকাশ করা হয় তখন তাকে Pun বলে। এটি শব্দের অর্থ নিয়ে এক মজাদার খেলা করার কৌশল অর্থা শব্দ শব্দ খেলা। যেমন: "**Guerrilla** warfare is more than just throwing a **banana**." অর্থাৎ গেরিলাযুদ্ধ কেবল কলা ছোঁড়াছুড়ির চেয়েও বেশি কিছু। এখানে গেরিলা শব্দের সাথে বানর জাতীয় প্রাণী গরিলার উচ্চারণে সাদৃশ্য আছে যারা কলা পছন্দ করে। এভাবে একই বাক্যে গেরিলা যুদ্ধ ও গরিলা দুটো কাছাকাছি উচ্চারণের শব্দ ব্যবহার করে Pun করা হয়েছে। আরো কিছু উদাহরণ:

- ✓ The flock of doves decided to stage a **coo.** (Pun with **Coup**)
- ✓ Peacocks are meticulous because they show attention to **the tail.** (Pun with **Detail**)
- ✓ The duck said to the bartender, 'put it on my **bill**. (Bill অর্থ টাকার হিসেব আর ঠোঁট দুইটিই হয়)
- ✓ When a vulture flies, he takes **carrion** luggage. (Pun with **Carry on**)
- ✓ Reading while sunbathing makes you well **red**. (সূর্যের নিচে বসে বই পড়লে পুড়ে লাল Red ও পঠিত Read দুইটিই হওয়া যায়)

Satire (ব্যঙ্গধর্মী রচনা)

কোনো সমাজে প্রচলিত আচার-ব্যবহার, রীতি-নীতি সংশোধনের উদ্দেশ্যে তীব্র শ্লেষাত্মক বা ব্যঙ্গার্থক ভাষায় আক্রমণ করে যে রচনা লেখা হয়, তাকে Satire বা ব্যঙ্গধর্মী রচনা বলে। Jonathan Swift রচিত ***Gulliver's Travels***, Alexander Pope রচিত ***Epistle to Dr Arbuthnot***, John Dryden রচিত ***Mac Flecknoe*** ইত্যাদি ইংরেজি সাহিত্যের কিছু প্রসিদ্ধ Satire.

Simile (সিমিলি, উৎপ্রেক্ষা/সুস্পষ্ট তুলনামূলক অলঙ্কার)

As, like প্রভৃতি উপমাবাচক শব্দ ব্যবহার করে দু'টি অসদৃশ বিষয়ের মধ্যে তুলনা করাকে Simile বলে। যেমন: "The back of the pan was **as black as coal**" এখানে পাত্রের তলাকে কয়লার মতো কালো বলা হয়েছে এবং তুলনা করার সময় as ব্যবহৃত হয়েছে, তাই একে Simile বলা যাবে। আরো কিছু উদাহরণ:

- ✓ I was lonely **as** a cloud
- ✓ My cousin was big **as** an elephant
- ✓ My love is **like** a red, rose.
- ✓ They fought **like** cats and dogs.
- ✓ I am so thirsty, that my throat is **as** dry as a bone.
- ➢ Metaphore এর সাথে Simile এর পার্থক্য হলো এতে as এবং like ব্যবহার করা হয় যা Metaphore এ করা হয়না।

Sonnet (সনেট)

ইতালিয় Sonetto শব্দ থেকে Sonnet শব্দের উৎপত্তি। Sonetto অর্থ Sound, মৃদু ধ্বনি বা গান। ১৪টি চরণে সংগঠিত এবং প্রতিটি চরণে সাধারণভাবে ১৪টি করে মাত্রা বিশিষ্ট সুনির্দিষ্ট নিয়ম মেনে লেখা Lyrical কবিতাকে Sonnet বলে। ১৪ চরণের প্রথম ৮ চরণের স্তবককে 'অষ্টক' এবং পরবর্তী ৬ চরণের স্তবককে 'ষষ্টক' বলে। অষ্টকে মূলত ভাবের প্রবর্তনা এবং ষষ্টকে ভাবের পরিণতি থাকে। ইতালিয় কবি Petrarch সনেটের জনক। ইংরেজি সাহিত্যে ইতালিয় ধারার অনুকরণে প্রথম সনেট রচনা করেন Sir Thomas Wyatt. এরপর John Milton, Thomas Gray, William Wordsworth, Elizabeth Barrett Browning প্রমুখ বিখ্যাত সাহিত্যিক অনেক উৎকৃষ্ট মানের Sonnet রচনা করেন। তবে Shakespeare তাঁর Sonnet এ অষ্টক ও ষষ্টক বিভাগ মেনে চলেননি।

Synecdoche (লক্ষণা)

যখন কোনো একটি বিষয় বা বস্তুর অংশবিশেষ দিয়ে সমগ্র বস্তুটিকে সম্বোধন করা হয় তখন তাকে বলে Synecdoche. যেমন: 'I came home last night riding my **wheels**" এখানে Wheels দিয়ে সমগ্র গাড়িকে বোঝানো হয়েছে যদিও Wheels বা চাকা হলো গাড়ির একটি অংশ। এটি একটি Synecdoche. আরো কিছু উদাহরণ:

- ✓ The word "**bread**" refers to **livelihood**.
- ✓ The phrase "**gray beard**" refers to an **old man**.
- ✓ The word "**sails**" refers to a **whole ship**.
- ✓ The word "**suits**" refers to **businessmen**.
- ✓ The word "**boots**" usually refers to **soldiers**.

Tragedy (বিয়োগান্তক নাটক)

সাধারণ অর্থে মৃত্যু, বিচ্ছেদ বা দুঃখজনক ঘটনা অর্থাৎ Catharsis এর মধ্য দিয়ে যে নাটক শেষ হয়, তাকে Tragedy বা বিয়োগান্তক নাটক বলে। জীবনের সুকোমল বিকাশের বিপরীতে যে চরম দুঃখ, মর্মান্তিক জ্বালা, ব্যর্থতা ও অপূর্ণতা অনিবার্য হয়ে ওঠে তা-ই Tragedy'র উপজীব্য বিষয়। প্রাচীন গ্রিক নাট্যকার Sophocles রচিত ***Oedipus Rex***, Shakespeare রচিত ***Hamlet, Romeo and Juliet, King Lear;*** Arthur Miller রচিত ***Death of a Salesman*** ইত্যাদি বিখ্যাত কিছু ট্রাজেডি।

Understatement (ন্যূনোক্তি)

যখন ইচ্ছাকৃতভাবে কোন ব্যাপার যতটা গুরুতর তারচেয়ে অনেক কম বা নিচু করে দেখানো হয় তখন তাকে Understatment বলা হয়। যেমন, "Not that many was harmed in that accident, only fifty people died" অর্থাৎ "দুর্ঘটনায় তেমন ক্ষয়ক্ষতি হয়নি, কেবল পঞ্চাশজন মারা গেছে!" এখানে পঞ্চাশজন মারা যাবার পরও 'তেমন কেউ মারা যায়নি' বলাটা হলো Understatment.

আরো কিছু উদাহরণ:

- ✓ "Ladies and Gentlemen, this is your Captain speaking. We have **a small** problem. All four engines have stopped!"
- ✓ He was **not that good** at playing cricket. Just scored the most run in ODI history!
- ✓ My brother **is not that** rich. He just owns three apartment buildings and two cars.

Potential Questions & Answers

01. I bought all the <u>original copies</u>. Underlined words-
(a) Oxymoron (b) Onomatopoeia (c) Ode (d) Meter

02. A poem of fourteen lines is called-
(a) Elegy (b) Sonnet (c) Ode (d) Epic

03. 'Protagonist' indicates–
(a) the villain in a play (b) the leading character or actor in a play
(c) the clown in a play (d) the stage-director or a play

04. Elegy?
(a) historical poem (b) figurative story (c) enemy (d) song of Lamentation

05. What is an epic?
(a) a prose composition (b) a romance (c) a sonnet (d) a long poem

06. 'Blank verse' is a kind of verse–
(a) having no rhyming end (b) having blanks in the verse
(c) having on significance (d) having no rhythmic flow

07. A drama is a–
(a) novel retold in dialogue (b) magical performances on the stage
(c) fairy tale (d) story translated into action

08. The patriot is the star of our country. Here the 'star' is used as a/an–
(a) simile (b) metaphor (c) allegory (d) personification

09. An epic (মহা কাব্য) is based on—performed by a hero.
(a) heroic deeds (b) a narrative (c) intervention (d) trifle subjects

10. "Epic" means –
(a) A long story-dealing with brave deeds (b) A short story-dealing with brave deeds
(c) A long story-dealing with funny deeds (d) A medium story-dealing with trivial deeds

11. "We have short time to stay, as you" (from the poem "To Daffodils") is an example of –
(a) symbol (b) metaphor (c) simile (d) metonymy

12. "We dry away/ like to the summer's rain (from the poem "To Daffodils") is an example of–
(a) Metaphor (b) Symbol (c) Personification (d) Simile

13. Metaphor is a comparison between–
(a) two tings of Nature (b) two similar things (c) two dissimilar objects (d) two criteria

14. That man is a mad dog now. It is an example of –
(a) Metaphor (b) personification (c) simile (d) hyperbole

15. "Mist and Mellow Fruitfulness"- which of the following figures of speech is used in the sentence?
(a) Alliteration (b) Metaphor (c) Onomatopoeia (d) Personification

16. Metaphor involves:
(a) implicit comparison (b) illicit comparison (c) explicit comparison (d) elaborate comparison

17. "We have to talk about some **issues"**– is an example of–
(a) simile (b) Euphemism (c) eulogy (d) Hymn

18. 'He is the black sheep of the family.' What ornamentation of language has been used here?
(a) Personification (b) simile (c) metaphor (d) exaggeration

19. The camel is the ship of the desert. Which of the following figures of speech is used in the sentence?
(a) Simile (b) Metaphor (c) Personification (d) Epigram

20. What figure of speech do you find in "budding beauty"?
(a) Assonance (b) Alliteration (c) Simile (d) Metaphor

21. They seem to push you back into a corner 'like a poor intruder' is an example of -
(a) Simile (b) Metaphor (c) metonymy (d) hyperbole

22. "I warndered lonely as a cloud" is an example of–
(a) simile (b) metaphor (c) symbol (d) apostrophe

23. "A *strong* man *struggling* with the *storm* of the fate.
Which figure of speech is appropriate in the case of the italics used in the sentence?
(a) Euphemism (b) Alliteration (c) Tautology (d) Oxymoron

24. "Bangladesh Biman is your home in the air" is an example of –
(a) simile (b) metaphor (c) Personification (d) hyperbole

25. The figure of speech in which the author makes an obvious exaggeration for emphasis or create some specific effect is –
(a) metaphor (b) personification (c) metonymy (d) hyperbole

26. 'Ten thousand saw I at a glance.' Is a figure of speech known as –
(a) hyperbole (b) litotes (c) irony (d) satire

27. The underlined part in "She felt it was talking a hundred years to complete the exam". Is an example of–
(a) a simile (b) a symbol (c) a hyperbole (d) an understatement

28. A figure of speech in which an overstatement or exaggeration occurs.
(a) Inference (b) Hyperbole (c) Imagery (d) Narrator

29. A fiction (গল্প, উপন্যাস, রোমান্স-কাহিনি ইত্যাদি-সাহিত্যের শাখা বিশেষ) means–
(a) Confusion (b) Folk action
(c) a literary device (d) a branch of literature that describes imaginary people and events.

30. In English if two different words have the same spelling and pronunciation they are called.
(a) Synonyms (b) Homographs (c) homophones (d) homonyms

31. A pattern of accented and unaccented syllables in lines of poetry–
(a) Rhyme scheme (b) Meter (c) Alliteration (d) Allegory

32. The repetition of similar ending sounds is called–
(a) alliteration (b) Onomatopoeia (c) Rhyme (d) Meter

33. Applying human qualities to non-human things.
(a) Personification (b) Onomatopoeia (c) Alliteration (d) Allegory

34. Using words or letters to imitate sounds–
(a) Alliteration (b) Simile (c) Onomatopoeia (d) Rhyme

35. A description that appeals to one of the five senses–
(a) Imagery (b) Personification (c) Metaphor (d) Rhyme

36. A poem that tells a story with plot, setting, and characters-
(a) Lyric (b) free verse (c) narrative (d) Rhyme

37. A poem with no meter or rhyme–
(a) Lyric (b) Free verse (c) Narrative (d) Rhyme

38. What is the word for a 'Play on words'?
(a) pun (b) simile (c) haiku (d) metaphor

39. Which represents an example of alliteration?
(a) Language Arts (b) Peter Piper Picked Peppers
(c) I like music. (d) A beautiful scenery with music

40. 'Melodrama' is a kind of play of --
(a) Violent and sensational themes (b) historical themes
(c) Philosophical themes (d) pathetics themes

41. Which word does not relate to literature?
(a) Epilogue (b) monologue (c) prologue (d) Demagogue

42. Canto বলতে কি বুঝা যায়?
(a) দীর্ঘ কবিতার একটি স্তবক (b) নাটকের অংক
(c) মহাকাব্যের বিভাগ (d) অমিত্রাক্ষর ছন্দে রচিত কবিতা

43. Writing one's own life story is known as –
(a) Biography (b) Autobiography (c) Autography (d) Life history

44. What is 'Sonnet'?
(a) A prose of special nature (b) A sacred poem of reputed poet
(c) A poem of fourteen lines (d) A criticism of a poet

45. 'Ballad' is-
(a) a kind of short narrative poem (b) a kind of short condoling poem
(c) a kind of soft love poem (d) a rhymic verse

46. A Machiavellian character is–
(a) an honest person (b) a selfish person (c) a courageous person (d) a judicious person

47. What is the meaning of the word 'Dirge'?
(a) a kind of sonnet sequence
(b) a song expressing patriotic sentiment
(c) a long verse telling about an adventure
(d) a song expressing grief, lamentation and mourning

48. Which one is a Metaphor?
(a) He is as good as his father (b) He is the sort of the family
(c) She sing like a cuckoo (d) The boy takes after his father

49. Death comes to man at any moment. Here "Death" is–
(a) Metaphor (b) personification (c) simile (d) imagery

50. 'The waves beside them danced' (from 'I wandered lonely as a cloud') is an example of –
(a) Simile (b) Metaphor (c) Metonymy (d) Personification

51. বাংলা "ছড়া" শব্দের ইংরেজি কী?
(a) Poem (b) Poetry (c) Lyric (d) Rhyme

52. What is catastrophe?
(a) The comical end of dramatic events
(b) The tragic end of dramatic events
(c) The comic tragic end of the play
(d) None of the above

53. The pilgrim's progress is an example of —?
(a) Allusion (b) Allegory (c) Ballad (d) Assonance

54. The appropriate meaning of the word "monologue" is—?
(a) Conversation in a play
(b) A long speech in a play spoken by one actor especially when alone
(c) A speech in a play in which a character, who is alone on the stage, reveals his thoughts aloud
(d) a dialogue between the two actors on actresses in a drama

55. A "Prologue" is—?
(a) Poem or speech at the end of a play
(b) an introduction to a play or a literary work
(c) a song of mooring
(d) the science of verification

Answers

01	a	02	b	03	b	04	d	05	d	06	a	07	b	08	b	09	☼	10	a
11	c	12	d	13	c	14	a	15	a	16	a	17	b	18	c	19	b	20	b
21	a	22	☼	23	b	24	b	25	d	26	a	27	c	28	☼	29	d	30	d
31	b	32	c	33	☼	34	c	35	a	36	c	37	b	38	a	39	b	40	a
41	d	42	c	43	b	44	c	45	a	46	b	47	d	48	b	49	b	50	d
51	d	52	b	53	☼	54	c	55	b										

[বিশেষ দ্রষ্টব্য: সুপ্রিয় বিসিএস প্রার্থী, উত্তরমালায় কিছু প্রশ্নের উত্তর না দেয়া থাকলেও আমরা বিশ্বাস করি আপনারা পরিপূর্ণ আত্মবিশ্বাসের সাথেই সঠিক উত্তরে বৃত্ত ভরাট করতে পারবেন।]

Chapter 03 (450-1066)

The Old English Period

410 সালে জার্মানির যাযাবর জাতি Visigoth দের আক্রমণে রোমান সাম্রাজ্যের ভিত কেঁপে ওঠে এবং রাজধানী রোমের পতন ঘটে। 476 সালে জার্মান সেনাপতি ওডোসার কাছে শেষ রোমান সম্রাট রোমুলাস অগাস্টুলাসের পরাজয়ের মধ্য দিয়ে একীভূত রোমান সাম্রাজ্যের পতন সম্পন্ন হয়। পূর্বপ্রান্তে তথা মধ্যপ্রাচ্যে বাইজেন্টাইন সাম্রাজ্য হয়ে এই ঐতিহাসিক সভ্যতা আরো অনেক দিন টিকে ছিলো। কিন্তু, পশ্চিমে- ব্রিটিশ দ্বীপপুঞ্জে রোমানদের পতন অনেক আগেই ঘটে গিয়েছিল।

Old English Period Timeline

- 43-600: The British Invasions by Romans and Later Visigoths
- 700: The Lindisfarne Gospels
- 731: The Ecclesiastical History of the English People
- 790-900: The Viking Invasions
- 871-899: The Reign of King Alfred
- 700-1000: Beowulf Written

জলবায়ু পরিবর্তন ব্রিটেনে অ্যাংলো-স্যাক্সন আক্রমণকারীদের গতিবিধির উপর প্রভাব ফেলেছিল: 400 খ্রিষ্টাব্দের পরের শতাব্দীতে ইউরোপের গড় তাপমাত্রা আজকের তুলনায় 1 ডিগ্রি সেলসিয়াস বেশি উষ্ণ ছিল এবং অনুকূল আবহাওয়ায় ইউরোপের দেশগুলিতে ভাল ফসল ফলতে শুরু করেছিলো। ফলে জনসংখ্যাও বৃদ্ধি পায়। একই সময়ে উত্তর মেরুর বরফ গলে নিচু এলাকায়, বিশেষ করে বর্তমানে ডেনমার্ক, হল্যান্ড এবং বেলজিয়ামে আরও বন্যা দেখা দিয়েছিলো। সেখানকার লোকেরা তখন বসতি স্থাপনের জন্য কম বন্যাপ্রবন অঞ্চলের খোঁজ করতে থাকে। Saint Venerable Bede এর মতে Anglos, Saxons এবং Jutes এই তিনটি জার্মানিক গোত্রের সমন্বয়ে Anglo Saxon গঠিত হয়। তাদের ভাড়াটে যোদ্ধারা সেই রোমান ব্রিটানিয়াতেই রোমানদের হয়ে বিদ্রোহ দমন করার কাজে আসতো। রোমান সাম্রাজ্যের শেষ দিনগুলোতেই Anglo Saxon দের আগ্রাসন শুরু হয়। এই সময়ে রোমান ব্রিটানিয়ার অধিবাসীদের প্রতিরোধের গল্প উপকথার বিষয়বস্তু হতে শুরু করে।


King Alfred The Great

কথিত আছে, এই সময়ে King Arthur নামে এক ব্যক্তি Anglo Saxon দের বিরুদ্ধে প্রতিবাদ গড়ে তোলেন এবং ১২টি যুদ্ধে জয়ী হন। তারপরও আগ্রাসন অধ্যায়ের শেষে ব্রিটিশ দ্বীপপুঞ্জে অল্প কিছু ভূমিই পূর্বতন অধিবাসীদের অধিকারে থাকে। আগ্রাসীরা এখানে সাতটি ভিন্ন রাজ্য গড়ে তোলে। এর মধ্যে কেন্ট, সাসেক্স, এসেক্স, ওয়েসেক্স ও নর্থাম্ব্রিয়া নামগুলো এখনো বজায় আছে।

ইংরেজি ভাষা তখনো ঠিক প্রস্ফুটিত হয়নি। লেখার ভাষা ছিলো ল্যাটিন। কিন্তু, নবম শতকে এসেই দেখা গেল সমস্ত দ্বীপপুঞ্জে ল্যাটিন জানা ও বোঝার মতো মানুষের সংখ্যা আশংকাজনক মাত্রায় কম। King Alfred The Great সিদ্ধান্ত নিলেন শিক্ষা ও লেখার মাধ্যম হিসেবে আঞ্চলিক ইংরেজি ব্যবহার করতে হবে। সেই থেকে কাব্য থেকে শুরু করে রাজকার্যের বিভিন্ন মাধ্যমে আঞ্চলিক স্যাক্সনাইট ইংরেজির ব্যবহার হতে থাকলো।

এই দীর্ঘ সময় থেকে মোটের ওপর ৪০০ পাণ্ডুলিপি উদ্ধার করা গেছে। এদের বেশীরভাগেরই লেখক পরিচয় পাওয়া যায়নি এবং অধিকাংশ পাণ্ডুলিপিরই বিষয় সাহিত্য নয়- বরং ভূবিদ্যা, আইন ও রীতিনীতি, ধর্মতত্ত্ব ইত্যাদি। তবুও বেশ কিছু সাহিত্য এখনো টিকে আছে। চারটি পাণ্ডুলিপির নাম বিশেষ করে উল্লেখ্য- (১) *Nowell Codex* বা Beowulf এর পাণ্ডুলিপি (২) *The Junius Manuscript* বা Caedmon এর পাণ্ডুলিপি (৩) *The Verceli Manuscript* এবং (৪) *The Exeter Book*

ঐতিহাসিক নথি ও সাহিত্যরসের সন্ধান- দুই উদ্দেশ্যেই এদের বিচার বিশ্লেষণ, অণ্বেষণ ও সংশ্লেষণ এখনো চলছে।

Anglo Saxon সাহিত্যের বিষয়বস্তু

বিষয়	উদাহরণ
Heroic Poems	সাহিত্য হিসেবে এ যুগের প্রধান নিবেদন। শ্রেষ্ঠ উদাহরণ অজ্ঞাতনামা কবির লেখা দীর্ঘ কবিতা *Beowulf.*
Wisdom Poetry	কাহিনির মধ্য দিয়ে জীবনশিক্ষা। যেমন- *The Ruin, The Wanderer, The Seafarer.*
Classical and Latin Poetry	ল্যাটিন ভাষার রয়ে যাওয়া নির্যাস। যেমন- Boethius এর *Consolation of Philosophy*
Saints' Lives	Verceli ও Exeter এর পাণ্ডুলিপি দুইটি মিলে চারটি দীর্ঘ কবিতা ছিলো যাদের বিষয়বস্তু বিভিন্ন সাধকদের জীবনী। এগুলো হলো- ভার্সেলি পাণ্ডুলিপির *Andreas,* Elene এবং এক্সেটার পাণ্ডুলিপির *Guthlac (Arthur), Juliana.*
Biblical Paraphrases	Caedmon এর কাব্য সংকলন *The Junius Manuscript* এ তিনটি কবিতা বাইবেলের ভাষান্তর। *Genesis, Exodus and Daniel.* এই কবিতাগুলি আঞ্চলিক ইংরেজিতে লেখা।
Christian Poems	খ্রিষ্টের সম্মানে ও ভালোবাসায় বেশ কিছু কবিতা পাওয়া গেছে। *The Exeter Book* এর *Christ (1-4).*
Christian Prose	চার্চের যাজকদের উদ্দেশ্যে লিখিত, ধর্মপালন ও প্রচারের নিয়ম। যেমন- রাজা আলফ্রেডের *The Pastoral Care.*
Historic Chronicles	সমকালীন ইতিহাসের রূপায়ন। যেমন- রাজা আলফ্রেডের *The Anglo Saxon Chronicle.*

Previous Years' BCS Preli Questions & Answers

01. 'Man is a political animal'– who said this? [36th BCS] [Ans: C]
(a) Dante (b) Plato (c) Aristotle (d) Socrates

THE OLD ENGLISH PERIOD এর কিংবদন্তি সাহিত্যিক

Caedmon (635-680)

Literary Works

- Hymn of Caedmon
- Paraphrase
- Judith

Caedmon প্রাচীনতম ইংরেজ কবি, The Earliest English Poet নামে পরিচিত। তাঁকে God-এর আশির্বাদ পুষ্ট কবি বলা হতো। জাতিতে একজন Northumbrian, তিনি Saint Hilda দায়িত্বে থাকার সময় Streonshalh মঠের (বর্তমানে Whitby Abbey নামে পরিচিত) পশুদের দেখাশোনা করতেন। গানের শিল্প সম্পর্কে অজ্ঞ হলেও, অষ্টম শতাব্দীর ঐতিহাসিক Bede এর দাবি অনুসারে Caedmon এক রাতে স্বপ্নের মধ্যেই গান লেখা শিখে ফেলেন। ধীরে ধীরে তিনি একজন উদ্যোমী, দক্ষ এবং অনুপ্রেরণামূলক খ্রিষ্টীয় ভাবধারার কবি হয়ে ওঠেন। Caedmon এর সবচেয়ে পরিচিত কাজ হলো *'Caedmon's Hymn'*, ঈশ্বরের সম্মানে নয়-লাইন বিশিষ্ট প্রশংসামূলক কবিতা যেগুলো তিনি তাঁর স্বপ্নে গাইতে শিখেছিলেন বলে জানা গেছে। তাঁর রচিত আরেক কাব্য *'Paraphrase'* এবং Milton-এর *Paradise Lost* কাহিনি প্রায় একই (দুটি কাব্যই বাইবেলে বর্ণিত স্বর্গ হতে শয়তানের বিতাড়িত হবার কাহিনি অবলম্বনে রচিত) হওয়ায় তাঁকে Anglo-Saxon Milton বলা হয়। এছাড়া *'Paraphrase'* ও *'Hymn of Caedmon'* কাব্যের জন্যে তাঁকে **Father of English Sacred Song** ও বলা হয়। 1898 সালে হুইটবির সেন্ট মেরি চার্চের কবরস্থানে তাঁর সম্মানে Caedmon's Cross স্থাপন করা হয়েছিলো।

Saint Venerable Bede (673-735)



Literary Work

- The Ecclesiastical History of the English People

Saint Venerable Bede ছিলেন একজন ইংরেজ সন্ন্যাসী, লেখক, শিক্ষক এবং পণ্ডিত। তিনি ৬৭২/৩ থেকে ৭৩৫ খ্রিষ্টাব্দ সময়কালে বেঁচে ছিলেন। তাঁর ধর্মীয় লেখাগুলির বিস্তৃতি ছিলো ব্যাপক এবং এতে বহু সংখ্যক বাইবেলের বর্ণনা এবং ব্যাখ্যামূলক অন্যান্য পাণ্ডিত্যপূর্ণ ধর্মতাত্ত্বিক কাজ অন্তর্ভুক্ত ছিল। তিনি Saint Peter মঠ ও তার সাথে সংযুক্ত Saint Paul মঠের একজন সন্ন্যাসী ছিলেন। তাঁর সবচেয়ে বিখ্যাত কাজ হলো *Ecclesiastical History of the English People* নামক ইতিহাস গ্রন্থ। এ কাজের স্বীকৃতিস্বরূপ তিনি **The Father of English History** বা ইংরেজি ইতিহাসের জনক নামে পরিচিত লাভ করেন। এছাড়াও তিনি ভাষাবিদ ও অনুবাদক হিসেবেও খ্যাত ছিলেন। গ্রিক ও ল্যাটিন ভাষা থেকে ধর্মীয় রচনাগুলো অনুবাদ করে তিনি তৎকালীন Anglo-Saxon দের জন্য সহজবোধ্য করেন।

তার জীবনকালের হাজারেরও বেশি সময় পর ১৮৯৯ সালে পোপ Leo XIII তাঁকে Doctor of the Church হিসাবে ঘোষণা করেন। তিনি এই উপাধি অর্জনকারী একমাত্র গ্রেট বিটেনের নাগরিক।

Cynewulf (770-840)

নাম জানা গেছে এমন ১২জন এবং সাহিত্যকর্মের অস্তিত্ব পাওয়া গেছে এমন ৪ জন Old English poet দের মধ্যে একজন Cynewulf। সম্ভবত ৯ম শতাব্দীতে তিনি খ্যাতি লাভ করেছিলেন, তাঁর জীবনকাল ৮ম থেকে ১০ম শতাব্দীর মধ্যে ছিলো বলে অনুমান করা হয়। তিনি তাঁর ধর্মীয় রচনাবলির জন্য পরিচিত। Cynewulf কে Anglo-saxon christian কবিতার অন্যতম প্রধান ব্যক্তিত্ব হিসেবে বিবেচনা করা হয়। তাঁকে **Author of The Christ** বলা হয়।

১৮৪০ সালের পূর্বে Cynewolf এর নাম জানা সম্ভব হয়নি। মৃত্যুর প্রায় হাজার বছর পরে তাঁর নাম জানা যায়। তাঁর বাসস্থান কিংবা পেশা সম্পর্কে কিছু জানা যায়নি, তবে Lindisfarne নামক স্থানে তিনি উচ্চপদস্থ যাযক ছিলেন বলে অনেকেই মনে করেন।

Literary Works		Poems	
Elene	Juliana	Descent into Hell	Andreas
The Fates of the Apostles	The Christ	Guthlac	Phoenix

King Alfred The Great (848/49-899)

Collection
Anglo-Saxon Chronicle

Translated Works
Universal History and Geography
History
Consolation of Philosophy
Shepherds' Book

আলফ্রেডই একমাত্র ইংরেজ রাজা যিনি 'The Great' উপাধি লাভ করেছেন। The Anglo-Saxon Chronicle হলো পুরানো ইংরেজিতে অ্যানালের একটি সংগ্রহ, যা Anglo-Saxon দের ইতিহাসকে সংকলন করে। *Chronicle* এর মূল পান্ডুলিপিটি ৯ম শতাব্দীর শেষের দিকে তৈরি করা হয়েছিল।

Alfred the Great ছিলেন সবচেয়ে বিখ্যাত Anglo-Saxon রাজাদের একজন। তিনি ৮৭১ থেকে ৮৯৯ পর্যন্ত Wessex রাজ্যের রাজা ছিলেন। তিনি ভাইকিংদের হাত থেকে ইংল্যান্ডকে রক্ষা করেছিলেন এবং সেই সময়ে ইংল্যান্ডে বিভিন্ন সংস্কার এনে বিখ্যাত হয়েছিলেন। তাঁর রাজত্বকালে শিক্ষাকে ব্যাপকভাবে সম্প্রসারণের লক্ষ্যে তিনি অনেক শিক্ষা প্রতিষ্ঠান স্থাপন করেন। তাঁর সংকলিত ***Anglo-Saxon Chronicle*** ইংরেজি সাহিত্যে প্রথম গদ্য নিদর্শন **(First monument in English prose)** হিসেবে খ্যাত। আর এজন্য তাঁকে **Founder of English prose** বলা হয়। তবে তিনি ইংরেজি সাহিত্যে অনুবাদক (Translator) হিসেবে অধিক পরিচিত। তিনি ল্যাটিন থেকে ইংরেজিতে অনেক গুরুত্বপূর্ণ গ্রন্থ অনুবাদ করেন। তাঁর অন্যতম উপাধি ছিলো The law Governing.

THE OLD ENGLISH PERIOD এর গুরুত্বপূর্ণ সাহিত্যকর্ম

Beowulf by Unknown Poet

এটি প্রাচীন যুগের টিকে থাকা কবিতা গুলোর মধ্যে সবচেয়ে পুরোনো ও গুরুত্বপূর্ণ একটি Germanic heroic legend ধাঁচের মহাকাব্য। এটিকে বলা হয় **First monument in English Literature** ও **The Earliest Epic in England**। এর রচনাকাল নিয়ে মতবিরোধ আছে, একটি মাত্র পাণ্ডুলিপি নিশ্চিত হওয়া গেছে যা ৯২৫ থেকে ১০২৫ খ্রিষ্টাব্দ সময়কালের মধ্যে রচিত। এই মহাকাব্যটি তে প্রায় ৩১৮২টি লাইন ছিলো। বেশিরভাগ প্রাচীন মহাকাব্যের মতো এটাও কে বা কারা লিখেছেন তা জানা যায়নি। *Beowulf* কে ইংরেজদের একক সম্পত্তি বলা যাবে না, এতে অংশীদার দাবি করার সম্পূর্ণ অধিকার রয়েছে দিনেমার, সুইডিশ তথা পুরো নর্ডিকদেরই। মহাকাব্যটির নায়ক Beowulf তার যৌবনে পৌরাণিক ড্যানিশ রাজা Hrothgar এর রাজসভা কে পাতালপুরীর রাক্ষস Grendel এর হাত থেকে রক্ষা করেছিলেন। Grendel কে পরাজিত ও নিহত করায় তার মা বিশেষভাবে ক্ষিপ্ত হন। সে তখন রাজা Hrothgar এর রাজসভা আক্রমণ করে Beowulf এর খোঁজ না পেয়ে আরেক বিশ্বস্ত সেনাপতি Eschere কে হত্যা করেন। জবাবে Beowulf হ্রদের গভীরে যেয়ে Grendel এর মা-কে হত্যা করে আসে। এর পঞ্চাশ বছর পর Beowulf এর রাজ্যে এক ড্রাগন হানা দেয়। সে ড্রাগনের হাত থেকে রাজ্য ও প্রজার প্রাণ রক্ষা করতে গিয়ে Beowulf মৃত্যুবরণ করে।



The Seafarer by Unknown Poet

প্রাচীন ইংরেজি সাহিত্যের যে অল্প কিছু নিদর্শন খুঁজে পাওয়া গেছে তার মধ্যে অন্যতম '*The Seafarer*' কবিতাটি। সমালোচকদের মতে কবিতাটি এক বৃদ্ধ নাবিকের দৃষ্টিকোণ হতে রচিত হয়েছে, যিনি তার জীবনের মূল্যায়ন এবং স্মৃতিচারণ করেছেন কবিতাটির মাধ্যমে। কবিতাটির মূলভাব হল একজন নাবিকের জীবন অনেকগুলি কষ্টের সমষ্টি যেমন: ঝড়-ঝাপ্টা, ক্ষুধা ও নিঃসঙ্গতা। কিন্তু তা সত্ত্বেও তিনি বারবার সমুদ্রে যাওয়ার আকাঙ্ক্ষা প্রকাশ করেন। কবিতাটি কিছুটা খ্রিষ্ট ধর্মের ইঙ্গিত তুলে ধরে। কবিতাটির Narrator পরিসমাপ্তিতে এই বক্তব্য প্রকাশ করেন যে, মৃত্যু পরবর্তী জীবনের তুলনায় পার্থিব জীবন কিছুই না। Elegy ধাঁচের এই কবিতাটিতে ১২৪ টি লাইন ছিলো, এটি শেষ হয়েছে "Amen" শব্দটির মাধ্যমে।

Anglo Saxon Chronicle by King Alfred The Great

ইতিহাসের প্রথম গদ্য গ্রন্থ হিসেবে পরিচিত। প্রাচীন ইংরেজি ভাষায় রচিত বর্ষপঞ্জির এই সংকলনটি খ্রিষ্টীয় নবম শতাব্দীর শেষভাগে রচনা করেছেন King Alfred The Great। সামগ্রিক দৃষ্টিকোণ থেকে *Anglo-Saxon Chronicle* রোমানদের ব্রিটেন ত্যাগ থেকে নর্ম্যান বিজয়ের পরবর্তী দশকগুলির ইংল্যান্ড-সংক্রান্ত তথ্যের একক সর্বাধিক গুরুত্বপূর্ণ ঐতিহাসিক উৎস। এই গ্রন্থের প্রায় সকল বিষয়বস্তুই বর্ষপঞ্জির আকারে অর্থাৎ বছর অনুযায়ী লিখিত; সর্বপ্রথম ঘটনাটি খ্রিস্টপূর্ব ৬০ অব্দের (বর্ষপঞ্জির হিসাব অনুযায়ী যেটি জুলিয়াস সিজারের ব্রিটেন অভিযানের তারিখ), এরপরের ঐতিহাসিক ঘটনাসমূহও একই ভাবে যে বছর ঘটেছে সেই বছরের বর্ষপঞ্জি আকারে গ্রন্থবদ্ধ করা হয়েছে।

Paraphrase by Caedmon



ইংরেজি সাহিত্যের Anglo Saxon যুগের মিল্টন নামে অভিহিত Caedmon ঈশ্বরের প্রতি শ্রদ্ধা নিবেদনের উদ্দেশ্যে বাইবেল অনুকরণে '*Paraphrase*' রচনা করেন। Caedmon এর এই কাব্যসংকলনে *The Junius Manuscript* এর *Genesis, Exodus* এবং *Daniel* এই তিনটি কবিতা মূলত বাইবেলের ভাষান্তর। কবিতাগুলো আঞ্চলিক ইংরেজিতে লেখা।

THE OLD ENGLISH PERIOD এর সাহিত্যে প্রধান চরিত্রসমূহ

Christ from *The Christ (I, II)* by Cynewulf



Christ এর আবির্ভাব, আরোহন এবং শেষ বিচারের দিনে তার করা বিচার– এই ঘটনাগুলিকে এই কবিতার তিনটি ভাগে বর্ণনা করা হয়েছে। Christ এর জন্ম বেথেলহামের Virgin Mary-র কোলে। ক্রুশ বিদ্ধ হওয়া ও পুনরায় মৃত থেকে জীবিত হবার পর স্বর্গে যাবার পূর্বে Christ চল্লিশ দিন পৃথিবীতে কাটিয়ে ছিলেন। স্বর্গে যাওয়ার আগে তিনি সমবেত জনতার উদ্দেশ্যে বলেন– "মন থেকে আনন্দ কর! আমি কখনই তোমাকে ছেড়ে যাব না, বরং আমি সর্বদা তোমাদের প্রতি ভালবাসা চালিয়ে যাব, তোমাদের শক্তি দেব এবং চিরকাল তোমাদের সাথেই থাকব যাতে আমার কৃপায় তোমাদের কখনই পুণ্যের কামনা না করতে হয়।" তাঁকে স্বর্গে নিতে আসা দেবদূতেরা সমবেত মানুষকে সাবধান করে দেয়, শেষ বিচারের দিন তাদের প্রত্যেকের কর্মকাণ্ডের হিসেব নেওয়া হবে। মেঘপুঞ্জের মধ্য দিয়ে Christ এবং দেবদূতদের স্বর্গে চলে যাওয়ার দৃশ্য দেখে উপস্থিত জনতা শোকাচ্ছন্ন হয়ে পড়ে।

Holofernes from *Judith* by Caedmon



Holofernes একজন শক্তিশালী এবং ক্ষমতাশীল Assyrian General ছিলেন। তিনি প্রায়ই মদ্যপান করে মাতাল হয়ে থাকতেন এবং দানবীয় আচরণ করতেন। অনেক দেশ জয় করার পর Holoferns এর পববর্তী লক্ষ্য ছিলো ইসরাইল (বেথেলহাম) দখল করা। এই উদ্দেশ্যে তিনি তাঁর সৈন্যবাহিনী নিয়ে বেথেলহাম শহরের কাছাকাছি অবস্থান করেন এবং বেথেলহামের পানি সরবরাহ বন্ধ করে দেন। বেথেলহামবাসীদের কাছে এক মাসের পানি সঞ্চিত ছিলো। ২৫ দিন অতিবাহিত হওয়ার পর Judith নামক এক নারী Assyrian দের ক্যাম্পে যায় Holofern কে মারতে। Holofern যেহেতু প্রায়ই মাতাল থাকতো তাই Judith ভান করে যে সে তার প্রতি আকৃষ্ট এবং তার শয়নকক্ষে নিয়ে যায়। Holofern যখন নেশায় অচেতন তখন Judith তার মাথা কেটে তাকে হত্যা করে এবং এই কাটা মাথা তার সেনাবাহিনিকে দেখিয়ে Assyrian দের বিরুদ্ধে যুদ্ধে উৎসাহ দেখিয়ে নিজ শহরকে রক্ষা করে।

Potential Questions & Answers

01. Which one of the following is the first long poem in English?
(a) The Wanderer (b) Beowulf (c) The Seafarer (d) Dream of the Road

02. Which was the oldest period in English literature?
(a) Anglo-Norman (b) Anglo-Saxon (c) Chaucer's period (d) Middle Age.

03. What is the first epic of the Anglo-Saxon period?
(a) Beowulf (b) Paraphrase (c) Juliana (d) Le Morte d' Arthur

04. Who wrote "Beowulf"?
(a) Caedmon (b) Cynewulf
(c) Venerable Bede (d) No mention of the name of the writer

05. Anglo Saxon poetry was immensely influenced by-
(a) Christianity (b) Greek (c) Myths (d) French

06. Who was the earliest English poet?
(a) Caedmon (b) Cynewulf (c) Venerable Bede (d) Chaucer

07. 'Holoferns' Character created by?
(a) Caedmon (b) Cynewulf (c) V. Bede (d) Elena

08. 'The Seafarer' and 'The Wander are the remarkable literary works of ----
(a) The Old English Period (b) The Middle English Period
(c) Elizabethan Period (d) Jacobean Period

09. Who was considered the Author of "The Christ"?
(a) Cynewulf (b) Caedmon (c) Francis Bacon (d) J. Chaucer

10. Who is the writer of "The Fates of the Apostles"?
(a) Caedmon (b) J. Chaucer (c) Francis Bacon (d) Cynewulf

11. Who was the first historian in English literature?
(a) Venerable Bade (b) King Alfred (c) Cynewulf (d) William Langland

12. Venerable Bede is called the —
(a) Father of English prose (b) Father of English Learning
(c) Father of English Poetry (d) Father of Novel

13. 'Paraphrase'- written by–
(a) Henry - 1 (b) Henry - III (c) Caedmon (d) Alfred The Great

14. Who was regarded as the "Founder of English Prose"?
(a) J. Chaucer (b) Venerable Bede
(c) Caedmon (d) King Alfred the Great

15. Who was the father of English sacred Song?
(a) Caedmon (b) Bede (c) Cynewulf (d) Byron

Answers

01	b	02	☼	03	a	04	d	05	a	06	a	07	☼	08	a	09	a	10	d
11	a	12	b	13	☼	14	d	15	a										

[বিশেষ দ্রষ্টব্য: সুপ্রিয় বিসিএস প্রার্থী, উত্তরমালায় কিছু প্রশ্নের উত্তর না দেয়া থাকলেও আমরা বিশ্বাস করি আপনারা পরিপূর্ণ আত্মবিশ্বাসের সাথেই সঠিক উত্তরে বৃত্ত ভরাট করতে পারবেন।]

Chapter 04 (1066-1500)
The Middle English Period

ফ্রেঞ্চ ভাষার একটি রূপভেদ হলো 'Norman' ফ্রেঞ্চ- যার সাথে বর্তমান ফ্রেঞ্চ ভাষার মিল আছে সামান্যই। অন্যদিকে ইংরেজির সাথে এর সাদৃশ্য লক্ষণীয়। এই মিলটি কাকতালীয় কিছু না। ১০৬৬ সালে নরম্যান্ডির ডিউক William the Conquerer এর অধীনে নরম্যান, ব্রিটন, ফ্লেমিশ ও অন্যান্য ফ্রেঞ্চ প্রদেশের যোদ্ধারা একত্র হয়ে বৃটিশ দ্বীপপুঞ্জ আক্রমণ করে। Battle of Hastings এ বিজয়ের পর তারা কাঙ্ক্ষিত এই অঞ্চলটি অধিকারে নিয়ে নেয়। তাদের এই আগ্রাসন কেবল লুঠতরাজের উদ্দেশ্যে ছিলো না। এখানে তারা থাকতেই এসেছিল।

রোমানিক ব্রিটন, জার্মানিক অ্যাংলো স্যাক্সন ও নবাগত নরমানদের মধ্যে সিংহাসনের সংগ্রাম শুরু হয়। দ্বিতীয় হেনরি যখন ফ্রেঞ্চ রাজকন্যা এলিনরকে বিয়ে করেন, তখন কিছুকাল শান্তি বজায় থাকে। এরপর ভূমিপতি ফ্রিম্যানেরা তাদের সুনির্দিষ্ট অধিকারের দাবিতে King John এর ওপর চাপ প্রয়োগ করে। রাজা তখন বিখ্যাত *Magna Carta* স্বাক্ষর করতে বাধ্য হন। আবার কিছুদিন শান্তি বজায় থাকে। তারপর শুরু হয় ব্রিটেন ও ফ্রান্সের মাঝে শতবর্ষী যুদ্ধ। ১১৬ বছর ধরে একের পর এক যুদ্ধ চলতে থাকে। প্লেগে লক্ষ মানুষের মৃত্যু *(The Black Death)* অবশেষে সেই যুদ্ধের অবসান ঘটায়। প্লেগে এত মানুষ মারা যাওয়ায় শ্রমসংকট শুরু হয়। এই সুযোগে বর্গাচাষীরা তাদের অধিকার আদায়ে ব্যস্ত হয়ে ওঠে। মধ্যযুগীয় বৃটিশ ইতিহাস এইভাবে উত্থান পতনের মধ্য দিয়ে চলতে থাকে।

The Middle English Period Timeline

- 1066 — The Norman Conquest
- The Reign of Henry the Second — 1154-1189
- 1215 — Signing of The Magna Carta
- The Expulsion of the Jews — 1290
- 1337-1453 — The Hundred Years' War
- The Age of Chaucer — 1340-1400
- 1348-1349 — The Black Death
- The Peasant's Uprising / The Lollard Heresy — 1381
- 1387-1400 — The Canterburry Tales
- The War of Roses — 1455-1487
- 1476 — First English Printing Press
- Morte D'Arthur by Sir Thomas Malory — 1485

স্যাক্সনদের ইংরেজি ভাষার প্রাতিষ্ঠানিক স্বীকৃতি অল্প কিছুকাল ছিলো। রাজদরবার ও অফিস আদালতে ল্যাটিন চলতো। আধুনিক ইংরেজির তুলনায় দুইটি ভাষাই শেখা খুব কঠিন ছিলো- ব্যাকরণ ও শব্দভাণ্ডার ছিলো খটমটে। লোকসাহিত্যের ভাষায় প্রাচীন ইংরেজির ব্যবহার থাকলেও সেকালে সাহিত্য বলতে যা বোঝাতো সেটি লেখা হতো ল্যাটিনেই। নরমানরা এসে এতে পরিবর্তন নিয়ে আসে। প্রাথমিক অবস্থায় সরাসরি নরমান ফ্রেঞ্চ ভাষায় অফিস আদালত চললেও এ যুগের শেষ দিকে "Chancery English" আত্মপ্রকাশ করে। Middle English এর ইংরেজির এটিই সবচেয়ে পরিশীলিত রূপ।

Middle English Period এর প্রথম দিকে Bacon, Mannyng প্রমুখ সাহিত্যিকরা ফ্রেঞ্চ নরম্যান ভাষায় লিখতেন। Geoffrey Chaucer এসে এই অবস্থাটা বদলে দিলেন। তিনি দেখালেন নতুন ইংলিশ ভাষাকেও সাহিত্যে ব্যবহার করা সম্ভব। আধুনিক ইংরেজি ভাষার জনক হিসেবে তাই তাঁকে শ্রদ্ধাভরে স্মরণ করা হয়। তাঁর পদাঙ্ক অনুসরণ করে একে একে Langland, Gower প্রমুখ এই নতুন ভাষাকে সাহিত্যে ব্যবহার করে দেখালেন। Mergery Kempe ও Morte D'Arthur এর রচনায় দেখা গেল কথাসাহিত্যেও এই নতুন ভাষাটি একই মাত্রায় উপযোগী। William Caxton এর প্রিন্টিং প্রেস এসে সাহিত্যকে কাব্যময় উপকথা থেকে সাধারণ শিক্ষিত জনগণের উপভোগ্য বস্তুতে পরিণত করলো। এরপর থেকে ইংরেজি সাহিত্যের যাত্রা সত্যি সত্যি শুরু হলো।

Geoffrey Chaucer এর অনবদ্য অবদানের কথা মাথায় রেখে মিডল ইংলিশ যুগটিকে দুই ভাগে বিভক্ত করা হয়, যথা–

1. *Anglo Norman Period (1066-1340)*
2. *The Age of Chaucer (1340-1400)*

এছাড়া, এই যুগের প্রাথমিক অবস্থা সম্পর্কে তেমন কিছু জানা যায় না বলে তাকে একাডেমিকরা অন্ধকার যুগ বা Dark Age নামে ডাকেন। Chaucer এর মৃত্যুর পর উল্লেখযোগ্য কোনো সাহিত্য রচিত না হওয়ায় তার পরবর্তী শতবর্ষী সময়টুকুকে বন্ধ্যা কাল বা Barren Age (1400-1485) নামে ডাকা হয়।

Middle English সাহিত্যের বৈশিষ্ট্য

বৈশিষ্ট্য	বোধ	উদাহরণ
The Norman Conquest ভাষায় পরিবর্তন	Anglo Saxon বদলে যেয়ে ফ্রেঞ্চ নরম্যানদের মিশেলে নতুন এক ভাষা উদ্ভূত হয়। এই ভাষাকে সাহিত্য উপযোগী করেন Chaucer	*'Beowulf'* এর ভাষা বর্তমান পাঠকদের জন্য অবোধ্য। উদাহরণ- Hwaet. We Gardena in geardagum, þeodcyninga, þrym gefrunon,
The Church ধর্ম ও সংস্কারের সংকীর্ণতা	রাজ্য ও চার্চের মধ্যে ঘনিষ্ঠ সম্পর্ক বিদ্যমান। সাধারণ মানুষ দুই পক্ষ থেকেই শোষিত। সাহিত্যে ঘুরেফিরে তারাই বিদ্রূপ। তবে সুচতুর ভাষা না হলে ছিলো শিরশ্ছেদের ভয়।	Chaucer এর *The Canterbury Tales* লক্ষ্য করলে দেখা যাবে, সে আখ্যানে পাদ্রীটাকে কেমন মোটা হিসেবে দেখানো হয়েছে। অথবা *The Prisoner's Tale* এর গল্পে একজন খ্রিষ্টান ও একজন অখ্রিষ্টানের জীবনের কী তুমুল পার্থক্য দেখানো হয়েছে।

বৈশিষ্ট্য	বোধ	উদাহরণ
King Arthur **রাজা আর্থারের বীরত্বগাঁথা**	পৌরাণিক যাজক রাজা আর্থারের বীরত্বগাঁথা যা উপস্থাপিত হতো রোমান্স ও ইতিহাস উভয় আঙ্গিকে। এখনো হচ্ছে, তবে হাস্যরসের আবহে।	Thomas Malory এর লিখিত *Morte D'Arthur* একটি বীরত্ব গাঁথা বা ক্রনিকল। অন্যদিকে, অজ্ঞাতনামা লেখকের কালজয়ী আখ্যান *Sir Gawain and the Green Knight* এ প্রাধান্য পেয়েছে রোমান্টিক দৃষ্টিকোণ।
The Peasants' Uprising **কৃষক আন্দোলন**	কৃষক অধিকার আন্দোলনের মুখপাত্র হয়েছিল সাহিত্য। সাধারণ মানুষের কথা বলেছিল।	William Langland এর *Piers Plowman* কাব্যে প্লাওম্যান চরিত্রটি একজন আদর্শ কৃষি শ্রমিকের চিত্র ফুটিয়ে তুলেছে।
Antifeminism **নারীবিরোধ**	নারীর যৌনতা ও মায়াময়তাকে তীর্যক দৃষ্টিতে দেখাই ছিলো তৎকালীন সামাজিক দৃষ্টিভঙ্গি। ডাইনি সন্দেহে অসংখ্য নারীকে আগুনে পুড়িয়ে মারা ছিলো অতি সাধারণ ঘটনা।	*Gawain* আখ্যানে Morgan le Fay চরিত্রটিকে অশুভ এক ডাইনি হিসেবে উপস্থাপন করা হয়েছে। এ ধারাটি বজায় ছিলো আরও প্রায় দুইশ বছর।
Courtly Romance **মার্জিত প্রেম**	প্রেমের অজুহাতে অভিযান, রাজ্য ও রাজকন্যা উভয়ের অধিকার জয় করে নেওয়া।	*Lancelot and Guinevere, Tristan and Iseult* আখ্যানগুলো এমনই অভিজাত প্রেমের কাহিনি উপজীব্য করে গড়ে উঠেছে।
Revenge Vs Forgiveness **ক্ষমা ও প্রতিশোধ স্পৃহা**	চোখের বদলে চোখ যখন সমাজের স্বাভাবিক প্রতিক্রিয়া, তখন সাহিত্যে এর বিপরীত কিছুই বলা হচ্ছিলো।	ডায়নামিকটি পাওয়া যাবে জেফ্রি চসারের *The Wife of Bath's Tale* থেকে।
The Black Death **মহামৃত্যু**	সে যুগে অপমৃত্যু বেশ স্বাভাবিক ঘটনাই ছিলো। তবুও Black Death নামক মহামারির ভয়াবহতা মানুষকে বিহ্বল করে ফেলেছিল।	চসারের Franklin কবিতায় দেখা যায় মহামৃত্যুর পর সমাজে কেমন শূন্যতা তৈরি হয়েছিল।
Auctoritas **অনুকরণ**	ক্লাসিক ল্যাটিন সাহিত্যের সরাসরি অনুকরণ। রাজারা এসব দেখে খুশি হতেন।	চসারের *Troilus and Criseyde* এর প্লট Giovanni Boccaccio লিখিত *Il Filostrato* কাব্য থেকে নেওয়া হয়েছিলো। আবার *Nun's Priest's Tale* এর মূল চরিত্র পাদ্রী Chauntecleer এর যুক্তির বিষয় ছিলো সব গ্রিক ও রোমান সাহিত্য থেকে নেওয়া Classical allusion.

THE MIDDLE ENGLISH PERIOD এর কিংবদন্তি সাহিত্যিক

Roger Bacon (1220-1292)



Literary Works

- Speculum Alchemiae (The mirror of Alchimy)
- Opus Majus
- Opus Minus
- Opus Tertium

Roger Bacon একজন মধ্যযুগীয় ইংরেজ দার্শনিক ছিলেন। আদি 'Early Modern' যুগে তাঁকে একজন জাদুকর হিসেবে গণ্য করা হতো। তিনি তাঁর যান্ত্রিক আবিষ্কার ও কালোজাদুবিদ্যার গল্পের জন্য বিশেষভাবে বিখ্যাত। তিনি Doctor Mirabilis নামে পরিচিত ছিলেন।

Bacon যে কোনো তত্ত্বের সত্যতা যাচাই এ আধুনিক Scientific Method এর প্রবক্তা ছিলেন। তাঁর কারণে মধ্যযুগের পাঠক্রমে বিজ্ঞানের বাস্তব পরীক্ষার ব্যাপারটি অন্তর্ভুক্ত হয়। তাঁর শ্রেষ্ঠ কর্ম হলো '*The Opus Majus*', এটি ব্যাকরণ, যুক্তিবিদ্যা, গণিত, পর্দাথবিদ্যা থেকে মনোবিজ্ঞান পর্যন্ত সকল বিজ্ঞানের বিশ্বকোষ হিসেবে খ্যাত। এই গ্রন্থে তিনি গণিত, আলোকবিদ্যা, আলকেমি এবং জ্যোতির্বিদ্যা (মহাকাশীয় বস্তুর অবস্থান এবং আকার) নিয়ে কাজ করেছেন।

Dante (1265-1321)

Literary Work

- The Divine Comedy

Dante এর পূর্ণ নাম Durante di Alighiero Degli Alighieri. তিনি বর্তমান ইতালির ফ্লোরেন্স শহরে জন্মগ্রহণ করে। তাঁর প্রকৃত জন্ম তারিখ অজানা। তাঁর লিখিত '*Divine Comedy*' মধ্যযুগে রচিত অন্যতম গুরুত্বপূর্ণ সাহিত্য কর্ম এবং ইতালিয় ভাষায় রচিত শ্রেষ্ঠ কাব্য। তিনি সাহিত্যে সর্বপ্রথম আঞ্চলিক ভাষার ব্যবহার করেন যখন শুধুমাত্র ল্যাটিন ভাষাতেই সাহিত্য চর্চা হতো এবং অতি উচ্চশিক্ষিতরাই সাহিত্যরস উপভোগ করতে পারতো। তাঁর সাহিত্যের ভাষা আধুনিক ইতালিয় ভাষার রূপ প্রতিষ্ঠায় ভূমিকা রাখে। এ কারণেই তাঁকে **The Father of the Italian Language** বলা হয়। এছাড়াও তিনি Supreme Poet হিসেবে সম্মানিত, পরবর্তী বহু বিখ্যাত কবি-সাহিত্যিক তাঁর লেখনীতে অনুপ্রাণিত হয়েছেন। উল্লেখ্য যে, বিখ্যাত ৩ জন ইতালিয় কবিকে একত্রে The Three Crowns/ The Three Fountains/ of Italian literature বলা হয়। তাঁরা হলেন- *(i) Dante (ii) Petrarch (iii) Boccaccio।*

John Wycliffe (1328-1384)

Literary Works

- On Divine Dominion
- On Civil Dominion
- On the Truth of the Sacred Scripture

John Wycliffe ছিলেন একজন ইংরেজ শিক্ষাবিদ, দার্শনিক, ধর্মতত্ত্ববিদ, বাইবেলের অনুবাদক, ক্যাথোলিক প্রিস্ট, সংস্কারক এবং অক্সফোর্ড বিশ্ববিদ্যালয়ের একজন ধর্মীয় অধ্যাপক। তিনি চতুর্দশ শতকে রোমান ক্যাথলিক যাজকদের মধ্যে একজন প্রভাবশালী ভিন্নমতাবলম্বী হয়ে ওঠেন এবং খ্রিষ্টান ধর্মে Protestantism আন্দোলনের পূর্বসূরি হিসেবে বিবেচিত হন কেননা তিনি সে যুগে খ্রিষ্টান যাজকদের অতি বিলাসবহুল জীবন যাপন নিয়ে প্রশ্ন তুলেছিলেন। একারণে তাঁকে Heretic বা ধর্ম বিরোধী আখ্যা দেওয়া হয়। তাঁকে বলা হয় **Morning Star of the Reformation,** আর তার অনুসারীদেরকে নিচু করে 'Lollards' বলা হত যার অর্থ অসন্তোষ প্রকাশকারী। তিনি '***The New Testament***' ল্যাটিন থেকে ইংরেজিতে অনুবাদ করেন। তিনিই দুর্বোধ্য ল্যাটিন থেকে মানুষের মুখের ভাষায় বাইবেলকে নিয়ে আসেন, তাঁর অনুদিত বাইবেলকে '***Wycliffe's Bible***' বলা হয়।

Geoffrey Chaucer (1340-1400)

Literary Works

- The Canterbury Tales
- The Book of the Duchess
- The Parlement (Perliament) of Foules
- The House of Fame
- The Legend of Good Women
- Torilus and Criseyda

Geoffrey Chaucer ছিলেন একাধারে কূটনীতিক, দার্শনিক, আমলা, রাজ-উপদেষ্টা, রাষ্ট্রদূত, ইংল্যান্ডের প্রথম জাতীয় ও চতুর্দশ শতকের সবচেয়ে বিখ্যাত কবি। তিনি ইংরেজি ভাষার প্রথম স্বার্থক কবি ও ইংরেজি সাহিত্যের প্রথম সত্যিকার সাহিত্যরসিক। তাঁকে বলা হয় **Father of English Literature;** বা **Father of English Poetry.** Chaucer একজন দার্শনিক এবং জ্যোতির্বিজ্ঞানী হিসেবেও খ্যাতি অর্জন করেন।

Geoffrey Chaucer তাঁর জাদুকরী বর্ণনা শক্তির জন্য বিখ্যাত। তাঁর নামানুসারে ১৩৪০ থেকে ১৪০০ সাল সময়টুকুকে Age of Chaucer নামে ইংরেজি সাহিত্যের একটি আলাদা যুগ হিসেবে বিবেচনা করা হয়। Chaucer এর পূর্বে ইংল্যান্ডে কোনো একক জাতীয় ভাষা ছিল না। '*The Canterbury Tales*' ছিল ইংরেজি ভাষায় লেখা তার সবচেয়ে জনপ্রিয় সাহিত্যকর্ম। Chaucer মধ্যযুগীয় কাব্যধারা প্রত্যাখান করেছিলেন ও মধ্যযুগের ধর্মীয় প্রভাব থেকে মুক্ত হয়ে সমাজ ও জাতীয়তা বিষয়ক সাহিত্য রচনা করেন। এজন্য তাকে বলা হয় প্রথম আধুনিকতাবাদী কবি ও Renaissance যুগের 'ভোরের তারা'। তাঁর বিখ্যাত একটি উক্তি: *"Time and Tide wait for no man"* তিনিই প্রথম লেখক যাকে West Minster Abbey এর Poet's corner এ সমাহিত করা হয়েছিল।

THE OLD ENGLISH PERIOD এর গুরুত্বপূর্ণ সাহিত্যকর্ম

The Divine Comedy by Dante

Dante Alighieri এর লেখা এটি একটি আখ্যানমূলক কাব্য। এটিকে বিশ্বসাহিত্যের অন্যতম এবং ইতালিয় সাহিত্যের শ্রেষ্ঠ সাহিত্যকর্ম হিসেবে বিবেচনা করা হয়। এ কাব্যে পরকাল তথা মৃত্যুপরবর্তী জীবনের কাল্পনিক যে বর্ণনা দেওয়া হয়েছে তা মূলত মধ্যযুগের মনস্তত্ত্বের প্রতীক। সে যুগে পাশ্চাত্য গির্জাগুলোতে কিভাবে বিশ্বদর্শন বিকশিত হয়েছিল তা এই কাব্যের মাধ্যমে প্রকাশিত হয়েছে। এতে তৎকালীন চার্চের ক্ষমতার অপব্যবহার এবং সামসময়িক রাজনীতি ব্যাঙ্গাত্মক ভাবে তুলে ধরা হয়েছে। এটির মূল নাম ছিল *'Comedìa'*

Dante মহাকাব্যটি লেখেন স্থানীয় Tuscan কথ্যভাষায়। এই ভাষা পরবর্তীতে প্রামাণ্য ইতালিয়ান ভাষার মানদণ্ড সৃষ্টিতে ভূমিকা রাখে। ১৪,২৩৩ লাইনের এই কবিতাটি তিন ভাগে বা three Cantos এ বিভক্ত করা হয়েছে যথা: *Inferno (Hell), Purgatorio (Purgatory) and Paradiso (Paradise)*। Each consisting of 33 cantos

The Divine Comedy আসলে একটি Allegory বা রূপক কাহিনি। এই মহাকাব্যে নরকের বর্ণনা প্রচণ্ড ভয়াবহ অথচ শৈল্পিকভাবে উপস্থাপন করা হয়েছে। হৃদয়ের আবেগ, নিখুঁত বর্ণনা, দার্শনিক-চিন্তা এবং ইতিহাস ও পুরাণের অসামান্য সুন্দর মিশ্রণের জন্যই এটি সর্বকালের সর্বশ্রেষ্ঠ মহাকাব্যগুলোর একটি রূপে কালজয়ী হয়ে বিরাজ করছে। বিশ্বসাহিত্যেও Dante অনন্য স্থান অধিকার করে আছেন তাঁর এ মহাকাব্যের জন্যই।

The Travels of Sir John Mandeville by Sir John Mandeville

The Travels of Sir John Mandeville মধ্যযুগীয় গ্রন্থগুলোর মধ্যে অন্যতম জনপ্রিয় একটি গ্রন্থ যার বিষয়বস্তু হিসেবে ধর্ম ছিলো না।। এটিতে ৩৫টি অধ্যায় এবং একটি প্রস্তাবনা আছে। এটির প্রায় তিনশতটি পাণ্ডুলিপি পাওয়া গিয়েছে এবং অনেকগুলো ইউরোপীয় ভাষায় অনূদিত হয়েছে। Geoffrey Chaucer এবং *Sir Gawain and the Green Knight* কাব্যের অজানা কবির রচনায় এই গ্রন্থের প্রভাব দেখা যায়। গ্রন্থটি Sir John Mandeville নামক একজন ব্যক্তির আত্মজীবনী এবং ভ্রমণকাহিনি হিসেবে প্রথম প্রকাশিত হয়েছিল ১৩৫৭ থেকে ১৩৭১ সালের মধ্যে এবং অবিশ্বাস্য ও কাল্পনিক বর্ণনা থাকা সত্ত্বেও গ্রন্থটি প্রচণ্ড জনপ্রিয়তা পায় সে সময়। বর্ণনাকারী নিজেকে লন্ডনের উত্তর-পশ্চিমে অবস্থিত একটি শহর সেন্ট অ্যালবানসের একজন নাইট হিসাবে পরিচয় দেন। উনবিংশ শতাব্দীর অনেক পণ্ডিতদের মতে বইটির বিষয়বস্তু অনেকাংশে চুরি করা হয়েছে। এ গ্রন্থের মূল উপাদান হিসেবে জেরুজালেমকে বিশ্বের কেন্দ্র এবং খ্রিষ্টধর্মের ন্যায্য উত্তরাধিকার হিসেবে চিহ্নিতকরণ এবং ক্রুসেডের ইতিহাস এসেছে। এই গ্রন্থের অত্যন্ত আকর্ষণীয় ভ্রমণ বর্ণনায় ক্রিস্টোফার কলম্বাসের মতো ভ্রমণকারীরাও পরবর্তীতে ব্যাপকভাবে প্রভাবিত হয়েছিলেন।

Piers Plowman by William Langland



William Langland লিখিত *Piers Plowman* একটি মধ্যযুগীয় রূপক আখ্যানমূলক কবিতা। এ কবিতাটিকে অনেক সমালোচক মধ্যযুগের ইংরেজি সাহিত্যের অন্যতম সেরা কাজ বলে বিবেচনা করেন। এমনকি এটি Chaucer এর *Canterbury Tales* থেকেও প্রাচীন এবং কবিতাটির অনুপ্রেরণা হিসেবে অনেকে মনে করেন। কাব্যটিতে বাস্তববাদী এবং রূপকধর্মী উপাদানগুলো কাব্যিক ছন্দে মিশ্রিত হয়েছে। কবিতাটিতে মধ্যযুগীয় খ্রিষ্টান ধর্মের পটভূমিতে বর্ণনাকারীর সত্যিকারের খ্রিষ্টান জীবনের খোঁজে অভিযান বর্ণিত হয়েছে যার অনেকটাই স্বপ্নদৃশ্যে বিস্তৃত। কবিতাটি সহজ কথ্য ভাষায় কিন্তু শক্তিশালী চিত্রকল্প দ্বারা রচিত। এটি সামসময়িক ধর্মীয় ও দুর্নীতির একটি ব্যঙ্গচিত্র প্রকাশ করে। রাজনৈতিক, ধর্মীয় এবং দুর্নীতির উপর কবিতাটির আক্রমণগুলো দ্রুত সে সময়ের মানুষদের প্রভাবিত করে। কবিতাটির তিনটি স্বতন্ত্র সংস্করণ রয়েছে এবং প্রতিটি পাণ্ডুলিপিই অনন্য, এগুলোকে A, B এবং C দ্বারা চিহ্নিত করা হয়, এদের মধ্যে B সংস্করণটি সবচেয়ে বেশি প্রচলিত ও অনূদিত।



The Canterbury Tales by Geoffrey Chaucer

মধ্যযুগের শ্রেষ্ঠ কবি Geoffrey Chaucer এর সবচেয়ে বিখ্যাত ও স্মরণীয় সৃষ্টি '*The Canterbury Tales*' যা ১৭,০০০ লাইন বিশিষ্ট কাব্যে রচিত একটি অসমাপ্ত বর্ণনামূলক গল্পগ্রন্থ। এটিতে মোট ২৪টি গল্পের সংগ্রহ রয়েছে। এটি মধ্যযুগীয় সাহিত্যের সর্বশ্রেষ্ঠ মাস্টারপিস। এর মাধ্যমে ল্যাটিন, ফ্রেঞ্চ বা ইতালিয় ভাষার পরিবর্তে ইস্ট-মিডল্যান্ড এলাকার স্থানীয় ভাষা সর্বপ্রথম এ সাহিত্যে ব্যবহার করা হয়। ইংল্যান্ডে নরমান-শাসন শেষ হয়ে যাবার পরে এই অনানুষ্ঠানিক ভাষাই সারা ইংল্যান্ডে মধ্যযুগীয় ইংলিশ ভাষা হিসেবে আনুষ্ঠানিক রূপ লাভ করে। লন্ডন থেকে যাত্রা শুরু করে ক্যান্টারবেরি ক্যাথেড্রালে অবস্থিত Saint Thomas Becket এর সমাধির উদ্দেশ্যে গমনকারী তীর্থযাত্রীদের গল্প বলার প্রতিযোগিতার অংশ হিসেবে গল্পগুলো বর্ণিত হয়। প্রতিযোগিতার পুরস্কার ছিল ফেরার পথে সাউথওয়ার্কের টাবার্ড সরাইখানায় একবেলা বিনা পয়সার খাবার। এই গল্পগুলোর অধিকাংশই পদ্যে রচিত, যদিও কিছু কিছু গদ্যও রয়েছে। বিভিন্ন পেশাজীবী যেমন নাইট, সন্ন্যাসী, ডাক্তার, বণিক, ছাত্র, কেরানি ইত্যাদি ব্যক্তিদের কথক হিসেব উপস্থাপন করা হয়েছে এতে। চাষী, ছুতোর, তাঁতি, পাচক, ভিখারী প্রভৃতি নিচু শ্রেণির লোকও বাদ যায়নি। এসব গল্প এবং গল্পের চরিত্রগুলোর মধ্য দিয়ে সামসময়িক ইংরেজ সমাজের, বিশেষ করে ব্রিটিশ চার্চের বিদ্রুপাত্মক ও সমালোচনামূলক চিত্র ফুটিয়ে তোলা হয়েছিলো।

The Parliament of Foules by Geoffrey Chaucer



Parliament of Foules (1380-90) সালে Geoffrey Chaucer লিখিত Rhyme Royal Stanza ছন্দের একটি প্রায় ৭০০ লাইনের কবিতা। ফরাসী রোম্যান্সের ঐতিহ্যে রচিত এই কবিতাটি প্রেমের ধারণার দার্শনিক অনুসন্ধানকে প্রকাশ করে। বর্তমানে সেইন্ট ভ্যালেন্টাইনস ডে নামে প্রেমিক-প্রেমিকাদের জন্য যে বিশেষ দিনটি সারাবিশ্বে পালন করা হয় তার ধারণাটি এই কাব্য থেকেই উদ্ভূত বলে মনে করা হয়। এটি পাখিদের একটি দলকে বর্ণনা করে যারা বসন্তের শুরুতে, 'Saint Valentines Day'or Valentines day তে একত্রিত হয়- এক বছরের জন্য তাদের সঙ্গী নির্বাচন করতে। কবিতার বর্ণনাকারী একটি সুন্দর বাগানের স্বপ্ন দেখে যেখানে তিনটি পুরুষ ঈগলের মধ্যে একটি বিতর্কের শুরু হয়, এরা সবাই একটি সুন্দর স্ত্রী ঈগলের মনোযোগ পেতে চায়। প্রকৃতি স্বয়ং এই বিবাদের বিচারক হিসেবে ভূমিকা পালন করে। শেষ পর্যন্ত স্ত্রী ঈগলটি কাউকেই নির্বাচন না করে এক বছরের জন্য সিদ্ধান্তটি তুলে রাখে। পাখিদের সুমধুর এবং কৌতুকপূর্ণ কথোপকথনের মাধ্যমে কবিতাটি এগিয়ে যায় এবং বসন্তের আগমনি গানের মাধ্যমে এর সমাপ্তি ঘটে।

Morte D' Arthur by Sir Thomas Malory

Sir Thomas Malory লিখিত '*Le Morte d'Arthur*' একটি রোমান্টিক গদ্য। 'Le Morte d'Arthur' অর্থ 'রাজা আর্থারের মৃত্যু'। বইটি কিংবদন্তির রাজা Arthur এর জন্ম, ক্ষমতায় উত্থান ও মৃত্যুকে কেন্দ্র করে লিখিত। এছাড়াও রানি Guinevere, বীর যোদ্ধা Lancelot, জাদুকর Merlin ইত্যাদি বিখ্যাত চরিত্রও রয়েছে গদ্যটিতে। নিয়তি, আদর্শ এবং আত্মপরিচয় অনুসন্ধানের মতো বিষয়বস্তুকে কেন্দ্র করে লিখিত এই গদ্যে রাজার জন্ম থেকে মৃত্যু পর্যন্ত একটা পূর্ণাঙ্গ রূপ দিতে লেখক অনেক ইংলিশ ও ফ্রেঞ্চ উৎস থেকে তথ্য নিয়ে পরিমার্জন, পরিবর্তন ও সংযোজন করেছেন। মহাকাব্যের শুরুতে দেখা যায়, Uther Pendragon সমস্ত ইংল্যান্ডের রাজা। তাঁর রানি Igraine একটি শিশু গর্ভধারণ করে, যার নাম Arthur, যাদুকর Merlin তার রাজা হওয়ার এবং রাজ্যকে একত্রিত করার ভবিষ্যদ্‌বাণী করেন। Uther এর মৃত্যুর পর রাজ্যে বিশৃঙ্খলা দেখা দেয় এবং Arthur গোপনে অন্যত্র পালিত হতে থাকে। এদিকে ইংল্যান্ডের সিংহাসনটি খালি থাকে যতদিন না জাদুকর Merlin রাজা নির্বাচনের জন্য পাথর থেকে Excalibur তলোয়ার বের করার প্রতিযোগিতা আয়োজন করে। তরুণ Arthur সেই প্রতিযোগিতায় জয়ী হয়ে ইংল্যান্ডের রাজা হিসেবে নিজেকে অধিষ্ঠিত করে। সাথে সে পায় Round Table of Knights যেখানে তার অনুগত নাইটরা একত্রিত হতেন। পরবর্তীতে তার Guinevere এর সাথে বিয়ে, একের পর এক বিদ্রোহী ও বিরোধী পক্ষের সাথে যুদ্ধ, বীর যোদ্ধা হিসেবে Lancelot এর প্রতিষ্ঠালাভ এবং সবশেষে Guinevere এর সাথে Lancelot এর অবৈধ সম্পর্কের কারণে Arthur এর সাথে লড়াই ও মৃত্যুর কাহিনি বিস্তৃত পরিসরে বর্ণিত হয়েছে।

Sir Gawain and the Green Knight by Gawain Poet

Sir Gawain and the Green Knight মধ্যযুগে লিখিত একটি বীরত্বসূচক কাব্য। এর লেখকের নাম জানা যায়নি, তাই লেখককে 'Gawain Poet' নামকরণ করা হয়েছে। এই কাব্যে কিংবদন্তির রাজা Arthur এর রাউন্ড টেবিলের অন্যতম বীরযোদ্ধা বা নাইট Gawain এর বীরত্ব ও আনুগত্যের কাহিনি বর্ণিত হয়েছে। এই কাহিনিতে দেখা যায়, রাজা Arthur এর আপ্যায়নে এক ভোজসভায় বিশালাকার কুঠার হাতে রহস্যময় 'Green Knight' এসে হাজির হয় এবং চ্যালেঞ্জ ছুড়ে দেয়, যে কেউ চাইলে এই কুঠার দিয়ে তাকে আঘাত করতে পারবে কিন্তু ঠিক একবছর একদিন পর সে সেই আঘাত ফেরত দিয়ে যাবে। Sir Gawain এই চ্যালেঞ্জ গ্রহণ করে কুঠারের এক আঘাতে Green Knight এর শিরশ্ছেদ করেন। কিন্তু মারা না গিয়ে Green Knight নিজের কাটা মাথা হাতে তুলে নিয়ে ঘোড়ায় উঠে রানি Guinevere কে দেখায় এবং যাওয়ার আগে সে Gawain কে মনে করিয়ে দিয়ে যায়, এক বছর পর Green Chapel নামক স্থানে তাদের আবার দেখা হবে।

যত দিন ঘনিয়ে আসতে লাগলো, নিজের কথা রাখতে Sir Gawain নানা বাধা বিপত্তি পার হয়ে Green Chapel এর দিকে অগ্রসর হতে লাগলেন। পথে একসময় তিনি একটি অপূর্ব দুর্গে হাজির হন এবং সেই দুর্গের লর্ড ও তার সুন্দরী স্ত্রীর আতিথ্য গ্রহণ করেন। তারা আশ্বস্ত করেন, সেখান থেকে Green Chapel খুবই কাছে। সেই দুর্গের লর্ড Gawain কে নতুন একটি খেলার আমন্ত্রণ জানান, তিনি সারাদিন শিকারে যা পাবেন তা Gawain সারাদিন দুর্গে বসে যা পাবেন তার সাথে বিনিময় করবে। কিন্তু টানা তিনদিন Gawain সেই লর্ডের স্ত্রী থেকে ইঙ্গিতময় আচরণ ও চুমু ছাড়া কিছুই পেলেন না এবং প্রতিদিন শিকার করা হরিণ, শুকর ও শিয়ালের বিনিময়ে লর্ডকে তিনি তাই দিলেন। শেষদিন অবশ্য ঐ মহিলা একটি কোমর-বন্ধনী দিয়েছিলো যা Gawain গোপন রাখেন। নির্দিষ্ট দিনে নির্দিষ্ট স্থানে গিয়ে Gawain দেখেন Green Knight তার জন্য কুঠার নিয়ে অপেক্ষা করছে। কুঠার দিয়ে আঘাত করার পর দেখা গেলো Gawain এর সামান্য আঘাত পাওয়া ছাড়া কোনো ক্ষতিই হলো না। তখন হাসতে হাসতে Green Knight প্রকাশ করলো যে, সে আসলে ঐ দুর্গের লর্ড এবং এই পুরো ব্যাপারটা রাজা Arthur এর ভাতিজি জাদুকরী Morgan Le Fae তার জাদুশক্তি দিয়ে Gawain এর বীরত্ব পরীক্ষা করতে আর রানি Guinevere কে ভয় দেখাতে আয়োজন করছে। কোমর বন্ধনীর কথাটা লর্ডের কাছে গোপন রাখার কারণে সে সামান্য আঘাত পেয়েছিলো। Gawain তার কথা রাখার কারণে সম্মানিত নাইট হিসেবে রাজধানী Camelot এ ফিরে যান।

THE OLD ENGLISH PERIOD এর প্রধান চরিত্রসমূহ

Mergery Kempe from *The Book of Mergery Kempe* by Mergery Kempe

অনেকের মতে ইংরেজি ভাষার সবচেয়ে প্রাচীন আত্মজীবনী হলো *The Book of Mergery Kempe* যাতে লেখিকা তার গার্হস্থ্য জীবন, ইউরোপের বিভিন্ন ধর্মীয় পবিত্রস্থানে যাত্রা ও ঈশ্বরের সাথে তাঁর আধ্যাত্মিক কথোপকথনের বর্ণনা দিয়েছেন। Mergery Kempe ছিলেন মধ্যযুগীয় ইংরেজ শহর কিংস লিনের একজন সচ্ছল মধ্যবিত্ত মহিলা। তার চৌদ্দতম সন্তান জন্মের পরে তাঁর মানসিক অবস্থা, তার মদ তৈরির ব্যবসায় ব্যর্থতা, আধ্যাত্মিক জীবনের প্রতি তার নাটকীয় আকর্ষণ সৃষ্টি, তার দৃষ্টিভঙ্গি এবং অনিয়ন্ত্রিত হতাশা, স্বামীকে ধর্মান্তরিত করার সংগ্রামের কথা স্পষ্টভাবে বর্ণনা করা হয়েছে এই গ্রন্থে। Mergery স্বপ্নে যিশু খ্রিষ্টের দর্শন পাওয়ার পর তিনি তার জীবনকে পবিত্রতা এবং ঈশ্বরের চিন্তায় উৎসর্গ করার সিদ্ধান্ত নেন। এরপর তিনি বেশ কয়েকটি তীর্থযাত্রা করেন, যার মধ্যে দীর্ঘতম এবং সবচেয়ে কঠিন হলো জেরুজালেমের যাত্রা। বাস্তবজীবনে Mergery Kempe পড়তে বা লিখতে পারতেন না এবং জীবনের শেষের দিকে তার জীবনের অসাধারণ গল্পগুলো Richard Salthouse নামক এক লেখক লিখে দিয়েছিলেন। তার উদ্দেশ্যেই Kempe বইটি উৎসর্গ করেন। গল্পগুলো তাকে অবিস্মরণীয় চরিত্র এবং মধ্যযুগের সাহসী মহিলার প্রতিকৃতি হিসেবে অধিষ্ঠিত করেছে। ব্যক্তিগত, আর্থিক এবং আধ্যাত্মিক পরিপূর্ণতা লাভের জন্য তার প্রচেষ্টার একটি আমূল পরিবর্তনের গল্প এই আত্মজীবনীটি, যা আমাদের বিভিন্ন ভাবনার বিভিন্ন স্তর স্পর্শ করে।

Amans from *Confessio Amantis* by John Gower

মধ্যযুগের অন্যতম প্রধান কবি John Gower রচিত ৩৩,০০০ লাইনের একটি দীর্ঘ কবিতা হলো *Confessio Amantis*, যা তৎকালীন রাজা Richard II এর অনুরোধে লেখা হয়েছিলো বলে কাব্যের ভূমিকায় উল্লেখ আছে। এ কবিতায় Amans নামক এক প্রেমিক Venus দেবতার একজন Chaplain বা পুরোহিতের কাছে তাঁর প্রেমের ফলে সংগঠিত পাপ নিয়ে স্বীকারোক্তি দেয়। আটটি বইয়ে বিস্তৃত এই কাব্যে প্রায় একশত গল্প বলা হয়েছে যাদের অধিকাংশই Ovid এর *Metamorphoses* এবং বাইবেল থেকে নেওয়া। পুরো কাব্যটি Amans এবং Chaplain এর মধ্যে সংলাপের মাধ্যমে এগিয়েছে। এই কাব্যটি Chaucer লিখিত *Canterbury Tales* এবং William Langland লিখিত *Piers Plowman* সামসময়িক এবং কাছাকাছি পর্যায়ের জনপ্রিয়তা পেয়েছিলো।

Potential Questions & Answers

01. Who is called the morning star of reformation movement?
(a) John Gower (b) William Langland (c) William Dunber (d) John Wycliffe

02. Who has been characterized as the morning star of scholasticism?
(a) John Wycliffe (b) Dante (c) William Langland (d) Thomas Malory

03. Who translated the Bible into English for the first time?
(a) Nicolus Udall (b) Thomas Norton (c) John Wycliffe (d) Edmund Spenser

04. Who translated 'The New Testament'?
(a) Langland (b) John Wycliffe (c) Layama (d) Tottel

05. John Gower was the contemporary of—
(a) William Langland (b) Caedman (c) Cynewulf (d) Francis Bacon

06. What is the writing of John Gower?
(a) Vox Clamantis (b) Inferno (c) Piers Plowman (d) The book of the duchess

07. Who is the writer of 'Confession Amantis'?
(a) William Langland (b) John Mandeville (c) John Gower (d) Geoffrey Chaucer

08. In what language is this 'Speculum Meditantis' Written?
(a) English language (b) French language (c) Latin language (d) None of them

09. ''Piers Plowman'' was written by—.
(a) Swift (b) Keats (c) Shaw (d) William Langland

10. Who is a poet of Middle English Period—.
(a) Swift (b) W. B Yeats (c) William Langland (d) H. G. Wells

11. What is the main theme of ''The piers Plowman''?
(a) Emma (b) Social History (c) Vanity Fair (d) Canterbury Tales

12. First woman writer of English Literature—.
(a) Aphra (b) Agatha (c) Merry (d) Julian

13. In Professional life William Langland was a—.
(a) Player (b) Clerk (c) Priest (d) Teacher

14. Thomas Malory wrote-
(a) Ulysses (b) Pamela (c) Roots (d) Morte D'Arthur

15. The period from AD 1066 to 1500 is known as—
(a) The Old English Period (b) The Middle English Period
(c) The Anglo-Saxon Period (d) The Victorian Period

16. 'Saint Valentine Day' was related-
(a) The Parliament (b) Confessio Amantis (c) Troilus and Criseyde (d) Vox Clamant

17. Choose the right answer: Chaucer is the representative poet of—
(a) 17th century (b) 14th century (c) 16th century (d) 18th century

18. Who is the father of Modern English Poetry?
(a) Cynewulf (b) Geoffrey Chaucer (c) Robert Browning (d) None of the above

19. 'The Canterbury Tales' is written by—
(a) Geoffrey Chaucer (b) John Wycliffe (c) Boccaccio (d) Thomas Earth

20. 'Time and tide wait for no man'-
(a) Geoffrey Chaucer (b) John Wycliffe (c) John Gower (d) William Langland

Answers

01	d	02	☼	03	c	04	b	05	a	06	a	07	c	08	b	09	☼	10	c
11	b	12	d	13	c	14	☼	15	b	16	a	17	b	18	b	19	☼	20	a

[বিশেষ দ্রষ্টব্য: সৃপ্রিয় বিসিএস প্রার্থী, উত্তরমালায় কিছু প্রশ্নের উত্তর না দেয়া থাকলেও আমরা বিশ্বাস করি আপনারা পরিপূর্ণ আত্মবিশ্বাসের সাথেই সঠিক উত্তরে বৃত্ত ভরাট করতে পারবেন।]

Chapter 05 (1500-1660)

The Renaissance

সময়টা ষোড়শ শতকের শুরু। মধ্যপ্রাচ্যের সমৃদ্ধ ইসলামিক সভ্যতা পতনমুখী। সে সভ্যতার সাথে সরাসরি যোগাযোগ ছিলো ভূমধ্যসাগরীয় ইউরোপের, বিশেষ করে ইতালির। বিগত শতাব্দীগুলোতে মহান মুসলিম চিন্তাবিদ, বিজ্ঞানী ও শিল্পীদের কর্মজীবনের সারমর্ম বিভিন্ন বইয়ের পিঠে চড়ে পৌঁছে গেছে ইউরোপে। এই জ্ঞান ব্যবহার করার যোগ্যতা অর্জন করেছিল ফ্লোরেন্সের Medici পরিবার। তাদের পৃষ্ঠপোষোকতায় উঠে এলেন Leonardo Da Vinci। রাজনীতি ও পররাষ্ট্রনীতির মাস্টারপিস *The Prince* রচিত হলো Niccolo Machiavelli-এর কলমে। এইসব সাহিত্য ও শিল্পকর্মের কারণেই ইউরোপীয় রেনেসাঁর সূচনা হয়।

The Renaissance Period

- 1513 — "The Prince" of Machiavelli Published
- Thomas More's "Utopia" Published — 1516
- 1517 — Martin Luther's Thesis against Catholic Church
- Copernicus' sun centered observation — 1543
- 1559 — Coronation of Queen Elizabeth
- Marlowe and Shakespeare was Born — 1564
- 1576 — First Theater is being Built
- Spencer's The Faerie Queen — 1590
- 1649 — Beheading of Charles-1
- Fall of Richard Cromwell — 1660

ইংল্যান্ডে চেতনার নবজাগরণ পৌঁছে যেতে আরও অনেক সময় লেগে গেল। এরই মধ্যে কোপার্নিকাসের তত্ত্ব প্রমাণ করে দেখালেন Galileo। পৃথিবী এই মহাবিশ্বের কেন্দ্র তো নয়ই বরং এটি ঘুরছে সূর্যের চারপাশে। Francis Drake পৃথিবীকে চক্রাকারে প্রদক্ষিণ করলেন। প্রমাণিত হলো পৃথিবী একটি গোলাকার বস্তুপিণ্ড, ভেসে চলেছে মহাবিশ্বে। এই প্রেক্ষাপটে জন্ম নিলো Humanism। মানবকেন্দ্রিক আত্মজগতের সমর্থনে Rene Descartes বললেন 'I Think, Therefore I Am' দেবত্ব ও রাজত্ব থেকে চেতনার কেন্দ্রবিন্দু হলো মানুষ ও মানুষের জীবন।

ইংল্যান্ডে রেনেসাঁর সূচনা আর কুমারী রানি এলিজাবেথ যেন সমার্থক। তাঁর দীর্ঘ শাসনামলে প্রথমবারের মতো ইংল্যান্ড সমস্ত ইউরোপের সাংস্কৃতিক কেন্দ্র হবার যোগ্যতা অর্জন করলো। জন্ম নিলেন William Shakespeare। কথার খেলা আর নাটকের রঙে মজে উঠলো কুলীন থেকে কৃষক পর্যন্ত। Petrarch আর Boccaccio দের মতো করে Spencer আর Shakespeare ইংরেজি ভাষায় সনেট রচনা শুরু করলেন। সাহিত্যে নিত্যনতুন ক্ষেত্রের উন্মোচন হলো।

প্রিন্টিং প্রেস এর পূর্ণ ব্যবহার শুরু হলো। সাহিত্য হলো সহজলভ্য। মানুষের চিন্তা ও মতামত পৌঁছে দেবার মাধ্যমও তাই সুবিস্তৃত হলো। জার্মান ধর্মযাজক Martin Luther পুরনো চার্চের অসার চিন্তাভাবনা ছেড়ে বিশুদ্ধ খ্রিষ্টপ্রেমে আত্মনিয়োগের ডাক দিলেন। এই আন্দোলনে পতন ঘটলো রাজতন্ত্রের। কিছুদিনের জন্য প্রতিষ্ঠিত হলো সংসদীয় রাষ্ট্রতন্ত্র। গণতন্ত্রের প্রথম ব্রিটিশ প্রচেষ্টা সফল না হলেও দীর্ঘস্থায়ী প্রভাব রেখে গেল পরবর্তী প্রজন্মগুলোর জন্য।

Humanism নিঃসন্দেহে ইংরেজি রেনেসাঁ সাহিত্যের মূল বৈশিষ্ট্য। তবু শিল্প ও সাহিত্যের বিভিন্ন ধারা এই সময়ে উন্মোচন হয়েছিল। সমকালীন একাডেমিকেরা অবশ্য এই দীর্ঘ সাহিত্যযুগকে রাজনৈতিক উত্থান-পতনের সময়রেখা হিসেবে বিবেচিত করতেই ভালোবাসেন। সেই অর্থে এই যুগকে পাঁচটি ভাগে ভাগ করা হয়েছে-


The Last Supper by Leonardo da Vinci

(i) Preparation Period for Renaissance (1500-1558)
(ii) Elizabethan Age (1558-1603)
(iii) Jacobean Age (1603-1625)
(iv) Caroline Age (1625-1649)
(v) Commonwealth Age (1649-1660)

রেনেসাঁ সাহিত্যের উল্লেখযোগ্য বৈশিষ্ট্য-

বৈশিষ্ট্য	বোধ	উদাহরণ
Theatre থিয়েটার	লন্ডনে একে একে গড়ে ওঠে থিয়েটার। এদের ঘিরে গড়ে ওঠে মঞ্চনাটক উপস্থাপন ও উপভোগের সংস্কৃতি।	বিখ্যাত Globe Theatre ঘিরে গড়ে উঠেছিল এক বিরাট নাট্য সম্প্রদায়। এখানে মঞ্চস্থ হয়েছে মার্লো, Shakespeare ও জনসনের নাটক।
Mythology পৌরাণিক উপকথা	মঞ্চনাটকের গ্রিক গুরু এরিস্টফ্যানিস, সফোক্লিসদের অনুকরণে তাদেরই উপাদানের ব্যবহার।	*Romeo and Juliet* নাটকে পৌরাণিক চরিত্র Queen Mab, একজন পরী। প্লটে তার আগমন বাস্তবিক নাটককে ভিন্ন মাত্রা দিয়েছিলো।
Humanism মানবতাবাদ	হিরোদের উপকথার স্থানে সাধারণ মানুষের সাধারণ জীবনের গল্প। উপমার ভাষায় আসে মানুষের শরীর।	Ben Johnson এর মেডিক্যাল কমেডিগুলোতে মানুষের শরীরে বিষবায়ুর প্রভাব নিয়ে ব্যাপক জল্পনা হয়েছে। যেমন- *Every man Out of His Humour* নাটকে এর চূড়ান্ত ব্যবহার হয়েছিলো ।

বৈশিষ্ট্য	বোধ	উদাহরণ
Religion ধর্ম ও ম্যাজিক	মানবপ্রেম ও ঈশ্বরভক্তির ভাষায় সমান্তরাল থিম ও ভাবনার সম্মিলন।	লুথেরান Reformation এর ধারণা ভাসছে বাতাসে। এরই মধ্যে Shakespeare-এর *The Winter's Tale* নাটকটি এলো। রোমান্সের ভাষায় ব্যবহৃত হলো ঈশ্বর বন্দনার শব্দ সঞ্চয়।
Elizabeth রানি এলিজাবেথ	কুমারী রানি এলিজাবেথের দীর্ঘ সফল শাসনের স্বীকৃতি, সাহিত্যে তাঁর নায়িকা হয়ে ওঠা।	Edmund Spencer এর কবিতা *The Faerie Queene* এ পুরোটাই জুড়ে আছে এলিজাবেথের গুণকীর্তন।
Exploration অভিযান	পৃথিবীপৃষ্ঠে তো বটেই অন্তর্জগতকে জানার অভিযানও উঠে আসে সাহিত্যে এবং মিলে যায় মানবতাবাদের স্রোতে।	Shakespeare-এর *Twenfth Night* নাটকটির পটভূমিই অবতীর্ণ হয়েছে একটি জাহাজডুবি থেকে। নায়িকা Viola এর অভিযাত্রায় এগিয়েছে এই নাটকের প্লট।
Merchant Class নব্য বণিকশ্রেণি	নব্য ধনিকশ্রেণি হয়ে ওঠেন শিল্পের পৃষ্ঠপোষক। তাদের নামে সাহিত্য হয়, তারা হন নাটকের কেন্দ্রীয় চরিত্র।	Christopher Marlowe-এর *The Jew of Malta* অথবা Shakespeare-এর *The Merchant of Venice* এই দলে পড়ে যায় অনায়াসে।
University Wit ইউনিভার্সিটি উইট	Oxford এবং Cambridge এ অধ্যয়ন করা বুদ্ধিজীবী শ্রেণির সাহিত্যিকদের সম্মেলন।	Christopher Marlowe, Robert Greene, Thomas Nashe, Thomas Lodge, George Peele প্রমূখ একদল চাতুর্যপূর্ণ নাট্যকার ও পুস্তিকা লেখকের আবির্ভাব হয়েছিলো।
Cavalier Poetry ক্যাভালিয়ের পয়েট্রি	চার্লসের পক্ষে গুণগান গাইতে থাকা কবিদের হারানো স্বর্ণযুগের স্মৃতি মনে করিয়ে দেওয়া।	Robert Herrick এর *Hesperides*। কবিতার সংকলন ভরা ধর্মীয় পুণ্যধারায় যাপিত জীবন। সমকালীন অস্থিরতা যেন অস্তিত্বহীন।
Metaphysical Poetry মেটাফিজিক্যাল পয়েট্রি	শারীরিক প্রেমের বদলে আধ্যাত্মিক প্রেমের প্রতি গুরুত্ব আরোপ।	John Donne এর *The Flea* এবং *The Sun Rising*, Andrew Marvell এর *To His Coy Mistress* এবং *The Definition of Love*, George Herbert এর *The Collar* ইত্যাদি কবিতাগুলো Metaphysical ধারার উৎকৃষ্ট উদাহরণ।
Commonwealth রাজতন্ত্রের পতন	রাজা চার্লসের বিরুদ্ধে ফুঁসে ওঠা আন্দোলন। সংসদীয় শাসন ব্যবস্থার দাবি।	নতুন সমাজ ও রাষ্ট্রব্যবস্থার ভাবনা নিয়ে আলোড়ন তুলেছিল Thomas Hobbes এর *Leviathan*।

(1500-1558)
Preparation for Renaissance

1500 থেকে 1558 সাল পর্যন্ত সময়কালকে বলা হয় Preparation Period for Renaissance বা রেনেসাঁর প্রস্তুতির যুগ। এর পর থেকে 1660 সাল পর্যন্ত ইংরেজি সাহিত্যে Renaissance যুগ বিরাজমান থাকে। সাহিত্য ছাড়াও এই যুগের প্রভাব লক্ষ করা যায় তৎকালীন দর্শন, কলা, সংগীত, রাজনীতি, বিজ্ঞান ও ধর্মসহ বিভিন্ন ক্ষেত্রে। মূলত এটি ছিলো একটি সাংস্কৃতিক আন্দোলন যা ইতালিতে শুরু হয়ে সমগ্র ইউরোপে ছড়িয়ে পড়ে। রেনেসাঁ শব্দটি একই সাথে Classic শিক্ষায় নতুন আগ্রহকে বোঝায়- অর্থাৎ গ্রীক ও রোমান ধ্রুপদি সাহিত্যকে নতুন করে অধ্যয়নের আগ্রহ। **Sir Thomas More** এর তথাকথিত সভ্যসমাজ বিরোধী লিখনপদ্ধতি ইংরেজি সাহিত্যে রেনেসাঁর ধারা প্রবাহিত করতে সহায়তা করে।

PREPARATION FOR RENAISSANCE এর কিংবদন্তি সাহিত্যিক

Sir Thomas More (1478-1535)

তিনি 1478 সালে ব্রিটেনের লন্ডন শহরে জন্মগ্রহণ করেন। তিনি রেনেসাঁ যুগের প্রথম দিকের অন্যতম সাহিত্যিক ছিলেন। তিনি পেশাগত জীবনে ছিলেন একজন ইংরেজ আইনজ্ঞ, সমাজ দার্শনিক, লেখক, কূটনীতিক ও রেনেসাঁ যুগের একজন মানবতাবাদী। তিনি ১৫২৯ সাল থেকে ১৬ মে ১৫৩২ পর্যন্ত ইংল্যান্ডের রাজা হেনরি অষ্টম এর লর্ড চ্যান্সেলরের কাউন্সিলর হিসেবে কর্মরত ছিলেন। কিন্তু পরবর্তীতে রাজা হেনরি অষ্টমকে চার্চ অফ ইংল্যান্ডের সর্বোচ্চ প্রধান হিসেবে মেনে নিতে অস্বীকার করায় তাঁর শিরশ্ছেদ করা হয়েছিল।

Sir Thomas More একটি কাল্পনিক দ্বীপরাষ্ট্রের আদর্শ রাজনৈতিক, অর্থনৈতিক ও সামাজিক অবস্থা নিয়ে 1516 সালে একটি বই লিখেন যার নাম "*Utopia*"। *Utopia* গ্রন্থটি ল্যাটিন ভাষায় রচিত। তাঁর মৃত্যুর পর এই গ্রন্থটি 1551 সালে ইংরেজিতে অনুবাদ করা হয়। *Utopia* এর গ্রিক অর্থ হচ্ছে 'কোথাও না' অর্থাৎ কোথাও কোনদিন যা ছিল না। আসলে Thomas More তাঁর এই লেখায় একটি দুর্নীতিমুক্ত দ্বীপের কথা কল্পনা করেছেন যার বাস্তবিক অস্তিত্ব পৃথিবীর কোথাও নেই।

Sir Thomas More

Poems	Literary Works	
A Rueful Lamentation	The Life of Pico Della Mirandola	Utopia
The words of Fortune to the People	The History of King Richard The III	The Four last Things
A Merry Jest	A Dialogue Concerning Heresies	Apology
Fortune Verses	The Confutation of Tyndale's Answer	The sadness of Christ
Pagent Verse	A Treatise upon The Passion of Christ	Correspondence
Properties of a Lover	Supplication of Souls	

Sir Thomas Wyatt (1503-1542)

Literary Works

- Tottel's Miscellany
- Alas Madam for Stealing of a kiss
- Farewell Love and Thy Laws forever

Sir Thomas Wyatt এর জন্ম ইংল্যান্ডের কেন্টে, যদিও তাঁর পরিবার ইয়র্কশায়ার নামক শহর থেকে এসেছিলেন। কথিত আছে, তিনি সুদর্শন এবং শারীরিকভাবে শক্তিশালী ছিলেন এবং ছয় ফুটেরও বেশি লম্বা ছিলেন। তিনি চাকুরির সুবাদে ফ্রান্স ও ইতালিতে গমন করেন। সেখানে তিনি ইতালিয় কাব্য ও কাব্যাদর্শন থেকে অণুপ্রেরণা লাভ করেন। তিনি হেনরি অষ্টম -এর সময়ে একজন রাষ্ট্রদূত ছিলেন। এছাড়াও তিনি ছিলেন একজন Lyrical Poet। তিনি ইতালিয় কবি Petrarch এর অনুকরণে ইংরেজি ভাষায় প্রথম সনেট রচনা করেন, তাই তাঁকে বলা হয় Father of English Sonnet বা First Sonneteer in English Literature। He is considered a master of the iambic tetrameter. Wyatt এর উদ্দেশ্য ছিল ইংরেজি ভাষা নিয়ে পরীক্ষা করা, এটিকে সভ্য করা এবং অন্যান্য ইউরোপীয় ভাষার সমান ক্ষমতাসম্পন্ন করা। এছাড়াও তিনি প্রাচীন রোমান কবি Horace অনুকরণে বিদ্রুপাত্মক কবিতা (satirical poem) রচনা করেন। Wyatt এর কবিতা আকৃতি ছোট কিন্তু অসংখ্য। তাঁর 96টি প্রেমের কবিতা *'Tottel's Miscellany'* নামে একটি সংকলনে প্রকাশিত হয়েছিল। সবচেয়ে উল্লেখযোগ্য হলো একত্রিশটি সনেট, যা ইংরেজিতে প্রথম। Wyatt এর কাজ সম্পর্কে সমালোচনামূলক মতামত ব্যাপকভাবে পরিবর্তিত হয়েছে।

অনেকেই অনুমান করেন যে, Wyatt 1520-এর দশকের শুরু থেকে মাঝামাঝি সময়ে ইংল্যান্ডের রানি, রাজা Henry VIII এর দ্বিতীয় স্ত্রী Anne Boleyn এর প্রেমে পড়েছিলেন। 1536 সালের মে মাসে, রানির সাথে ব্যভিচারের অভিযোগে Wyatt কে টাওয়ার অফ লন্ডনে বন্দী করা হয়। তিনি তার কুঠুরির জানালা থেকে Anne Boleyn সহ পাঁচজনের মৃত্যুদণ্ড প্রত্যক্ষ করেছিলেন। তাঁর একটি কবিতা (*Innocentia Veritas*) এই অভিজ্ঞতা থেকে অনুপ্রাণিত হতে পারে। Wyatt নিজে অবশ্য তৎকালীন রাজার প্রধান মন্ত্রী Thomas Cromwell এর সাথে বন্ধুত্বের সুবাদে মুক্তি পান।

Nicholas Udall (1505-1556)



Literary Works

- Ralph Roister Doister
- Respublica

Nicholas Udall 1505 সালে জন্মগ্রহণ করেন। তিনি ছিলেন একজন ইংরেজ নাট্যকার, ধর্মগুরু এবং শিক্ষক। Udall অক্সফোর্ড বিশ্ববিদ্যালয়ে একজন লেকচারার এবং ফেলো হয়েছিলেন। পরবর্তীতে তিনি Eton College ও Westminister College এর Head Master এর দায়িত্ব পালন করেন। তিনি প্রথম ইংরেজি Comedy রচনার জন্য বিখ্যাত। তাই তাঁকে **The Father of English Comedy** বলা হয়। তিনি মূলত ল্যাটিন নাটক অনুসারে নাটক রচনা করেছিলেন। তাঁর সবচেয়ে বিখ্যাত কাজ, *'Ralph Roister Doister'* নাটকটি সম্ভবত 1553 সালের দিকে রানি মেরির (ইংল্যান্ড ও আয়ারল্যান্ডের রানি) কাছে একটি বিনোদন হিসেবে উপস্থাপিত হয়েছিল, কিন্তু 1566 সাল পর্যন্ত এটা প্রকাশিত হয়নি। তিনি Erasmus এর *'Paraphrases of Erasmus'* এর ইংরেজি সংস্করণটি আংশিক অনুবাদ এবং সম্পাদনা করেন। এছাড়াও তাঁর অন্যান্য অনুবাদ করা কাজগুলোর মধ্যে Pietro Martire এর *'Discourse on the Eucharist'* এবং Thomas Gemini এর *'Anatomia'* উল্লেখযোগ্য। তিনি John Leland এর সাথে Anne Boleyn (ইংল্যান্ডের রানি, রাজা Henry VIII এর দ্বিতীয় স্ত্রী) এর রাজ্যাভিষেকের জন্য *"Ditties and Interludes"* লিখেছিলেন যেখানে তাঁর ল্যাটিন নাম *'Udallus'* ব্যবহার করে বেশ কয়েকটি গান রচনা করেছিলেন।

Udall 1556 সালে মারা যান এবং ওয়েস্টমিনস্টারের সেন্ট মার্গারেটের চার্চইয়ার্ডে তাঁকে সমাহিত করা হয়। তবে এখন পর্যন্ত কোনো সমাধিস্তম্ভ খুঁজে পাওয়া যায়নি।

Author	Short Bio	Major Works
John Heywood (1497-1580)	John Heywood ইংল্যান্ডের Coventry শহরে 1497 সালে জন্মগ্রহণ করেন। তিনি নাটক, কবিতা এবং প্রবাদ-সংকলনের জন্য পরিচিত। যদিও নাট্যকার হিসেবেই তাঁর সর্বাধিক পরিচিতি। তিনি Sir Thomas More এর বন্ধু ছিলেন।	**Plays** The Play Called The four PP The Play of the Wether (1533) The Play of Love (1533) A Dialogue on Wit and Folly Collections: Proverbs (1538) **Verse** The Spider and the Flie (1556)
Desiderius Erasmus (1466-1536)	তিনি ছিলেন রেনেসাঁ যুগের একজন ডাচ Humanist, Catholic Priest এবং Theologist। তাঁকে রেনেসাঁ যুগের অন্যতম শ্রেষ্ঠ বিদ্বান হিসেবে বিবেচনা করা হয়। ক্যাথলিক পুরোহিত হিসেবে তিনি Classical জ্ঞান চর্চার একজন গুরুত্বপূর্ণ ব্যক্তি ছিলেন যিনি তাঁর সকল সাহিত্য খাঁটি ল্যাটিন ভাষাতে লিখেছিলেন।	**Prose** In Praise of Folly Handbook of a Christian Knight Encomium Moriae
Henry Howard (1517-1547)	Henry Howard বনেদি বংশে জন্মগ্রহণ করেন, তাঁর উপাধি ছিলো 'Earl of Surrey'। তিনি দুরন্ত ও উদ্ধত প্রকৃতির একজন সৈনিক ছিলেন, এমনকি রাজা Henry VIII এর সঙ্গেও তিনি দ্বন্দ্ব ও কলহে লিপ্ত হয়েছিলেন। যার ফলশ্রুতিতে মাত্র ৩০ বছর বয়সে তার শিরশ্ছেদ করা হয়। তিনি 1542 সালে Sir Thomas Wyatt এর সঙ্গে যুক্ত হয়ে সাহিত্যকর্মে মনোনিবেশ করেন। ইতালির কবি Petrarch অনুসরণে তিনি গীতি কবিতা রচনা করেন। ইংরেজি সাহিত্যে অমিত্রাক্ষর ছন্দের প্রবর্তনের কারণে তাঁকে ইংরেজি সাহিত্যে অমিত্রাক্ষর ছন্দের (Blank Verse) প্রবর্তক বলা হয়।	Certain Books of Virgil's Aeneid Turned into English meter Tottel's Miscellany A Praise of his Love Alas! So, All Things Now Do Hold Their Peace.

PREPARATION FOR RENAISSANCE এর গুরুত্বপূর্ণ সাহিত্যিক

The Prince by Niccolo Machiavelli

Niccolo Machiavelli *'The Prince'* গ্রন্থটি রচনা শুরু করেন ১৫১৩ সালে। কিন্তু অপ্রকাশিত হিসেবে পাণ্ডুলিপিকারে তা পড়ে থাকে দীর্ঘ উনিশ বছর। তার মৃত্যুর পাঁচ বছর পর এটি প্রথম গ্রন্থাকারে প্রকাশিত হয়। Machiavelli যখন গ্রন্থটি রচনা শুরু করেন, তখন ইতালির আশে-পাশের অন্যান্য রাজ্যগুলোর ভেতর চলছে অন্তর্দ্বন্দ্ব, নৃশংসতা, চরম বিশৃঙ্খলা এবং ক্ষমতা দখল করার হীন চক্রান্ত। অন্যদিকে একের পর এক বিদেশি শক্তি ইতালির ওপর আধিপত্য বিস্তার করতে থাকে। এই গ্রন্থটি Machiavelli ইতালির শাসক Lorenzo de' Medici-কে উদ্দেশ্য করে রচনা করেন। তৎকালীন রাজনৈতিক পরিস্থিতির কথা বিবেচনা করে Machiavelli, এই গ্রন্থের মাধ্যমে Medici কে কিছু উপদেশ এবং রাষ্ট্র পরিচালনার দিক নির্দেশনা দেবার চেষ্টা করেছিলেন। Medici সেসব উপদেশ কিংবা নির্দেশকে মোটেও আমলে নেননি।

কিন্তু ইউরোপীয় রাষ্ট্রগুলোর ঐক্যবদ্ধ ও শক্তিশালী হয়ে ঔপনিবেশিক ক্ষমতাধরে পরিণত হওয়ার পেছনে *'The Prince'* এর প্রণোদনা ও অবদান অনস্বীকার্য। ইউরোপকে সুসংহত করে বিশ্বকে উপনিবেশের অধীনে এনে নিয়ন্ত্রণের প্রণোদনাও রয়েছে এ গ্রন্থে। Machiavelli এর মতে শাসনক্ষমতার বৈধতা কোনো নৈতিকতার মাপকাঠিতে আবদ্ধ নয়; কর্তৃত্ব আর ক্ষমতাই এখানে মূল বিষয়। যার ক্ষমতা আছে সে-ই শাসন করবে, নৈতিকতা কাউকে ক্ষমতায় বসায় না। সততা ও নৈতিকতার সম্পূর্ণ বিপরীতমুখে বসে, Machiavelli বলছেন যে, ক্ষমতা অর্জন আর ক্ষমতা রক্ষা করাই রাজনীতির মূল নীতি। ক্ষমতার উপযুক্ত ব্যবহার দিয়েই জনগণের আনুগত্য অর্জন করতে হয়। রাজনীতি মানেই হলো 'ক্ষমতা গ্রহণ আর প্রয়োগের' নীতি। শাসকের প্রতি জনগণের ভালবাসা এবং জনগণের ভয় দুটোই থাকতে হবে। যদি দুটোই না থাকে সেক্ষেত্রে ভয়টি অন্তত থাকতে হবে। দেশের আইনশৃঙ্খলা বলতে বুঝাবে উপযুক্ত সংখ্যক সৈন্য বা আইনপ্রয়োগকারীর উপস্থিতি। Machiavelli এর কাছে নিরঙ্কুশ ক্ষমতা ছাড়া শাসনের অধিকারের কোনই মূল্য নেই। এছাড়াও Machiavellian শাসকের পাঁচটি বৈশিষ্ট্য থাকে: (১) ভয় বা ভালবাসা সৃষ্টিকারী তবে ঘৃণিত হবেন না; (২) জনগণের সমর্থন থাকবে; (৩) ব্যক্তিগত গুণাবলির প্রকাশ থাকবে; (৪) অস্ত্র অর্থাৎ শক্তির প্রয়োগ থাকবে এবং (৫) বুদ্ধিমত্তা থাকবে। ব্যক্তিগত গুণের বিষয়ে একটি দামি কথা বলেছেন তিনি: গুণ থাকার চেয়ে গুণের ভান করা অধিকতর গুরুত্বপূর্ণ। বুদ্ধিমত্তারও একটি আলাদা সংজ্ঞা আছে তার কাছে: জনগণের মনে ভয় এবং ভালবাসা জাগানোর মধ্যে উত্তম ভারসাম্য রক্ষা করতে পারাই হলো বুদ্ধিমত্তা।

এসব তত্ত্ব বিবেচনায় Machiavelli কে বলা হয়, আধুনিক রাষ্ট্র দর্শন ও চিন্তার জনক। আধুনিক রাজনীতিতে কূট-কৌশল, শক্তি-সাহস-নির্মমতা দিয়ে বিজয়ী হওয়ার মন্ত্র দিয়েছিলেন তিনি। যাতে নিজের স্বার্থ হাসিলের জন্য নৈতিক-অনৈতিক সব কিছু করার পরামর্শও ছিল শাসকদের প্রতি। দ্বিচারিতা ও আত্মস্বার্থে ভরা তার নীতিকে বলা হয় Machiavellism।

Utopia by Thomas More

একটি নতুন সমাজ ব্যবস্থা গঠনের স্বপ্নে, Thomas more তৎকালীন রাজা ও সভাসদ বিরোধী মানবতাবাদী বিচারক ও সমাজচিন্তক- *Utopia* রচনা করেন। Thomas more এর রচিত উপন্যাস *Utopia* একটি Socio-political satire- যেখানে তিনি একটি আদর্শিক সমাজ ব্যবস্থার চিত্রকল্প অঙ্কন করেছেন। একটি কাল্পনিক দ্বীপ রাষ্ট্রের ধর্ম, সমাজব্যবস্থা ও রাজনৈতিক অবস্থা কেমন হওয়া উচিত, সেটি তুলে ধরার মাধ্যমে একটি বৃহৎ "শ্রেণি বৈষম্যহীন সমাজব্যবস্থাকে" খুঁজেছেন। যেটা হবে কল্যাণমূলক রাষ্ট্র।

Thomas More ও ইউরোপ ভ্রমণের সময় তার সাথে পরিচয় হওয়া বিভিন্ন শ্রেণি পেশার কিছু মানুষের সাথে কথোপকথন দিয়ে বইটির গল্পের সূচনা। এদের মধ্যে একজন, পরিব্রাজক Raphael Hythlody এর বয়ানে লেখক বিভিন্ন সামাজিক সমস্যা ও রাজনৈতিক সমস্যা সম্পর্কে এবং কিভাবে সেগুলো সমাধান করা যায় সে বিষয়ে তার মতামত তুলে ধরেন। Raphael এর সাথে আলোচনার মাধ্যমে মূলত Utopian society এর ধারণা তুলে ধরা হয়েছে। এক পর্যায়ে Raphael বলে ব্যক্তিগত সম্পত্তি সম্পূর্ণরূপে বিলুপ্ত করলেই কেবল বৈষম্যহীন, নিখুঁত সমাজব্যবস্থা সম্ভব কিন্তু More দ্বিমত পোষণ করেন। যদিও More ইউরোপিয়ান সমাজে Utopian society এর কিছু উপাদান দেখতে পান।

King Johan by John Bale

King Johan, John Bale রচিত ইংরেজি সাহিত্যের প্রথম নাটক যেখানে ইংরেজ একজন শাসককে চারিত্রিক শ্রেষ্ঠত্বের আসনে আসীন করা হয়েছে। নাটকটিতে ষোড়শ শতকের ইংল্যান্ডের রাজা John of England এর কাহিনি তুলে ধরেছে। King John, ক্যাথালিক পোপদের বিরোধিতা করেছিলেন। তিনি গুপ্ত হত্যার শিকার হয়েছিলেন। King John এর শাসনামলকে Elizabeth I এর শাসনামলের সাথে তুলনা করা হয়। অনেকে King Johan নাটকটিকে Protestant খ্রিষ্টানদের রটনা হিসেবে বিবেচনা করে।



Tottel's Miscellany by Sir Thomas Wyatt

Tottel's Miscellany ইংরেজি সাহিত্যের প্রথম Anthology (সাহিত্য-সংকলন), Richard Tottel এটি 1557 সালে London থেকে প্রকাশ করেন। ১৬ শতকে এটি বিপুল জনপ্রিয় হয়েছিল।

এটি মূলত একটি "সনেট ও গানের সংকলন" এখানে 54 টি সনেট কবিতা স্থান পেয়েছে। Nicholas Grimald এর তিনটি, Henry Howard এর ১৫টি এবং Wyatt এর রচিত ২৭টি কবিতা স্থান পেয়েছে বইটিতে।

Elizabethan যুগে জনপ্রিয় হয়েছিলো এই বইটিকে Elizabethan Miscellany বলেও ডাকা হয়। Shakespeare তাঁর *"The Merry Wives of Windsor"* এবং *"Hamlet"* নাটকে এই কাব্যগ্রন্থের কিছু পঙক্তি ব্যবহার করেন।

Ralph Roister Doister by Nicholas Udall

ইংরেজি সাহিত্যের প্রথম কমেডি হিসেবে খ্যাত এই নাটকটি। নাটকের প্রধান চরিত্র Ralph Doister ধনী কিন্তু বোকা, পাশাপাশি ভীতু এবং দাম্ভিক। নাটকের ঘটনা আবর্তিত হয়েছে Christian Custance নামের ধনী বিধবাকে কেন্দ্র করে, যার বাগদত্তা Gawyn Goodluck। নাটকে Matthew Menygreeke নামের প্রতারকের ছলচাতুরিতে প্রভাবিত হয়ে Ralph চেষ্টা করে Christian এর মন জয় করতে। কিন্তু তার আড়ম্বরপূর্ণ প্রচেষ্টা ব্যর্থ হওয়ায় Ralph তার বন্ধু-বান্ধব, চাকর এবং Matthew এর সহায়তায় Christian কে তার বাসা থেকে জোরপূর্বক তুলে আনার চেষ্টা করে; যা ব্যর্থ হয় Christian এর চাকরদের কারণে। এর অল্প কিছু দিন পরেই তার বাগদত্তা ব্যবসায়ী Gawyn ফিরে আসে। নাটকটি শেষ হয় তাদের দুইজনের মিল এবং একটি প্রার্থনা ও একটি গানের মাধ্যমে।



Gammer Gurton's Needle by William Stevenson Still

কারো কারো মতে এটিই ইংরেজি ভাষার প্রথম Comedy, তবে প্রথম না হলেও অন্যতম প্রাচীনতো বটেই। নাটকটিতে দেখা যায় Mother Gurton তার স্বামী Hodge এর কাপড় সেলাই করতে গিয়ে সুঁচ হারিয়ে ফেলেন। Diccon নামক এক প্রতিবেশী তাকে খবর দেয় Dame Chat নামক এক ব্যক্তি সুঁচটি চুরি করেছে। তখন তাদের ঝগড়া শুরু হয়। এই সুযোগে Diccon কিছু মাংস Gurton এর ঘর থেকে সরিয়ে ফেলতে সমর্থ হয়। শেষে দেখা যায় সুঁচটি Hodge এর কাপড়েই লেগে রয়েছে।

বিখ্যাত সংলাপ: "I am so wrapped, and thoroughly lapped of jolly good ale and old!"

	Name	Author	Summary
Prose	In Praise of Folly	Desidarius Erasmus	প্রচলিত সমাজ, বিশেষ করে ধর্মসাধনা ও চার্চের ক্ষমতা নিয়ে কিছুটা বিদ্রুপ ও কিছুটা সমালোচনা। প্রোটেস্ট্যান্ট রিফর্মেশনে ভূমিকা রেখেছে।
Poetry	The Dreme	Sir David Lindsay	রাজ্যে চলমান দুঃশাসন নিয়ে লিখিত দীর্ঘ রূপক কাব্য। রাজপরিবার ও চার্চ নেতৃত্ব উভয়ে মিলে জনশোষণের পরিকল্পনা করে।
	Certain Books of Virgil's Aenied Turned into English Meter	Henry Howard (Earle of Surrey)	মহাকবি ভার্জিলের অমর মহাকাব্য Aenied এর ইংরেজি অনুবাদ। মাত্রা ও ছন্দের বিচারে সমকালীন আধুনিক ইংরেজি ব্যবহৃত হয়েছে।

PREPARATION FOR RENAISSANCE এর প্রধান উক্তিসমূহ

Rome wasn't built in a day, but it burned in one

John Heywood

All is well that ends well

John Heywood

Out of sight out of mind misfortune

John Heywood

You wouldn't abandon ship in a storm just because you couldn't control the winds

Utopia
Sir Thomas More

The chief element of happiness is this: to want to be what you are

Praise of Folly
Desiderius Erasmus

A pretty face may be enough to catch a man, but it takes character and good nature to hold him

Utopia
Sir Thomas More

There is nothing more inglorious than that glory that is gained by war

Utopia
Sir Thomas More

One of the greatest problems of our time is that many are schooled but few are educated

Selected Writings
Sir Thomas More

Pride thinks it's own happiness shines the brighter by comparing it with the misfortunes of others

Utopia
Sir Thomas More

To be a free man, one must have a universe of one's own

A Voyage to Arcturus
Sir David Lindsay

Can the memory of love be worth more than its presence and reality?

A Voyage to Arcturus
Sir David Lindsay

He who is always anxious to teach will learn nothing

A Voyage to Arcturus
Sir David Lindsay

Potential Questions & Answers

01. The 'Ralph Roister Doister' is a/an-
(a) play (b) epic (c) story (d) novel

02. Who wrote 'Utopia'?
(a) William Caxton (b) William Langland (c) Sir Thomas Wyatt (d) Sir Thomas More

03. Sir Thomas Wyatt wrote sonnet according to the style of—
(a) Shakespeare (b) Petrarch (c) Spenser (d) All

04. Who were the writers of Renaissance period?
(a) Henry Howard (b) Thomas More
(c) William Stevenson (d) All

05. "The Dreame" is —
(a) an essay (b) an epic poem (c) a drama (d) a novel

06. Who is the first sonneteer in English literature?
(a) Sir Thomas More (b) Sir Thomas Wyatt (c) William Caxton (d) William Shakespeare

07. Which one of the following is the first comedy in English literature?
(a) Ralph Roister Doister (b) Respublica (c) Paraphrases of Erasmus (d) The Fifth Queen

08 Which pair actually consists of the 'University Wits'?
(a) Christopher Marlowe, Andrew Marvell (b) Thomas Kyd, John Donne
(c) George Peele, Robert Greene (d) Thomas Lodge, Henry Vaughan

09. The Renaissance Period introduces ___ to its readers for the first time.
(a) Romanticism and liberalism (b) Modernism and romanticism
(c) Modernism and post-modernism (d) Romanticism and post-modernism

10. 'Better late than never' –This proverb is collected by-
(a) John Donne (b) John Herbert (c) John Bale (d) John Heywood

11. "To be a free man, one must have a universe of one's own" is quoted by –
(a) David Bale (b) Thomas Bale (c) David Lindsay (d) John Bale

12. Who established 'Blank Verse' in English Literature?
(a) William Stevenson (b) Nicholas Udall (c) Henry Howard (d) Sir Thomas Wyatt

13. Among the following poets, who was beheaded being accused of sedition?
(a) Thomas More (b) Henry Howard (c) William Stevenson (d) John Bale

14. Who was associated with Sir Thomas Wyatt?
(a) Henry Howard (b) Henry Williamson (c) John Heywood (d) John Stevenson

15. "Rome wasn't built in a day, but it burned in one" is quoted by –
(a) Jonathon Swift (b) Alexander Pope (c) William Stevenson (d) John Heywood

Answers																			
01	a	02	d	03	b	04	d	05	b	06	b	07	☼	08	c	09	b	10	d
11	c	12	☼	13	b	14	a	15	d										

[বিশেষ দ্রষ্টব্য: সম্প্রিয় বিসিএস প্রার্থী, উত্তরমালায় কিছু প্রশ্নের উত্তর না দেয়া থাকলেও আমরা বিশ্বাস করি আপনারা পরিপূর্ণ আত্মবিশ্বাসের সাথেই সঠিক উত্তরে বৃত্ত ভরাট করতে পারবেন।]

(1558-1603)

The Elizabethan Period

The Stars move still, time runs, the clock will strike

-Christopher Marlowe, Dr. Faustus

ইংরেজি সাহিত্যের ক্রমবিকাশে অনেক যুগবিভাগ পাওয়া যায়। তন্মধ্যে অন্যতম গুরুত্বপূর্ণ যুগটি হলো এই **Elizabethan** যুগ। এই যুগকে বলা হয় ইংরেজি সাহিত্যের স্বর্ণ যুগ **(Golden Age)**। ইংল্যান্ডের রানি **Elizabeth I** এর নামানুসারে এ যুগের নামকরণ করা হয়। এ সময় গুরুত্বপূর্ণ সামাজিক ঘটনা, যেমন খ্রিষ্টান ধর্মাবলম্বীদের ক্যাথলিক ও প্রোটেস্ট্যান্ট- এই দুইভাগে ভাগ হওয়ার মত ঘটনা ইংরেজি সাহিত্যকে প্রভাবিত করে। এছাড়াও প্রাচীন গ্রিক ও নরম্যান সভ্যতা ও সাহিত্য থেকে পাওয়া প্রজ্ঞার প্রভাব লক্ষ করা যায় এ যুগের সাহিত্যে। এ যুগের সাহিত্যের প্রধান উপাদানসমূহ হলো- শক্তিশালী জাতীয়চেতনা **(Strong National Spirit)**, মানবতাবাদ **(Humanism)**, ধর্মীয় উদার মানসিকতা **(Religious Broad-Mindedness)**, বৈজ্ঞানিক কৌতূহল **(Scientific Curiosity)**, বুদ্ধিভিত্তিক অগ্রগতি **(Intellectual Progress)** ইত্যাদি। একই সাথে লক্ষণীয় বিষয় হচ্ছে, এ যুগের লেখকদের মধ্যে **Revenge** (প্রতিশোধ), **Beautiful Aspects** (নান্দনিক দৃষ্টিভঙ্গি), **Wonderful** (বিস্ময়), **Remote** (দুরাকাঙ্ক্ষা) ইত্যাদির প্রতি বিশেষ আকর্ষণবোধ লক্ষ করা যায়।

Previous Years' BCS Preli Questions & Answers

01. Francis Bacon is an illustrious- [44th BCS]
(a) essayist (b) dramatist (c) novelist (d) journalist

02. 'Was this the face that launch'd a thousand ships, and burnt the topless towers of Ilium?' Who speaks the famous lines? [41st BCS]
(a) Caesar (b) Antony (c) Faustus (d) Romeo

03. 'Sweet Helen' makes me immortal with a kiss.'
The sentence has been taken from the play-[40th BCS]
(a) Romeo and Juliet (b) Caesar and Cleopatra
(c) Doctor Faustus (d) Antony and Cleopatra

04. The play 'The Spanish Tragedy' is written by–[38th BCS]
(a) Thomas Kyd (b) Christopher Marlowe
(c) Shakespeare (d) Ben Jonson

05. Which period is known as 'The golden age of English literature'? [38th BCS]
(a) The Victorian age (b) The Elizabethan age
(c) The Restoration age (d) The Eighteenth Century

06. Which of the following writers belong to the Elizabethan period? [35th BCS]
(a) Christopher Marlowe (b) Alexander Pope
(c) John Dryden (d) Samuel Beckett

07. "To be, or not to be, that is the question" — is a famous dialogue from —[35th BCS]
(a) Othello (b) Romeo and Juliet (c) Hamlet (d) Macbeth

08. "To be or not to be, that is the —." [29th BCS]
(a) meaning (b) question (c) answer (d) issue

Answers

01	a	02	c	03	c	04	a	05	b	06	a	07	c	08	b

THE ELIZABETHAN PERIOD এর কিংবদন্তি সাহিত্যিক

Edmund Spenser (1552-1599)

Literary Works

- The Faerie Queene
- Complaints
- Amoretti
- Epithalamion
- Astrophel
- Daphnaida
- A View of the Present State of Ireland
- The Shepheardes Calender

Edmund Spenser 1552 সালে লন্ডনে এক দর্জি পিতার গৃহে জন্মগ্রহণ করেন। তিনি আধুনিক ইংরেজি ছন্দের অন্যতম সেরা কারিগর হিসেবে বিবেচিত এবং তাঁকে প্রায়ই ইংরেজি ভাষার অন্যতম সেরা কবি হিসেবে গণ্য করা হয়। শৈশবেই তিনি ল্যাটিন, গ্রিক ও হিব্রু ভাষা অধ্যয়ন করেন এবং 1579 সালে তাঁর প্রথম উল্লেখযোগ্য সাহিত্যকর্ম *The Shepheardes Calender* প্রকাশিত হয়। তবে Spenser সবচেয়ে বেশি বিখ্যাত 1590 সালে প্রকাশিত *The Faerie Queene* নামক সুদীর্ঘ কবিতার জন্য। টিউডর রাজবংশ এবং ইংল্যান্ডের তৎকালীন রানি প্রথম এলিজাবেথের প্রশংসাসূচক এই কবিতাটি ছিলো মূলত একটি আদর্শ রূপক কবিতা যার নানা রকম অর্থ করা যায়।

ইংরেজি কবিতায় তাঁর প্রভাব এতই বেশি যে তাঁর কাব্য রচনার বিশেষ ধারা Spenserian Stanza নামে পরিচিত হয়। তাঁর পরবর্তী অনেক প্রখ্যাত কবি, যেমন- John Milton, William Blake, William Wordsworth, John Keats, Lord Byron, Alfred Tennyson ইত্যাদি তাঁর দ্বারা অনুপ্রাণিত ও তাঁকে অনুসরণ করেছিলেন বলে Charles Lamb তাঁকে কবিদের কবি (Poet's poet/ The poet of the poets) আখ্যা দেন। এছাড়াও তিনি The Child of Renaissance and Reformation, Second Father of English Poetry, Court Poet, Divine Master ইত্যাদি উপাধিতে ভূষিত হয়েছিলেন। মাত্র ৪৬ বছর বয়সে তাঁর মৃত্যুর পর সেসময়ের প্রখ্যাত কবিরা তাঁর মৃতদেহ বহন করেন এবং Westminster Abbey তে তাঁকে সমাধিস্থ করেন। সে সময় এক অভূতপূর্ব দৃশ্যের অবতারণা হয়, যখন উপস্থিত কবিরা অশ্রুসজল নয়নে তাঁর কবরে সম্মান দেখিয়ে অসংখ্য কলম ও কবিতা লেখা পাতা ছুঁড়তে থাকেন। তাঁর সমাধির উপর লেখা আছে: "HEARE LYES THE BODY OF EDMOND SPENCER THE PRINCE OF POETS".

Sir Philip Sidney (1554-1586)

Literary Works

- Astrophel and Stella
- Apology for Poetry
- The Lady of May
- The Nightingale
- Ring out Your Bells
- The Countess of Pembroke's Arcadia

এলিজাবেথান যুগের অত্যন্ত প্রভাবশালী ব্যক্তিত্ব Sir Philip Sidney ছিলেন একাধারে একজন রাজনৈতিক ব্যক্তিত্ব, সৈনিক, কবি এবং সমালোচক। অত্যন্ত অভিজাত Sidney পরিবারে জন্মানো এই কবি মাত্র ১৮ বছর বয়সেই Member of Parliament for Shrewsbury নির্বাচিত হন এবং সেই বছরই তিনি ফ্রেঞ্চ সিংহাসনের উত্তরাধিকারী Duc D'Alençon এর সাথে রানি Elizabeth এর বিয়ের ব্যাপারে আলোচনার জন্য কূটনৈতিক দলের সাথে ফ্রান্সে যান। পরে তিনি রানি Elizabeth এর রাজদরবারের অন্যতম গুরুত্বপূর্ণ ব্যক্তিতে পরিণত হন। সৈনিক হিসেবে তিনি অত্যন্ত খ্যাতিমান ছিলেন, তাঁকে 1583 সালে Kinght উপাধি দেওয়া হয়েছিল। স্প্যানিশদের বিরুদ্ধে Battle of Zutphen যুদ্ধে তিনি আহত হন ও ক্ষতস্থানের পচনের কারণে মাত্র ৩১ বছর বয়সে মৃত্যু বরণ করেন।

Philip Sidney এর কোন রচনাই তাঁর জীবদ্দশায় প্রকাশিত হয়নি। সমগ্র ইউরোপে তিনি ভ্রমণ করে তিনি অনেক জ্ঞানী ও সাহিত্যিক ব্যক্তিত্বের সাথে সাক্ষাৎ করেন, আরেক বিখ্যাত কবি Edmund Spenser তাঁর উদ্দেশ্যে *The Shepheardes Calender* কাব্যটি উৎসর্গ করেন। Philip Sidney এর সবচেয়ে বিখ্যাত রচনা *Astrophel and Stella*, ১০৮টি সনেট ও ১১টি গানের একটি ধারাবাহিক সংকলন যা তাঁকে Shakespeare এর পর এলিজাবেথান যুগের সেরা সনেট লেখকের খ্যাতি এনে দিয়েছে। এছাড়াও বিখ্যাত সাহিত্য সমালোচনা *An Apology for Poetry* এবং *Arcadia* নামক গদ্যে লিখিত দীর্ঘ Pastoral Romance তাঁকে ইংরেজি সাহিত্যে অমর করে রেখেছে।

Thomas Kyd (1558-1594)

Literary Works

- The Spanish Tragedy
- Padre de Familia
- Cornelia

Thomas Kyd এলিজাবেথান যুগের একজন উল্লেখযোগ্য নাট্যকার। তাঁর জন্মসাল সঠিকভাবে জানা না গেলেও তাঁর পিতা যে একজন আদালতে দলিল ও অন্যান্য আইনগত নথিপত্রের লেখক ছিলেন সে প্রমাণ পাওয়া গেছে। Kyd ছিলেন 'University Wits' গ্রুপের একমাত্র সদস্য যাঁর বিশ্ববিদ্যালয় থেকে প্রাপ্ত কোন উপাধি ছিল না। কিন্তু তিনি শৈশবে খুব ভালো শিক্ষা লাভ করেন। ল্যাটিন ও গ্রিক ছাড়াও তিনি সেখানে সংগীত, নাট্যকলা ও শারীরিক শিক্ষা লাভ করেন। স্কুলের পাট চুকিয়ে তিনি সম্ভবত পিতার মতই নথি লেখকের পেশায় যুক্ত হয়েছিলেন।

নিজের জীবদ্দশাতেই Kyd নাটক রচনায় খ্যাতি লাভ করেন। বিখ্যাত নাট্যকার Ben Jonson তাঁকে সে যুগের আরেক বিখ্যাত নাট্যকার Christopher Marlowe এর সাথে তুলনা দেন এবং Thomas Heywood তাঁকে 'Famous Kyd' বলে আখ্যা দেন। ১৫৮০ এর মাঝামাঝি রচিত তাঁর *The Spanish Tragedy* তাঁকে Father of English Revenge Tragedy বা প্রতিশোধমূলক ট্রাজেডির জনকের সম্মানে অধিষ্ঠিত করেছে। নাটকটি সে যুগের সবচেয়ে জনপ্রিয় নাটক হিসেবে প্রচুর মঞ্চায়িত হয়।

১৫৯৩ সালে তাঁকে ভুলবশত ধর্ম অবমাননার দায়ে গ্রেপ্তার করে কারাগারে নির্যাতন করা হয়েছিল। পরের বছর মাত্র ৩৫ বছর বয়সে তিনি মৃত্যুবরণ করেন। কিছু পণ্ডিতেরা বিশ্বাস করেন যে, Shakespeare এর বিখ্যাত *Hamlet* এর পূর্বেই এই কাহিনি Kyd লিখেছিলেন, এমনকি Shakespeare এর *King Lear* ও *Titus Andronicus* নাটকের সত্যিকার লেখক তিনিই ছিলেন বলে কেউ কেউ মনে করেন।

Francis Bacon (1561-1626)

Literary Works

English Works	New Atlantis Apophthegms New and Old The History of Henry VII The Proficience and Advancement of Learning
Latin Works	The Great Instauration The Novum Organum

Francis Bacon ছিলেন একজন ইংরেজ আইনজীবী, সংসদ সদস্য, ঐতিহাসিক দার্শনিক, আধুনিক অভিজ্ঞতামূলক বিজ্ঞানের প্রবর্তক ও রেঁনেসা পণ্ডিত। তিনি Attorney General বা সরকারি আইনজীবী এবং ইংল্যান্ডের অন্যতম সর্বোচ্চ পদ Lord Chancellor হিসেবে নিযুক্ত হয়েছিলেন। তিনি ষোড়শ শতকের শেষ দিকের ও সপ্তদশ শতকের প্রথম দিকের সবচেয়ে বিখ্যাত Prose বা গদ্য সাহিত্যিক। তাঁকে বলা হয় "Father of Empiricism" অর্থাৎ অভিজ্ঞতাবাদ বা প্রয়োগবাদের জনক। তিনিই প্রথম বিখ্যাত ইংরেজ প্রাবন্ধিক। তাই তাঁকে Father of English Essay বা ইংরেজি প্রবন্ধের জনক বলা হয়। প্রবন্ধের নতুন রূপ প্রবর্তন করেন তিনি। নিজের প্রবন্ধগুলোকে তিনি 'Detached meditations' বা 'নিরপেক্ষ চিন্তা' বলে আখ্যা দেন। তাঁর প্রবন্ধের বাক্যগুলো ক্ষুদ্র, সারগর্ভপূর্ণ ও প্রবাদতুল্য। তিনি ইংরেজি ও ল্যাটিন উভয় ভাষায় লিখলেও ল্যাটিন ভাষাকে অধিক স্থায়ী মনে করতেন।

Essays

- Of Truth
- Of Death
- Of Revenge
- Of Adversity
- Of Marriage and Single Life
- Of Parents and Children
- Of Simulation and Dissimulation

Christopher Marlowe (1564-1593)

Literary Works	
Poems	🕮 Hero and Leander 🕮 The Passionate Shepherd to His Love
Plays	🕮 Dido, Queen of Carthage 🕮 The Jew of Malta 🕮 Tamburlaine the Great 🕮 Doctor Faustus 🕮 Edward 🕮 The Massacre of Paris

Marlowe ছিলেন এলিজাবেথান যুগের একজন ইংরেজ নাট্যকার, কবি ও অনুবাদক। Marlowe ও Shakespeare এর জন্মসাল একই হলেও Marlowe কে Elizabethan যুগের প্রথম বিখ্যাত নাট্যকার হিসেবে বিবেচনা করা হয়।

মেধাবী ছাত্র Marlowe বৃত্তি সহকারে ক্যামব্রিজে পড়াশোনা করেন এবং ল্যাটিন ভাষায় দীক্ষিত হন। তিনি 'University wits' দলভুক্ত ছিলেন। Lucan রচিত *Pharsalia* ও Ovid রচিত *Amores* এ দুইটি রোমান কাব্য তিনি ইংরেজি অনুবাদ করেছিলেন। পড়াশোনার পাট চুকানোর পর তিনি সাহিত্যকর্মে পুরোপুরি মনোনিবেশ করেন। যদিও তাঁর নামে ইংল্যান্ড সরকারের পক্ষে গুপ্তচরবৃত্তির গুজব প্রচলিত আছে।

Marlowe কে বলা হয় **The Father of English Drama/Tragedy**। তিনিই প্রথম সার্থক ভাবে নাটকে Blank Verse বা অমিত্রাক্ষর ছন্দ ব্যবহার করেন। তাঁর রচিত বিখ্যাত নাটকসমূহের মধ্যে আছে *Hero and Leander, Tamburlaine the Great, Edward the Second, The Tragical History of Doctor Faustus* এবং *Dido, Queen of Carthage.* সে সময় তাঁর এই নাটকগুলোর প্রভাব ছিল অনেক বেশি। অনেকেই এই নাটকগুলোর অনুকরণ এবং অনুসরণ করতেন। এমনকি অনেকে ধারণা করেন Shakespeare-ও তাঁর লেখনী দ্বারা প্রবলভাবে অনুপ্রাণিত হয়েছিলেন।

1593 সালে তাঁকে নাস্তিকতার অভিযোগে গ্রেফতার করা হয়। কথিত আছে, তাঁর একসময়ের সহকর্মী Thomas Kyd তাঁর লিখিত কিছু ধর্মবিরোধী লেখাসহ ধরা পড়লে তাকে ধর্মবিরোধী হিসেবে ধরিয়ে দেন। গ্রেফতার এর ১২ দিন পরেই মাত্র ২৯ বছর বয়সে গুপ্তচরের ছুরিকাঘাতে তিনি নিহত হন।

Author	Short Bio	Major Works	
John Lyly (1554-1606)	তিনি এলিজাবেথান যুগের নাট্যকার ও গদ্য সাহিত্যিক। তিনি 'University wits' এর সদস্য ছিলেন। তিনি 'Euphuism' নামে লেখনীর এক অনন্য ভঙ্গি আবিষ্কার করেছিলেন। তাঁর লেখনীতে ইতিহাস ও পৌরাণিক কাহিনি থেকে নেওয়া চমৎকার উপমার ব্যবহার দেখা যায়। তিনি ইংরেজি গদ্য সাহিত্যে সর্বপ্রথম Alliteration বা অনুপ্রাস ব্যবহার করেন।	Comedy	🕮 The Woman in the Moon 🕮 Pappe with and Hatchet 🕮 Endymion 🕮 Sapho and phao 🕮 Campaspe
Robert Greene (1558-1592)	তাঁর সম্পর্কে বলা হয়– "England's first Celebrity Author". তিনি University Wits দলের সদস্যভুক্ত ছিলেন। Oxford ও Cambridge দুটি বিশ্ববিদ্যালয় থেকেই তিনি M.A. Degree লাভ করেন। তিনি রোমান্টিক কবিতা, নাটক ও আত্মজীবনী লিখে খ্যাতি অর্জন করেন। এছাড়াও তাঁর সময়ের অন্য লেখকদের সমালোচনা করার জন্য তিনি বিখ্যাত ছিলেন।	Plays	🕮 Friar Bacon and Friar Bungay 🕮 The Scottish History of James IV 🕮 Menaphon 🕮 Pandosto: Triumph of Time
George Peele (1558-1579)	একজন ইংরেজ কবি, নাট্যকার ও অনুবাদক। যিনি 'University Wits' দলের অন্তর্ভুক্ত ছিলেন।	Plays	🕮 The Arraignment of Paris 🕮 The Battle of Alcazar 🕮 David and Bathsheba 🕮 The Old Wives Tale
Thomas Lodge (1558-1625)	'University Wits' দলের সদস্যভুক্ত এলিজাবেথান যুগের নাট্যকার, কবি ও বিদ্রুপাত্মক গদ্য সাহিত্যিক। তাঁর সাহিত্যের মূল বিষয়বস্তু ছিল রোমাঞ্চ।	Plays	🕮 The wounds of Civil War 🕮 Rosalynde 🕮 A Looking Glass for London and England

George Chapman (1559-1634)	এলিজাবেথান যুগের একজন কবি, নাট্যকার এবং Classic সাহিত্যের পণ্ডিত ও অনুবাদক। তিনি Homer এর *Iliad* ও *Odyssey* মহাকাব্য দুইটি অনুবাদ করার জন্য সর্বাধিক স্মরণীয় হয়ে আছেন। তিনি Marlowe এর অসমাপ্ত কবিতা *Hero and Leander* সমাপ্ত করেন।	Comedy	🕮 All Fools 🕮 Monsieur d'Olive 🕮 The Gentleman Usher 🕮 The Windows Tears
		Tragedys	🕮 The Revenge of Bussy D'Ambois 🕮 Caesar and pompey
Thomas Nashe (1567-1601)	Thomas Nashe এলিজাবেথান যুগের কবি, নাট্যকার, ব্যঙ্গাত্মক লেখক (Satirist) ও বিখ্যাত পুস্তিকা *(Pamphlet)* রচয়িতা। তাকে তাঁর সময়ের সবচেয়ে বিখ্যাত পুস্তিকা রচয়িতা বলে বিবেচনা করা হয়। তিনি 'University wits' দলভুক্ত। তিনি *'The Isle of Dogs'* লেখার জন্য কারাবরণ করেন।	Plays	🕮 Summer's last will and Testament 🕮 The Isle of Dogs 🕮 The Unfortunate Traveler

THE ELIZABETHAN PERIOD এর গুরুত্বপূর্ণ সাহিত্যকর্ম

Gorboduc by Thomas Norton and Thomas Sackville



Gorboduc একটি ইংরেজি ট্রাজেডি নাটক যাতে প্রথম বারের মতো Blank Verse ব্যবহৃত হয়। নাটকটিতে প্রাচীন ব্রিটেনের একজন পৌরাণিক রাজা Gorboduc এর কাহিনি বর্ণিত হয়েছে যাকে নাট্যকার একজন ভালো শাসক হিসেবে চিত্রিত করেছেন। তিনি তার জীবদ্দশায় তার পুত্রদের কাছে ইংল্যান্ডের শাসনভার ভাগ করে দেন। ফলে ছেলেদের মধ্যে দ্বন্দ্ব শুরু হয় এবং ছোট ভাই Porrex বড় ভাই Ferrex কে হত্যা করে। রানি Videna তার প্রিয় বড় ছেলে Ferrex এর হত্যার প্রতিশোধ নিতে Porrex কে ঘুমের ভেতর হত্যা করে। এ নৃশংস হত্যাকাণ্ডের ফলে প্রজারা ক্ষুব্ধ হয়ে Gorboduc এবং তার রানিকে হত্যা করে। ফলে ব্রিটেনের সিংহাসনে কে বসবে তা নিয়ে অনিশ্চয়তা সৃষ্টি হয়। এভাবে নাটকটি সমাপ্তি ট্রাজেডিতে ভরে ওঠে যা দর্শককে এক অন্যরকম অনুভূতি দেয়।

The Faerie Queene by Edmund Spenser

Edmund Spenser লিখিত Allegory ধাঁচের প্রায় ৩৬ হাজার লাইনের মহাকাব্য। এখানে কবি দায়িত্বের সাথে কর্তব্য পালনকে গুরুত্বারোপ করেছেন। মহাকাব্যের প্রধান ঘটনাগুলোর মধ্যে রয়েছে রানি এলিজাবেথের ১২ জন নাইট; যারা রানির সম্মানে বিভিন্ন গুরুভার গ্রহণ ও সফলতার সাথে তা সম্পন্ন করে। মহাকাব্যে রানি এলিজাবেথ কে Gloriana নামে উপস্থাপনা করা হয়েছে; যাকে Prince Arthur স্বপ্নে দেখেছে এবং স্বপ্নে নির্দেশ পেয়েছে Fairyland এ The Faerie Queene, Gloriana কে খুঁজতে। তাকে খুঁজে বের করতে Prince এর চাঞ্চল্যকর অভিযানকে কেন্দ্র করে মহাকাব্যটি রচিত হয়েছে। এখানে একদিকে Prince এর Te Raerie Queene কে খোঁজার প্রচেষ্টা অন্যদিকে The Fairyland এ বার্ষিক ১২ দিনের উৎসব উপলক্ষ্যে রানি কর্তৃক প্রেরিত প্রতিদিন একজন নাইটকে একটি দায়িত্ব দিয়ে পাঠানের ঘটনা ধারাবাহিকভাবে বর্ণনা করা হয়েছে। মহাকাব্যের শেষে Prince তার স্বপ্নের রানিকে খুঁজে পেলো কিনা তা বলা না হলেও Prince এর অভিযান এবং বীরযোদ্ধাদের নিজ কর্তব্য পালনের ঘটনা প্রতিটি চরিত্রকে সুন্দর মত ফুটিয়ে তুলেছে।

The Shepheardes Calender by Edmund Spenser

Elizabethan যুগের কবি Edmund Spenser এর অন্যতম একটি কাব্য *The Shepheardes Calender* কবিতাটিতে Colin Clout এর রাখাল জীবনের ১২ মাসের যাপিত জীবন বর্ণনা করা হয়েছে। ১২ টি ছোট কথোপকথনমূলক কবিতা (Eclogue) মিলে মূল কবিতা গঠিত। শহুরে জীবনের কলুষতা ও জটিলতা মুক্ত গ্রামীন জীবন ও রাখাল সমাজের স্তুতি বর্ণিত হয়েছে কবিতাটিতে। সমাজে চার্চের ক্ষমতার অপব্যবহার, Rosalind ও Colin এর মধ্যকার ভালোবাসা, Queen Elizabeth এর প্রশংসা ও রাখাল জীবনের প্রতি শ্রদ্ধা প্রকাশই কবিতাটির মূল বিষয়বস্তু। ১২ টি ছোট কবিতার মাধ্যমে ১২ মাসের বর্ণনা, চারটি ঋতুর বর্ণনা এসেছে পুরো কবিতায় যেখানে ফুল, পাখির বর্ণনা, ফসল তোলার পরিশ্রম এবং ঋতু শেষের আনন্দ অনুষ্ঠান বিবৃত হয়েছে।
চারটি ঋতুর সাথে মানুষের জীবনের পরিবর্তনের দৃষ্টান্ত দিয়ে কবিতাটি শেষ হয়।

Astrophel and Stella by Sir Philip Sidney

English Literature এর Elizabethan যুগের কবি Philip Sidney এর লেখা *Astrophel and Stella* কাব্যগ্রন্থটিতে Astrophel এবং Stella এর প্রেমের ধারাবাহিক বর্ণনামূলক 108 টি সনেট ও 11 টি গান রয়েছে। কাব্যটির মূল নায়ক Astrophel এর বর্ণনায় সুন্দরী, বিচক্ষণ, গুণবতী মেয়ে Stella এর প্রতি তার গভীর প্রেম প্রকাশিত হয়। Astrophel, Stella কে একজন আদর্শ জীবনসঙ্গী মনে করে কিন্তু এক সময় Stella অন্য একজনকে বিবাহ করে। যদিও বিবাহিত জীবনে সে সুখী হতে পারে না তবুও Stella তার সংসার আগলে রাখতে চায়। সে অনেক ত্যাগ স্বীকার করে তার স্বামীর জন্য। Stella এর ত্যাগ ও ধৈর্য্য Astrophel কে তার প্রতি আরও আগ্রহী করে তোলে। একটা সময় Stella, Astrophel এর প্রতি ভালোবাসা অনুভব করে। Stella এর দুর্বলতায় Astrophel তাকে ঘুমন্ত অবস্থায় চুম্বন করে। যদিও Stella, Astrophel কে ভালোবেসে ফেলে তবুও সে Astrophel এর আকাঙ্ক্ষা পূরণ করতে চায় না। শেষে তাদের প্রেমের অবসান ঘটে।

Euphues : Anatomy of Wit by John Lyly



John Lyly রচিত Elizabethan যুগের বিখ্যাত গদ্য সাহিত্য Euphues, যা Anatomy of Wit এবং Euphues and his England নামক দুটি বইয়ের মাধ্যমে প্রকাশিত হয়। এটি English Literature এর প্রথম শৈল্পিক উপন্যাস (Artistic Novel). Neples (Italy) এবং Athens (Greece) শহরে উল্লেখ রয়েছে। Protagonist Euphues, তার বন্ধু Philautus এবং এক সুন্দরী নারী Lucilla; যাকে দুই বন্ধুর সাথেই প্রেমের সম্পর্কে জড়াতে দেখা যায়। এই তিন চরিত্রের মাধ্যমে বন্ধুত্ব, ভালোবাসা, নারীপ্রীতি, যুবক বয়সের ভুল সিদ্ধান্ত এবং জীবন থেকে পাওয়া শিক্ষার উল্লেখ করা হয়েছে। Euphues এক সচ্ছল ঘরের দুষ্ট যুবক যে Neples বেড়াতে গিয়ে Philautus এর সাথে বন্ধুত্ব করে এবং পরবর্তীতে Philautus এর বাগদত্তা Lucilla এর রুপ-সৌন্দর্যে মুগ্ধ হয়ে তার প্রেমে পড়ে। ফলশ্রুতিতে Euphues ও Philautus এর মধ্যে দ্বন্দ্বের সূত্রপাত হয়। যদিও Lucilla একসময় Euphues এর প্রেমে পড়ে কিন্তু শেষে সে Philautus এর কাছে ফিরে আসে।

Friar Bacon and Friar Bungay by Robert Greene



Robert Greene কর্তৃক গদ্যে ও পদ্যে লিখিত Friar Bacon and Friar Bungay কমেডিটি ইংরেজি নাট্য সাহিত্যে একাধিক প্লট লাইনের ব্যবহারের সূচনা করে। এ নাটকে প্রথমে দেখা যায় যুবরাজ এডওয়ার্ড Friar Bacon এর সাহায্য নিয়ে এক নারীর মন জয় করার চেষ্টা করে কিন্তু ঘটনার পরিক্রমায় তার আরেক বন্ধুর সাথে ঐ নারীর প্রেম হয়ে যায়। শুরুতে উভয়কে খুন করার হুমকি দিলেও পরবর্তীতে রাজপুত্র নিজেকে সামলিয়ে নেয় এবং পিতার পছন্দের পাত্রীকেই বিয়ে করে।
নাটকের অন্য একটি কাহিনিতে দেখা যায় Friar Bungay এর সাহায্য নিয়ে Friar Bacon পিতলের একটি মাথা তৈরি করে। সে শয়তানের কাছে প্রার্থনা করে একটা জাদু শিখে নেয়, যার মাধ্যমে এই পিতলের মাথাটিকে কথা বলাতে পারবে। পিতলের মাথা কথা বলছে– এই দেখে মানুষ Bacon কে অনেক সম্মান করবে, এটাই তার ভাবনা। যা-ই হোক, শয়তানের তথ্য অনুযায়ী মাথাটি এক মাসের মধ্যে কথা বলবে। তবে তারা যদি এই কথা বলার মুহূর্তটি দেখতে না পায় তাহলে সমস্ত পরিশ্রম পণ্ড হবে। তিন সপ্তাহ ক্রমাগত পর্যবেক্ষণের পর, Bacon তার চাকর Miles কে দেখার দায়িত্ব অর্পণ করে এবং ঘুমিয়ে পড়ে। তখনই পিতলের মাথাটা বলতে শুরু করে *"Time is, Time was, Time is past"*। কিন্তু Miles মনে করে Bacon কে অসময়ে জাগিয়ে তুললে সে রাগ করতে পারে। এই ভেবে সে জাগায় না। মাথাটি তখন মাটিতে পড়ে ভেঙ্গে যায়। এরকম আরও কিছু প্রাথমিক পর্যায়ের গল্পকাহিনি আছে এই বইটিতে। কথাসাহিত্যের বিকাশে এই জাতীয় কাজের বিশেষ ভূমিকা ছিল। পরবর্তী যুগের সাহিত্যকর্মসমূহ এইসব অগঠিত গল্প থেকেই কাহিনি নির্মাণের উপযোগী আধুনিক কাঠামোতে বিবর্তিত হয়েছে।

The Spanish Tragedy by Thomas Kyd



এলিজাবেথান যুগের সবচেয়ে জনপ্রিয় সাহিত্যকর্ম এবং প্রথম Revenge Tragedy উপন্যাস The Spanish Tragedy. উপন্যাসের শুরুতে Don Andrea কে পর্তুগাল – স্পেনের যুদ্ধে পর্তুগালের প্রিন্স Balthazar হত্যা করে। Andrea'র হত্যার প্রতিশোধ নিতে Underworld এর দেবী Proserpine তার ভূতকে আবার যুদ্ধক্ষেত্রে প্রেরণ করে এবং তার প্রেমিকা Bel-Imperia এর হাতে Balthazar এর মৃত্যু পর্যবেক্ষণের আদেশ প্রদান করে। যুদ্ধে পর্তুগালের পরাজয় হয় এবং Balthazar রাজবন্দী হয় Lorenzo এবং Andrea এর বন্ধু Horatio এর কাছে। Horatio যুদ্ধের পর Lorenzo এর বোন Bel-Imperia কে Andrea'র বীরত্বের বর্ণনা দেয় এবং ধীরে ধীরে তাদের মধ্যে সখ্যতা গড়ে উঠে। অন্যদিকে স্পেন ও পর্তুগালের সম্পর্ক উন্নয়নে স্পেনের রাজা Lorenzo'র বোন Bel-Imperia এর সাথে Balthazar এর বিয়ে ঠিক করে; Balthazar ও এরই মধ্যে Bel-Imperia'র প্রেমে পড়ে যায়। Horatio গোপনে Bel-Imperia'র সাথে সাক্ষাতে গেলে চাকর Pedrigano বিশ্বাস ঘাতকতা করে Horatio কে ধরিয়ে দেয় এবং Lorenzo ও Balthazar তাকে হত্যা করে বাগানে লাশ ঝুলিয়ে রাখে। এতে Horatio এর বাবা Hieronimo তার ছেলের হত্যার প্রতিশোধ নিতে প্রতিজ্ঞাবদ্ধ হয়। এজন্য সে Bel-Imperia'র সহায়তায় Bel-Imperia ও Balthazar এর বিয়েতে একটি নাটকের আয়োজন করে এবং কৌশলে Lorenzo ও Balthazar কে অভিনয়ে আমন্ত্রণ জানায়। নাটকের দৃশ্যকল্প অনুযায়ী Bel-Imperia Balthazar কে এবং Hieronimo Lorenzo কে হত্যা করে এবং এর পর আত্মহত্যা করে। Andrea এর ভূত তার এবং তার বন্ধু Horatio'র হত্যার প্রতিশোধ অবলোকন করে এবং Underworld এ Bel-Imperia'র সাথে একত্রিত হয়।



The Novum Organum by Francis Bacon

Novum Organum রচনার মাধ্যমে Francis Bacon, Elezabethan যুগের জ্ঞান অর্জন ও ব্যাখ্যার ধারণায় ব্যাপক পরিবর্তন সাধন করেন। Bacon এর সবচেয়ে বড় বই The Great Instauration এর ২য় খণ্ড Novum Organum; যেখানে প্রকৃতিকে কীভাবে অনুসন্ধান করতে হবে, কীভাবে তত্ত্ব ব্যাখ্যা করতে হবে, সে সম্পর্কে নতুন ধারণা প্রদান করেন। পর্যবেক্ষণ এর ধারণাকে তিনি সামনে নিয়ে আসেন। এ গন্থে তিনি তাঁর সমকালীন বিভিন্ন দর্শনতত্ত্ব ও বৈজ্ঞানিক তত্ত্ব ও প্রক্রিয়ার সমালোচনা করেছেন।

একটি ধারণাকে প্রমাণ করতে তিনি বিভিন্ন প্রেক্ষাপট থেকে পরীক্ষা-নিরীক্ষার সুপারিশ করেন, যার উল্লেখ রয়েছে বইটিতে। তিনি একটি টেবিল প্রস্তুত করেন যেখানে একটি ধারণাকে প্রমাণ করার জন্য অনেকগুলো সম্ভাব্যতার উল্লেখ থাকবে এবং একটি যুতসই উত্তর না পাওয়া পর্যন্ত একটি একটি করে সম্ভাব্যতাকে বাতিল করা হবে।

এই গ্রন্থে এই দাবিও করা হয়, প্রকৃতি থেকে যথেষ্ট পরিমাণ তথ্য সংগ্রহ ও ব্যাখ্যা না করে কোন তত্ত্বকে বাতিল করা যাবে না।

The Unfortunate Traveller by Thomas Nashe

Elizabethan যুগে Thomas Nashe রচিত একটি Prose Fiction হলো The Unfortunate Traveller. এ উপন্যাসের গল্পটি King Henry VIII এর রাজত্বকালে England এর এক বুদ্ধিদীপ্ত ও উজ্জ্বল সম্ভাবনাময় বালক Jack Wilton এর Adventure বর্ণনা করা হয়েছে। Wilton সামরিক বাহিনীর চাকরি ছেড়ে Earl of Surrey কে নিয়ে বিশ্ব ভ্রমণে বের হয়। ইউরোপের বহুদেশ ঘুরলেও Germany ও Italy এর বর্ণনা বেশি পাওয়া যায়। ভ্রমণকালীন তারা সাধারণ মানুষ, বিভিন্ন শ্রেণি পেশার সাথে মিলিত হয়। Earl ও Wilton ইতালিতে থাকাকালীন প্লেগ মহামারির সূচনা হয়। তাদের এই ভ্রমণে তারা ডাকাত দলের কবলে পড়ে; Tabitua নামক গণিকা ও তার দল তাদেরকে হত্যা চেষ্টা করে। Earl, Geraldine নামক সুন্দরীর প্রেমেও পড়ে। এ সকল Adventure শেষে Wilton আবার England ফিরে আসে এবং Diamante এর সাথে বিবাহ করে সংসার শুরু করে।

	Title	Author	Short Summary
Prose	**A View of the Present State of Ireland**	Edmund Spenser	অগ্নিময় ভাষায় সংলাপের আকারে লিখিত একটি পুস্তিকা। এই পুস্তিকায় যুক্তি উপস্থাপন করা হয়েছিল যে Ireland কে ইংরেজরা কখনই দমাতে পারবে না যতক্ষণ না তাদের স্বদেশী ভাষা ও আচার প্রথাকে সহিংসভাবে ধ্বংস করা হবে। উল্লেখ্য, Spenser আয়ারল্যান্ডে রাজার প্রতিনিধির সচিব নিযুক্ত হয়েছিলেন।
	Apology for Poetry	Sir Philip Sidney	রেঁনেসা যুগের প্রথম সমালোচনামূলক সাহিত্যকর্ম। এই গ্রন্থে কবিতার উপর আক্রমণের জবাব দেওয়া হয়েছে এবং এলিজাবেথান যুগের কবিতার উপর আলোচনা ও তাদের শ্রেণি বিভাগ করা হয়েছে। এটি *The Defense of Poesy* নামেও পরিচিত।
	The Great Instauration	Francis Bacon	এই সাহিত্যকর্মটি রাজা James কে উৎসর্গ করা হয়েছিলো। এই সাহিত্যকর্মে Bacon এর সব উচ্চমানের চিন্তার প্রতিফলন ঘটেছে।
	The Countess of Pembroke's Arcadia	Sir Philip Sidney	গদ্যে লিখিত এই Pastoral Romance কে ইংরেজি উপন্যাসের Seed বা ভ্রূণ বলা হয়। এটি সংক্ষিপ্তভাবে Arcadia নামেও এটি পরিচিত। Sidney পরবর্তীতে এই রচনাটিকে আরো বর্ধিত করেন ফলে বর্তমানে এর পুরাতন ও নতুন দুইটি রূপ পাওয়া যায়।
Poetry	**Astrophel**	Edmund Spenser	বন্ধু Sir Philip Sidney'র মৃত্যুতে প্রকাশিত Spenser'র Elegy বা শোকগাঁথা। কবিতাটি Sidney এর সদ্য বিধবা স্ত্রী Frances Walsingham কে উৎসর্গ করা হয়।
	Amoretti	Edmund Spenser	Elizabeth Boyle এর সাথে কবির বিয়ের বর্ণনা নিয়ে লিখিত ৮৯টি সনেটের সংকলন। এই সংকলনে সনেটের পাশাপাশি *Epithalamion* গীতিকবিতাটি স্থান পায় যা কবি তাঁর স্ত্রী এর উদ্দেশ্যে তাঁদের বিয়ের দিন লিখেছিলেন।
Play	**The Lady of May**	Sir Philip Sidney	1578 অথবা 1579 সালে Queen Elizabeth এর জন্য লিখিত ও মঞ্চায়িত এক অঙ্কের এই নাটকটিতে মূলত গ্রামীণ রাখাল জীবনের পটভূমিতে লেখা হলেও রানির সাথে সম্পর্কিত রূপক বিষয়বস্তুর জন্য উল্লেখযোগ্য।

	Title	Author	Short Summary
	Endymion	John Lyly	লেখকের শ্রেষ্ঠ সাহিত্যকর্ম, এই কমেডিতে গ্রিক পুরাণের কাহিনির রূপক ব্যবহার করে রানি এলিজাবেথের দরবারের তৎকালীন বিভিন্ন বিষয় তুলে ধরেছেন।
	The Arraignment of Paris	George Peele	এটি একটি প্রেমমূলক Comedy। যা মূলত পদ্যে লেখা একটি গ্রাম্য নাটক। রানি এলিজাবেথ এর সম্মুখে মঞ্চস্থ এই নাটকে তাঁর রূপ ও গুণের প্রশংসা করা হয়েছে।
	The wounds of Civil War	Thomas Lodge	দুই প্রাচীন রোমান জেনারেলের মাঝে যুদ্ধ নিয়ে Lodge এর একমাত্র পূর্ণাঙ্গ মৌলিক নাটক।
	The Revenge of Bussy D'Ambois	George Chapman	১৬১৩ সালে প্রকাশিত একটি প্রতিশোধমূলক ট্রাজেডি নাটক। এটি মূলত লেখকের তৎকালীন ফ্রান্সের রাজনৈতিক অবস্থার উপর লিখিত উল্লেখযোগ্য ধারাবাহিক নাটকসমূহের একটি।
	Tamburlaine the Great	Christopher Marlowe	তৈমুর লং কীভাবে একজন সামান্য মেষ পালক রাখাল থেকে প্রবল পরাক্রমশালী বিশ্বজয়ী সম্রাটে পরিণত হয় সেই কাহিনি দেখানো হয়েছে এই নাটকে।
	The Isle of Dogs	Thomas Nashe	এই নাটক লেখার জন্য Nashe কারাবরণ করেন। প্রকাশের পরপরই জব্দ হওয়া এই নাটকের কোনো কপির অস্তিত্ব আর পাওয়া যায়নি।
	Summer's last will and Testament	Thomas Nashe	রেনেসাঁ যুগের একটি যুগান্তকারী কমেডি নাটক, এর আগে আর কোন নাটকে এরকম বুদ্ধিবৃত্তিক উপাদান বা সামাজিক প্রাসঙ্গিকতা দেখানো হয়নি।

THE ELIZABETHAN PERIOD এর প্রধান চরিত্রসমূহ

Don Quixote

Miguel de Cervantes

Don Quixote from *Don Quixote* by Miguel de Cervantes

এযাবৎকাল পর্যন্ত লিখিত উপন্যাসের মধ্যে অন্যতম এবং পাশ্চাত্য সাহিত্যের শ্রেষ্ঠ একটি উপন্যাস হলো *Don Quixote*. প্রথম আধুনিক উপন্যাস হিসেবে পরিগণিত হয় ২ খণ্ডে প্রকাশিত এই স্প্যানিশ উপন্যাসটি।

ষোড়শ শতাব্দীর Knight দের কর্মকাণ্ডে অনুপ্রাণিত একজন নিচু বংশীয় স্প্যানিশ ব্যক্তির দুঃসাহসিক কর্মকাণ্ড এবং Knight দের চিন্তাধারায় সমাজকে গড়ে তোলা ও বাস্তবতায় ফিরে আসার ঘটনা উপন্যাসে বর্ণিত হয়েছে। সমালোচকরা এটিকে Comic Novel আবার কখনো Tragedy হিসেবে বিবেচনা করেন।

ইংরেজি সাহিত্যে এই উপন্যাসের প্রভাব বিদ্যমান। *The Three Musketerrs, Adventures of Huckleberty finn* এবং *Cyrono de Bergerac* ইত্যাদি স্যাহিত্যকর্মে *Don Quixote* এর প্রভাব প্রতিয়মান।

Campaspe *from Campaspe* by John Lyly

University Wit দের মধ্যে বয়োজ্যেষ্ঠ John Lyly এর প্রথম Comedy হলো *Campaspe*. এটি একটি Elizabethan যুগের নাটক তবে Renaissance যুগের নাট্যকার ও নাট্যসাহিত্যে এই নাটকের প্রভাব বিদ্যমান।

গ্রিক বংশীয় এক সুন্দরী যুদ্ধবন্দীর প্রেমে পড়েছিলেন Alexander the Great। তবে তিনি সেই নারীকে স্বাধীনতা দিয়েছিলেন। Compaspe হলো সেই নারী। মুক্তি দেয়ার আগে Compaspe এর ছবি আঁকার জন্য Apelles কে দায়িত্ব দেন। কিন্তু ছবি আঁকতে গিয়ে Apelles, Compaspe এর সৌন্দর্যে আকৃষ্ট হয় এবং প্রেমে পড়ে যান। Alexander ব্যাপারটি বুঝার পর মহানুভবতা দেখিয়ে Compaspe থেকে আগ্রহ সরিয়ে নেন। এরপর Alexander নিজেকে Persia বিজয়ে মনোনিবেশ করেন এবং Campaspe কে তার প্রেমিক Apelles এর কাছে রেখে যান। অর্থাৎ অসম্ভব সুন্দরী Campaspe ই পুরো নাটকের বিভিন্ন ঘটনাবলিকে পূর্ণতা দিয়েছে।

নাটকটিতে Historical Romanticism এর প্রকাশ ঘটেছে। এই নাটকটিকে "The First Romantic Drama" বলা হয়।

Rosalynde from *Rosalynde* by Thomas Lodge

প্রেম প্রধান উপন্যাস যেখানে গ্রামীণ সমাজের প্রেম ফুটে উঠেছে। এজন্য এটি Pastoral Ramance হিসেবে পরিচিত। Shakespeare তাঁর 'As you like it' নাটকের প্রেরণা এখান থেকে পেয়েছিলেন।
দুইজন উচ্চ বংশীয় ভাইদের মধ্যকার দ্বন্দ্ব এবং তাদের প্রেমিকাদের মধ্যকার প্রেম এবং লুকোচুরি এই উপন্যাসের উপজীব্য বিষয়। একজনের বাবা মারা যান এবং আরেকজনের বাবা নির্বাসিত হন। Rosalynde ছেলের ছদ্মবেশ ধারণ করে Arden এর জঙ্গলে আত্মগোপন করে। জীবনের কোন বিষয়কে কি রকম প্রাধান্য দেওয়া উচিত তা উপলব্ধি করতে পারে। Rosalynde চরিত্রটির মাধ্যমে সমাজের নানা অসঙ্গতি তুলে ধরা হয়েছে। সর্বোপরি বাস্তব জীবনের বিভিন্ন ঘটনা থেকে প্রাপ্ত শিক্ষা লেখক উপস্থাপন করেছেন। এই উপন্যাসের গুরুত্বপূর্ণ একটি Line-

I will Never marry myself to woman but unto thyself.

Pompey from *Caesar and Pompey* by George Chapman

George Chapman

Jacobean যুগের অন্যতম একটি classical tragedy হলো Caesar and Pompey প্রকাশিত হয় 1631 সালে।
Pompey রোমান প্রজাতন্ত্রের একজন সামরিক ও রাজনৈতিক নেতা ছিলেন। রোমকে পরাজিত প্রজাতন্ত্র থেকে সাম্রাজ্যবাদ ও আধিপত্যবাদে রূপান্তরে তিনি বিশেষ ভূমিকা পালন করেন। সাল্লার দ্বিতীয় গৃহযুদ্ধে তার সাফল্যের জন্য তিনি ম্যাগনাস, দ্য গ্রেট হিসেবে পরিচিত হন। তিনি মার্কাস লিসিনিয়াস ক্রাসুস ও জুলিয়াস সিজারের জোটে যোগদান করেন এবং রোমান সিনেটের নেতৃত্বের প্রতিযোগিতা করেন যা গৃহযুদ্ধে রূপ নেয়। নাটকটিতে Caesar এবং Pompey এর মধ্যকার বিবাদ যা Pharsalus যুদ্ধের সূচনা করে, সেটির বর্ণনা এসেছে। Pharsalus যুদ্ধে পরাজিত হয়ে Pompey মিশরে আশ্রয় গ্রহণ করে এবং সেখানেই খুন হন।
নাটকটির মূলতত্ত্ব হলো- *"Only a just man is a free man."*
এটিকে Classical History play ও বলা হয়।



Barabas from *The Jew of Malta* by Charistopher Marlowe

Elizabethan যুগের কবি, নাট্যকার ও অনুবাদক Christopher Marlowe রচিত অন্যতম জনপ্রিয় নাটক হলো The Jew of Malta. ভূমধ্যসাগরীয় একটি দ্বীপ Malta এর একজন ইহুদি ব্যবসায়ী Barabas এর সাথে Spain ও Ottoman সাম্রাজ্যের যোগাযোগ এবং ইহুদিদের উপর অত্যাচার, ব্যবসায়ী ইহুদি Barabas এর ষড়যন্ত্র, ধর্মীয় বিবাদ, প্রতিশোধের বিষয়গুলো উঠে এসেছে। Barabas এর চরিত্র ধূর্ততাপূর্ণ। নিজের মেয়ের প্রতি আকর্ষণ কাজে লাগিয়ে সে গর্ভনরের পুত্র ও নিজের বন্ধুকে ডুয়েল লড়াইয়ে নামিয়ে হত্যা করায়। পিতার এই কর্মে ঘৃণায় কন্যা খ্রিষ্টান নান হতে পালিয়ে যায়। সে তখন তার কন্যা ও পুরো নানের দলকে বিষপানে হত্যা করে। Barabas এর সকল অপকর্ম ধরা পড়লে সে ধূর্ততার সাথে তুরস্কে পালিয়ে যেতে সফল হয়। সেখানে সে ষড়যন্ত্র করে Christian governor ও Turks দের মধ্যে যুদ্ধের সূচনা করে। পরিশেষে সে অনুতপ্ত হয় এবং নিজ দ্বীপ Malta কে সাহায্য করতে এগিয়ে আসে। কিন্তু ভাগ্যের নির্মম পরিহাসে তার মৃত্যু ঘটে।

Faustus from *Dr. Faustus* by Christopher Marlowe

The tragic history of life and death of doctor Faustus, যাকে সংক্ষেপে বলে Doctor Faustus, Christopher Marlowe রচিত একটি Elizabethan যুগের নাটক। এটি প্রকাশিত হয় 1604 সালে।
এই নাটকের প্রধান চরিত্র (Protagonist) Faustus হলো একজন জার্মান Scholar যে জাদু শিক্ষার জন্য Mephistophilis নামক এক জিন কে হাজির করে। যাদুবিদ্যার মাধ্যমে সে অসীম ক্ষমতাবান হতে চায় এবং শয়তান লুসিফার এর সাহায্য প্রার্থনা করে। লুসিফার ২৪ বছরের জন্য Faustus কে অসীম ক্ষমতাধর করে দেয় এবং Mephistophilis কে তার সহায়তায় নিযুক্ত করে দেয়। বিনিময়ে কষ্টদায়ক মৃত্যু হবে বলে চুক্তি হয়। Faustus তার নিজের জন্য যাদু শিক্ষার মাধ্যমে সে বিভিন্ন উচ্চপদস্থ ব্যক্তিকে সাহায্য করে এবং প্রবল ক্ষমতা ও খ্যাতি লাভ করে। শেষ পর্যায়ে তিনি নিজের ভুল বুঝতে পারলেও, সময় শেষ হয়ে যায় এবং শয়তান তাকে ছাড় দেয় না।
ভালো ও মন্দের দ্বন্দ্ব, উচ্চাকাঙ্ক্ষার ফলে নির্বুদ্ধিতা, অলীক শক্তির খোঁজে বাস্তবতা কীভাবে হারিয়ে যায় সেটি উপলব্ধি করানোই নাটকের মূল উদ্দেশ্য।

David from *David and Bathsheba* by George Peele

বাইবেলের উল্লিখিত ঘটনা নিয়ে George Peele লিখিত *David ও Bathsheba* নাটকের কেন্দ্রীয় চরিত্র David একজন ক্ষমতাশীল রাজা যিনি ফিলিস্তিন জয় করে জেরুজালেমে অবস্থান করছিলেন। তিনি Law of Moses ভাঙবে জেনেও নিজ সৈন্য Uriah এর স্ত্রী Bathsheba র সাথে অবৈধ সম্পর্কে জড়িয়ে পড়েন। Bathsheba অন্তঃসত্ত্বা হয়ে পড়লে David, Uriah কে মৃত্যুর মুখে ঠেলে দেন এবং Bathsheba কে বিয়ে করেন। কিন্তু এরপরই প্রকৃতি প্রদত্ত অভিশাপে নানা দুর্ঘটনা ঘটতে থাকে এবং তাদের সন্তান মারা যায়। পরিশেষে David নিজের ভুল বুঝতে পারেন এবং ঈশ্বরের নিকট ক্ষমা প্রার্থনা করেন। David চরিত্রের মাধ্যমে প্রাচীন ইসরায়েল রাজ্যের জৌলুস, যুদ্ধ, যৌনাচার ঘটনার ঘনঘটায় বয়ে চলা জীবন, নাটকের চরিত্রগুলোর মধ্যকার দুর্দান্ত সম্পর্ক এবং ইতিহাসের বাঁকে ঘটে যাওয়া গল্পগুলো লেখক ফুটিয়ে তুলেছেন। ঐতিহাসিক গুরুত্ব বিবেচনায় David ও Bathsheba নাটকটি English Renaissance drama এর একটি মূল্যবান রত্ন।

THE ELIZABETHAN PERIOD এর প্রধান উক্তিসমূহ

> Hunger is the best sauce in the world
>
> — Don Quixote, Miguel de Cervantes

> Facts are the enemy of truth
>
> — Don Quixote, Miguel de Cervantes

> For there is nothing lost, that may be found, if sought
>
> — The Faerie Queene, Edmund Spenser

> Music, I say, the most divine striker of the senses
>
> — A Defence of Poetry, Sir Philip Sidney

> Anger, the Stoics said, was a short madness
>
> — A Defence of Poetry, Sir Philip Sidney

> The rules of fair play do not apply in love and war
>
> — Euphues the Anatomy of Wit, John Lyly

> All is fair in love and war
>
> — Euphues the Anatomy of Wit, John Lyly

> When our emotions are engaged, we often have trouble seeing things as they are
>
> — The Art of Seduction, Robert Greene

> The less I speak, the more I meditate
>
> — The Spanish Tragedy, Thomas Kyd

> Young men think old men are fools, but old men know young men are fools
>
> — All Fools, George Chapman

> Fair words never hurt the tongue
>
> — All Fools George Chapman

> Man prefers to believe what he prefers to be true
>
> — Francis Bacon

> It is impossible to love and be wise
>
> — Francis Bacon

> A mixture of a lie doth ever add pleasure
>
> — Francis Bacon

> Money is a great servant but a bad master
>
> — Francis Bacon

> Opportunity makes a thief
>
> — Francis Bacon

> Make me immortal with a kiss
>
> — Dr. Faustus Christopher Marlowe

> Fools that will laugh on earth, most weep in hell
>
> — Dr. Faustus Christopher Marlowe

> All live to die, and rise to fall
>
> — Edward II Christopher Marlowe

> What art thou Faustus, but a man condemned to die
>
> — Dr. Faustus Christopher Marlowe

> Stay, Mephistopheles, and tell me, what good will my soul do thy lord?
>
> — Dr. Faustus Christopher Marlowe

Quotes	Origin	Author
The truth may be stretched thin, but it never breaks, and it always surfaces above lies, as oil floats on water	Don Quixote	Miguel de Cervantes
There is no book so bad...that it does not have something good in it	Don Quixote	
Yet nothing did he dread, but ever was ydrad	The Faerie Queene	Edmund Spenser
Who will be taught, if he be not moved with desire to be taught	A Defence of Poetry	Sir Philip Sidney
Keep your friends for friendship, but work with the skilled and competent	The 48 Laws of Power	Robert Greene
The future belongs to those who learn more skills and combine them in creative ways	Mastery	
Person who cannot control his words shows that he cannot control himself, and is unworthy of respect	The 48 Laws of Power	
My grief no heart, my thoughts no tongue can tell	The Spanish Tragedy	Thomas Kyd
Fear shall force what friendship cannot win	The Spanish Tragedy	
A wise man will make more opportunities than he finds	The Essays	Francis Bacon
Revenge is a kind of wild justice		
Was this the face that launch'd a thousand ships, and burnt the topless towers of Ilium	Dr. Faustus	Christopher Marlowe
Grosse plodders they were all, that had some learning and reading, but no wit to make use of it	The Unfortunate Traveller	Thomas Nashe
Amor est mihi causa sequendi - I serve because I love	The Unfortunate Traveller	

Potential Questions & Answers

01. Who is called 'The Prince of poets'?
(a) Geoffrey Chaucer (b) John Donne (c) John Keats (d) Edmund Spenser

02. Who wrote "An Apology for poetry"?
(a) Edmund Spenser (b) Philip Sidney (c) George Chapman (d) G. Chaucer

03. Which one is the first tragic drama in English literature?
(a) Gorboduc (b) Ralph Roister Doister (c) Catiline (d) Titus Andronicus

04. "It is impossible to love and be wise" is quoted by —
(a) John Lyly (b) Thomas Nashe (c) Francis Bacon (d) Richard Hooker

05. "Novum Organum" is written by —
(a) John Lyly (b) Thomas Nashe (c) Francis Bacon (d) Richard Hooker

06. 'The terrors of the night' is written by —.
(a) Thomas Nashe (b) William Wordsworth (c) Nicolas Udall (d) Robert Green

07. Where was Edmund Spenser born?
(a) London (b) Coventry (c) Stratford upon Avon (d) Durham

08. Marlowe's play 'Tamburlaine the Great' was based loosely on the life of which Asian ruler?
(a) Zhu Yuanzhang (b) Genghis Khan (c) Timur (d) Kubla Khan

09. In what country is 'Dr Faustus' based?
(a) England (b) Italy (c) France (d) Germany

10. What does Faustus promise to the devil in exchange for great Knowledge, riches and power for a period of 24 years?
(a) his body (b) his house (c) his soul (d) his horse

11. Who wrote 'The Massacre at Paris'?
(a) Shakespeare (b) Christopher Marlowe (c) Edmund Spenser (d) John Milton

12. What was the first published title of Christopher Marlow's play 'The Jew of Malta'?
(a) The Tragedy of Rich Jew of Malta (b) The Famous Tragedy of the Rich Jew of Malta
(c) The Tragedy of the Jew of Malta (d) The Story of the Rich Jew of Malta

13. Who is called the 'poet of poets'?
(a) Michael Drayton (b) Sir Thomas More (c) Edmund Spenser (d) Sir Thomas Wyatt

14. Who wrote "Arcadia"?
(a) Edmund Spenser (b) George Chapman (c) G. Chaucer (d) Philip Sidney

15. A great playwright of Shakespeare's time was—
(a) Samuel Johnson (b) Christopher Marlowe (c) Oliver Goldsmith (d) John Donne

16. Who wrote "The Revenge Tragedy" for the first time in English literature?
(a) Shakespeare (b) Seneca (c) Thomas Kyd (d) Smauel Beckette

17. Francis Bacon is a famous —
(a) novelist (b) dramatist (c) essayist (d) journalist

18. Who wrote "The Ruines of Time"?
(a) Edmund Spenser (b) Thomas Sackville (c) Sir Philip Sidney (d) Chapman

19. Who was the greatest dramatist of English literature before Shakespeare?
(a) Christopher Marlowe (b) Thomas Kyd (c) Thomas Dekker (d) John Webster

20. Who wrote "The Lady of May"?
(a) Edmund Spenser (b) Philip Sidney (c) George Chapman (d) G. Chaucer

21. Who was the "Attorney General" and "Lord Chancellor" of England?
(a) J. S. Mill (b) Philip Sidney (c) Thomas More (d) Francis Bacon

22. What is the main theme of Doctor Faustus?
(a) Love (b) Thirst for power (c) Jealousy (d) Revenge

23. Who is considered to be the 'True founder of English Drama' in English Literature?
(a) Walter Scott (b) Christopher Marlowe (c) John Keats (d) Jane Austin

24. Marlowe's poem 'The Passionate Shepherd to His Love' begins with the line 'Come live with me and be my love'; which other English author wrote a famous poem beginning with this line?
(a) William Shakespeare (b) Thomas Kyd (c) John Dryden (d) John Donne

25. How many years of happiness was Dr. Faustus promised by the Devil?
(a) 16 (b) 20 (c) 24 (d) 28

26. Pick the odd one out.
(a) Macbeth (b) Hamlet (c) King Lear (d) Antigone

27. "Tambourlaine" is a famous tragedy written by —
(a) Shakespeare (b) Ben Jonson (c) Christopher Marlowe (d) G.B. Shaw

28. "Come live with me and be my love" who is the poet?
(a) J. Webster (b) C. Marlowe (c) W. Shakespeare (d) Lord Bacon

29. "Opportunity make a man thief" is quoted by —
(a) John Lyly (b) Thomas Nashe (c) Francis Bacon (d) Richard Hooker

30. Who is considered to be the "Father of English Prose"? —
(a) Francis Bacon (b) King Afred the Great (c) Henry Fielding (d) Geoffrey Chaucer

31. Who is the writer of "Doctor Faustus"?
(a) William Shakespeare (b) Richard Hooker (c) Christopher Marlowe (d) Roger Bacon

32. The poem, "The Passionate Shepherd to His Love" is written by —
(a) Ben Jonson (b) Robert Herrick (c) Christopher Marlowe (d) Thomas Gray

33. "All is fair in love and war" who told it?
(a) Confucius (b) Lord Byron (c) John Lyly (d) Wordsworth

34. Who wrote this play 'Summer Last Will'?
(a) Thomas Nashe (b) William Wordsworth (c) Jonathan Swift (d) Robert Manning

35. What is the name of Edmund Spenser's sonnet collection?
(a) Astrophel (b) Amoretti (c) The Farie Queene (d) Epithalamion

36. Edmund Spenser's 'Epithalamion' is –
(a) a wedding hymn (b) a sonnet (c) an elegy (d) short story

37. Which one is not a poetic work?
(a) The Waste Land (b) An Apology for Poetry
(c) The Canterbury Tales (d) Paradise Lost

38. Sir Philip Sidney was also a/an–
(a) actor (b) soldier (c) singer (d) teacher

39. 'Hunger is the best sauce in the world'–who told this?
(a) John Donne (b) Geoffrey Chaucer (c) Francis Bacon (d) Thomas Nashe

40. Which one is the first revenge tragedy in English Tragedy?
(a) Padre de Familia (b) The Arraignment of Paris
(c) The Spanish Tragedy (d) Gorbaduc

41. "Fair words never hurt the tongue" is quoted by —
(a) John Lyly (b) George Chapman
(c) Francis Bacon (d) Richard Hooker

42. "Reading maketh a full man; conference a ready man; writing an exact man" who quoted this?
(a) Edmund Spenser (b) John Donne (c) Francis Bacon (d) Christopher Marlowe

43. Which one of the following is a historical novel of Thomas Nashe?
(a) Summer Last Will (b) Unfortunate Travelers
(c) A Mid Summer Night's Dream (d) none of all

44. Which poem details the scenes of the marriage of Edmund Spencer?
(a) Astrophel (b) Amoretti (c) Stella (d) Novum Amour

45. Who wrote "The 48 Laws of Power"?
(a) Roger Bacon (b) Niccolo Machiavelli (c) Thomas Nashe (d) Robert Greene

Answers

01	d	02	b	03	a	04	☼	05	c	06	a	07	a	08	c	09	d	10	c
11	b	12	☼	13	c	14	d	15	☼	16	c	17	c	18	a	19	a	20	b
21	d	22	b	23	b	24	d	25	c	26	d	27	c	28	b	29	c	30	b
31	c	32	☼	33	c	34	a	35	b	36	a	37	b	38	b	39	c	40	c
41	b	42	c	43	b	44	☼	45	d										

[বিশেষ দ্রষ্টব্য: সম্প্রিয় বিসিএস প্রার্থী, উত্তরমালায় কিছু প্রশ্নের উত্তর না দেয়া থাকলেও আমরা বিশ্বাস করি আপনারা পরিপূর্ণ আত্মবিশ্বাসের সাথেই সঠিক উত্তরে বৃত্ত ভরাট করতে পারবেন।]

(1564-1616)

William Shakespeare

William Shakespeare ছিলেন একজন ইংরেজ নাট্যকার, কবি এবং অভিনেতা। তাঁকে ইংরেজি ভাষার সর্বশ্রেষ্ঠ লেখক এবং বিশ্বের সর্বকালের সেরা নাট্যকার হিসাবে বিবেচনা করা হয়। তাঁকে ইংল্যান্ডের জাতীয় কবির (**National Poet of England**) মর্যাদা দেওয়া হয়েছে। এছাড়াও তিনি তাঁর নাট্য রচনায় অবিশ্বাস্য সাফল্যের জন্য The Greatest Dramatist, The Greatest Superstar of the World, The Swan of Avon এবং The King without Crown উপাধিতে ভূষিত।

তাঁর জন্ম ২৩ এপ্রিল, ১৫৬৪- Stratford Upon Avon নামক ছোট্ট একটি গ্রাম্য শহরে। তাঁর বাবা John Shakespeare ছিলেন একজন সফল হাতমোজা (Gloves) ব্যবসায়ী ও স্থানীয় সরকারের দায়িত্বশীল কর্মচারী। মা Mary Arden ছিলেন জমিদারকন্যা ও আট সন্তানের জননী। William Shakespeare তাঁদের চতুর্থ সন্তান।



বেশ কিছু জীবনীতে পাওয়া যায় যে- Shakespeare পরিবারের আর্থিক দুরাবস্থার কারণে William এর শৈশবশিক্ষা জোটেনি। এই জীবনীগুলো অসত্য। William Shakespeare ভর্তি হয়েছিলেন King's New School in Stratford এ। স্কুলটি বানানোই হয়েছিল মধ্যবিত্ত সরকারী চাকুরেদের সন্তানদের জন্য। এই স্কুলের পাঠ্যক্রমে কড়াকড়ি ছিলো। সপ্তাহে ছয়দিন ক্লাস বসতো। বয়স সাত না হতেই ধরতে হতো ল্যাটিন, পড়তে হতো ঈশপের গল্প। এই স্কুলেই Shakespeare গ্রিক নাটকের পরিচিতি পান। তাঁর উপর প্রিয় গল্পকার Ovid এর প্রভাবও এইখান থেকেই শুরু। Shakespeare এর প্রাথমিক জীবন সম্পর্কিত ঐতিহাসিক দলিল বলতে তাঁর আঞ্চলিক Holy Trinity Church in Stratford এর নথিপত্রই ভরসা। চার্চে জন্ম, মৃত্যু ও বিবাহের তথ্য লিপিবদ্ধ থাকতো। এই নথি থেকে জানা যায় 1582 সালে মাত্র আঠারো বছর বয়সী Shakespeare বিবাহ বন্ধনে আবদ্ধ হন ছাব্বিশ বছর বয়সী Anne Hathaway এর সাথে। Anne এর পারিবারিক অবস্থান Shakespeare দের সমতুল্য ছিলো না। তিনি একজন চাষীর কন্যা ছিলেন। এই থেকে ধারণা করা যায় Anne এর সাথে William এর গভীর প্রেম ছিলো। যদিও Shakespeare সাহিত্যে তাঁর স্ত্রী অথবা ব্যক্তিজীবনের ছাপ তেমন দেখা যায় নাই। বিয়ের ছয় মাস পর Shakespeare এর প্রথম সন্তান Susanna ভূমিষ্ঠ হয়। দুই বছর পর Anne এর কোল আলো করে আসে দুই যমজ শিশু Hamnet ও Judith।

Shakespeare এর কুৎসা রটিয়ে 1592 সালে নাট্যকার Robert Greene একটি পুস্তিকা বাজারে ছাড়েন। এই পুস্তিকার সারমর্ম ছিলো "University Wits দের নাট্যজগতে এক অজানা পরভৃৎ এর আগমন"। এই "অচেনা কাক" যে Shakespeare সে বিষয়ে সন্দেহের অবকাশ নেই। Greene এর পুস্তিকা থেকেই বোঝা যায় যমজ সন্তানের পিতৃত্ব (1585) থেকে এই পুস্তিকা প্রকাশনাকাল অবধি সাত বছর সময়কালে Shakespeare তাঁর জন্মস্থান ছেড়ে লন্ডনে পাড়ি জমান ও নাট্যদলের সাথে জড়িয়ে যান।

1593 সালে প্লেগের কারণে সমস্ত শহর লকডাউনে চলে যায়। এই সময়ে Shakespeare ভাগ্যগুণে Third Earl of Southampton, Henry Wriothesley নামক এক অভিজাত ব্যক্তিকে পৃষ্ঠপোষক পেয়ে যান। এই মহামৃত্যুর প্রহরে পৃষ্ঠপোষককে উৎসর্গ ও গুণকীর্তন করে Shakespeare দুইটি কাহিনিকাব্য লিখে ফেলেন, *The Rape of Lucrece* ও *Venus and Adonais*।

Chamberlain's Men ছিলো একটা থিয়েটার গ্রুপ যারা রাজদরবার থেকে শুরু করে মধ্যবিত্ত জনসাধারণের জন্যও নাট্য পরিবেশনা করতো। এই গ্রুপের নাট্যকারদের তালিকায় ছিলেন Jonson, Dekker, Beaumont, Fletcher প্রমুখ বিখ্যাত নাম। তবে Chamberlain's Men এবং পরবর্তীতে King's Men এর ইতিহাসে শ্রেষ্ঠ নাট্যকার অবশ্যই William Shakespeare। তিনি ঠিক কবে এই নাট্যদলে নাট্যকার ও অভিনেতা ভূমিকায় জড়িয়ে যান তার নিশ্চয়তা দেয়া যায় না। তবে, এটা জানা যায় যে তিনি প্রাথমিক সাফল্যের পর প্রাপ্ত অর্থ দিয়ে এই নাট্যদলেই অর্থলগ্নি করেছিলেন। 1599 সালে যখন এরা Globe Theatre প্রতিষ্ঠা করলো, Shakespeare তখন এই নাট্যদলের অন্যতম সত্ত্বাধিকারী।

William Shakespeare কে তাঁর সময়ে Bard of Avon নামে ডাকা হতো। এই নামে ডাকার পেছনে যথাযথ কারণ ছিলো। Bard মানে – চারণকবি, যারা কথা ও গল্পের মোহজাল সৃষ্টি করে শ্রোতার মনোযোগ ধরে রাখেন। Shakespeare সেকালের নাটকে ঠিক এই বৈশিষ্ট্যগুলোরই সফল প্রয়োগ দেখিয়েছেন। সেকালে তো আর Microphone ছিলো না, আলোকসজ্জা ও মঞ্চসজ্জার আধিক্যও সম্ভব হতো না। অভিনেতারা চিৎকার করে অতি অভিনয় করতেন। দর্শকেরা সেই নাটকীয় সংলাপ শুনে আনন্দ নিতেন। নাটকের ডায়ালগ, মনোলগে তাই কাব্যিকতা জরুরী ছিলো। Shakespeare তার ট্রেডমার্ক ছন্দ **Iambic Pentameter** এ এইসব সংলাপ লিখতেন। ভাষার বাকচাতুরী আর কাহিনির সম্মোহনী ক্ষমতা দিয়ে তিনি দর্শক শ্রোতাদের মোহাবিষ্ট করে রাখতেন। তাঁর সাহিত্যসৃষ্টি ছিলো দর্শককেন্দ্রিক। মঞ্চায়নের সুবিধার্থে তাঁর প্রতিটি নাটক ছিলো পাঁচ অঙ্ক বিশিষ্ট। Shakespeare পুত্র Hamnet মাত্র ১১ বছর বয়সে অজানা রোগে মারা যায়। পুত্রের অকাল মৃত্যুশোক Shakespeare পরবর্তী নাটকগুলোতে অন্ধকারের ছায়াপাত লক্ষিত হয়। পুত্রের মৃত্যু পরবর্তী নাটকগুলো বিষন্ন, বিমর্ষ ও আধ্যাত্মিক মাত্রা লাভ করে। Shakespeare এর অন্যতম শ্রেষ্ঠ কীর্তি Hamlet এর শুরু হয় এইভাবে-

How weary, stale, flat, and unprofitable
Seem to me all the uses of this world!

1610 থেকে 1613 মধ্যবর্তী কোনও সময়ে এই মহান নাট্যকার লন্ডন ছেড়ে তাঁর জন্মভূমি Stratford এ ফিরে আসেন। থিয়েটারে অর্থলগ্নি করে ও রাজকৃপাধন্য হয়ে এতদিনে তিনি বিত্তবান। শিল্পী হিসেবে সম্মানেরও কমতি নেই। কিন্তু সুখের এই অবসর জীবন তাঁর দীর্ঘদিন উপভোগ করা হয়নি। 1616 সালে এক অজানা রোগে শয্যাশায়ী হন। জন্মদিন 23 April এ শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। তাঁকে সমাহিত করা হয় Holy Trinity Church এ যেখানে তাঁর ব্যাপ্টিজম হয়েছিলো। নিজের কবরফলকের জন্য শেষ বাকচাতুরীটি রেখে যান-

"Good friend, for Jesus' sake forbeare,
To dig the dust enclosed here.
Blessed be the man that spares these stones,
And cursed be he that moves my bones."

এই অভিশাপের ভয়েই কি না কে জানে, শেষ খবর পাওয়া পর্যন্ত ইংরেজি সাহিত্যে সর্বকালের শ্রেষ্ঠতম হিসেবে স্বীকৃত এই নাট্যকারের অস্থি কেউ চুরি করেনি!

Previous Years' BCS Preli Questions & Answers

01. 'Sweet are the uses of adversity' is quoted from Shakespeare's-[44st BCS]
(a) Julias Caesar (b) Macbeth (c) Comedy of Errors (d) As you Like it

02. "Life's but a walking shadow, a poor player,
That struts and frets his hour upon the stage,
And then is heard no more."
These memorable lines in Shakespearen tragedy are spoken by- [44st BCS]
(a) Lady Macbeth (b) Banquo (c) Duncan (d) Macbeth

03. Caliban is an important character from Shakespear's- [44st BCS]
(a) The Tempest (b) Hamlet (c) Macbeth (d) Othello

04. Where is the setting of the play 'Hamlet'? [43rd BCS]
(a) England (b) Italy (c) France (d) Denmark

05. What kind of play is 'Julius Caesar'? [43rd BCS]
(a) romantic (b) anti-romantic (c) comedy (d) historical

06. 'Shylock' is a character in the play- [41st BCS]
(a) Twelfth Night (b) The Merchant of Venice (c) Romeo and Juliet (d) Measure of Measure

07. 'Why, then, 'its none to you, for there is nothing either good or bad, but thinking makes it so.' This extract is taken from the drama- [41st BCS]
(a) King Lear (b) Macbeth (c) As You Like It (d) Hamlet

08. In Shakespeare's play Hamlet, Hamlet was prince of- [41st BCS]
(a) Norway (b) Britain (c) Denmark (d) France

09. William Shakespeare was born in- [40th BCS]
(a) 1616 (b) 1664 (c) 1564 (d) 1493

10. 'What's in a name? That which we call a rose
By any other name would smell as sweet'- Who said this? [40th BCS]
(a) Juliet (b) Romeo (c) Portia (d) Rosalind

11. 'All the perfumes of Arabia will not sweeten this little hand.'- Who said this? [40th BCS]
(a) Macbeth (b) Lady Macbeth (c) Lady Macduff (d) Macduff

12. 'To be, or not to be that is the question,' – is a famous soliloquy from– [39th BCS]
(a) Macbeth (b) King Lear (c) Othello (d) Hamlet

13. Fill in the blank.'——' is Shakespeare's last play. [37th BCS]
(a) As You Like It (b) Macbeth (c) Tempest (d) Othello

14. Shakespeare composed much of his plays in what sort of verse? [37th BCS]
(a) Alliterative verse (b) Sonnet form (c) Iambic pentameter (d) Daetylic Hexameter

15. Othello gave Desdemona —— as a token of love : [37th BCS]
(a) Ring (b) Handkerchief (c) Pendant (d) Bangles

16. Shakespeare's 'Measure for Measure' is a successful– [36th BCS]
(a) tragedy (b) comedy (c) tragi-comedy (d) melodrama

17. 'Frailty thy name is woman'–is a famous dialogue from. [36th BCS]
(a) Christopher Marlowe (b) John Webstar (c) W. Shakespeare (d) T.S. Eliot

18. 'The Merchant of Venice' is a Shakespearean play about– [36th BCS]
(a) a Jew (b) a Moor (c) a Roman (d) a Turk

19. Othello is a Shakespeare's play about — [35th BCS]
(a) A Jew (b) A Roman (c) A Turk (d) A Moor

20. Who wrote the plays, 'The Tempest' and 'The Mid Summer Night's Dream? [29th BCS]
(a) Ben Johnson (b) Christopher Marlowe (c) John Dryden (d) William Shakespeare

21. Julius Caesar was the ruler of Rome about– [28th BCS]
(a) 100 years ago (b) 1500 years ago (c) 2000 years ago (d) 3000 years ago

22. Shakespeare is known mostly for his– [16th BCS]
(a) Poetry (b) Novels (c) Autobiography (d) Plays

Answers

01	d	02	d	03	a	04	d	05	d	06	b	07	d	08	c	09	c	10	a
11	b	12	d	13	c	14	c	15	b	16	b	17	c	18	a	19	d	20	d
21	c	22	d																

WILLAIM SHAKESPEARE এর গ্রন্থবিবরণী

Shakespeare এর প্রাপ্ত রচনাবলির মধ্যে রয়েছে ৩৭ টি নাটক, ১৫৪টি সনেট, দুইটি দীর্ঘ বর্ণনামূলক কবিতা এবং অন্যান্য কিছু রচনা। তাঁর নাটকগুলো প্রায় প্রতিটি ভাষায় অনূদিত হয়েছে এবং অন্য কোনও নাট্যকারের তুলনায় তাঁর নাটকগুলো এখনও অনেক বেশি অভিনীত হয়। তাঁর সৃষ্টি ও জীবন নিয়ে আজও বিস্তর গবেষণা চলছে।

Drama

Shakespeare তাঁর বেশিরভাগ বিখ্যাত সাহিত্যকর্মগুলো 1589 থেকে 1613 সালের মধ্যে রচনা করেছিলেন। তাঁর প্রথম দিকের নাটকগুলো মূলত Comedy এবং History ঘরানার ছিল এবং নাটকগুলো এই ঘরানার মাঝে সেরা কাজগুলোর কয়েকটি হিসাবে বিবেচিত হয়। এরপর তিনি 1608 পর্যন্ত মূলত Tragedy লিখেছিলেন, এর মধ্যে *Hamlet, Romeo and Juliet, Othello, King Lear* এবং *Macbeth* ইংরেজি ভাষারই শ্রেষ্ঠ রচনা হিসেবে মনে করা হয়। জীবনের শেষ পর্যায়ে তিনি কিছু Tragi-comedy (Problem Play হিসেবেও পরিচিত) লিখেছিলেন এবং অন্যান্য নাট্যকারের সাথে Collaboration করেছিলেন। Shakespeare মোট ৩৭টি নাটক রচনা করেছেন। এর মধ্যে ২৫টি রানি এলিজাবেথের জীবদ্দশায় অর্থাৎ Elizabethan যুগে রচিত, বাকিগুলো Jacobean যুগে। তিনি জীবিত থাকা অবস্থায় ১৮টি নাটক গ্রন্থাকারে প্রকাশিত হয়। তিনি মূলত Tragedy, Comedy, Tragi-comedy ও Historical ধারার নাটক লিখেছেন।

Tragedies

Antony and Cleopatra	Coriolanus	Cymbeline	Hamlet
Julius Caesar	King Lear	Macbeth	Othello
Romeo and Juliet	Timon of Athens	Titus Andronicus	Troilus and Cressida

Comedies

All's Well That Ends Well	As You Like It	The Comedy of Errors	A Midsummer Night's Dream
Measure for Measure	The Merchant of Venice	The Marry Wives of Windsor	The Two Gentleman of Verona
Much Ado About Nothing	Twelfth Night	The Taming of the Shrew	
The Winter's Tale	The Tempest	Love's Labour's Lost	

Histories

Henry IV, Part 1	Henry IV, Part 2	Henry V	Henry VI, Part 1	Richard II
Henry VI, Part 2	Henry VI, Part 3	Henry VIII	King John	Richard III

Selected Poems

Venus and Adonis	The Rape of Lucrece	The Passionate Pilgrim	The Phoenix and the Turtle
A Lover's Complaint	Shakespeare's Sonnets	A Funeral Elegy	To the Queen

Sonnets

Shakespeare 154 টি সনেট রচনা করেন এবং তিনি সনেট রচনায় নিজস্ব একটি ধারা সৃষ্টি করেন যা Shakespearean Sonnet নামে পরিচিত। তিনি তাঁর বেশির ভাগ সনেট বন্ধু Earl of Southampton কে উৎসর্গ করেন। তবে 26 টি সনেট অজানা কোন Dark Lady কে উদ্দেশ্য করে রচিত। তাঁর সনেট লেখার ভঙ্গিতে তিনি ৩টি Quatrains এবং একটি Couplet ব্যবহার করেন (4+4+4+2)। এগুলো তে অন্ত্যমিলের ধারা ছিলো: abab, cdcd, efef, gg

তাঁর বিখ্যাত সনেটগুলো হলো: *"Sonnet 20", "Sonnet 1", "Sonnet 73", "Sonnet 29", "Sonnet 130", "Sonnet 116" ও "Sonnet 18"*

WILLAIM SHAKESPEARE এর গুরুত্বপূর্ণ সাহিত্যকর্ম

Romeo and Juliet



নাটকের পটভূমি ইতালির Verona শহর। সেখানে Montague ও Capulet দুই প্রভাবশালী পরিবার। এদের মধ্যে চরম বৈরিতা। কিছুদিন পরপরই মারামারি লেগে যায়। বিরক্ত হয়ে রাজপুত্র ঘোষণা দিলেন, পরবর্তী ঝামেলা যে শুরু করবে তাকে হত্যা করা হবে। পরবর্তী ঝামেলাটা শুরু করে Montague পরিবারের Romeo। সবান্ধব Capulet পার্টিতে উপস্থিত হয়ে সে Juliet কে দেখামাত্রই প্রেমে পড়ে। সন্ন্যাসী Laurence এর সাহায্য নিয়ে তারা বিয়েটাও সেরে ফেলে।

বিয়ের আনন্দ উদ্‌যাপনে বাগড়া দেয় Juliet এর খালাতো ভাই Tybalt। সে Romeo এর বন্ধু Mercutio কে খুন করে। প্রতিশোধপরায়ণ Romeo খুন করে Tybalt কে । এই খবর রাজপুত্রের কানে গেলে সে Romeo কে নির্বাসনে দেয়।

জুলিয়েটের বাবা ইতোমধ্যে Juliet এর সাথে Paris এর বিয়ে ঠিক করে। বিয়ে থেকে বাঁচতে Laurence এর সহায়তায় Juliet মৃত্যুর ভান করে পড়ে থাকে। ইতোমধ্যে Romeo এসে দেখে Juliet মৃত পড়ে আছে। দুঃখে সেও বিষপানে আত্মহত্যা করে। Juliet ভনিতা ছেড়ে উঠে দেখে রোমিও মৃত পড়ে আছে। সেই লাশের পাশে সে-ও বুকে ছুরি বসিয়ে আত্মহত্যা করে। মৃত্যুর মাধ্যমে দুজনের মিলন হয়।



King Lear

কাহিনির বিচারে *King Lear* সম্ভবত Shakespeare এর সরলতম আখ্যান। চিরকাল অবহেলিত- এমন চরিত্রের প্রতি মানুষের সহজাত করুণামিশ্রিত ভালোবাসার অনুভূতিকে ব্যবহার করে উপস্থিত দর্শক শ্রোতাদের একটি হৃদয়বিদারক মুহূর্ত উপহার দিয়েছেন।

নাটকটিতে দেখা যায়, King Lear তার তিন কন্যা Goneril, Regan ও Cordelia এর মধ্যে রাজ্য ভাগ করে দিয়ে রাজ্য শাসন থেকে অবসর নিয়ে আরামে জীবন যাপনের সিদ্ধান্ত নেন। তিনি এই শর্ত আরোপ করেন যে, তিনি তার লোকবর্গ নিয়ে মেয়েদের তত্ত্বাবধানে জীবন যাপন করবেন। একে একে তার বড় ও মেজো মেয়ে Goneril ও Regan তার সাথে বিশ্বাসঘাতকতা করে। কিন্তু ছোট মেয়ে Cordelia, যাকে Lear প্রথমে তার সম্পত্তি থেকে বঞ্চিত করেছিল, সে ই তার বাবার চরম দুর্দশার সময় পাশে দাঁড়ায় এবং বাবার কারণেই তাকে জীবন দিতে হয়।

Julius Caesar

বীর Julius Caesar প্রায় ২০০০ হাজার বছর পূর্বে খ্রিষ্টপূর্ব ৪৬ সালে রোমের সম্রাট হয়েছিলেন। তাঁর খ্যাতিতে ঈর্ষান্বিত হয়ে Cassius, Casca সহ রোমের একদল অভিজাত মানুষ সিজারের বন্ধু Brutus কে তার বিরুদ্ধে উত্তেজিত করে। এই কাজে তারা মিথ্যে দলিলের আশ্রয় নেয়।

অবশেষে সিনেট অধিবেশনের দিন (The Ide of March) একের পর এক ছুরিকাঘাত করে Caesar কে হত্যা করা হয়। শেষ তলোয়ার এর আঘাত করে Caesar এর বন্ধু Brutus, তা দেখে সিজার আর্তনাদ করে উঠে- "ব্রুটাস তুমিও!" (Et Tu, Brute!)

Caesar এর মৃত্যুর পর তার আরেক বন্ধু Antony জনগণকে বোঝাতে সক্ষম হয়, Caesar এর সাথে কী অন্যায় করা হয়েছে। জনগণের ধাওয়ায় ষড়যন্ত্রকারীরা পালাতে বাধ্য হয়। পলাতক ষড়যন্ত্রকারীরা কিছুদিন পর রোমের দখল পুনরায় অর্জন করার জন্য সামরিক প্রস্তুতি গ্রহণ করে। এদিকে Brutus নিজের অবস্থান নিয়ে বিবেকের দংশনে ভুগে। স্ত্রী Portia এর আত্মহননের খবর পৃথিবীর প্রতি তাঁর শেষ যোগসূত্রটিও বিচ্ছিন্ন করে। ষড়যন্ত্রকারী বাহিনীকে দমন করতে Antony ও Octavius তাদের বাহিনী নিয়ে হাজির হন। পরাজয়ের দ্বারপ্রান্তে এসে আত্মসম্মান রক্ষায় Cassius ও Brutus উভয়েই আত্মহত্যা করেন। Antony ব্রুটাসের শেষকৃত্য সসম্মানে সম্পন্ন করেন।



Measure for Measure

কমেডি হিসেবে সর্বপ্রথম গ্রন্থিত হলেও এটি Shakespeare এর অন্যতম একটি Problem Play (Tragi-Comedy). এই নাটকের মূল বিষয়বস্তু হলো ন্যায়বিচার। ভিয়েনা শহরের প্রেক্ষাপটে নৈতিকতা, ক্ষমা, দুর্নীতি, শুদ্ধতা- এধরনের বিষয়গুলো এ নাটকে দেখানো হয়েছে।

মূল গল্প শুরু হয় Viena শহরে গড়ে ওঠা মদ্যশালা ও পতিতাপল্লিগুলো বন্ধ করার প্রচেষ্টা থেকে। Duke এই কাজটি করতে অস্বীকৃতি জানিয়ে Angelo নামে এক শিষ্যকে দায়িত্ব দিয়ে চলে যান। Angelo ক্ষমতায় এসে পুরাতন আইন পুনপ্রবর্তন করেন। সেরকম একটি আইনে Claudio তার প্রেমিকাকে সন্তানসম্ভবা করার দায়ে মৃত্যুদণ্ডে দণ্ডিত হন। Claudio এর বোন Isabella ভাইয়ের জীবন ভিক্ষা করতে Lord Angelo এর কাছে যান। Angelo বলে, Isabella যদি তার কুপ্রস্তাবে একবার সাড়া দেয়, তবে সে বিষয়টা ভেবে দেখতে পারে। এইদিকে, শহরছাড়া Duke আসলে এক সন্ন্যাসীর ছদ্মবেশে ঘুরে বেড়াচ্ছেন। Duke এর কানে Isabella এর ঘটনা এলে, দু'জনে মিলে ফন্দি আঁটেন। Angelo এর চরিত্র উন্মোচন করতে তার প্রাক্তন প্রেমিকা Mariana কে Isabella এর স্থলে প্রেরণ করেন। এতে করে Angelo ও Claudio এর মতো একই দোষে দায়ী হবে। শেষ দৃশ্যে Duke আবার নিজের অবস্থানে ফিরে আসেন এবং সব অপরাধের বিচার করেন।

As You Like It

Shakespeare এর সবচেয়ে জনপ্রিয় কমেডিগুলোর মধ্যে *As You Like It* একটি। এই নাটকে তাঁর সেই বিখ্যাত উক্তি *"The World is a Stage"* ও বিখ্যাত কবিতা *Under the Greenwood Tree* অন্তর্ভুক্ত।

গল্পের মূল পটভূমিতে আছে Rosalind ও Orlando এর প্রেম। Orlando এর বাবা সম্প্রতি মারা গেছে। পৈত্রিক সম্পত্তির উত্তরাধিকার সূত্রে বড় ভাই Oliver তার পেছনে গুন্ডা লেলিয়ে রেখেছে। সেই গুন্ডার সাথে আয়োজিত মারামারি দেখে Orlando এর প্রেমে পড়ে Rosalind; Orlando, Rosalind এর প্রেমে জড়িয়ে পড়ে।

এইদিকে Rosalind এর বাবা Duke Senior কে ক্ষমতাচ্যুত করে বনবাসে পাঠান তার ছোট ভাই Duke Frederick; তবে Rosalind কে রেখে দেন নিজের কাছেই। Frederick এর কন্যা Celia এর সাথে আবার Rosalind এর খুব ভাব। Frederick এর রোষানল থেকে এক পর্যায়ে Rosalind ছেলে মানুষের ছদ্মবেশে জঙ্গলে পালান। ভাইয়ের ষড়যন্ত্র থেকে বাঁচতে Orlandoও পালিয়ে বনে চলে যান। সবার স্থান হয় Forest of Arden নামক বনে। সেখানে প্রেমবেদনায় জর্জরিত Orlando কে সারিয়ে তোলার প্রস্তাব দেন ছদ্মবেশধারী Rosalind। প্রেমব্যাথা সারানোর অজুহাতে কপোত কপোতী একে অন্যকে কাছ থেকে দেখার সুযোগ পায়। সেইসাথে বনবাসী পিতার সাথে Rosalind এর মিলনটাও হয়ে যায়। সবাই মিলে পরিকল্পনা করে চার জোড়া বিয়ের আনন্দে এই কাহিনি শেষ হয়।



The Comedy of Errors

Shakespeare রচিত প্রথমদিকের নাটকগুলোর অন্যতম। তাঁর কমেডিগুলোর মধ্যে এটিই সংক্ষিপ্ততম এবং সর্বাধিক হাস্যরসপূর্ণ। এই নাটকে Aristotelian principle of unity of time মানা হয়েছে অর্থাৎ নাটকীয় ঘটনাবস্তুর সময়কাল অনধিক চব্বিশ ঘণ্টা। নাটকের শুরু গ্রিক শহর Ephesus এ আয়োজিত এক বিচারসভায়। Syracuse থেকে আসা Egeon এর বিচার চলছে। Ephesus শহরে Syracuse শহরের মানুষদের প্রবেশাধিকার নেই। সে তাহলে Egeon কেন এলো, সেই উত্তরই এই নাটকের উপজীব্য।

বহু বছর আগে এক জাহাজডুবিতে Egeon এর স্ত্রী Emilia, যমজ দুই ছেলের একজন Antipholus ও যমজ দুই ভৃত্যের একজন Dromio হারিয়ে যায়। নিজের কাছে রয়ে যাওয়া এক ছেলে ও এক ভৃত্যকে এতোদিন Egeon বড় করেছে। এখন Egeon এর ছেলে ও ভৃত্য দুইজন তাদের হারিয়ে যাওয়া ভাইদের খুঁজতে বেরিয়েছে। তারা জানতে পেরেছিলো যে, ওরা Ephesus শহরে চলে এসেছে। তাদের পিছুপিছু Egeon ও তাদের দেখভাল করতে এসেছে।

এদিকে দুই জোড়া জমজ একই শহরে ঘুরে বেড়ানোয় অনেক হাস্যকর ঘটনা তৈরি হয়। যেমন Ephesus শহরের Dromio রাস্তা থেকে Syracuse শহরের Antipholus কে ধরে আনে রাতের খাবার খেতে। এদিকে Ephesus শহরের Antipholus এর স্ত্রী Adriana অভিমানে বাকরুদ্ধ হয়ে যায়, স্বামীর এতো দেরী হলো কেন! ওইদিকে তার আসল স্বামী ঘরে ঢুকতে চায়, কিন্তু তার ভৃত্য তাকে আগন্তুক ভেবে তাড়িয়ে দেয়। এমন আরো অনেক মজার ঘটনা ঘটতে থাকে। অবশেষে বিচারসভায় সবার ভুল ভাঙ্গে। Egeon তার হারানো পরিবারকে ফিরে পায়।

Twelfth Night



এই নাটকটির অন্য নাম *Or, What You Will.* এই নাটকটিতে জাহাজডুবিতে বিচ্ছিন্ন হওয়া যমজ ভাইবোনের গল্প বলা হয়েছে যারা ঘটনাক্রমে আবার মিলিত হয় এবং নানা নাটকীয় ঘটনা ঘটতে থাকে।

Viola মনে করে তার জমজ ভাই Sebastian মারা গেছে। Sebastianও মনে করে তার বোন Viola মারা গেছে। Viola ছেলে সেজে Duke Orsino এর বাড়িতে কাজ করতে যায়। Viola প্রেমে পড়ে Orsino এর। এদিকে Duke এর ভালোবাসা Olivia এর প্রতি। Olivia কে পটাতে Duke ছেলেরূপধারী Viola কে পাঠায়। কিন্তু Olivia সেই ছেলেরূপী Viola কে ভালোবেসে ফেলে। এদিকে শহরে আসে Sebastian। অনেক ঘটনা দুর্ঘটনা শেষে Sebastian এর বিয়ে হয় Olivia এর সাথে। Viola ও শেষমেশ Orsino এর ভালোবাসা জয় করে নেয়।

A Midsummer Night's Dream

নাটকে দেখা যায়, পৌরাণিক গ্রিক রাজা Theseus এবং Amazon এর রানি Hippolyta এর বিয়ে হবে। এর মধ্যে সভাসদ Egeus এসে বিচার চাইলো রাজার কাছে। তার আর্জি, রাজা যেন তার মেয়ে Hermia কে বাধ্য করেন তার পছন্দের পাত্র Demetrius এর সাথে বিয়ের পিঁড়িতে বসতে। কিন্তু Hermia পছন্দ করে Lysander কে। রাজা তখন আদেশ দেন, Hermia কে পিতার পছন্দেই বিয়ে করতে হবে অথবা সন্ন্যাসী হয়ে বেঁচে থাকতে হবে। এই অন্যায্য রায় থেকে পালিয়ে যাওয়ার সিদ্ধান্ত নেয় Hermia-Lysander প্রেমিক জুটি। এইদিকে হবু বধু Hermia এর প্রেমাসক্ত Demetrius প্রেমিক জুটির পিছু নেয়। আবার তার পিছু যায় Demetrius এর প্রেমাসক্ত Hermia এর বান্ধবী Helena। এদিকে বনে পরীদের রাজা Oberon তার অবাধ্য স্ত্রী Titania এর উপর বেজায় রুষ্ট। স্ত্রীকে শাস্তি দিতে সে ভৃত্য Puck কে দিয়ে বেগুনী ফুলের রস আনায় যা কারো চোখে মাখলে সে পরবর্তী যাকে দেখে তারই প্রেমে পড়ে। এই ফুল ব্যবহার করে সে তার স্ত্রীকে একটি গাধার প্রেমে পড়ায়। এরপর বিরহতপ্ত Helena এর অনুরোধে সে Puck কে পাঠায় Demetrius এর চোখে রস মেখে দিতে। Puck ভুল করে রস মাখে Lysander এর চোখে। পরে আবার Demetrius এর চোখেও রস মেখে দিলে Demetrius ও Lysander উভয়েই ছোটে Helena এর পিছে। এই নিয়ে ব্যাপক হাস্যরস সৃষ্টি হয়।

অবশেষে অন্য এক প্রতিকারক রস মেখে সবার প্রতি প্রেমকাতরতা কাটানো হয়। অবশেষে সঠিক জুটিদের বিয়ে হয়। সেই বিয়ের অনুষ্ঠানে মঞ্চস্থ হয় শ্রমিকদের অভিনীত বিরহ নাটক Pyramus and Thisbe।

The Rape of Lucrece

1552 সালে প্রকাশিত *The Rape of Lucrece* হলো একটি দীর্ঘ কবিতা বা Narrative Poem যা ছিলো Shakespeare এর প্রথম মুদ্রিত কবিতা। এর কাহিনিকল্প রোমান উপকথা থেকে সংগৃহীত।

রোমান জেনারেল Collatine তার বন্ধু আরেক রোমান জেনারেল Tarquin এর কাছে তার স্ত্রী Lucrece এর উচ্ছ্বসিত প্রশংসা করেন। প্রশংসা শুনে অদেখা বন্ধুপত্নীর প্রতি Tarquin এর প্রবল উত্তেজনা জন্ম নেয়। সে বিভিন্ন দৃষ্টিকোণ থেকে তার মনস্তাত্ত্বিক পরিস্থিতির বিশ্লেষণ করে। শেষমেশ আবেগের জয় হয়। বন্ধুর অনুপস্থিতিতে সে Lucrece এর আতিথ্য গ্রহণ করে। Lucrece সরল মনে স্বামীর বন্ধুকে আপ্যায়ন করে। সে রাতে সম্ভোগের উদ্দেশ্যে Lucrece এর কক্ষে যায় Tarquin; যাত্রাপথে বিভিন্ন ছোটখাটো বাঁধা তার পথ আটকায়- তালা ভাঙা থেকে শুরু করে মশাল নেভা পর্যন্ত। এগুলোকে সে তার যোগ্যতার পরীক্ষা হিসেবে গ্রহণ করে। অবশেষে, Tarquin প্রবেশ করে Lucrece এর ঘরে। তার ভয়ার্ত অশ্রু ও প্রবল বাধা বলপূর্বক থামিয়ে Tarquin তাকে ধর্ষণ করে। তারপর এই ঘটনা গোপন রাখার পরামর্শ দিয়ে সে প্রস্থান করে। এদিকে Lucrece আত্মহননের কথা ভাবতে থাকে, সে রাত যেন শেষ না হয়! ভোর হলে যেন কী অনিষ্ট ঘটে যাবে! আবার তার মনে হয়, রাতটা কেন এলো? এই রাতের নিষ্ঠুর আঁধারের সুযোগ নিয়েই তো তার সর্বস্ব নিয়ে গেল! এসব ভাবতে ভাবতে, মানুষের কামুক দিকটি নিয়ে প্রচণ্ড বিদ্বেষে সে আক্রোশ ঝাড়ে ট্রোজান যুদ্ধের ওপর আঁকা এক ছবির ওপর, ছিড়ে কুটি কুটি করে ফেলে তা।

অবশেষে সকাল হয়। Lucrece এর স্বামী Collatine ঘরে ফেরে। তাকে ধর্ষণের ব্যাপারটা জানিয়ে Lucrece নিজের বুকে ছুড়ি গেঁথে লজ্জামুক্ত হয়। Collatine ও তার সৈন্যদল Tarquin এর বিরুদ্ধে প্রতিশোধের মন্ত্র নিয়ে বের হয়।

The Tempest

Shakespeare রচিত শেষ নাটক এটি, এটাকে তাই বলা হয় তাঁর Swan Song **(Last work)**; এই নাটকে যাদু, বিশ্বাসঘাতকতা, প্রতিশোধ, পরিবার– এই বিষয়গুলো এসেছে। নাটক শুরু হয় এক Tempest বা দুরন্ত এক ঝড়ের দৃশ্য দিয়ে। নাটকের মূল চরিত্র মিলানের প্রাক্তন ডিউক Prospero যিনি একই সাথে একজন জাদুকরও। তার অনুগত দুই অশরীরী শক্তি – বায়বীয় আত্মা Ariel এবং হিংস্র দানব Caliban। Prospero ঐ ঝড়টি ঘটিয়েছে Ariel এর সহায়তায়। এই ঝড়ে বিপর্যস্ত জাহাজে ছিলো মিলানের বর্তমান ডিউক Antonio; যার ষড়যন্ত্রে মেয়ে Miranda সহ Prospero কে মিলান ছেড়ে পালাতে হয়েছিল। ঝড়ে বিপর্যস্ত জাহাজে আরও ছিলেন Naples এর রাজা ও তার ছেলে Ferdinand। বিপর্যয়ের পর রাজা তার ছেলেকে খুঁজে পাচ্ছিলেন না। Ferdinand বেঁচে ছিলো, সাঁতরে উঠেছিলো দ্বীপের অন্যপাড়ে। সেখানে Miranda এর সাথে তার দেখা হয় ও প্রেমে পড়ে যায়। এই নির্জন দ্বীপে Prospero আসার আগে শুধু Caliban থাকতো। Prospero তাকে দাস বানিয়ে দমন করে রেখেছে। Ariel এর সাথেও Prospero এর আচরণ এরকমই। এরা দুজনেই মুক্তি চায়। Ariel সরাসরি মুক্তি চায়; অন্যদিকে Caliban ষড়যন্ত্র করে Prospero কে হত্যা করার। Ariel এর আধ্যাত্মিক ক্ষমতার জোরে Caliban এর পরিকল্পনা ব্যর্থ হয়। Ariel এর সহায়তায় একটি কক্ষে সব দোষীদের একত্র করে Prospero এক দীর্ঘ বক্তৃতা দিয়ে তাদের ক্ষমা করে দেন। Ariel ও Caliban উভয় কে মুক্তি দিলেও তার বিরুদ্ধে ষড়যন্ত্রের দায়ে Caliban কে শাসিয়ে দেন। Ferdinand এবং Miranda'র প্রেম Naples ও Milan এর ভুল বুঝাবুঝি দূর করে। এতে Prospero তার রাজত্ব ফেরত পায় এবং মিলনের আনন্দে নাটক শেষ হয়।

WILLIAM SHAKESPEARE এর সাহিত্যে প্রধান চরিত্রসমূহ

Hamlet from *Hamlet*



Shakespeare এর লিখিত দীর্ঘতম নাটক *Hamlet* । এই ট্রাজেডিকে নাট্যকারের শ্রেষ্ঠতম কীর্তি হিসেবেও বিবেচনা করেন অনেকে। এই বৃহৎ নাটকের কেন্দ্রীয় চরিত্র Hamlet, the prince of Denmark.

ডেনমার্কের Elsinore দুর্গে Hamlet এর বাল্যবন্ধু Horatio ও দুর্গপ্রহরীরা একটি ভূত দেখতে পায়। তাদের ধারণা ভূতটি Hamlet এর বাবা সদ্য প্রয়াত রাজার। সেই ভূত কিছুক্ষণ পর পুত্র Hamlet এর সামনেও উপস্থিত হয়। Hamlet সেই ভূতের কাছে জানতে পারে যে তার চাচা Claudius তার বাবাকে হত্যা করে মা Gertrude এর সাথে সংসার পেতেছে। সে তখন এর প্রতিশোধ নেওয়ার জন্য মনস্থির করে। হ্যামলেট যুক্তিবাদী মানুষ। সে বিভিন্ন আঙ্গিকে প্রতিশোধের যৌক্তিকতা ভাবতে থাকে। ভূত দেখা নিয়েও তার সন্দেহ হয়। ব্যাপারটা নিশ্চিত হতে সে পাগলের মতো আচরণ করে, যেন তাকে পাগল ভেবে তার সামনে মা ও চাচা সত্য বলে ফেলে। এই পরিকল্পনা সফল না হলে সে একটা নাটক মঞ্চস্থ করে যার কাহিনি তার পিতৃহত্যার অনুরূপ। এই নাটক দেখে চাচা Claudius এর অভিব্যক্তি দর্শনীয়ভাবে বদলে যায়, সে মঞ্চ ছেড়ে পালায়। ভূতের দাবি মোটামুটি প্রমাণিত। তবুও শেষ স্বীকৃতি পেতে Hamlet তার মায়ের কক্ষে যায়। এইদিকে পাগলাটে Hamlet এর হাত থেকে তার মা Gertrude কে বাঁচানোর জন্য সভাসদ Polonius ও তার পিছু পিছু Gertrude এর ঘরে যায়। লুকিয়ে নজর রাখার সময় Polonius শব্দ করে বসে। সেই শব্দ লক্ষ করে তরবারি চালিয়ে Hamlet হত্যা করে Polonius কে। সে মনে করে Polonius ও তার মায়ের আরেক প্রেমিক।

Polonius এর কন্যা Ophelia হ্যামলেটকে ছোটবেলা থেকেই ভালোবাসত। বাবাকে হত্যা করার পর Hamlet তার সাথে সম্পর্ক ছিন্ন করে। এই দুঃখে Ophelia পুকুরে ডুবে মরে। বোনের মৃত্যুর প্রতিশোধ নিতে Ophelia এর ভাই Laertes হ্যামলেটকে তরবারিযুদ্ধে আহবান করে। এই যুদ্ধে Hamlet যেন মারা যায় তার জন্য চাচা Claudius তরবারিতে বিষ মিশিয়ে রাখে। অন্যদিকে চাচাকে হত্যা করার জন্য তার পানীয়তে বিষ দিয়ে রাখে Hamlet। Hamlet এর মেশানো বিষে মৃত্যু হয় মা Gertrude এর। তরবারিযুদ্ধে Hamlet ও Laertes দুইজনই মারা যায়। তবে মৃত্যুর পূর্বলগ্নে Hamlet তার প্রতিশোধ সম্পন্ন করে। তার তরবারির আঘাতে চাচা মারা যায়। এই গল্পটি বলার জন্য বন্ধু Horatio ছাড়া আর কেউ বেঁচে থাকে না।

Iago from *Othello*

Shakespeare এর জনপ্রিয় ট্রাজেডিগুলোর মধ্যে *Othello* নামটি শুরুর দিকেই আসে। এই নাটকের খলনায়ক Iago।

Othello ইতালির Venetian সেনাদলের একজন উচ্চপদস্থ বীর যোদ্ধা। পদাধিকারবলে গণ্যমান্য হলেও জাতিতে Moorish হওয়ায় তাকে Desdemona এর পরিবারের অংশ হিসেবে মেনে নেওয়া কঠিন। Othello ও Desdemona তাই গোপনে বিয়ে করে।

Othello এর সেনাদলে কাজ করে Iago। সে সম্প্রতি Lieutenant পদপ্রার্থী হিসেবে নিজের কথা ভেবেছিল। কিন্তু Othello তাকে একেবারেই অবহেলা করে সে স্থানে বন্ধুপ্রতিম Cassio কে বসায়। একারণে ঈর্ষায় জ্বলেপুড়ে Iago ষড়যন্ত্রে লিপ্ত হয় Roderigo এর সাথে। সে Desdemona কে পছন্দ করতো। প্রথমে তারা Desdemona এর পিতা Brabantio কে তার কন্যার গোপন বিয়ের কথা জানায়। এই বিয়ে নিয়ে মামলার শুনানির ফল অনুযায়ী Brabantio তার কন্যাকে ত্যাজ্য করে। Othello দম্পতি রওনা হয় আগ্রাসী তুর্কি বাহিনীকে প্রতিহত করতে। তাদের সঙ্গী হয় Iago দম্পতি ও Cassio। Othello কে দমন করার দ্বিতীয় প্রচেষ্টা হিসেবে Iago তার বউ Emilia এর মাধ্যমে Desdemona এর রুমাল চুরি করায়। স্ট্রবেরি আঁকা এই রুমালটি ছিলো Desdemona আর Othello এর প্রেমের প্রথম স্মারক। Iago এই রুমালটি Cassio এর ঘরে স্থাপন করে আর Othello কে উত্তেজিত করে এই বলে যে Cassioর সাথে Desdemona এর প্রেম আছে। মদ পান করিয়ে Iago ষড়যন্ত্রসঙ্গী Roderigo এর সাথে Cassio এর মারামারি ঘটায়। এর রেশ ধরে Cassio কে Othello বরখাস্ত করে। এইদিকে Cassio এর সাথে Desdemona এর বন্ধুত্বপূর্ণ সম্পর্ক ছিলো। সে তার স্বামীর কাছে Cassio কে স্বপদে প্রত্যাবর্তনের বিষয়ে তদবির করেন। এতে Othello এর সন্দেহ দৃঢ় হয়। সে যখন রুমালটা খুঁজে পায় Cassio এর ঘরে তখন আর আত্মসংবরণ করতে পারে না, বালিশ চেপে শ্বাসরোধ করে Desdemona কে খুন করে Othello।

Lady Macbeth from *Macbeth*

Macbeth নাটকটি Shakespeare এর ক্ষুদ্রতম ট্রাজেডি। কাহিনি ও মোটিফের ব্যবহারের কারণে এটিও এই মহান নাট্যকারের অন্যতম সেরা কাজ হিসেবে স্বীকৃত। Lady Macbeth এই নাটকের অন্যতম আকর্ষণীয় খলচরিত্র। তার আগে সব নারী প্রতিনায়ক (Anti-hero) এর চরিত্র চিত্রিত হতো যৌনতার আঙ্গিকে। Lady Macbeth প্রতিষ্ঠিত এই ধারার সফল ব্যতিক্রম।

স্কটল্যান্ডের দুই জেনারেল Macbeth ও Banquo একদিন বনে যেতে যেতে তিন ডাইনিবোনের (Witch Sisters) দেখা পান। সেই ডাইনিরা ভবিষ্যদ্বাণী দেন যে Macbeth রাজা হবেন ও Banquo এর সন্তানেরা পরবর্তী রাজা হবেন।

Lady Macbeth প্রতিজ্ঞা করলেন যে করেই হোক Macbeth কে রাজা বানিয়েই ছাড়বেন। Lady Macbeth তার দুর্বলচিত্ত স্বামীকে অনেক বুঝিয়ে তাদের রাজা Duncan কে হত্যার জন্য রাজি করেন। রাজার প্রহরীদের ওষুধ খাইয়ে ঘুমকাতুরে বানিয়ে এই হত্যাকাণ্ড আরও সহজ করে দেন। হত্যাকাণ্ডের সময় অভিজাত Lord MacDuff হাজির হলে রক্তমাখা ছুরিটা Lady Macbeth কৌশলে গোপন করেন। Macbeth রাজা হয়ে তার ক্ষমতার ব্যাপারে ভীতিপ্রবণ হয়ে ওঠেন। তিনি পুনরায় ডাইনিবোনদের খুঁজে বের করে জানতে পারেন, Birnaam Wood বনটি আক্রমণ করে তার রাজ্যের পতন ঘটাবে। আর তার মৃত্যু হবে এমন লোকের হাতে যে মায়ের গর্ভ থেকে জন্মায় নাই।

এমন লোকের খোঁজে ম্যাকবেথের নৃশংস হত্যাকাণ্ডে রাজ্যশূন্য হয়ে যায় এমন অবস্থা। এই হত্যাযজ্ঞে খুন হয় অভিজাত Macduff পরিবারের লোকজন। বিরহকাতর MacDuff খুঁজে বের করেন Banquo এর ছেলে Malcolm কে। ম্যালকমকে নিয়ে Birnaam Wood ব্যবহার করে আক্রমণ করেন ম্যাকডাফ ম্যালকমের মিলিত বাহিনী। বিবেকদংশনে Lady Macbeth আত্মহত্যা করেন। Macbeth এর মৃত্যু হয় MacDuff এর হাতে যার জন্ম হয়েছিল সার্জারিতে, গর্ভ থেকে নয়।

Cleopatra from *Antony and Cleopatra*

জুলিয়াস সিজারের হত্যাকাণ্ডের পর Mark Antony, Octavius Caesar এবং Lepidus রোমের শাসন কর্তায় পরিণত হন। Antony মিশরে থাকাকালীন মিশরের রানি Cleopatra'র সাথে প্রেমের সম্পর্ক গড়ে উঠে এবং Antony মিশরেই অবস্থানের সিদ্ধান্ত নেয়। কিন্তু Pompey রোমে অশান্তি শুরু করে এবং Antony'র স্ত্রী Fulvia মারা যাওয়ায় রোমে শান্তি ফিরিয়ে আনতে Octavius Caesar এর বোন Octavia কে বিয়ে করে Antony চুক্তি করেন। এই ঘটনায় Cleopatra ঈর্ষান্বিত হলেও এবং রোমে এসে বুঝতে পারে Octavia তাদের প্রেমের পথে বাধা নয়। কিন্তু Octavius এবং Pompey এর মধ্যে যুদ্ধ শুরু হলে Octavia কে রোম পাঠিয়ে Antony মিশর চলে যায়। Antony'র আচরণে ক্ষুব্ধ Octavius মিশরে আক্রমণের সিদ্ধান্ত নেয়। রোমান আক্রমণে Antony সিদ্ধান্ত নেয় সে জলপথে রোমানদের মোকাবেলা করবে। কিন্তু রোমানদের বিপরীতে মিশরের নৌবহর দুর্বল হওয়ায় Antony সহজেই পরাজিত হয়। এ সময় Cleopatra তার জন্য বানানো কবরে আশ্রয় নিলে খবর রটে যায় যে Cleopatra মারা গিয়েছে; এই খবরে Antony কষ্ট পেয়ে নিজ অস্ত্রে আত্মাহুতির সিদ্ধান্ত নেয় এবং Cleopatra'র জন্য নির্মিত কবরের কাছে গিয়ে Cleopatra'র কোলে আত্মাহুতি দেয়। যুদ্ধে পরাজয় এবং প্রেমিকের মৃত্যুর জন্য নিজেকে দায়ীভেবে বিষপানে Cleopatra ও আত্মহত্যা করেন এবং Octavius সেখানে উপস্থিত হয়ে প্রেমিক-প্রেমিকাকে একই সাথে সমাহিত করে।

Shylock from *The Merchant of Venice*

The Merchant of Venice নাটকটি Shakespeare এর সবচেয়ে পাঠকপ্রিয় Problem Play। Christopher Merlowe লিখিত বিখ্যাত নাটক *The Jew of Malta* এই নাটকটির অনুপ্রেরণা ছিলো। এই নাটকটি ভেনিস শহরের Shylock নামের একজন ইহুদি ঋণদাতার গল্প, যে চড়া সুদে মানুষকে ঋণ দিতো। Antonio ছিলো ঐ শহরের আরেক ধনী ব্যবসায়ী যে Shylock সহ সব ইহুদি ঋণদাতাদের টাকা দিয়ে উচ্চ হারে সুদ আদায়ের চরম বিরোধিতা করতো এবং নিজে বিনা সুদে ঋণ দিয়ে তাদের সুদের ব্যবসার ক্ষতি করতো। Antonio এর বন্ধু Bassanio এর টাকার প্রয়োজন হলে সে বাধ্য হয়ে Shylock থেকে টাকা ধার এনে বন্ধুকে দেয়। টাকা ধার দেওয়ার শর্ত ছিলো নির্দিষ্ট সময়ে ধার ফেরত না দিতে পারলে Antonio এর বুক থেকে Shylock এক পাউন্ড মাংস কেটে নিবে। যথা সময়ে টাকা ফেরত দিতে ব্যর্থ হওয়ায় Shylock কোর্টে যায়। সেখানে উকিলের ছদ্মবেশে থাকা Bassanio এর স্ত্রী Portia এই যুক্তির মাধ্যমে Shylock কে হারিয়ে দেয় যে, সে Antonio এর বুক থেকে এক পাউন্ড মাংস কেটে নিতে পারবে কিন্তু এক ফোঁটা রক্তপাত করতে পারবে না এবং ঠিক এক পাউন্ড মাংসই কাটতে হবে, এর এক চুল কম বেশি হতে পারবে না। ফলে Shylock এর ষড়যন্ত্র ব্যর্থ হয়ে যায়।

Katherine from *The Taming of the Shrew*

Katherine চরিত্রটি *The Taming of the Shrew* নাটকের প্রধান চরিত্র। শিকারে যাওয়া একদল অভিজাত ব্যক্তি Christopher Sly নামে এক মদ্যপ ব্যক্তিকে নিয়ে মজা করার উদ্দেশ্যে একটি নাটক মঞ্চস্থ করা হয়। মাতাল Sly কে তারা একটা বউ দেয়, যে বউ আসলে একটা বালক ভৃত্য যে মেয়ের সাজে আসে। ওই বউ তো কথা শোনে না- তাই নাটকে দেখানো হয় কীভাবে বউকে কথা শোনাতে হয়।

মঞ্চস্থ নাটকে দেখা যায় Lucentio, ধনাঢ্য পরিবারের এক যুবক Padua এসেছে পড়াশুনা করতে। এসেই সে প্রেমে পড়ে Bianca নামে এক তন্বীর। Bianca এর বাবা Baptista Minola জানায় তার বড় বোন Catherine এর বিয়ের আগে ছোট মেয়েকে কিছুতেই বিয়ে দেওয়া যাবে না। Gremio ও Hortensio আরও দুই পাণিপ্রার্থী Bianca এর পিছু ঘুরছে। Catherine এর জন্য সবারই অপেক্ষা। Petruccio, এক স্থির বুদ্ধির আত্মবিশ্বাসী যুবক Verona থেকে বন্ধু Hortensio এর কাছে ঘুরতে আসে। Catherine এর কথা শুনে তার পছন্দ হয়। সে বিশ্বাস করে মুখরা (আধুনিক প্রেক্ষাপটে যাকে নারীবাদী ও আত্মবিশ্বাসী বলে আখ্যা দেওয়া যায়) ক্যাথেরিনকে বশে আনা তার পক্ষেই সম্ভব। Petruccio বিয়ের প্রস্তাব নিয়ে Baptista Minola এর কাছে যায় ও অচিরেই তাদের বিয়ে হয়। স্বামীগৃহে Catherine এর উপর পরোক্ষ শারীরিক ও প্রত্যক্ষ মানসিক নির্যাতন করা হয়। খেতে ঘুমোতে দেওয়া হয় না, তাকে বাপের বাড়ি যেতে বারণ করা হয়, হুকুমের দাসী না হয়ে থাকলে জীবন কঠিন করে দেওয়ার সমস্ত নমুনা তার সামনে হাজির করা হয়। বাধ্য হয়ে পোষ মেনে নেয় ক্যাথেরিন। স্বামীর কথায় সে সূর্যকে বলে চাঁদ, বুড়িকে বলে সুন্দরী। নাটকের শেষে দেখা যায় Catherine স্ত্রীর দায়িত্ব নিয়ে বিশাল বক্তৃতাও দিচ্ছে। এইদিকে শিক্ষকের বেশে Lucentio ছলে কৌশলে Bianca এর প্রেম জয় করে নেয়। ধনপতি পিতার সম্মতি থাকবেনা বলে লুকিয়ে বিয়েও করে ফেলে। শেষে অবশ্য সবাই মেনে নেয়।

Shakespeare এর সবচেয়ে Mysogynistic বা নারীবিদ্বেষী নাটক হিসেবে এটিকে বর্তমানে চিহ্নিত করা হয়। সেকালে খুব জননন্দিত হয়েছিল। বাংলা ভাষায় মুনীর চৌধুরী "মুখরা রমণী বশীকরণ" নামে এর অনুবাদ করেছেন।

WILLAIM SHAKESPEARE এর সাহিত্যে প্রধান উক্তিসমূহ

What's in name? That which we call a rose by any other name smell as sweet.
Juliet to Romeo,
Romeo and Juliet

These violent delights have violent ends
And in their triumph die, like fire and powder
Which, as they kiss, consume
Friar Laurence,
Romeo and Juliet

To be, or not to be: that is the question
Hamlet,
Hamlet

There is nothing either good or bad, but thinking makes it so
Hamlet,
Hamlet

There are more things in Heaven and Earth, Horatio, than are dreamt of in your philosophy
Hamlet,
Hamlet

Brevity is the soul of wit
Polonius,
Hamlet

I must be cruel only to be kind;
Thus bad begins, and worse remains behind
Hamlet,
Hamlet

O, beware, my lord, of jealousy;
It is the green-eyed monster, which doth mock
The meat it feeds on
Iago to Othello,
Othello

Men in rage strike those that wish them best
Iago,
Othello

How sharper than a serpent's tooth it is to have a thankless child!
Lear,
King Lear

When the mind's free, The Body's delicate
Lear
King Lear

The prince of darkness is a gentleman!
Edgar (Mad Tom)
King Lear

All the perfumes of Arabia will not sweeten this little hand
Lady Macbeth
Macbeth

Out, out brief candle, life is but a walking shadow...a tale told by an idiot, full of sound and fury, signifying nothing
Macbeth
Macbeth

Stars, hide your fires; Let not light see my black and deep desires
Macbeth
Macbeth

Look like the innocent flower,
But be the serpent under it
Lady Macbeth
Macbeth

Fair is foul, and foul is fair,
hover through fog and filthy air
The Witches
Macbeth

Cowards die many times before their deaths; the valiant never taste of death but once
Caesar
Julius Caesar

Veni, Vidi, Vici
Caesar
Julius Caesar

Brutus, you too!
Caesar
Julius Caesar

The stroke of death is as a lover's pinch
Which hurts and is desired
Cleopatra
Antony and Cleopatra

My salad days
When I was green in judgment, cold in blood,
To say as I said then!

Cleopatra,
Antony and Cleopatra

Give me my robe, put on my crown; I have immortal longings in me

Cleopatra,
Antony and Cleopatra

The common curse of mankind is folly and ignorance

Thersites,
Troilllus and Cressida

All that glitters is not gold

Portia's Scroll,
The Merchant of Venice

Love is blind

Jessica,
The Merchant of Venice

Life's but a walking shadow, a poor player, That struts and frets his hour upon the stage, And then is heard no more.

Macbeth,
Macbeth

You speak an infinite deal of nothing

Bassanio,
The Merchant of Venice

Our doubts are traitors
And make us lose the good we oft might win

Lucio to Isabella,
Measure for Measure

The miserable have no other medicine
But only hope:
I've hope to live, and am prepared to die

Claudio,
Measure for Measure

All the world's a stage, And all the men and women merely players

Jacques,
As You Like It

I pray you, do not fall in love with me, for I am falser than vows made in wine

Rosalynd posing as Ganymede,
As You Like It

Under the greenwood tree,
Who loves to lie with me

Amiens,
As You Like It

Sweet are the uses of adversity
Which, like the toad, ugly and venomous,
Wears yet a precious jewel in his head

Duke Senior,
As You Like It

We came into the world like brother and brother;
And now let's go hand in hand, not one before another

Dromio of Ephesus,
Comedy of Errors

Be not afraid of greatness. Some are born great, some achieve greatness, and others have greatness thrust upon them

Joke on Malvolio,
Twelfth Night

If music be the food of love, play on

Duke Orsino,
Twelfth Night

Better a witty fool, than a foolish wit

Feste,
Twelfth Night

Journeys end in lovers meeting

Feste,
Twelfth Night

Sit by my side, and let the world slip: we shall ne'er be younger

Sly,
Taming of the Shrew

There's small choice in rotten apples

Hortensio,
Taming of the Shrew

Love looks not with the eyes, but with the mind,
And therefore is winged Cupid painted blind

Helena,
A Midsummer Night's Dream

> Hell is empty and all the devils are here
>
> Ariel to Prospero, The Tempest

> We are such stuff as dreams are made on, and our little life is rounded with a sleep
>
> Prospero, The Tempest

> This royal throne of kings, this sceptred isle... This blessed plot, this earth, this realm, this England
>
> John of Gaunt, Richard II

Play	Quote
Richard III	Now is the winter of our discontent
Romeo and Juliet	Don't waste your love on somebody, who doesn't value it.
Hamlet	When sorrows come, they come not single spies. But in battalions!
	One may smile, and smile, and be a villain.
	The Play's the Thing, wherein I'll catch the conscience of the King.
	But break, my heart, for I must hold my tongue.
	There's a divinity that shapes our ends, Rough-hew them how we will.
	What piece of work is a man, how noble in reason, how infinite in faculties, in form and moving, how express and admirable in action, how like an angel in apprehension, how like a God!
Othello	I would not put a thief in my mouth to steal my brains.
	Nothing will come of nothing: speak again.
King Lear	The art of our necessities is strange That can make vile things precious.
	Many a true word hath been spoken in jest.
Macbeth	The love that follows us sometime is our trouble, which still we thank as love.
Timons of Athens	Life is an uncertain voyage.
Julius Caesar	Death, a necessary end, will come when it will come.
	Caesar: The ides of March are come. Soothsayer: Ay, Caesar; but not gone.
Antony and Cleopatra	Music, moody food Of us that trade in love.
	The barge she sat in, like a burnish'd throne, Burnt on the water.
	Come, sir, come, I'll wrestle with you in my strength of love. Look, here I have you, thus I let you go, And give you to the gods.
	In time we hate that which we often fear.
Merchant of Venice	The quality of mercy is not strained. It droppeth as the gentle rain from heaven
	With mirth and laughter let old wrinkles come.
	The devil can cite Scripture for his purpose.
Measure for Measure	Music oft hath such a charm To make bad good, and good provoke to harm.
	The tempter or the tempted, who sins most?
	Well, heaven forgive him! and forgive us all! Some rise by sin, and some by virtue fall
As You Like It	Love is merely a madness; and, I tell you, deserves as well a dark house and a whip as madmen do
	Most friendship is feigning, most loving mere folly.
	If she lives till doomsday, she'll burn a week longer than the whole world.

Play	Quote
The Comedy of Errors	Until I know this sure uncertainty, I'll entertain the offered fallacy.
Twelfth Night	Love sought is good, but giv'n unsought is better.
	I say there is no darkness but ignorance.
The Taming of the Shrew	My tongue will tell the anger of my heart, or else my heart concealing it will break.
	If I be waspish, best beware my sting.
A Midsummer Night's Dream	Though she be but little, she is fierce!
	The course of true love never did run smooth.
	Lord, what fools these mortals be!
	And yet, to say the truth, reason and love keep little company together nowadays.
The Tempest	What's past is prologue.
Henry IV Part I	The better part of valor is discretion
Henry IV Part II	Uneasy lies the head that wears a crown
Henry V	Men of few words are the best men

Potential Questions & Answers

01. William Shakespeare is a great-
(a) playwright (b) player (c) novelist (d) essayist

02. Shakespeare lived in the reign of __.
(a) Elizabeth I (b) Elizabeth II (c) Queen Victoria (d) King Charles

03. Shakespeare was a writer from-
(a) England (b) Wales (c) Greece (d) None of these

04. The national poet of England is-
(a) Milton (b) Wordsworth (c) Homer (d) Shakespeare

05. Which period of British literature does Shakespeare belong to?
(a) Medieval (b) Romantic (c) Elizabethan (d) Modern

06. William Shakespeare was an English dramatist and poet of which century?
(a) fifteenth (b) sixteenth (c) fourteenth (d) seventeenth

07. The drama 'Hamlet' is written by—.
(a) William Shakespeare (b) G.B. Shaw (c) Charlotte Bronte (d) Robert Frost

08. Shakespeare was famous for all but not one of the following-
(a) comedies (b) tragedies (c) bourgeoisie drama (d) tragic-drama

09. Shakespeare thinks that the only enemies in the forest are-
(a) men and cattle (b) cold winter and rough weather
(c) tigers and lions (d) room temperature

10. Shakespeare is known mostly for his-
(a) poetry (b) novels (c) autobiography (d) plays

11. Which drama is considered a typical pre-Shakespearean "Bloody Drama"?
(a) Macbeth (b) Gorboduc (c) Doctor Faustus (d) The Spanish Tragedy

12. Shakespeare is famous mostly for his__.
(a) drama (b) novels (c) films (d) poetry

13. Shakespeare wrote brilliant-
(a) poems (b) essays (c) novels (d) dramas

14. Shakespeare was not-
(a) a dramatist (b) a playwright (c) a poet (d) a story writer

15. William Shakespeare is a/an__dramatist.
(a) English (b) American (c) Brazilian (d) Spanish

16. Who has written the play 'Julius Caesar'?
(a) William Wordsworth (b) Ben Jonson (c) G. B. Shaw (d) William Shakespeare

17. William Shakespeare is not the author of:
(a) Titus Andronicus (b) Taming of the Shrew (c) White Devil (d) Hamlet

18. Which one of the following is not written by Shakespeare-
(a) Macbeth (b) Hamlet (c) Othello (d) Dr. Faustus

19. Who wrote the plays 'Coriolanus' and 'The Winter's tale'?
(a) Ben Jonson (b) Christopher (c) John Dryden (d) William Shakespeare

20. Shakespeare's Measure for Measure' is a successful-
(a) tragedy (b) comedy (c) tragi-comedy (d) melodrama

21. 'Much Ado About Nothing' is written by-
(a) Jane Austen (b) Charles Dickens (c) William Shakespeare (d) Virginia Woolf

22. Who is the author of 'The Taming of the Shrew'?
(a) Shaw (b) Shakespeare (c) Ibsen (d) Jonson

23. William Shakespeare wrote-
(a) sonnets, tragedies and comedies (b) sonnets, plays and essays
(c) sonnets, plays and novel (d) sonnets, novel and epic

24. Which one does not fall into the same category?
(a) Rosalind (b) Ophelia (c) Cordelia (d) Desdemona

25. Who is the dramatist that introduced blank verse as a form of dramatic expression in his plays?
(a) Shakespeare (b) Ben Jonson (c) Bernard Shaw (d) Christopher Marlowe

26. William Shakespeare wrote-
(a) Pride and Prejudice (b) Hamlet (c) Pygmalion (d) The Paradise Lost

27. Who wrote Hamlet?
(a) Blake (b) Chaucer (c) Shakespeare (d) Christopher Marlowe

28. Hamlet is a play written by–
(a) Milton (b) Shaw (c) Ibsen (d) Shakespeare

29. Shakespeare composed much of his plays in what sort of verse?
(a) Alliterative verse (b) Sonnet form (c) Iambic pentameter (d) Dactylic Hexameter

30. Which book is a Tragedy?
(a) Hamlet (b) Measure for Measure (c) As you like it (d) She Stoops to Conquer

31. "Death, a necessary end, will come when it will come." this line is taken from –
(a) Julius Caesar (b) The Taming of the Shrew(c) The Caretaker (d) Is you like it

32. The name of Hamlet's fiancé is -
(a) Ophelia (b) Desdemona (c) Cordelia (d) Rosalind

33. "There are more things in heaven and earth, Horatio, than are dreamt of in your philosophy" this line has been taken from –
(a) Hamlet (b) King Lear (c) Macbeth (d) Othello

34. Where is expressed the view that 'There is a divinity that shapes our ends'?
(a) In King Lear (b) In Hamlet (c) In the Tempest (d) In Merry Wives of Windsor

35. In what year did Shakespeare die?
(a) 1570 AD (b) 1580 AD (c) 1630 AD (d) 1616 AD

36. Shakespeare's 'King Lear' is a -
(a) Comedy (b) Historical Play (c) Tragedy (d) Satire

37. Who wrote the world famous tragic play 'King Lear'?
(a) John Milton (b) William Shakespeare (c) George Bernard Shaw (d) Christopher Marlowe

38. William Shakespeare wrote-
(a) Pride & Prejudice (b) Waiting for Godot (c) Sound of Music (d) King Lear

39. William Shakespeare is the author of-
(a) Paradise Lost (b) Old Man & the Sea (c) Daffodils (d) Macbeth

40. What kind of literary creation 'Macbeth' is?
(a) Epic (b) Tragedy (c) Novel (d) Story

41. Macbeth is a __ by Shakespeare.
(a) novel (b) short story (c) verse (d) play

42. 'Three Witches' are important characters in-
(a) The way of the World (b) Hamlet (c) Oedipus Rex (d) Macbeth

43. The name of Othello's wife is-
(a) Ophelia (b) Desdemona (c) Cordelia (d) Rosalind

44. Shakespeare's Julius Caesar' is a -
(a) comedy (b) satire (c) tragi comedy (d) historical play

45. 'Cowards die many times before their death.'-was stated by:
(a) Macbeth (b) Hamlet (c) Julius Caesar (d) None of them

46. Where was Shakespeare born?
(a) London (b) Coventry (c) Stratford upon Avon (d) Durham

47. The play 'Romeo and Juliet' was written by-
(a) Charles Dickens (b) William Shakespeare (c) Jane Austen (d) Michael Madhusudan

48. The drama 'Romeo and Juliet' is a__.
(a) romantic comedy (b) essay (c) poem (d) tragedy

49. Which of the following is a 'Comedy' written by Shakespeare?
(a) As you Like It (b) King Lear (c) Macbeth (d) Hamlet

50. 'Sweet are the uses of adversity' was stated by-
(a) Voltaire (b) Shakespeare (c) Milton (d) Tolstoy

51. 'All the world's a stage,
And all the men and women merely players
They have their exits and their entrance
And each man in his time plays many parts
His act being seven ages'- These lines are written by-
(a) Oliver Goldsmith (b) Alfred Tennyson (c) William Shakespeare (d) D. H Lawrence

52. "All the worlds' a stage and all the men and women merely players" a quotation from Shakespeare's -
(a) Macbeth (b) As you like it (c) Romeo and Juliet (d) Tempest

53. "Blow, blow thou winter wind
Thou art not so unkind,
As mans ingratitude;
Thy tooth is not so keen
Because thou art not seen,
although thy breath be rude" These are a few lines of a poem of a great poet. Who is the poet?
(a) J. Webster (b) C. Marlowe (c) W. Shakespeare (d) Lord Bacon

54. "Brevity is the soul of wit" who told it?
(a) Confucius (b) Lord Byron (c) Shakespeare (d) Wordsworth

55. The poem 'Under the Green Wood Tree' was written by-
(a) William Wordsworth (b) Robert Browning (c) William Shakespeare (d) Ralph Hodgson

Answers

01	a	02	a	03	a	04	d	05	c	06	b	07	a	08	c	09	b	10	☼
11	d	12	a	13	d	14	d	15	a	16	d	17	c	18	d	19	d	20	c
21	c	22	b	23	a	24	a	25	a	26	b	27	c	28	d	29	c	30	a
31	a	32	a	33	a	34	b	35	d	36	c	37	b	38	d	39	d	40	☼
41	d	42	d	43	b	44	c	45	c	46	c	47	b	48	d	49	☼	50	b
51	c	52	b	53	c	54	c	55	c										

[বিশেষ দ্রষ্টব্য: সৃষ্টিপ্রিয় বিসিএস প্রার্থী, উত্তরমালায় কিছু প্রশ্নের উত্তর না দেয়া থাকলেও আমরা বিশ্বাস করি আপনারা পরিপূর্ণ আত্মবিশ্বাসের সাথেই সঠিক উত্তরে বৃত্ত ভরাট করতে পারবেন।]

(1603-1625)

Jacobean Period

"Mischiefs feed Like beasts, till they be fat, and then they bleed"

-Ben Jonson (Volpone)

রানি Elizabeth I এর মৃত্যুর পর টিউডর রাজবংশের আর কোনো উত্তরাধিকারী পাওয়া যায়নি। তাই রানির দূর সম্পর্কের আত্মীয়, তৎকালীন স্কটল্যান্ডের স্টুয়ার্ট বংশের রাজা James I কে ইংল্যান্ডেরও সিংহাসনের উত্তরাধিকারী হিসেবে মনোনীত করা হয়। তিনি 1603 থেকে 1625 পর্যন্ত ইংল্যান্ড ও স্কটল্যান্ড উভয়েরই রাজত্ব করেন। তার রাজত্বকালটুকুই ইংরেজি সাহিত্যে Jacobean Period নামে পরিচিত। ল্যাটিন ভাষায় James কে Jacobus বলা হয়। Jacobus শব্দটি থেকেই Jacobean শব্দটি এসেছে। কবি John Donne এর নেতৃত্বে এ যুগে Metaphysical কাব্যচর্চা শুরু হয়। এধরনের কাব্যে দেহতত্ত্বের চেয়ে আধ্যাত্মিকতা, কল্পনাশক্তি ও ধর্মতত্ত্বের প্রভাব বেশি দেখা যায়। রাজা James I কে বলা হতো The Wisest Fool, কারণ তিনি নিজেকে ঈশ্বরের প্রতিনিধি মনে করতেন।

Previous Years' BCS Preli Questions & Answers

01. "For God's sake, hold your tongue and let me love" occurs in a novel by- [42nd BCS]
(a) Jane Austen (b) Syed Waliullah (c) Somerset Maugham (d) Rabindranath Tagore

02. Who wrote the poem 'The Good-Morrow'? [40th BCS]
(a) George Herbert (b) Andrew Marvell (c) John Donne (d) Henry Vaughan

03. 'Jacobean Period' of English Literature refers to– [38th BCS]
(a) 1558-1603 (b) 1625-1649 (c) 1603-1625 (d) 1649-1660

04. 'For God's sake hold your tongue, and let me love.' This line is written by-[38th BCS]
(a) Emily Dickinson (b) T.S. Eliot (c) Mathew Arnold (d) John Donne

05. Who has written the play 'Volpone'? [37th BCS]
(a) John Webster (b) Ben Jonson (c) Christopher Marlowe (d) William Shakespeare

Answers	01	d	02	c	03	c	04	d	05	b

THE JACOBEAN PERIOD এর কিংবদন্তি সাহিত্যিক

John Donne (1572-1632)

Poems

- The Sun Rising
- The Flea
- The Good Morrow
- The Dream
- Break of Day
- A Valediction: Forbidding Mourning
- Death
- Be Not Proud
- The Canonization
- Lovers' Infiniteness
- For Whom the Bell Tolls
- Twickenham Garden
- The Undertaking

ইংরেজি মেটাফিজিক্যাল কাব্যধারার প্রধান কবি John Donne কে প্রায়শ ইংরেজি ভাষার অন্যতম শ্রেষ্ঠ ও জনপ্রিয় কবি হিসেবে বিবেচনা করা হয়। তিনি 1572 সালে একটি রোমান ক্যাথলিক পরিবারে জন্মগ্রহণ করেছিলেন, যে সময়টায় ইংল্যান্ডে একটি শক্তিশালী ক্যাথলিক বিরোধী অবস্থা বিরাজমান ছিল। এরকম একটি পরিবারে জন্মগ্রহণ করেও তিনি পরে Church of England এর একজন ধর্মগুরু হয়েছিলেন। তিনি ইংরেজি Metaphysical ধারার কাব্যচর্চার অন্যতম প্রধান প্রতিষ্ঠাতা। এইজন্য তাঁকে Father/Leader of Metaphysical Poets হিসেবে আখ্যা দেওয়া হয়। তাঁর কবিতার প্রভাবশালী বৈশিষ্ট্য হলো 'বিস্তৃত রূপকালঙ্কার' যা Conceit নামে পরিচিত। এজন্য তাঁকে Master of Metaphysical Conceit বলা হতো। তিনি ১১ বছর বয়সে অক্সফোর্ড বিশ্ববিদ্যালয়ে এবং পরে ক্যামব্রিজ বিশ্ববিদ্যালয়ে প্রবেশ করেন, কিন্তু তাঁর ক্যাথলিক ধর্মের কারণে কখনো ডিগ্রি পাননি। ২০ বছর বয়সে তিনি Lincoln's Inn -এ আইন অধ্যয়ন শুরু করেন।

সাহিত্য জীবনের শুরুতে তিনি প্রেমময় কবিতা লেখায় Poet of Love নামেও পরিচিত ছিলেন। 1590 এর দশকে, তিনি তাঁর উত্তরাধিকার সূত্রে প্রাপ্ত সম্পদের বেশিরভাগই নারী, বই এবং ভ্রমণে ব্যয় করেছিলেন। তিনি এই সময়ে তাঁর বেশিরভাগ প্রেমের গান এবং কামোত্তেজক কবিতা লিখেছেন। তাঁর প্রথম কবিতার বই, *Satires* এবং *Songs and Sonnets* সমালোচকদের একটি ছোট অংশের নিকট অত্যন্ত প্রশংসিত হয়েছিল। স্ত্রীর মৃত্যুর পর তাঁর জীবনে ধর্ম একটি উত্তাল এবং আবেগপূর্ণ ভূমিকা পালন করে। যার ফলশ্রুতিতে তিনি বহু ধর্মীয় কবিতা লিখেন। তাঁর সেসব কবিতায় শক্তিশালী বক্তৃতামূলক ধর্ম উপদেশের জন্য তাঁকে Religious Poet বা ধার্মিক কবিও বলা হয়। তাঁর কবিতায় তিনি Physical Love কে Spritual Love এর দিকে মোড় দিয়েছেন। পেশাগত জীবনে তিনি ছিলেন St. Paul's Cathedral-এর যাজক (Dean)।

Literary Works

Divine Poems Pseudo-martyr Letters

Ben Jonson (1572-1637)

Literary Works

- A Tale of Tub (Comedy)
- The Case is Altered
- Every Man in His Humour
- Every Man out of His Humour
- Volpone
- The Silent Woman বা Epicoene
- The Isle of Dogs (Comedy)
- The Alchemist
- The New Inn or The Light Heart (Comedy)
- Bartholomew Fair

Benjamin Jonson, যিনি Ben Jonson নামেই বেশি পরিচিত, একজন ইংরেজ কবি, নাট্যকার, পদ্য ও সমালোচক ছিলেন। তিনিই রেনেসাঁ যুগে Shakespeare-এর পরে সবচেয়ে বিখ্যাত নাট্যকার। তিনি তাঁর বাবা মারা যাওয়ার দুই মাস পরে জন্মগ্রহণ করেন। তাঁর সৎ বাবা ছিলেন একজন ইটভাটার শ্রমিক, কিন্তু সৌভাগ্যক্রমে তিনি ওয়েস্টমিনস্টার স্কুলে পড়তে সক্ষম হয়েছিল। তাঁর আনুষ্ঠানিক শিক্ষা জীবন অবশ্য দ্রুতই শেষ হয়ে যায় এবং তিনি প্রথমে তাঁর সৎ বাবার ব্যবসায় অনুসরণ করেন, তারপর নেদারল্যান্ডে যান এবং ফ্ল্যান্ডার্সে সেনাপতি Francis Vere এর রেজিমেন্টের সাথে সৈনিক হিসেবে স্বেচ্ছায় যোগ দেন। ইউরোপ জুড়ে সামরিক কার্যকলাপের পর, Jonson ইংল্যান্ডে ফিরে আসেন এবং অক্সফোর্ড বিশ্ববিদ্যালয় থেকে সম্মানসূচক স্নাতকোত্তর ডিগ্রি লাভ করেন। এছাড়াও তিনি একজন অভিনেতা ও নাট্যকার হিসেবে কাজ করেন। Jonson একজন অভিনেতা হিসেবে, Thomas Kyd এর *The Spanish Tragedy* (যা ইতিহাসের প্রথম Revenge Tragedy হিসেবে খ্যাত) নাটকের নায়ক Hieronimo এর চরিত্রে অভিনয় করেছেন। Jonson তাঁর স্ত্রী সম্পর্কে William Drummond এর কাছে "একজন বুদ্ধিমান, তবুও সৎ" বলে বর্ণনা করেছেন। জনসনের স্ত্রীর পরিচয় সবসময়ই অস্পষ্ট ছিল, তবুও মাঝে মাঝে তাঁকে Anne Lewis হিসাবে চিহ্নিত করা হয়।

তাঁর কমেডি *Volpone,The Foxe* এবং *The Alchemist* ছিল সেই সময়ের সবচেয়ে জনপ্রিয় এবং প্রশংসিত নাটকগুলোর মধ্যে কয়েকটি। তিনি 1616 সালে Poet Laureate উপাধিতে ভূষিত হন।

Comedy of Humours ধারার ইংরেজি নাটককে Jonson ই পরিচয় ঘটিয়েছিলেন, তাই তাঁকে Father of Comedy of Humours বলা হয়। Comedy of Humour এর ধারণা তৎকালীন Medical Theory এর সাথে জড়িত। Humour শব্দটি Latin-Humor or Umor থেকে এসেছে যার অর্থ তরল। মধ্যযুগীয় এবং রেনেসাঁর চিন্তাধারা অনুসারে, একজন ব্যক্তির সুস্থ মন এবং শরীর থাকে, যখন তাদের হাস্যরসের ভারসাম্য থাকে। রক্ত একটি স্বচ্ছ স্বভাবের সাথে যুক্ত, যেমন অত্যধিক আশাবাদিতা এবং খুব সামাজিকতা। হলুদ পিত্ত, আগ্রাসন তৈরির সাথে যুক্ত। কালো পিত্ত বিষণ্নতা তৈরি করে। কফ উদাসীনতার সাথে যুক্ত ছিল। যদি এগুলো ভারসাম্যহীন হয় তবে একজন ব্যক্তি বিভিন্ন সমস্যাপ্রবণ হবেন এবং মানসিক ভাবে অসুস্থ বলে বিবেচিত হবেন।

Shakespeare এর সাথে Jonson এর প্রতিদ্বন্দ্বিতা সম্পর্কে অনেক ঘটনা রয়েছে। William Drummond এর ভাষ্যমতে Jonson Shakespeare-এর কোনো এক নাটকের কিছু অযৌক্তিকতা নিয়ে উপহাস করেছিলেন। যদিও Shakespeare মারা যাওয়ার পর Jonson তাঁর উদ্দ্যেশে বলেছিলেন, *"He was not of an age, but for all time."*

1628 সালে Jonson স্ট্রোকের শিকার হন এবং ফলস্বরূপ তিনি প্যারালাইজড হয়ে তাঁর রুম এবং চেয়ারে, শেষ পর্যন্ত তাঁর বিছানায় সীমাবদ্ধ হয়েছিলেন। কিন্তু তখনও তিনি লেখালিখি চালিয়ে গিয়েছেন। 1637 সালে তিনি মারা যান এবং তাঁকে Westminster Abbey-এ সমাহিত করা হয়।

John Webster (1580-1625)

John Webster ছিলেন Jacobean যুগের নাট্যসাহিত্যের অন্যতম প্রধান ব্যক্তিত্ব। তাঁর Power of expression তাঁকে সে সময় Shakespeare-এর সারিতে তুলেছিল। তাঁর জন্ম বা পিতামাতা সম্পর্কে সুনির্দিষ্ট কিছুই জানা যায়নি। তাঁকে অস্থায়ীভাবে লন্ডনের একজন বণিক-দর্জির পুত্র হিসেবে চিহ্নিত করা হয়েছে এবং ধারণা করা হয় যে তিনি 1580 সালের দিকে জন্মগ্রহণ করেছিলেন; কিন্তু এই তথ্যগুলোর কোনটিরই কোনো সত্যতা নেই। তবে তাঁর নাটক থেকে এটা স্পষ্ট যে তিনি একজন শিক্ষিত মানুষ ছিলেন, যদিও তাঁর শিক্ষাজীবন সম্পর্কেও কিছু জানা যায়নি। Webster জটিল, সূক্ষ্ম এবং উচ্চমার্গীয় নাটকগুলো সাধারণ পাঠকের জন্য কিছুটা দুর্বোধ্য হলেও, সেগুলো নাটক হিসেবে বেশ সফল এবং এখনও প্রায়ই মঞ্চস্থ হয়।

John Webster

Literary Works	
The White Devil The Duchess of Malfi The Devil's Law Case	তিনি দর্শন এবং 'Psychology of Evil' এর মতো ব্যাপারগুলো তাঁর নাটকে তুলে ধরেছিলেন। ইতালির বাস্তব ঘটনার উপর ভিত্তি করে রচিত *The Duchess of Malfi* ও *The White Devil* নামক দুটি ভয়াবহ ট্রাজেডির জন্য তিনি সর্বাধিক বিখ্যাত। এর মধ্যে *The Duchess of Malfi* কে Jacobean যুগের অন্যতম শ্রেষ্ঠ নাটক হিসেবে অনেকে বিবেচনা করেন। তাঁর কিছু নাটকের কাজ সে সময়ের কিছু নামকরা লেখকদের সহযোগিতা নিয়ে গঠিত। এদের মধ্যে Thomas Dekker ছিলেন তাঁর প্রধান সহযোগী, যার সাথে তিনি *Westward Ho* এবং *Northward Ho* লিখেছেন, যে দুটিই 1607 সালে প্রকাশিত হয়েছিল। তিনি William Rowley, Thomas Middleton, John Fletcher ইত্যাদি লেখকদের সাথে বিভিন্ন মাত্রায় কাজ করেছেন বলেও মনে করা হয়। Webster এর মৃত্যুর পরিস্থিতি তাঁর জন্মের মতোই অস্পষ্ট এবং অনিশ্চিত। তবে ধারণা করা হয় 1634 সালের শেষের দিকে তিনি মারা গিয়েছিলেন, এর চেয়ে সঠিক তথ্য পাওয়া যায়নি।

Name	Short Bio	Major Works
Cyril Tourneur (1575-1626)	Cyril Tourneur একজন বিশিষ্ট Jacobean নাট্যকার ও কবি। পেশাগত জীবনে তিনি ছিলেন একজন সৈনিক ও কূটনৈতিক।	**Play** The Atheist's Tragedy **Prose** The Transformed Metamorphosis
Miguel de Cervantes (1547-1616)	Miguel de Cervantes ছিলেন স্পেনের বিখ্যাত কবি, নাট্যকার ও ঔপন্যাসিক। আধুনিক সাহিত্যের প্রথম ঔপন্যাসিক (Don Quixote) হিসেবে তিনি সমাদৃত।	**Novel** Don Quixote The Gypsy Girl (La Gitanilla)
John Fletcher (1579-1625)	John Fletcher একজন Jocobean যুগের ইংরেজ নাট্যকার। সপ্তদশ শতকের Tragi-comedy লিখার জন্য তিনি বিখ্যাত। এছাড়াও Beaumont ও Shakespeare এর সাথে বেশ কিছু সাহিত্যকর্মে একজন গুরুত্বপূর্ণ অংশীদার হিসেবে কাজ করেন। তাঁর নাটকগুলো ছিলো উচ্চশ্রেণির দর্শকদের জন্য লিখিত।	**Plays** Faithful Shepherdess The Tamer Tamed The Tragedy of Valentinian The Humourous Lieutenant Rule a Wife and Have a Wife The Loyal Subject Women Pleased
Francis Beaumont (1584-1616)	Beamont একজন Jacobean যুগের ইংরেজ নাট্যকার। তিনি 1584 সালে লাইসিস্টারসায়ারের গ্রেসভিউতে জন্মগ্রহণ করেন। তিনি মাত্র ২৩ বছর বয়সে Ben Jonson এর বিখ্যাত নাটক *Volpone*-এ প্রিয় বন্ধুর সম্মানে কয়েকটি শ্লোক উৎসর্গ করেন। তিনি John Fletcher এর সাথে বেশ কিছু নাটক রচনা করেন।	**Plays** The Woman Hater The Knight of Burning Pestle The Maid's Tragedy A King no King Coxcomb

THE JACOBEAN PERIOD এর গুরুত্বপূর্ণ সাহিত্যকর্ম

The Good Morrow by John Donne

John Donne লিখিত *The Good Morrow* তিন পর্বে বিভক্ত একটি ছোট কবিতা। এটিকে সনেট হিসেবে উল্লেখ করলেও গাঠনিকভাবে এটি সনেটের অনুসারী না। এটি মূলত Metaphysical প্রেমের কবিতা। কবিতাটি ঘুম থেকে উঠার পর দুই প্রেমিক প্রেমিকার কথোপকথনের ভঙ্গিতে লেখা হয়েছে। কবি প্রথমেই কৈশোর কালে অবুঝ ভালোবাসার কথা বলেছেন যা কিনা মাতৃদুগ্ধ পানরত শিশুর মতো কিংবা ইমোস রাজ্যের গুহায় ঘুমন্ত সাত ভাইয়ের মতো। দ্বিতীয় পর্বে কবি পরম আত্মবিশ্বাসের সাথে পরিপক্ব ভালোবাসাকে স্বাগত জানিয়েছেন। কারণ ভালোবাসা হওয়ার পর প্রেমিক-প্রেমিকার চিত্তে কোনো ভয় থাকে না। যদিও তারা আলাদা ভুবনে বাস করেন, তারা মিলিত হয়ে একটি নতুন জগৎ সৃষ্টি করতে পারেন। সত্যিকারের ভালোবাসা দ্বারা অন্য সকল উৎসের ভালোবাসাকে নিয়ন্ত্রণ করতে পারেন এবং একটি কক্ষকে রূপান্তর করতে পারেন মহাবিশ্বে। কবি প্রেমিক প্রেমিকার মুখচ্ছবিকে দুইটি গোলার্ধের সাথে তুলনা করেছেন, যেখানে বাস্তব পৃথিবীর গোলার্ধের মতো কোনো ঠান্ডা বা অন্ধকার নেই। তৃতীয় পর্বে, কবি বলেছেন যে, যেহেতু তাদের ভালোবাসা খাঁটি ও ত্রুটিহীন তাই মৃত্যুর পরও ভালোবাসা অমর থাকবে। কবি এ কবিতায় শারীরিক ভালোবাসা থেকে আধ্যাত্মিক ভালোবাসার শাশ্বত ভাবটাকে যৌক্তিক ভবে অমরত্ব দিয়েছেন।

If our two loves be one, or, thou and I
Love so alike, that none do slacken, none can die.



A Valediction: Forbidding Mourning by John Donne

কবি John Donne এর '*A valediction: Forbidding Mourning*' কবিতাটি তাঁর কবিতার উৎকৃষ্ট উদাহরণ। কবি এ কবিতায় তাঁর প্রেমিকার প্রতি গভীর ভালোবাসা আর নিষ্ঠার কথা প্রকাশ ঘটিয়েছেন। কারো কারো মতে, এ কবিতাটি কবি তাঁর স্ত্রী এ্যানি মোরকে উদ্দেশ্য করে রচনা করেছেন। কবি এক সময় কয়েক সপ্তাহের জন্য বেড়াতে গিয়েছিলেন ফ্রান্সে। তাঁর এই অনুপস্থিতে তাঁর পত্নী বিয়োগ ব্যথায় কিছুটা অসুস্থ হয়ে পড়েন। কবি তাঁর পত্নীকে সান্ত্বনা দিয়ে বলেন,

'Twere profanation of our joys
To tell the laity our love.'

কবি বলেন তাঁর প্রেম ততটাই খাঁটি যে তিনি দূরে সরে এলেও তাদের দুজনার প্রেম সাময়িক দূরত্ব তাদের মাঝে কোনো সমস্যা সৃষ্টি করবে না, ঠোঁট আর হাতের স্পর্শ না পেলেও মনের ভেতরের আবেগ, ভালোবাসার কোনোরূপ ঘাটতি হবে না। কবি তার পত্নীকে বলেন, তুমি তোমার ভালোবাসায় সম্পূর্ণ স্থির থাকবে আমি যতো দূরেই থাকি না কেন। তোমার এই ভালোবাসার দৃঢ়তায় আমাকে স্থির রাখবে। মোট কথা, কবি তাঁর পত্নীকে তাই বলে এ কবিতায় সান্ত্বনা দেন যে, খাঁটি ভালোবাসার কোনো পরিবর্তন ঘটে না দুটি মানুষ যত দূরেই অবস্থান করুক না কেন।

A Tale of Tub by Ben Jonson

Jacobean যুগের নাট্যকার Ben Jonson রচিত *A Tale of Tub* নাটকটি নাট্যকারের জীবদ্দশায় মঞ্চস্থ সর্বশেষ নাটক। St. Valentine's Day তে সংঘটিত এই নাটকের কাহিনি Middlesex কাউন্টির Constable Turfe এর মেয়ে Audrey Turfe এর জন্য উপযুক্ত পাত্র নির্বাচনকে কেন্দ্র করে আবর্তিত হয়েছে। টালি নির্মাতা John Clay এর সাথে Audrey এর বাগদান ভাঙতে Squire Tub নামক আরেক প্রতিদ্বন্দ্বী পাত্র Clay কে চুরির মিথ্যা অভিযোগে অভিযুক্ত করে। Constable Turfe তখন তার পিছনে তদন্ত করে কিন্তু কিছু পায় না। এদিকে Justice Preamble নামক আরেক প্রতিযোগী পাত্র Squire Tub এর বিরুদ্ধে ষড়যন্ত্র করতে শুরু করে। এত ঝামেলার মধ্যে Pol-Marten নামক আরেক পাত্র অন্যরা কিছু বুঝে উঠার আগেই Audrey কে বিয়ে করে ফেলে। তাদের বিবাহ অনুষ্ঠান একটি গানের মাধ্যমে উদ্‌যাপন করা হয় যার শিরোনামও ছিল *'A Tale of Tub'*; এ গানে নাটকের গল্পটিকে পুনরায় বর্ণনা করা হয়।

Every Man in His Humour by Ben Jonson



Ben Jonson এর নাটক *Every Man in his Humour* যা Comedy of Humour এর একটি সর্বোত্তম উদাহরণ, এটি এমন একটি নাটক যেখানে চরিত্রগুলোকে যেকোনো একটি হাস্যরসাত্মক বৈশিষ্ট্যের চূড়ান্ত অবস্থায় দেখা যায়। নাটকটির মূল কাহিনিতে দেখা যায়, Kno'well নামক এক ব্যক্তি তার সন্তানের নৈতিক বিকাশ নিয়ে চিন্তিত, তাই সে তার উপর গোয়েন্দাগিরি করে। কিন্তু তার ভৃত্য Brainworm এর কারণে তা বারবার বিঘ্নিত হয়, অথচ তাকেও একই কাজে নিয়োজিত করা হয়েছিলো। এদিকে অন্য একটি কাহিনিতে দেখা যায় Kitely নামক এক বণিক প্রচণ্ড ঈর্ষায় ভুগছে কারণ তার ধারণা তার স্ত্রীর কিছু ভবঘুরের সাথে অবৈধ সম্পর্কে আছে। এই দুই প্রধান কাহিনির পাশাপাশি আরো অনেক অদ্ভুত হাস্যকর সব চরিত্রের সমাবেশ ঘটেছে নাটকটিতে। যেমন- একরোখা সৈনিক, গ্রাম্য মেয়ে, ভাবধারা কবি, অসভ্য পানিবাহক, বিচারকসহ প্রতিটি চরিত্রই হাস্যরস সৃষ্টির জন্য আনা হয়েছে।
নাটকটির লিখনপদ্ধতি ল্যাটিন পদ্ধতির কাছাকাছি অনুসরণ করেছে। Jonson তাঁর সময়ের অন্যান্য নাট্যকারদের রোমান্টিক কমেডির ধাঁচ থেকে দূরে এসে সে সময়ের একটা শহুরে জীবনের দৈনন্দিন কার্যকলাপ তুলে ধরেছে। নাটকের কাহিনি এগিয়েছে ঘটনার পর ঘটনা ও তার প্রতিক্রিয়ার ঠাসবুননে।

The Duchess of Malfi by John Webster



John Webster এর লিখিত একটি নাটক *The Duchess of Malfi*, যেটিতে একজন বিধবা Duchess গোপনে Antonio নামক এক নিচু শ্রেণির ভৃত্যকে বিবাহ করেন। কিন্তু তার ভাইয়েরা, Ferdinand ও Cardinal তার বিয়ের বিপক্ষে, কারণ তারা Duchess এর পদবি এবং তার সম্পত্তির অধিকারী হতে চায়। Duchess এর বাড়িতে ভাইয়েরা গুপ্তচর হিসেবে Bosola কে কাজ করতে পাঠায়। Duchess এর গর্ভে একে একে Antonio এর তিনটি সন্তান হয়। সন্তানের খবর Bosola জানতে পারলেও পিতা কে তখন সে জানতো না।
এদিকে Ferdinand এর উন্মাদনা বাড়তে থাকলে Duchess ও Antonio তাদের সন্তানদের নিয়ে পালাতে চায় কিন্তু কেবল বড় সন্তানকে নিয়ে Antonio পালিয়ে আনকোনা শহরে চলে যেতে পারে। Duchess এবং বাকি দুই সন্তান মালফিতে ফিরে আসতে বাধ্য হয়। ভাইদের নির্দেশে সন্তানসহ Duchess কে হত্যা করা হয়। এই ঘটনার পর Bosola এর মানসিকতার পরিবর্তন হয়, সে তখন ভাইদের বিপক্ষে চলে যায়, Duchess কে খুনের প্রতিশোধ নিতে মনস্থির করে। Bosola একদিন আড়াল থেকে তাকে হত্যা করার জন্য Cardinal এর পরিকল্পনা শুনে ফেলে এবং এক অন্ধকার গীর্জায় Antonio কে Cardinal ভেবে ভুলে করে মেরে ফেলে। অতঃপর সে Cardinal কেও ছুড়িকাঘাতে হত্যা করে। এরপর Ferdinand এর সাথে লড়াইয়ে দুইজন দুইজনকে আঘাত করে মেরে ফেলে। নাটকের শেষ দৃশ্যে Duchess ও Antonio এর প্রাণে বেঁচে যাওয়া বড় ছেলে এসে তার মায়ের সকল সম্পত্তির অধিকারী হয়।

	Title	Author	Summary
Poem	The Flea	John Donne	কুমারী প্রেমিকাকে শারীরিক আকর্ষণের চেষ্টা। কবি বলছেন, মাছির পেটে একত্র হয়েছে আমাদের রক্ত, বাইরে আর একত্র হতে ক্ষতি কী!
	Canonization	John Donne	প্রেমের প্রতীক্ষায় চাতকের মতো অপেক্ষায় থাকে প্রেমিক প্রেমিকা। একটি মিলন মুহূর্তের এই আরাধনাই প্রেম ও উপাসনাকে স্বার্থক করে তোলে।
	Twickenham Garden	John Donne	প্রেমিকার অবহেলায় ব্যথাহত হৃদয় নিয়ে Twickenham বাগানে ঘুরে বেড়াচ্ছেন কবি। মনের দুঃখে প্রকৃতিতে মিশে যাওয়ার বাসনা হচ্ছে তার।
Play	Volpone	Ben Jonson	অর্থলিপ্সা ও কামুক প্রবৃত্তি নিয়ে তীর্যক উপহাস এই নাটকটা। এর চরিত্রেরা সব পশু নামধারী মানুষ। Volpone মানে ধূর্ত শেয়াল।
	The Alchemist	Ben Jonson	ব্ল্যাক ডেথ প্লেগের ভয়ে এক ভদ্রলোক তার বাড়ি এক চাকরের কাছে রেখে পালায়। চাকর ওই বাড়িকে নষ্টামির প্রাণকেন্দ্র করে তোলে।
	The Atheist's Tragedy	Cyril Tourneur	নাস্তিক D'Amville এর মূল্যবোধহীন জীবনের কাহিনি।
	The Tamer Tamed	John Fletcher	Shakespeare এর Taming of the Shrew নাটকের প্রত্যুত্তর। এখানে দেখা যায় মুখরা Katherine এর মৃত্যুর পর Petruchio এর দ্বিতীয় বউ হিসেবে Maria আসে। এ নাটকে কাহিনি উল্টে যায়, নতুন আসা স্ত্রী শারীরিক সম্পর্কে যেতে অসম্মতি জানিয়ে Petruchio কে জব্দ করে।
	A King and No King	John Fletcher and Cyril Tourneur	নাটকের গল্প রাজপরিবারের অভ্যন্তরে লালসা ও অন্তর্যুদ্ধ নিয়ে। আইবেরিয়ার রাজা Arabaces ও তার সম্ভাব্য বোন Panthea এর মধ্যে গড়ে ওঠা প্রেম ও সেই নিয়ে অন্তর্দ্বন্দ্ব নাটকটিকে জটিল মাত্রা দিয়েছে।

THE JACOBEAN PERIOD এর সাহিত্যে প্রধান চরিত্রসমূহ

Epicene from *The Silent Woman* by Ben Jonson

Renaissance যুগের নাট্যকার Ben Jonson এর একটি কমেডি *The Silent Woman* এর প্রধান চরিত্র হলো Epicene. নাটকটি প্রথম অভিনিত হয় 1609 সালে। নাটকটি Restoration Period এ ব্যাপক জনপ্রিয় হয়।

Epicene একজন যুবতি নারী। যাকে Morose নামক একজন ধনী বয়স্ক লোক বিবাহ করতে চায় যে কিনা তার আশেপাশে কোনো শব্দ পছন্দ করে না। Epicene কম কথা বলতো এবং অন্য নারীদের সাথেও বেশি কথা বলতো না, শব্দ করতো না বেশি, এজন্য Morose তাকে পছন্দ করে বিবাহ করে। শেষে দেখা গেল Epicene ও অন্যান্যদের মতো বেশি কথা বলে উপরন্তু সে ছিল আসলে একজন বালক। এটা আসলে Morose এর বন্ধুদের চক্রান্ত ছিল।

Duke Brachiano from *The White Devil* by John Webster

John Webster এর রচিত Tragedy নাটক *The White Devil* এর একজন একরোখা, কর্তৃত্বপরায়ণ চরিত্র Duke Brachiano। ইতালিতে ঘটে যাওয়া একটি সত্য ঘটনা অবলম্বনে লেখক এই নাটকে তাঁর সামসময়িক লন্ডন বা ইংরেজ সমাজের রাজনৈতিক ও সামাজিক অবস্থা বর্ণনা করেছেন। Brachiano চরিত্রটিকে উপস্থাপন করা হয়েছে পরকিয়ার লিপ্ত একজন রাজ্য শাসক হিসাবে যে তার স্ত্রী ও পুত্রকে এড়িয়ে চলে। Vittoria নামক মহিলার প্রেমে নিমগ্ন থেকে সে তার রাজকীয় দায়িত্ব, রাজ্যকে ডাকাতের কবল থেকে রক্ষার বিষয় বেমালুম ভুলে যায়। সবাই তার কথা মতো সবসময় কাজ করবে এটাই তার কাম্য ছিল। সে তার স্ত্রী Issabella ও Vittoria এর স্বামীকে হত্যা করায়। তারপর সে Vittoria কে নিয়ে রোম থেকে পালিয়ে পাদুয়া শহরে যায়। কিন্তু শেষ রক্ষা হয় না। Issabella এর ভাই Francisco ও গোপন প্রেমিক Lodovico ছদ্মবেশে পাদুয়া শহরে এসে Issabella হত্যার প্রতিশোধ হিসেবে Brachiano কে বিষপান করিয়ে হত্যা করে।

THE JACOBEAN PERIOD এর সাহিত্যে প্রধান উক্তিসমূহ

> Love, built on beauty, soon as beauty, dies
>
> The Complete English Poems, John Donne

> No man is an island, entire of itself
>
> No man is an island, John Donne

> And to 'scape stormy days, I choose an everlasting night
>
> The Complete English Poems, John Donne

> Riches are in fortune A greater good than wisdom is in nature
>
> Volpone, Ben Jonson

> When the bad bleeds, then is the tragedy good
>
> The Revenger's Tragedy, Cyril Tourneur

> Cover her face; mine eyes dazzle. She died young
>
> The Duchess of Malfi, John Webster

> Ambition, madam, is a great man's madness
>
> The Duchess of Malfi, John Webster

> The weakest arm is strong enough that strikes with the sword of justice
>
> The Duchess of Malfi, John Webster

> There's nothing of so infinite vexation as man's own thoughts
>
> The White Devil, John Webster

> Sometimes the Devil doth preach
>
> The Duchess of Malfi, John Webster

> Whether we fall by ambition, blood, or lust, Like diamonds, we are cut with our own dust
>
> The Duchess of Malfi, John Webster

> For God's sake, hold your tongue and let me love
>
> The Canonization, John Donne

Potential Questions & Answers

01. "Comedy of Humours" is related to —
(a) Scientific Theory (b) Sociological Theory (c) Medical Theory (d) Philosophical Theory

02. "The White Devil" is a play by—
(a) John Webster (b) Shakespeare (c) Herman Melville (d) Christopher Marlowe

03. "The Devil's Law Case" by John Webster is a —
(a) tragedy (b) Comedy (c) satire (d) Tragi-comedy

04. Who wrote, "Every Man in his Humour"?
(a) William Congreve (b) William Shakespeare (c) William Stevenson (d) Ben Jonson

05. Who wrote the drama "The Duchess of Malfi"?
(a) John Milton (b) William Congreve (c) John Webster (d) Ben Jonson

06. John Donne was a -
(a) a romantic poet (b) a didactic poet (c) a satirical poet (d) a metaphysical poet

07. Which one of the following was written by John Webster?
(a) White Devil (b) Duke of Malfi (c) Red Devil (d) The revenger's Tragedy

08. 'Silent Woman' written by —
(a) John Ruskin (b) Ben Jonson (c) Kalidas (d) Munshi Prem Chand

09. Whose comedies are known as "Comedy of humours"?
(a) George Chapman's (b) Ben Jonson's comedy (c) William Congrave's (d) none

10. Who is the religious poet of Jacobean age?
(a) John Fletcher (b) John Webster (c) John Donne (d) Ben Jonson

11. John Donne commenced a specific sector in English literature. What was that?
(a) Psychophysical poetry (b) Metaphysical poetry (c) Spiritual poetry (d) Non-physical poetry

12. Who wrote 'The Alchemist'?
(a) Francis Beaumont (b) John Webster (c) Cyril Tourneur (d) Ben Jonson

13. 'Duke Ferdinand' is famous character of the drama named-
(a) The Maid's Tragedy (b) The Loyal Subject (c) The Duchess of Malfi (d) The White Devil

14. Jacobean Period was named after-
(a) King James I (b) King James II (c) Jacob I (d) Jacob II

15. What are the main features of metaphysical poetry?
(a) Spirituality and physical theory (b) Imagination and expectation
(c) Religion and supernaturalism (d) Spirituality and Imagination

16. Who was the 'Poet of love'?
(a) Cyril Tourneur (b) Ben Jonson (c) John Donne (d) John Webster

17. Which of the following elegies was written to express the sorrow concerning the death of Prince Herry, son of King James I?
(a) Lycidas by John Milton (b) Epitaph by Katherine Philips
(c) The Transformed Metamorphosis by Cyril Tourneur (d) A Dirage by Christina Rossetti

18. Which drama was composed in response to Shakespeare's 'The Taming of the Shrew'
(a) Women Pleased (b) Faith ful Shepherdess (c) Rule a Wife, Have a Wife (d) The Tamer Tamed

19. Which one of the following dramas can be regarded as one of the best examples of tragi-comedy of Jacobean Period?
(a) The Merchant of Venice by William Shakespeare (b) Women Pleased by John Fletcher
(c) The Caretaker by Harold Pinteris (d) The Hunger Games by Suzanne Collins

20. Who was famous for composing Tragedy-Comedy in 17th century?
(a) William Shakespeare (b) Francis Beaumont (c) John Webster (d) John Fletcher

21. Which time frame is known as "Jacobean Period" in English Literature?
(a) 1590-1616 (b) 1603-1625 (c) 1625-1649 (d) 1649-1660

22. "For God's sake, hold your tongue and let me love" – who said this?
(a) Robert Herrick (b) John Donne (c) John Fletcher (d) Ben Jonson

23. The word 'Jecobean' is the..... verson of 'James'.
(a) German (b) French (c) Italian (d) Latin

24. Which one is not written in Elizabethan period?
(a) The sun rising (b) King Lear (c) The Alchemist (d) Volpone

25. 'The Sun Rising' was written by-
(a) Andrew Marvel (b) George Hearbert (c) John Donne (d) Ben Jonson

Answers

01	c	02	a	03	d	04	d	05	c	06	d	07	a	08	✡	09	b	10	c
11	b	12	d	13	c	14	a	15	d	16	✡	17	c	18	d	19	b	20	d
21	b	22	b	23	d	24	✡	25	c										

[বিশেষ দ্রষ্টব্য: সুপ্রিয় বিসিএস প্রার্থী, উত্তরমালায় কিছু প্রশ্নের উত্তর না দেয়া থাকলেও আমরা বিশ্বাস করি আপনারা পরিপূর্ণ আত্মবিশ্বাসের সাথেই সঠিক উত্তরে বৃত্ত ভরাট করতে পারবেন।]

(1625-1649)

Caroline Period

"None knows the weight of another's burden"

-George Herbert (The Temple)

রাজা James I এর মৃত্যুর পর তার পুত্র Charles I ক্ষমতায় বসেন। তার রাজত্ব চলে 1625 থেকে 1649 পর্যন্ত এবং এই সময়টুকুকে ইংরেজি সাহিত্যের Caroline Period বলা হয়। Caroline শব্দটি এসেছে Charles শব্দ এর ল্যাটিন প্রতিশব্দ Carolus থেকে। রাজা Charles I এর রাজত্বের পুরোভাগটাই English Civil War বা ইংরেজ গৃহযুদ্ধ চলছিলো। এ যুদ্ধটা সংঘটিত হয়েছিল Cavaliers নামে পরিচিত রাজার সমর্থক ও Roundheads নামে পরিচিত সংসদ সমর্থকদের মধ্যে। এই যুদ্ধে Cavaliers দের পরাজয় ঘটে এবং 1649 সালে রাজা চার্লসকে শিরশ্ছেদের মাধ্যমে হত্যা করা হয়। অবসান ঘটে রাজতন্ত্রের এবং একই সাথে Caroline যুগের।

Caroline যুগটিতে তিন ধরনের কবিতার প্রাধান্য দেখা যায়, যথা- Metaphysical, Cavalier ও Puritan Schools of Poetry । তবে এদের মধ্যে Metaphysical কবিতাই এ যুগের প্রধান সাহিত্যের ধারা। গৃহযুদ্ধের কারণে এ যুগে আনুষ্ঠানিক ভাবে নাটক মঞ্চায়ন বন্ধ করে দেওয়া হয়। এ যুগে ধর্ম উপদেশ, পুস্তিকা, ইতিহাস, দর্শন ইত্যাদি গদ্যে লেখা হতো। এ যুগেই 1636 সালে যুক্তরাষ্ট্রের ম্যাসাচুসেটস এ Harvard University প্রতিষ্ঠিত হয়।

THE CAROLINE PERIOD এর কিংবদন্তি সাহিত্যিক

Robert Herrick (1591-1674)

Poetry

- Hesperides
- To Daffodils
- To the Virgins, to Make Much Time
- Delight in Disorder
- Upon Julia's Clothes
- The Coming of Good Luck
- Upon Prew His Maid
- The Argument of His Book
- His Farewell to Sack
- The Night Piece: To Julia
- Corinna's Going a Maying

Robert Herrick 1591 সালের 24 আগস্ট লন্ডন শহরে এক স্বর্ণকারের ঘরে জন্মগ্রহণ করেন। তিনি ছিলেন 17 শতকের একজন ইংরেজ গীতিকবি এবং পেশাগত জীবনে তিনি ছিলেন একজন **Anglican** যাজক। তিনি 1617-1620 সালে শিল্পকলায় স্নাতক এবং স্নাতকোত্তর ডিগ্রি অর্জন করেন। Robert এর বয়স যখন 14 মাস তখন তার বড় ভাই মারা যান এবং কয়েকদিন পর তাঁর বাবা তাদের বাড়ির চতুর্থ তলা থেকে পড়ে মারা যান। মৃত্যুর কারণ অনিশ্চিত থাকায় তাঁর পিতার 5,000 পাউন্ড সমমূল্যের সম্পত্তি আইনত বাজেয়াপ্ত না করে তার বিধবা মা কে প্রদান করা হয়।

Herrick তাঁর সাহিত্য জীবনে 2,500 টিরও বেশি কবিতা লিখেছিলেন, যার প্রায় অর্ধেক তার প্রধান কাজ *Hesperides*-এ পাওয়া যায়। তিনি কবিতার বই *Hesperides* এবং *To Daffodils* -এর জন্য সবচেয়ে বেশি পরিচিত। শাস্ত্রীয় ইঙ্গিত এবং নাম ব্যবহার সত্ত্বেও, Herrick এর কবিতাগুলো তাঁর সামসময়িক অনেকের কবিতার চেয়ে আধুনিক পাঠকদের জন্য সহজবোধ্য। তাঁর কবিতায় তিনি বাস্তবতা ও কল্পনার মিশ্রণ ঘটান। Herrick এর কাজের প্রধান বার্তা হলো যে জীবন সংক্ষিপ্ত, পৃথিবী সুন্দর এবং প্রেম অসাধারণ। আমাদের অবশ্যই স্বল্প সময়ের সদ্ব্যবহার করতে হবে। এই বার্তাগুলো *"To the Virgins, to Make Much Time", "To Daffodils", "To Blossoms"* এবং *"Corinna's Going A Maying"* -কবিতাগুলোতে স্পষ্ট, যেখানে আপাতদৃষ্টিতে সদয় এবং হাসিখুশি ব্যক্তিত্বের উষ্ণতা এবং উচ্ছ্বাস আছে। তিনি ছিলেন রাজার সমর্থক, তাই তাঁকে **The Greatest Cavalier Poet** বলা হয়। তাঁকে Caroline যুগেরও শ্রেষ্ঠ কবি হিসেবেও বিবেচনা করা হয়। ভিক্টোরিয়ান কবি Swinburne তাঁকে "ইংরেজি জাতি থেকে জন্ম নেওয়া সর্বকালের সর্বশ্রেষ্ঠ গান লেখক" হিসাবে বর্ণনা করেছেন।

Herrick কখনো বিয়ে করেননি এবং তাঁর কোনো প্রেমের কবিতা কোনো এক নারীর সাথে সরাসরি সংযুক্ত বলে মনে হয় না। তিনি তাঁর কবিতায় যেসব নারীর নাম রেখেছেন তাদের অনেককেই কাল্পনিক বলে মনে করা হয়। তিনি প্রেমের ঐশ্বর্য এবং জীবনের বৈচিত্র্য পছন্দ করতেন, তাঁর *"Cherry-ripe", "Delight in Disorder"* এবং *"Upon Julia's Clothes"* এর মতো কবিতায় যা স্পষ্টভাবে পরিলক্ষিত হয়। তিনি 1674 সালের 5 অক্টোবর মৃত্যুবরণ করেন।

George Herbert (1593-1633)

Poetry

- The Temple
- The Collar
- Easter Wings
- The Flower and The Pulley
- A Priest to the Temple
- His Litany to the Holy Spirit
- Jordan
- Affliction (I)
- Love 1, 2 and 3
- The World
- The Altar

George Herbert 3 এপ্রিল, 1593 সালে মন্টগোমেরি, ওয়েলসের বিশিষ্ট শিল্পমনা, ধনী ও রাজনৈতিক পরিবারে জন্মগ্রহণ করেন। তিনি ছিলেন একজন কবি, বক্তা এবং ইংল্যান্ডের চার্চের পুরোহিত। তাঁর কবিতা Metaphysical ধারার কবিদের লেখার সাথে সম্পর্কিত এবং তিনি একজন অগ্রগণ্য ভক্তিমূলক গীতিকার হিসাবে স্বীকৃত।

Herbert এর মা John Donne এর সাথে বন্ধুত্ব করেন John এর Metaphysical ধারার কবিতা Herbert এর কর্মজীবনকে যথেষ্ট প্রভাবিত করে। 1610 সালে একজন কবি হিসাবে কর্মজীবনের সিদ্ধান্ত নেন, Herbert তাঁর মাকে একটি চিঠি লিখেছিলেন যেখানে তিনি ঘোষণা করেছিলেন যে তিনি ঈশ্বরের মহিমা উদ্‌যাপনের জন্য নিবেদিত একজন কবি হবেন। এই চিঠিতে দুটি কবিতা অন্তর্ভুক্ত ছিল, *My God, Where Is That Ancient Heat toward Thee* এবং *Sure Lord, There Is Enough in Thee to Dry*.

তিনি সরল এবং সরাসরি বক্তৃতা ব্যবহার করে তীব্র ভক্তিমূলক সাহিত্য রচনার জন্য সবচেয়ে বেশি পরিচিত। John Donne এবং Andrew Marvel এর সমকক্ষ একজন Metaphysical ধারার কবি হিসেবে বিবেচিত হলেও, Herbert ধর্মনিরপেক্ষ প্রেমের গান এড়িয়ে গিয়ে শুধু আন্তরিক পবিত্র উপাসনার কবিতা রচনা করেছেন। তাঁর সবচেয়ে পরিচিত কাজ, *The Temple : Sacred Poems and Private Ejaculations (1633)*, যা ঈশ্বরের সাথে মানবতার সম্পর্কের গভীর অনুসন্ধান হিসাবে প্রশংসিত।

1616 সালে, স্নাতক এবং স্নাতকোত্তর ডিগ্রি অর্জনের পর, Herbert ক্যামব্রিজের ট্রিনিটি কলেজের একজন ফেলো নির্বাচিত হন। কেমব্রিজে, Herbert বিভিন্ন পদে অধিষ্ঠিত ছিলেন। যার মধ্যে অলঙ্কারশাস্ত্রের প্রভাষক এবং ডেপুটি বক্তা উল্লেখযোগ্য। 1620 সালে বিশ্ববিদ্যালয়ের বক্তা নির্বাচিত হন। তিনি রাষ্ট্রীয় অনুষ্ঠানে বক্তৃতা এবং সরকারি চিঠিপত্র রচনার দায়িত্ব গ্রহণ করেন।

তাঁর বয়স যখন ত্রিশের কোঠায় তখন রাজা জেমসের মৃত্যুর পর তিনি ধর্মনিরপেক্ষ চিন্তাভাবনা ত্যাগ করে পুরোপুরি ধর্মীয় কর্মকাণ্ড ও মানুষের সেবায় আত্মনিয়োগ করেন। অসুস্থতা ছিল Herbert এর জীবনের একটি অবিচ্ছেদ্য অংশ এবং মাত্র ৩৯ বছর বয়সে ক্ষয় রোগে ভুগে মারা যান।

THE CAROLINE PERIOD এর গুরুত্বপূর্ণ সাহিত্যকর্ম

To Daffodils by Robert Herrick

Robert Herrick এর *To Daffodils* একটি শোকধর্মী কবিতা। এ কবিতায় তিনি Daffodil ফুলের রূপকে মানুষের ক্ষণস্থায়ী জীবনের (short living of human being) বেদনার্ত আলোচনা করেছেন। পৃথিবীতে মানুষের জীবনের স্থায়ীত্ব খুবই অল্প, ঠিক যেন Daffodil ফুলের মতো। তাঁর মতে সুন্দর জিনিস পৃথিবীতে চিরদিন টিকে থাকে না, যেমন টিকে থাকে না Daffodil ফুল। কবি একথা বলে শুরু করেন যে, Daffodil ফুলগুলো অতি দ্রুত বিলীন হয়ে যাচ্ছে। তাদের আয়ুষ্কাল এত কম যে, মনে হয় উদীয়মান সূর্য দুপুর বেলা পর্যন্ত পৌঁছার আগেই তারা নষ্ট হয়ে যায়। কবি তারপর তাদেরকে কমপক্ষে সন্ধ্যার প্রার্থনা পর্যন্ত থাকার অনুরোধ জানান। Herrick যৌবনকে বসন্ত ঋতুর সাথে তুলনা করেন। বসন্ত ঋতুর সময়কাল যেমন অল্প তেমনি যৌবনের স্থায়ীত্বও অল্প। বসন্ত ঋতু যেমন ঋতুদের মধ্যে শ্রেষ্ঠ তেমনি যৌবনকাল ও জীবনের সবচেয়ে শ্রেষ্ঠ সময়। তারপর কবি মানব জীবনকে গ্রীষ্মের বৃষ্টির সাথে এবং সকালের মুক্তোর মতো জ্বলজ্বলে শিশিরের সাথে তুলনা করেছেন। কেননা তারা সবাই ক্ষণস্থায়ী। মূলত এ কবিতায়, পৃথিবীতে মানব জীবনের ক্ষণস্থায়ীত্বের প্রতি শোক প্রকাশ করা হয়েছে।

George Herbert

The Temple

The Temple by George Herbert

তিন খণ্ডে লিখিত *The Temple* কাব্যগ্রন্থটি George Herbert ঈশ্বরের সাথে নিজের সম্পর্ক নিয়ে লিখেছিলেন। কাব্যগ্রন্থটিতে খ্রিষ্টানদের Eucharist নামক ধর্মীয় আচার অনুষ্ঠানকে বারবার রূপক হিসেবে ব্যবহার করা হয়েছে। Eucharist এ মূলত যীশুর শেষ ভোজন বা Last Supper এর স্মৃতিকে উদ্‌যাপন করা হয় এবং তাঁর আত্মোৎসর্গকে স্মরণ করা হয়। গ্রন্থটির প্রায় প্রতিটি কবিতায় Eucharist এর উল্লেখ আছে। তার কবিতায় প্রথম থেকেই এই উৎসব ও খ্রিষ্টের ভাবধারায় আত্মদানকে একই মাত্রায় দেখানো হয়েছে। কবি দাবি করেন, মানবতার পাপের জন্য প্রায়শ্চিত্তে মৃত্যুবরণ না করে বরং ঈশ্বরের কাছে নিজেকে উৎসর্গ করার মাধ্যমে তিনি খ্রিষ্টের আত্মত্যাগের অনুকরণ করতে পারেন। তিনি আরও বুঝতে পারেন যে, শুধু ধর্মের জন্য আত্মত্যাগের মাধ্যমেই তিনি যীশুর কাছে নিজের জীবন উৎসর্গ করতে সক্ষম হবেন।

The Collar by George Herbert



কবি George Herbert তার *The Collar* কবিতায় বন্দি মানবাত্মার মুক্তির জয়গান গেয়েছেন। গলাবন্ধনী দ্বারা তিনি একজন মানুষকে শৃঙ্খলিত রূপে দেখেছেন, যে মানুষ শৃঙ্খল হতে মুক্ত হতে চায়। এখানে শৃঙ্খলিত রূপকে সময়ের সীমাবদ্ধ জীবন মাত্রার কথা তুলে ধরেছেন। একজন মানব বাতাসের মতো বাধা-বন্ধনহীন থাকতে চায়। কবি এখানে অসহায় বন্দি মানবের করুন আর্তনাদ তুলে ধরার প্রয়াস পেয়েছেন। এই অসহায় মানব একই বৃত্তে অবস্থান করে আজ ক্ষত বিক্ষত। তার জীবনের সকল অর্জনই যেন ব্যর্থ। এখানে এই বন্দি জীবনযাত্রায় শুধু রক্তাক্ত হওয়া ছাড়া কোনো পথ নেই।

Hesperides by Robert Herrick

Hesperides হলো 1648 সালে ইংরেজ ক্যাভালিয়ার কবি Robert Herrick এর প্রকাশিত একটি কবিতার বই। প্রায় ১২০০ টি গীতিকবিতার এই সংকলনটি Herrick এর শ্রেষ্ঠ সাহিত্যকর্ম এবং তাঁকে খ্যাতির চূড়ায় নিয়ে যায়। এটি 'Carpe Diem' চিন্তাধারায় পরিপূর্ণ, এর অর্থ হলো "ভবিষ্যৎ অনিশ্চিত, বর্তমানকেই কাজে লাগাতে হবে'। Hesperides হলো গ্রিক মিথলজির একদল কুমারী যারা স্বর্গের সোনার আপেলগাছ পাহারা দিতো। এই গাছ দেবতা Zeus ও দেবী Hera এর বিয়েতে আরেক দেবী Gaia উপহার দিয়েছিলেন। Hera অবশ্য Hesperides দের পুরোপুরি বিশ্বাস করতে পারেননি, তাই তিনি Ladon নামক এক শত মাথা বিশিষ্ট ড্রাগনকেও আপেল গাছের পাহারায় বসিয়েছিলেন। *Hesperides* কাব্যগ্রন্থেই *"To the Virgins, to Make Much of Time"* নামক কবিতাটি আছে।

	Title	Author	Summary
Poetry	To the Virgins, to Make Much Time	Robert Herrick	"বর্তমানকে উপভোগ করো" – এইটাই এই কবিতার মূলমন্ত্র। যৌবনের সক্ষমতা ও সৌন্দর্য ফুরিয়ে যাওয়ার আগেই নিঃশেষে পান করে নেওয়ার উপদেশ কবির।
	Delight in Disorder	Robert Herrick	অগোছালো পোশাকের একটা অন্যরকম মজা আছে। জীবনকে গৎবাঁধা আঙ্গিকে না রেখে মাঝেমাঝেই একটু এলোমেলো পোশাকের মতো উল্টেপাল্টে দেখা যায়।
	Upon Julia's Clothes	Robert Herrick	Julia নিয়ে কবির অনেকগুলো কবিতার একটি। মাত্র ছয় লাইনের এই কবিতায় কবি জুলিয়ার ঝলমলে পোশাক তার হৃদয়ে যে আলোড়ন তুলেছে তার চিত্রকল্প এঁকেছেন।
	Easster Wings	George Herbert	মানুষের পাপ প্রবণতার সমালোচনা করে কবি এইটা মনে করিয়ে দিতে চেয়েছেন যে যীশুর পুনর্জন্ম সন্নিকটে। তিনি শক্ত হাতে পাপ নির্মূল করবেন।

THE CAROLINE PERIOD এর সাহিত্যে প্রধান উক্তিসমূহ

> Gather ye rose-buds while ye may
>
> The Complete Poetry of Robert Herrick, Robert Herrick

> The eye by tears speak, while the tongue is mute
>
> Tears Are Tongues, Robert Herrick

> Be calm in arguing: for fierceness makes Error a fault, and truth discourtesy
>
> The Temple, George Herbert

Potential Questions & Answers

01. Who wrote religious poems?
(a) Robert Herrick (b) George Herbert (c) Robert Greene (d) John Suckling

02. "Living well is the best revenge" is quotation by-
(a) George Herbert (b) Robert Herrick (c) Samuel Thompson (d) Francis Bacon

03. Which thing of nature does Robert Herrick find similar to human being and daffodils?
(a) rising run (b) hasting day (c) spring (d) summer's morning dew

04. Who wrote "The Temple"?
(a) John Donne (b) Vaughan (c) A. Cowley (d) George Herbert

05. Why is the poet so sad to see the daffodils in 'To Daffodils'?
(a) The poet is sad because the flowers have not bloomed fully
(b) The poet is sad because winter will soon arrive
(c) The poet is sad because the flowers remind him of his own death
(d) The Poet is sad because flowers bring very hot weather

06. "The Night Piece to Julia" is a famous lyric by—
(a) Robert Green (b) George Herbert (c) John Lyly (d) Robert Herrick

07. "To Daffodils" is a famous poem by—
(a) Robert Herrick (b) William Congreve (c) Edmund Walter (d) Thomas Hobbes

08. Who wrote "Of the Progress of the Soul"?
(a) John Donne (b) Vaughan (c) A. Cowley (d) George Herbert

09. Who wrote "Hesperides"?
(a) Thomas Carew (b) George Herbert (c) Robert Herrick (d) John Dryden

10. Who is the poet of the sacred poem, "Easter Wings"?
(a) George Herbert (b) Robert Greene (c) George Peele (d) Robert Herrick

11. Which type of poetry suppressed the other types during Caroline period?
(a) Puritan school (b) Religious School (c) Metaphysical (d) Spirituality

12. "The eye tears speak, while the tongue is mute" is quotation by-
(a) Robert Herrick (b) George Herbert (c) Samuel Thompson (d) Francis Bacon

13. What does it mean by 'Hasting Day' in the poem 'To Daffodils' composed by Robert Herrick?
(a) Languishing days (b) Summer days (c) Slowly passing days (d) Hurriedly passing days

14. Which metaphysical poet belonged to Caroline period was contemporary to another famous poet John Donne?
(a) Katherine Philips (b) Henry Vaughan (c) Robert Herrick (d) George Herbert

15. Which is the main theme of Robert Herrick's 'To the Virgins, To Make Much Time'
(a) Focus on future (b) Time is irreversible (c) Enjoy the present/youth (d) Time and tide wait for none

Answers																			
01	b	02	a	03	d	04	d	05	c	06	d	07	☼	08	d	09	c	10	a
11	c	12	a	13	☼	14	d	15	c										

[বিশেষ দ্রষ্টব্য: সপ্রিয় বিসিএস প্রার্থী, উত্তরমালায় কিছু প্রশ্নের উত্তর না দেয়া থাকলেও আমরা বিশ্বাস করি আপনারা পরিপূর্ণ আত্মবিশ্বাসের সাথেই সঠিক উত্তরে বৃত্ত ভরাট করতে পারবেন।]

(1649-1660)

Commonwealth Period

"THE MIND IS ITS OWN PLACE, AND IN ITSELF CAN MAKE A HEAVEN OF HELL, A HELL OF HEAVEN"
--JOHN MILTON (PARADISE LOST)

1649 সালে রাজা প্রথম চার্লসকে হত্যা করার পর ক্ষমতায় আসেন Puritan ধর্মের অনুসারী Oliver Cromwell. 1658 সালে তাঁর মৃত্যুর পর তাঁর ছেলে Richard Cromwell ক্ষমতায় আরোহণ করেন। কিন্তু অদক্ষতার কারণে তিনি দ্রুত জনপ্রিয়তা হারাতে থাকেন এবং 1660 সালে ক্ষমতাচ্যুত হন। 1649 থেকে 1660 সাল পর্যন্ত এই সময়কালকে ইংরেজি সাহিত্যের Commonwealth Period বলে কেননা এসময় ইংল্যান্ড সংসদ দ্বারা শাসিত হয়েছিল, কোন রাজা বা রাজতন্ত্র ছিল না। গৃহযুদ্ধের মাধ্যমে রাজতন্ত্রের উৎখাত এবং স্টুয়ার্ট বংশীয় রাজবংশের সিংহাসন পুনরুদ্ধারের মাঝের সময়টুকুই Commonwealth Period এর অন্তর্ভুক্ত। এ যুগে 1643 সালে Licensing আদেশ আইন করা হয়েছিল, যে আইনে কোন বই প্রকাশের পূর্বে তার কোন আপত্তিকর অংশ আছে কিনা তা পরীক্ষা করা বাধ্যতামূলক ছিল। **John Milton** এই যুগের সবচেয়ে প্রখ্যাত সাহিত্যিক।

Previous Years' BCS Preli Questions & Answers

01. 'Paradise Lost' attempted to- [44th, 14th BCS] **[Ans: c]**
(a) justify the ways of man to God. (b) show that Satan and God have equal power.
(c) justify the ways of God to man. (d) explain why both good and evil are necessary.

02. "Better to reign in Hell, than serve in Heaven."- Who wrote this? [43rd BCS] **[Ans: c]**
(a) Geoffrey Chaucer (b) Christopher Marlowe (c) John Milton (d) P. B. Shelley

03. Of the following authors, who wrote an epic? [38th BCS] **[Ans: a]**
(a) John Milton (b) Jane Mansfield (c) William Cowper (d) William Shakespeare

COMMONWEALTH PERIOD এর কিংবদন্তি সাহিত্যিক

John Milton (1608-1674)

Literary Works

- Paradise Lost (epic)
- Paradise Regained (epic)
- Areopagitica
- On His Blindness
- L'Allegro
- Il Penseroso
- Comus
- Lycidas (elegy)
- Samson Agonistes
- O Nightingale (sonnet)

যে কয়জন মহান কবি তাঁদের কাব্য প্রতিভার অমূল্য সম্পদ দিয়ে বিশ্বসাহিত্যের ভাণ্ডারকে সমৃদ্ধ থেকে সমৃদ্ধতর করে গেছেন John Milton নিঃসন্দেহে তাঁদের মধ্যে অন্যতম। তাঁর রচিত *Paradise Lost* মহাকাব্যটি শুধু ইংরেজি ভাষায়ই নয়, বিশ্ব ইতিহাসেরই অন্যতম শ্রেষ্ঠ কীর্তি হিসেবে বিবেচিত। বহু সমালোচক তাঁকে ইংরেজি ভাষার শ্রেষ্ঠ কবিতা হিসেবে আখ্যা দিয়েছেন। ভিক্টোরিয়ান, রোমান্টিক ও আধুনিক যুগের বহু কবি তাঁর সাহিত্যকর্ম দ্বারা অনুপ্রাণিত হয়েছেন। স্বচ্ছল পিতা মাতার গৃহে জন্ম নেওয়া এই কবি শৈশবেই গ্রিক, ল্যাটিন ও অন্যান্য ধ্রুপদি ভাষায় শিক্ষা লাভ করেন যা তাঁর পরবর্তী সাহিত্যিক জীবনে ছাপ ফেলে। তিনি ক্যামব্রিজের ক্রাইস্ট কলেজ থেকে খুবই ভালো ফলাফলের সাথে স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রি লাভ করেন। Milton কে ইতিহাসের অন্যতম শ্রেষ্ঠ পড়ুয়া ও জ্ঞানী কবি হিসেবে আখ্যা দেওয়া হয়। কথিত আছে, তিনি প্রতিদিন গভীর রাত পর্যন্ত অধ্যয়ন করতেন। তিনি প্রায় ছয় বছর নিজ গৃহে অবস্থান করে একাকী দর্শন, ধর্মতত্ত্ব, ইতিহাস, বিজ্ঞান, রাজনীতি ইত্যাদি বিষয়ে ব্যাপক অধ্যয়ন করেন। তিনি ল্যাটিন, গ্রিক, হিব্রু, স্প্যানিশ, ডাচ, ইতালীয় ও আদি ইংরেজি ভাষায় দক্ষ ছিলেন। আপন গৃহে নির্জনবাস শেষ হবার পর Milton সুইজারল্যান্ড, ইতালি এবং ফ্রান্সে দীর্ঘকাল ভ্রমণ করেন। ইতালিতে থাকা অবস্থায় ইংল্যান্ড থেকে যুদ্ধের সম্ভাবনার সংবাদ আসলে, Milton এর বিদ্রোহী সত্তা জেগে উঠে এবং কলমি সৈনিক হিসেবে অবতরণ করেন '*Areopagitica*' গ্রন্থটি। যেখানে মানুষের বাক স্বাধীনতা, মুদ্রণ স্বাধীনতা এবং সংগ্রামের জীবন্ত দলিল অঙ্কিত হয়েছে। গৃহযুদ্ধ শেষে Milton কমনওয়েলথ সরকারের বৈদেশিক সেক্রেটারি হিসেবে নিয়োগ পান। ১৬৫১ সাল থেকে তিনি দৃষ্টিশক্তি হারাতে থাকেন। দৃষ্টিশক্তি কমে আসার কারণে Andrew Marvell কে তার সহযোগী হিসেবে নিয়োগ দেওয়া হয়। অন্ধ অবস্থাতেই তিনি অশান্তির মধ্যে লেখেন তাঁর বিশ্ববিখ্যাত কালজয়ী মহাকাব্য *Paradise Lost, Paradise Regained* এবং *Samson Agonistes*। কমনওয়েলথ সরকারের পতন হলে এবং ১৬৬০ সালে রাজতন্ত্র পুনঃপ্রতিষ্ঠিত হলে Milton কে গ্রেফতার করা হয়। তখন Andrew Marvell এবং আরো কিছু প্রভাবশালী শুভাকাঙ্ক্ষীদের অনুরোধে রাজা দ্বিতীয় চার্লস Milton-কে ক্ষমা করে দেন। এরপর বাকি জীবন তিনি লন্ডনে নিভৃতে কাটিয়ে দেন এবং ১৬৭৪ সালে ক্ষয় বা গাউট রোগে ভুগে মারা যান।

Andrew Marvell (1621-1778)

Metaphysical poet এবং ব্যঙ্গ সাহিত্য রচয়িতা হিসেবে প্রসিদ্ধ Andrew Marvell একজন রাজনীতিবিদও ছিলেন। John Milton এর সহকারী হিসেবে কর্মজীবন শুরু করলেও পরবর্তীতে হয়েছেন কন্সটান্টিনোপল কূটনীতিক। তিনি ১৬৪২ থেকে ১৬৪৪ সালের মধ্যে ইতালি, ফ্রান্স, হল্যান্ড প্রভৃতি দেশ ভ্রমণ করেন। স্বদেশে ফিরে ক্যামব্রিজ ছাত্রকালীন সময়ের বন্ধু Richard Lovelace-কে নিয়ে একটি কবিতা লিখেন, যা তাঁর প্রকাশিত প্রথম কবিতা। ইংরেজি ভাষায় রচিত ৪০টি কবিতা ছাড়াও ল্যাটিন ভাষার দু'চারটি কবিতা পাওয়া যায়। Andrew Marvell-এর বেশিরভাগ কবিতাগুলো ছিল তৎকালীন রাজতন্ত্রের সমালোচনা, পিওরিটানদের পক্ষে আলোচনা ও শেক্সপিয়রের সমালোচনা বিষয়ক। Marvell-এর নিপুণ পরিচর্যা প্রকৃতিপ্রীতির পাশাপাশি তাঁর কবিতায় স্বদেশানুভূতি, ধর্মতত্ত্ব, প্রেম-বিরহ, Humour, Irony, Wit এসবও উঠে এসেছে। ১৬৭৮ সালের ১৬ই আগস্ট কূটনীতিবিদ, রাজনীতিবিদ, চিরকুমার কবি Marvell এর জীবনাবসান ঘটে লন্ডনে। তার মৃত্যুর পর ১৬৮১ সালে তাঁর প্রথম কবিতার সংকলন প্রকাশিত হয়।

Literary Works

- To His Coy Mistress
- The Garden
- Bermudas
- The Definition of Love
- The Nymph Complaining for the Death of Her Fawn
- The Last Instructions to a Painter
- The Rehearsal Transpros'd
- An Account of the Growth of Popery, and Arbitrary Government in England

Author	Short Bio	Major Works
Thomas Hobbes (1588-1679)	একজন ইংরেজ দার্শনিক। তিনি বিশ্বাস করতেন, রাষ্ট্র ও সমাজের নিরাপত্তা একমাত্র রাজতন্ত্রের চূড়ান্ত সার্বভৌমত্বের মাধ্যমেই লাভ করা সম্ভব। তাঁকে আধুনিক রাজনৈতিক দর্শনের জনক বলা হয়।	**Non-Fiction** Leviathan The Elements of Philosophy
Jeremy Taylor (1613-1667)	Jeremy Taylor সপ্তদশ শতাব্দীর একজন প্রসিদ্ধ ধর্মতত্ত্ববিদ। তাঁর উপদেশ ও ধর্মীয় সাহিত্যের জন্য তাঁকে 'Shakespeare of Divines' বলা হয়। University of Dublin এর Vice-Chancellor হিসেবে তাঁকে নিযুক্ত করা হয়েছিল। S.T. Coleridge তাঁকে সপ্তদশ শতাব্দীর তিনজন বিখ্যাত লেখক Shakespeare, Bacon ও Milton দের সারিতে স্থান দেন।	**Religious Book** The Rule and Exercises of Holy Living The Rule and Exercises of Holy Dying **Poems** A Prayer for Charity A Hymn on St. Jones Day Help in Adversity Unselfishness in Friendship
Henry Vaughan (1621-1695)	জাতিতে Welsh কবি Henry Vaughan ছিলেন একজন Metaphysical ও ধর্মীয় কবি। আরেক Metaphysical কবি George Herbert এর লেখনী দ্বারা তিনি প্রভাবিত হয়েছিলেন। তিনি পেশাগত জীবনে ছিলেন একজন চিকিৎসক।	**Poems** Mount of Olives, The Retreat The Chemist's key, Childhood The Morning Watch, The Dawning **Poetry Collection** Silex Scintillans, Olor Iscanus
Abraham Cowley (1618-1667)	ইংরেজ কবি ও প্রাবন্ধিক। ইংরেজিতে প্রবন্ধ সাহিত্যের বিকাশে তিনি অবদান রাখেন। তিনিই প্রথম ইংরেজি কবিতায় "Pindaric ode form" ব্যবহার করেন।	**Poems** The Mistress, Davideis Constantia and Philetus **Plays** The Cutter of Coleman Street

COMMONWEALTH PERIOD এর গুরুত্বপূর্ণ সাহিত্যকর্ম

Leviathan by Thomas Hobbes

Leviathan একটি যুগান্তকারী গ্রন্থ যার রচয়িতা ছিলেন Thomas Hobbes। এ গ্রন্থে Hobbes পদার্থবিদ্যা ও মানব-প্রকৃতি সম্পর্কে আলোচনা করেছেন। এছাড়া এতে নৈতিকতা ও রাজনৈতিক তত্ত্ব গুরুত্ব সহকারে বিশ্লেষিত হয়েছে। গ্রন্থটি রাজনৈতিক চিন্তাধারায় এক বিশেষ আলোড়নের সৃষ্টি করে। এই পুস্তকে মানুষের সঙ্গে রাষ্ট্রের সামাজিক চুক্তিকে বিশদভাবে ব্যাখ্যা করা হয়েছে। চরম রাজতন্ত্র বা স্বৈরাচার সমর্থনের উদ্দেশ্যেই Hobbes রাষ্ট্রের উৎপত্তি ব্যাখ্যা করেছেন। Hobbes এর মতে মানুষ কোনো প্রকার সরকারি সুযোগ সুবিধা ভোগ করা ছাড়াই প্রাকৃতিক রাজ্যে বসবাস করতো। এমতাবস্থায় ব্যক্তি গত স্বার্থ রক্ষায় মানুষের যাবতীয় কার্যাবলি নিয়ন্ত্রণ হতো। বস্তুত প্রাকৃতিক রাজ্যের ভয়াবহ পরিবেশে কারও পক্ষে শান্তিপূর্ণভাবে জীবন যাপন করা সম্ভব ছিল না। এ সময় কোনো গণশাসকের অস্তিত্ব ছিল না। এরপর মানুষ ধীরে ধীরে রাষ্ট্রের প্রয়োজনীয়তা অনুভব করলো। তৈরি হলো নিয়ম কানুন। সৃষ্টি হলো রাষ্ট্র-সমাজ-সরকার-নাগরিক। গড়ে উঠলো রাষ্ট্র ব্যবস্থা। আর এই রাষ্ট্র ও সমাজের নিরাপত্তা তখনই নিশ্চিত হবে যখন শাসকের হাতে চূড়ান্ত বা সার্বভৌম ক্ষমতা থাকবে।

Paradise Lost by John Milton

অমিত্রাক্ষর ছন্দে লেখা *Paradise Lost* মহাকাব্যটিতে ১০,০০০ এর বেশি লাইন আছে। ১৬৬৭ সালে প্রথম ১০ খণ্ডে এটি প্রকাশিত হয় ও ১৬৭৪ সালে দ্বিতীয় সংস্করণে ১২ খণ্ডে প্রকাশিত হয়। এটি সম্ভবত ১৬৫৮ থেকে ১৬৬৪ সালের মধ্যে রচিত হয়েছিলো। Eeden বা স্বর্গ থেকে মানুষের বিতাড়িত হওয়ার গল্প হল Paradise Lost, গল্পটি বাইবেল থেকে নেওয়া হয়েছে। মহাকাব্যের শুরুতে শয়তানকে দেখানো হয় যে নরকের রাজধানীতে বসে তার মতো অন্যসব বিতাড়িত দেবদূতকে নিয়ে ঈশ্বরের নতুন সৃষ্টি মানবজাতিকে কলুষিত করার পরিকল্পনা করছে। এদিকে আদম ও ইভ স্বর্গে সুখে বসবাস করছে পূর্ণ স্বাধীনতা নিয়ে কিন্তু তাদের শুধু একটি গাছেরই ফল খেতে নিষেধ করা হয়েছে। শয়তান সাপের রূপ নিয়ে এসে ইভকে ঐ গাছের ফল খেতে প্ররোচিত করে। ইভের দেখাদেখি আদমও সজ্ঞানে একই অপরাধ করে যেন সেও একই শাস্তি পায়। শয়তান সাফল্যে উল্লসিত হয়ে নরকে ফেরত যায় আর আদম ও ইভ নিজেদের অপরাধ বুঝতে পেরে ঈশ্বরের কাছে ক্ষমা চায়। কিন্তু তাদেরকে পৃথিবীতে পাঠিয়ে দেওয়া হয়। এই মহাকাব্যটির Theme হলো "To Justify the ways of God to Man" অর্থাৎ এই সাহিত্য কর্মে Milton মানুষের প্রতি প্রভুর ন্যায়বিচার প্রতিপন্ন করেছেন।

Aeropagitica by John Milton



Aeropagitica ইংরেজ কবি John Milton এর বাক্ ও মত প্রকাশের স্বাধীনতার অধিকারের পক্ষে লিখিত ইতিহাসের সবচেয়ে প্রভাবশালী এবং আন্তরিক দার্শনিক রচনাগুলোর মধ্যে একটি। কোন বই প্রকাশের আগেই লেখকের সরকার থেকে লাইসেন্স নেওয়ার বাধ্য-বাধকতা নিয়ে ১৬৪৩ সালের Ordinance for the Regulating of Printing আইনের বিরোধীতা করে এই পুস্তিকাটি রচিত হয়। এতে প্রকাশিত অনেকগুলো নীতি আধুনিক ন্যায্যতাবোধের ভিত্তি তৈরি করেছে। Milton যুক্তি দেন যে, নাগরিক স্বাধীনতা তখনই অর্জিত হয় যখন তাদের অভিযোগগুলো অবাধে শোনা হয়, গভীরভাবে বিবেচনা করা হয় এবং দ্রুত সমাধান করা হয়।

Aeropagitica রচনাটিতে John Milton সংবাদপত্রের স্বাধীনতা নিয়ে দীর্ঘ বক্তব্য রেখেছেন। তাঁর অন্যান্য রচনার মতোই এখানেও প্রেরণার ভিত্তি হয়েছিল শুদ্ধতাবাদী ধর্মীয় ধারণা। তার মূল বক্তব্য ছিলো Garden of Eden এ Adam ও Eve এর গল্পের সমান্তরালে মানুষের আচরণের বৈপরীত্য। ঈশ্বর মানুষকে চিন্তা ও বিবেচনার সুযোগ দিয়েছেন, তারা যেন নিজেদের জন্য কোনটা ভালো হবে সেটা বুঝে নিতে পারে। মানুষেরও উচিত মানুষকে একই রকম সুযোগ দেওয়া। স্বাধীনতা হরণ না করে তার যথাযথ ব্যবহার নিশ্চিত করা। মানুষকে ভালো মন্দ সব বই পড়ারই স্বাধীনতা দিতে হবে, প্রকাশের আগেই বই নিষিদ্ধ করার আইন করা যাবেনা।

	Title	Author	Summary
Poetry	**Paradise Regained**	John Milton	এই কবিতায় Jesus Christ কে শয়তানের প্রলোভন দেওয়ার গল্পটি উপস্থাপন করা হয়েছে। শয়তান Jesus কে খাদ্য, অলংকার ও কর্তৃত্ব দিয়ে প্রলুব্ধ করার চেষ্টা করে। প্রত্যেকবারই Jesus শয়তানকে তিরস্কার করে। কবিতায় পাপ ও শয়তানের উপর Jesus এর বিজয় দেখানো হয়েছে ও Jesus এর মাধ্যমে God এর সাথে মানুষের স্বর্গ পুনরুদ্ধার পরবর্তী সম্পর্ক প্রকাশ করা হয়েছে।
	On His Blindness	John Milton	তর্কাতীতভাবে Milton এর সেরা চতুর্দশপদী কবিতা যেখানে তিনি একজন মানুষের অভ্যন্তরীণ সত্তার আবেদন তুলে ধরে, যে প্রভুর ইচ্ছা, ক্ষমা আর ন্যায় বিচারের কাছে নিজেকে সম্পূর্ণরূপে সমর্পণ করে।
	Lycidas	John Milton	এই কবিতাটি একটি গ্রাম্য শোকগাঁথা (Pastoral Elegy) যেখানে Milton 1637 সালে জাহাজডুবিতে মারা যাওয়া প্রিয় বন্ধু Edward King এর মৃত্যুতে সমবেদনা প্রকাশ করেন।

	Title	Author	Summary
	O Nightingale	John Milton	একটি জনপ্রিয় চতুর্দশপদী কবিতা। এটি *"Sonnet 1"* হিসেবেও পরিচিত। কবিতায় কবি গায়ক পাখি Nightingale ও কোকিল এর পার্থক্য উপস্থাপন করেন। কবি বলেন, Nightingale পাখির গান প্রেমে সফলতা ও সৌভাগ্য বয়ে আনে আর কোকিলের কর্কশ কণ্ঠ ঈর্ষা ও প্রতারণার সাথে সম্পর্কযুক্ত।
	To His Coy Mistress	Andrew Marvell	এই কবিতায় কবি তাঁর প্রেমিকাকে সব ভণিতা ও সংকোচ ত্যাগ করে আলিঙ্গন গ্রহণের প্রস্তাব দিয়েছেন। তিনি সময় শেষ হয়ে মৃত্যু আসার পূর্বে প্রেমের সব সুযোগ কাজে লাগানোর জন্য প্রেমিকাকে প্রেরণা দিয়েছেন এই কবিতায়।
	The Garden	Andrew Marvell	এই কবিতাটি প্রকাশ ভঙ্গিতে Romantic কিন্তু শব্দ প্রয়োগের দিক থেকে Metaphysical। এটি একটি বালককে নিয়ে কবিতা যে সমাজ নিয়ে হতাশ ও মানুষ তার কাছে অগ্রহণযোগ্য কিন্তু প্রকৃতি তার কাছে মানুষ ও সমাজ উভয় থেকেই হাজার গুণ ভালো।
	Mount of Olives	Henry Vaughan	গদ্যে লিখিত এই প্রার্থনার বইটিতে গির্জা ও অন্যান্য কাজে ব্যবহারের জন্য দিনের বিভিন্ন সময়ের বিভিন্ন প্রার্থনা সংকলিত হয়েছিল। কমনওয়েলথ আমলে অবশ্য এই বইটি নিষিদ্ধ ছিলো।
	The Mistress	Abraham Cowley	Metaphysical কবিতার এই সংগ্রহে তার বিখ্যাত সব কবিতা স্থান পেয়েছে।
Prose	**The Rule and Exercize of Holy Living**	Jeremy Taylor	1650 রচিত একটি বিখ্যাত সাহিত্যকর্ম। এটি খ্রিষ্টান ধর্ম সাধনার হস্তলিখিত দলিল যা Anglicans দেরকে সরাসরি প্রভাবিত করেছিল।

COMMONWEALTH PERIOD এর সাহিত্যে প্রধান চরিত্রসমূহ

Samson from *Samson Agonistes* by John Milton



John Milton কাব্য হিসেবে *Samson Agonistes* লিখলেও, এর মাঝে নাটকের ছোঁয়া রেখে গেছেন। যেখানে কাহিনি বা চরিত্রের Dialogue এর ধারাবাহিকতা রয়েছে। কাব্যটি বর্তমানকাল অনুযায়ী লেখা হয়েছে। Samson একজন ইসরাইলী শক্তিশালী পুরুষ। ঈশ্বর কর্তৃক আশীর্বাদপ্রাপ্ত হয়ে Samson এর চুলে ছিল তার শক্তি। সে তার দেশের একজন জাতীয় বীরযোদ্ধা হয়েও তার বিরোধী জাতির একজন মেয়ে Dalila কে বিয়ে করে। তার স্ত্রী নিজ দেশের মানুষের সাথে মিশে তার বিরুদ্ধে ষড়যন্ত্র করে Samson এর চুল কেটে দেয়। এই বিশ্বাসঘাতকতার কারণে Samson শেষ পর্যন্ত তার শত্রুপক্ষ, ফিলিস্তিনিদের কাছে বন্দী হয়ে যায়। শত্রুরা তাকে অন্ধ করে দেয়। Samson চরিত্রটির নিগুঢ়তা ব্যাপক। তার ধারণা ঈশ্বর কর্তৃক প্রদত্ত আশীর্বাদ গোপন না করে, প্রকাশ করায় আজ তার এই করুণ অবস্থা। তার বাবা Manoa, ফিলিস্তিনি আর্মিকে উৎকোচ দিয়ে তাকে বন্দিদশা থেকে মুক্ত করতে চাইলে সে মানা করে দেয়। এর দ্বারা অন্যায়ের সাথে আপোষহীনতা আরো ফুটে উঠে। Harpha নামক এক দানব Samson-কে উপহাস করলে, প্রতিবাদস্বরূপ Samson তাকে হস্তযুদ্ধের প্রস্তাব করে বসেন। দুর্বলতা কখনই হেরে যাওয়ার কারণ হতে পারে না, এটি Samson এর দৃঢ় মনোভাব হতে পাওয়া যায়। Samson কে বন্দি করার উৎসবে দর্শকদের উপহাসের প্রতিবাদস্বরূপ Samson দেয়ালের পিলারে ধাক্কা দিলে তৎক্ষণাৎ দালানের ছাদটি ধ্বসে পড়ে এবং সকল মানুষ মৃত্যুবরণ করে।

অন্ধ ও কম শক্তির মানুষ হয়েও দৃঢ়চিত্তের অধিকারী ছিলেন Samson. এই সত্যটা পুরো কাব্যতে প্রতীয়মান হয়।

Nymph from *The Nymph Complaining for the Death of Her Fawn* by Andrew Marvell

Andrew Marvell রচিত *'The Nymph Complaining for the Death of Her Fawn'* কবিতাটি মূলত একজন Nymph বা রূপসি নারীর কণ্ঠে একটি মৃত হরিণ শাবকের প্রতি শোকগাঁথা নিয়ে Dramatic monologue. সততার প্রতি পরম শ্রদ্ধা এবং পবিত্র ভালোবাসার পূজারি হিসেবে Nymph চরিত্রটিকে কবি ফুটিয়ে তুলেছেন। কবিতাটি শুরু হয় Nymph -এর হরিণশিশুর করুণ মৃত্যুদশার বর্ণনা দিয়ে। তাকে হরিণশাবকটি উপহার দিয়েছিল তার প্রেমিক Sylvia, যে কোন মানুষের চেয়ে অধিক প্রাণবন্ত হরিণ শাবকটি ছিলো তার একাকী জীবনের একমাত্র সঙ্গী। কিন্তু একদিন বাড়ির পাশ দিয়ে যাওয়া একদল উচ্ছৃঙ্খল সৈনিক তার হরিণশাবককে গুলিবিদ্ধ করে এবং সেই শাবকটি তার চোখের সামনে মারা যায়। মেয়েটি সৈন্য দলের প্রতি বিলাপ করে বলে যে, তাঁর কোনো দিন তাদের কারো প্রতি কোনো বিদ্বেষ ছিল না, তার হরিণ শাবকও তাদের কোন ক্ষতি করেনি, তাহলে কোন অপরাধে তার একমাত্র সঙ্গীকে এভাবে মারা যেতে হবে! Nymph মৃত্যুশয্যায়ী হরিণটির দুই ফোঁটা অশ্রু স্বর্ণের শিশিতে রেখে দেয় এবং তা দেবতার মন্দিরে সমর্পণ করবে বলে ইচ্ছাপোষণ করে। প্রতীকী অর্থে এই কবিতায় স্রষ্টার কাছে বিচার দেওয়া হয়েছে, শুধু মানুষের প্রতি মানুষের কৃতকর্মের বিচার হলে, পশুদের প্রতি অবিচারের বিচার কেন করা হবে না!

COMMONWEALTH PERIOD এর সাহিত্যে প্রধান উক্তিসমূহ

Hell is truth seen too late

Leviathan,
Thomas Hobbes

Knowledge is power

Leviathan,
Thomas Hobbes

Force and fraud are in war the two cardinal virtues

Leviathan,
Thomas Hobbes

Words are the counters of wise men, and the money of fools

Leviathan,
Thomas Hobbes

Covenants, without the sword, are but words and of no strength to secure a man at all

Leviathan,
Thomas Hobbes

The mind is its own place, and in itself can make a heaven of hell, a hell of heaven

Paradise Lost,
John Milton

What hath night to do with sleep?

Paradise Lost,
John Milton

Better to reign in Hell, than to serve in Heaven

Paradise Lost (Said Satan),
John Milton

Solitude sometimes is best society

Paradise Lost,
John Milton

Long is the way and hard, that out of Hell leads up to light

Paradise Lost,
John Milton

Awake, arise or be forever fall'n

Paradise Lost,
John Milton

Give me the liberty to know, to utter, and to argue freely according to conscience, above all liberties

Areopagitica,
John Milton

Thou canst not touch the freedom of my mind

Paradise Lost,
John Milton

Yet he who reigns within himself, and rules
Passions, desires, and fears, is more a king

Paradise Regained,
John Milton

Nothing is intolerable that is necessary

Holy Living and Dying with Prayers
Jeremy Taylor

Marriage is the mother of the world, and preserves kingdoms, and fills cities, and churches, and heaven itself

Jeremy Taylor: Selected Works,
Jeremy Taylor

The grave's a fine and private place, But none, I think, do there embrace

To His Coy Mistress,
Andrew Marvell

Hope is the most hopeless thing of all

Dr. Faustus,
Abraham Cowley

Potential Questions & Answers

01. Who was closely associated with John Donne and George Herbert?
(a) Andrew Marvell (b) Henry Vaughan (c) John Lyly (d) Robert Herrick

02. Who is the friend and the admirer of John Milton?
(a) John Suckling (b) John Lyly (c) Andrew Marvell (d) Henry Vaughan

03. Who is the writer of 'Lycidas'?
(a) Thomas Gray (b) Alfred Tennyson (c) John Milton (d) John Keats

04. Who among the following is an English epic poet?
(a) Keats (b) Shelley (c) Milton (d) Wordsworth

05. Who wrote the book 'Paradise Regained'?
(a) John Keats (b) William Blake (c) P.B. Shelley (d) John Milton

06. Paradise Lost is—
(a) an epic (b) a satirical work (c) a tragedy (d) drama

07. "The Garden" is a poem written by —
(a) Robert Herrick (b) John Lyly (c) Henry Vaughan (d) Andrew Marvell

08. "The Definition of Love" is a famous poem by —
(a) Henry Vaughan (b) Andrew Marvell (c) John Lyly (d) John Suckling

09. Which is a symbolic work by John Milton against Licensing Order of 1643 which created censorship and for freedom of speech and press during the stint of King Charles I.
(a) Paradise Lost (b) Paradise Regained (c) Lycidas (d) Areopagitica

10. The Epic Paradise Lost was written in-
(a) Rhymed Verse (b) Blank Verse (c) Free Verse (d) Saturnian Verse

11. Which poet is the pioneer of using 'Slant Rhyme' in poetry?
(a) Andrew Marvell (b) Jermy Taylor (c) Emily Dickinson (d) Abraham Cowley

12. Which one of the following is an unfinished work composed by Abraham Cowley?
(a) The Mistress (b) The Cutter of Coleman Street
(c) Davideis (d) Constantia and philetus

13. Who believed in absolute Monarchy?
(a) John Milton (b) Jermy Tylor (c) Andrew Marvell (d) Thomas Hobbes

14. Which of the following events doesn't tend to the Commonwealth period?
(a) Assassianation of Charles I (b) Usurpation of power by Oliver Cromwell
(c) Removal of Richard Cromwell (d) Revival of monarch

15. "The end of Knowledge is power" was quoted by-
(a) Thomas Jefferson (b) John Milton (c) Sir Francis Bacon (d) Thomas Hobbes

Answers																			
01	a	02	c	03	c	04	c	05	☼	06	a	07	d	08	b	09	d	10	b
11	c	12	c	13	☼	14	d	15	d										

[বিশেষ দ্রষ্টব্য: সম্ভ্রিয় বিসিএস প্রার্থী, উত্তরমালায় কিছু প্রশ্নের উত্তর না দেয়া থাকলেও আমরা বিশ্বাস করি আপনারা পরিপূর্ণ আত্মবিশ্বাসের সাথেই সঠিক উত্তরে বৃত্ত ভরাট করতে পারবেন।]

Chapter 06 (1660-1798)

Neoclassical Period

সাধারণ মানুষ রাজতন্ত্র নিয়ে বিরক্ত। ব্রিটিশ ঔপনিবেশিকতার সূচনালগ্ন উপস্থিত। সামন্ত ভূমিপ্রভু আর অভিজাত পরিবারের পাশাপাশি একটি বণিকশ্রেণি গড়ে উঠছে যাদের সম্পদে সমৃদ্ধ হচ্ছে টেমস নদীর দুকূল। অথচ সামাজিক ও রাজনৈতিক অঙ্গনে তাদের উপস্থিতির কোনও সুযোগ সৃষ্টি হয় নাই। প্রোটেস্ট্যান্ট চার্চের প্রাচীন অবকাঠামো দিয়ে ধর্মীয় ও আত্মিক প্রশান্তির সুযোগও দেখা যাচ্ছেনা। এই অবস্থায় সমাজ দ্বিধাবিভক্ত। রাজ্যানুরাগী ক্যাভালিয়ের আর গণতন্ত্রানুরাগী রাউন্ডহেড। রক্ষণশীল প্রোটেস্ট্যান্ট আর নতুনের ধারণা নিয়ে আসা পিউরিটান। রেনেসাঁর শেষ হয় নতুনের জয়ে। চার্লস-১ এর শিরশ্ছেদে পতন হয় রাজতন্ত্র। অলিভার ক্রোমওয়েলের কমনওয়েলথ নিয়ে আসে পিউরিটান সমাজ।

ঘোর রক্ষণশীল পিউরিটানরা লন্ডনের থিয়েটারগুলো পর্যন্ত বন্ধ করে দেয়। সমস্ত রাজত্বে "হাসতে আছে মানা" টাইপ অবস্থা। মানুষজন অতিষ্ঠ। তাদের মনে হয়, "আমরা তো রাজতন্ত্রেই ভালো ছিলাম"। তারা ফ্রান্স থেকে ২ নম্বর চার্লসকে খুঁজে বের করে আবার রাজত্বে বসায়। শুরু হয় রাজতন্ত্রের Restoration যুগ। যেহেতু পূর্বতন ক্যারোলিন যুগে মানুষ প্রাচীনের আরাধনায় মেতেছিল। এবারে সেটাই ফিরে আসে। Baroque ধারার Renaissance Art এর সাহসী জটিলতা বাদ দিয়ে পশ্চিমের মানুষ পুনরায় ফিরে যায় তাদের গ্রেকো রোমান স্বর্ণযুগে। সেকালের শিল্পকে বলা হয় আদর্শ আকৃতি, সারল্যের মধ্যে আভিজাত্য।

Neoclassical Period Timeline

- 1660 — Restoration of Charles II
- 1667 — *Paradise Lost* by John Milton
- 1682 — *Mac Flecknoe* by John Dryden
- 1700 — *Way of the World* by William Congreve
- 1702 — Queen Anne takes Crown
- 1711 — *The Spenctator*- A Daily Journal
- 1712 — *The Rape of the Lock* by Alexander Pope
- 1727 — Coronation of George II
- 1744 — Death of Alexander Pope
- 1757 — England Colomizes India
- 1776 — American Independence
- 1789 — French Revolution

প্রিন্টিং প্রেসের ব্যবহার কেবল বাইবেল ছাপানোর চেয়ে বেশি কিছু হয়ে উঠেছে। মানুষ মজেছে জার্নাল ও পিরিওডিক্যালের নেশায়। ত্রৈমাসিক, মাসিক, পাক্ষিক, সাপ্তাহিক, দৈনিক সব ধরনের জার্নালের উত্থান এই যুগে। এসব জার্নালে সাহিত্য প্রকাশের ব্যাপারটা ভিক্টোরীয় যুগ পর্যন্ত অপেক্ষা করেছে, তবে সাহিত্যমান সম্পন্ন সামাজিক ব্যাঙ্গচিত্র প্রকাশ হয়ে হর হামেশাই শোরগোল তুলে দিতো। নবায়িত রাজতন্ত্রে নবাগত বণিক ও মধ্যবিত্ত শ্রেণির কথা বলার একটা জায়গা তৈরিই হলো। রীতিমতো গালাগাল ও কাদা ছোড়াছুড়ির প্রতিযোগিতা করে হল্লা তুলে দিলো নতুন রাজনৈতিক বিভাজন। রাজকীয় বংশগতির বিরোধী পক্ষ Whig আর পক্ষে থাকা Tory। এরা একে অন্যকে শব্দাঘাতে বজ্রাহত করার প্রচেষ্টায় জন্ম দিলো ইংরেজি ভাষায় বক্রভাষণের অনন্য সব পদ্ধতি। এই বক্রতার রেশ আজও বজায় আছে ব্রিটিশ হিউমারে।

এদিকে কর্তৃপক্ষের তেমন কোনও প্রচেষ্টা ছাড়াই ব্রিটিশ ঔপনিবেশিকতা একটি প্রধান সাফল্যের মুখ দেখলো। সমৃদ্ধ ভারত উপমহাদেশ চলে এলো ব্রিটিশ করতলে। সম্পদ ও সমৃদ্ধির অভাবনীয় এক উৎকর্ষের যুগ যেন ভাগ্যগুণে ধরা দিলো। উদীয়মান এলিটরা গণহারে শিক্ষিত হতে শুরু করলো। তাদের বিনোদনের চাহিদাও জটিল হতে ধরলো। এরই ধারাবাহিকতায় জন্ম নিলেন Milton, Dryden, Pope। পুরাতন সাহিত্যরীতি যেমন- মহাকাব্য, প্যাস্টরাল এলিজি এঁরা নতুন করে উপস্থাপন করলেন। মহাকাব্য হলো Mock Heroic Epic, নাটক হয়ে উঠলো Comedy of Manners। এইভাবে ইংরেজি সাহিত্যেও লক্ষণীয় বৈশিষ্ট্য ফুটে উঠলো যার নিরিখে আমরা এই যুগবিভাগটি করছি।

Neo শব্দের অর্থ New বা নতুন। আর Classic শব্দের অর্থ ধ্রুপদি, চিরন্তন বা সর্বোৎকৃষ্ট। সর্বপ্রথম Classical শব্দটি ব্যবহার করেন Aulus Gelius নামক এক প্রাচীন রোমান লেখক। ইংরেজি সাহিত্যে Classical Literature বলতে বুঝায় প্রাচীন গ্রিক ও রোমান সাহিত্য। মূলত Neo-Classical যুগে Classical Period এর সাহিত্যিকদের অনুসরণ করা হয় বলে এর নামকরণ এরকম করা হয়েছে। এ যুগকে Pseudo-Classical Periodও বলা হয়। Pseudo অর্থ নকল বা কৃত্রিম।

সাহিত্যকর্মের ধরন: (i) Omniscient narrator (সর্বজ্ঞানী বর্ণনাকারী) (ii) Epistolary novel (চিঠিপত্রের উপন্যাস)

'The Neo-Classical Period' কে তিনটি ভাগে ভাগ করা হয়। যথা:

(i) The Restoration Period (1660-1700); **(ii)** The Augustan Period (1700-1745); **(iii)** The Age of Sensibility (1745-1785/98)

নিওক্লাসিকাল সাহিত্যের বৈশিষ্ট্য

বৈশিষ্ট্য	বোধ	উদাহরণ
Comedy of Manners আচরণের প্রহসন	যৌনতা ও ক্ষমতার লোভে মানুষের উদ্ভট আচরণ নিয়ে সৃষ্টি হওয়া হাস্যরস।	William Congreve এর *Love for Love* নাটকটি এমন। মূল চরিত্র Valentine, দেনার দায় থেকে বাঁচতে পৈত্রিক সম্পত্তির উত্তরাধিকার ছেড়ে দিতে সম্মত হয়। কিন্তু প্রকৃত দলিলটি স্বাক্ষর করার সময় পাগলের অভিনয় করে বাঁচতে চায়।
Satire ব্যাঙ্গচিত্র	সামাজিক অবক্ষয়ের ব্যাঙ্গাত্মক উপস্থাপন।	Jonathan Swift এর *A Modest Proposal* প্রবন্ধটিতে লেখক আইরিশ দারিদ্র্যের অবসানকল্পে তাদের সন্তান উৎপাদন করে ভক্ষণ করার পরামর্শ দিয়েছেন।

Heroic Couplet মহাকাব্যিক শ্লোক	দশ মাত্রার দ্বৈত চরণ, হিরোইক থিম ও Iambic Pentameter এ মহাকাব্যের শ্লোক।	Here Thou, great Anna! whom three Realms obey, Dost sometimes Counsel take—and sometimes Tea. *-The Rape of the Lock*, Alexander Pope
Politics রাজনীতি	সমকালীন রাজনীতির পুনর্গঠনে গবেষণা ও সমালোচনা।	John Locke এর *Essay Concerning Human Understanding.* Jonathan Swift এর *Gulliver's Travels.*
Copying Classics ধ্রুপদের অনুকরণ	ধ্রুপদি সাহিত্য থেকে উপাদান সংগ্রহ ও নিজ সাহিত্যে প্রশংসা।	Alexander Pope এর *Sound and Sense* কবিতায় Homer এর *Odeyssey* মহাকাব্যের ছন্দ ও চিত্রকল্পের ভূয়সী প্রশংসা আছে।
Mock Epic উপহাস মহাকাব্য	নায়ককেন্দ্রিক বীরত্বগাঁথার বিপরীতে মহাকাব্যের বিষয়বস্তু তুচ্ছ কোনো ঘটনা বা চরিত্র।	Alexander Pope এর *The Rape of the Lock* সর্বাধিক পরিচিত Mock Epic হিসেবে। এই মহাকাব্যের বিষয়বস্তু Belle এর চুলের বেনী কেটে নিয়েছে তার সম্ভাব্য স্বামী Lord Peter। সেই থেকে দুই পরিবারের বিবাদ ও দীর্ঘ বিচ্ছেদ।
Faith বিশ্বাস	Enlightenment দর্শনে প্রভাবিত হয়ে বিশ্বাসের পুনর্মূল্যায়ন	John Milton এর *Samson Agonistes* এমন একটি কাব্যনাট্য। এখানে Samson এর জীবনের শেষ অংকটি মঞ্চায়িত হয়েছে। এতে দেখা যায় হৃত বিশ্বাস ফিরে পেয়ে স্যামসন আবারও শক্তিমত্ত হয়ে ওঠে। সেই শক্তি কাজে লাগিয়ে সে বিশ্বাস বিরোধীদের ধ্বংস করে।
Rejection of Puritanism শুদ্ধতাবাদকে প্রত্যাখ্যান	গত যুগের শুদ্ধতাবাদকে সম্পূর্ণ প্রত্যাখ্যান। অস্ত্র কখনো ব্যাঙ্গচিত্র।	Samuel Butler এর *Hudibras* এরকম একটি Mock Heroic Narrative। এখানে দেখা যায় এক ধর্মভীরু নাইটের ধর্ম প্রতিষ্ঠার প্রচেষ্টায় উদ্ভট সব আগ্রাসন।
Novel উপন্যাস	গঠন ও কাহিনিকল্পে পূর্ণাঙ্গ উপন্যাসের যাত্রা।	এই যুগের ঔপন্যাসিক- Samuel Richardson, Henry Fielding এই যুগের উপন্যাস- *Pamela, Clarissa, Tom Jones.*
Journalism সাংবাদিকতা	সাংবাদিকতার প্রভাব সাহিত্যে, বিশেষ করে- কথাসাহিত্যে	Daniel Defoe এর *Robinson Crusoe* উপন্যাসটি অনেকেই মনে করেন সমকালীন একটি সংবাদ দিয়ে প্রভাবিত। Alexander Selkirk এর চিলি উপকূলে হারিয়ে যাওয়া চারটি বছরের গল্প তখন ব্যাপক জনপ্রিয় হয়েছিল।

(1660-1700)

Restoration Period

Restoration শব্দের অর্থ রাজতন্ত্রের পুনঃপ্রতিষ্ঠা। ১৬৬০ সালে Commonwealth Period এর Rechard Cromwell এর পতনের পর England এর লোকেরা Caroline Period এর রাজা Charles-I (যাকে শিরশ্ছেদ করা হয়েছিল) এর ছেলে Charles-II (যিনি France এ পালিয়ে আত্মরক্ষা করেছিলেন) কে England এর সিংহাসনে বসান।

Previous Years' BCS Preli Questions & Answers

01. 'All for Love' is a drama written by-[44th BCS] **[Ans: a]**
(a) John Dryden (b) William Congreve (c) John Bunyan (d) Francis Bacon

02. 'Restoration period' in English literature refers to– [37th BCS] **[Ans: b]**
(a) 1560 (b) 1660 (c) 1760 (d) 1866

03. The 'Poet Laureate' is—[15th BCS] **[Ans: c]**
(a) the best poet of the country
(b) a winner of the Nobel Prize in poetry
(c) the Court Poet of England
(d) a classical poet

RESTORATION PERIOD এর কিংবদন্তি সাহিত্যিক

John Bunyan (1628-1688)

John Bunyan ছিলেন একজন ইংরেজ লেখক এবং ধর্মপ্রচারক। তিনি ইংরেজি সাহিত্যের অন্যতম প্রভাবশালী রূপক সাহিত্য *The Pilgrim's Progress* রচনার জন্য বিখ্যাত হয়ে আছেন। এছাড়াও তিনি আরো ষাটের অধিক সাহিত্যকর্ম রচনা করেন যার অধিকাংশই ধর্মীয় বক্তৃতা। ইংল্যান্ডের বেডফোর্ডের নিকটে এক গ্রামে জন্ম নেওয়া Bunyan মাত্র ষোল বছর বয়সে পার্লামেন্টারি সেনাবাহিনীতে যোগদান করে ইংল্যান্ডের গৃহযুদ্ধে তিন বছর কাটান। যুদ্ধ থেকে ফিরে এসে তিনি পিতা থেকে শেখা তৈজসপত্র নির্মাণের পেশায় প্রবেশ করেন। ধর্মের প্রতি Bunyan এর ঝোঁক আসে বিয়ের পর। তিনি বেফডফোর্ডের একটি প্রোটেস্টেন্ট খ্রিস্টান দলে যোগ দিয়ে ধর্মপ্রচারক হিসেবে কাজ শুরু করেন। কিন্তু কমনওয়েলথ শাসন অবসানের পর রাজতন্ত্র পুনর্বহাল হবার পর তাঁকে কারাবরণ করতে হয়।

Literary Works
The Pilgrim's Progress
The Holy War
Some Gospel Truths Opened
Grace Abounding
A Holy Life
The Acceptable Sacrifice
Light for them that sit in Darkness
The life and Death of Mr Badman

তিনি ধর্মপ্রচার বন্ধ করতে অস্বীকৃতি জানালে তাঁকে ১২ বছর জেলে থাকতে হয়। সেখানে বসেই তিনি আধ্যাত্মিক আত্মজীবনী *Grace Abounding to the Chief of Sinners* রচনা করেন। এছাড়াও তাঁর বিখ্যাত *The Pilgrim's Progress* রচনা জেলে বসেই শুরু করেন যা পরে প্রকাশিত হয়। পরবর্তীতে আরো কয়েকবার অল্প সময়ের জন্য কারাবাস করতে হলেও একজন সফল লেখক ও ধর্মপ্রচারক হিসেবে মোটামুটি স্বাচ্ছন্দেই জীবনযাপন করেন। তাঁর মৃত্যুর আড়াইশ বছর পরও ইংরেজি সাহিত্যে সবচেয়ে বেশি বিক্রিত বইগুলোর একটির লেখক হিসেবে Bunyan এখনও বহুল পঠিত ও প্রশংসিত।

John Dryden (1631-1700)

Literary Works	
Plays	The Indian Emperor All for Love Tyrannick Love
Comedy	The Wild Gallant The Enchanted Island The Mistaken Husband Marriage A-la- Mode An Evening's Love
Poetry Books	Annus Mirabilis Absalom and Achitophel Mac Flecknoe To My Lord Chancellor The Medal Religio Laici
Heroic Drama	Aureng-zebe
Essays	Essay of Dramatic Poesie
Translation	The Works of Virgil Fables Ancient and Modern

John Dryden ছিলেন একজন ইংরেজ কবি, সাহিত্য সমালোচক, অনুবাদক এবং নাট্যকার। ইংরেজি সাহিত্যে তাঁর প্রভাব এতই বেশি ছিলো যে তাঁর সময়কালকে সাহিত্যিকরা Age of Dryden নামকরণ করেন। তাঁর আগে ইংরেজি সাহিত্যে সমালোচনা ধারায় গুরুত্বপূর্ণ কোন রচনা হয়নি। তিনিই প্রথম বিষয়বস্তু নয় বরং রচনার গুণাগুণ দিয়ে কোনো সাহিত্যকর্মে বিচার করতে শেখান। এ কারণে তাঁকে "Father of Modern English Criticism" বলা হয়।

সম্ভ্রান্ত পরিবারে জন্ম নেওয়া ছোটবেলা থেকেই তুলনামূলক দর্শন, অনুবাদকর্ম ইত্যাদিতে দীক্ষিত হন, যা পরবর্তীতে তাঁর সাহিত্য জীবনে সাহায্য করে। তিনি বিখ্যাত ট্রিনিটি কলেজে ক্লাসিক সাহিত্য ও গণিত বিষয়ে পড়াশোনা করেন। তাঁর কাব্য প্রতিভার স্বাক্ষর বিদ্যালয়ে থাকতেই পাওয়া যায়। স্নাতক শেষ করার পর তিনি কমনওয়েলথ সরকারের অধীনে চাকরি নেন। পরবর্তীতে রাজতন্ত্র পুনরায় প্রতিষ্ঠা হলে তিনি সেখানেও কাজ করেন। তিনি 1668 সালে ইংল্যান্ডের প্রথম রাজ কবি (Poet Laureate) নিযুক্ত হন। শুরুতে প্রধানত কবিতা লিখলেও রেস্টোরেশন যুগে মঞ্চনাটক থেকে নিষেধাজ্ঞা উঠে গেলে তিনি পেশাদার ভাবে নাটক লেখা শুরু করেন। এসময় তিনি *All for Love*, *The Mistaken Husband*, *Marriage A-la- Mode*, *Aureng-zebe* ইত্যাদি মঞ্চসফল নাটক লিখেন। কিন্তু তিনি কখনও নিজের লেখা নাটক নিয়ে সন্তুষ্ট ছিলেন না। তাই তিনি পাশাপাশি *Annus Mirabilis* এর মতো কাব্য লিখে জনপ্রিয়তা পান। প্লেগের কারণে নাটকের মঞ্চায়ন বন্ধ হয়ে গেলে তিনি *Of Dramatick Poesie* নামক সাহিত্য সমালোচনা গ্রন্থ লিখেন যেখানে তিনি সংলাপের মাধ্যমে ক্লাসিক, ফ্রেঞ্চ ও ইংরেজি নাটকের গুণগত মান নিয়ে আলোচনা করেন। তবে Dryden এর সবচেয়ে বড় সাফল্য ছিলো *Mac Flecknoe* ও *Absalom and Achitophel* এর মতো Mock-heroic কাব্য লেখায়। এছাড়াও তিনি Horace, Juvenal, Ovid প্রভৃতি লেখকের রচনা অনুবাদ করেন। তাঁর *The Works of Virgil* অনুবাদকর্ম প্রকাশনা জাতীয় অনুষ্ঠানে পরিণত হয়। নিজ সময়ে Dryden প্রভাবশালী কবি ছিলেন, তিনি Heroic Couplet কে ইংরেজি কবিতার প্রমিত রূপ হিসেবে প্রতিষ্ঠা করেন। তাঁর দ্বারা পরবর্তী বহু কবি অনুপ্রাণিত হয়েছেন, Alexandar Pope, Lord Byron, John Keats, Samuel Johnson, Matthew Arnold প্রমুখ বিখ্যাত কবি ও সাহিত্যিকরা তাঁর সাহিত্যকর্ম দ্বারা অনুপ্রাণিত হয়েছেন বা ভূয়সী প্রশংসা করেছেন। রোমান্টিক লেখক Walter Scott তাঁকে Glorious John বলে আখ্যা দেন।

Author	Short Bio	Major Works
Samuel Butler (1613-1680)	একজন English Poet এবং Satirist। তিনি বেশি পরিচিত তাঁর Long Satirist Poem বা দীর্ঘ প্রহসনমূলক কবিতার জন্য।	**Poems** Cynarctomachy Hudibras The Elephant on the Moon
John Locke (1632-1704)	বিখ্যাত ইংরেজ দার্শনিক ও চিকিৎসক যিনি Oxford University-তে বিজ্ঞান ও মেডিসিনে অধ্যয়ন করেন। তাঁকে আধুনিক পশ্চিমা সভ্যতার অন্যতম শ্রেষ্ঠ চিন্তাবিদ হিসেবে বিবেচনা করা হয়, সাধারণভাবে Father of Liberalism হিসেবে বিখ্যাত।	**Essays** A Letter Concerning Toleration Two Treatises of Government An Essay Concerning Human Understanding

Author	Short Bio	Major Works
Aphra Behn (1640-1689)	Restoration যুগের একজন নারী নাট্যকার, কবি, অনুবাদক এবং কথাসাহিত্যিক। সে যুগে প্রচলিত প্রতিবন্ধকতা ভেঙ্গে একজন নারী হিসেবে লেখালিখিকে পেশা হিসেবে নেওয়ার সাহস দেখানোর জন্য তাঁকে বলা হতো **'Woman in a world of man'.**	**Plays** The Rover The Forc'd Marriage **Prose fiction** Oroonoko
George Farquhar (1678-1707)	একজন Irish নাট্যকার, তাঁর লেখা কিছু নাটক সন-তারিখের দিক থেকে Restoration যুগের না হলেও বৈশিষ্ট্যগত দিক থেকে তা Restoration-এর অন্তর্ভুক্ত। মাত্র ২৯ বছর বয়সে মারা যান।	**Plays** Love and a Battle The Constant Couple The Recruiting Officer Beaux' Stratagem

RESTORATION PERIOD এর গুরুত্বপূর্ণ সাহিত্যকর্ম

Hudibras by Samuel Butler



Hudibras বিখ্যাত ইংরেজ ব্যঙ্গকার এবং সমালোচক Samuel Butler রচিত 17 শতকের একটি Mock Heroic মহাকাব্য। ইংরেজ গৃহযুদ্ধের সময় এটি লিখিত হয় এবং যুদ্ধের শেষে এটি প্রকাশিত হয়। এটি রাউন্ডহেড, পিউরিটান, প্রেসবিটারিয়ান এবং অন্যান্য যারা ইংরেজ গৃহযুদ্ধে নিযুক্ত ছিল তাদের উপর কঠোরভাবে ব্যঙ্গাত্মক আক্রমণ করে।

মহাকাব্যটি একজন অহংকারী প্রেসবিটারিয়ান নাইট Sir Hudibras এর গল্প বলে। পুরো মহাকাব্যটি ৩ খণ্ডে বিভক্ত। প্রথম খণ্ডে দেখা যায়, Hudibras ও তার ভৃত্য Ralpho পথিমধ্যে একদল ভালুক লড়াইকারীদের দেখতে পায়। এরা ভালুককে চেইনে বেঁধে কুকুরের সাথে লড়াই করাতো। ব্যাপারটা খ্রিস্টান ধর্মের মূল্যবোধ বিরোধী মনে করে Hudibras তাদের আক্রমণ করেন, প্রথমে জয়লাভ করলেও পরে তিনি তাদের হাতে ভৃত্যসহ বন্দি হন।

দ্বিতীয় খণ্ডে দেখা যায় বন্দি নাইট Hudibras কে দেখতে এক বিধবা মহিলা আসেন, নাইট প্রতিজ্ঞা করেন তাকে মুক্ত করে দিলে তিনি নিজের গায়ে চাবুক মারবেন। কিন্তু মুক্তি পাওয়ার পর নিজের প্রতিজ্ঞা নিয়ে তার অনুশোচনা হয় এবং নিজের বদলে ভৃত্য Ralpho কে চাবুকের আঘাত নিতে বলেন। সে রাজি হয়না। নানা ঘটনার পর এক জ্যোতিষীর সাথে Hudibras এর তর্ক, লড়াই ও তাকে হত্যা করার পর তার পলায়নের মধ্য দিয়ে দ্বিতীয় খণ্ড শেষ হয়।

তৃতীয় অংশটি প্রথম দুটির ১৪ বছর পরে প্রকাশিত হয়েছিল এবং এটি আগের খণ্ডগুলো থেকে বেশ আলাদা। এতে দেখা যায় Hudibras বিধবার বাড়িতে তার প্রতিজ্ঞা না রাখার ব্যাপারে অজুহাত দিতে গিয়েছে। কিন্তু Ralpho আরো আগেই পৌঁছে আসল ঘটনা বলে দিয়েছে। তখনই একদল লোক এসে Hudibras কে প্রহার করে যায়। তাদের মৃত জ্যোতিষীর প্রেরিত প্রেত বলে দাবী করলেও তারা ঐ বিধবার ভাড়া করা লোক ছিলো। মহাকাব্যের শেষের দিকে এসে দেখা যায় Hudibras এক উকিলের পরামর্শে বিধবার সাথে চিঠি বিনিময় করছে যেখানে নাইটের সব যুক্তি বিধবা নাকচ করে দিচ্ছেন।

Hudibras মহাকাব্যটি মূলত পিউরিটানদের বিরুদ্ধে লেখা। কিন্তু Samuel Butler এর তীব্র ব্যাঙ্গাত্মক ও প্রহসন থেকে কেউই রক্ষা পায়নি। সে যুগের প্রতিটি পেশার ভণ্ডামিকে তিনি তীক্ষ্ম ভাষায় আক্রমণ করেছেন, এমনকি নিজের পেশা ওকালতিকেও।



Mac Flecknoe by John Dryden

John Dryden এর একটি Mock-heroic ধাঁচের বিদ্রুপাত্মক কবিতা। Dryden এই কবিতায় তাঁর সামসময়িক আরেকজন কবি Thomas Shadwell কে নিয়ে বিদ্রুপ করেছেন।

Shadwell এবং Dryden একের পর এক নানা সাহিত্যিক বিষয়ে দ্বন্দ্বে জড়িয়ে পড়েন। এর মধ্যে Ben Jonson এর সাহিত্য প্রতিভার মান, কমেডি অফ উইট এবং কমেডি অফ হিউমারের মধ্যে তুলনা, সাহিত্যে চৌর্যবৃত্তি ইত্যাদি বিষয়ে তাদের মধ্যে মতবিরোধ চরমে উঠে। শুধু সাহিত্যের কারণেই নয়, রাজনৈতিক কারণেও আলাদা ছিলেন; Shadwell ছিলেন একজন Whig সমর্থক, অপরদিকে Dryden ছিলেন স্টুয়ার্ট রাজতন্ত্রের একজন স্পষ্টভাষী Tory সমর্থক। Dryden এই কবিতায় Shadwell এর লেখাকে তুলনা করেছেন মানুষের বর্জ্যের সাথে যা কোনো কাজে আসবে না। কবিতাটির শুরু হয়েছিলো একটি মাস্টারপিস মহাকাব্যের সুরে। কবিতাটির প্রথম দুই লাইন–

All humane things are subject to decay,
And, when Fate summons, Monarchs must obey

Annus Mirabilis by John Dryden



John Dryden এর লিখিত অন্যতম বিখ্যাত কাব্য যা 1667 সালে প্রকাশিত হয়েছিল। কবিতাটির ল্যাটিন নামের অর্থ Year of Wonders হলেও কবিতাটি মূলত 1665-66 সময়কালে সংঘটিত লন্ডনের প্লেগ এবং মহা অগ্নিকাণ্ডের মতো ঘটনাবলি নিয়ে লিখিত। কাব্যটির নামকরণ নিয়ে Dr. Samuel Johnson লিখেছেন যে, ট্র্যাজেডি নিয়ে লেখা হলেও Dryden কবিতার নামে 'Annus Mirabilis' শব্দটি ব্যবহার করেছিলেন কারণ ঐ বছরের ঘটনাগুলো আরো খারাপও হতে পারতো। কবিতাটিতে 1216 টি শ্লোক রয়েছে, 304 টি Quatrain এ-সাজানো হয়েছে।

Dryden এর কবিতাটি লন্ডনের Great Fire বা মহা-অগ্নিকাণ্ডের ঘটনা বর্ণনা করেন। পুডিং লেনের বেকারিতে এটির শুরু হয় এবং রাজা দ্বিতীয় চার্লস 'ফায়ার ব্রেক' তৈরি করার জন্য বাড়িগুলোকে ভেঙে ফেলা ও বারুদ দিয়ে উড়িয়ে দেওয়ার নির্দেশ দেওয়ার মাধ্যমে এর চূড়ান্ত নির্বাপণ সম্ভব হয়। দুঃখজনক বিষয় নিয়ে লিখিত হওয়া সত্ত্বেও, Dryden কবিতাটিতে আশাবাদী রয়ে গেছেন। অগ্নিকাণ্ডের পর, তিনি কল্পনা করেছেন যে, ছাই থেকে লন্ডনে একটি নতুন শহর উঠবে, যা 'রুপা দিয়ে পাকা, এবং সমস্ত স্বর্ণ দিয়ে মোড়ানো হবে' এবং যা 'সময়ের মৃত্যু' পর্যন্ত স্থায়ী হবে।

The Pilgrim's Progress by John Bunyan



John Bunyan এর লেখা একটি ধর্মীয় রূপক সাহিত্য *The Pilgrim's Progress* যা 1678 এবং 1684 সালে দুটি অংশে প্রকাশিত হয়। তিনি এই গ্রন্থটি জেলে বসে রচনা করেন। এটির জন্যই তিনি সাহিত্যজগতে বিখ্যাত হয়ে আছেন। কাব্যটি ইংরেজি সাহিত্যের ধর্মতাত্ত্বিক কথাসাহিত্যের সবচেয়ে উল্লেখযোগ্য কাজগুলোর মধ্যে একটি হিসেবে বিবেচিত হয়।

কাব্যটি দুই অংশে বিভক্ত। প্রথম অংশে কাব্যের কথক Christian, স্বপ্নে যীশুকে দেখতে পায়। সে দেখে, যীশু বলছেন, খ্রিষ্টানদের শহর খুব দ্রুতই ধ্বংস হতে চলেছে। যীশু তাঁর পিঠে পাপের ভারী বোঝাটা দেখিয়ে বলেন খুব শীঘ্রই তাঁকে এই শহর ছেড়ে Celestial নামের আরেকটি পুণ্যাচারের শহরে পালাতে হবে। Christian এই স্বপ্নের কথা তার স্ত্রী Christiana কে গিয়ে বলে। সে এই কথা হেসেই উড়িয়ে দেয়। কিন্তু যীশু যখন Christiana এর কাছেও দেখা দেন তখন তার ভুল ভাঙে। স্বামী স্ত্রী তখন Celestial শহরের দিকে কাফেলা তোলে।

All For Love by John Dryden

মঞ্চসফল এই নাটকটির মূল গল্পটি William Shakespeare এর *Antony and Cleopatra* নাটক থেকে নেওয়া, বলা বাহুল্য, এর প্রধান চরিত্রে ছিল Antony ও Cleopetra। কিছু নতুন চরিত্রের পরিবর্তন এনে John Dryden তাঁর *All For Love* নাটকটিতে ভালোবাসার একটি বিষাদময় পরিণতির কথা ফুটিয়ে তুলেছেন। গল্পটির শুরুতে দেখানো হয় Serapion নামের একজন Egyptian পুরোহিত ভবিষ্যদ্‌বাণী দিয়েছেন যে- পৃথিবীতে অনেক অঘটন ঘটতে যাচ্ছে যার পরিণতি হতে পারে খুবই ভয়াবহ। এরপর দেখা যায়, Antony হলো রোমের শাসক যিনি মিশরের Cleopetra এর উপর প্রেমে পড়েছেন। Cleopetra কে পাওয়ার আশায় Antony তাঁর রাজ্য, পরিবার, স্ত্রী, পুত্র ছেড়ে মিশরে চলে যান। যদিও Cleopetra এবং Julius Caesar এর মধ্যে আগে থেকেই প্রেমের সম্পর্ক ছিলো। Caesar যখন Antony আর Cleopetra এর সম্পর্কের ব্যাপারে জানতে পারেন তখন Antony এর সাথে যুদ্ধ করেন এবং তাঁকে পরাজিত করেন। যুদ্ধের ফলাফল রোমে পৌঁছে যায় এবং Octovian (Antony এর ২য় স্ত্রীর ভাই) রোমের শাসক হিসেবে নিযুক্ত হন। তিনি Antony জীবিত আছে জেনে প্রতিশোধ নেওয়ার জন্য তাকে মিশর থেকে ফেরত আনতে চান। রোমের সেনাপতির মাধ্যমে Antony কে রোমে ফিরে আসার প্রস্তাব দেওয়া হয় কিন্তু শর্ত হচ্ছে Cleopetra কে ছেড়ে আসতে হবে। Antony ও রাজি হয়ে যায়। এটা যখন Cleopetra জানতে পারেন তখন তিনি Antony এর সাথে দেখা করেন কিন্তু Antony তাঁকে বলেন যে তিনি তাঁর পরিবারের কাছে ফিরে যাবেন। একথা শুনে Cleopetra আত্মহত্যা করেন। যা দেখে Antony সহ্য করতে না পেরে নিজেও এক তরবারির উপর পরে নিজের প্রাণ ত্যাগ করেন। গল্পের শেষে পুরোহিত দেখতে পায় মৃত Antony ও মৃত Cleopetra পরস্পরকে ধরে রেখেছে।

	Title	Author	Short Summary
Novel	**The Holy War**	John Bunyan	এটি একটি রূপকাশ্রয়ী উপন্যাস; এতে Mansoul নামক কাল্পনিক একটি শহরের গল্প বলা হয়েছে। শহরটি ঈশ্বরের (Shaddai) প্রতিচ্ছবি হিসেবে নিখুঁত করে গড়ে তোলা হলেও তারা বিদ্রোহ করে এবং কূটচক্রী Diabolus কে ক্ষমতায় বসায়।
Prose	**An Essay Concerning Human Understanding**	John Locke	মানুষের জ্ঞান ও বোধ-বুদ্ধি নিয়ে লেখা এই প্রবন্ধটি আধুনিক দর্শনের অভিজ্ঞতাবাদের ভিত্তি স্থাপন করে ও পরবর্তী বহু দার্শনিকদের প্রভাবিত করে।
Play	**The Forc'd Marriage**	Aphra Behn	লেখিকার প্রথম মঞ্চস্থ হওয়া এই নাটকটি ছিলো একটি Tragicomedy যার অন্য আরেক নাম ছিলো *The Jealous Bridegroom* নাটকটির মূল কাহিনি নাম থেকেই অনুমেয়, ইচ্ছার বিরুদ্ধে বিয়ে করতে বাধ্য করার তিক্ত পরিণতি নিয়েই নাটকটির কাহিনি এগিয়েছে।
	The Indian Emperor	John Dryden	স্পেনীয়দের দ্বারা মেক্সিকোর আজটেক সাম্রাজ্য জয় করার কাহিনি নিয়ে লিখিত একটি বীরত্বসূচক নাটক। Restoration যুগে বীরত্বসূচক নাটক উপধারাটি প্রতিষ্ঠায় এই নাটকটি অগ্রগণ্য ছিল।

RESTORATION PERIOD এর সাহিত্যে প্রধান উক্তিসমূহ

Books are like imprisoned souls till someone takes them down from a shelf and frees them

The Note Books of Samuel Butler, Samuel Butler

Man is the only animal that can remian on friendly terms with the victim he intends to eat until he eats them

The Note Books of Samuel Butler, Samuel Butler

Sensible people get the greater part of their own dying done during their own lifetime

The Way of All Flesh, Samuel Butler

What God says is best, is best, though all the men in the world are against it

TThe Pilgrim's Progress, John Bunyan

Prayer will make a man cease form sin, or sin will entice a man to cease from prayer

The Pilgrim's Progress, John Bunyan

A man there was, though some did count him mad, the more he cast away the more he had

The Pilgrim's Progress, John Bunyan

Dark clouds bring waters, when the bright bring none

The Pilgrim's Progress, John Bunyan

One leak will sink a ship, and one sin will destroy a sinner

The Pilgrim's Progress, John Bunyan

The man that takes up religion for the world will throw away religion for the world

The Pilgrim's Progress, John Bunyan

Bold knaves thrive without one grain of sense
But good men starve for want of impudence

The Poetical Works of John Dryden, John Dryden

Beware the fury of a patient man

Absalom and Achitophel, John Dryden

We first make our habits, then our habits make us

The Poetical Works of John Dryden, John Dryden

But time lessens all extremes & reduces them to mediums & unconcern

Oroonoko, Aphra Behn

Great wits are sure to madness near allied, and thin partitions do their bounds divide

Absalom and Achitophel, John Dryden

When I consider Life, 'tis all a cheat

Aureng-Zebe, John Dryden

All, as they say, that glitters, is not gold

The Hind And The Panther, John Dryden

The only defense against the world is a thorough knowledge of it

Some Thoughts Concerning Education, John Locke

Our Business here is not to know all things, but those

An Essay Concerning Human Understanding, Volume II
John Locke

Where there is no novelty, there can be no curiosity

Oroonoko, Aphra Behn

No friend to Love like a ling voyage at sea

The Rover, Aphra Behn

Love ceases to be a pleasure when it ceases to be a secret

The Lover's Watch, Aphra Behn

Quotes	Origin	Author
All progress is based upon a universal innate desire on the part of every organism to live beyond its income	The Way of All Flesh	Samuel Butler
Being all equal and independent, no one ought to harm another in his life, health, liberty, or possessions	Second Treatise of Government	John Locke
That perfect tranquility of life, which is nowhere to be found but in retreat, a faithful friend and a good library	The Lucky Chance, Or, the Alderman's Bargain	Aphra Behn
Love, like reputation, once fled, never returns more	The History of The Nun or The Fair Vow Breaker	

Potential Questions & Answers

01. Who called Dryden "Glorious John"?
(a) William Congrave (b) Francis Bacon (c) Walter Scott (d) John Dryden

02. Who was known as the 'Father of modern English Criticism'?
(a) Edmund Waller (b) John Dryden (c) John Milton (d) Francis Bacon

03. Who wrote 'Absalom and Achitophel'?
(a) William Congrave (b) Francis Bacon (c) John Milton (d) John Dryden

04. 'All for Love' is a drama written by–
(a) John Dryden (b) John Bunyan (c) William Congrave (d) Francis Bacon

05. 'Dark clouds bring waters, when the bright bring none."- Who wrote this?'
(a) John Dryden (b) John Bunyan (c) William Congrave (d) Francis Bacon

06. "Beware the fury of a patient man" said by-
(a) John Locke (b) John Bunyan (c) George Farquhar (d) John Dryden

07. Who is famous for his 'Long Satire'?
(a) Samuel Butler (b) Samuel Richardson (c) Samuel Huntington (d) Samuel Coleridge

08. Who wrote 'The Holy War'?
(a) Tyrannick Love (b) The Wild Gallant (c) John Bunyan (d) The Medal

09. Who wrote 'Indian Emperor'?
(a) John Bunyan (b) Samuel Butler (c) William Congreve (d) John Dryden

10. Who wrote 'The Pilgrim's Progress'?
(a) John Locke (b) John Bunyan (c) Thomas Ottway (d) John Dryden

11. Annus Mirabilis is written by-
(a) Alexander Pope (b) John Dryden (c) Thomas Gray (d) Willam Congreve

12. "An Eassy Concerning Human Understanding"- a Literary work of-
(a) Alexander Pope (b) Samuel Butler (c) John Locke (d) George Eliot

13. Who is the writer of the book "Hudibras"?
(a) John Locke (b) Samuel Butler (c) John Milton (d) John Bunyan

14. Which one is not written by John Dryden?
(a) Love of Love (b) The Indian Emperor (c) All for love (d) The Enchaabted Island

15. Who is called "Woman in a world of man"?
(a) Emily Dickinson (b) Aphra Behn (c) Virginia Woolf (d) George Eliot

Answers																			
01	c	02	b	03	d	04	✪	05	b	06	d	07	a	08	c	09	d	10	✪
11	b	12	c	13	b	14	a	15	b										

[বিশেষ দ্রষ্টব্য: সম্প্রিয় বিসিএস প্রার্থী, উত্তরমালায় কিছু প্রশ্নের উত্তর না দেয়া থাকলেও আমরা বিশ্বাস করি আপনারা পরিপূর্ণ আত্মবিশ্বাসের সাথেই সঠিক উত্তরে বৃত্ত ভরাট করতে পারবেন।]

(1702-1745)

The Augustan Period

ইংরেজি সাহিত্যের The Augustan Period (1702-1745) বা অগাস্টান যুগ 1702 খ্রিষ্টাব্দ থেকে শুরু হয়ে 1745 খ্রিষ্টাব্দ পর্যন্ত বিস্তৃত। অগাস্টাস নামে ইংল্যান্ডে আসলে কোন রাজা ছিলো না। মূলত এই যুগের ইংরেজ লেখকগণ খ্রিষ্টপূর্ব ২৭ অব্দ থেকে ১৪ খ্রিষ্টাব্দ পর্যন্ত ইতালিতে রাজত্ব করা সম্রাট অগাস্টাসের আমলের লেখকদের অনুকরণ করেছিলেন বলে তাঁর নামানুসারে এ যুগের নামকরণ করা হয়েছে অগাস্টান। এ যুগকে The Age of Pope ও বলা হয়। কারণ Alexander Pope এই সময়ের একজন খুব প্রভাবশালী লেখক ছিলেন।

অগাস্টান যুগে ইংল্যান্ড ছিলো Queen Anne, King George (I) এবং King George (II) এর শাসনাধীন। এ যুগেই প্রথম ইংরেজ দৈনিক **'The Daily Courant'** (কিউরেনট) লন্ডন থেকে প্রকাশিত হয় 1702 সালে। আধুনিক উপন্যাস লিখা শুরু হয় অগাস্টান পিরিয়ডেই। তবে গদ্য রচনায় Satire বা ব্যঙ্গের প্রভাব ছিলো বেশি। এছাড়াও এ সময়ের লেখনির মধ্যে Political awareness বা রাজনৈতিক সচেতনতা বেশি স্পষ্ট ছিল।

এ যুগের লেখকদের মতে, শিল্পসাহিত্য আবেগের ব্যাপার নয়; এটা অত্যাবশ্যকীয় ব্যাপার। সংযম বোধ; শৃঙ্খলা ও যুক্তি; ধর্মীয়, রাজনৈতিক ও অর্থনৈতিক বিষয়গুলোর উপর এযুগের লেখকরা বেশি আলোকপাত করতেন। এ যুগের সবচেয়ে নেতৃস্থানীয় লেখকরা হলেন— Alexander Pope, Samuel Johnson, Jonathan Swift ইত্যাদি।

Previous Years' BCS Preli Questions & Answers

01. Alexander Pope's 'Essay on Man' is a-[44th BCS]
(a) novel (b) treatise (c) short story (d) poem

02. Who wrote the play 'The Way of the World'? -[43rd BCS]
(a) William Shakespeare (b) William Congreve (c) Ben Jonson (d) Oscar Wilde

03. 'The Rape of the Lock' by Alexander Pope is a/an-[40th BCS]
(a) epic (b) ballad (c) mock-heroic poem (d) elegy

04. The most famous satirist in English literature is–[38th BCS]
(a) Jonathan Swift (b) Alexander Pope (c) Joseph Addison (d) Richard Steel

05. Who is not a Victorian poet? [38th BCS]
(a) Mathew Arnold (b) Alexander Pope (c) Robert Browning (d) Alfred Tennyson

06. Which of the following is a correct proverb? [16th BCS]
(a) Fools rush in where angels fear to tread. (b) Fools rush in where an angel fears to tread.
(c) A fools rushes in where an angle fears to tread (d) Fools rush in where the angels fear to tread.

07. Who is the most famous satirist in English literature? [12th BCS]
(a) Alexander Pope (b) Jonathan Swift (c) William Wordsworth (d) William Congreve

Answers													
01	d	02	b	03	c	04	a	05	b	06	a	07	b

THE AUGUSTAN PERIOD এর কিংবদন্তি সাহিত্যিক

Daniel Defoe (1660-1731)

Daniel Defoe ছিলেন একজন ইংরেজ ব্যবসায়ী, লেখক, সাংবাদিক, Pamphlet রচয়িতা এবং গুপ্তচর। ইংরেজি সাহিত্যের ইতিহাসে তিনি উপন্যাস ধারার অন্যতম জনক ও *Robinson Crusoe* এর লেখক হিসেবে স্মরণীয় হয়ে আছেন। অনেক সময় দাবী করা হয়, বাইবেলের পর তাঁর এই বইটিই ইতিহাসে সবচেয়ে বেশি ভাষায় অনূদিত গ্রন্থ।

ছোট বেলায় প্রকৃত নাম ছিলো Daniel Foe; পরবর্তীতে তিনি Foe এর পূর্বে 'De' যুক্ত করেন। তাঁর পিতা ছিলেন একজন সফল মোমবাতি নির্মাতা। শৈশবেই Defoe ইংল্যান্ডের ইতিহাসের কিছু গুরুত্বপূর্ণ ঘটনা, যেমন - ১৬৬৫ সালের লন্ডনের মহামারি, ১৬৬৬ সালে লন্ডনের বৃহৎ অগ্নিকাণ্ড, ১৬৬৭ সালে টেমস নদী দিয়ে ডাচ বাহিনীর অতর্কিত আক্রমণ ইত্যাদি প্রত্যক্ষ করেন।

Daniel Defoe

Novels	
Robinson Crusoe	Defoe আজীবনই ব্যবসায়ী হবার চেষ্টা করে গেছেন, উল থেকে শুরু করে মদ, কিন্তু কখনই কোনো ব্যবসায় কাঙ্ক্ষিত সাফল্য লাভ করেননি, মাথায় ঋণের বোঝা নিয়েই মৃত্যুবরণ করতে হয়েছে তাঁকে। পাশাপাশি তিনি রাজনৈতিক বিষয়ে প্রচুর লেখালিখি করতেন এবং তাঁর আক্রমণাত্মক ভাষার কারণে কয়েকবার কারাবরণ করতে হয়েছে। তবে একই সাথে তাঁর আনকোরা নতুন চিন্তাভাবনার জন্য তিনি সেসময়ের রাজনৈতিক ব্যক্তিবর্গের মনোযোগ আকর্ষণ করতে সমর্থ্য হন, যারা মাঝে মাঝে তাঁর পরামর্শও গ্রহণ করতেন।
Moll Flanders	
Colonel Jack	
Roxana	
Captain Singleton	
Journal of the Plague Year	
Essays Written in Verse	
The True-Born Englishman	
Hymn to the Pillory	
An Essay on the Late Storm	

সাহিত্যিক হিসেবে Defoe বিভিন্ন বিষয়ের উপর লেখেন; রাজনীতি, অপরাধ, ধর্ম, বিবাহ, মনোবিজ্ঞান, অতিপ্রাকৃতিক সহ অন্যান্য বিষয়ের উপর তিন শতাধিক Essays, পুস্তিকা এবং জার্নাল রচনা করেছেন। এছাড়াও তিনিই প্রথম "ব্যবসায়িক সাংবাদিকতা" (Business Journalism) ধারণাটির প্রবর্তন করেন।

Prose/Essays

Augusta Triumphans	Second Thoughts are Best	Every-body's Business, Is No-body's Business
Mere Nature Delineated	An Essay Upon Literature	The Great Law of Subordination Consider'd
Conjugal Lewdness	The Protestant Monastery	The Shortest Way with the Dissenters
arochial Tyranny		

Jonathan Swift (1667-1745)

Literary Works

- Gulliver's Travels
  - Part–1: A Voyage to Lilliput
  - Part–2: A Voyage to Brobdingnag
  - Part–3: A Voyage to Laputa…and Japan
  - Part–4: A Voyage to the Country of Houyhnhnms
- A Tale of a Tub
- The Battle of the Books
- Argument Against Abolishing Christianity
- A series of letters to his former beloved Stella
- A Modest Proposal

পেশাগত জীবনে পাদ্রী Jonathan Swift কে 18th Century এর শ্রেষ্ঠ Satirist বা ব্যঙ্গাত্মক সাহিত্য রচয়িতা হিসেবে বিবেচনা করা হয়। তাঁর নির্বিকার, বিদ্রুপাত্মক লেখার ধরণ ব্যঙ্গাত্মক লেখার এক নতুন ধারার সৃষ্টি করে যা "Swiftian Satire" নামে পরিচিত হয়।

Swift জাতিতে ইংরেজ হলেও তাঁর জন্ম আয়ারল্যান্ডে। জন্মের আগেই পিতৃহারা হয়ে তিনি চাচা Godwin Swift এর যত্নে বড় হন এবং Trinity College Dublin থেকে স্নাতক ডিগ্রী লাভ করেন। আয়ারল্যান্ডে গৃহযুদ্ধ ছড়িয়ে পড়লে তিনি ইংল্যান্ডে চলে যান। নানা কারণে আবার তাকে আয়ারল্যান্ডে ফিরে আসতে হয়। আসলে Swift এর সারাজীবনই ইংল্যান্ড ও আয়ারল্যান্ডে সরকারদলীয় ও বিরোধীদলীয় উভয়পক্ষেই রাজনৈতিক কর্মকাণ্ডের সাথে সম্পৃক্ততা ছিল। প্রথম জীবনে তিনি **Whigs** ও পরবর্তীতে তিনি **Tory** দলের জন্য রাজনৈতিক পুস্তিকা রচনা করেন।

১৭০৪ সালে ইংল্যান্ডে ভ্রমণকালে তাঁর *A Tale of a Tub* এবং *The Battle of the Books* বই দুইটি প্রকাশ হয় এবং লেখক হিসেবে তাঁর খ্যাতি ছড়িয়ে পড়ে। তিনি Alexandar Pope সহ আরো অনেক সাহিত্যিকদের সাথে পরিচিত ও বন্ধুত্ব স্থাপন করেন এবং Scriblerus Club গঠন করেন। তবে ১৭২৬ সালে প্রকাশিত *Gulliver's Travels* তাঁকে বিশ্ব সাহিত্যে অমর করে রেখেছে। প্রকাশের পরপরই এটি প্রচুর জনপ্রিয়তা পায় এবং ফ্রেঞ্চ, জার্মান ও ডাচ ভাষায় অনুবাদিত হতে থাকে।

Alexander Pope (1688-1744)

Alexander Pope ইংরেজি সাহিত্যের অন্যতম শ্রেষ্ঠ কবি। ব্যঙ্গাত্মক ও প্রহসনমূলক লেখার জন্য তিনি জনপ্রিয়। তিনি ব্যঙ্গ-মহাকাব্যধর্মী শ্লোক (Mock-heroic epic) লিখনীতে দক্ষ ছিলেন। এজন্য তাকে Mock-heroic poet বলা হয়। তিনি তাঁর লেখায় Heroic Couplet ব্যবহার করতেন। পারিবারিক ভাবে ক্যাথোলিক হওয়ায় এবং সেসময় ইংল্যান্ডে প্রচণ্ড ক্যাথোলিক বিরোধী আবহ থাকায় তিনি প্রাতিষ্ঠানিক শিক্ষা থেকে বঞ্চিত হন। এছাড়াও তিনি মেরুদণ্ডের জটিলতায় শারীরিক প্রতিবন্ধকতা ও মাথার যন্ত্রণা নিয়ে আজীবন কাটান। এত প্রতিবন্ধকতা সত্ত্বেও তিনি নিজেকে শিক্ষিত করে গড়ে তোলেন এবং হোমার, ভার্জিল থেকে শুরু করে চসার, শেক্সপিয়ার, ডাইড্রেন সহ সকল ক্লাসিক সাহিত্যকর্ম পড়ে শেষ করেন। মাত্র ১২ বছর বয়সে তিনি *Ode on Solitude* কাব্যটি রচনা করেন। ২৩ বছর বয়সে তাঁর Heroic Couplet সমৃদ্ধ *Essay on Criticism* কাব্যটি প্রকাশিত হয় যা তাঁকে কবি হিসেবে খ্যাতি এনে দেয়।

Alexander Pope

Literary Works

- The Rape of the Lock
- An essay on Man
- Ode to Solitude
- The Dunciad
- An essay on Criticism
- Epistle to Dr. Arbuthnot
- The Imitation of Horace

তবে তার সবচেয়ে বেশি বিখ্যাত সাহিত্যকর্ম *The Rape of the Lock* নামক Mock-heroic Epic, যাতে তিনি অভিজাত সমাজে তুচ্ছ ব্যাপারে ঝগড়া-কলহের চিত্র ব্যঙ্গাত্মক ভাবে তুলে ধরেন। এরপর থেকে তাঁর সব রচনাতেই বিদ্রুপাত্মক সুরটা কম বেশি ছিলো। বিশেষত তাঁর *The Dunciad* নামক রূপক-ব্যঙ্গাত্মক কাব্যটিতে সে সময়ের অনেক ক্ষমতাধর ব্যক্তিদের এতটাই তীক্ষ্ম ভাষায় আক্রমণ করেন যে তাঁকে শারীরিক ভাবে ক্ষতি করার হুমকি দেওয়া হয় এজন্য তিনি সাথে পিস্তল রাখতে বাধ্য হন।

অনুবাদক হিসেবেও Pope মুন্সিয়ানা দেখিয়েছেন, গ্রিক মহাকবি Homer এর *Iliad* ও *Odyssey*- এই দুইটি মহাকাব্য অনুবাদ করে তিনি খ্যাতি লাভ করেন। Shakespear এর পর তাঁর লেখা থেকেই *The Oxford Dictionary of Quotation* এ সবচেয়ে বেশি Quotation গৃহীত হয়েছে, তাঁর কিছু পঙ্‌ক্তি সাধারণ মানুষের ব্যবহৃত বাগধারায় পরিণত হয়েছে *("To err is human; to forgive is divine", "Charms strike the sight, but merit wins the soul", "A little learning is a dangerous thing." ইত্যাদি).*।

Samuel Richardson (1689-1761)

Literary Works

- Pamela
- Clarissa
- The History of Sir Charles Grandison

Samuel Richardson ছিলেন একজন ইংরেজ ঔপন্যাসিক ও মুদ্রণকারী (printer), তিনি ইংরেজি সাহিত্যে 'পত্র উপন্যাসের' (Epistolary Novel) জনক। *Pamela, Clarissa* এবং *The History of Sir Charles Grandison* এই তিনটি পত্রোপন্যাসের জন্য তিনি বেশ জনপ্রিয় হয়েছিলেন।

শৈশবে তার পরিবার তাঁকে ধর্মযাজক বানাতে চাইলেও প্রয়োজনীয় শিক্ষা দেওয়ার আর্থিক সামর্থ্য তাঁদের ছিলোনা তাই তিনি একজন মুদ্রণকারী হিসেবে প্রশিক্ষণ নিতে শুরু করেন। তিনি তাঁর জীবনের বেশিরভাগ সময় একজন মুদ্রণকারী হিসেবেই কাটিয়েছেন, ৫০০ এর বেশি গ্রন্থ, পত্রিকা ইত্যাদি ছাপিয়েছেন। 1740 সালে তাঁর প্রথম উপন্যাস *Pamela যখন প্রকাশিত হয় তখন তাঁর বয়স ৫১*। এই উপন্যাসটিকে অনেকে ইংরেজি ভাষার প্রথম স্বার্থক উপন্যাসের মর্যাদা দেন। তাঁর দ্বিতীয় উপন্যাস *Clarissa* তাঁর শ্রেষ্ঠ সাহিত্যকর্ম হিসেবে বিবেচিত। এই দুইটি উপন্যাসেই *Richardson* সে যুগের প্রেক্ষাপটে আদর্শ নারী চরিত্র ফুটিয়ে তুলেছিলেন। তখন তাঁর নারী পাঠকদের অনুরোধে তিনি একটি আদর্শ পুরুষ চরিত্র চিত্রিত করতে *The History of Sir Charles Grandison* উপন্যাসটি রচনা করেন। তিনিই প্রথম সাহিত্যে দৈনন্দিন জীবনের ঘটনাবলি উপস্থাপন করেন। তাঁর এই উপন্যাসগুলো ব্যবসায়িক ভাবেও সফলতা লাভ করে।

শেষজীবনে তিনি ইংল্যান্ডের সাহিত্য সমাজে সম্মানিত ব্যক্তি হিসেবে পরিগণিত হন, নিজে লেখা একসময় বন্ধ করে দিলেও অন্য লেখকদের লেখা ছাপাতে থাকেন। সে যুগের বহু বিখ্যাত সাহিত্যিক তাঁর সাহায্য লাভ করেন এবং বন্ধুতে পরিণত হন, তিনি সত্যিই ছিলেন সাহিত্যানুরাগী এক নিবেদিত প্রাণ।

Author	Short Bio	Major Works
William Congreve (1670-1729)	Comedy of Manners ধারার নাটকের জন্য বিখ্যাত ছিলেন। তিনি তাঁর লেখনীর আদর্শ হিসেবে John Dryden কে অনুসরণ করেন এবং ব্যক্তিগতভাবে Jonathan Swift এর বন্ধু ছিলেন।	**Plays** The Way of the World The Double-Dealer The Old Bachelor Love for Love The Mourning Bride
Joseph Addison (1672-1719)	একজন প্রাবন্ধিক, কবি ও নাট্যকার। তিনি বন্ধু Richard Steele এর *The Tatler* সাময়িকীতে নিয়মিত লিখতেন এবং তার সাথে পরবর্তীতে *The Spectators* নামক দৈনিক সাময়িকী প্রতিষ্ঠা করেন। এই সাময়িকীদ্বয়ে সংগৃহীত সাহিত্য সমালোচনামূলক প্রবন্ধগুলোই তাঁর সবচেয়ে উল্লেখযোগ্য সাহিত্যকর্ম হিসেবে বিবেচিত।	**Plays** Cato The Drummer **Political Essays** The Free-Holder
Voltaire (1696-1778)	ফরাসী লেখক, নাট্যকার এবং দার্শনিক যার প্রকৃত নাম ছিলো Francis Maire Arouet; ছদ্মনাম হিসেবে Voltaire ব্যবহার করতেন। বাকস্বাধীনতা, ধর্মীয় স্বাধীনতা ও ন্যায়বিচারের পক্ষে আজীবন সংগ্রাম করে যাওয়া এই মহান সাহিত্যিক সাহিত্যের প্রতিটি শাখায় অবদান রেখে গেছেন। তিনিই ইতিহাসের প্রথম সাহিত্যিক যিনি আন্তর্জাতিকভাবে ব্যবসায়িক সাফল্য পেয়েছিলেন।	**Prose** Candide, Zadig **Non-Fictions** Essay on the Manners and Spirit of Nations **Plays** Mahomet, Mariamne Brutus, Zaïre

AUGUSTAN PERIOD এর গুরুত্বপূর্ণ সাহিত্যকর্ম



Moll Flanders by Daniel Defoe

১৭২২ সালে প্রকাশিত *Moll Flanders* উপন্যাসটি Daniel Defoe রচিত একটি আত্মজীবনীমূলক উপন্যাস। উপন্যাসটি লেখক এক সত্যিকারের অপরাধীর দ্বারা অনুপ্রাণিত হয়ে লিখেছিলেন। উপন্যাসটির কাহিনি Moll Flanders নামক এক নারী অপরাধীর শৈশব থেকে বৃদ্ধকাল পর্যন্ত জীবন বর্ণনা করে। অপরাধী মায়ের গর্ভে জন্ম নেওয়া Moll উপনিবেশিক যুক্তরাষ্ট্রে এক দয়ালু পালক মায়ের কাছে বড় হয়। অতঃপর এক বাড়িতে কাজ করতে গিয়ে সে বাড়ির বড় ছেলের সাথে প্রেম হয় কিন্তু বিয়ে করে ছোট ছেলেকে। এভাবেই শুরু হয় Moll এর একের পর এক বিয়ে করার ইতিহাস। পুরো উপন্যাসে সে মোট ৫ বার বিয়ে করে, এর মধ্যে একজন স্বামী ছিলো তার ভাই, যা সে পরে আবিষ্কার করে। একের পর এক স্বামী পরিবর্তন আর অপরাধের জগতে বিচরণ করতে করতেই তার জীবনের অনেক সময় কেটে যায়। একসময় পাচারকারী হিসেবে Moll Flanders কে গ্রেফতার করে কারাগারে পাঠানো হয় এবং তার 'Lancashire' স্বামীর সাথে সেখানে তার দেখা হয়। তারা উভয়েই তাদের সাজা কমিয়ে আনতে চেষ্টা করেন এবং তাদের পুনরায় উপনিবেশিক যুক্তরাষ্ট্রে স্থানান্তর করা হয়। সেখানে Moll আবিষ্কার করে, তার মা তাকে একটি খামারের উত্তরাধিকারী করে গেছে; একই সাথে সে তার বিয়ে করা ভাই এবং তার ঘরে হওয়া ছেলেকেও খুঁজে পায়। অবশেষে Moll Flanders তার জীবনে স্বচ্ছলতা ও স্থিতিশীলতা ফিরে পায় এবং তার 'Lancashire' স্বামীর কাছে তার জীবনের বিচিত্র কাহিনি বর্ণনা করে। ৬৯ বছর বয়সে সে তার স্বামীর সাথে ইংল্যান্ডে ফিরে আসে।

Gulliver's Travels by Jonathan swift

Jonathan Swift

Jonathan swift এর রচিত *Gulliver's Travels* গ্রন্থটি একই সাথে মানব প্রকৃতি ও প্রচলিত ভ্রমণ কাহিনিকে ব্যঙ্গ করে লিখিত। প্রকাশের সাথে সাথেই এটি প্রচণ্ড জনপ্রিয়তা পায় এবং নার্সারি স্কুল থেকে মন্ত্রিসভা পর্যন্ত সর্বত্র পঠিত হতে শুরু করে। বর্তমানে *Gulliver's Travels* কে ইংরেজি সাহিত্যের একটি Classic হিসেবে বিবেচনা করা হয়। চারটি গ্রন্থে বিস্তৃত এই কাহিনিতে কয়েকটি সমুদ্রযাত্রার দুঃসাহসিক (প্রকৃতপক্ষে দুর্ভাগ্যজনক) গল্পের সমন্বয় রয়েছে। প্রথম যাত্রায় Gulliver লিলিপুটদের দ্বীপে পৌঁছায় এবং ৬ ইঞ্চি উচ্চতা বিশিষ্ট লিলিপুটদের দ্বারা বন্দী হয়। পরবর্তীতে Gulliver সেখান থেকে পালিয়ে ইংল্যান্ডে ফিরতে সমর্থ্য হয়। দ্বিতীয় যাত্রায় Gulliver কে জাহাজের চিকিৎসক হিসেবে একটি দ্বীপে পানির সন্ধানে প্রেরণ করা হয়। সেখানে সে দৈত্যদের দ্বারা বন্দী হয় এবং তাকে দৈত্যদের রানির কাছে বিক্রি করে দেওয়া হয়। তৃতীয় যাত্রায় Gulliver লাপুটা দ্বীপে যাত্রা করেন। পরবর্তীতে জাপান এবং আমস্টারডাম হয়ে ইংল্যান্ডে ফিরে যান। চতুর্থ যাত্রায় বার্লাডোজ এবং লিয়ার্ড দ্বীপপুঞ্জের জন্য একটি বণিকবাহী জাহাজের অধিনায়ক হিসেবে যাত্রা করেন। বিচিত্র ও আকর্ষণীয় কাহিনির সংকলন হলেও এই গ্রন্থে মানুষের অনেক ত্রুটি, মূর্খতা এবং দুর্বল দিকগুলোকে লেখক তার নিপুণ দক্ষতা দিয়ে তুলে ধরেছেন। অনেক সমালোচক এই গ্রন্থের কারণে Jonathan swift কে মানুষ জাতির প্রতি বিদ্বেষী বা Misanthrope হিসেবে আখ্যায়িত করেছেন।



The Way of the World by William Congreve

The Way of the World ইংরেজ নাট্যকার William Congreve এর লেখা একটি নাটক। তার নাটকে ঈর্ষা, প্রতারণা এবং ষড়যন্ত্র- এই বিষয়গুলো গুরুত্ব পায়। এই নাটকটিও ব্যতিক্রম নয়, এটি Restoration পিরিয়ড এ রচিত কমেডি নাটক গুলোর মধ্যে অন্যতম শ্রেষ্ঠ হিসেবে বিবেচিত হয়। যদিও নাটকটি যখন মঞ্চস্থ হয় তখন দর্শকরা এতে ফুটিয়ে তোলা সামাজিক অনৈতিকতা ও অবক্ষয়ের প্রদর্শন ভালোভাবে নিতে পারেনি।

পাঁচ অঙ্ক বিশিষ্ট নাটকটি দুই প্রেমিক-প্রেমিকা Mirabell এবং Millamant এর প্রেম কাহিনির উপর ভিত্তি করে রচিত। তাকে বিয়ে করার এবং উত্তরাধিকার সূত্রে ৬ হাজার পাউন্ড পাওয়ার জন্য, Mirabell কে অবশ্যই Millamant এর খালা, Lady Wishfort এর আশীর্বাদ পেতে হবে। দুর্ভাগ্যবশত, Lady Wishfort একজন অত্যন্ত নির্মম স্বভাবের ভদ্রমহিলা যিনি Mirabell কে ঘৃণা করেন এবং তার নিজের ভাগ্নে Sir Wilfull এর সাথে Millamant এর বিয়ে দিতে চান। এদিকে Lady Wishfort নিজে একজন বিধবা, তিনি আবার বিয়ে করতে চান এবং তার দৃষ্টি রয়েছে Mirabell এর জনৈক চাচা, ধনী Sir Rowland এর উপর।

এদিকে, নাটকটির আরেকটি চরিত্র, Fainall এর সাথে তার স্ত্রীর বন্ধু Mrs. Marwood এর গোপন সম্পর্ক রয়েছে। Fainall এর স্ত্রী, Mrs. Fainall, যিনি Lady Wishfort এর মেয়ে, যার নিজেরও Mirabell এর সাথে অতীতে প্রেমের সম্পর্ক ছিলো এবং তাদের বন্ধুত্বের সম্পর্ক বজায় ছিলো। এরই মধ্যে, Mirabell এর চাকর Waitwell বিয়ে করে Lady Wishfort এর গৃহকর্মী Foible কে। Mirabell এর নির্দেশে Waitwell, Sir Rowland এর ছদ্মবেশ নেয় এবং Lady Wishfort কে মিথ্যা বাগদানে প্রতারিত করার চেষ্টা করে। পরিশেষে Millament এই বাগদানের তথ্য ব্যবহার করে Lady Wishfort কে ব্ল্যাকমেইল করে। নিজ সম্মান বাঁচাতে Lady Wishfort, Mirabell এর সাথে Millament এর বিয়েতে সম্মতি দেন। নাটকটিতে সে সময়ে সমাজে প্রচলিত অসম প্রতিযোগিতা, অর্থলোভ ও প্রতারণার নানা দৃশ্য অঙ্কিত হয়েছে।

Cato by Joseph Addison

Cato, Joseph Addison এর লেখা একটি ট্রাজেডি নাটক। এটি Marcus Porcius Cato Uticensis (যিনি Cato the Younger নামে পরিচিত ছিলেন) এর জীবনের শেষ দিনগুলোর ঘটনার উপর ভিত্তি করে নির্মিত। Cato ছিলেন একজন Stoic ঘরনার দার্শনিক যিনি সম্রাট জুলিয়াস সিজারের অত্যাচারের বিরুদ্ধে প্রতিরোধের জন্য প্রজাতন্ত্র, পূণ্য এবং স্বাধীনতার আইকনে পরিণত হয়েছিলেন। এই নাটকটি ব্যক্তিগত স্বাধীনতা বনাম রাষ্ট্রীয় অত্যাচার, প্রজাতন্ত্র বনাম রাজতন্ত্র, যুক্তি বনাম আবেগ এবং মৃত্যুর মুখে নিজের বিশ্বাসকে ধরে রাখার জন্য Cato এর ব্যক্তিগত সংগ্রামের মতো অনেক বিষয়ের উপর আলোকপাত করে। এ নাটকটি আমেরিকার স্বাধীনতা বিপ্লবের উপর প্রভাব ফেলেছিলো। এ বিপ্লবের বেশ কয়েকটি উদ্ধৃতি *Cato* থেকে এসেছে। যেমন: আমেরিকার স্বাধীনতা সংগ্রামের অন্যতম প্রধান পুরুষ Patrick Henry এর বিখ্যাত সেই ultimatum:

"Give me liberty or give me death!"

"আমাকে স্বাধীনতা দাও অথবা আমাকে মৃত্যু দাও!"

The Rape of the Lock by Alexander Pope

ALEXANDER POPE

The Rape of the Lock, Alexander Pope এর একটি Mock-Heroic ধাঁচের বর্ণনামূলক কবিতা। কবির ঘনিষ্ঠ এক বন্ধুর জীবনে ঘটে যাওয়া সত্য ঘটনার উপর ভিত্তি করে কবিতার কাহিনি বিবৃত হয়েছে। এতে সৌন্দর্য, ধর্ম এবং নৈতিকতা, নারীত্ব, গর্ব, প্রেম, সাধনা এবং উচ্চ শ্রেণির নৈতিকতার মত বিষয়গুলোর উপর আলোকপাত করা হয়েছে। কবিতার কেন্দ্রবিন্দু একটি সুন্দরী মহিলা Belinda। তার রক্ষণাবেক্ষণে আছে Ariel নামক এক Sylphs বা অশরীরী সত্তা Belinda এর পাণিপার্থী এক Baron তার অপূর্ব চুলের বেণী চুরি করার পরিকল্পনা করে। Ariel ও তার মত আরো অনেক Sylphs অনেক চেষ্টা করেও শেষ রক্ষা করতে পারেনা, কাঁচি দিয়ে Baron নায়িকার বেণী কাটতে সমর্থ্য হয়। Baron যখন সাফল্যে উল্লসিত হয়ে বেণী নিয়ে চলে যাচ্ছে তখন Belinda বেণীর শোকে বিশাল হৈচৈ বাঁধিয়ে দেয়। তার শোক দেখে বিচলিত হয়ে জনসাধারণ বেণী ফিরিয়ে দেওয়ার দাবী জানায়। কিন্তু সেই চুলের বেণী আর খুঁজে পাওয়া যায় না। Belinda'র সে বেণী যেন নক্ষত্রালোকে স্থান পেয়েছে। সেখানেই সে বেণী চিরকাল তারকার মতো দীপ্তি ছড়াবে আর পৃথিবীর কবিকুল তা নিয়ে রচনা করবে অমর কাব্যগাথা! মূলত সাহিত্যের ইতিহাসে অমর হয়ে থাকা নানা মহাকাব্যের অনুকরণে ও সমান্তরালে তুচ্ছ বিষয়কে মহাকাব্যিক ভাবে দেখানোটাই ছিলো এই ব্যঙ্গকাব্যের মূল লক্ষ্য। এই কাব্যটি ইউরোপীয় সাহিত্যে Mock-Heroic ধারার কাব্য রচনা জনপ্রিয় করে।

The Dunciad by Alexander Pope



Alexander Pope রচিত *The Dunciad* ইংরেজি ভাষায় রচিত অন্যতম সেরা Mock-heroic Narrative Poem, যেটিতে কবি তৎকালীন রাজা-রানি, রাজকবি ও সাহিত্যের রুচির অবক্ষয়কে তীব্রভাবে ব্যঙ্গের ভাষায় আক্রমণ করেন। এটিতে তিনি Dulness নামক এক দেবীর জয়গান করেন যার মূল লক্ষ পৃথিবীতে নির্বুদ্ধিতা প্রতিষ্ঠা করা। সেই দেবী নিজের প্রতিনিধি হিসেবে Dunciad A এবং B নামে যাদের নির্বাচিত করেন, তারা মূলত ঐ যুগের প্রভাবশালী প্রকাশক Lewis Theobald এবং রাজকবি Colley Cibber কে ব্যঙ্গ করে নির্মিত কাল্পনিক চরিত্র। এই ব্যঙ্গ কাব্য রচনায় John Dryden রচিত আরেক বিখ্যাত Mock-heroic কাব্য *MacFlecknoe* এর স্পষ্ট প্রভাব ছিলো, যদিও তার তুলনায় *Dunciad* এর আক্রমণের ভাষা অনেক বেশি আক্রমণাত্মক ছিলো। এই কাব্যে Dulness দেবীকে যাবতীয় যুক্তির বিরুদ্ধে, অন্ধকারকে আলোর বিরুদ্ধে লড়াই করতে দেখা যায়। বিজয় নয়, বরং কবি এখানে এই নির্বুদ্ধিতার বিরুদ্ধে জ্ঞান ও রুচিবোধের যুদ্ধেরই জয়গান গেয়েছেন।



Candide by Voltaire

Candide হলো দার্শনিক Voltaire দ্বারা রচিত একটি French Satire. যেখানে বিশ্লেষিত হয়েছে –

আশাবাদ বনাম বাস্তবতা: *Candide* এর মূল বিষয় হলো অতি আশাবাদী চিন্তা-চেতনার অসারতা দেখানো। মূল চরিত্র Candide স্বর্গের মত একটি স্থানে নিরাপদে বসবাসকারী একজন মানুষ যে প্রফেসর Pangloss এর দ্বারা 'লিবনিজিয়ান আশাবাদ' এ দীক্ষিত। কিন্তু এই জীবনধারায় একসময় বিঘ্ন ঘটে এবং সে ধীরে ধীরে উপলব্ধি করে বাস্তব জীবন অত্যন্ত কঠিন।

চিন্তা বনাম কাজ: Voltaire এর আশাবাদের তীব্র সমালোচনার পাশাপাশি দার্শনিক চিন্তার ব্যর্থতা আলোচনা করেন। প্রফেসর Pangloss এর দার্শনিক বয়ানগুলো বাস্তবতার সাপেক্ষে প্রহসন বলে মনে হয়। যেমন: লিসবেন ভূমিকম্পের পর Pangloss সাহায্য করার জন্য কিছু করার পরিবর্তে ভূমিকম্পের কারণগুলো নিয়ে চিন্তা করা বেছে নেন। এভাবে দার্শনিক বা অনুমানমূলক চিন্তা ভাবনাকে অকেজো এবং সম্ভাব্য ধ্বংসাত্মক ব্যাপার হিসেবে চিত্রিত করা হয়েছে।

সামাজিক সমালোচনা: Voltaire তার সমাজের ব্যর্থতার প্রকৃত চিত্র প্রকাশ করার জন্য *Candide* ব্যবহার করেন। *Candide* এ রাজনৈতিক এবং ধর্মীয় নিপীড়ন, মহিলাদের বিরুদ্ধে যৌন সহিংসতা এবং আর্থিক দুর্নীতির তীব্র সমালোচনা করা হয়েছে।

	Title	Author	Short Summary
Novel	**Captain Singleton**	Daniel Defoe	আফ্রিকায় অভিযান ও জলদস্যুদের নিয়ে লেখা এই উপন্যাসে নায়ক ও তার ধর্মগুরুর মাঝে সম্পর্ক সতর্কতার সাথে তুলে ধরার জন্য প্রশংসিত হয়।
	Colonel Jack	Daniel Defoe	জন্মপরিচয়হীন Jack এর দারিদ্র্য ও অপরাধের মধ্যে বড় হওয়া এবং উপনিবেশ অঞ্চলে নিজেকে 'ভদ্রলোক' হিসেবে প্রতিষ্ঠিত করার কাহিনি নিয়ে এই উপন্যাস।
	The History of Sir Charles Grandison	Samuel Richardson	একটি Epistolary বা পত্রোপন্যাস যেখানে Charles Grandison নামের একজনের ইতিহাস ও জীবনকে কেন্দ্র করে গড়ে উঠেছে। Charles নৈতিক ভাবে উন্নত চরিত্রের অধিকারী একজন পুরুষ।
Prose	**The Battle of the Books**	Jonathan Swift	ক্ষুদ্রাকৃতির একটি বিদ্রুপাত্মক রচনা যাতে দেখা যায় একটি লাইব্রেরির বইগুলো নিজেদের মধ্যে ঝগড়া করছে; মূলত প্রাচীনপন্থি ও আধুনিকতাবাদীদের মধ্যে আদর্শের লড়াইতে লেখক এ রচনায় প্রাচীনদেরকে সমর্থন দিয়েছেন।
	A Modest Proposal	Jonathan Swift	আইরিশদের দারিদ্র্যক্লিষ্ট দুরাবস্থা নিয়ে একটি ব্যঙ্গাত্মক প্রবন্ধ, এতে খুব বিনয়ের সাথে প্রস্তাব করা হয়, দরিদ্র আইরিশরা ধনীদের কাছে তাদের সন্তানদের বিক্রি করে দিয়ে নিজেদের অর্থনৈতিক সমস্যার সমাধান করতে পারে।
	Essay on the Manners and Spirit of Nation	Voltaire	১৯৭ অধ্যায়ে বিস্তৃত ইউরোপের হাজার বছরের ইতিহাস বই এটি। প্রায় ১৫ বছর ধরে ফ্রান্স, জার্মানি ও বেলজিয়ামের নানা শহরে গবেষণার ফসল এই বিশাল কর্মটি Voltaire মৃত্যুর আগ পর্যন্ত পরিমার্জন, সংযোজন ও সংশোধন করে গেছেন।
Play	**A Tale of a Tub**	Jonathan Swift	সর্বজনবিদিত অন্যতম শ্রেষ্ঠ ব্যঙ্গাত্মক প্রহসন, এতে খ্রিষ্টান ধর্মের প্রধান তিন শাখা Roman Catholic, Anglican churches এবং English Dissenters কে তিন ভাইয়ের রূপকে তীব্র ভাবে ব্যঙ্গ করা হয়েছে। শাসন ব্যবস্থা ও ধর্মের মধ্যে ঘনিষ্ঠ সম্পর্কের সমালোচনা করে লেখক ক্ষমতাশীলদের চক্ষুশূল হন।
	The Double-Dealer	William Congreve	একটি হাস্যরসাত্মক নাটক; ভালোবাসা, বিয়ে, বিশ্বাসঘাতকতা, ষড়যন্ত্র – এসব নিয়ে নাটকটির কাহিনি এগিয়েছে।
Poem	**An essay on Man**	Alexander Pope	নামে Essay থাকলেও এটি একটি কবিতা যার মূল থিম *"To vindicate the ways of God to man."* এতে লেখক মানুষের প্রতি ঈশ্বরের আচরণের পক্ষে যুক্তি দিয়েছেন। ঈশ্বরের মর্জি মানুষের পক্ষে বোঝা সম্ভব নয়, এটাই মূল কথা।
	Epistle to Dr. Arbuthnot	Alexander Pope	চিকিৎসক ও গণিতবিদ বন্ধু John Arbuthnot এর স্মৃতিতে লেখা একটি ব্যঙ্গ কাব্য যেখানে তিনি তীব্র ভাষায় আজীবন যারা নানা ভাবে তার বিরোধীতা ও প্রতিদ্বন্দ্বিতা করেছে, তাদের একহাত নিয়েছেন।

AUGUSTAN PERIOD এর সাহিত্যে প্রধান চরিত্রসমূহ

Pamela from *Pamela* by Samuel Richardson



Samuel Richardson এর 1740 সালে প্রকাশিত Epistolary novel (পত্রোপন্যাস) *Pamela; or, Virtue Rewarded* এর প্রধান চরিত্র Pamela Andrews. উপন্যাসটি ইংরেজি সাহিত্যের প্রথম দিককার অন্যতম একটি উপন্যাস হিসেবে স্বীকৃত। এটি একটি সামাজিক শিক্ষামূলক উপন্যাস।

কর্মঠ, সুন্দরী ও সাহসী ষোড়শি Pamela একজন গৃহকর্মী যে তার গৃহকর্তা Mr. B কর্তৃক যৌন অত্যাচারের শিকারে পরিনত হয়। যদিও প্রথম দিকে Pamela তার Parents কে পত্রের মাধ্যমে জানায় যে তার গৃহকর্তা খুবই ভদ্র এবং সে তাকে বিশ্বাস করে। কিন্তু কিছু দিন পর ১৬তম পত্রে Pamela তার গৃহর্কতাকে মিথ্যুক ও শয়তান আখ্যা দেয়। Pamela তার পিতামাতার কাছে প্রচুর পত্র যোগাযোগ করত যা তাকে Mr. B কে বাধা দিতে এবং নিজেকে কলঙ্ক মুক্ত রাখতে সাহায্য করে। কিন্তু Pamela ক্রমশ Mr. B এর প্রতি আকৃষ্ট হয় এবং একপর্যায় তাদের বিবাহ হয়। Pamela এর মিষ্ট ও শান্ত স্বভাব সহজেই তার স্বামীর উচ্চমর্যাদার বন্ধুদের আকৃষ্ট করে। Pamela চরিত্রটি ভালবাসা, অর্থ, মর্যাদা ও স্বীকৃতি চাওয়া নারীদের প্রতিকৃতি।



Clarissa from *Clarissa* by Samuel Richardson

Samuel Richardson এর লিখিত একটি Epistolary Novel হলো *Clarissa* যেটাকে ইংরেজি সাহিত্যের অন্যতম দীর্ঘ উপন্যাস। Clarissa Harlowe এই উপন্যাসের প্রধান চরিত্র।

Clarissa তার অসাধারণ সৌন্দর্য্য ও গুণের জন্য সমাদৃত। সে তার আশেপাশের নারীদের জন্য আদর্শ এবং অনুসরণীয় একজন নারী। সে তার কর্তব্য ও কর্মে একনিষ্ট এবং প্রতিবেশীদের প্রতি সদয়। এতসব গুণাগুণের জন্য সে অনেকের কাছে ঈর্ষার পাত্র। এদিকে চরিত্রহীন কামুক বিত্তবান Robert Lovelace আফিম খাওয়ানোর মাধ্যমে Clarissa কে ধর্ষণ করে। এই ঘটনায় সকলে তাকে Lovelace এর সাথে বিবাহ দিতে চায় কিন্তু Clarissa তাকে মেনে নিতে পারে না।

ধর্ষণের পর Clarissa অনেক অসুস্থ হয়ে পরবর্তীতে মৃত্যবরণ করে। মৃত্যুর পূর্বে সে অনেকগুলো পত্র লিখে যায়। সেগুলো পড়ে সকলে নিজেদের দোষী ভাবে এবং Clarissa এর মৃত্যুর জন্য নিজেদের ক্ষমা করতে পারে না।

Robinson Crusoe from *Robinson Crusoe* by Daniel Defoe

Daniel Defoe তাঁর *Robinson Crusoe* উপন্যাসটির জন্য সবচেয়ে বেশি জনপ্রিয়। অনেকটা আত্মজীবনী ধাঁচে লেখা এই উপন্যাসটির ভাষা সহজ সরল হলেও ইংরেজি সাহিত্যে প্রথম দিকের উপন্যাস ও বাস্তব ভিত্তিক কল্পকাহিনি হিসেবে এর গুরুত্ব অপরিসীম। উপন্যাসটি নাম ভূমিকায় থাকা চরিত্রটির একাকি ছোটবেলা থেকে সমুদ্রে যাওয়ার প্রবল ইচ্ছা পোষণকারী Robinson Crusoe-র জন্ম সতেরা শতকে। সকল বাধা বিপত্তি অতিক্রম করে সে লন্ডনগামী একটি জাহাজে চাকরি নেয়। তীব্র ঝড়ের কবলে পড়লেও Robinson Crusoe সমুদ্র অভিযান থেকে পিছপা হয়নি। মুর জাতীয় জলদস্যুদের হাতে বন্দী হয়ে সে দাস হিসেবে দক্ষিণ আফ্রিকার স্যালি (Sallee) শহরে বিক্রি হয়ে যায়। উপস্থিত বুদ্ধির সাহায্যে পালিয়ে গিয়ে Crusoe দাস-শ্রম ও তাদের অর্থনৈতিক সুবিধার ব্যাপারে আগ্রহী হয়ে উঠে। ফলশ্রুতিতে সে পশ্চিম আফ্রিকায় যাত্রা করে এবং পথিমধ্যে ত্রিনিদাদ এর নিকট এক নির্জন দ্বীপের কাছে জাহাজডুবি হয়। দীর্ঘ ২৮ বছর সেই দ্বীপে বসবাস করতে বাধ্য হয় Crusoe। দ্বীপে আটকা পরার পর সেখানে Crusoe এর নিজেকে মানিয়ে নেওয়ার বর্ণনা নিপুন দক্ষতায় উঠে এসেছে, যেমন: পশুপাখি পোষ মানানো, তারিখের হিসাব রাখতে পাথরে ক্যালেন্ডার খোদাই করে রাখা, ঝড়-বৃষ্টির মতো দুর্যোগে নিজেকে সুরক্ষিত রাখা, বীজ অঙ্কুরোদগমের অজানা রহস্য উদ্‌ঘাটন করা, খাদ্য সংরক্ষণ করা, নরখাদকদের হাত থেকে নিজে এবং অন্যকে রক্ষা করা, অতিথিপরায়ণতা ইত্যাদি। Crusoe একসময় নরখাদকদের হাত থেকে একজনকে মুক্ত করে তার সঙ্গী বানায় এবং তার নাম দেয় Friday, তারা দুইজন মিলে নরখাদকদের পরাজিত করে। পরিশেষে Crusoe এবং Friday এক ইংল্যান্ডগামী জাহাজের নাবিকদের সহায়তায় দ্বীপ থেকে ইংল্যান্ডে ফিরে আসে। পুরো উপন্যাসেই Robinson Crusoe এর চরিত্রের নানা দিক ফুটে উঠেছে। তার কঠিন পরিস্থিতেও হার না মানা, ঈশ্বরের প্রতি অগাধ বিশ্বাস, পরোপকারীতা ইত্যাদি গুণাবলি উপন্যাসকে সামনে এগিয়ে নিয়েছে।

Roxana from *Roxana: The Fortunate Mistress* by Daniel Defoe

Daniel Defoe-এর অন্যতম জনপ্রিয় উপন্যাস *Roxana*। উপন্যাসটির নাম ভূমিকায় থাকা প্রধান চরিত্র Roxana, France-এ জন্ম গ্রহণ করলেও ধর্মীয় নিপিড়নের কারণে তার পরিবার ইংল্যান্ডে চলে আসে। ১৫ বছর বয়সে Roxana বিত্তবান একজনকে বিবাহ করে এবং পরবর্তী ৮ বছরের মাথায় ৫ সন্তানের জননী হয়ে যায়। কিন্তু স্বামীর মৃত্যুর পর সে দারিদ্র্যের অতল সাগরে নিমজ্জিত হয়। তখন সে তার গৃহকর্মী Amy-এর বুদ্ধিতে তার বন্ধুভাবাপন্ন বাড়িওয়ালাকে বিয়ে করে এবং নিজ সন্তানদের আত্মীয়দের বাড়িতে পাঠিয়ে দেয়। ফ্রান্সে বেড়াতে গিয়ে দুর্বৃত্তদের হাতে তার স্বামি খুন হয়। পরবর্তীতে একজন জার্মান প্রিন্স এবং ডাচ বণিকের সাথেও Roxana-এর প্রণয় ঘটে। জীবনের টানাপোড়েনে নানা ঘটনাবলীর অবতারণা ঘটেছে Roxana চরিত্রে। কখনও সম্মুখীন হতে হয়েছে আর্থিক এবং ভবিষ্যৎ অনিশ্চয়তার, কখনও আবার আর্থিক প্রাচুর্যতার কারণে নিজ সন্তানদের উজ্জ্বল ভবিষ্যৎ গড়ে দিতে দেখা যায়। কখনও পাড়ি দিতে হয়েছে ইতালিতে, কখনও হল্যান্ডে, কখনও বা ইংল্যান্ডে। প্রতিকূল পরিবেশের সাথে নিজেকে খাপ খাইয়ে নেয়ার প্রকৃষ্ট উদাহরণ অঙ্কিত হয়েছে Roxana-র চরিত্রের মাধ্যমে। জীবনের একটি পর্যায়ে এসে সে নিজের জীবন নিয়ে বিতশ্রদ্ধ হয়ে সহজ সরল জীবনে ফিরে আসতে চায় কিন্তু তখন তার এক মেয়ে Susan-র আগমন ঘটে, যে কিনা তার বাড়িতেই গৃহকর্মী হিসেবে কাজ করতো। মানসম্মান হারানোর ভয়ে Roxana নিজ সন্তানকে চিরতরে সরিয়ে দেয়ার চিন্তা করতে বাধ্য হন। কাহিনিকে এই জায়গাতেই অসমাপ্ত রেখে উপন্যাসটি শেষ হয়।

AUGUSTAN PERIOD এর প্রধান উক্তিসমূহ

It is never too late to be wise

Robinson Crusoe, Daniel Defoe

Expect nothing and you'll always be surprised

Robinson Crusoe, Daniel Defoe

I saw the Cloud, though I did not foresee the Storm

Moll Flanders, Daniel Defoe

Redemption from sin is greater then redemption from affliction

Robinson Crusoe, Daniel Defoe

For sudden Joys, like Griefs confound at first

Robinson Crusoe, Daniel Defoe

Books, the children of the brain

A Tale of a Tub, Jonathan Swift

Vision is the art of seeing things invisible

A Tale of a Tub, Jonathan Swift

Every man desires to live long, but no man wishes to be old

Gulliver's Travels, Jonathan Swift

Music has charms to sooth a savage breast

The Mourning Bride, William Congreve

One minute gives invention to destroy, What, to rebuild, will a whole age employ

The Double Dealer, William Congreve

Well, I shall understand your lingo one of these days, cousin

The Way of the world, William Congreve

Whoe'er is brave and virtuous, is a Roman

Cato: A Tragedy, Joseph Addison

While there is hope, do not distrust the gods

Cato: A Tragedy, Joseph Addison

To err is human, to forgive, divine

An Essay On Criticism, Alexander Pope

Fools rush in where angels fear to tread

An Essay On Criticism, Alexander Pope

A little Learning is a dangerous Thing

An Essay On Criticism, Alexander Pope

What Reason weaves, by Passion is undone

An Essay on Man, Alexander Pope

Act well your part; there all the honour lies

An Essay on Man, Alexander Pope

Do good by stealth, and blush to find it fame

An Essay On Man, Alexander Pope

Common sense is not so common

A Pocket Philosophical Dictionary, Voltaire

Faith consists in believing what reason cannot

The Works: Voltaire, Voltaire

Quotes	Origin	Author
Thus fear of danger is ten thousand times more terrifying than danger itself	Robinson Crusoe	Daniel Defoe
I had been tricked once by that Cheat called love, but the Game was over	Moll Flanders	
One no more owes one's beauty to a lover than one's wit to an echo	The Way of the World	William Congreve
All well bred persons lie – Besides, you are a woman; you must never speak what you think	Love For Love	
Music hath charms to soothe a savage breast/To soften Rocks, or bend a knotted Oak	The Mourning Bride	
The ways of heaven are dark and intricate; Puzzled in mazes, and perplext with errors	Cato: A Tragedy	Joseph Addison
Let Caesar have the world, if Marcia's mine	Cato: A Tragedy	
Charms strike the sight, but merit wins the soul	The Rape of the Lock	
You purchase pain with all that joy can give and die of nothing but a rage to live	Moral Essays	
I know not my own heart if it be not absolutely free	Clarissa	Samuel Richardson
Tired of myself longing for what I have not	Clarissa	
I will be a Friend to you, and you shall take care of my Linen	Pamela	
Familiarity destroys reverence	Clarissa	
My heart and my hand shall never be separated	Clarissa	
The person who will bear much shall have much to bear, all the world through	Clarissa	
It is better to risk saving a guilty person than to condemn an innocent one	Zadig et autres contes	
It is man´s faith to live either on agonies of fear and turmoil or in the prostration of boredom	Candide	

Potential Questions & Answers

01. 'Gulliver's Travels' was written by-
(a) Alexander Pope (b) Jonathan Swift (c) William Wordsworth (d) G. B. Shaw

02. 'A Tale of a Tub' is a famous work by—
(a) Alexander Pope (b) Dr. Samuel Johnson (c) Jonathan Swift (d) Daniel Defoe

03. Poet Alexander Pope's famous work—
(a) The Rape of the Lock (b) Spectator
(c) The Deserted Village (d) Man was made to mourn

04. "The Patriot" written by —
(a) Alexander Pope (b) Dr. Samuel Johnson (c) Sir Walter Scott (d) Daniel Defoe

05. The first English novel, 'Pamela', has been written by–
(a) Daniel Defoe (b) Henry Fielding (c) Samuel Richardson (d) Sir Walter Scott

06. Who wrote the first novel in 1740?
(a) Henry Fielding (b) Samuel Richardson (c) Charles Dickens (d) John Bunyan

07. Who was famous for writing Mock-heroic epics?
(a) John Bunyan (b) John Dryden (c) Geoffrey Chaucer (d) Alexander Pope

08. Alexander Pope is the best known for—
(a) Mock Epic (b) Dramatic Monologue (c) Metaphysical (d) Comedy

09. Which century does Alexander Pop belong to—
(a) 19th century (b) 18th century (c) 17th century (d) 20th century

10. 'An Essay on Criticism' was written by—
(a) Jonathan Swift (b) Samuel Richardson (c) Alexander Pope (d) Joseph Addison

11. Who is the protagonist of 'The Rape of the Lock"?
(a) Belinda (b) Hardy (c) Pope (d) Swift

12. 'The Battle of the Books' was written by—
(a) Daniel Defoe (b) Jonathan Swift (c) Henry Fielding (d) Thomas Hardy

13. 'To err is human, to forgive is divine' is written by—
(a) A. Tennyson (b) Milton (c) W. Blake (d) Alexander pope

14. 'A Voyage of Lilliput' is written by—
(a) R.L. Stevenson (b) Thomas Hardy
(c) Jonathan Swift (d) William Wordsworth

15. Fill in the blank:
Jonathan Swift is not the author of—
(a) Gulliver's Travel (b) Robinson Crusoe
(c) The Battle of the Books (d) A Tale of a Tub

16. One of the following was by Jonathan Swift—
(a) Ulysses (b) Pamela (c) Roots (d) Journal to Stella

17. "A little learning is a dangerous thing" said by-
(a) Jonathan Swift (b) Samuel Richardson (c) Alexander Pope (d) Joseph Addison

18. Who wrote "Candide"?
(a) Thomas Hobbes (b) Voltaire (c) Alexander Pope (d) Robert Herrick

19. Who wrote 'Robinson Crusoe'?
(a) Alexander Pope (b) Robert Herrick (c) Thomas Hobbes (d) Daniel Defoe

20. What is now considered the first modern novel in English literature?
(a) Pamela (b) The virtue rewarded
(c) both a and b (d) A Modest Proposal

Answers

01	b	02	c	03	a	04	d	05	c	06	✪	07	d	08	a	09	b	10	c
11	a	12	b	13	d	14	c	15	b	16	d	17	c	18	✪	19	d	20	c

বিশেষ দ্রষ্টব্য: সম্মিয় বিসিএস প্রার্থী, উত্তরমালায় কিছু প্রশ্নের উত্তর না দেয়া থাকলেও আমরা বিশ্বাস করি আপনারা পরিপূর্ণ আত্মবিশ্বাসের সাথেই সঠিক উত্তরে বৃত্ত ভরাট করতে পারবেন।

(1745-1785)

The Age of Sensibility

এ যুগের লেখকেরা যুক্তি, অনুভূতি, চেতনা, কার্যকারণ, বিশুদ্ধ প্রতিভা- এসমস্ত ব্যাপারগুলোকে প্রাধান্য দেওয়া শুরু করেন। এ কারণে এ যুগকে Age of Sensibility (সংবেদনশীলতা) বা Age of Reason (যুক্তি) বলা হয়। এ যুগের সবচেয়ে প্রভাবশালী লেখক ছিলেন Dr. Samuel Johnson. তাঁর নামানুসারে এ যুগকে Age of Johnson ও বলা হয়। এ যুগের বিখ্যাত ৪ ঔপন্যাসিক Richardson, Fielding, Smollett এবং Sterne কে *Four Wheels of Novel* বলা হয়। উপন্যাসের চারটি শাখা Melodramatic, Sentimental, Picaresque এবং Gothic এ যুগেও আবির্ভূত হয়েছিল। Epistolary বা পত্রোন্যাসের বিকাশও এ যুগেই হয়।

Previous Years' BCS Preli Questions & Answers

01. Who wrote the picaresque novel titled 'Tom Jones'? [44th BCS]
(a) Samuel Richardson (b) Horace Walpole (c) Henry Fielding (d) Laurence Sterne

02. —— was both a poet and a painter. [43rd BCS]
(a) John Keats (b) Spenser (c) William Blake (d) John Donne

03. Who has written the poem "Elegy Written in a Country Churchyard"? [37th BCS]
(a) Thomas Gray (b) P. B. Shelley (c) Robert Frost (d) Y.B. Yeats

04. 'Elegy Written in a Country Churchyard' is written by–[36th BCS]
(a) William Wordsworth (b) Thomas Gray (c) John Keats (d) W.B. Yeats

05. Who did write first English dictionary? [28th BCS]
(a) Boswell (b) Ben Jonson (c) Samuel Johnson (d) Milton

06. The first English dictionary was completed by—[15th BCS]
(a) lazak Walton (b) Samuel Johnson (c) Samuel Butler (d) Sir Thomas Browne

07. Who of the following was both a poet and painter? [15th BCS]
(a) Keats (b) Donne (c) Blake (d) Spenser

08. 'Tom Jones' by Henry Fielding was first published in—[13th BCS]
(a) the 1st half of 19th century (b) the 2nd half of 18th century
(c) the 1st half of 18th century (d) the 2nd half of 19th century

Answers															
1	c	02	c	03	a	04	b	05	c	06	b	07	c	08	a

THE AGE OF SENSIBILITY এর কিংবদন্তি সাহিত্যিক

Henry Fielding (1707-1754)

Literary Works

Novels	Tom Jones Amelia Joseph Andrews An Apology for the Life of Mrs. Shamela Andrews

Henry Fielding ছিলেন একজন ইংরেজ ঔপন্যাসিক, নাট্যকার ও ব্যঙ্গলেখক। Samuel Richardson এর পাশাপাশি তাঁকেও ইংরেজি উপন্যাসের জনক হিসেবে বিবেচনা করা হয়। তিনি মূলত তাঁর শুষ্ক রসবোধ ও তীক্ষ্ম বিদ্রুপাত্মক লেখনীর জন্য স্মরণীয় হয়ে আছেন।

শৈশবে মাকে হারানো Fielding তাঁর দাদির কাছে বড় হন, কেননা তাঁর পিতা একজন আকর্ষণীয় ব্যক্তি হলেও দায়িত্বশীল ছিলেন না। তবে, পিতার সাথে তাঁর নিয়মিত যোগাযোগ ছিলো। বিশ্ববিদ্যালয়ে তিনি ক্লাসিক সাহিত্য ও আইন বিষয়ে পড়ালেখা করেন। পেশাগত জীবনে তিনি লন্ডনে এসে মঞ্চের জন্য নাটক লিখতে শুরু করেন। তাঁর লিখিত নাটকে তীব্র ভাষায় তৎকালীন ইংল্যান্ডের প্রধানমন্ত্রী ও তার সরকারকে আক্রমণ করা হত যা 1737 সালের The Theatrical Licensing Act নামক আইনটি প্রণয়নের পথ প্রশস্ত করেছিল। এই আইনটি যেকোনো সাহিত্যকর্ম প্রকাশ করার পূর্বে তা সরকারিভাবে পরীক্ষা করে দেখার বাধ্যবাধকতা সৃষ্টি করে। ফলে Fielding এর মঞ্চ নাটক লেখা একপ্রকার বন্ধ হয়ে যায় এবং তিনি আইনপেশায় আত্মনিয়োগ করেন।

মঞ্চে অভিনিত না হলেও Fielding নাটক লেখা কখনও থামাননি। তিনি Samuel Richardson এর *Pamela* উপন্যাসের সাফল্যে রাগান্বিত হয়ে এটির ব্যঙ্গ করে বেনামে *Shamela* লিখেন যা তাকে প্রথম সাফল্য এনে দেয়। এর পরবর্তী পর্ব হিসেবে Joseph Andrews লিখলেও এটি বেশ মৌলিক ও পূর্ণাঙ্গ একটি উপন্যাস হিসেবে স্বীকৃত হয়।

Henry Fielding

Plays	🕮 The Modern Husband 🕮 The Temple Beau 🕮 The Mock Doctor 🕮 The Miser 🕮 Rape Upon Rape
Periodicals	🕮 The Champion 🕮 The Patriot 🕮 The True Patriot
Booklet	🕮 The Female Husband

তবে তাঁর শ্রেষ্ঠ সাহিত্যকর্ম Tom Jones নামক কৌতুকময় ভাষায় লেখা উপন্যাস। যাতে ইংল্যান্ডের তৎকালীন সমাজের প্রতিটি স্তরের বিচিত্র স্বভাব চরিত্রের মানুষেরা উঠে এসেছে। এটি Picaresque Novel ধাঁচের উপন্যাসের অন্যতম শ্রেষ্ঠ নিদর্শন। এ ধরণের উপন্যাসের নায়করা ভবঘুরে গোছের হয়। তিনি Captain Hercules Vinegar ছদ্মনামে বেশ কিছু লেখা প্রকাশ করেন।

সাহিত্য রচনার পাশাপাশি Henry Fielding তাঁর ম্যাজেস্ট্রেসি ক্ষমতা কাজে লাগিয়ে লন্ডন শহরের প্রথম পূর্ণাঙ্গ পুলিশ বাহিনী Bow Street Runners গঠনের জন্য স্মরণীয় হয়ে আছেন।

Thomas Gray (1716-1771)

Literary Works

- 🕮 An elegy written in a country churchyard
- 🕮 The progress of Poesy
- 🕮 Ode on the Spring
- 🕮 On the Death of Richard West
- 🕮 Ode on the Death of a Favourite Cat
- 🕮 Ode to a Distant Prospect of Eton College
- 🕮 The Bard: A Pindaric Ode
- 🕮 The Fatal Sisters: An Ode
- 🕮 Hymn to Adversity

Thomas Gray ছিলেন ক্যামব্রিজ বিশ্ববিদ্যালয়ের একজন অধ্যাপক যিনি Elegy বা শোক-কাব্য লেখার জন্য ইংরেজি সাহিত্যে বিখ্যাত হয়ে আছেন, বিশেষত তাঁর *'Elegy Written in a Country Churchyard'* নামক কবিতাটির জন্য।

শৈশব থেকেই Gray ছিলেন পড়ুয়া ধরণের, খেলাধুলার চেয়ে সাহিত্য পাঠেই তাঁর আগ্রহ বেশি ছিলো। বেশ প্রভাবশালী পরিবারের কিছু বন্ধুও ছিলো তাঁর যারা পরবর্তীতে তাঁর সাহিত্য প্রকাশে সাহায্য করেছেন। জীবনের বেশিরভাগ সময় তিনি ক্যামব্রিজ বিশ্ববিদ্যালয়ে ক্লাসিক সাহিত্য অধ্যয়ন করেই কাটিয়ে দেন।

1742 সালে ঘনিষ্ঠ বন্ধু Richard West এর মৃত্যুর পর *"Sonnet on the Death of Richard West"* লেখার মাধ্যমে Gray গুরুত্ব সহকারে কবিতা লেখা শুরু করেন। 1750 সালে লিখিত এবং 1751 সালে প্রকাশিত তাঁর সবচেয়ে বিখ্যাত সৃষ্টিকর্ম *'Elegy Written in a Country Churchyard'* লেখার অন্যতম অনুপ্রেরণা হিসেবে তাঁর ঐ বন্ধুর মৃত্যুও ছিলো বলে ধারণা করা হয়। সাহিত্যিক হিসেবে প্রচণ্ড আত্মসমালোচক ছিলেন। নিজের লেখার মান নিয়ে তাঁর নিজের এতটাই আত্মবিশ্বাসের অভাব ছিলো, তিনি একবার বলেছিলেন, তাঁর সব লেখার সমগ্র প্রকাশিত হলে মানুষ কোনো "মাছির" লেখা ভাবতে পারে। তাঁর জীবদ্দশায় মাত্র ১৩টি কবিতা প্রকাশিত হয়েছিলো যার মোট দৈর্ঘ্য হাজার লাইনেরও কম। তারপরও তিনি সেসময় জনপ্রিয়তা পেয়েছিলেন, এমনকি 1757 সালে তিনি Poet Laureate বা রাজকবি হবার প্রস্তাব পেয়েছিলেন, যা তিনি প্রত্যাখ্যান করেন।

Gray এর কবিতার প্রধান বিষয়বস্তু ছিলো মৃত্যু, মানুষের মরণশীলতা, মানুষের শেষ পরিণতি হিসেবে মৃত্যুর নিশ্চয়তা ইত্যাদি। একারণে তিনি **Graveyard Poet** দের একজন হিসেবে বিখ্যাত ছিলেন।

William Blake (1757-1827)

Literary Work

- 🕮 Songs of Innocence and Experience

William Blake ছিলেন একজন ইংরেজ কবি ও চিত্রকর। জীবদ্দশায় যথেষ্ট স্বীকৃতি না পেলেও বর্তমানে তাকে রোমান্টিক-পূর্ব যুগের কবিতা এবং চিত্রশিল্পের ইতিহাসে সবচেয়ে গুরুত্বপূর্ণ ব্যক্তিদের একজন বিবেচনা করা হয়। প্রায় পুরোটা জীবন লন্ডনে কাটালেও তাঁর সৃষ্টিকর্ম এত বৈচিত্র্যপূর্ণ ও রূপকার্থে সমৃদ্ধ যে তিনি তাঁর সৃষ্টিকর্মে পুরো মানবজাতির কল্পনাকেই ধারণ করেছেন।

খেয়ালি মেজাজ ও অনন্য দৃষ্টিভঙ্গির কারণে সামসময়িকদের অনেকে Blake কে অপ্রকৃতস্থ ভাবতেন। কিন্তু পরবর্তী যুগের সমালোচকরা তাঁর লেখায় প্রকাশভঙ্গী, সৃজনশীলতা, দার্শনিক ও আধ্যাত্মিক গূঢ় তত্ত্বে মুগ্ধ হয়েছেন। তাঁর চিত্রকর্ম ও কাব্যসমূহ প্রাক-রোমান্টিক আন্দোলনের বৈশিষ্ট্যমণ্ডিত ছিলো, যা পরবর্তীতে রোমান্টিক যুগের কবিদের প্রভাবিত করেছে।

William Blake

Poems	
The Marriage of Heaven and Hell The Daughters of Albion Jerusalem Milton: A Poem The Four Zoas The Tiger The Book of Thel	বাইবেলের প্রতি ভক্তি থাকলেও Blake চার্চ অফ ইংল্যান্ডের প্রতি ক্ষিপ্ত ছিলেন, প্রকৃতপক্ষে সকল ধরনের আনুষ্ঠানিক ধর্মের প্রতিই তাঁর ক্ষোভ ছিল। তিনি ফরাসি বিপ্লব এবং মার্কিন বিপ্লব এর আদর্শ ও উচ্চাভিলাসে মুগ্ধ হয়েছিলেন। উনবিংশ শতকের পণ্ডিত William Rossetti তাঁকে **Glorious Luminary** (মহিমান্বিত আলোকবর্তিকা) উপাধি দেন এবং তাঁর সম্পর্কে বলেন- *"যার আগমন তাঁর পূর্বসূরীরা অনুমান করতে পারেনি, যাকে তাঁর সামসময়িকদের সাথে এক কাতারে দাঁড় করানো যায় না এবং যাকে কোনো উত্তরসূরী দিয়ে কোনোদিন প্রতিস্থাপিত করা যাবে না"।*

Author	Short Bio	Major Works
Dr. Samuel Johnson (1709-1784/98)	সাহিত্য সমালোচক, প্রাবন্ধিক, কবি, নাট্যকার ও আত্মজীবনী লেখক। সবচেয়ে বেশি বিখ্যাত ইংরেজি ভাষার প্রথম Lexicographer বা ডিকশনারি লেখক হিসেবে। এছাড়াও তিনি Shakespeare-এর সাহিত্যের সমালোচক হিসেবে সমাদৃত। ইংরেজি ভাষা ও সাহিত্যের বিকাশে তাঁর অবদানের জন্য তাঁর জীবনকালকে Age of Johnson নামে অভিহিত করা হয়।	Dictionary of the English Language Preface to Shakespeare Lives of the most Eminent English Poets The False Alarm The Rambler **Plays** Irene The Vanity of Human Wishes **Novels** History of Rasselas Price of Abyssinia
Jean-Jacques Rousseau (1712-1778)	একজন ফরাসি দার্শনিক, তবে তিনি জন্মগ্রহণ করেছিলেন সুইজারল্যান্ডে। তাঁর পুরো নাম Jean Jacques Rousseau। তিনি ফরাসি বিপ্লবের অগ্রপথিক। তাঁর স্বাধীনতা, সাম্য ও ভ্রাতৃত্বের মতবাদ ফরাসি বিপ্লবকে অনুপ্রাণিত করেছিল।	**Essays** Discourse on the Arts and Sciences The Social Contract Emile, or On Education Essay on the Origin of Languages
Laurence Sterne (1713-1768)	একজন অ্যাংলো-আইরিশ ঔপন্যাসিক ও ধর্মযাজক। তিনি বিদ্রুপাত্মক লেখক হলেও তাঁর ব্যঙ্গ করার ধরন অনেকখানি হাস্যরস পূর্ণ ও বুদ্ধিদীপ্ত ছিলো। তবে তাঁর A Political Romance নামক ব্যঙ্গাত্মক রচনাটি চার্চকে ক্ষিপ্ত করে তোলে।	**Novels** The Life and Opinions of Tristram Shandy; Gentleman A Sentimental Journey Through France and Italy
Tobias Smollett (1721-1771)	একজন স্কটিশ ঔপন্যাসিক, ব্যঙ্গলেখক, ভ্রমণ কাহিনি লেখক, ঐতিহাসিক সাংবাদিক, অনুবাদক, কবি ও নাট্যকার। তিনি *Picaresque Novel* (ভবঘুরে নায়ক প্রধান উপন্যাস) ও *Eepistolary Novel* (পত্র উপন্যাস) এর একজন দক্ষ শিল্পী হিসেবে খ্যাত ছিলেন।	**Novels** The Expedition of Humphry Clinker Roderick Random The Adventures of Peregrine Pickle
Oliver Goldsmith (1728-1774)	একজন অ্যাংলো-আইরিশ ঔপন্যাসিক, কবি ও নাট্যকার। এছাড়াও তিনি ক্লাসিক শিশু সাহিত্য *The History of Little Goody Two-Shoes* লেখার জন্যও স্মরণীয়।	**Novel** The Vicar of Wakefield **Poem** The Deserted Village **Plays** The Good-Natur'd Man She Stoops to Conquer

Edmund Burke (1729 – 1797)	একজন Anglo-Iris রাজনীতিবিদ, বক্তা, Whig দলের সংসদ সদস্য এবং রাজনৈতিক চিন্তাবিদ। তিনি American Revolution এর প্রতি দৃঢ় সমর্থনের জন্য ও French Revolution এর চরম বিরোধিতার জন্য স্মরণীয়। তাঁকে *'The founding father of modern conservatism philosophy'* বলা হয়।	**Essays and Lectures** A Philosophical Enquiry into the Origin of Our Ideas of the Sublime and the Beautiful; Reflection on the Revolution in France On Moving His Resolution for Conciliation with American Thoughts on the cause of the present Discontents
Goethe (1749-1832)	একজন জার্মান কবি, ঔপন্যাসিক, নাট্যকার, দার্শনিক, বিজ্ঞানী, চিত্রশিল্পী এবং কূটনীতিবিদ। তিনি একাধারে কবিতা, নাটক, সাহিত্য, ধর্মতত্ত্ব, মানবতাবাদ এবং বিজ্ঞানের ক্ষেত্রে অবদান রেখেছেন। তাঁকে আধুনিক যুগের সর্বশ্রেষ্ঠ জার্মান সাহিত্যিক বিবেচনা করা হয়।	**Play** Faust **Prose** The Sorrows of Young Werther The Green Snake and the Beautiful Lily **Scientific Works** The Metamorphosis of Plants Theory of Colours
Richard Sheridan (1751-1816)	একজন আইরিশ নাট্যকার, বক্তা ও Whig রাজনীতিবিদ। তিনি Comedy of manners এর লেখক হিসেবে বেশ সুপরিচিত। তিনি Restoration Period এর Comedy of manner এর পুনর্জাগরণ ঘটিয়েছিলেন।	**Plays** St. Patrick's Day The Rivals The school for scandal The Critic; Pizarro
Robert Burns (1759-1796)	স্কটল্যান্ডের **National Bard** বা জাতীয় কবি হিসেবে মর্যাদাপ্রাপ্ত এই কবি English ও Scottish ভাষায় গান ও গীতিকবিতার (Lyric) লেখক। পেশাগত জীবনে তিনি ছিলেন একজন কৃষক। তাই তিনি Ploughman Poet হিসেবেও পরিচিত।	**Song Collection** Scots Musical Museum **Poems** A Red, Red Rose; A Man's a Man for A' That

THE AGE OF SENSIBILITY এর গুরুত্বপূর্ণ সাহিত্যকর্ম

Tom Jones by Henry Fielding

Henry Fielding লিখিত *Tom Jones* অন্যতম প্রাচীন ইংরেজি সাহিত্যকর্ম যাকে উপন্যাস হিসেবে চিহ্নিত করা যায়। ১৮টি খণ্ডে বিভক্ত এই উপন্যাসের শুরু হয় এভাবে- দয়ালু ও ধনী হিসেবে বিখ্যাত Squire Allworthy তার এস্টেটে ফিরে দেখেন কেউ একজন তারই বিছানায় একটি নবজাতক রেখে গেছে। তিনি ধারণা করেন এই শিশুর মা এই বাড়িরই এক গৃহপরিচারিকা Jane Jones। সেই সূত্রে তার নাম হয় Tom Jones। শিশুটিকে Squire Allworthy তার অবিবাহিত বোন Bridget এর কাছে পালন করতে দেন।

এদিকে Allworthy র সম্পত্তির লোভে Bridget এর পানিপ্রার্থীর অভাব নাই। তাদেরই একজন Captain Blifil একপর্যায়ে Bridget কে বিয়ে করে এই এস্টেটেই স্থায়ী হন। শীঘ্রই তাদের একটা শিশু জন্মায়, নাম Master Blifil। একই ঘরে Tom ও Blifil বেড়ে উঠতে থাকে।

ছোটবেলা থেকেই Tom Jones দুষ্টু আর হাসিখুশি চরিত্রের অধিকারী। তার সুদর্শন চেহারা আর বন্ধুবৎসল আচরণ দেখে অনেকেই তার প্রেমে পড়ে। কিন্তু সে প্রেমে পড়ে পাশের বাড়ির মেয়ে Sophia এর। সে-ও Tom কেই ভালোবাসে। কিন্তু, Blifil এরও চোখ Sophia এর ওপর। সম্পত্তি তো বটেই, নারী নিয়েও এই দুইজনের বিবাদ শুরু হয়।

Sophia এর বাবা Squire Western পিতৃপরিচয়হীন Tom নয় বরং Blifil এর সাথে বিয়ের পক্ষে। উত্তরাধিকারের সম্ভাবনা অপরজনেরই বেশি। Blifil কে বিয়ে করতে রাজি না হওয়ায় Sophia কে আটকে রাখে তার বাবা। এর মধ্যে Tom এক নারীকে বিপর্যয় থেকে উদ্ধার করে শারীরিক সম্পর্কও ঘটিয়ে ফেলে। এই শুনে Sophia বোঝে Tom এর ভালোবাসার জোর আসলে কতটুকু। অভিমানে সে London রওনা হয়, Tom ছোটে তার পিছু। শেষ অবধি জানা যায় Tom Jones আসলে Bridget (Allworthy এর বোন) এরই অবৈধ সন্তান। যা-ই হোক, Tom ও Sophia এর মিলন দিয়ে উপন্যাস শেষ হয়।



Dictionary of the English Language by Dr. Samuel Johnson

'Dictionary of English Language', বিখ্যাত ইংরেজ সমালোচক, জীবনীকার, প্রাবন্ধিক, কবি এবং অভিধানকার Samuel Johnson 1755 সালে লন্ডন থেকে প্রকাশ করেন। তাঁর অনূদিত শব্দমালা এক শতাব্দীরও বেশি সময় ধরে ইংরেজি অভিধানে প্রাধান্য পেয়েছে। দুই খণ্ডের এই কাজটি আগের অভিধানগুলোকে বড় করে নয়, সংজ্ঞার নির্ভুলতায় ছাড়িয়ে গেছে।

Johnson এর কৃতিত্ব ছিল ইংরেজি ভাষার জন্য এমন একটি অভিধান প্রদান করা যা দক্ষতা এবং বুদ্ধিবৃত্তিক শক্তির সাথে বিদ্যমান আদর্শ এবং ইউরোপীয় অভিধানে ব্যবহৃত সেরা কৌশলগুলোকে অন্তর্ভুক্ত করে। এতে ইংরেজি ভাষার ইতিহাস, ব্যাকরণ, সামসময়িক লন্ডনবাসীদের প্রমিত কথোপকথন এবং সম্মানিত লেখকদের স্বাভাবিক ব্যবহারের উপর ভিত্তি করে মৌলিক সাধারণ শব্দগুলোর একটি বিস্তৃত তালিকা অন্তর্ভুক্ত ছিল।

তিনি একা হাতে ইংরেজি ভাষার 40,000-এর বেশি শব্দ এবং প্রায় 114,000 উদ্ধৃতি সম্বলিত এই অভিধানটি সাত বছরেরও বেশি সময়ের মধ্যে সম্পূর্ণ করেছেন। 1756 সালের মূল অভিধানটির সংক্ষিপ্ত এক-ভলিউম সংস্করণ বিশ শতক অবধি ব্যবহৃত হয়েছে।

The Social Contract by Jean-Jacques Rousseau

ইউরোপিয়ান ইতিহাসের Enlightenment এর যুগে *'The Social Contract'* গ্রন্থটি ফরাসি লেখক Jean-Jacques Rousseau কর্তৃক 1762 সালে প্রকাশিত হয়। লেখক এখানে নৈতিক এবং রাজনৈতিক দর্শনের উপর গুরুত্বারোপ করে একজন সাধারণ মানুষের উপর রাষ্ট্রের কর্তৃত্বের বৈধতা নিয়ে উদ্বেগ প্রকাশ করেন।

জন্মসূত্রে স্বাধীন হলেও মানুষ সামাজিক জীব হিসেবে সমাজের অন্যান্য মানুষ ও Institution এর সাথে অদৃশ্য চুক্তিতে আবদ্ধ। সমাজকে স্বাভাবিক রূপে বজায় রাখার জন্য প্রতিটি মানুষকে তার সামাজিক ও পারিবারিক দায়িত্ব (Role) সুসংহত নিয়মতান্ত্রিকতায় পালন করতে হয়। পিতৃত্ব, ছাত্রত্ব, পেশা সব চরিত্রেই নিজস্ব কিছু দায়বদ্ধতা থাকে। এই দায়বদ্ধতা পালন না করা আইনত দণ্ডনীয় না হয়েও তারচেয়ে বেশি তাৎপর্য বহন করে।

একইভাবে, সমাজের নেতৃস্থানীয় সংগঠন- যেমন সরকারের দায়িত্ব থাকে সমাজের প্রতিটি সদস্যকে এই চুক্তির আওতায় রেখে দায়িত্বশীল আচরণ করা। দুই পক্ষের মিথস্ক্রিয়ায় একটি সফল সমাজব্যবস্থা গড়ে ওঠে। লেখকের মতে-

"As soon as any man says of the affairs of the State "What does it matter to me?" the State may be given up for lost."

Elegy Written in a Country Churchyard by Thomas Gray

'Elegy Written in a Country Churchyard' কবিতাটি 1745 থেকে 1751 সালের মধ্যে রচিত হয়। মূল শিরোনাম *'Stanzas Wrote in a Country Church-Yard'*। কবিতাটি গ্রাম্য লোকদের মৃত্যু ও তাদের কবরস্থানকে আশ্রয় করে রচিত। কবিতাটিতে ৩২ টি পর্ব রয়েছে। Gray এখানে শোক প্রকাশের জন্য বেছে নিয়েছেন সন্ধ্যাবেলাকে। দিনের শেষে সন্ধ্যাবেলার ঘণ্টা ধ্বনির সাথে যেমন বিভিন্ন পতঙ্গের শব্দ, মেষ শাবকদের খোঁয়াড়ে ফেরা গ্রামের পরিবেশকে অনেকটা গম্ভীর করে ফেলে। কবি সেই বিষণ্নবেলার সঙ্গে মৃত্যুর সাদৃশ্য খুঁজে পান–

And many a holy text around she strews,
That teach the rustic moralist to die.

পরবর্তীতে কবি বলেছেন যারা এককালে গ্রামের মানুষের মাঝে জীবিত ছিলো পরবর্তীতে তারা অন্ধকার কবরস্থানে শায়িত। মৃতজনেরা আর কখনো তাদের পরিবারে ফেরত আসবে না। এখানে তিনি মৃত পূর্ব পুরুষদের কথা বলেছেন। আর কবি শেষে বলেছেন- এই যে তিনি প্রতিদিন পাহাড়ে উঠে সূর্যোদয় এবং সূর্যাস্ত উপভোগ করছেন হয়তো একদিন তিনিও এই পৃথিবীতে থাকবেন না কারণ মৃত্যুই একমাত্র চিরন্তন সত্য। কবিতার শেষাংশে বিভিন্ন সমাধিলিপির কথা বলা হয়েছে।

Songs Of Innocence by William Blake



Songs Of Innocence, William Blake এর একটি কবিতার সংকলন, যা 1789 সালে প্রথম প্রকাশিত হয়েছিল। প্রথা অনুসারে কবি তাঁর কাব্যসংগ্রহের বন্দনা স্বরূপ এটা লিখেছেন।

William Blake কল্পনায় নিজেকে একজন মেষপালক হিসেবে দেখেন। মেষ চড়াতে চড়াতে তিনি এক শিশুকে তিনি খুঁজে পান যে কিনা মেঘের উপর উড়ে বেড়াচ্ছে। শিশুটি তাকে "একটি মেষশাবক সম্পর্কে" একটি গান বাঁশি বাজিয়ে গাইতে বলেন।

Piper pipe that song again
So I piped, he wept to hear.

"শিশু" স্বর্গীয় দেবদূতের প্রতিনিধিত্ব করে, যখন "মেষশাবক" যীশু খ্রিষ্টকে নির্দেশ করে। শিশুটি কবিকে গানটি লিখে রেখে যেতে বলেন যেন পরবর্তী প্রজন্মের শিশুরা গানটির আনন্দ উপভোগ করতে পারে। তাই কবি নলখগড়া দিয়ে একটি কলম ও পানিতে রং মিশিয়ে কালি প্রস্তুত করেন। গানগুলো লিখে রেখে শিশুর অনুরোধ রক্ষা করেন।

	Title	Author	Short Summary
Prose	Preface to Shakespeare	Dr. Samuel Johnson	ইংরেজি সাহিত্য সমালোচনার এক উচ্চমানের নিদর্শন। এ গ্রন্থে তিনি Shakespeare-এর রচনার তুলনামূলক সমালোচনা করেন এবং তাঁকে *Poet of Human Nature* হিসেবে আখ্যা দেন।
	Lives of the Poets	Dr. Samuel Johnson	আঠারো শতকের ৫২ জন কবিদের জীবনী ও সংক্ষিপ্ত সাহিত্য সমালোচনা নিয়ে লেখা হয়েছিলো এই বইটি।
	The progress of Poesy	Thomas Gray	এই কবিতায় তিনি প্রাচীন গ্রিক থেকে শুরু করে 18th century পর্যন্ত বিভিন্ন কবি ও তাদের কাব্যের ধরন বর্ণনা করেন।
Novel	A Sentimental Journey Through France and Italy	Laurence Sterne	লেখকের ফ্রান্স ও ইতালিতে ভ্রমণের অভিজ্ঞতার উপর ভিত্তি করে লিখিত উপন্যাস। উপন্যাসটিতে লেখক সংবেদনশীল দৃষ্টিভঙ্গি ব্যবহার করেছিলেন ফলে প্রচুর জনপ্রিয়তা পায় এবং ভ্রমণ সাহিত্য শাখাটি প্রতিষ্ঠায় সাহায্য করে।
	Shamela	Henry Fielding	এটি Samuel Richardson এর সফল উপন্যাস *Pamela* এর জবাবে বেনামে রচিত ব্যঙ্গাত্মক উপন্যাস যা লেখককে প্রথম ব্যবসায়িক সাফল্য এনে দেয়।
	The Expedition of Humphry Clinker	Tobias Smollett	একটি হাস্য-রসাত্মক পত্রপোন্যাস যার বেশির ভাগ হাস্যরস ৬টি চরিত্রের একই ঘটনা এবং স্থানের ভিন্ন ভিন্ন দৃষ্টিকোণ থেকে বর্ণনায় নিহিত।
	The vicar of The Wakefield	Oliver Goldsmith	পরিবার, শ্রেণি বিভেদ ও ধর্মের মতো 18th century'র গুরুত্বপূর্ণ বিষয়গুলো দৃষ্টিগোচর করে লেখা এই উপন্যাসটি সর্বাধিক পঠিত ইংরেজি উপন্যাসগুলোর মধ্যে অন্যতম।
	The Deserted Village	Oliver Goldsmith	গ্রাম্য পটভূমিকায় লেখা এই কবিতায় সম্পদশালী জমিদারদের দ্বারা গরীবদের উচ্ছেদের কাহিনি বর্ণিত হয়েছে।
Play	She Stoops to Conquer	Oliver Goldsmith	এই নাটকটি তৎকালীন অন্যান্য সব English হাস্যরসাত্মক নাটকগুলোকে ছাড়িয়ে দীর্ঘদিন ধরে এখনও টিকে আছে।
	The School for Scandal	Richard Sheridan	এটি একটি আদর্শ Comedy of manner ধারার নাটক। কীভাবে মানুষ আক্ষরিক ও রূপকার্থে নিজেদের আড়াল করে ও শেষ পর্যন্ত তাদের রূপ উন্মোচিত হয় তারই অনুসন্ধান করে এই নাটকটি।

THE AGE OF SENSIBILITY এর সাহিত্যে প্রধান চরিত্রসমূহ

Amelia from *Amelia* by Henry Fielding

Henry Fielding রচিত আবেগধর্মী উপন্যাস *Amelia* এর কেন্দ্রীয় চরিত্র হলো Amelia। অ্যামেলিয়া একজন যুবতী ও একগুঁয়ে স্বভাবের মেয়ে। যে Captain William Booth নামে এক সেনা কর্মকর্তার প্রেমে পড়ে। মায়ের মতের বিরুদ্ধে অ্যামেলিয়া তাকে বিয়ে করে এবং তাকে নিয়ে লন্ডনে পালিয়ে যায়। পুরো উপন্যাস জুড়ে অ্যামেলিয়া তার স্বামীর প্রতি বিশ্বস্ত থাকেন, কিন্তু তার স্বামী Captain Booth পরনারী Miss Mathews এ আসক্ত হয়ে পড়েন। স্বামীর পরকীয়া উপেক্ষা করে Amelia স্বামীকেই সব সময় ভালোবাসে। উপন্যাসে আরও দেখা যায়, মায়ের থেকে উত্তরাধিকার সূত্রে সম্পদশালী হয়ে Amelia নিজ অর্থ দিয়ে স্বামীর ঋণ শোধ করে।

সমকালীন সমাজের আদর্শ নারীত্বের প্রতিচ্ছবি এই Amelia। পুরুষতান্ত্রিক সে সমাজে পুরুষের যে কোনো আচরণই নারীকে মাথা পেতে নিতে হতো। পিতৃপরিচয়ে অভিজাত ও সম্পদশালী Ameliaও নারীত্বের সেই বক্র জীবনধারণা থেকে বের হতে পারেনি। বরং আরেক নারী Miss Mathews কে নিজের দুর্গতির জন্য দায়ী করেছে। আধুনিক দৃষ্টিকোণ থেকে Miss Mathews চরিত্রটি একটি উত্তম প্রতিনায়িকা। নিজের আনন্দের জন্য সে তার নিজস্ব পথ খুঁজে নিয়েছে আর Amelia বারবার স্বামীর কাছে ফিরে গিয়েছে হাজার বঞ্চনা সত্যেও।

Joseph from *Joseph Andrew* by Henry Fielding

Henry Fielding রচিত প্রথম পূর্ণদৈর্ঘ্য উপন্যাস *Joseph Andrews* এর প্রধান চরিত্র নাম ভূমিকায় থাকা Joseph। সমস্ত উপন্যাসের কেন্দ্রবস্তু Joseph এর রূপ ও গুণমুগ্ধ নারীদের প্রেম নিবেদন। গরিব পরিবারের সন্তান Joseph ফুটফরমাশ খাটে Sir Thomas Booby এর বাড়িতে। এই করে সে পড়াশুনা করার চেষ্টা চালাতে থাকে। এদিকে বাড়ির কর্ত্রী Lady Booby এর লোলুপ নজর পড়েছে Joseph এর ওপর। তিনি Joseph কে বিভিন্নভাবে আকৃষ্ট করার চেষ্টা করতে থাকে। Joseph এসবে সাড়া দেয় না। তার মন পড়ে আছে বাল্যসখী Fanny Goodwill এর কাছে।

নিজেকে বারবার সমর্পণ করে প্রত্যাখ্যাত হয়ে Lady Booby রেগেমেগে Joseph কে বের করে দেন। Josephও একরকম খুশিমনেই কিছু টাকাপয়সা নিয়ে গ্রামের দিকে রওনা দেয়। পথিমধ্যে একদল ডাকাত জোসেফের টাকাপয়সা তো নেয়ই, মেরে রাস্তায় ফেলে রেখে যায়। মরণাপন্ন এই তরুণকে সাহায্য করতে কেউ আসে না। ঠিক তখনই সেই পথে লন্ডনে যাচ্ছিলেন ভুলোমনা যাজক Parson Adams তার লেখা কিছু Sermons বিক্রি করবেন বলে। Joseph কে তিনি তাঁর সাথে নিয়ে নেন। তাদের একটাই ঘোড়া। একজন হাঁটে তো অন্যজন চেপে বসে ঘোড়ায়। যেতে যেতে হঠাৎ এক নারীর আর্তচিৎকারে থমকে দাঁড়ায় তারা। দুর্বৃত্ত থেকে উদ্ধার করার পর দেখা যায় এই নারীই Fanny, যাচ্ছিলো জোসেফের খোঁজে। সেও Joseph দের কাফেলায় যুক্ত হয়। যাত্রাপথে তারা উপর্যুপরি বিপদে পড়তে থাকলো আর কপালজোরে উদ্ধারও পেতে থাকলো। অনেক বিচিত্র ঘটনার ঘনঘটার পর শেষমেশ Fanny ও Joseph এর মিলন দিয়ে উপন্যাসটি শেষ হয়।

Roderick from *Roderick Random* by Tobias Smollett



স্কটিশ সাহিত্যিক Tobias Smollett রচিত *The Adventures of Roderick Random* উপন্যাসটিতে Roderick হলো কেন্দ্রীয় চরিত্র। তার অপর নাম ররি। তার জন্ম এক অখ্যাত নারীর গর্ভে, স্কটিশ অভিজাত ভদ্রলোকের পিতৃত্বে। পিতৃপরিচয়ের স্বীকৃতি Roderick এর কপালে জোটে নি। তবে পিতার রক্ত থেকেই কিনা অভিজাত হয়ে ওঠার নিরন্তর প্রচেষ্টাই Roderick এর জীবনসংগ্রামের সারমর্ম ।

প্রথমে Roderick এর চেষ্টা থাকে ভিনদেশে গিয়ে ভাগ্যবদল করার। কিন্তু পদে পদে বিপর্যয় ও চক্রান্তের শিকার হয়ে তার উন্নতি তো হয়ই না বরং দেনার দায়ে জড়াতে হয়। এই পর্যায় থেকে উত্তরণের চেষ্টা হিসেবে সে বিভিন্ন বিধবা ধনবতী নারীদের আকর্ষণ করার চেষ্টা করতে থাকে। উপন্যাসের অনেকটা অংশ জুড়েই তার এই প্রচেষ্টার বর্ণনা রয়েছে। এই ধনাঢ্য নারীদের উত্তরাধিকার থেকে ধনী হবার প্রচেষ্টাও যখন ব্যর্থ হয়, তখন Roderick এর কপাল দৈবভাবে খুলে যায়। হঠাৎ আর্জেন্টিনায় বসবাসরত তার জন্মদাতা পিতা থেকে সে অনেক টাকাপয়সা পেয়ে যায়। তখন সে সুন্দরী Narcissa কে বিয়ে করে সুখে শান্তিতে দিন কাটাতে থাকে।



Faust from *Faust* by Goethe

জার্মান নাট্যকার ও কবি Johann Wolfgang von Goethe রচিত *Faust* নাটকটি প্রচলিত উপকথাকে সাহিত্যিক আঙ্গিকে মহাকাব্যিক মাত্রায় নিয়ে আসে। Faust চরিত্রটির জন্ম জার্মান উপকথায়। এই উপকথা একজন চিন্তাবিদ বিদ্যানুরাগীর গল্প বলে যে জ্ঞান ও জাগতিক লালসা চরিতার্থ করার বিনিময়ে Mephistopheles শয়তানের কাছে তার আত্মা বিক্রি করে দেন। Goethe তাঁর *Faust* নাটকে গল্প বলার ধরণ তো বটেই, কাহিনিতেও কিছু নতুনত্ব নিয়ে আসেন।

নাটকের শুরুতে আমরা দেখি Faust সমাজে সমাদৃত এক জ্ঞানী ব্যক্তি যিনি নিজের জীবন ও জ্ঞানের মর্মার্থ নিয়ে সুখী নন। এক পর্যায়ে তিনি আত্মহত্যা করার সিদ্ধান্ত। আত্মহত্যার মুখোমুখি দাঁড়িয়ে তাঁর মাথায় আসে Mephistopheles নামক শয়তানের কথা। Faust এই শয়তানকে ডেকে এনে চুক্তি করেন। চুক্তি অনুযায়ী এই পৃথিবীতে সে অগাধ জ্ঞান ও নারীর ভালোবাসা পাবে। বিনিময়ে মৃত্যুর পর অনন্তকাল তার আত্মা দাসত্ব করবে শয়তানের।

চুক্তির সুবিধা পেয়ে Faust এর জীবনে নতুন যুগের সূচনা হয়। অনন্যরূপসী Gretchen এর সাথে প্রেম হয় ও তাদের একটা বাচ্চাও হয়। মোহ কেটে যেতে Faust তার পাপ বুঝতে পারে। সদ্যোজাত শিশুকে সে পানিতে ডুবিয়ে খুন করে। ঈশ্বরের কাছে করুণা ভিক্ষা করে। অন্যদিকে জ্ঞানচক্ষু খুলে যেতে Faust ঈশ্বরের মহিমা বুঝতে পারে। সে জাগতিক আনন্দের চেয়ে আধ্যাত্মিক শান্তির মূল্য ও সৌন্দর্য অনুভব করতে পারে। Goethe এর গল্পে Gretchen এর প্রার্থনায় Eternal Purity of Femininity-র জোরে ঈশ্বর Faust কে ফিরিয়ে নেন। বেশিরভাগ গল্পেই অবশ্য Mephistopheles এর চিরকালীন দাস হিসেবে অতৃপ্ত Faust এর আত্মা ঘুরে বেড়ায়।

THE AGE OF SENSIBILITY এর সাহিত্যে প্রধান উক্তিসমূহ

No one hath seen beauty in its highest lustre who hath never seen it in distress

Tom Jones, Henry Fielding

It is a trite but true observation, that examples work more forcibly on the mind than precepts

Joseph Andrews, Henry Fielding

No man but a blockhead ever wrote, except for money

The Life of Samuel Johnson, Samuel Johnson

In all pointed sentences, some degree of accuracy must be sacrificed to conciseness

Works of Samuel Johnson, Samuel Johnson

Human life is everywhere a state in which much is to be endured, and little to be enjoyed

The History of Rasselas, Samuel Johnson

Sir, I have found you an argument; but I am not obliged to find you an understanding

The Life of Samuel Johnson, Samuel Johnson

Ignorance, when voluntary, is criminal, and a man may be properly charged with that evil which he neglected or refused to learn how to prevent

The History of Rasselas, Samuel Johnson

I would rather be a man of paradoxes than a man of prejudices

Emile, or On Education, Jean-Jacques Rousseau

Why should we build our happiness on the opinions of others, when we can find it in our own heatrts

The Social Contract and Discourses, Jean-Jacques Rousseau

It is easier to forgive an enemy than to forgive a friend

Poem of William Blake, William Blake

Human nature is the same in all professions

Gentleman, Laurence Sterne

Keyholes are the occasions of more sin and wickedness, than all other holes in this world put together

Gentleman, Laurence Sterne

Poetry is thoughts that breathe, and words that burn

Selected Poems, Thomas Gray

Let not Ambition mock their useful toil

Elegy Written in A Country, Churchyard, Thomas Gray

Some men are wise and some are otherwise

The Adventures of Roderick Random, Tobias George Smollett

Modesty seldom resides in a breast that is not enriched with nobler virtues

She Stoops to Conqure, Oliver Goldsmith

Law grinds the poor, rich men rule the law

The Vicar of Wakefield, Oliver Goldsmith

A reserved lover, it is said, always makes a suspicious husband

She Stoops to Conquer, Oliver Goldsmith

People will not look forward to posterity who never look backward to their ancestors

Reflections on the Revolution in France, Edmund Burke

Nothing turns out to be so oppressive and unjust as a feeble government

Reflections on the Revolution in France, Edmund Burke

As soon as you trust yourself, you will know how to live

Faust, Johann Wolfgang von Goethe

Quotes	Origin	Author
It is not enough that your designs, nay that your actions, are intrinsically good, you must take care they shall appear so	Tom Jones	Henry Fielding
It is too difficult to think nobly when one thinks only of earning a living	Confessions	Jean-Jacques Rousseau
There are times when I am so unlike myself that I might be taken for someone else of an entirely opposite character	Confessions	
Where ignorance is bliss, 'Tis folly to be wise	Poetical Works	Thomas Gray
The paths of glory lead but to the grave	Elegy Written In A Country Churchyard	
At every place where we halted, did she mount the stage, and flourished her rusty arms, without being able to make one conquest	The Expedition of Humphry Clinker	Tobias George Smollett
I love everything that is old; old friends, old times, old manners, old books, old wines	The Vicar of Wakefield	Oliver Goldsmith
All is not gold that glitters, pleasure seems sweet, but proves a glass of bitters	She Stoops to Conquer	
Conscience is a coward, and those faults it has not strength enough to prevent it seldom has justice enough to accuse	The Vicar of Wakefield	
What we place most hopes upon, generally proves most fatal	The Vicar of Wakefield	
The nakedness of the indignant world may be cloathed from the trimmings of the vain	The Vicar of Wakefield	
It is not, what a lawyer tells me I may do; but what humanity, reason, and justice, tell me I ought to do	Speech on Conciliation with America	Edmund Burke
Kings will be tyrants by policy when subjects are rebels from principle	Reflections on the Revolution in France	
A man sees in the world what he carries in his heart	Faust	Johann Wolfgang von Goethe
There is nothing more frightful than ignorance in action	Collected Works	
It's true that nothing in this world makes us so necessary to others as the affection we have for them	The Sorrows of Young Werther	
Is this the destiny of man? Is he only happy before he has acquired his reason or after he has lost it?	The Sorrows of Young Werther	
Tale-bearers are as bad as the tale-makers	The School for Scandal	Richard Brinsley Sheridan
The number of those who undergo the fatigue of judging for themselves is very small indeed	The Critic	
Certainly nothing is unnatural that is not physically impossible	The Critic	
To pity, without the power to relieve, is still more painful than to ask and be denied	The School for Scandal	
The heart that is conscious of its own integrity is ever slow to credit another´s treachery	The School for Scandal	
Those who restrain desire do so because theirs is weak enough to be restrained	The Marriage of Heaven and Hell	William Blake
The man who never alters his opinion is like standing water, and breeds reptiles of the mind	The Marriage of Heaven and Hell	
The road of excess leads to the palace of wisdom	The Marriage of Heaven and Hell	
The glory of Christianity is to conquer by forgiveness	The Marriage of Heaven and Hell	
Eternity is in love with the productions of time	The Marriage of Heaven and Hell	
There is no such uncertainty as a sure thing	Collected Poems of Robert Burns	Robert Burns

Potential Questions & Answers

01. Who is famous for his elegies?
(a) Robert Browning (b) Lord (c) Thomas Gray (d) Thomas Paine

02. The first full-fledged biography in English was "Life of—"
(a) R.B. Sheridan (b) Thomas Gray (c) Dr. Johnson (d) John Donne

03. Who wrote the short novel, 'Rasselas'?
(a) Henry Fielding (b) Samuel Johnson (c) Daniel Defoe (d) Samuel Richardson

04. Who of the following was both a poet and painter—
(a) Keats (b) Donne (c) Blake (d) Spenser

05. Who is considered to be the father of English novel?
(a) Francis Bacon (b) Geoffrey Chaucer (c) King Alfred the Great (d) Henry Fielding

06. "Preface to Shakespeare" is written by—
(a) Francis Bacon (b) J. S. Mill (c) Robert Green (d) Samuel Johnson

07. Who wrote 'Songs of Innocence and Experience'?
(a) Alexander Pope (b) Thomas Gray (c) William Blake (d) John Dryden

08. Who wrote 'Marriage of Heaven and Hell'?
(a) John Keats (b) Lord Byron (c) Mathew Arnold (d) William Blake

09. 'The Rambler' is a famous work written by—
(a) Joseph Addison (b) Richard steel (c) Samuel Johnson (d) Francis Bacon

10. Who was a famous lexicographer in English language?
(a) Dr. Samuel Johnson (b) Addison (c) Richard Steele (d) Francis Bacon

11. "Faust" is written by —
(a) Joseph Addison (b) Richard steel (c) Francis Bacon (d) Goethe

12. Who is the protagonist of "Roderic Random"
(a) Roderic (b) Steele (c) Bacon (d) Gothe

13. Who wrote "The False Alarm"?
(a) Samuel Johnson (b) Robert Steel (c) Francis Bacon (d) J. S. Mill

14. Who wrote "Where ignorance is bliss, it is folly to be wise"?
(a) George Orwell (b) Robert Frost (c) Thomas Gray (d) John Milton

15. "Full many a flower is born to blush unseen, and waste its sweetness in the desert air"-
(a) P. B Shelly (b) William Wordsworth (c) Thomas Gray (d) John Keats

16. Who wrote the satirical poem, "The Masquerade"?
(a) Alexander Pope (b) Jonathan Swift (c) Daniel Defoe (d) Henry Fielding

17. 'Joseph Andrew' is a famous novel by–
(a) Henry Fielding (b) Alexander Pope (c) Jonathan Swift (d) John Keats

18. Whose pseudonym was 'Captain Hercules Vinegar'?
(a) P B Shelly (b) Thomas Gray (c) Henry Fielding (d) William Blake

19. Who write "Joseph"?
(a) Henry Fielding (b) Laurence Sterne (c) Thomas Gray (d) Edmund Burke

20. Who is the 'Founding Father of Modern Conservatism Philosophy'?
(a) Alexander Pope (b) William Blake (c) Edmund Burke (d) Robert Burns

Answers

01	c	02	c	03	b	04	☼	05	d	06	d	07	c	08	d	09	c	10	☼
11	d	12	a	13	☼	14	c	15	c	16	d	17	a	18	☼	19	a	20	c

[বিশেষ দ্রষ্টব্য: সুপ্রিয় বিসিএস প্রার্থী, উত্তরমালায় কিছু প্রশ্নের উত্তর না দেয়া থাকলেও আমরা বিশ্বাস করি আপনারা পরিপূর্ণ আত্মবিশ্বাসের সাথেই সঠিক উত্তরে বৃত্ত ভরাট করতে পারবেন।]

Chapter 07 (1798-1832) The Romantic Period

অষ্টাদশ শতাব্দীর বিদায়লগ্ন উপস্থিত। সম্পদ ও সমৃদ্ধিতে ইউরোপের উত্থানপর্ব শুরু হয়েছে মাত্র। চারদিকে নতুনের জয়ধ্বনি। ঔপনিবেশিক শোষণ বাণিজ্যের সম্পদে ইউরোপ ফুলে ফেঁপে উঠতে শুরু করেছে। James Watt-এর বাষ্প ইঞ্জিন আবিষ্কার হয়ে গেছে। (১৭৬৩ থেকে ১৭৭৫ পর্যন্ত)। প্রথম শিল্প বিপ্লব কড়া নাড়ছে দোরগোড়ায়। আরও বিপ্লব হয়ে গেছে, হচ্ছে। ১৭৭৩ সালে আমেরিকা জানিয়ে দিল তারা আর বৃটিশ, ফ্রেঞ্চ কলোনী নয়-তারা নতুন রাষ্ট্র। সেই থেকে দীক্ষা নিয়েই কি-না, *১৭৮৯ সালের ১৪ জুলাই বাস্তিল দুর্গ পতনের মধ্য দিয়ে শুরু হলো ফরাসি বিপ্লব।* নিরঙ্কুশ রাজতন্ত্রের পতন ঘটিয়ে প্রেক্ষাপটে উঠে এলো প্রজাতন্ত্রের স্বপ্ন।

Romantic Period Timeline

1789	French Revolution	
	Lyrical Ballads by William Wordsworth & S.T. Coleridge	1798
1818	Frankenstein by Mary Shelley	
	Don Juan by Lord Byron	1819
1820	Promethus by P.B. Shelley	
	Death of John Keats	1821
1822	Death of P.B. Shelley	
	Death of Lord Byron	1824

নিউটনীয় বলবিদ্যার আবির্ভাব মানুষের চিন্তাজগতে স্থায়ী পরিবর্তন আনে। মহাবিশ্বের নিয়মতান্ত্রিক আবর্তনের সূত্র আবিষ্কারের মধ্য দিয়ে সর্বস্তরে বিজ্ঞানের গ্রহণযোগ্যতা ও প্রয়োজনীয়তা বেড়ে যায়। *দার্শনিকেরা চেতনার নবজাগরণকে (Age of Enlightenment) আন্দোলনে পরিণত করেন।* Immanuel Kant (1724-1804) প্রকাশ করেন তাঁর কালজয়ী কীর্তি A Critique of Pure Reason । David Hume (1711-1776) যুক্তিবিদ্যা ও মূল্যবোধকে একীভূত করেন তাঁদের দার্শনিক তত্ত্বে। বিজ্ঞানমনস্ক নবজাগরণ উৎসাহিত করে প্রাচীন সব অবান্তর মূল্যবোধ নতুন করে সাজাতে। কুসংস্কারকে সরাসরি আক্রমণ ও প্রথার প্রতি ব্যক্তিগত দৃষ্টিভঙ্গি ও মূল্যায়নের গুরুত্ব বাড়তে থাকে।

এদিকে চলছে নিওক্লাসিকাল নন্দনতত্ত্বের বার্ধক্য। প্রাচীন ক্লাসিকের অন্ধ অনুসরণ ও সেই উৎস থেকে পাওয়া এক রকম পবিত্রতার ভাবধারা এ পর্যায়ে এসে হাস্যকর বোধ হতে থাকে। জার্মানিতে এরই মাঝে ভাঙনের শুরু হয়। গ্যাটের উপন্যাস *The Sorrows of Young Werther (1774)* সদর্পে মানুষের অনুভূতি প্রকাশকে স্বাগত জানায়। বিটোফেন ভেঙে সাজান সিম্ফোনির ব্যাকরণ। পোশাকসর্বস্ব নিও ক্লাসিকের নিস্প্রাণ জগতে রক্ত মাংসের জীবনে চাঞ্চল্য নিয়ে আসে রোমান্টিসিজম।

ইংল্যান্ডের সিংহাসনে শয্যাশায়ী পাগল রাজা জর্জ নম্বর তিন। তার মানসিক অসুস্থতার কারণেই কি-না, হাতছাড়া হয়েছে যুক্তরাষ্ট্র। ফ্রান্সের সাথে যুদ্ধ চলছেই। ৭ বছরের যুদ্ধ শেষে পরাজিত ফ্রান্সে ফরাসি বিপ্লব হলো। বিপ্লবী রিপাবলিকের সাথে রাজতন্ত্রীদের ফের যুদ্ধ বেধে গেল। (First Coalition War, 1975)। এদিকে শিল্পায়ন ও ভোগবাদী মনোভাব বাড়ছে। নগরায়নের জঘন্য গন্ধ পৌঁছে গেছে সর্বত্র। Enlightenment এর কঠোর , শীতল যুক্তির বিপরীতে সাহিত্য ও সমাজের প্রয়োজন হলো মনের কথা বলার একটা মাধ্যম। শহরের জঞ্জাল থেকে পালিয়ে, প্রকৃতির নিবিড়ে একটু আশ্রয় নিতে সবাই ব্যাকুল। এরই প্রেক্ষাপটে ইংল্যান্ডে রোমান্টিসিজম এর আবির্ভাব।

1798 সালে William Wordsworth এবং S.T. Coleridge রচিত *Lyrical Ballads* প্রকাশিত হওয়ার মাধ্যমে মূলত এই যুগের শুরু হয়। এই গ্রন্থে মোট ২৩ টি কবিতা ছিল, যার ১৯টি Wordsworth এবং ৪টি Coleridge রচনা করেন। এই কাব্যগ্রন্থটিই Romantic যুগের কবিতার বিষয়বস্তু ও মানদণ্ড নির্ধারণ করে দেয়। Romantic যুগের লেখকরা প্রথমবারের মত সাধারণ মানুষ ও প্রকৃতিকে ধর্মতুল্য ভক্তি দিয়ে তাদের কবিতার মাধ্যমে মূল্যায়ন করেন। এর পূর্ববর্তী যুগের রাজ-রাজা, বীর যোদ্ধা, দেব-দেবতা ইত্যাদি কেন্দ্রিক সাহিত্য থেকে বের হয়ে একেবারেই চাষা-ভুষা, খেটে খাওয়া মানুষ, শিশু, ভবঘুরেসহ সমাজের নিম্ন ও মধ্যবিত্ত অংশের মানুষের কথা তাদের রচনায় নিয়ে আসেন।

রোমান্টিক সাহিত্যে Neo-classical যুগের Reason বা যুক্তির প্রাধান্যের পরিবর্তে Emotion বা আবেগের প্রাধান্য প্রতিস্থাপিত হয়। এ যুগকে বলা হয় 'The Golden Age of Lyrics', এ যুগেই ইংরেজি কবিতা তার সর্বোচ্চ শিখরে পৌঁছায়। এযুগের স্লোগান ছিল, *'Art for Art's Sake'* বা 'শিল্পের জন্য শিল্প' অর্থাৎ শিল্প সৃষ্টির পিছনে কোন মহৎ উদ্দেশ্য নেই। Romanticism এর সংজ্ঞা দিতে গিয়ে বলা হয়েছে: *"It is not only IMITATION but creation with the help of IMAGINATION".*

এ যুগের লেখকের লেখনীর মধ্যে কিছু বৈশিষ্ট্য লক্ষ্য করা যায়। যথা:

Subjectivity (আত্মমাত্রিকতা)	*I wander lonely as a cloud...* *-Daffodils, Wordsworth*
High Imagination (কল্প-প্রবণতা)	*Where melodies round honey dropping flowers.* *Footless and wild like birds of paradise.* *-The Eolian Harp, Coleridge*
Love for nature (প্রকৃতিপ্রেম)	*For I have learned to look on nature,* *Not as in the hours of thoughtless youth.* *-Tintern Abbey, Wordsworth*

Love for freedom (স্বাধীনতার বাসনা)	*The earth was all before me. With a heart* *Joyous, nor scored at its own liberty.* *-The Prelude, Wordsworth*
Spontaneity (স্বতস্ফূর্ততা)	*In secret we met/ In silence I grieve/ That thy heart could forget/ Thy spirit deceive* *-When we two parted, Byron*
Supernaturalism/ Gothic Influence (অতিপ্রাকৃত ভাববস্তু)	*Tis the middle of night by the castle clock,* *And the owls have awakened the crowing cock.* *-Christabel, Coleridge.*
Escape to the Middle Ages, to a simpler life (মধ্যযুগে প্রত্যাবর্তন)	*Tall oaks, branch-charmed by the earnest stars,* *Dream and so dream all night without a stir.* *-Hyperion, Keats*
Lyricism (গীতিময়তা)	*Where are the songs of spring?* *Aye, Where are they?* *Think not of them. Thou hast thy music too.* *-Ode to Autumn, Keats*
Individualism (ব্যক্তিস্বাতন্ত্র্য)	*Oh lift me as a wave, a leaf, a cloud!* *I fall upon the thorns of life? I bleed!* *- Ode to the West Wind, Shelley*
Revolutionary Zeal (বিপ্লবী চেতনা)	*A drop of ink, may make a million think,* *-Lord Byron*

Previous Years' BCS Preli Questions & Answers

01. 'He prayeth best, who loveth best.'- Who said it? -[44thBCS]
(a) John Milton (b) John Donne (c) Lord Byron (d) S.T. Coleridge

02. "Oh, lift me as a wave, a leaf, a cloud! -[44th BCS]
I fall upon the thorns of life! I bleed!"
The extract is taken from P.B. Shelley's poem-
(a) The Cloud (b) To a Skylark (c) Ode to the West Wind (d) Adonais

03. Who is not a modern poet? -[43rd BCS]
(a) W. B. Yeats (b) W. H. Auden (c) John Keats (d) T. S. Eliot

04. "If Winter comes, can Spring be far behind?"- Who wrote this? -[43rd BCS]
(a) William Blake (b) S. T. Coleridge (c) Lord Byron (d) P. B. Shelley

05. Who is the poet of the poem 'Ozymandias'? -[43rd BCS]
(a) P. B. Shelley (b) William Wordsworth (c) S. T. Coleridge (d) John Keats

06. The most famous romantic poet of English Literature is-[43rd BCS]
(a) John Dryden (b) Alexander Pope (c) William Wordsworth (d) T. S. Eliot

07. 'Man's love is of man's life a thing apart, 'Tis woman's whole existence.'-This is taken from the poem of- [40th BCS]
(a) P.B Shelley (b) Lord Byron (c) John Keats (d) Edmund Spenser

08. 'Where are the Songs of Spring? Aye, where are they? Think not of them, thou hast thy music too.'– Who wrote this? - [40th BCS]
(a) William Wordsworth (b) Robert Browning (c) John Keats (d) Samuel Coleridge

09. Where do the following lines occur in? -[38th BCS]
'Alone, alone, all, all alone,
Alone on a wide, wide sea.....'
(a) The Rime of the Ancient Mariner (b) Kubla khan
(c) The Nightingale (d) The Dungeon

10. Who wrote "Biographia Literaria"?–[37th BCS]
(a) Lord Byron (b) P.B. Shelley (c) S.T. Coleridge (d) Charles Lamb

11. P.B. Shelley's 'Adonais' is an elegy on the death of–[37th BCS]
(a) John Milton (b) S.T. Coleridge (c) John Keats (d) Lord Byron

12. The romantic age in English literature began with the publication of–[36th BCS]
(a) Preface to Shakespeare (b) Preface to Lyrical Ballads
(c) Preface to Ancient Mariners (d) Preface to Dr. Johnson

13. The poem 'The Solitary Reaper' is written by–-[36th BCS]
(a) W.H. Auden (b) W. Wordsworth (c) W.B. Yeats (d) Ezra Pound

14. Which of the following writers belongs to the romantic period in English literature? -[36th BCS]
(a) A. Tennyson (b) Alexander Pope (c) John Dryden (d) S.T. Coleridge

15. 'Child is the father of man' is taken from the poem of– [36th BCS]
(a) W. Wordsworth (b) S.T. Coleridge (c) P.B. Shelley (d) A.C. Swinburne

16. Who is known as 'the poet of nature' in English literature? -[36th BCS]
(a) Lord Tennyson (b) John Milton (c) William Wordsworth (d) John Keats

17. Who wrote the following lines: "all at once I saw/a crowd, a host of golden daffodils"? [35th BCS]
(a) Wordsworth (b) Herrick (c) Shelley (d) Keats

18. 'If winter comes, can spring be far behind?' These lines were written by — [28th BCS]
(a) Keats (b) Frost (c) Eliot (d) Shelley

19. Who wrote 'beauty is truth, truth is beauty'? – [15th BCS]
(a) Shakespeare (b) Wordsworth (c) Keats (d) Eliot

20. The literary work 'Kubla Khan' is—[13th BCS]
(a) a history by Vincent Smith (b) a verse by Coleridge
(c) a drama by Oscar Wilde (d) a short story by Somerset Maugham

Answers																			
01	d	02	c	03	c	04	d	05	a	06	c	07	b	08	c	09	a	10	c
11	c	12	b	13	b	14	d	15	a	16	c	17	a	18	d	19	c	20	b

THE ROMANTIC PERIOD এর কিংবদন্তি সাহিত্যিক

William Wordsworth (1770-1850)

Poems

- I Wandered Lonely as a Cloud
- London
- Tintern Abbey
- My Heart Leaps Up
- The Recluse
- The Solitary Reaper
- Lucy Poems
- The Thorn
- The Prelude

Poetry	Lyrical Ballads The Excursion
Plays	The Borderers
Criticism	Preface to the Lyrical Ballads

১৭৯৩ সালে Wordsworth এর প্রথম সাহিত্য প্রকাশিত হয়, *An Evening Walk and Descriptive Sketches* নামক একটি কবিতার সংকলন। এর দুই বছর পর তাঁর সাথে আরেক কবি Samuel Taylor Coleridge এর পরিচয় হয় এবং তাঁরা দুইজন বন্ধুতে পরিণত হন। তিনি, Coleridge এবং বোন Dorothy তিনজন মিলে প্রতিদিন দুইঘন্টা ধরে ইংল্যান্ডের Lakeland এলাকায় হাঁটতেন। Wordsworth সেই এলাকার প্রাকৃতিক পরিবেশের প্রেমে পড়ে যান এবং তাঁর ছাপ পরবর্তীতে তাঁর লেখায় পাওয়া যায়। তিনি, Coleridge এবং আরেক ইংরেজ কবি Robert Southey – এই তিন জন ইংরেজি সাহিত্যে Lake Poets হিসেবে বিখ্যাত হন।

১৭৯৮ সালে Wordsworth ও Coleridge যৌথভাবে *Lyrical Ballads* নামক কবিতার সংকলন প্রকাশ করেন। এই গ্রন্থ প্রকাশের সময় তাঁদের কারো নাম উল্লেখ করা হয়নি। এই গ্রন্থেই Wordsworth রচিত *Tintern Abbey* বিখ্যাত কবিতা স্থান পেয়েছিল। ১৮০০ সালে এর দ্বিতীয় সংস্করণে কবি তাঁর কবিতাগুলোর একটি Preface বা ভূমিকা যুক্ত করেন, সাহিত্য সমালোচকদের মতে এই ভূমিকাটি রোমান্টিক সাহিত্যতত্ত্বের মূলভাবটুকু খুব স্বার্থকভাবে তুলে ধরা হয়েছিল। কবিতার প্রতি এর দৃষ্টিভঙ্গি তাঁর দেওয়া কবিতার এই সংজ্ঞা থেকেই বোঝা যায় - *"Poetry is the spontaneous overflow of powerful feelings: it takes its origin from emotion recollected in tranquility"*

Wordsworth ছিল সর্বেশ্বরবাদে (Pantheism) বিশ্বাসী অর্থাৎ তিনি God কে কোন একক ব্যক্তিত্ব (Pantheist) নয় বরং প্রকৃতির সব শক্তি ও সব নিয়ম কানুনকেই God ভাবতেন। প্রকৃতি ও God কে তিনি কোন আলাদা সত্তা নয়, একই সত্তা ভাবতেন। প্রকৃতি তাই ঘুরেফিরে এসেছে তাঁর রচনায়। প্রিয় বন্ধু Coleridge এর প্রতি লেখা কবিতাগুলো *The Prelude* নামে পরবর্তীতে আত্মজৈবনিক রচনা হিসেবে তাঁর মৃত্যুর পর প্রকাশিত হয়। বাংলা সাহিত্যের বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের রচনায় তাঁর ছাপ পাওয়া যায়। 1843 সালে তিনি ইংল্যান্ডের রাজকবি (Poet Laureate) পদে নিযুক্ত হয়েছিলেন।

Samuel Taylor Coleridge (1772-1834)

Poems

- The Rime of the Ancient Mariner
- Religious Musings
- Kubla Khan
- Dejection An Ode
- The Nightingale

Plays

- Christabel
- The Eolian Harp
- Zapolya

Essays/Criticism

- Biographia Literaria
- On the Constitution of the Church and the State

Poetry

- Lyrical Ballads

কবি, সাহিত্য সমালোচক এবং দার্শনিক Samuel Taylor Coleridge তাঁর বন্ধু William Wordsworth এর সাথে যৌথভাবে *Lyrical Ballads* প্রকাশের মাধ্যমে ইংরেজি সাহিত্যে রোমান্টিক আন্দোলনের প্রতিষ্ঠা করেন। শিক্ষক ও ধর্মযাজক পিতার সন্তান Coleridge ছোটবেলায় বাইরে খেলাধুলার থেকে বই পড়তেই বেশি ভালোবাসতেন এবং বিদ্যালয়ে থাকা অবস্থাতেই মহাকবি ভার্জিলের মতো সাহিত্যিকদের লেখা অধ্যয়ন করতেন। শৈশব থেকেই বাতজ্বর ও অন্যান্য অসুখে ভুগতেন বলে তাঁকে আফিমের তৈরি Laudanum দ্বারা চিকিৎসা করা হয়, যা তাঁকে আজীবনের জন্য নেশাগ্রস্থ করে ফেলে। এছাড়াও তিনি যৌবনে বিষণ্নতা ও বাইপোলার ডিজ-অর্ডারেও ভুগেছেন। এগুলো তাঁর সাহিত্যকর্ম ও ব্যক্তিজীবনেও প্রভাব ফেলে।

Coleridge এর সবচেয়ে বেশি পরিচিত কাব্যসমূহের মধ্যে *The Rime of the Ancient Mariner* এবং *Kubla Khan* উল্লেখযোগ্য। তাঁর সমালোচনামূলক আত্মজীবনী *Biographia Literaria* গদ্যরচনা হিসেবে সবচেয়ে সমাদৃত। সাহিত্য সমালোচক হিসেবে Shakespeare এর উপর তাঁর কাজ ছিল খুবই প্রভাবশালী, তাছাড়া তিনি ইংরেজি ভাষা ও সংস্কৃতিতে জার্মান ভাববাদী দর্শনের সূচনা করতে সাহায্য করেছিলেন। তিনি সাহিত্যে ব্যবহৃত অনেক প্রচলিত শব্দ ও শব্দগুচ্ছ (Words and Phrases) উদ্ভাবন করেছিলেন যার মধ্যে সবচেয়ে বিখ্যাত হচ্ছে "Suspension of Disbelief", এর অর্থ হলো সাধারণ যুক্তি বা চিন্তাশক্তিকে আমলে না নিয়ে কোনো অতিপ্রাকৃত বা অবাস্তব বিষয় বা ঘটনাকে বাস্তব হিসেবে বিবেচনা করা। কবিতায় অতিপ্রাকৃত উপাদানের ব্যবহার করায় তিনি **'The Poet of Supernaturalism'** হিসেবেও পরিচিত।

Lord Byron (1788-1824)

Plays

- Don Juan
- She Walks in Beauty
- Mazeppa

Poetry

- Hours of Idleness
- Manfred
- The Prisoner of Chillon
- Prometheus

Poems

- Childe Harold's Pilgrimage
- The Vision of Judgment

তাঁর পূর্ণ নাম George Gordon Lord Byron. তিনি ইংরেজি সাহিত্যের Romantic আন্দোলনের নেতৃস্থানীয় ব্যক্তি ও ইংরেজি ভাষার শ্রেষ্ঠ কবিদের একজন। তিনি Rebel Poet বা বিদ্রোহী কবি হিসেবে খ্যাত ছিলেন। এখনও তিনি বহুল পঠিত ও সাহিত্যাঙ্গনে প্রভাবশালী। তাঁর সর্বাধিক পরিচিত রচনাগুলোর মধ্যে রয়েছে দীর্ঘ বর্ণনামূলক কবিতা *Don Juan* এবং *Childe Harold's Pilgrimage.*

ছোটবেলাতেই পিতা-মাতার বিচ্ছেদ ও মদ্যপানাসক্ত মায়ের কাছে পালিত হওয়ায় Byron উচ্ছৃঙ্খলভাবে বড় হন। পরিণত জীবনেও তিনি অনিয়ন্ত্রিত ভোগবিলাসী জীবনে অভ্যস্ত হয়ে উঠেন যা তাঁকে বিপুল ধার দেনায় জর্জরিত করে। জন্ম থেকেই ডান পায়ে সমস্যা নিয়ে খুঁড়িয়ে হাঁটা Byron বাইপোলার ডিসঅর্ডার ও প্যানিক ডিপ্রেশনে ভুগতেন।

তিনি সমগ্র ইউরোপ জুড়ে ভ্রমণ করেছিলেন, বিশেষ করে ইতালিতে, যেখানে তিনি ভেনিস, রেভেনা এবং পিসা শহরে বসবাস করেছিলেন সাত বছর। ইতালিতে থাকার সময় তিনি প্রায়ই তার বন্ধু এবং সামসময়িক বিখ্যাত কবি Percy Bysshe Shelley -র সাথে দেখা করতেন। পরবর্তী জীবনে Byron অটোমান সাম্রাজ্যের বিরুদ্ধে গ্রীকদের স্বাধীনতা যুদ্ধে যোগদান করেন এবং সেই যুদ্ধের সময় নেতৃত্ব দিতে গিয়ে ১৮২৬ সালে গ্রিসের মেসলঙ্গি নামক স্থানে মাত্র ৩৬ বছর বয়সে জ্বরে ভুগে তিনি মারা যান। এ জন্য গ্রিকরা তাঁকে তাদের জাতীয় বীর হিসেবে গণ্য করে।

Percy Bysshe Shelley (1792-1822)

Poems

- Ode to a Skylark
- Ode to the West Wind
- Queen Mab
- Hymm to Intellectual Beauty
- Ozymandias
- Adonais
- The Revolt of Islam

Essays/Criticisms

- Defense of Poetry
- Address to the Irish People
- The Necessity of Atheism

Novels

- St. Irvyne
- Zastrozzi

Romantic যুগের অন্যতম প্রধান কবি Percy Bysshe Shelley ইংরেজি সাহিত্যে Revolutionary Poet হিসেবে পরিচিত। ছন্দ ও তালে অসাধারণ দক্ষতাসম্পন্ন Shelley ছিলেন Master of lyrics (গীতিকবিতার দক্ষ শিল্পী)। এছাড়াও তিনি "Poet of Wind" এবং "Poet of Hope and Regeneration" নামে বিখ্যাত ছিলেন। রাজনৈতিক ও সামাজিক দৃষ্টিভঙ্গিতে একজন উগ্রপন্থী, Shelley তাঁর জীবদ্দশায় খ্যাতি অর্জন করতে পারেননি, তবে তাঁর মৃত্যুর পরে কবি হিসেবে তাঁর কৃতিত্বের স্বীকৃতি ক্রমাগত বেড়েছে এবং তাঁর সাহিত্যকর্ম পরবর্তী প্রজন্মের কবিদের উপর গুরুত্বপূর্ণ প্রভাব বিস্তার করেছিল।

Shelley নাস্তিকতার জন্য Oxford University থেকে বহিষ্কৃত হয়েছিলেন। তাঁর জীবনে পারিবারিক সংকট, অসুস্থতা এবং তাঁর নাস্তিকতা, রাজনৈতিক দৃষ্টিভঙ্গি এবং সামাজিক প্রথার অমান্যতার বিরুদ্ধে প্রতিক্রিয়া নানাভাবে প্রভাব ফেলে। তিনি ১৮১৮ সালে ইতালিতে স্থায়ীভাবে স্বেচ্ছা নির্বাসনে চলে যান এবং পরবর্তী চার বছরে তিনি সেখানে যেসকল কবিতা রচনা করেন সেগুলোকে সাহিত্য সমালোচকগণ রোমান্টিক যুগের অন্যতম সেরা কিছু কবিতা বলে অভিহিত করেছেন।

Shelley এর দ্বিতীয় স্ত্রী Mary Shelley ছিলেন বিখ্যাত উপন্যাস *Frankenstein* লেখক। তিনি রোমান্টিক যুগের আরেক কবি Keats এর প্রচণ্ড ভক্ত ছিলেন, তাঁর পকেটে সব সময় Keats এর কবিতা থাকতো। মাত্র ৩০ বছর বয়সে আড্রিয়াটিক সাগর পার হতে গিয়ে নৌকাডুবিতে Shelley মারা যান।

Jane Austen (1775-1817)

Novels

- Pride and Prejudice
- Mansfield Park
- The Persuasion
- Sense and Sensibility
- Emma
- Northanger Abbey

Jane Austen রোমান্টিক যুগের একজন Anti-romantic নারী ঔপন্যাসিক। মাত্র ৬টি পূর্ণাঙ্গ উপন্যাস লিখে তিনি ইংরেজি সাহিত্যে অমর হয়ে আছেন। এই উপন্যাসগুলো তিনি নিজ নামে প্রকাশ করেননি, জীবদ্দশাতেও সেগুলো খুব একটা আলোড়নও তুলেনি। আরো অনেক সাহিত্যিকের মতো এই মহান নারী সাহিত্যিকও মৃত্যুর পর প্রাপ্য খ্যাতি লাভ করতে শুরু করেন, রোমান্টিসিজম থেকে দূরে সরে এসে তাঁর লেখায় সে সময়ের সামাজিক নানা দিকের বাস্তবতার তীব্র বিদ্রুপাত্মক বর্ণনা পরবর্তীতে সমালোচকদের বিপুল প্রশংসা কুড়িয়েছে।

Austen এর রচনার প্রধান বিষয়বস্তু ছিল আঠারো শতকের ইংরেজ ভূস্বামী সমাজে তরুণ-তরুণীদের প্রেম, দ্বন্দ্ব-কলহ, বিচ্ছেদ ও পুনর্মিলন। সে সময় সামাজিক ও অর্থনৈতিক নিরাপত্তা ও সুবিধাজনক অবস্থানের জন্য নারীদের বিয়ের উপর নির্ভর করার বিষয়টি নিয়েও তিনি তাঁর উপন্যাসগুলোতে আলোকপাত করেন।

আবেগনির্ভর সাহিত্যরচনা থেকে ধীরে ধীরে বাস্তবধর্মী সাহিত্য রচনার দিকে সাহিত্যচর্চা যে বাঁক নিচ্ছিলো, Austen এর রচনাগুলো তার মূর্ত প্রতীক। তাঁর প্রধান রচনাসমূহের মধ্যে *Sense and Sensibility, Pride and Prejudice, Mansfield Park* এবং *Emma* উপন্যাসগুলো মোটামুটি ব্যবসাসফল হলেও তাঁর নামে প্রকাশিত না হওয়ায় তেমন খ্যাতি পাননি। কিন্তু এই উপন্যাসগুলো পরবর্তীতে এতটাই পাঠক-প্রিয়তা অর্জন করে যে এগুলো কখনই 'আউট অফ প্রিন্ট' হয়নি, এই গ্রন্থগুলো অবলম্বনে চলচ্চিত্রও নির্মিত হয়েছে আধুনিক সময়ে।

অক্ষত কয়েকটি চিঠি আর পরিবারের সদস্যরা তাঁর যে জীবনীমূলক নোটগুলো লিখেছিলেন সেগুলো ছাড়া Austen এর জীবন সম্পর্কে উল্লেখযোগ্য তেমন কোনো তথ্য পাওয়া যায় না। তিনি মূলত তাঁর পিতা ও ভাইদের কাছে লেখাপড়া শেখেন এবং নিজেও পড়াশোনা করে শেখেন। পেশাদার লেখক হিসেবে নিরবিচ্ছিন্ন ভাবে তাঁর সাহিত্যচর্চা করতে পারার পিছনে পরিবারের সমর্থন পাওয়ার একটি বিশেষ ভূমিকা ছিল। তিনি আমৃত্যু অবিবাহিত ছিলেন এবং বাবার লাইব্রেরিতে পড়াশোনা ও সাহিত্যচর্চা করেই জীবন অতিবাহিত করেন। ক্ষয়রোগে আক্রান্ত হয়ে ১৮১৭ সালে মাত্র ৪২ বছর বয়সে তিনি মারা যান।

John Keats (1795-1821)

Poems

- La Belle Dame Sans Merci
- Ode to Psyche
- The Eve of St Agnes
- Hyperion
- Bright Star
- Ode on a Grecian Urn
- Endymion
- Ode to Autumn
- Ode on Melancholy
- Ode to a Nightingale

John Keats রোমান্টিক যুগের সবচেয়ে বিখ্যাত গীতিকবিদের মধ্যে অন্যতম। তাঁর কাব্যে সৌন্দর্য, ভালোবাসা, প্রকৃতিপ্রেম সর্বোপরি মানবমনের বিশুদ্ধ ও তীব্র আবেগ ও অনুভূতির স্বতঃস্ফূর্ত প্রকাশ ঘটেছিল। এই ক্ষণজন্মা কবি বেঁচেছিলেন মাত্র ২৫ বছর। এই ছোট্ট জীবনেই তিনি ইংরেজি ভাষার শ্রেষ্ঠ কয়েকটি কবিতা লিখে গেছেন। তাঁর কবিতা লেখার সময়কাল ছিল মাত্র ৬ বছর আর জীবদ্দশায় অল্প কয়েকজন শুভাকাঙ্ক্ষী বাদে সাহিত্য সমালোচকদের কাছ থেকে তীব্র সমালোচনা ছাড়া আর কিছুই পাননি। অথচ দুইশ বছর পর এসেও এখনও Keats সারা বিশ্বের সবচেয়ে পঠিত, আলোচিত ও সমাদৃত কবিদের একজন।

ছাত্রাবস্থাতেই Keats আকৃষ্ট হয়েছিলেন গ্রীক পুরাণের প্রতি। পড়েছিলেন Virgil এর মহাকাব্য *'Aeneid'*। স্কুলে পড়ার সময় হেডমাস্টারের ছেলে Charles Cowden Clarke এর সাথে তাঁর বন্ধুত্ব হয়। এই বন্ধুর উৎসাহ ছিল Keats এর আজীবন অনুপ্রেরণা। Clarke এর বন্ধুত্বের সূত্রেই সে সময়ের প্রতিষ্ঠিত কবি Leigh Hunt এর সাথে তাঁর পরিচয় হয়। এরপর একে একে সাহিত্যিক Coleridge, Hazlitt, Lamb এবং রোমান্টিক কাব্য আন্দোলনের পুরোধাপুরুষ Wordsworth এর সাথেও তিনি পরিচিত হন। মূলত এদের সাথে পরিচয় হওয়ার পর ১৮১৩ খ্রিষ্টাব্দ থেকে তিনি কবিতা রচনার প্রতি আকৃষ্ট হন। ১৮১৪ খ্রিষ্টাব্দে Keats লিখেন তার প্রথম কবিতা *'Lines in Imitation of Spenser'*

Keats এর অবিস্মরণীয় Ode গুলো হচ্ছে– *'Ode on Indolence'*, *' Ode on a Grecian Urn'*, *'Ode to Psyche'*, *' Ode to a Nightingale'* এবং *'Ode on Melancholy'*। এই গীতিকবিতা গুলোতেই তাঁর কাব্যপ্রতিভা ও সৌন্দর্যপ্রকাশের মাধুর্যতা প্রবলভাবে প্রকাশিত হয়, যেমন *'Ode on a Grecian Urn'* কবিতাটির সেই বিখ্যাত পঙ্‌ক্তি "Beauty is truth, truth beauty – that is all ye know on earth, and all ye need to know" কবির কাব্যমননের স্বার্থক পরিচয় দেয়। ১৮১৯ খ্রিষ্টাব্দেই কিটস লিখেছিলেন প্রেম ও প্রতারণার বিষয়ে এক অতিপ্রাকৃত গাথাকবিতা *La Belle Dame sans Merci,* এবং নাগিনী-কন্যার কাহিনি *'Lamia'*. এর পরেই লেখা হলো আঙ্গিকগতভাবে তাঁর সর্বশ্রেষ্ঠ *Ode 'To Autumn'*. ১৮১৯ খ্রিষ্টাব্দের শেষে অসম্পূর্ণ *'Hyperion'*-কে নতুন রূপ দিলেন কীটস, *'The Fall of Hyperion'* নামে। ১৮২০ খ্রিষ্টাব্দে কিটসের দ্বিতীয় কাব্যগ্রন্থ *'Lamia, Isabella, The Eve of St. Agnes and other Poems'* প্রকাশিত হয়। ঐ বছরেই সেপ্টেম্বরে কবি ইতালি যাত্রা করেন বন্ধু Joseph Severn এর সঙ্গে। কবি Shelley এর সাথে পিসা শহরে বাসের আমন্ত্রণ উপেক্ষা করে Keats রোমে পৌঁছেন এবং সেখানেই তাঁর মৃত্যু হয়।

Keats এর কবিতা পাঠে পাঠকের সকল ইন্দ্রিয় তথা Sense জাগ্রত হয়, তাই তাঁকে বলা হয় **Poet of Sensuousness**। এছাড়াও তাঁর কবিতায় সৌন্দর্যের জয়গান গাওয়া হয়েছে তাই তিনি **Poet of Beauty** নামেও খ্যাত। তিনি কাব্যরচনায় 'Negative Capability' শব্দগুচ্ছটি উদ্ভাবন করেন। এটি দিয়ে তিনি বুঝিয়েছেন, মানব জীবনে সব ঘটনা বা কাজের যৌক্তিক ব্যাখ্যা ও বিশ্লেষণ থাকে না, কিছু বিষয় রহস্যপূর্ণ ও অজানাই থেকে যায়। Keats এর মতে, কবিতায় সব বিষয়াবলির সুস্পষ্ট ব্যাখ্যা না দিয়ে কিছু বিষয় রহস্যময় রেখে পাঠকের কল্পনার উপর ছেড়ে দেওয়াই একজন কবির কৃতিত্ব।

চিকিৎসক পেশার নিশ্চিন্ত ও আর্থিকভাবে সুরক্ষিত জীবন ছেড়ে কবিতা লেখার অনিশ্চিত জীবন বেছে নিয়েছিলেন কাব্যসুধার প্রতি তীব্র ভালোবাসা থেকে। কিন্তু জীবন তাঁর প্রতি দয়া করেনি, ভয়াবহ যক্ষ্মা রোগে ছোটবেলায় মাকে হারিয়েছিলেন, ভাইকেও বাঁচাতে পারেননি নিজ হাতে নিবিড় সেবা-শুশ্রূষা করেও। সে সময়ই হয়তো নিজের ভিতর নিয়েছিলেন মরণ-বীজ। ১৮২০ সালে যখন যক্ষ্মার লক্ষণগুলো তীব্রভাবে প্রকাশিত হতে শুরু করলো, কবির রক্তক্ষরণ হচ্ছে কাশির সাথে, তখন নিজের সময় শেষ হয়ে আসছে বুঝতে পেরে কবি তার বান্ধবী Fanny Brawne কে চিঠিতে লিখেছিলেন, *"I have left no immortal work behind me – nothing to make my friends proud of my memory – but I have lov'd the principle of beauty in all things, and if I had had time I would have made myself remember'd."* এমনকি কবির ইচ্ছায় তাঁর এপিটাফে লেখা ছিল, *"Here lies One whose Name was writ in Water."* হায়, কবি, তিনি জানতেও পারলেন না, তাঁর নাম পানির উপর লেখার মতো অস্থায়ীতো নয়ই, বরং যতদিন মানুষ কবিতা পড়বে, তীব্র আবেগে আপ্লুত হবে, সৌন্দর্যে বিমোহিত হবে, John Keats এর নাম ততদিন উজ্জ্বলতম হীরক-খণ্ডের মতো জ্বলজ্বল করবে সাহিত্যপ্রেমীদের মনে।

Sir Walter Scott (1771-1832)

Novels

- Ivanhoe
- The Abbot
- The Antiquary
- The Heart of Midlothian
- Old Morality
- The Bride of Lammermoor
- The Talisman

Poems

- Patriotism
- The Lady of the Lake

Sir Walter Scott স্কটল্যান্ডের Edinburgh-এ জন্মগ্রহণ করেছিলেন। তিনি ছিলেন একাধারে ঐতিহাসিক ঔপন্যাসিক, নাট্যকার এবং কবি। তাঁকে বলা হয় **Father of both the Regional and Historical Novels.** তিনি প্রথম স্কটিশ সাহিত্যিক যিনি নিজের জীবদ্দশাতেই আন্তর্জাতিক খ্যাতি অর্জন করতে সমর্থ্য হয়েছিলেন, তাঁর বইগুলো ইউরোপের গণ্ডি পার হয়ে অস্ট্রেলিয়া এবং উত্তর আমেরিকার বিভিন্ন দেশে জনপ্রিয়তা অর্জন করেছিল। এখনও তাঁর বইগুলো ব্যাপক জনপ্রিয় ও পঠিত, বিশেষভাবে তাঁর রচিত *Ivanhoe, Rob Roy, Waverley, Old Mortality, The Heart of Mid-Lothian, The Bride of Lammermoor* ইত্যাদি উপন্যাসগুলো ইউরোপিয়ান সাহিত্যে ধ্রুপদি রচনা হিসেবে স্থান করে নিয়েছে। ছোটবেলায় পোলিও আক্রান্ত হবার কারণে তাঁর পায়ে সমস্যা হয়েছিল, স্বাস্থ্যগত কারণে তিনি প্রাতিষ্ঠানিক শিক্ষাও সম্পন্ন করতে পারেননি। কিন্তু তিনি নিজে নিজেই ইংরেজি সাহিত্য, ইতিহাস ও আইন শাস্ত্রে ব্যাপক অধ্যয়ন করেন এবং আইনজীবী হিসেবে উত্তীর্ণ হয়ে স্কটিশ বারে প্র্যাকটিস করার সুযোগ পান। এছাড়াও অনেক অল্প বয়স থেকেই তিনি রূপকথা, স্কটিশ লোকগান, গাঁথা, Shakespearean গল্প, এশিয়ান উপকথা ইত্যাদির প্রচণ্ড ভক্ত ছিলেন। পেশাগত জীবনে তিনি আইনজীবী ও বিচারক হলেও তিনি পাশাপাশি সাহিত্যচর্চাও ব্যাপকভাবে চালিয়ে যান।

Scott এর প্রথম প্রকাশিত রচনাবলীর মধ্যে আছে *Minstrelsy of the Scottish Border* নামের জনপ্রিয় স্কটিশ গানের একটি তিনখণ্ড সংগ্রহ; বইটি লোকসাহিত্যবিদ হিসেবে তাঁর সামর্থ্যের পরিচয় দেয়। এরপর তিনি ১৮০৫ সালে *The Lay of the Last Minstrel*, ১৮০৮ সালে *Marmion*, এবং ১৮১০ সালে *The Lady of the Lake* কাব্যগ্রন্থগুলো প্রকাশ করে সমগ্র ব্রিটেনে সুপরিচিত কবি হয়ে ওঠেন। এরপর Scott গদ্য রচনায় মন দেন। তাঁর প্রথম উপন্যাস ছিল '***WAVERLEY***' । এর পরের ১০ বছর স্কট বেনামে আরও ২০টি উপন্যাস রচনা করলেও তাঁর পাঠকরা এগুলো যে Scott এর রচনা তা ধরতে পারেন। আজও ঐ বেনামি উপন্যাসগুলোকে ওয়েভার্লি উপন্যাস বলা হয়। ১৮১২ সালে তিনি *Poet Laureate* -এর পদ গ্রহণে অস্বীকৃতি জানান। তিনি আশঙ্কা করেছিলেন যে, এই পদ গ্রহণ করলে তাঁর সাহিত্যের মানের অবনতি ঘটতে পারে। শেষ বয়সে এসে তিনি প্রচণ্ড আর্থিক দেনায় জর্জরিত হন, তাঁর স্ত্রীর মৃত্যু হয় এবং শারীরিক অবস্থারও অবনতি ঘটে, তবুও তিনি লেখা থামাননি। স্বাস্থ্য ফিরে পেতে তিনি সরকারি খরচে মাল্টা, নেপলস এসকল স্থানে ভ্রমণে যান এবং বিপুল সংবর্ধনায় ভূষিত হন। কিন্তু এই ভ্রমণেই তাঁর স্ট্রোক হয় এবং ৬১ বছর বয়সে তিনি মৃত্যুবরণ করেন।

Author	Short Bio	Major Works
Robert Southey (1774-1843)	তিনি রাজদরবারের Poet Laureate হয়েছিলেন। The Quarterly Review পত্রিকায় নিয়মিত লিখতেন। তিনি Lake Poets দের অন্তর্ভুক্ত। Wordsworth যুগলের সাথে তিনিও নিয়মিত লেকের পাড়ে হাঁটতে যেতেন। তাঁর কবিতায় প্রকৃতি বন্দনার তুলনায় রাজনীতি ও সমাজ সচেতনতা বেশি স্থান পেয়েছে।	**Children's Book** The Story of the Three Bears **Poem** The Fall of Robespierre Joan of Arc Thalaba the Destroyer
Charles Lamb (1775-1834)	ইংরেজি সাহিত্যে সর্বাধিক পঠিত Essay রচয়িতা ছিলেন। তিনি Elia ছদ্মনামে লিখতেন। শিশুদের জন্য উপযোগী ভাষায় Shakespeare এর নাটকগুলো অনুদিত করে তিনি ইংরেজি সাহিত্যে অমর হয়ে আছেন।	**Children's Book** Tales from Shakespeare The adventures of Ulysses **Essays** Essays of Elia **Poem** The Old Familiar Faces
Jane Taylor (1783-1824)	তাঁর রচিত একটি ছড়া এতই জনপ্রিয় হয়েছে যে সেটা উপকথা বা কিংবদন্তি পর্যায়ে পৌঁছে গেছে।	**Children's Book** Twinkle Twinkle Little Star
Thomas De Quince (1785-1859)	আফিমখোর প্রাবন্ধিক কুইন্সির প্রভাব সমকালীন সাহিত্যজগতে প্রবলভাবে অনুভূত হয়েছিল।	**Essays** Confessions of an Opium Eater Suspiria De Profundis
William Hazlitt (1778-1830)	রোমান্টিক যুগ নিয়ে যা কিছু বলা হয়েছে তার বেশিরভাগই মিস্টার হ্যাজলিটের মুখের কথা।	**Essays** The Spirit of the Age Characters of Shakespeare's Plays

THE ROMANTIC PERIOD এর গুরুত্বপূর্ণ সাহিত্যকর্ম

Lyrical Ballads by William Wordsworth and S.T. Coleridge



সাহিত্যে রোমান্টিক যুগের আগমনী বার্তা নিয়ে 1798 সালে প্রকাশিত হয় Lyrical Ballads, যার প্রথম সংস্করণের প্রচ্ছদে কারও নাম লেখা ছিল না। লোকগীতির মতো সরল ভাষায় রচিত মোট ২৩টি কবিতার মধ্যে Coleridge এর ৪টি আর বাকিগুলো Wordsworth এর। প্রকাশের পর সমালোচক বা পাঠক কারও মধ্যেই তেমন আলোড়ন তুলতে পারেনি কাব্যগ্রন্থটি। দ্রুতই দ্বিতীয় সংস্করণ বের করেন Wordsworth, যুক্ত করেন কবিতাগুলোর Preface বা ভূমিকা, তাতে জ্বালাময়ী ভাষায় জরাজীর্ণ কাব্য আর সমাজের সংকীর্ণতা নিয়ে লিখেন। মানুষকে চোখে আঙুল দিয়ে দেখালেন কাব্যগ্রন্থটির যুগান্তকারী বৈশিষ্ট্য।

এই গ্রন্থের বেশিরভাগ কবিতাই পরবর্তীতে সমাদৃত হয়েছে। সবচেয়ে বিখ্যাত দুটো হলো: Coleridge এর *The Rhyme of the Ancient Mariner* এবং Wordsworth এর *Lines Written Above Tintern Abbey*. তবে যে সাহিত্যবৈশিষ্ট্য রোমান্টিকতা নিয়ে এসেছিল, অর্থাৎ সহজ লোকের ভাষায় সহজ মনের কথা, সেসবের ছাপ বেশি পাওয়া যায় *We are Seven, Idiot Boy, The Nightingale: A Conversation Poem* এসব কবিতাগুলোর মধ্যে। কবিতাগুলোতে সহজ মানবিক বোধের একটা উদাহরণ দেওয়া যায় *We are Seven* কবিতায় কবির প্রদত্ত বর্ণনাটির মাধ্যমে।

I Wandered Lonely as a Cloud by William Wordsworth

কবিতাটি ইংরেজি সাহিত্যে খুবই বিখ্যাত একটি কবিতা, কবিতাটি *Daffodils* নামেও পরিচিত। 1804 সালে ব্রিটিশ রোমান্টিক কবি William Wordsworth কবিতাটি লিখেছেন। ইংল্যান্ডের লেক ডিস্ট্রিক্টে একদিন হাঁটার সময় দেখা একগুচ্ছ Daffodil ফুলকে কেন্দ্র করে কবিতাটি লেখা। তিনি এবং তাঁর বোন যখন হাঁটছিলেন তখন এই ফুলগুলো তাদের চোখে পড়ে, যেটি কবির মনে একটি দীর্ঘস্থায়ী প্রভাব ফেলে। ফুলগুলো দেখার পর কবির মনে সৌন্দর্যবোধের জাগরণ হয় এবং এই অনুভূতি তাঁর মনে বারবার প্রতিফলিত হতে থাকে। কবির মনে প্রস্ফুটিত সেই সৌন্দর্যবোধকে প্রকাশ করার জন্য কবিতাটিতে লিখেছেন-

I wandered lonely as a cloud
That floats on high o'er vales and hills,
When all at once I saw a crowd,
A host of golden daffodils;

Tintern Abbey by William Wordsworth



1793 সালে 23 বছর বয়সে ওয়াই নদীর পাড়ে William Wordsworth ভ্রমণ করেছিলেন। ৫ বছর পর তিনি সে স্থানে ফিরে গিয়ে সে স্থানের সৌন্দর্য বর্ণনা করে এই কবিতাটি লিখেছেন। বস্তুত প্রকৃতি নিয়ে কবির চিন্তাধারা এবং প্রাকৃতিক সৌন্দর্য কিভাবে তার ভারাক্রান্ত হৃদয়ে মুক্তির উল্লাস বয়ে দিয়েছে তা এই কবিতায় তুলে ধরেছেন। নদীর পানির কলকল শব্দ, গ্রামীণ সৌন্দর্য, শীতল হাওয়া প্রভৃতি কবির কাছে বিশ্ব-ব্রহ্মাণ্ডের রহস্যরূপে দেখা দিয়েছে। যখন তিনি ছোট ছিলেন, তাঁর প্রকৃতি প্রেম প্রবল ছিল, ফলে হৃদয় ছিল আনন্দপূর্ণ। কিন্তু বয়স বাড়ার সাথে মানুষের নানাবিধ কষ্ট তাঁকেও সমভাবে ব্যথিত করেছে। এখানে কবির অনুভূতি প্রধান না হয়ে আধ্যাত্মিকতা প্রাধান্য পেয়েছে। তিনি প্রাকৃতিক উপাদানের মধ্যে ঐশ্বরিকতা খুঁজে পান। কবি এখানে প্রকৃতিকে মাতৃসুলভ অভিভাবক, সেবিকা ও নৈতিক শিক্ষক রূপে উপস্থাপন করেছেন। তিনি প্রকৃতিকে ভালোবাসার উপদেশ প্রদান করেছেন।



The Solitary Reaper by William Wordsworth

1803 সালে ব্রিটিশ কবি William Wordsworth তার বোন Dorothy Wordsworth এর সাথে Scotland ভ্রমণের সময় কবিতাটি লিখেছেন। কবিতায় দেখা যায়, স্কটল্যান্ডের মাঠে শস্য কাটতে থাকা এক তরুণীর গানের কথা কবিতাটির বক্তার কাছে বোধগম্য নয়, তাই গানটির করুণ সুর, অভিব্যক্তিপূর্ণ সৌন্দর্য এবং গানটি বক্তার মধ্যে যে আনন্দময় মেজাজ তৈরি করে তার উপরই তিনি মনোযোগ দিয়েছেন। কবিতায় কবি শ্রোতাদের অনুরোধ করেছেন, কেউ যেন এই নিঃসঙ্গ তরুণীর গান গাওয়ায় বিঘ্ন না ঘটায়। তরুণীর গানের দুঃখী সুর যেন পুরো উপত্যকায় প্রতিধ্বনিত হচ্ছে, কবির কাছে এই গানের কথা অজানা হলেও তার সুর গানের পাখির চেয়েও মধুর, যেন স্কটল্যান্ডের উপকূলের সমগ্র দ্বীপপুঞ্জের নীরবতার মাঝে একমাত্র ধ্বনি এই গানটুকুই।

The Rime of the Ancient Mariner by S.T Coleridge



রোমান্টিক যুগের অন্যতম প্রতিষ্ঠাতা কবি S.T Coleridge এর সবচেয়ে দীর্ঘ এবং বিখ্যাত কবিতা *The Rime of the Ancient Mariner* যা ইংরেজি সাহিত্যে রোমান্টিক যুগের সূচনা করে। এক বৃদ্ধ, ধূসর শ্মশ্রুমণ্ডিত নাবিক বিয়ের অনুষ্ঠানে গমনকারী এক ব্যক্তিকে থামিয়ে তার সমুদ্রাভিযানের কাহিনি বলতে শুরু করে। শুরুতে অধৈর্য ও বিরক্ত হলেও কাহিনি যত আগাতে থাকে শ্রোতার ভয় ও আগ্রহ তত বাড়তে থাকে।

নাবিকটির জাহাজ একবার যাত্রা শুরু করার পর হঠাৎ প্রচণ্ড ঝড়ে দক্ষিণে এক অজানা কুয়াশা ঢাকা বরফের দেশে চলে যায়। সেখানে জাহাজের নাবিকরা বন্দি হয়ে পড়ে । তখন তারা একটি বিশাল সামুদ্রিক আলবাট্রস পাখি দেখতে পায়, যেটি তাদের অনুসরণ করে আসছিল । পাখিটি আসার সাথে সাথে আবহাওয়ার পরিবর্তন হয়, অনুকূল বাতাস বইতে থাকে এবং পাখিটির সাহায্যে তারা বরফ ঢাকা অঞ্চল থেকে বের হয়ে আসতে পারে। নাবিকেরা পাখিটিকে সৌভাগ্যের প্রতীক হিসেবে চিহ্নিত করে এবং পাখিটিকে খাবার দেয়। কিন্তু বর্ণনাকারী নাবিকটি একদিন মনের খেয়ালে পাখিটাকে হত্যা করে এবং এরই সাথে তাদের দুর্ভোগ শুরু হয়। জাহাজের বাকি নাবিকেরা তাকে দায়ী করে তার গলায় মৃত পাখিটি ঝুলিয়ে দেয়। বাকি কবিতায় নাবিকদের এর পরবর্তী ভোগান্তি এবং বর্ণনাকারী নাবিকের একাকি বেচে ফেরার ঘটনা বর্ণিত হয়েছে। কবি কবিতাটিতে মৃত্যু, আর্তনাদ এবং পুনরুত্থান চিত্রায়িত করেছেন। কবিতার নাবিকটি বাকি জীবন ডাঙায় ঘুরে ঘুরে তার এই কাহিনি মানুষদের বলে বেড়ায় আর এই বার্তাটি দেয়ারই চেষ্টা করে-

He prayeth best, who loveth best
All things both great and small;
For the dear God who loveth us,
He made and loveth all.



Pride and Prejudice by Jane Austen

রোমান্টিক যুগের বাস্তববাদী উপন্যাসিক Jane Austen এর রচিত *Pride and Prejudice* উপন্যাসটি এখন পর্যন্ত ইংরেজি সাহিত্যের সবচেয়ে জনপ্রিয় সাহিত্যকর্মগুলোর একটি। এখন পর্যন্ত প্রায় ২ কোটিরও বেশি কপি বিক্রি হওয়া উপন্যাসটি মূলত Novel of Manners ধাঁচের যেখানে সেই যুগের অভিজাত শ্রেণির আচার আচরণ, মূল্যবোধ ও রীতিনীতি বিস্তারিত ভাবে জটিল কাহিনির মাধ্যমে ফুটিয়ে তোলা হয়। এই উপন্যাসটির কাহিনিও জমিদার কন্যা Elizabeth Bennet কে কেন্দ্র করে গড়ে উঠেছে যে পুরো উপন্যাস জুড়ে অল্পতেই মানুষকে বিচার করার অপকারীতা এবং লোকদেখানো ও প্রকৃত ভালোমানুষির মধ্যে পার্থক্য করতে শেখে। কোনো পুরুষ উত্তরাধিকার না থাকায় পিতার মৃত্যুর পর Elizabeth এর মা ও ৫ বোন খুবই দুর্দশায় পতিত হয় এবং এ অবস্থায় ৫ বোনের কোনো একজনকে বিয়ে করার মাধ্যমে বাকিদের সাহায্য করাটা আবশ্যক হয়ে উঠে, আর এটিই উপন্যাসের কাহিনিকে এগিয়ে নিয়ে যায়। উপন্যাসটির নায়ক জমিদারপুত্র Fitzwilliam Darcy এর সাথে পুরো উপন্যাসেই নায়িকা Elizabeth এর "কাছে আসা-দূরে যাওয়া, ধরি মাছ না ছুই পানি" ধরনের সম্পর্ক চলতে থাকে। উপন্যাসটির মূল থিম হিসেবে নায়িকার Prejudice এবং নায়কের Pride ছাপিয়ে তাদের মিলনের কাহিনিই মূখ্য হয়ে উঠেছে।

Confessions of an English Opium Eater by Thomas De Quincey



উপন্যাস, প্রবন্ধ না আত্মজীবনী? কোনও ক্যাটাগরিতেই ঠিকঠাক পড়েনা Thomas De Quincey রচিত এই কালজয়ী সাহিত্যকর্মটি। লেখকের নিজের দাবি যে এই লেখাটি একটি সতর্কবার্তা– আর কেউ যেন আফিমে আসক্ত হয়ে না পড়ে। অথচ লেখক আফিমের ঘোরে পাওয়া বিদগ্ধ দর্শন আর চিত্রকল্পগুলো এমনভাবে ফুটিয়ে তুলেছেন, যারা আফিম খায় না তাদের মনে হতে পারে, যেন কত বড় ক্ষতি হয়ে গেল।

গ্রন্থের শেষে কুইন্সি বলেছেন যে, তিনি আর আফিম খান না। সুস্থ জীবনে ফিরে এসেছেন। বাস্তবে কিন্তু তিনি আমৃত্যু আফিমের ঘোরেই ডুবে ছিলেন। সে যা-ই হোক, এই উদ্ভট অনবদ্য সাহিত্যকর্মের প্রভাব খুব পড়েছিল বঙ্কিমচন্দ্রের ওপর। তাঁর *"কমলাকান্তের দপ্তর"* এর রচনাগুলো এই বইয়ের অনুপ্রেরণাতেই লেখা। আফিমের নেশাকে এই গ্রন্থে সুখকর অভিজ্ঞতা হিসেবে দেখানোর অভিযোগে সমালোচনাও আছে প্রচুর, যেমন এই বিখ্যাত লাইনটি উল্লেখযোগ্য -

"Thou hast the keys of Paradise, O just, subtle, and mighty opium!"



Prometheus Unbound by P.B. Shelley

Percy Bysshe Shelley তাঁর *Prometheus Unbound* নামক চার অংকের কাব্যনাট্যের কাহিনি নিয়েছেন গ্রিক পুরাণ থেকে। নাটকটির অনুপ্রেরণা ছিল প্রাচীন গ্রিক নাট্যকার Aeschylus এর *Prometheus Bound* নাটকটি। এর কাহিনিতে দেখা যায়, পৌরাণিক দেবতা প্রমিথিউস স্বর্গ থেকে আগুন এনে দিয়েছিল মানবজাতিকে। আগুন দ্বারা প্রকৃত অর্থে মানুষকে জ্ঞান-বিজ্ঞান, আবিষ্কার তথা সভ্যতাকেই বুঝানো হয়েছে। এই অপরাধের শাস্তিস্বরূপ দেবরাজ জুপিটার বা জিউস তাকে পাহাড়সম এক পাথরে বেঁধে একটি ঈগল দিয়ে প্রতিদিন তার কলিজা ঠুকরে ঠুকরে খাওয়াতো। প্রতিরাতে কলিজাটা ফের গজাতো। গ্রিক নাটকে যদিও জিউস ও প্রমিথিউসের মধ্যে পুনরায় মিটমাট হয় কিন্তু Shelly-এর নাটকে দেবী Panthaea ও Asia এর মিলিত প্রচেষ্টায় প্রমিথিউস মুক্তি পায়। সাংকেতিকভাবে এ মুক্তি যেন মানব মুক্তিরই প্রতীক।

Ozymandias by P.B. Shelley

এটি প্রখ্যাত রোমান্টিক কবি Percy Bysshe Shelley এর অন্যতম আলোচিত ও শ্রেষ্ঠ সনেট। এরও উৎস পৌরাণিক কাহিনি ও ইতিহাসের সমন্বয়। কবিতায় দেখা যায় ফারাও দ্বিতীয় রামসেস (Ramises II), যে তার গ্রিক নাম Ozymandias নামেও পরিচিত, তার বিরাট প্রতিকৃতি ধুসর মরুর বুকে বালুতে পড়ে আছে। অথচ সেই মূর্তির বুকে লেখা,

My name is Ozymandias, King of Kings;
Look on my Works, ye Mighty, and despair!

ক্ষমতার ক্ষণস্থায়ী মোহময়তার একটা করুণ চিত্র ফুটে এসেছে এই সনেটে। পরাক্রমশালী ফারাওর পতন পাঠককে এই বার্তাই দেয় যে- যতই ক্ষমতাবান হোক না কেন, কোনো অত্যাচারী শাসকই চিরকাল টিকে থাকতে পারে না, তাদের কীর্তিসমূহও এক সময় সময়ের অতল গহ্বরে হারিয়ে যায়, নিশ্চিহ্ন হয়ে যায়। তৎকালীন ব্রিটিশ রাজা চতুর্থ জর্জ এবং নেপোলিয়নকে মাথায় রেখেই এই কবিতাটি লেখা হয়েছিল বলে অনেকে ধারণা করেন। তবে কবিতাটি যুগে যুগে সব স্বৈরশাসক যারা নিজেদের চিরক্ষমতাশালী ভাবতো সবার জন্যই একটি সতর্কবার্তা হিসেবে আবেদন রেখে যাবে।

La Belle Dame Sans Merci by John Keats

মধ্যযুগের ফ্রেঞ্চ কবি Alain Chartier এর কবিতা থেকে নাম ধার করে John Keats লিখেছিলেন এই সুন্দর গীতিনাট্যটি। এই নামের অর্থ "যে নারী হৃদয়হীনা"। এই কবিতায় কবি প্রেম ও মৃত্যু নিয়ে তার কাব্যিক অনুভূতি প্রকাশ করেছেন। কবিতায় বক্তা এক ফ্যাকাসে, মৃত্যু পথযাত্রী মধ্যযুগীয় নাইটকে জিজ্ঞেস করছে, তার এই হাল কীভাবে হলো। জবাবে নাইট বলে, এক পরীর মতো সুন্দরীর সাথে তার দেখা হয়েছিল, যে তার প্রেমাতুর চোখের দৃষ্টি দিয়ে তাকে ভালোবাসার ফাঁদে ফেলে। নাইট তাকে তার ঘোড়ায় চড়িয়ে এক গুহায় নিয়ে যায়। সেখানে সুন্দরী পরী তাকে গান শুনিয়ে ঘুম পাড়ায়, যে ঘুমে নাইট নানান দুঃস্বপ্ন দেখে। একসময় ঘুম থেকে উঠে সে আবিষ্কার করে, সেই সুন্দরী আর নেই এবং সে পাহাড়ে ঠান্ডার মধ্যে শুয়ে আছে। এই কবিতাটি সাহিত্য ও চলচ্চিত্রে আকর্ষণীয় ও প্রলোভনময় কিন্তু নিষ্ঠুর ও মারাত্মক নারী চরিত্রের ধারা সৃষ্টি করে যা পরে বহুবার বহু স্থানে ব্যবহৃত হয়েছে। কবিতায় দেখা যায় নাইটের অসহায়, এক তরফা ভালোবাসা যার পরিণতি নির্মম, সৌন্দর্য নির্ভর ভালোবাসার প্রতি নিন্দার প্রকাশ পাওয়া যায় কবিতায়। পাশাপাশি Keats এর ভাষা মাধুর্যও কবিতাটির সৌন্দর্য বহুগুণ বৃদ্ধি করেছে–

Her hair was long, her foot was light,
And her eyes were wild.

	Title	Author	Short Summary
Prose	Preface to the Lyrical Ballads	William Wordsworth	নতুন কবিতা কেমন হবে তা নিয়েই কবির ব্যক্তিগত মতামত। কবিতা রচনায় আবেগ ও সাধারণ মানুষের মুখের ভাষাকে প্রাধান্য দেন কবি।
	Biographia Literaria	Samuel Taylor Coleridge	Wordsworth-এর কবিতা দর্শন আর ইমানুয়েল কান্টের কল্পনা ও বাস্তবতার সমান্তরাল তুলনা একত্র করে একটি দার্শনিক উপস্থাপনা।
	Essays of Elia	Charles Lamb	আপাতদৃষ্টে খাপছাড়া মনে হলেও রচনাগুলো সাহিত্যমানে উৎকৃষ্ট। ব্যক্তিগত লেখার উষ্ণ ভঙ্গিটি পাঠকদের আলোড়িত করে।
	Suspiria de Profundis	Thomas De Quince	Confessions of an English Opium Eater এর অভূতপূর্ব সাফল্যের ধারাবাহিকতায় একই থিম বর্ধিত করেন। এটি সফল হয়নি।
	Defense of Poetry	Percy Bysshe Shelley	কাব্য নিয়ে Shelly-এর আবেগপূর্ণ অভিব্যক্তি। কবিতার সাথে সমাজরূপের নিগূঢ় সম্পর্ক নিয়ে অতি উচ্ছ্বাস আছে এই প্রবন্ধে।
	The necessity of Atheism	Percy Bysshe Shelley	নাস্তিকতা সিদ্ধান্ত নেবার বিষয় নয়। এটা মন থেকেই আসে। Shelly এই প্রবন্ধটিতে এমনটাই বলতে চেয়েছেন। তাঁর ছাত্রত্ব তবুও বাতিল হয়।
	The Spirit of The Age	William Hazlitt	সামসময়িক ২৫ জন চিন্তাবিদের প্রভাব নিয়ে এই সামাজিক ধারাভাষ্যটি লিখেছেন। রচনাটিতে বেন্থাম আর মিল এর ব্যাপারে অতি উচ্ছ্বাস ছিল।
Drama	Zapolya	Samuel Taylor Coleridge	অস্ট্রিয়ান রানি Zapolya-এর কাহিনি দুই খণ্ডের নাটকে এসেছে। এতে Shakespeare এর প্রভাব, বিশেষ করে Cimbeline এর অনুকরণ স্পষ্ট।
	Manfred	Lord Byron	নাটকীয় কবিতা। হাফ সিস্টার Augusta Leigh এর সাথে বায়রনের সম্পর্কের গুজব ছড়িয়ে পড়লে কবি সুইজারল্যান্ডে পালাতে বাধ্য হন। সেখানে বসে ভৌতিক আবহে একজন মানুষের বিবেকযন্ত্রণা নিয়ে এই কাব্যনাট্যটি লেখেন। একে আত্মস্বীকারোক্তিমূলক ধরা যায়।
	The Fall of Robespierre	Robert Southey and Samuel Taylor Coleridge	ফরাসি বিপ্লবের নায়ক ও পরবর্তীতে খলনায়ক Maximilien Robespierre এর পতন মুহূর্ত থেকে তিন অংকের এই নাটকের কাহিনি শুরু। এটি মঞ্চায়নযোগ্য নাটক নয় বরং বেশ কিছু কবিতার সংযোগ।
Children's	The Story of Three Bears	Robert Southey	উনিশ শতকের অন্যতম জনপ্রিয় রূপকথা। এতে দেখা যায় Goldilock নামধারী ছোট্ট বালিকা তিন ভাল্লুকের বাড়িতে ঢুকে পড়ে, স্যুপ খায়, ঘুমায়।
	Tales From Shakespeare	Charles Lamb and Mary Lamb	শিশুদের পাঠ উপযোগী গল্পের ছলে Shakespeare এর কালজয়ী বিশটি নাটক এক ভলিউমে নিয়ে এসেছেন চার্লস ল্যাম্ব ও তাঁর বোন মেরী ল্যাম্ব। ট্রাজেডিগুলো নিয়ে কাজ করেছেন চার্লস আর কমেডিতে মেরী।
Ode (Poetry)	Dejection An Ode	Samuel Taylor Coleridge	কলেরিজ প্রেমে পড়েছিলেন। প্রেয়সী Sara Hutchinson. সেই পরিবার এই প্রেম মেনে নেবে না। সারারও খুব যে আগ্রহ দেখা যাচ্ছে তেমনও নয়। বিরহকাতর কবি শোকে লিখতে পারেন না, অবশ হয়ে পড়ে থাকেন।
	To a Skylark	Percy Bysshe Shelley	প্রকৃতিবন্দনা ও সেইসাথে স্কাইলার্ক পাখির উদ্যম উচ্ছ্বাসের প্রশংসা।
	Ode to The West Wind	Percy Bysshe Shelley	দ্রোহের বাণী বাতাসে ছড়িয়ে দেবার গান গেয়েছেন এই অমর কবিতায়। পুত্রের মৃত্যুশোকে কাতর কবির চোখে অন্য আলোয় দেখা সমাজচিত্র।
	Ode on a Grecian Urn	John Keats	১৮১৯ সালে লিখিত শ্রেষ্ঠ Ode গুলোর মধ্যে অন্যতম। একটি গ্রীক ফুলদানীতে ফুটিয়ে তোলা সৌন্দর্যের কাব্যিক ভাষাচিত্র নিয়ে এসেছেন কবি।
	Ode to Autumn	John Keats	শরতের বিকেলে Winchester-এ হেঁটে দেখা প্রকৃতি এই কবিতার বিষয়বস্তু। গ্রেট Keats-এর এটাই শেষ। টাকা রোজগারের চেষ্টায় এখান থেকেই কবির কাব্যাশ্রিত জীবনের সমাপ্তি ঘটেছিল।
	Ode to a Nightingale	John Keats	Negative Capability এর চূড়ায় বসে কবিতাটি জন্মেছিল। আনন্দ নয় বরং সুন্দরের খোঁজে সত্যগ্রাহী চোখ তখন বেদনাকেও এড়াতে দেয়না।
	Ode on Melancholy	John Keats	স্নিগ্ধ, বিমল, বিমূর্ত ও শৈল্পিক এই বিষন্নতার অনুভব শিল্পীমাত্রেরই চেনা। এই কবিতাটি সেই বিশেষ বিষন্নতার অনুভবের প্রতি।
	Ode to Psyche	John Keats	বক্তার কামনায় সাইকিকে মর্ত্যলোকে ফিরিয়ে আনার বাসনা ফুটেছে এতে।

	Title	Author	Short Summary
Poem	The Prelude	William Wordsworth	কবির আত্মজীবনীমূলক কবিতা। তাঁর শ্রেষ্ঠ শিল্প হিসেবে স্বীকৃত।
	The Recluse	William Wordsworth	*The Prelude* এর দ্বিতীয় খণ্ড।
	London,1802	William Wordsworth	কবি জন মিল্টনের মৃত্যু উপলক্ষ্যে লেখা। শহুরে আধুনিক জীবনকে Swampland আখ্যা দিয়েছেন।
	My Heart Leaps Up	William Wordsworth	কবি একটি রংধনু দেখার আনন্দের মাঝে জীবনের বিচিত্র সময়ের মিল খুঁজে পান।
	The Suicide Arguments	Samuel Taylor Coleridge	দুটো অংশ। মানুষ বলছে, কেন আমি আত্মহননের পথ বেছে নেবো না? উত্তরে প্রকৃতি বলছে আমি তোমায় আনন্দ ও আশা দিয়েছি। তুমি বাঁচো।
	Joan of Arc	Robert Southey	বিপ্লবী নারীর আখ্যান যিনি পুরুষ সেজে যুদ্ধে গিয়েছিলেন।
	Thalaba the Destroyer	Robert Southey	নায়কের গ্রাম উজাড় করে দেয় যাদুকরের দল। কিন্তু, থালাবা, আল্লাহ ও মোহাম্মদ (সা) এর আদর্শে থেকে বংশহত্যার প্রতিশোধ নিতে সক্ষম হয়।
	Childe Harold's Pilgrimage	Lord Byron	মধ্যযুগে নাইটহুডের অপেক্ষায় থাকা যুবকদের Childe বলা হতো। জীবনের অর্থ খুঁজে পেতেই হ্যারল্ডের এই তীর্থযাত্রা।
	The Vision of Judgment	Lord Byron	তৃতীয় জর্জ এর মৃত্যুর পরের বিচার সংক্রান্ত ব্যঙ্গ কবিতা। সাউদির একই নামে লেখা রচনার প্রত্যুত্তর। রাজতন্ত্রবাদী টোরিদের ব্যাঙ্গচিত্র।
	Queen Mab	Percy Bysshe Shelley	দার্শনিক কবিতা। নাস্তিকতার যুক্তি নিয়ে বিচলিত Shelly'র রচনা।
	The Revolt of Islam	Percy Bysshe Shelley	বৃহৎ পৌরাণিক আঙ্গিকে কাজ করার পর্ব শুরু। ১২ ক্যান্টোর এই কবিতায় ইসলামের বিজয়গাঁথা নিয়ে কোনও কথা নেই। উপজীব্য হয়েছে সততা, নৈতিকতা ইত্যাদি চারিত্রিক গুণের বর্ণনা।
	Endymion	John Keats	রাখাল রাজা Endymion আর দেবী Selene এর পৌরাণিক প্রেমকাহিনি। নায়িকার নামে পরিবর্তন এনেছেন, "Cynthia". অমর প্রথম চরণ- "A thing of beauty is joy forever"
	Hyperion	John Keats	অসমাপ্ত মহাকাব্য। গ্রিক আখ্যান থেকে অনুপ্রাণিত।
	Bright Star	John Keats	প্রেমের সনেট। প্রেয়সী Fanny Brawn এর বুকে শুয়ে জীবনটাকে কেমন তুচ্ছ মনে হবে- এরকম একটা মোহগ্রস্ততা রয়েছে কবিতায়।
	On First Looking into Chapman's Homer	John Keats	Homer এর *Iliad; Odyssey*-র সার্থক অনুবাদ করেছিলেন Chapman। এই বইটা পড়ে মিথ ও রূপকথার একটি মিলিত জগতে ভ্রমণের অভিজ্ঞতা উঠে এসেছে এই স্বল্পদৈর্ঘ্য সনেটে।
	Patriotism	Walter Scott	দেশপ্রেম যার অন্তরে নাই এমন একজনের কুৎসা গেয়েছে এই কাব্য।
	The Lady of The Lake	Walter Scott	ছয় দিনের গল্প। তিনটা মূল কাহিনি। ইংল্যান্ড ও স্কটল্যান্ডের রাজনৈতিক পটভূমিতে তিন পুরুষের এক নারীর হৃদয় জয় করার কাহিনি বর্ণিত হয়েছে।
Novel	Zastrozzi	Percy Bysshe Shelley	সপ্তদশী কিশোর Shelly-র কল্পনা প্রসূত Gothic উপন্যাস। এতে জাস্ত্রোসির লোভ ও অনিয়ন্ত্রিত জীবনের বর্ণনা আছে।
	Sense and Sensibility	Jane Austen	Elinor, Marianne, Margaret এই তিন বোনের বেড়ে ওঠার গল্প। পিতৃবিয়োগে তাদের দেশান্তরী হওয়া ও সেখানের যাপিত জীবন এই উপন্যাসের প্রতিপাদ্য।
	Mansfield Park	Jane Austen	চাচীর বাসায় Fanny Price এর বেড়ে ওঠার গল্প।
	Emma	Jane Austen	ব্রিটেনের উচ্চবিত্ত সমাজে মেয়েদের প্রেম, যৌনতা, স্বীকৃতি ও বিবাহের প্রেক্ষাপট উঠে এসেছে। এটি Comedy of Manners এর দৃষ্টান্ত।

THE ROMANTIC PERIOD এর সাহিত্যে প্রধান চরিত্রসমূহ

Lucy from *Lucy* by William Wordsworth

ইউরোপের রোমান্টিক কাব্য আন্দোলনের যুগপুরুষ William Wordsworth রচিত ১৭৯৮ থেকে ১৮০১ সালের মধ্যে রচিত ৫টি ধারাবাহিক কবিতা Lucy Poems নামে পরিচিত। Wordsworth এর সমগ্র কাব্যসম্ভারে প্রেমের কবিতার যে অভাব লক্ষ্য করা যায় তা কিছুটা পূর্ণ করেছে এই কবিতাগুলো। তবে এখানে তথাকথিত Passionate Love (আবেগপ্রবণ ভালোবাসা) কে বিশেষ গুরুত্ব দেওয়া হয়নি। এখানে প্রকৃতির সঙ্গে লুসি একাত্ম হয়ে গেছে যে নিজেও প্রকৃতির মতো সরল ও নিষ্পাপ। লুসি বিষয়ক কবিতা মোট ৫টি। এ কবিতায় দেখানো হয়েছে লুসি প্রকৃতির ও বিশুদ্ধ প্রেমের প্রতীক। এক নির্জন কুঠিরে একাকী সে বসবাস করে। প্রেমিক কবি অশ্বারোহণ করে সেখানে গিয়ে লুসির সাথে মিলিত হন। সমগ্রকাব্যে লুসির শারীরিক সৌন্দর্যের কোনো বর্ণনা নেই। কবি চন্দ্রালোকে লুসিকে প্রত্যক্ষ করেন, আবার কালো মেঘে চাঁদের আলো নিভে গেলে লুসির মৃত্যুর আশঙ্কায় কবি ব্যাকুল হয়ে ওঠেন। কোনো কোনো সমালোচক মনে করেন Lucy-কে চরিত্রে কবির বোন ডরোথির বাস্তব ছায়া প্রতিফলিত হয়েছে। তবে এ ধারণা নিয়ে এখনও বিতর্ক রয়েছে।



Christabel from *Christabel* by S.T. Coleridge

Samuel Taylor Coleridge রচিত *Christabel* একটি বিখ্যাত কবিতা। এই কবিতায় কেন্দ্রীয় চরিত্রের Christabel নামক মেয়েটি বনে প্রার্থনা করতে গিয়ে Geraldine নামক একটি মেয়েকে খুঁজে পায় যে দাবী করে তাকে কিছু দুর্বৃত্ত অপহরণ করেছে। Christabel তখন মেয়েটির জন্য করুণা অনুভব করে এবং তাকে তার বাড়িতে নিয়ে যায়। পথে নানা রকম ঘটনায় ইঙ্গিত পাওয়া যায়, মেয়েটির মধ্যে কোনো অতিপ্রাকৃত ব্যাপার আছে। সেই রাতে তারা একসাথে কাটায়। কবিতায় স্পষ্টভাবে উল্লেখ না থাকলেও বুঝা যায় কাপড়ের নিচে Geraldine এর শরীরে ভয়ানক কোনো চিহ্ন আছে। পরদিন সকালে Christabel এর পিতা Sir Leoline অনেক জাঁকজমকের সাথে রহস্যময় মেয়েটির উদ্ধারের বার্তা প্রচার শুরু করেন। এদিকে Christabel যাদুর মোহে আচ্ছন্ন থাকলেও সে তার পিতাকে বাধা দিতে চায় কারণ সে বুঝতে পারে Geraldine নামে নিজেকে পরিচয় দেওয়া মেয়েটির মধ্যে অশুভ কিছু আছে। কবিতাটি এভাবেই সমাপ্ত হয়েছে।

Kubla Khan from *Kubla Khan* by S.T. Coleridge

Samuel Taylor Coleridge লিখিত সবচেয়ে বিখ্যাত ৩ টি কবিতার একটি হলো *Kubla Khan* (অন্য দুইটি হলো *Rime of the Ancient Mariner* এবং *Christabel*) মোঙ্গল শাসক ও চীনের সম্রাট Kubla Khan চরিত্রের কাল্পনিক একটি রূপ পাওয়া যায় এ অসম্পূর্ণ কবিতায়। কথিত আছে, এক রাতে আফিম খেয়ে ঘুমানোর পর একটি স্বপ্ন দেখে তিনি কবিতাটি রচনার অনুপ্রেরণা পান। Coleridge বিশ্বাস করতেন যে, শক্তিশালী এবং সক্রিয় কল্পনাশক্তি অপ্রীতিকর প্রতিকূল পরিস্থিতি অতিক্রমের সহায়ক হতে পারে। তাঁর অনেক কবিতায়ই এই কল্পনাশক্তি ব্যবহারের উপস্থিতি লক্ষ্যণীয় যেখানে কবিতার কথক তার পারিপার্শ্বিকতাকে সাময়িকভাবে ভুলে যায় এবং সম্পূর্ণ বাস্তবতাকে কল্পনার চাদরে মুড়ে ফেলেন। *Kubla Khan* কবিতাটিতেও এভাবে একটি আনন্দ-ঘর তৈরির কথা বলা হয়েছে, রহস্যময় নদীর কথা বলা হয়েছে, যেটা পাতলে প্রবাহিত হয়ে অন্ধকার সাগরে পতিত হয়েছে, এরই মধ্যে যুদ্ধের ভবিষ্যদ্বাণী, একই ঘরে একই সাথে তাপ-শৈত্য অনুভূত হওয়া, এসবই কবির তীব্র কল্পনাশক্তির প্রকাশ। কবিতাটিকে ইংরেজি কবিতায় রোমান্টিকতার সবচেয়ে বিখ্যাত উদাহরণ হিসেবে বিবেচনা করা হয় এবং এটি ইংরেজি ভাষার সবচেয়ে বহুল সংকলিত কবিতাগুলোর মধ্যে একটি।

Don Juan from *Don Juan* by Lord Byron

Lord Byron রচিত *Don Juan* ইংরেজী সাহিত্যের অন্যতম শ্রেষ্ঠ বিদ্রুপাত্মক কবিতা। এটি প্রকৃতপক্ষে ষোল সর্গে সমাপ্ত একটি মহাকাব্য। Don Juan এ কাব্যের নায়ক। সে স্পেনের সেভিল শহরের বাসিন্দা। Don Juan এর আকর্ষণীয় চেহারা দ্বারা নারীচিত্ত জয়ের ক্ষমতা, অবৈধ সম্পর্কের কারণে গৃহত্যাগ করা, জাহাজ ডুবির ফলে গ্রীসের দ্বীপে আশ্রয়, সুন্দরী Haidée এর মাধ্যমে সেবাপ্রাপ্ত হওয়া এবং তার পরবর্তীতে প্রেমের বন্ধন গড়ে ওঠা ইত্যাদি ঘটনাবলির মাধ্যমে মহাকাব্যের কাহিনি বর্ণিত হয়েছে। এই কাব্যের মাধ্যমে Byron পৃথিবীর বিভিন্ন দেশের বিশেষত ইউরোপীয় সমাজের অবিচার, অনাচারকে তুলে ধরেছেন।

Madelin from *The Eve of St. Agnes* by John Keats:



The Eve of St. Agnes রোমান্টিক যুগের সৌন্দর্যের কবি হিসেবে খ্যাত John Keats রচিত মধ্যযুগের পটভূমিকায় রচিত এক বর্ণাঢ্য আখ্যানমূলক কবিতা। এই কবিতার নায়িকা Madelin এবং নায়ক Porphyro পরস্পরকে ভালোবাসে কিন্তু উভয় পরিবারের মধ্যে শত্রুতা বিদ্যমান। এই প্রণয়ে তাই কোনো পক্ষেরই সায় নেই এবং Madelin কার্যত গৃহবন্ধী, তার চারপাশ হিংস্র পশুদল ও নিষ্ঠুর প্রহরী দ্বারা বেষ্টিত। লোকমুখে Madelin শুনেছে যে, St. Agnes' Eve এর রাতে কিছু নির্দিষ্ট নিয়ম কানুন মানলে স্বপ্নে কুমারীরা তাদের প্রেমিককে দেখতে পায়। এই স্বপ্ন কামনা নিয়েই রাতে সে ঘুমিয়ে পড়েছিল। স্বপ্নে সে Porphyro কে দেখে। ঘুম থেকে উঠে সে দেখে Porphyro সত্যি সত্যিই তার সামনে উপস্থিত। আসলে Porphyro সে রাতে সাহসিকতার সাথে দুর্গে প্রবেশ করেছিল এবং এঞ্জেলা নামক এক বন্ধুভাবাপন্ন বৃদ্ধামহিলার সাহায্যে Madelin এর শয়নকক্ষে উপস্থিত হয়েছিল। Madelin এর বিস্ময় কেটে যাওয়ার পর মাতাল ও অচেতন পাহারাদারদের ফাঁকি দিয়ে দুর্গ থেকে দু'জন পালিয়ে যায়। Madelin চরিত্রটিকে মূলত এখানে প্রচণ্ড ধার্মিক ও একইসাথে প্রেমিকের ভালোবাসার প্রতি অত্যন্ত অনুগত হিসেবে চিত্রিত করা হয়েছে।



Ivanhoe from *Ivanhoe* by Sir Walter Scott:

ঐতিহাসিক উপন্যাসের জন্য বিখ্যাত Sir Walter Scott রচিত অন্যতম বিখ্যাত উপন্যাস *Ivanhoe* এর নামকরণ মূল চরিত্র Ivanhoe, the son of Cedric এর নামানুসারেই হয়েছে। ক্রুসেড যুদ্ধের প্রেক্ষাপটে রচিত এই উপন্যাসে স্যাক্সন ও নরমানদের মধ্যে বিরোধ ফুটে উঠেছে। কাহিনিতে দেখা যায়, ক্রুসেড থেকে ফেরার পথে রাজা রিচার্ড বন্দি হন, তার ক্ষমতালোভী ভাই জন সিংহাসন দখল করে। এমন অবস্থায় রাজা রিচার্ডের অত্যন্ত অনুগত নাইট Ivanhoe সামনে এগিয়ে আসে, রাজা রিচার্ডের পক্ষ হয়ে সে হাতে তুলে নেয় তলোয়ার। ইংল্যান্ডের সেরা যোদ্ধাদের বিরুদ্ধে সে প্রাণপণ যুদ্ধে জড়িয়ে পড়ে, পায় অনেক সম্মান ও পুরস্কার। এই Ivanhoe চরিত্রটির মাধ্যমে তৎকালীন নাইট বা রাজকীয় সৈন্যদের সম্মান ও বীরত্বের চূড়ান্ত একটা রূপ দেখানো হয়েছে।

Adonais from *Adonais* by P.B. Shelley:



রোমান্টিক যুগের বিখ্যাত কবি Percy B. Shelley রচিত অন্যতম বহুল পরিচিত ও জনপ্রিয় রচনা হলো *Adonais* / বন্ধু কবি Keats এর অকাল মৃত্যুতে Shelley এই কাব্য রচনা করেন। Pastoral Elegy নামক এই কবিতাটি ৪৯৫টি লাইন ও ৫৫ টি Spenserian Stanzas দ্বারা গঠিত। কবিতাটির নামকরণ করা হয়েছে গ্রীক দেবতা Adonis এর নামানুসারে যিনি ছিলেন উর্বরতার দেবতা। গ্রিক মিথোলজিতে এই দেবতার মৃত্যু হয় অন্য দেবতাদের রোষানলে পড়ে। এই মৃত্যুর সাথে Keats এর মৃত্যুকে তুলনা করে কবি শোক প্রকাশ করেছেন কবিতায়। ভুলবশত Shelley ধারণা করেছিলেন, Quarterly Review পত্রিকার আক্রমণাত্মক সমালোচনায় কষ্ট পেয়েই Keats মৃত্যুবরণ করেছিলেন, তিনি যে মূলত যক্ষায় মারা গিয়েছিলেন, সেটা তিনি তখন জানতেন না। মূলত Keats এর সৃষ্টিকর্মকে অমর হিসেবে ঘোষণা দিয়ে এই শোককাব্যে Shelley অমরত্বের জগতে মিলিত হবার বাসনা পোষণ করেন, মিশে যেতে চান মহাকালের আকাশে যেখানে Keats নক্ষত্রের মত জ্বলজ্বল করছেন।

Frankenstein from *Frankenstein* by Mary Shelley:

বিখ্যাত রোমান্টিক কবি Percy B. Shelley এর স্ত্রী Mary Shelley রচিত পৃথিবীর প্রথম কল্পকাহিনি হিসেবে জনপ্রিয় *Frankenstein* উপন্যাসের প্রধান চরিত্র Victor Frankenstein ছিলেন একজন তরুণ গবেষক। ১৮১৫ সালে সুইজারল্যান্ডে লেইক জেনেভায় ছুটি কাটাতে গিয়ে ইংরেজ কবি Percy B. Shelley, Mary Shelley এবং আরেক বিখ্যাত কবি Lord Byron এক ঘরোয়া আড্ডায় খেলাচ্ছলেই নিজেদের মধ্যে ভৌতিক গল্প লেখার একটা প্রতিযোগিতা করেন। এই প্রতিযোগিতার জন্যই Mary Shelley প্রথম *Frankenstein* গল্পটি লেখার অনুপ্রেরণা পান এবং Byron গল্পটির ভূয়সী প্রশংসা করেন। এই প্রশংসায় অনুপ্রাণিত হয়ে গল্পটিকে উপন্যাসে রূপান্তরের সিদ্ধান্ত নেন Mary। ১৮১৮ সালে *Frankenstein; or, The Modern Prometheus* নামে এটি প্রকাশিত হয় এবং তুমুল জনপ্রিয়তা পায়। এই উপন্যাসে Victor Frankenstein চরিত্রটিকে দেখানো হয়েছে খাঁটি বিজ্ঞানমনস্ক ও দৃঢ় প্রতিজ্ঞ একজন ব্যক্তি হিসেবে যিনি প্রাকৃতিক বিজ্ঞান, গণিত ও রসায়ন বিষয়ে গবেষণা করেন এবং মৃত বস্তুতে জীবন দান করার পদ্ধতি আবিষ্কার করতে সমর্থ হন। কিন্তু তার নিজের হাতে নির্মিত দানবের হাতে যখন একের পর এক কাছের মানুষেরা খুন হতে থাকে তখন নিজের আপন সৃষ্টিকে নিজেই ধ্বংস করার সংকল্প নিয়ে তিনি প্রতিশোধের নেশায় বের হন। বিজ্ঞানের অনিয়ন্ত্রিত কৌতূহল এর বিপজ্জনক দিক নিয়ে লিখিত প্রথম কল্প-কাহিনির নায়ক হিসেবে বিশ্ব সাহিত্যে Victor Frankenstein চরিত্রটি অমর হয়ে থাকবে।

THE ROMANTIC PERIOD এর সাহিত্যে প্রধান উক্তিসমূহ

Nature never did betray the heart that loved her

Tintern Abbey,
William Wordsworth

I love not man the less, but nature more

Childe Harold's Pilgrimage,
Lord Byron

The more we study, the more we discover our ignorance

Posthumous Poems,
Percy Bysshe Shelley

Our birth is but a sleep and a forgetting

Immortality Ode,
William Wordsworth

Death, so called, is a thing which makes men weep, And yet a third of life is passed in sleep

Manfred,
Lord Byron

Oh, lift me as a wave, a leaf, a cloud! I fall upon the thorns of life! I bleed!

Ode to the West Wind,
Percy Bysshe Shelley

The Music in my heart I bore
Long after it was heard no more

The Solitary Reaper,
William Wordsworth

Man's love is of man's life a thing apart 'Tis women's whole existence

Don Juan,
Lord Byron

I ought to be thy Adam, but I am rather the fallen angel

Frankenstein,
Mary Shelley

Poetry is the breath and finer spirit of knowledge

Lyrical Ballads,
William Wordsworth

Man's conscience is the oracle of God

The Island,
Lord Byron

Satan has his companions, fellow-devils, to admire and encourage him; but I am solitary and detested

Frankenstein,
Mary Shelley

Alone, alone, all, all alone,
Alone on a wide, wide sea

The Rime of the Ancient Mariner,
Samuel Tailor Coleridge

Poets and philosophers are the unacknowledged legislators of the world

A Defence of Poetry,
Percy Bysshe Shelley

Heard melodies are sweet, but those unheard are sweeter

Ode on a Grecian Urn,
John Keats

He prayeth best, who loveth best

The Rime of the Ancient Mariner,
Samuel Tailor Coleridge

Our sweetest songs are those of saddest thought

To a Skylark,
Percy Bysshe Shelley

Where are the songs of Spring? Aye, where are they? Think not of them, thou hast thy music too

To Autumn,
John Keats

Nothing is so contagious as enthusiasm

The Myth of Orpheus,
Samuel Tailor Coleridge

All love is sweet, given or received

Prometheus Unbound,
Percy Bysshe Shelley

I am certain of nothing but the holiness of the Heart's affections and the truth of the Imagination

The Eve of St. Agnes,
John Keats

Quotes	Source	Author
The child is father of the man	My Heart Leaps Up	William Wordsworth
All at once I saw a crowd, a host of golden daffodils Ten thousands saw I at a glance tossing their heads in sprightly dance	I Wandered Lonely as a Cloud	
Poetry is the spontaneous overflow of powerful feelings: it takes its origin from emotion recollected in tranquility	Preface to Lyrical Ballads	
The best portion of a good man's life, his little, nameless, unremembered act of kindness and love	Tintern Abbey	
Every great poet is a teacher	Lyrical Ballads	
Let nature be your teacher	The Tables Turned	
Imagination is the soul of poetic genius	Biographia Literaria	Samuel Tailor Coleridge
Poetry is the first and last of all knowledge-it is as immortal as the heart of man	Lyrical Ballads	
Love is flower like, friendship is like a sheltering tree	Youth and Age	
The love of mother is the veil of a softer light between the heart and the heavenly father	-	
Adversity is the first path to truth	Don Juan	Lord Byron
They never fail who die in a great cause	-	
Friendship is love without wings	L'amitié, Est L'amour Sans Ailes	
A drop of ink may make a million think	-	
Those who will not reason, are bigots, those who cannot, are fools, and those who dare not, are slaves	The Two Foscari	
Sorrow is knowledge, those that know the most must mourn the deepest	Manfred	
I deny nothing, but doubt everything		
The great object of life is sensation- to feel that we exist, even though in pain	Childe Harold's Pilgrimage	
Always laugh when you can, it is cheap medicine	-	
And thus the heart will break, yet brokenly live on	Childe Harold's Pilgrimage	
Revenge is sweet - especially to women	Don Juan	
I have drunken deep of joy, And I will taste no other wine tonight	The Cenci	Percy Bysshe Shelley
My name is Ozymandias, king of kings: Look on my works, ye Mighty, and despair!	Ozymandias	
If winter comes, can spring be far behind?	Ode to the West Wind	
Fear not for the future, weep not for the past	Canto XI	
We look before and after, And pine for what is not	To a Skylark	
A poet is a nightingale who sits in darkness and sings to cheer its own solitude with sweet sounds	A Defence of Poetry and Other Essays	
Nothing is so painful to the human mind as a great and sudden change	Frankenstein	Mary Shelley
Beware; for I am fearless, and therefore powerful	Frankenstein	
No man chooses evil because it is evil; he only mistakes it for happiness, the good he seeks	A Vindication of the Rights of Men	
Beauty is truth, truth beauty; that is all ye know on earth, and all ye need to know	Ode on a Grecian Urn	John Keats
A thing of beauty is a joy forever; Its loveliness increases; it will never Pass into nothingness	Endymion	
Scenery is fine-but human nature is finer	Letter to Benjamin Bailey	
Love is my religion-I could die for it	Letter to Fanny Brawne	
Only the wearer knows where the shoe pinches	Nothing ever becomes real 'til it is experienced	

Quotes	Source	Author
My love is selfish I cannot breathe without you	Bright Star	
My imagination is a monastery, and I am its monk	Letter to Percy Bysshe Shelley	
My heart aches, and a drowsy numbness pains My sense, as though of hemlock I had drunk	Ode to a Nightingale	
Prejudice is the child of ignorance	Men and Manners: Sketches and Essays	**William Hazlitt**
Poverty is the test of civility and touchstone of friendship	Characteristics: in the manner of Rochefoucault's Maxims	

Potential Questions & Answers

01. Who is the author of "The Rime of the Ancient Mariner"?
(a) William Wordsworth (b) S.T. Coleridge (c) W. Somerset Maugham (d) Sir Walter Scott

02. Who wrote the novel 'Emma'?
(a) Charles Lamb (b) Walter Scott (c) Jane Austen (d) Jane Taylor

03. Who wrote 'Ode to a Nightingale'?
(a) pope (b) Shelley (c) Wordsworth (d) Keats

04. Who wrote 'Beauty is truth, truth beauty'?
(a) Shakespeare (b) Wordsworth (c) Keats (d) Eliot

05. "Ode to the West Wind" is by—
(a) Keats (b) Shelley (c) Coleridge (d) Wordsworth

06. Who is considered to be the Rebel Poet in English Literature?
(a) Walter Scot (b) Lord Byron (c) John Keats (d) John Austin

07. Lord Byron was an.....poet.
(a) Anglo-Scottish (b) Irish (c) American (d) Italian

08. William Wordsworth is called the "Poet of Nature"? Because—
(a) He deals with nature in his poems (b) He deals with nature in his everyday life
(c) He deals with nature in his all kinds of works (d) He deals with nature as a lover

09. Who wrote "The Excursion"?
(a) Thomas Gray (b) Dr. Samuel Johnson (c) Samuel Richardson (d) William Wordsworth

10. Mary Shelley is the wife of—.
(a) John Keats (b) Charlotte Bronte (c) Percy Bysshe Shelley (d) Salman Rushdie

11. "Poetry is the spontaneous overflow of powerful feelings: it takes its origin from emotion recollected in tranquility." Says-
(a) Samuel Taylor Coleridge (b) William Wordsworth
(c) Percy Bysshe Shelley (d) John Keats

12. "Ten thousands saw I at a glance". — Who said this?
(a) Shakespeare (b) Coleridge (c) Keats (d) Wordsworth

13. 'The Rime of the Ancient Mariner' is —
(a) play (b) short story (c) novel (d) poem

14. The literary work "Kubla Khan" is—
(a) a history by Vincent Smith (b) a verse by Coleridge
(c) a drama by Oscar Wilde (d) a short story by Somerset Maugham

15. Who wrote 'Lyrical Ballads'?
(a) William Wordsworth and S. T. Coleridge (b) William Wordsworth and William Blake
(c) S.T. Coleridge and William Blake (d) P.B. Shelley and William Wordsworth

16. Who wrote 'Dejection An Ode'?
(a) William Blake (b) S.T. Coleridge (c) John Keats (d) William Wordsworth

17. Who is called the 'Poet of supernaturalism' and 'Opium eater'?
(a) Lord Byron (b) William Blake (c) John Keats (d) S.T. Coleridge

18. Lucy is written by—.
(a) S. T. Coleridge (b) P. B. Shelley (c) Lord Byron (d) William Wordsworth

19. William Wordsworth was a —.
(a) novelist (b) historian (c) poėt (d) dramatist

20. One of the following was a Romantic poet—
(a) Tennyson (b) Arnold (c) Shelley (d) Browning

21. Most important feature of a romantic poetry is—.
(a) Beauty (b) Nature (c) Subjectivity (d) Imagination

22. Who is known as the Poet of Skylark and Winds?
(a) Lord Byron (b) John Keats (c) W. Wordsworth (d) P. B Shelley

23. Who is called the poet of beauty?
(a) William Wordsworth (b) P.B. Shelley (c) John Keats (d) Shakespeare

24. Lyrical Ballads was published in the year—
(a) 1798 (b) 1770 (c) 1779 (d) 1775

25. Who was appointed the 'Poet Laureate' among the romantic poets in 1843?
(a) S.T. Coleridge (b) John Keats (c) Lord Byron (d) William Wordsworth

26. Who wrote the poem 'Don Juan'?
(a) William Wordsworth (b) William Blake (c) Lord Byron (d) John Keats

27. John Keats is known as a romantic poet. So is–
(a) T.S Eliot (b) Lord Tennyson (c) Lord Byron (d) G.M Hopkins

28. 'Prejudice is the child of ignorance;" – who said these lines?
(a) John Keats (b) Lord Byron (c) P.B. Shelly (d) W. Wordsworth

29. "The music in my heart I bore Long after it was heard no more". These lines are from the poem—
(a) The Solitary Reaper by Wordsworth (b) Ode to a Nightingale by John Keats
(c) To a lady with a guitar by P.B. Shelley (d) Elegy Written in a country churchyard by Thomas Gray.

30. Keats belonged to —
(a) Eighteenth Century (b) Nineteenth Century (c) Twentieth Century (d) Seventeenth Century

31. Ode on a Grecian Urn – Who is the poet of the poem?
(a) Wordsworth (b) Shelley (c) Shakespeare (d) Keats

32. Which Romantic poet died of tuberculosis?
(a) P.B. Shelley (b) Robert Burns (c) S.T. Coleridge (d) John Keats

33. A famous English poet who was professionally known as a man of medicine is –
(a) Shelley (b) Keats (c) Milton (d) Pope

34. "The music in my heart I bore Long after it was heard no more." These lines are from the poem —
(a) The Solitary Reaper by Wordsworth (b) Ode to a Nightingale by John Keats
(c) To a lady with a guitar by P.B Shelley – (d) Elegy written in a country churchyard by Thomas Gray

35. Who is the author of 'Heaven and Earth'?
(a) Lord Tennyson (b) William Wordsworth (c) Lord Byron (d) John Keats

36. 'The Vision of Judgment' was written by–
(a) Swift (b) G B Shaw (c) Mark Twain (d) Lord Byron

37. The 'Solitary Reaper' is a–
(a) heroic poem (b) romantic poem (c) classical poem (d) didactic poem

38. Who is called the "Poet of childhood"?
(a) William Blake (b) William Shakespeare (c) William Caxton (d) William Wordsworth

39. "Talisman" is written by–
(a) Edmund Walter (b) Edmund Spenser (c) Daniel Defoe (d) Sir Walter Scott

40. "The Trumpet of prophecy! O wind. If winter comes, can spring be far behind' Who is the poet of these lines?
(a) P. B. Shelley (b) William Wordsworth (c) John Keats (d) Robert Browning

Answers

01	b	02	c	03	d	04	c	05	b	06	b	07	✡	08	a	09	d	10	c
11	b	12	d	13	d	14	b	15	✡	16	b	17	d	18	d	19	c	20	c
21	c	22	d	23	c	24	a	25	d	26	c	27	c	28	a	29	✡	30	b
31	d	32	d	33	b	34	✡	35	c	36	d	37	b	38	d	39	d	40	a

বিশেষ দ্রষ্টব্য: সম্প্রিয় বিসিএস প্রার্থী, উত্তরমালায় কিছু প্রশ্নের উত্তর না দেয়া থাকলেও আমরা বিশ্বাস করি আপনারা পরিপূর্ণ আত্মবিশ্বাসের সাথেই সঠিক উত্তরে বৃত্ত ভরাট করতে পারবেন।

Chapter 08

(1832-1901)

The Victorian Period

বিশ্বজুড়ে ব্রিটিশ উপনিবেশের জয়জয়কার। ব্রিটিশ সাম্রাজ্যে সূর্য কখনো অস্তমিত হয় না। ভারত, আমেরিকা আর আফ্রিকাকে নিঃশেষে শুষে নিয়ে সম্পদে সমৃদ্ধ হচ্ছে লন্ডন। ইংল্যান্ড জুড়ে শিল্পায়নের ছড়াছড়ি। নিত্যনতুন প্রযুক্তির সমাহার। একদিকে যেমন আছে বস্তিতে শ্রমিকের দুঃখক্লিষ্ট জীবন, অপরদিকে ব্রিটিশ ইতিহাসের সবচেয়ে সমৃদ্ধির সময়ে সমাজের উঁচুতলায় পাখা মেলছে পরিশীলিত ফ্যাশন, চরিত্রের চুলচেরা পরিমাপ ব্রিটিশ ভদ্রতা। জনতার কাছে রাষ্ট্র ও রাজ্য পরিচালনায় আংশিক সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা, ভোটাধিকার এলে ভিক্টোরিয়ান সাহিত্যের আনুষ্ঠানিক সূচনা হয়।

উপন্যাসের এই স্বর্ণযুগে সূচিত হয়েছে সিরিয়াল প্রকাশনা, ম্যাগাজিনে ধারাবাহিক প্রকাশ। বৈজ্ঞানিক কল্পকথা (Science Fiction) এর সূচনা এই সাহিত্যযুগে। HG Wells এর অমর কীর্তি *The Time Machine* এবং *War of the Worlds* এর মাধ্যমেই বৈজ্ঞানিক কল্পকথা তার শেকড় খুঁজে পেয়েছে। মার্কস এঙ্গেলসের কমিউনিস্ট ম্যানিফেস্টোর শ্রেণি অসচেতনতার জনমনে দীর্ঘস্থায়ী প্রভাব ফেলে। তারচেয়ে বেশি আলোড়ন তোলে Charles Darwin-এর *On The Origin of Species (1959)* এর বিবর্তনবাদে। রক্ষণশীল চার্চ এ ভক্তি ও বিজ্ঞানের শীতল ছায়ার মধ্যে ঘোলাটে Smog-এ ঢেকে যায় মনোজগৎ। Jeremy Bentham এর Utilitarian Philosophy এবং John Stuart Mill এর Individualism (ব্যক্তিস্বাতন্ত্র্যবাদ) এই যুগের মূল দার্শনিক কাজ। মহারানি Victoria এর নামানুসারে এই যুগের (1832-1901) নামকরণ করা হয়েছে 'Victorian Age'। রানি ভিক্টোরিয়া 20 June, 1837 খ্রিষ্টাব্দ হতে 22 January, 1901 খ্রিষ্টাব্দ পর্যন্ত ইংল্যান্ডের সিংহাসনে অধিষ্ঠিত ছিলেন। তাঁর ৬৪ বছরের রাজত্বকালই মূলত Victorian Period হিসেবে পরিচিত। এই যুগকে বলা হয় ইংল্যান্ডের জনগণের জন্য 'অগ্রগতি ও সমৃদ্ধির যুগ'। সাহিত্যের ক্ষেত্রে এ যুগকে ইংরেজি উপন্যাসের স্বর্ণযুগ বলা হয়। আর এ যুগে রোমান্সধর্মী ও বাস্তবধর্মী দুই ধরনের লেখনীর মিশ্রণ ঘটে।

Victorian যুগের দুইটি উপ-বিভাগ হলো:

Victorian Period Timeline

- **1830** First Intercity Train
- First Reform Act (Voting rights to middle class) **1832**
- **1836** Picwikck Papers by Dickens
- Queen Victoria's inauguration **1837**
- **1838** Chartism Movement
- Fox Talbot's Photograph **1839**
- **1842** Mudie's Circulating Library
- Advent of Telegraph **1844**
- **1854** Crimean war
- Evoluation **1859**
- **1867** Second Reform Act (Voting rights to lower class)



Illustration: First Reform Act

(i) The Pre-Raphaelites (1848-1860): এই সময় Dante Gabriel Rossetti, W.H. Hunt ও অন্যান্য ইংরেজ চিত্রশিল্পীরা (Painters) 'Pre-Raphaelites' নামক সংগঠন প্রতিষ্ঠা করেছিলেন।

(ii) The Aestheticism & Decadence (1880-1901): এ সময়ে ইংরেজি সাহিত্যে মননশীলতা ও মানের পতন হয়েছিল।

দুঃখবাদ ও সন্দেহবাতিকতা, গীতিময় প্রকাশভঙ্গি, সঙ্গীতধর্মী কবিতা, গরীবদের দুর্দশার বর্ণনা, প্রাচীন মূল্যবোধের বিলুপ্তি নিয়ে অসন্তুষ্টি, পার্থিব উন্নতি, নৈতিক অবক্ষয় ইত্যাদি ছিল Victorian যুগের সাহিত্যের প্রধান বৈশিষ্ট্য। এ যুগে শিল্পায়ন ও বাণিজ্যের অগ্রগতি গরীবদের আরও গরীব ও ধনীদের আরও ধনীতে পরিণত করে। মেয়েদেরকে গৃহকর্মী ও ধনী পরিবারের সন্তানদের গৃহ শিক্ষিকা হিসেবে নিযুক্ত হওয়া ছাড়া সকল সুবিধা থেকে বঞ্চিত করা হত। তবুও এযুগে বেশ কয়েকজন নারী সাহিত্যিক সাহিত্যাঙ্গনে নিজেদের আসন তৈরি করে নিয়েছিলেন।

ভিক্টোরিয়ান সাহিত্যের উল্লেখযোগ্য বৈশিষ্ট্য

বৈশিষ্ট্য	বোধ	উদাহরণ
Serialization ক্রমিককরণ	ভাড়ার লাইব্রেরি (Circulating Libraries) ও ম্যাগাজিনে ধারাবাহিক উপন্যাস প্রকাশ হতে থাকে। লেখার মাধ্যমে অর্থ উপার্জনের স্বর্ণযুগ বলা যেতে পারে।	Charles Dickens- এর প্রথম উপন্যাস *The Pickwick Papers* প্রকাশের পরই বাজিমাত করে। তাঁর হাত ধরেই পরবর্তীতে *Bildungsroman* (একটি জীবনের ধারাবাহিক বর্ণনা) ও তিন ভলিউম ফরম্যাট বা *Three Decker* জনপ্রিয়তা পায়।
Industrialization শিল্পায়ন	শিল্পায়নের সমৃদ্ধি আর নগরের দারিদ্র্যক্লিষ্ট জীবনের বৈপরীত্যে ভরা সংমিশ্রণ এই সাহিত্যযুগের প্রধান থিম।	Elizabeth Gaskell এর *North and South* উপন্যাসে এই থিমটি খুব ভালোভাবে উঠে এসেছে। গ্রাম থেকে আসা Margaret Hale এর চোখে শিল্পায়নের বিধ্বংসী প্রভাব দেখি আমরা কল্পিত Milton Town এর জনজীবনে।
Class Consciousness শ্রেণি সচেতনতা	নতুন গড়ে ওঠা মধ্যবিত্ত শ্রেণি আর শিল্প শ্রমিকের অধিকার দাবি। উচ্চবংশীয় ফকির আর বংশহীন ধনীর সামাজিক অবস্থান সংশয়ও অনেক সাহিত্যের উপজীব্য।	Henry James এর *The Portrait of a Lady* উপন্যাসে Isabel Archer একজন বংশহীন ধনী। বিভিন্ন উচ্চবংশীয় ফকিরের বিবাহপ্রস্তাব পেয়ে পালিয়ে তার দিন কাটে। শেষমেশ সে যখন বিয়েতে রাজি হয়, তখনো দেখা যায় তার সিদ্ধান্ত ভুল হয়েছিল।
Science vs Religion ধর্ম বনাম বিজ্ঞান	ডারউইনের প্রাকৃতিক নির্বাচন তত্ত্ব ঐশ্বরিক সৃষ্টিতত্ত্বের মূলে এসে আঘাত করে। ভিক্টোরিয়ান যুগের অনেক গল্পেরই মূল উপজীব্য মানুষ বনাম প্রকৃতি।	Thomas Hardy-র উপন্যাস *Return of the Native* গল্পে এমন একটা নির্যাস পাওয়া যায়। নায়ক Clement Yeobright শহরের সফল জীবন রেখে Edgon Heath এ তার নিজভূমিতে ফেরত যায়। সেখানকার মানুষ ও প্রকৃতি তাকে বারবার পরীক্ষায় ফেলে।
Progress and Reforms অগ্রগতি ও সংশোধন	দুই দফায় ভোটাধিকার সংশোধন আর শ্রমিকের অধিকার নিয়ে চার্টিজম আন্দোলন হয়। ব্রিটিশ ইতিহাসের সেরা দুই প্রধানমন্ত্রী Disraeli ও Gladstone এই যুগের প্রতিনিধি।	ঐতিহাসিক উপন্যাস *Middlemarch*-এ ঔপন্যাসিক George Eliot ১৮৩২ এর প্রথম রিফর্মেশনের প্রেক্ষাপট তুলে ধরেছেন চারটি স্বাধীন গল্পে। এর মধ্যে Dorothea Brooke এর বুদ্ধিবৃত্তিক জীবনের চাহিদার অপূর্ণতা আর ডাক্তার Tertius Lydgate এর সংঘাতময় বৈবাহিক জীবনের গল্পে সেই সময় ফুটে উঠেছে স্পষ্ট।
Nostalgia অতীতপ্রীতি	আধুনিকতার বিশৃঙ্খলা থেকে পালিয়ে বাঁচার বোধ যোগাতো অতীতের ইতিকথা।	Alfred Tennyson এর *Ulysses* কবিতায় ট্রোজান যুদ্ধফেরত Ulysses তার রাজত্ব ছেড়ে রোমাঞ্চের তাড়নায় বেরিয়ে পড়তে চায়। ফিরে যেতে চায় পুরাতন সেই সময়ে যখন শৌর্য আর রোমাঞ্চই ছিল পৌরুষের আপ্তবাক্য।
Woman Rights নারী অধিকার	নারী অধিকার আন্দোলনের প্রথম পদযাত্রা শুরু হয় এই যুগে। প্রভাবটা সাহিত্যেও আসে। অনেক নারী সাহিত্যিকও কাজ করেন এই যুগে। যেমন- জর্জ এলিয়ট, ব্রন্টি বোনেরা।	*Silly novels by lady novelists* ধারণাটি ভেঙেছেন George Eliot । তাঁর *Jane Eyre* উপন্যাসে Jane চরিত্রটি এক নতুন নারীত্বের প্রতিনিধি। গভার্নেস Jane প্রেমে পড়েন তার রহস্যময় নিয়োগকর্তা Rochester এর। তিনি তাঁর প্রেমকে সফল করেই ছাড়েন।
Utilitarianism উপযোগিতাবাদ	সর্বোচ্চ সংখ্যক মানুষের জন্য সর্বোচ্চ পরিমাণ সুখ। Jeremy Bentham আর John Stuart Mill এর কাজের মধ্যে দিয়ে বিকশিত হয়, প্রভাব রাখে।	Charles Dickens এর *Hard Times* উপন্যাসে দার্শনিক প্রেক্ষাপট সরাসরি উঠে এসেছে। Thomas Gradgrind তার সন্তানদের ছোটবেলা থেকে যুক্তিবাদী, তথ্যভিত্তিক ও আত্মকেন্দ্রিক করে গড়ে তোলে। ফলে তাদের পূর্ণবয়সে পতন হয় নির্মম। অন্যদিকে পালিত কন্যা Sissy Jupe সবার মাঝে আনন্দ বিলানোর দর্শন নিয়ে শান্তির সুবাতাস বয়ে আনে।

Previous Years' BCS Preli Questions & Answers

01. The story of 'Moby Dick' centres on- [44th BCS]
(a) a mermaid (b) a whale (c) a crocodile (d) a shark

02. Who is the author of 'Jane Eyre'? - [43rd BCS]
(a) Charlotte Bronte (b) Emily Bronte (c) Jane Austen (d) Mary Shelley

03. 'Moby Dick' a novel, was written by- [43rd BCS]
(a) Herman Melville (b) Nathaniel Hawthorne (c) Mark Twain (d) William Faulkner

04. 'Vanity Fair' is a novel written by- [41st BCS]
(a) D. H. Lawrence (b) Virginia Woolf (c) Joseph Conrad (d) William Makepeace Thackeray

05. 'Pip' is the protagonist in Charles Dickens' novel- [41st BCS]
(a) A Christmas Carol (b) A Tale of Two Cities (c) Oliver Twist (d) Great Expectations

06. 'Made weak by time and fate, but strong in will to strive, to seek, to find, and not to yield' is taken from the poem written by- [41st BCS]
(a) Robert Browning (b) Matthew Arnold (c) Alfred Tennyson (d) Lord Byron

07. Who is the author of the first scientific romance 'The Time Machine'? [41st BCS]
(a) H. G. Wells (b) Samuel Butler (c) Henry James (d) George Moore

08. Tennyson's 'In Memoriam' is an elegy on the death of- [40th BCS]
(a) John Milton (b) John Keats (c) Arthur Henry Hallam (d) Sydney Smith

09. Who is the central character of 'Wuthering Height'' by Emily Bronte? [40th BCS]
(a) Mr. Earnshaw (b) Catherine (c) Heathcliff (d) Hindley Earnshaw

10. 'The old order changeth, yielding place to new.' – This line is extracted from Tennyson's poem-[40th BCS]
(a) The Lotos Eaters (b) Tithonus (c) Locksley Hall (d) Morte d' Arthur

11. Who translated the 'Rubaiyat of Omar Khayyam' into English? [40th BCS]
(a) Thomas Carlyle (b) Edward Fitzgerald (c) D.G. Rossetti (d) William Thackeray

12. 'A Christmas Carol' is a ___ by Charles Dickens. [39th BCS]
(a) ballad (b) sketch story (c) historical novel (d) short novel

13. Robert Browning was a — poet. Fill in the gap with appropriate word. [37th BCS]
(a) Romantic (b) Victorian (c) Modern (d) Elizabethan

14. 'David Copperfield' is a/an——novel. [36th BCS]
(a) Victorian (b) Elizabethan (c) Romantic (d) Modern

15. Which of the following books is written by Thomas Hardy? [36th BCS]
(a) Vanity Fair (b) The Return of the Native (c) Pride and Prejudice (d) Oliver Twist

16. London town is found a living being in the works of– [36th BCS]
(a) Thomas Hardy (b) Charles Dickens (c) W. Congreve (d) D.H. Lawrence

17. Find the odd-man-out —— [35th BCS]
(a) George Eliot (b) Thomas Hardy (c) Joseph Conrad (d) James Joyce

18. Class relations and societal conflict is the key understanding of —[35th BCS]
(a) Feminism (b) Formalism (c) Structuralism (d) Marxism

19. Who wrote the two famous novels, 'David Copperfield' and 'The Tale of Two Cities' [29th BCS]
(a) Thomas Hardy (b) Jane Austen (c) George Eliot (d) Charles Dickens

20. "Into the — of death rode the six hundred". [29th BCS]
(a) city (b) tunnel (c) road (d) valley

21. Browning was the composer of any of the following poems—[17th BCS]
(a) Two Voices (b) The Scholar Gipsy (c) Andrea del Sarto (d) Oneone

22. In which century was the Victorian period? [16th BCS]
(a) 17th century (b) 18th century (c) 19th century (d) 20th century

23. Who is the poet of the 'Victorian Age'? [11th BCS]
(a) Helen Keller (b) Matthew Arnold (c) Shakespeare (d) Robert Browning

24. 'Justice delayed is justice denied' was stated by—[11th BCS]
(a) Disraeli (b) Emerson (c) Gladstone (d) Shakespeare

Answers

01	b	02	a	03	a	04	d	05	d	06	c	07	a	08	c	09	c	10	d	11	b	12	d
13	b	14	a	15	b	16	b	17	a	18	d	19	d	20	d	21	c	22	c	23	b,d	24	c

THE VICTORIAN PERIOD এর কিংবদন্তি সাহিত্যিক

Lord Alfred Tennyson (1809-1892)

Poems

- In Memoriam
- Oenone
- Ulysses
- Maud
- Mariana
- Tithonus
- The Princess
- Tears, Idle Tears
- Break, Break, Break
- The Charge of the Light Brigade
- The Locksley Hall
- Crossing the Bar
- The Lotus-Eaters
- Idylls of the King
- The Lady of Shalott

Comedy

- The Falcon
- Harold
- Queen Marry

শৈশব, পরিবার ও বন্ধুত্ব Alfred Tennyson এর জীবন ও সাহিত্যকর্মের বীজ এখানে প্রোথিত। জন্মেছেন পুরাতন লিঙ্কনশায়ারে এক ধর্মযাজকের ঘরে। ১২ সন্তানের মধ্যে আলফ্রেড চতুর্থ। তাঁর কাব্যপ্রতিভার প্রথম প্রকাশ Timbuctoo. কবিতাটি একটি প্রতিযোগিতায় প্রথম পুরস্কার পায়। এই সম্মাননার সুবাদেই পরিচয় ঘটে Arthur Henry Hallam এর সাথে। ক্যামব্রিজের অভিজাত সংঘ Apostles এ ও অন্তর্ভুক্ত হবার সুযোগ পান সেখানে বন্ধু আর্থারের সাথে চার বছর হৃদ্যতার সম্পর্ক কবির জীবনে সবচেয়ে দীর্ঘস্থায়ী প্রভাব রাখে।

Arthur Hallam এর মৃত্যু, পারিবারিক মৃগীরোগ, পিতার মদ্য আসক্তি ও তিন ভাইয়ের মানসিক অবসাদ এসব মিলিয়ে কবির জীবনে হতাশা নেমে আসে, ঠিক এই সময়টাতেই জীবনের সেরা সাহিত্যগুলো রচনা করেন কবি। ছন্দ ও প্রবাহের সহজাত ক্ষমতা Tennyson কে নিজ ক্ষেত্রে অনন্য করেছে। নেতিবাচক প্রকৃতি যেমন লোভ, সম্পদ লিপ্সায় বিয়ে, একাকীত্ব, খুন ইত্যাদি বরাবর তাঁর সাহিত্যকর্মে উঠে এসেছে। ব্যক্তি জীবনে Tennyson সফল হয়েছিলেন। রানি Victoria এর খুব পছন্দের ব্যক্তি ছিলেন। ১৮৬১তে রাজকবি হন। ব্যারন উপাধি ও একটি এস্টেটও রাজপরিবার থেকে পান তিনি। সেই থেকেই lord নামটি জুড়ে যায়। তাঁর অমর উক্তি —

Tis Better to have loved and lost than never to have loved at all.
— *In Memoriam of A.H.H*

Robert Browning (1812-1889)



Dramatic Monologue

- Rabbi ben Ezra
- Home thoughts from abroad
- The Bishop Orders His Tomb
- Soliloquy of the Spanish Cloister
- My Last Duchess
- Andera del Sarto
- Fra Lippo Lippi
- The Statue and The Bust
- The Last Ride Together
- A Grammarian Funeral
- Love among the Ruins
- The Arab Physician

প্রথমে তাঁর পরিচয় হয়েছিল Elizabeth Barret এর স্বামী, এখন আমরা তাঁকে চিনি তাঁর নাটকীয় আত্মকথন (Dramatic Monologue) আর হ্যামেলিনের বাঁশিওয়ালা *(The Pied Piper of Hamelin)* এর জন্য।

Robert Browning জন্ম নেন এক ব্যাংক কর্মকর্তার পরিবারে, লন্ডনে। স্বচ্ছল সংসারের সুবিধা তিনি ভালোই পেয়েছিলেন। সমস্ত জীবন জুড়ে কবি হওয়া ছাড়া দ্বিতীয় কোনও অর্থনৈতিক চিন্তা করতে হয় নাই। নাটক লেখার একটি অম্লমধুর চেষ্টা অবশ্য ছিলো তাতে বিচলিত হবার কিছু নেই। Robert Browning এর জীবনে দুই জন মানুষের প্রভাব সর্বাধিক, প্রথমত, সিনিয়র Robert Browning, কবির বাবা, তাঁরও শিল্প সাহিত্যে ঝোঁক ছিল। জীবন বাস্তবতায় ব্যাংকার হন। সন্তানের শিল্প চেষ্টায় তাঁর পূর্ণ সমর্থন ছিলো। ব্রাউনিং এর প্রাতিষ্ঠানিক শিক্ষা অসম্পূর্ণ হলেও তাঁর পিতার ব্যতিক্রমী স্বশিক্ষায় কবির কাব্য জীবনে অভিনব সব উপাদান এসেছিল।

দ্বিতীয় জন হলেন কবিপত্নী Elizabeth Barret Browning. এই নারী কবির কাব্য ও চরিত্র দুটোকেই ভালোবেসে ছিলেন কবি। স্বল্প সময়ের বিবাহিত জীবনে দুই মহান কবির সান্নিধ্য ইংরেজি সাহিত্যে রত্নমালা উপহার দিয়েছে।

Browning এর Dramatic Monologue ও দুর্বোধ্য থিম ও ছন্দের ব্যবহার অভিনব। তিনি দীর্ঘ সময় সপরিবারে ইতালিতে কাটিয়েছেন। তাঁর রচনায় শেলির প্রভাব ছিলো।

Dramatic Poetry	Paracelsus	Dramatic Lyrics (1842)	Porphyria's Lover
Other Works	Men and Women	The Pied Piper of Hamelin	The Ring and the Book

Charles Dickens (1812-1870)

Novels

- The Pickwick Papers
- Our Mutual Friend
- The Mystery of Edwin Drood (Unfinished)
- Great Expectations
- Nicholas Nickleby
- A Tale of Two Cities
- Bleak House
- Hard Times
- Oliver Twist
- A Christmas Carol

Short Stories

- Sketches by Boz
- The Mudfog Papers
- Master Humphrey's Clock
- Sketches of Young Couples
- Reprinted Pieces
- Boots at the Holly-tree Inn: And Other Stories
- Sketches of Young Gentlemen

সাংবাদিকতা Charles Dickens কে দুটো জিনিস দিয়েছিল-
১। মানুষের মনোযোগ ধরে রাখার ক্ষমতা,
২। নিজ মতামতের পক্ষে স্পষ্ট অবস্থান বজায় রাখা।
আর অতিরিক্ত সুবিধা হিসেবে পেয়েছিলেন অজস্র গল্প আর চরিত্রের সাক্ষাৎকার। Charles Dickens এর জন্ম এক নৌ অফিস কেরানির ঘরে। ১২ বছর বয়সেই তাঁকে জুতা কালো করার কারখানায় কাজে নেমে যেতে হয়েছিল। এরই মধ্যে প্রাতিষ্ঠানিক শিক্ষা যতটুকু হয়েছিল তা-ই নিয়ে জীবনযুদ্ধে ঝাঁপিয়ে পড়েছেন এই মহান লেখক।
Dickens এর জীবনী শক্তি ছিল অনন্য, সর্বক্ষণ ব্যস্ত ও আগ্রহী থাকতেন কাজে। কোর্টরুমের সংবাদ লিখে বিভিন্ন পত্রিকায় বিক্রি করে আয় করতেন। এরই সাথে সাহিত্য প্রচেষ্টাও ছিল।

Boz ছদ্মনামে ছোট স্কেচ লিখে প্রথম নজরে আসেন। Chronick পত্রিকায় অলংকরণসহ প্রকাশিত হয় *Pickwick Papers*. সাহিত্য জগতে বিপ্লব নিয়ে আসে এই উপন্যাস।
সাহিত্যিক হিসেবে সুখ্যাতি ছড়িয়ে গেলেও সাংবাদিকতা থেকে সরেন নাই Dickens। Timothy Sparks ছদ্মনামে সংসদীয় আইন খসড়ার তীব্র সমালোচনা লিখতেন।

চরিত্রের জীবন কাহিনি বর্ণনায় *Bildungsroman* ধাঁচের উপন্যাসে তাঁর মূল কাজগুলো নিহিত। সমাজের নিচুতলার মানুষের জীবন আর নগরের ঘনিষ্ঠ দারিদ্র্য মলিন রূপে তাঁর উপন্যাসে বারবার এসেছে। আত্মজৈবনিক উপাদান গুলোও অনেকবার এসেছে তাঁর উপন্যাসে। সমাজ বিশ্লেষণ ও সামসময়িক জীবনের চিত্রায়ন তাঁর লেখাকে ঐতিহাসিক মাত্রা দিয়েছে।

Charlotte Bronte (1816-1855)

Novels

- The Professor
- Shirley
- Jane Eyre

১৮৪৮ সালের সেপ্টেম্বর থেকে ১৮৪৯ সালের মে, এই অল্প ক'দিনে পরপর তিন সহোদরের মৃত্যু দেখেন Charlotte Bronte. মহাবিস্ময় Bronte পরিবারের জ্যেষ্ঠ সদস্য তিনি। তাঁর দুঃখটাই সবচেয়ে বেশি তাই।
ঠিক কী কারণে অথবা কীভাবে Charlotte, Emily, Anne এত উঁচুমানের সাহিত্যিক হলেন সে কার্যকারণ নিরূপণ করা কঠিন। ধর্মযাজক পিতা সন্তানদের শিক্ষা ও শিল্প সাধনায় গুরুত্ববহ কোনও অবদান রাখেন নাই। প্রাতিষ্ঠানিক শিক্ষার মানও খুব ভালো জোটে নাই এঁদের কপালে। তবু তিন বোন Currer Bell, Ellis Bell and Acton Bell ছদ্মনামে কালজয়ী কিছু সাহিত্য সৃষ্টি করে ফেললেন।

বড় বোন Charlotte এর উপন্যাসে কম্পোজিশনের সৌন্দর্য অনন্য। ভাষাগত দক্ষতা ও চেনা শব্দ দিয়ে অচেনা অথচ অর্থবহ শব্দবন্ধ নির্মাণের আশ্চর্য ক্ষমতা ছিলো তাঁর। জীবনসঙ্গী হিসেবে কোনও শিল্পানুরাগী তাঁর কপালে জোটে নাই। তবে তাঁর প্রচ্ছন্ন আত্মজীবনীতে Jane Eyre কে সেই অতৃপ্তিতে তিনি রাখেন নাই। গর্ভধারণজনিত জটিলতায় মাত্র ৩৮ বছর বয়সেই এই মহান শিল্পীর ক্ষণজীবন সাঙ্গ হয়। অদ্ভুত বিষয় হলো, তিনিই তাঁর সহোদরদের মধ্যে সবচেয়ে দীর্ঘ জীবনটি উপভোগ করেছেন।

George Eliot (1819-1880)

Poems

- Brother and Sister
- Arion
- Agatha
- The Death of Moses
- The Choir Invisible
- A Minor Prophet
- Two Lovers
- The Spanish Gypsy
- I Grant You Ample Leave
- How Lisa Loved the king
- A College Breakfast Party
- In a London Drawing room
- Armgart
- The Legend of Jubal
- Stradivarius
- Count That Day Lost

Novels

- Adam Bede
- The Mill on the Floss
- Felix Holt Romola
- Middlemarch
- Daniel Deronda
- Silas Marner

George Eliot এর প্রকৃত নাম Mary Ann Evans। তিনি ছিলেন একজন ঔপন্যাসিক, কবি, সাংবাদিক, অনুবাদক ও Victorian যুগের প্রধান সাহিত্যিকদের মধ্যে অন্যতম। ব্যক্তিগত জীবনে নির্ঝঞ্ঝাট থাকার জন্য এবং একজন নারী হিসেবে তাঁর সাহিত্য যেন আলাদা ভাবে মূল্যায়িত না হয় সেজন্য তিনি ছদ্মনামে লিখতেন। তিনি The Westminster Review পত্রিকার সম্পাদক ছিলেন। এটি মুক্তভাবে মতামত প্রকাশের জন্য অন্যতম গুরুত্বপূর্ণ একটি পত্রিকা ছিলো। যেখানে Victorian Period এর অন্যান্য নারী লেখকরা রোমান্স বা নারীদের জন্য উপযুক্ত এমন বিষয়বস্তু নিয়ে উপন্যাস লিখতেন যেখানে Eliot তৎকালীন নারীদের প্রকৃত অবস্থা, সামাজিক মর্যাদা ও বিয়ের ক্ষেত্রে নারীদের অধিকারের বিষয়গুলো সমালোচনামূলক দৃষ্টিতে তুলে ধরেন।

ভিক্টোরিয়ান নারী হিসেবে George Eliot এর সাহসিকতা অতুলনীয়। সেই ভিক্টোরিয়ান আমলে তাঁর এক বিবাহিত ছেলেবন্ধুর সাথে প্রেম ছিলো আর সেটা তিনি গোপন করার কোনও প্রয়োজন বোধ করেননি। চরিত্রের মনোজগত বিশ্লেষণ তাঁর উপন্যাসের প্রধান অনুসঙ্গ ছিলো। এই রীতিটি আধুনিক সাহিত্যিকরা সাদরে গ্রহণ করেন।

Matthew Arnold (1822-1888)

Poems

- A Summer Night
- Dover Beach
- Rugby Chapel
- Thyrsis
- Empedocles on Etna
- Sohrab and Rustum
- The Scholar Gipsy

Essays

- Culture and Anarchy
- Essays in Criticism
- Literature and Dogma
- The Function of Criticism
- The Study of Poetry

Matthew Arnold ছিলেন Victorian যুগের একজন কবি, সাহিত্য ও সংস্কৃতি সমালোচক (Cultural Critic)। তাকে বলা হয় **'Father of Modern Literary Criticism'**. তিনি ৩৫ বছর স্কুল পরিদর্শকের দায়িত্ব পালন করেন এবং ৫ বছরের জন্য Oxford এ Professor of Poetry পদে অধিষ্ঠিত ছিলেন। সেখানে Latin এর পরিবর্তে ইংরেজিতে বক্তৃতা দেওয়া প্রথম অধ্যাপক ছিলেন তিনি। তাঁর কবিতার শক্তিশালী বিষয়বস্তু ছিল মনস্তাত্ত্বিক ও একাকীত্বের সমস্যা। তাই তাঁকে 'Melancholic/Elegiac Poet' বলা হয়। তিনি কবিতাকে Criticism of Life বা 'জীবনের সমালোচনা' বলেছেন। তিনি Religious criticism ও করেছিলেন।

উপকথা থেকে বিষয়বস্তু গ্রহণের ভিক্টোরিয়ান বৈশিষ্ট্য তাঁর রচনায় ছিলো। *Sohrab and Rustum* এবং *Tristram and Iseult* এর কাহিনি মিথোলজি থেকে পাওয়া। মানুষের ক্রমহ্রাসমান ধর্মবিশ্বাসকে তিনি নবযুগে একাকীত্ব ও হতাশার কারণ মনে করতেন। বেশ কিছু রচনায় এই থিমটি প্রধান আঙ্গিকে এসেছে।

Thomas Hardy (1840-1928)



যদিও নিজেকে একজন কবি হিসেবে পরিচয় দিতে পছন্দ করতেন, Thomas Hardy প্রকৃতপক্ষে তাঁর উপন্যাসের জন্যই বেশি পরিচিত ছিলেন। উপন্যাস রচনার ক্ষেত্রে তিনি সামসময়িক অন্যান্য বাস্তববাদী সাহিত্যিক। যেমন: Charles Dickens এবং George Eliot দ্বারা প্রভাবিত হন এবং তাঁর রচনায় তৎকালীন ভিক্টোরিয়ান ইংরেজ সমাজের প্রতি নেতিবাচকতা প্রকাশ পায়। নোবেল পুরস্কারের জন্য তিনি ১২বার মনোনীত হয়েছিলেন কিন্তু পাননি।

ইংল্যান্ডের পূর্ব ডরচেস্টারশায়ারে রাজমিস্ত্রি পিতার পরিবারে জন্মান Thomas Hardy. আর্থিক স্বচ্ছলতা না থাকার কারণে ষোল বছর বয়সে পড়ালেখা ছেড়ে দিয়ে জেমস হিক্স নামের স্থানীয় এক স্থপতির কাছে শিক্ষানবিশ হিসাবে কাজ শুরু করেন। এরপর তিনি লন্ডনের কিংস কলেজে ভর্তি হন।

Thomas hardy এর প্রথম উপন্যাস *'The Poor Man and the Lady'* কখনো প্রকাশিত হয়নি। তিনি কোনো প্রকাশক খুঁজে পাননি। একপর্যায়ে বন্ধুর সতর্কবাণীতে আশ্বস্ত হয়ে পাণ্ডুলিপিটি ছিঁড়ে ফেলেন। উপন্যাসটি শ্রেণি সচেতনতার মতো স্পর্শকাতর বিষয় নিয়ে ছিলো। এরপর রচিত *Desperate Remedies (1871)* তাঁর প্রথম প্রকাশিত উপন্যাস।

তিনি কবিতাও লিখতেন। কবিতায় তাঁর অনুরাগ বর্তেছিল পূর্বসূরি রোমান্টিকদের দ্বারা, বিশেষ করে Wordsworth. উপন্যাসে সফল হলেও নিজেকে "কবি" বলে পরিচয় দিয়েই শান্তি পেতেন। Thomas Hardy ভিক্টোরিয়ান যুগের একজন আধুনিক লেখক। তাঁর ধর্মবিশ্বাস যেমন ভেঙেছিল তেমনি তিনি উপন্যাসের উপজীব্য করেছিলেন ডারউইন অনুপ্রাণিত প্রকৃতি ও জীবনে দ্বৈরথ। তাঁর উপন্যাসের নায়কেরা নিষ্ঠুর পৃথিবীতে বেঁচে থাকার চেষ্টাতেই গল্পের উপজীব্য হয়ে ওঠে।

Literary Works

- Desperate Remedies
- Under the Greenwood Tree
- Far from the Madding Crowd
- The Return of the Native
- Jude the Obscure
- The Mayor of Casterbridge
- Tess of the d'Urbervilles

Poems

- The Shadow on the Stone
- The Man He Killed
- The Ruined Maid
- The Darkling Thrush
- In Time of 'The Breaking of Nations
- Neutral Tones
- The Voice
- The Convergence of the Twain
- A Pair of Blue Eyes

Oscar Wilde (1854-1900)

আইরিশ বংশোদ্ভূত নাট্যকার (Playwright), কবি, ঔপন্যাসিক, সমালোচক Oscar Wilde ছিলেন উনবিংশ শতাব্দীর শেষ দিকে লন্ডনের খ্যাতিমান ব্যক্তিদের একজন। তিনি শিল্পের উপর সেন্সরশিপের বিরোধীতা করতেন, তিনি বিশ্বাস করতেন– "শিল্প শিল্পের জন্য"। তাঁর লেখা নাটকগুলোকে Comedy of Entertainment বলা হয়ে থাকে। তিনি Farcical Play বা প্রহসন রচনার ক্ষেত্রে পাণ্ডিত্য দেখিয়েছেন। Oxford এর স্নাতকধারী এই লেখক The Lady's World পত্রিকার সম্পাদক ছিলেন। সমকামিতার অভিযোগে তাঁকে জেল খাটতে হয়েছিলো। মেনিনজাইটিস রোগে আক্রান্ত হয়ে মাত্র ৪৬ বছর বয়সে তিনি মারা যান।

Plays	The Importance of Being Earnest Lady Windermere's fan Vera; or, The Nihilists Salomé: A Tragedy in One Act	A Woman of No Importance The Duchess of Padua An Ideal Husband
Short Stories	The Portrait of Mr. W. H. The Happy Prince and Other Tales	A House of Pomegranates Lord Arthur Savile's Crime and Other Stories
Poems	Ravenna Poems The Sphinx	Poems in Prose The Ballad of Reading Goal
Novel	The Picture of Dorian Gray	

Author	Short Bio	Major Works	
John Henry Newman (1801-1890)	তিনি ছিলেন একজন ইংরেজ ধর্মযাজক ও কবি। তিনি "Oxford Movement" এর একজন নেতা ছিলেন।	**Novel**	🕮 Loss and Gain
		Prose	🕮 The Idea of University
		Poem	🕮 The Dream of Gerontius
Alexandre Dumas (1802-1870)	ফ্রান্সের সর্বাধিক পঠিত লেখকদের একজন Duma। তিনি তাঁর ইতিহাস আশ্রিত অ্যাডভেঞ্চার উপন্যাসের জন্য বিখ্যাত। ব্যাতিক্রমধর্মী পুরুষ চরিত্রকে কেন্দ্র করে বেশ কিছু উপন্যাস লিখেছেন তিনি। এর মধ্যে The Count of Monte Cristo সবচেয়ে বেশি খ্যাতিমান।	**Novel**	🕮 The Count of Monte Cristo 🕮 The Three Musketeers 🕮 The Man in the Iron Mask
Victor Hugo (1802-1885)	একজন ফরাসি সাহিত্যিক, চিত্রশিল্পী, নাট্যকার, রাজনীতিবিদ এবং মানবাধিকারকর্মী। তাঁকে উনিশ শতকের সবচেয়ে প্রভাবশালী রোমান্টিক লেখক হিসেবে বিবেচনা করা হয়।	**Novel**	🕮 Les Misérables 🕮 The Hunchback of Notre-Dame 🕮 The Man Who Laughs 🕮 Ninety-three
Ralph Waldo Emerson (1803-1882)	আমেরিকান প্রাবন্ধিক, কবি ও প্রভাষক। সাহিত্যকর্মের চেয়ে সাংস্কৃতিক আন্দোলনের প্রাণ সঞ্চার করেই তিনি বেশি বিখ্যাত হন। তাঁর বক্তৃতাগুলোও বিখ্যাত হয়।	**Prose**	🕮 Nature *(Transcendentalism মতবাদের প্রতিষ্ঠা করার চেষ্টা থাকে এই প্রবন্ধে)*
Nathaniel Hawthorne (1804-1864)	আমেরিকান ঔপন্যাসিক, Dark romantic ও ছোট গল্পের লেখক।	**Novel**	🕮 The House of the Seven Gables 🕮 Twice- Told Tales 🕮 The Scarlet Letter
John Stuart Mill (1806-1873)	সমকালীন দর্শনের গুরুত্বপূর্ণ ব্যক্তিত্ব। ইংরেজ রাজনীতি ও অর্থনীতিবিদ, সেইসাথে একজন দার্শনিক ও সরকারি কর্মকর্তা। তিনি Individualism বা ব্যক্তিস্বাতন্ত্র্যবাদের জনক হিসেবে স্বীকৃত।	**Prose**	🕮 A System of Logic 🕮 Utilitarianism 🕮 Essay on Economics and Society
Elizabeth Barret Browning (1806-1861)	ইংরেজ মহিলা কবি। ভিক্টোরীয় যুগের সবচেয়ে গুরুত্বপূর্ণ কবিদের একজন। মাত্র ১৫ বছর বয়সে মাথা ও মেরুদণ্ডের ব্যথায় আক্রান্ত হন ও তাতে আমৃত্যু ভোগেন। প্রথমে তাঁর লেখা ও পরে ব্যক্তিত্বের প্রেমে পড়েছিলেন আরেক মহারথী Robert Browning. তাঁদের বিবাহিত জীবন কেটেছে ইতালিতে। সমাজ ও মনস্তত্ত্ব সচেতনতা তাঁর কাব্যকে ভিন্ন মাত্রা দিয়েছিল। তিনি ক্রীতদাস প্রথা ও শিশুশ্রম বিলুপ্তির পক্ষে আন্দোলন চালান। জীবদ্দশায় তিনি খ্যাতি ও সম্মান পেয়েছেন যা অনেক কবির কপালে জোটে না।	**Poetry**	🕮 Sonnets from the Portuguese
		Autobiography: Aurora Leigh	
		Novel	🕮 A Curse for a Nation 🕮 Casa Guidi Windows 🕮 Poems Before Congress 🕮 The Cry of Children
Edgar Allan Poe (1809-1849)	তাঁকে বলা হয় Earliest Practitioner of English Short Story এবং Inventor of the Modern Detective Fiction. তাঁর লেখায় অতিপ্রাকৃত, রহস্য ও বৈজ্ঞানিক কল্পকাহিনির উপাদান পাওয়া যায়। বিশেষ করে তাঁর ছোটগল্পগুলো যেমন *Loss of Breath, The Black Cat, The Oval Portrait, The Tell Tale Heart, The Gold Bug, The Light House* এরকম রহস্যময় আবহ তৈরি করে। তাঁর *To Helen:* এই কবিতা অবলম্বনেই জীবনানন্দ দাস 'বনলতা সেন' কবিতাটি লিখেছিলেন।	**Novel**	🕮 The Narrative of Arthur Gordon Pym of Nantucket
		Poems	🕮 To Helen 🕮 The Raven 🕮 Al Aaraaf 🕮 Annabel Lee 🕮 The Bells The City in the Sea 🕮 The Conqueror Worm 🕮 A Dream Within a Dream 🕮 Eldorado 🕮 Eulalie 🕮 The Haunted Palace 🕮 Lenore 🕮 Tamerlane
Edward Fitzgerald (1809-1883)	Edward Fitzgerald ছিলেন একজন ইংরেজ কবি ও লেখক।	তিনি ফারসি ভাষার কবি **Omar Khayyam** এর *Rubaiyat* বইটি ইংরেজি ভাষায় অনূদিত করেন।	
William Makepeace Thackeray (1811-1863)	তিনি তৎকালীন ব্রিটিশ ভারতের কলিকাতায় 1811 সালে জন্মগ্রহণ করেছিলেন। তিনি ছিলেন একজন ঔপন্যাসিক, সাংবাদিক ও প্রাবন্ধিক। এছাড়াও তিনি Punch নামের একটি সংবাদপত্রের সম্পাদক ছিলেন । তিনি উপন্যাসের সাহায্যে উচ্চ ও মধ্যবিত্ত ইংরেজ সমাজের সমালোচনা করেছিলেন।	**Novel**	🕮 Vanity Fair 🕮 The New Comes 🕮 The Yellow Plush 🕮 Correspondence 🕮 The Luck of Barry Lyndon 🕮 Pendennis 🕮 The Virginians

Author	Short Bio	Major Works	
Emily Brontë (1816-1855)	Bronte পরিবারের দ্বিতীয় কন্যা Emily কবি ও ঔপন্যাসিক হিসেবে খ্যাতি পেয়েছিলেন। তিনি Ellis Bell ছদ্মনামে লিখতেন। *Wuthering Heights* উপন্যাসটি ইংরেজি সাহিত্যে Emily Bronte'র সেরা অবদান।	**Novel**	🕮 Wuthering Heights
		Poem	🕮 The Prisoner 🕮 The Visionary 🕮 No Coward Soul
Karl Marx (1818-1883)	Karl Marx 1818 সালে জার্মানিতে জন্মগ্রহণ করেন। তিনি ছিলেন দার্শনিক, অর্থনীতিবিদ, সাংবাদিক ও সমাজতন্ত্র বিষয়ক প্রবক্তা। সমাজ, অর্থনীতি, ও রাজনীতিসংক্রান্ত তাঁর তত্ত্বসমূহ Marxism বা মার্ক্সবাদ নামে পরিচিত।	**Prose**	🕮 Das Kapital 🕮 The Poverty of Philosophy 🕮 Communist Manifesto
Sir Richard Francis Burton (1821-1890)	তিনি ছিলেন একজন লেখক, ভাষাবিদ, অনুবাদক, অভিযাত্রী, সৈনিক ও কূটনীতিবিদ। তিনি প্রায় ২৬টি ভাষা জানতেন। সাহিত্যে তাঁর প্রধান অবদান মূলত অনুবাদকর্ম।	*The Book of the Thousand Nights and One Night:* অনূদিত আরব্য লোকসাহিত্য। এটি **The Arabian Nights** (আলিফ লায়লা) নামেও বিখ্যাত	
Fyodor Dostoyevsky (1821-1881)	তিনি একজন রাশিয়ান লেখক ও দার্শনিক। অনেকের মতে সর্বকালের সর্বশ্রেষ্ঠ ঔপন্যাসিক। তাঁর কাজের কলেবর দীর্ঘ। কথিত আছে, Dostoyevsky এর নিজের লেখা কোনদিন প্রুফ দেখেন নাই।	**Novel**	🕮 Crime and Punishment 🕮 The Idiot 🕮 The Eternal 🕮 A Little Hero
Leo Tolstoy (1828 -1910)	Leo Tolstoy ছিলেন বিখ্যাত রাশিয়ান ঔপন্যাসিক ও ছোটগল্পকার। তবে তিনি পরবর্তীতে নাটক এবং প্রবন্ধও রচনা করেন। অনেকের মতেই সর্বকালের অন্যতম শ্রেষ্ঠ এই সাহিত্যিকের Nobel পুরস্কার না পাওয়া এখনও একটি বিতর্কের বিষয়।	**Novel**	🕮 War and Peace 🕮 Anna Karenina 🕮 Resurrection
		Prose	🕮 A Confession
Sir Arthur Conan Doyle (1850-1894)	Sir Arthur Conan Doyle ছিলেন একজন স্কটিশ চিকিৎসক এবং লেখক। তিনি Crime Fiction বা অপরাধ কল্পকাহিনি জাতীয় গল্প রচনার জন্য বিখ্যাত।	**Novel**	🕮 Sherlock Holmes 🕮 The Lost World
Rudyard Kipling (1865-1936)	মূলত তার অসাধারণ শিশু সাহিত্যের জন্য সুখ্যাতি লাভ করেন। ছোটগল্প রচনার আধুনিক শিল্প নির্দেশনার একজন অন্যতম উদ্ভাবক হিসেবেও তাঁর পরিচিতি রয়েছে। তাঁর রচনায় White Savior Trope বহুবার এসেছে। তিনি ১৯০৭ সালে সাহিত্যে নোবেল পুরস্কার লাভ করেন।	**Novel**	🕮 The Jungle Book 🕮 Just So Stories 🕮 Kim 🕮 Captains Courageous 🕮 If 🕮 Gunga Din 🕮 The White Man's Burden
Herbert George Wells (1866-1946)	তিনি মূলত তাঁর কল্পবিজ্ঞান উপন্যাস ও ছোটগল্পগুলোর জন্য সমধিক পরিচিত। তবে তিনি সামসময়িক উপন্যাস, ইতিহাস, রাজনীতি ও সামাজিক বিষয়গুলি নিয়েও বহু গ্রন্থ রচনা করেছিলেন। জুল ভের্নের সঙ্গে তাঁকেও "কল্পবিজ্ঞানের জনক" আখ্যা দেওয়া হয়। Wells ছিলেন একজন ঘোষিত সমাজবাদী। প্রথম বিশ্বযুদ্ধ শুরু হলে, তিনি যুদ্ধকেই সমর্থন করেন। পরবর্তীকালে তাঁর রচনা বিশেষভাবে রাজনৈতিক ও নীতিবাদী চরিত্র লাভ করে।	**Novel**	🕮 Ann Veronica 🕮 The Outline of History 🕮 The Country of the Blind 🕮 The Red Room 🕮 The Time Machine 🕮 The Invisible Man 🕮 The War of the Worlds 🕮 The Island of Doctor Moreau 🕮 The First Men in the Moon 🕮 The Shape of Things to Come 🕮 When the Sleeper Wakes
Maxim Gorky (1868-1936)	Maxim Gorky (মাক্সিম গোর্কি) ছিলেন একজন রুশ এবং সোভিয়েত লেখক। তিনি সমাজতান্ত্রিক বাস্তববাদী সাহিত্যের প্রতিষ্ঠাতা, তাই তাঁকে বলা হয় Father of Socialist Realism।	**Novel**	🕮 The Mother
		Autobiography: My Childhood	
Nikolai Gogol (1819-1898)	তিনি একজন ইউক্রেনীয় বংশোদ্ভূত রুশ লেখক। Gogol এর সবচেয়ে নামকরা রচনা হলো *Dead Souls*, যাকে আধুনিক রুশ উপন্যাসের পথিকৃৎ বলে গণ্য করা হয়। Gogol সম্বন্ধে আরেক বিখ্যাত রুশ সাহিত্যিক Fiodor Dostoevsky বলেছেন, *"We all come out from Gogol's 'Overcoat'."*	**Novel**	🕮 Dikanka 🕮 Mirgorod 🕮 The Government Inspector 🕮 Petersburg Tales 🕮 Dead Souls 🕮 Taras Bulba 🕮 Evenings on a Farm Near

THE VICTORIAN PERIOD এর গুরুত্বপূর্ণ সাহিত্যকর্ম

In Memoriam by Lord Alfred Tennyson



প্রিয় বন্ধু Arthur Henry Hallam এর মৃত্যুশোক ১৭ বছর দীর্ঘ সময় বুকে লালন করে এই দীর্ঘ কবিতাটি লেখেন Lord Alfred Tennyson. প্রথমে এই কবিতার শিরোনাম ছিল *'The Way of The Soul'*. শোককে সম্ভাব্য সব দৃষ্টিভঙ্গি থেকে ভেঙে দেখার কাজটি তিনি পুনঃপুন দৃঢ়তায় করে গেছেন। দার্শনিক ও ধর্মতত্ত্বের আঙ্গিকগুলো এই কবিতাকে কালোত্তীর্ণ করেছেন। শোকের কিছু একটা উপযোগ Tennyson খুঁজে গেছেন তাঁর বিশ্বাসে।

By faith, and Faith alone, embrace,
Believing where we cannot prove.

Prologue ও Epilogue সহ ২,৯১৬ লাইন দীর্ঘ কবিতাটি ১৩৩ টি ক্যান্টোতে বিভক্ত। কবিতাটি চার লাইনের স্তবকে ABBA ক্রমে Iambic Tetrameter ছন্দে রচিত। পুরো কবিতা জুড়ে একই ছন্দের ব্যবহার একে শোক সঙ্গীতের গুরু হিসেবে প্রতিষ্ঠিত করে। ছন্দটি এখন *In memoriam* স্তবক আকৃতি হিসেবে পরিচিত।



The Lotos Eaters by Lord Alfred Tennyson

বন্ধু Arthur Hallam এর সাথে স্পেন ভ্রমণে গিয়ে সেখানকার প্রাকৃতিক সৌন্দর্যে মুগ্ধ ও অনুপ্রাণিত হয়ে ভিক্টোরিয়ান কবি Alfred Tennyson যে কয়টি কবিতা লিখেছিলেন তার মধ্যে অন্যতম *The Lotos Eaters*. এই কবিতাটির কাহিনি গ্রিক মহাকবি Homer-এর *Odyssey* মহাকাব্যের নবম ভাগ থেকে সরাসরি সংগৃহীত। পৌরাণিক বীর Odysseus এর ক্লান্ত নাবিকদল যুদ্ধ থেকে জন্মভূমি ইথাকায় ফেরার পথে অচেনা এক দ্বীপে নেমে পড়ে। সে দ্বীপে তাদের অভ্যর্থনা জানায় ঘোর লাগা চোখের কিছু মানুষ যারা তাদের Lotos নামক ফল খেতে দেয়। এই ফল খেলে মানুষ এক নেশাময় ঘুমের জগতে চলে যায়, বাইরের দুনিয়া নিয়ে তাদের আর কোন মাথাব্যথা থাকে না। হোমারের কাহিনিতে যদিও নাবিকরা এক সময় ঐ দ্বীপ ছেড়ে পালায় কিন্তু *The Lotos Eaters* কবিতায় নাবিকেরা বিভ্রমের শান্তিময় নিশ্চিন্ত জগতেই থেকে যাওয়ার সিদ্ধান্ত নেয়।

Vanity Fair by William Thackeray



ভিক্টোরিয়ান যুগের ইংরেজ লেখক Willam Thackeray একটি ক্লাসিক উপন্যাস, যা ১৮৪৭ সালে Punch ম্যাগাজিনে প্রথম ক্রমিক আকারে প্রকাশিত হয়েছিল। তৎকালীন সমাজের বাস্তবতার প্রতি লেখকের শ্লেষাত্মক দৃষ্টিভঙ্গি এই উপন্যাসে ফুটে উঠেছে। উপন্যাসটি বর্ণিত হয়েছে একটি পুতুল নাচের আখ্যানের মাধ্যমে। উপন্যাসটি Rebecca Sharp নামক এক দৃঢ় ইচ্ছাশক্তিসম্পন্ন কিন্তু দরিদ্র যুবতী এবং তার বন্ধু Amelia Sedley নামক এক ভালো স্বভাবের ধনী যুবতী– এই দুই জনের জীবন অনুসরণ করে। নেপোলিয়ন যুদ্ধের পটভূমিতে লেখা উপন্যাসটিতে প্রেম, বিয়ে এবং পরিবারে মেয়েদের দুর্দশা ফুটে উঠেছে। Rebecca চরিত্রটি নৈতিকতার ধার ধারে না, প্রয়োজনের তাগিদে সে তার জ্ঞান ও প্ররোচনা করার ক্ষমতা প্রয়োগ করে। বিপরীত দিকে Amelia, যাকে প্রাথমিকভাবে উপন্যাসের নায়িকা হিসাবে চিত্রিত করা হয়েছে, সে স্বভাবে মিষ্টি ও পছন্দনীয় হলেও পরিবারের একান্ত আজ্ঞাবহ। পরিস্থিতির শিকার হয়ে Rebecca সেবিকার কাজ করতে বাধ্য হয় কিন্তু এক ধনীকে বিয়ে করতে পারে, অপরদিকে Amelia এমন এক লোককে বিয়ে করে যে ধনী পরিবারের হলেও তার অহংকারী পিতার কারণে উত্তরাধিকার সূত্রে প্রাপ্য সম্পদ থেকে বঞ্চিত হয়। *Vanity Fair* উপন্যাসটি Thackeray-এর একটি মাস্টারপিস হিসেবে বর্তমানে বিবেচিত হয়। সেই সময় ও সমাজের সূক্ষ্মস্তরে পৌঁছে বাস্তবতাকে তুলে আনা এই উপন্যাসের স্বার্থকতা। উপন্যাসটির আরেকটি বিশেষ দিক হলো এই উপন্যাসের মূল দুই চরিত্রই নারী। পূর্ববর্তী কোনও উপন্যাসে এমন দেখা যায় না।

My Last Duchess by Robert Browning

ভিক্টোরিয়ান যুগের অন্যতম প্রধান কবি Robert Browning তাঁর কবিতায় Dramatic Monologue ব্যবহারের জন্য সবচেয়ে বেশি বিখ্যাত হয়ে আছেন। এই ধরনের কোনো কবিতায় একজন বক্তা থাকেন যে একাকী কাল্পনিক শ্রোতার উদ্দেশ্যে দীর্ঘ বক্তব্য দেন। Browning রচিত *My Last Duchess* কবিতাটি এরকমই Dramatic Monologue এর একটি উৎকৃষ্ট উদাহরণ। এ কবিতাটি সত্যিকারের ঘটনা দ্বারা অনুপ্রাণিত, কবিতাটির বক্তা Alfonso, The Duke of Ferrera কিছুদিন আগেই তাঁর স্ত্রীকে হারিয়েছেন এবং আবারো বিয়ের জন্য নতুন এক সম্ভ্রান্ত পরিবারের মেয়ের সংবাদ নিয়ে দূত এসেছে। Duke তাকে নিয়ে তার প্রাসাদ ঘুরিয়ে দেখাচ্ছিলেন, এমন সময় পর্দায় ঢাকা একটি ছবির সামনে তারা আসলেন, এটি ছিলো তাঁর সদ্য বিদেহী স্ত্রী Lucrezia di Cosimo de' Medici এর ছবি। Duke তখন তার সাবেক স্ত্রী সম্পর্কে বলতে শুরু করেন এবং সেই মহিলা সবার সাথে হাসি মুখে কথা বলতো, প্রশ্রয় দিতো – এসব নিয়ে তিনি যে রুষ্ট ছিলেন, তা প্রকাশ পেতে থাকে। কবিতা যত আগায়, ততই এক সময় পাঠকের কাছে স্পষ্ট হতে থাকে, হয়তো চরম ঈর্ষার বশবর্তী হয়ে, Duke স্বয়ং তার স্ত্রী, তার *Last Duchess* কে চিরতরে নীরব করিয়ে দিয়েছেন, কবিতার এই দুইটি লাইন এক্ষেত্রে উল্লেখ্য – *"[he] gave commands; / Then all smiles stopped together."* এখন Duke তার স্ত্রীর হাস্যোজ্জ্বল ছবি একটি পর্দার আড়ালে রাখেন যাতে শুধু তিনিই তার হাসি দেখতে পান।



Great Expectations by Charles Dickens

অল্প যে কয়জন সাহিত্যিক নিজের চোখে তাঁর সাহিত্যকর্মের চরম জনপ্রিয়তা ও ব্যবসায়িক সাফল্য দেখে যেতে পেরেছিলেন, ভিক্টোরিয়ান যুগের সবচেয়ে বিখ্যাত উপন্যাসিক Charles Dickens তাদের মধ্যে অন্যতম। আর তাঁর ১৩তম উপন্যাস *Great Expectations* যেমন তুমুল পাঠকপ্রিয়তা পেয়েছিলো, তেমন যুগে যুগে সাহিত্যিক ও সমালোচকদের কাছ থেকেও ভূয়সী প্রশংসা পেয়েছে। Dickens এর আরো অনেক বিখ্যাত উপন্যাসের মত এই উপন্যাসেও ভিক্টোরিয়ান যুগের লন্ডনের অতিবাস্তব চিত্র তুলে ধরেছে- আরো অনেক বেশি তীব্রভাবে। যদিও উপন্যাসটির মূল চরিত্র Philip Pirrip বা Pip ছাড়াও আরো অনেক বিচিত্র চরিত্রের ঘনঘটা দেখা যায় এতে। এরমধ্যে উল্লেখযোগ্য হলো চিরকুমারী হয়ে থাকার শপথ নেওয়া Miss Havishan; যিনি সর্বদা বিয়ের পোশাক পরে থাকেন; তার সুন্দরী কিন্তু শীতল হৃদয়ের পালক মেয়ে Estella; খেয়ালী কিন্তু কোমল ও দয়ালু স্বভাবের Joe ইত্যাদি। উপন্যাসটিতে দারিদ্র্যের বিপরীতে সম্পদ, ভালোবাসার বিপরীতে প্রত্যাখ্যান এবং সর্বোপরি মন্দের উপর ভালোর চূড়ান্ত বিজয়কে দেখানো হয়েছে। পুরো উপন্যাস জুড়ে Pip তার মনে বিশাল প্রত্যাশা অর্থাৎ *"Great Expectations"* নিয়ে খুব ছোট থেকে বড় হয়। সে সম্মান চায়, অর্থনৈতিক ভাবে স্বচ্ছল হতে চায়, Estella এর ভালোবাসা চায়; কিন্তু জীবন-সংসারের বিচিত্র উত্থান-পতনের খেলায় সে উপলব্ধি করে, মানুষের জীবনের সব আশা আকাঙ্ক্ষা পূরণ হয় না। যদিও উপন্যাসের শেষে Estella এর হৃদয়ে পরিবর্তন আসে, সে Pip এর কাছে ক্ষমা চায়, কিন্তু পুরো উপন্যাস জুড়েই দেখা যায় ভাগ্যের কাছে মানুষ কত অসহায়।



Wuthering Heights by Emily Bronte

ভিক্টোরিয়ান যুগের নারী উপন্যাসিক Emily Bronte রচিত এই উপন্যাসকে বলা হয় মানবীয় আবেগের অর্থাৎ প্রেম, ঘৃণা হিংসা, প্রতিশোধের এক অভূতপূর্ব আখ্যান। উপন্যাসের নায়িকা Catherine এর বাবা ইয়র্কশায়ারের জমিদার বাড়ি Wuthering Heights এর জমিদার Mr. Earnshaw একদিন রাতে রাস্তায় বেড়ে উঠা অভিভাবকহীন কৃষ্ণাঙ্গ Heathcliff কে নিয়ে আসেন। দুরন্ত প্রাণ চঞ্চল Catherine এর সাথে Heathcliff এর বন্ধুত্বপূর্ণ সম্পর্ক গড়ে ওঠে। কিন্তু Catherine এর ভাই Hindlaye Heathcliff কে পছন্দ করতো না। কারণ তাদের পিতা Hindlaye এর চেয়ে Heathcliff কে বেশি পছন্দ করতো এবং Catherine ও Hindley এর মায়ের মৃত্যুর পর তাদের বাবা Heathcliff কে আরো বেশি গুরুত্ব দিতো। Catherine ঘটনাক্রমে Thrushcross Grange এর আরেক জমিদার পুত্র Linton এর মায়ায় জড়িয়ে পড়ে ও তাকে বিয়ে করে। এই ঘটনায় কষ্ট পেয়ে Heathcliff বাড়ি ছেড়ে পালায়। Linton কে ভালোবাসলেও Catherine তার শৈশবের বন্ধুকেও ভুলতে পারে না, এর প্রকাশ ঘটে তার কষ্টেভেজা মানবীয় আবেগের এই লাইনগুলোতে- *"My love for Heathcliff Resembles the eternal rocks beneath a source of little visible delight, but necessary."* পরবর্তীতে তিন বছর পর Heathcliff তার পূর্ব প্রেয়সীকে একটিবার দেখার জন্য Linton এর বাড়িতে আসে এবং Linton এর বোন Isabella এর সাথে তার প্রেম হয় ও তারা বিবাহ বন্ধনে আবদ্ধ হয়। Catherine এর বাচ্চা হবার সময় সে মৃত্যুবরণ করে। প্রিয়তমার মৃত্যু Heathcliff কিছুতেই মেনে নিতে পারে না, সে সব রাগ Isabella এর উপর ঝাড়ে। সে বলে ওঠে, *"How can I live without my soul?"* কিন্তু এক সময় Isabella ও Heathcliff এর একটি সন্তান প্রসব হয় এবং Hindlaye মৃত্যুবরণ করলে Heathcliff ই Wuthering Heights এর কর্তা হয়ে উঠে।

Moby Dick by Herman Melville



আমেরিকান উপন্যাসিক Herman Melville নিজের ধারণার চেয়েও প্রায় ১৮ মাস বেশি সময় পর যখন এই মহাকাব্যিক রোমাঞ্চ উপন্যাসটি লিখে শেষ করলেন, তাঁর ধারণাও ছিলো না, প্রায় শত বছর পর উপন্যাসটি অসংখ্য বিখ্যাত সাহিত্যিকদের কাছ থেকে ভূয়সী প্রশংসা পেতে শুরু করবে। কেননা ১৮৫১ সালে প্রকাশের পর উপন্যাসটি সমালোচকদের কাছ থেকে মিশ্র প্রতিক্রিয়া পায়, ব্যবসায়িকভাবেও খুব একটা সফলতা লাভ করতে পারেনি। কিন্তু পরবর্তীতে এই উপন্যাসটি নিয়ে নিজের মুগ্ধতা প্রকাশ করতে প্রখ্যাত ইংরেজ সাহিত্যিক D. H. Lawrence লিখেছিলেন, *"....one of the strongest and most wonderful books in the world!"*

উপন্যাসটি বর্ণিত হয়েছে Ishmael নামক একজন চরিত্রের বয়ানে, Moby Dick নামক এক সাদা স্পার্ম তিমি শিকার করার জন্য এক তিমি শিকারি জাহাজ Pequod এর নাবিক Captain Ahab এর একরোখা অভিযানের বর্ণনা পাওয়া যায় উপন্যাসটিতে। লেখক নিজে বেশ কিছুদিন তিমি শিকারি জাহাজে কাজ করেছিলেন, তাই উপন্যাসটিতে জাহাজের জীবন, তিমি শিকার ও তেল আহরণ, জাহাজে নানা জাতি ও চরিত্রের মানুষের মিথস্ক্রিয়া খুব বাস্তবসম্মতভাবে উঠে এসেছে। এই কাহিনি বর্ণনায় লেখক বাইবেল ও Shakespear এর রচনা থেকে যেমন অনুপ্রেরণা নিয়েছেন তেমন গান, কবিতা, *Soliloquies, Asides* ইত্যাদি নানান সাহিত্যিক উপকরণও ব্যবহার করেছেন। উপন্যাসটিতে দেখা যায়, Moby Dick নামক কুখ্যাত এক তিমি, যাকে ধরা অসম্ভব- এমন এক কিংবদন্তি ছিলো, তাকে ধরতে গিয়ে উপন্যাসের মূল চরিত্র Ahab একটি পা হারায়। তাই তার জীবনের একমাত্র লক্ষ্য হয়ে উঠে এই তিমিটিকে ধরা, পরিণতি সুখকর হবে না জেনেও অমোঘ আকর্ষণে সে নিজের নিয়তির দিকে ছুটে যায়। বইটিতে সামুদ্রিক অভিযানের রোমাঞ্চের পাশাপাশি ভালো ও মন্দের নিরন্তর লড়াই, ঈশ্বরের অস্তিত্ব, সামাজিক শ্রেণি বৈষম্য ইত্যাদি নানা বিষয়ে দার্শনিক দৃষ্টিভঙ্গিও ফুটে উঠেছিলো। এই উপন্যাসটি সম্পর্কে ব্রিটিশ সমালোচকদের মূল্যায়নের নির্যাসটি উল্লেখ করা যায়- *"... a phenomenal literary work, a philosophical, metaphysical, and poetic romance!"*

Under the Greenwood Tree by Thomas Hardy

১৮৭২ সালে বেনামে প্রকাশিত এই উপন্যাসটি Thomas Hardy এর দ্বিতীয় প্রকাশিত উপন্যাস যা তাঁর Wessex Novels ধারার প্রথম উপন্যাস। উপন্যাসটিতে এক গ্রাম্য গানের দলের সদস্য Dick Dewey এবং গ্রামের স্কুলশিক্ষিকা Fancy Day এর মধ্যে ভালোবাসার সম্পর্ক ও মিলন দেখানো হয়েছে। বড়দিন উপলক্ষ্যে গ্রামের স্কুলে গান গাইতে গিয়ে প্রথম দেখাতেই Fancy এর প্রেমে পড়ে যায় গায়ক Dick। এক সময় সে তার মন জয় করতেও সামর্থ্য হয়, গোপনে দুইজনের বাগদানও হয়ে যায়। কিন্তু এদিকে Fancy এর সৌন্দর্যে মুগ্ধ হয়ে ধনী ও অভিজাত আরো কিছু মানুষ তাকে বিয়ে করতে চায়। এদিকে সামাজিক ও আর্থিকভাবে যোগ্যতা কম হওয়ায় Fancy এর বাবাও শুরুতে Dick এর সাথে তার মেয়ের বিয়ে মেনে না নিলেও Fancy খাওয়াদাওয়া বন্ধ করে দিলে তিনি রাজি হন। এদিকে একদিন এক ধনী ব্যক্তি Fancy কে ভোগ-বিলাস ও স্বাচ্ছন্দ্যময় জীবনের লোভ দেখিয়ে হঠাৎ বিয়ের প্রস্তাব করে বসে, সে ক্ষণিকের মোহে রাজি হলেও পড়ে অপরাধবোধের কারণে এই কথা উঠিয়ে নেয় এবং Dick এর কাছে সব ঘটনা প্রকাশ করে তাকেই বিয়ে করতে মনস্থির করে। উপন্যাসের শেষ হয় Dick এবং Fancy এর বিয়ের আনন্দঘন অনুষ্ঠানের মাধ্যমে যেখানে তারা একে অপরকে আর কোনদিন কোন কথা গোপন না করার শপথ করে। লেখকের অন্যান্য বিখ্যাত উপন্যাস যেখানে ট্র্যাজিক কাহিনির জন্য বিখ্যাত, সেই তুলনায় এই উপন্যাসটি অনেক বেশিই মিলনাত্মক। সাহিত্য সামালোচকরা উপন্যাসটির মাধুর্যময় বর্ণনা ও মৌলিকতার জন্য উপন্যাসটিকে উচ্চ মর্যাদায় বিবেচনা করেন।

The Picture of Dorian Gray by Oscar Wilde



এই উপন্যাসটি Oscar Wilde এর একটি দার্শনিক দৃষ্টিভঙ্গিসম্পন্ন উপন্যাস। উপন্যাসটির কাহিনি আবর্তিত হয়েছে ডোরিয়ান গ্রে নামক এক যুবককে কেন্দ্র করে। ডোরিয়ানের সৌন্দর্যে মুগ্ধ হয়ে চিত্রশিল্পী বাসিল হলওয়ার্ড ডোরিয়ান এর একটি পূর্ণদৈর্ঘ্য তৈলচিত্র আঁকেন। বাসিলের মাধ্যমে ডোরিয়ানের পরিচয় হয় লর্ড ওটন নামক এক অভিজাত ব্যক্তির সাথে; যার মাধ্যমে সে সমাজের উচ্চশ্রেণির ভোগবাদী জীবনচর্চার প্রতি আকৃষ্ট হয়। সে বিশ্বাস করতে শুরু করে সৌন্দর্য ও নানান ইন্দ্রিয় সুখই মানব জীবনের মূল উদ্দেশ্য। কিন্তু সে এটিও উপলব্ধি করে, যে তার সৌন্দর্য ও যৌবন চিরকাল থাকবে না। তখন সে তার আত্মা বিক্রি করে দেয় চিরযৌবনের বিনিময়ে। এর ফলে প্রতিবার যখন সে কোন পাপ করে, তখন তার বদলে তার সেই চিত্রকর্মটি একটু করে বৃদ্ধ হতে থাকে। ডোরিয়ান ভাবে যে বাসিল যদি তার (ডোরিয়ানের) ছবিটি দেখে তাহলে সে ডোরিয়ানের অমরত্বের ব্যাপারটি জেনে যাবে। তাই সে বাসিলকে অপমান ও প্রত্যাখান করে। এতে বাসিল আত্মহত্যা করে। এরপর থেকে ডোরিয়ান প্রচণ্ড উচ্ছৃঙ্খল পাপ পঙ্কিলতার জীবনে ডুবে যায়। একসময় তার সুবোধ ফিরে, সে আবার সুস্থ জীবনে ফিরে আসতে চায় কিন্তু ততক্ষণে অনেক দেরি হয়ে গেছে। উপন্যাসের শেষে দেখা যায়, ডোরিয়ান তার সব পাপের উৎস ঐ ছবিটি ছুড়ি দিয়ে নষ্ট করতে চায়। কিন্তু অন্যরা তার চিৎকার শুনে আবিষ্কার করে, এক বৃদ্ধ ও কুৎসিত মানুষে পরিণত হওয়া ডোরিয়ান মরে পড়ে আছে আর ঐ চিত্রকর্মটি আবারো সুদর্শন হয়ে গেছে।

	Works	Author	Brief Summary
Poem	To Helen (1831)	Edgar Allan Poe	একটি রূপক কবিতা যা *Helen of Troy* প্রতিকৃতির মাধ্যমে একজন বয়স্ক মহিলার প্রতি কবির ভালবাসাকে চিত্রিত করে।
	Oenone	Lord Alfred Tennyson	গ্রিক পৌরাণিক চরিত্র Oenone এর চোখে দেখা প্রেমিক Paris এর ট্রোজান যুদ্ধজীবন। এই কবিতাটি টেনিসনের সরলতম Dramatic হিসেবে খ্যাত।
	Rubaiyat	Omar Khayyam/ Edward FitzGerald	ফারসি কবি ওমর খইয়্যামের কালজয়ী ক্ষুদ্র কবিতার সংকলন। ইংরেজি ভাষান্তর করেন এডওয়ার্ড ফিটজেরাল্ড। এই সংকলনটি অজ্ঞেয়বাদ ও সুফীবাদের মধ্যে এক দীর্ঘ বিতর্কের জন্ম দিয়েছিল। কবিতাগুলো গণিতবিদ ওমর খইয়ামের লেখা কিনা সেটাও অনিশ্চিত।
Prose	Das Capital	Carl Marx	মহাকাব্যিক কলেবরের এই গ্রন্থে জার্মান দার্শনিক কার্ল মার্কস ধনতন্ত্র ও পুঁজিবাদের দীর্ঘ বিশ্লেষণ করেছেন। এতে উপমা রূপক তো বটেই- বিশুদ্ধ গণিতের ব্যবহারও প্রশংসনীয়।
Novel	Crime and Punishment	Fyodor Dostoyevsky	সেন্ট পিটার্সবার্গের দরিদ্র ছাত্র Rodion Raskolnikov পরিকল্পনা করে, সে এক বৃদ্ধাকে হত্যা করে তার সব সম্পদ হাতিয়ে নেবে। এই ভাবনা, বাস্তবতা ও অন্তর্দ্বন্দ্বে এগিয়ে যায় এই মহাকাব্যিক উপন্যাস। আধুনিক সাহিত্যের অন্যতম শ্রেষ্ঠ নিদর্শন হিসেবে স্বীকৃত।
	War and Peace	Leo Tolstoy	লেখকের নিজস্ব মতামত, এটি একটি উপন্যাস নয়- বরং ঐতিহাসিক ক্রমধারা। ফরাসি বিপ্লবের সমসাময়িক থেকে রাশিয়ার দৃষ্টিকোণে দেখা ইউরোপীয় রাজনীতির পট পরিবর্তন এই লেখায় সাহিত্যিক সমাঙ্গে অনুবদ্ধ হয়েছে।
	Les Miserables	Victor Hugo	এই উপন্যাসে Jean Valjean এর সাহসিকতা এবং তার প্রতি সমাজের অবিচার চিত্রায়িত হয়েছে। এক টুকরো রুটি চুরির দায়ে ১৯ বছর জেল খাটতে হয় তাকে। জেল থেকে ছাড়া পেয়ে কঠোর পরিশ্রমের মাধ্যমের সফল শিল্পপতি এবং অবশেষে শহরের মেয়র হয়ে উঠার ঘটনা এই উপন্যাসের উপজীব্য। এখানে প্যারিসিয়ান সমাজের বড় একটি অংশের অবস্থা এবং তার সাথে সমাজের পেছনের অবস্থা তুলে ধরেছেন।
	Dead Souls	Nikolai Gogol	গোগোল বলতেন এটি একটি মহাকাব্যিক কথাসাহিত্য। এতে Pavel Ivanovich এর যাযাবর জীবনে দেখা রাশিয়ার সমকালীন অভিজাত সমাজের চিত্র ফুটে উঠেছে। উপন্যাসটি বাক্যমধ্যে হঠাৎ শেষ হয়েছে। আরও দুই খণ্ড লেখার কথা থাকলেও লেখক তার কথা রাখেন নাই।
	The War of the Worlds	H.G. Wells	বৈজ্ঞানিক কল্পকাহিনির মহাগুরু H.G. Wells এর লেখা এই উপন্যাসেই প্রথম ভিনগ্রহী প্রাণীর দ্বারা মানবজাতি আক্রান্ত হওয়ার গল্প চিত্রিত হয়। রূপকার্থে এটি বিবর্তনবাদ ও সমকালীন ঔপনিবেশিক আগ্রাসনের মেটা কমেন্টারি হিসেবে বিবেচিত।
Children	The Jungle Book	Rudyard Kipling	নেকড়ের ঘরে বড় হওয়া মানবশিশু Mowgli আর তার চারপাশের পরিবেশের সাথে মানিয়ে নিবার গল্প। শিশুসাহিত্য হলেও এটি বিবর্তনবাদের মেটা কমেন্টারি। এই গল্পগুলোর চরিত্র তালিকায় মোগলি বাদে বাকি সবাই বিভিন্ন প্রাণী। এর মধ্যে বাঘ "শের খান" আর ভাল্লুক "ভাল্লু" চরিত্র দুটি জনপ্রিয়।

THE VICTORIAN PERIOD এর সাহিত্যে প্রধান চরিত্রসমূহ

Ulysses from *Ulysses* by Lord Alfred Tennyson



১৮৩৩ সালে লিখিত ও ১৮৪২ সালে প্রকাশিত ভিক্টোরিয়ান কবি Lord Tennyson এর বিখ্যাত কবিতা *Ulysses*, প্রাচীন গ্রিক লোককথায় বর্ণিত ইথাকার রাজা Ulysses কবিতাটির কেন্দ্রীয় চরিত্র। ট্রয়ের বিরুদ্ধে যুদ্ধজয়ী বীর Ulysses ট্রয়ের যুদ্ধ শেষে তার নিজ রাজ্য ইথাকায় ফিরে আসে। স্বদেশে, স্বরাজ্যে ফিরতে তার দশ বছর সময় লাগে। ইতোমধ্যে তার পুত্র টেলিমেকাস পূর্ণ যুবক, স্ত্রী পেনিলোপি সম্পূর্ণ বৃদ্ধা। পিতার অবর্তমানে টেলিমেকাস ইথাকা রাজ্য শাসন করছেন। কবিতায় দেখা যায়, Ulysses ফিরে এসে রাজ্য পরিচালনার দায়িত্ব পুনরায় নিতে চাচ্ছেন না। তিনি বরং নতুন অভিযানে আগ্রহী জ্ঞান অনুসন্ধানে দৃঢ় সংকল্প- *"To strive, to seek, to find, and not to yield"*. দৃঢ় ব্যক্তিত্বের সাহসিকার অধিকারী Ulysses জীবনে বহু যুদ্ধ জয় করেছেন, শেষ বয়সে এসেও তিনি সমান সাহসী, সমান দৃঢ়। নিরুপদ্রব পারিবারিক জীবনে তিনি অনাগ্রহী। কোন বাধাকে পরোয়া না করে জীবনের শেষ দিন পর্যন্ত, শেষ অধ্যায় দেখা অবধি তিনি এগিয়ে যাবেন। Ulysses চরিত্রটির মাধ্যমে কবি কর্মময়তাকেই জীবনের সাফল্য দেখিয়েছেন, কর্মেই মুক্তি খুঁজেছেন। কবিতার প্রথম অংশে Ulysses একটি লাইন *"I will drink/ life to the lees"* অর্থাৎ, "আমি জীবনের তলানি পর্যন্ত পান করবো"– এটি দ্বারা যেমন মানুষের চিরন্তন অভিযানস্পৃহা, নতুনকে পাওয়ার আকাঙ্খা ফুটে ওঠে, তেমনি সমকালীন এবং আসন্ন ভোগবাদী সমাজের ইশারাও দেয়।

Tithonus from *Tithonus* by Lord Alfred Tennyson

উনবিংশ শতকের ইংরেজ কবি Lord Tennyson তাঁর *Tithonus* কবিতায় দক্ষতার সঙ্গে তুলে ধরছেন গ্রিক পুরাণের চরিত্র টিথোনাসের দুঃখ ভারাক্রান্ত কাহিনি। টিথোনাস ট্রয় নগরের এক সুদর্শন কিশোর। গ্রিক পুরাণে উষাদেবী অরোরার চোখ পড়ে তার উপর। দেবী তাকে বিয়ে করে নিয়ে যায় মেঘালয়ে। দেবীর প্রেমে অভিভূত কিশোর তার কাছে বর চায় যেন দেবতাদের মত সেও অমর হতে পারে। দেবী তার জন্য অমরত্বের ব্যবস্থা করে। কিন্তু Tithonus অমরত্বের সঙ্গে চিরযৌবন চাইতে ভুলে যায়। সময়ের পরিক্রমায় তার বয়স বাড়তে থাকে, সেই সঙ্গে পাল্লা দিয়ে বাড়ে রোগ-শোক-দুঃখ-জরা এবং অন্যান্য বালাই। এসবের ভারে কাবু হয়ে সে যেন মৃত্যুকে আলিঙ্গন করতে পারলেই বাঁচে। কিন্তু একবার বর দিয়ে সেটা কোন রকম রকমফের করা এমনকি দেবীর পক্ষেও সম্ভব নয়। চরিত্রটির মাধ্যমে কবি মূলত মৃত্যুর অনিবার্যতা এবং এটিকে গ্রহণ করার প্রয়োজনীয়তার মর্মস্পর্শী এক অভিব্যক্তি প্রকাশ করেছেন। Tithonus কে মানুষের থেকে আলাদা হতে চাওয়ার পরিণতি ভোগ করতে হয়েছে। এই চরিত্রটি পাঠকদের মনে করিয়ে দেয় যে, নিজের সীমার বাইরে কিছু কামনা করার শেষ পরিণতি সুখকর হয় না।

Abraham Ibn Ezra from *Rabbi Ben Ezra* by Robert Browning



১২ শতকের একজন প্রখ্যাত ফ্রেঞ্চ কবি, গণিতবিদ, এবং দার্শনিক *Abraham Ibn Ezra* এর জীবন সংগ্রামের উপর ভিত্তি করে ভিক্টোরিয়ান কবি Robert Browning তাঁর *Rabbi Ben Ezra* কবিতাটি রচনা করেন কিন্তু এটি তাঁর কোনো biography নয়। অনেক সাহিত্যবোদ্ধাদের মতে, কবি তাঁর নিজস্ব দার্শনিক দৃষ্টিভঙ্গিই Abraham Ibn Ezra এর জীবনের নানা ধাপের বর্ণনায় এই চরিত্রের মাধ্যমে পাঠকের সামনে তুলে ধরেছেন। বিখ্যাত এই "Dramatic Monologue" টি ১৯২টি লাইন নিয়ে গঠিত। বার্ধক্য যে শুধু অভিশাপই নয় বরং ক্ষেত্রবিশেষে ইতিবাচক এ ধরনের বার্তার ধারক এ কবিতাটি তরুণ বয়সের সাথে বৃদ্ধ বয়সকে তুলনা করেছে, দুই বয়সের মাঝে জ্ঞান ও প্রজ্ঞার, জীবনের ভিন্ন অবস্থায় মানুষের চাহিদার এবং আশা-আকাঙ্ক্ষার পার্থক্য দেখিয়েছে এবং তরুণ বয়সের বেপরোয়া আকাঙ্ক্ষাকে প্রাধাণ্য দিয়ে প্রত্যাশা ও হতাশার সাগরে নিমজ্জিত হওয়া উচিত নয়– এ ধারণাটিই Abraham Ibn Ezra চরিত্রটির মাধ্যমে কবিতাটিতে ফুটিয়ে তোলা হয়েছে। কবিতাটি পরমাত্মার প্রতি মানুষকে ধাবিত হতে এবং মৃত্যুর পরবর্তী জীবনকে প্রাধান্য দিতে বয়স থাকতেই প্রস্তুতি নিতে উৎসাহিত করে। জীবনে সাফল্যের জন্য বেপরোয়া না হয়ে ধীরস্থীরভাবে প্রজ্ঞার সাথে জীবনের প্রতিটি ধাপের সাথে তাল মেলানোর নিগূঢ় দর্শন এ কবিতায় পাওয়া যায়।



Oliver Twist from *Oliver Twist* by Charles Dickens

ভিক্টোরিয়ান যুগের সবচেয়ে জনপ্রিয় উপন্যাসিক Charles Dickens এর রচনাবলির ভেতর *Oliver Twist* অন্যতম। এটি প্রকাশিত হয় ১৮৩৮ সালে। এতিম ছেলে Oliver Twist, তার দারিদ্র্যে জরাজীর্ণ জীবনের আষ্টেপৃষ্ঠে আঁকড়ে ধরা কদর্য ও নোংরা, দুঃখ-কষ্ট, যন্ত্রণা ও হতাশায় ভয়াবহতার চিত্র এ উপন্যাসে তুলে ধরা হয়েছে। অযত্নে ও অবহেলায় আশ্রমের অন্য সব ছেলেদের সাথে আধপেটা খেয়ে বড় হয় সে। একটু বেশি খাবার চাওয়ার অপরাধে আশ্রম থেকে বহিষ্কার করা হয় তাকে। একপর্যায়ে তার ঠাঁই হয় চোর-বদমাশদের দলে। লন্ডনে পকেটমার সর্দার বৃদ্ধ Fagin এর আস্তানায় তার আশ্রয় হয়। অতঃপর যখন তাকে ভুলবশত চোর হিসেবে আটক করা হয় তখন পকেটমারের শিকার Mr. Brownlow তাকে নিজ বাড়িতে আশ্রয় দেয় এবং অপহরণকারীদের হাত থেকে তাকে রক্ষা করে। পরবর্তীতে Oliver এর জন্ম পরিচয় প্রকাশ পায়। এভাবে বিভিন্ন ঘটনা পরিক্রমায় Oliver এর জীবনকাহিনি চলতে থাকে যেখানে আমরা খুঁজে পাই লেখকের শৈশবের সংগ্রামময় জীবনের প্রতিচ্ছবি। ডিকেন্সের অসাধারণ গল্প কথনের ক্ষমতা, সমাজের শোষণ ও বঞ্চনার বাস্তব চিত্র এবং ঘটনার অনুপুঙ্খ বিবরণের মাধ্যমে *Oliver Twist* উপন্যাস পাঠকের কাছে হয়ে উঠেছে বিশ্বাসযোগ্য ও উপভোগ্য।

David Copperfield from *David Copperfield* by Charles Dickens



ভিক্টোরিয়ান ঔপন্যাসিক Charles Dickens রচিত *David Copperfield* উপন্যাসটি অনেকটাই লেখকের আত্মজীবনীমূলক উপন্যাস। এই উপন্যাসটি মূলত David Copperfield নামক প্রধান চরিত্রকে কেন্দ্র করে লিখিত হয়েছে যাতে তার শৈশব থেকে প্রাপ্তবয়স্ক হবার বিস্তারিত কাহিনি বর্ণিত হয়েছে। জন্মগ্রহণের পূর্বেই পিতৃহারা David মায়ের আদরে স্নেহে ভালোভাবেই বড় হচ্ছিলো David কিন্তু তার মা তাকে না জানিয়েই আবারো বিয়ে করলে তার জীবনে বিপদ ঘনিয়ে আসে। সৎ বাবা ও সৎ ফুফুর অত্যাচারে অতিষ্ঠ হয়ে উঠে David এর জীবন। তাদের অন্যায়ের প্রতিবাদ করলে তাকে শাস্তি হিসেবে বোর্ডিং স্কুলে পাঠিয়ে দেওয়া হয়। জীবনযুদ্ধে হার না মানা David নানা চড়াই উতরাই পার হয়ে বড় হতে থাকে, এক সময় তার জীবনে প্রেম আসে, বিয়েও হয় আবার স্ত্রী বিয়োগও হয়। সে পুনরায় আবার বিয়ে করে এবং এবার সে সত্যি সত্যি জীবনে সুখ খুজে পাঁয়।



Jane Eyre from *Jane Eyre* by Charlotte Bronte

প্রথম পুরুষে বর্ণিত এই উপন্যাসকে একটি কাল্পনিক আত্মজীবনীও বলা যায় যেখানে Victorian যুগের ইংরেজ সমাজের নানা দিক ফুটে উঠেছে।

এই উপন্যাসে পিতৃ-মাতৃহীন অনাথ বালিকা Jane Eyre কে শৈশবেই তার মামা নিজের কাছে নিয়ে আসেন। মামার মৃত্যুর পর মামির সংসারে অবহেলা আর অনাদরে বেড়ে ওঠা তার। একসময় সেখানে অত্যাচারের মাত্রা বেড়ে গেলে স্থানীয় এক ডাক্তার Jane কে পাহাড়ি অনাথ আশ্রমে ভর্তি করিয়ে দেন। কিন্তু সেখানকার শিক্ষক ছিলেন কৃপণ ও কড়া স্বভাবের। অস্বাস্থ্যকর পরিবেশ, ঠাণ্ডা ও অপুষ্টির কারণে একসময় বিদ্যালয়ে টাইফস নামক রোগ ছড়িয়ে পড়ে। অনেক শিক্ষার্থী মারা যায়। পরতীতে Jane এই বিদ্যালয়ে শিক্ষক হিসেবে কাজ করে এবং দুই বছর পর থনফিল্ড হল নামের এক বাড়িতে শিক্ষিকা হিসেবে কাজ করতে যেয়ে রহস্যময় Mr.Rochester এর সাথে পরিচয় হয়। তারা বিয়ে করার প্রস্তুতি নেয়। কিন্তু ঘটনাক্রমে জানা যায় Rochester পূর্ব বিবাহিত এবং তার স্ত্রী বন্দি আছে, ফলে তাদের বিয়ে তখন ভেঙ্গে যায়। ফলে Jane মানসিকভাবে ভেঙ্গে পড়ে। কিন্তু নানা রকম ঘাত প্রতিঘাতের মুখোমুখি হয়ে Rochester আবার ফিরে আসে এবং তাদের বিয়ে হয়। উপন্যাসটি মূলত প্রধান চরিত্রের নৈতিক ও আধ্যাত্মিক বিকাশের উপর প্রথম আলোকপাত করার মাধ্যমে গদ্য কথাসাহিত্যে বিপ্লব সৃষ্টি করেছিলো।

Silas Marner from *Silas Marner* by George Eliot



Silas Marner উনিশ শতকের গোড়ার দিকে ইংরেজ পল্লি গ্রামের তাঁতি। তিনি একজন ধর্মপ্রাণ তরুণ। William Dane তার অন্তরঙ্গ বন্ধু এবং Sarah তার প্রেমিকার নাম। Marner এর সুখের জীবনে হুট করেই দুর্যোগের ঘনঘটা নেমে আসে প্রিয় বন্ধু Dane এর ষড়যন্ত্রে। তার উপর আরোপিত মিথ্যা চুরির অপরাধ স্বীকার না করে ক্ষোভে নিজের প্রিয় মাতৃভূমি ত্যাগ করে চলে যায় সে। একইসাথে Sarah তাকে ভুল বুঝে এবং বিশ্বাসঘাতক Dane কেই বিয়ে করে। Marner চলে আসে উনবিংশ শিল্পবিপ্লব পরবর্তী ভোগ্যপণ্য উৎপাদনের মহাআয়োজনে ব্যস্ত শহর থেকে দূরে ছোট্ট সুন্দর গ্রাম র‍্যাভেলাতে। হতাশ Marner সেখানে একাকীই দিন কাটায়। নিভৃতচারী এ যুবকের কাছে জীবনের অর্থ হয়ে দাঁড়ায় পরিশ্রম করা ও পারিশ্রমিক সঞ্চয় করা। কিন্তু তার কষ্ট করে জমানো সঞ্চয়ও বেশিদিন স্থায়ী হয়নি, সেটাও চুরি হয়ে যায়। শোকে দুঃখে যখন সে পাগলপ্রায়, তখন ঘটনাক্রমে মৃত্যুপথযাত্রী এক মায়ের ছোট্ট মেয়ে তার নিকট আসে। কালক্রমে এই মেয়েটিই হয়ে ওঠে তার অস্তিত্বের তাগিদ, বেঁচে থাকার সর্বস্ব অবলম্বন। উপন্যাসটির প্রধান আকর্ষণ লেখক George Eliot অভিজাততন্ত্র ও আভিজাত্যের বিরোধিতা। তিনি Silas Marner চরিত্রের মাধ্যমে সফলভাবে দারিদ্র্যকে মহিমান্বিত করেছেন।



Tom Sawyer from *The Adventure of Tom Sawyer* by Mark Twain

প্রখ্যাত মার্কিন লেখক Mark Twain এর লেখা সেরা বইগুলোর তালিকা করা হলে *"The Adventure of Tom Sawyer"* বইটির নাম চলে আসবে প্রথম সারিতে। এ গল্পে যুক্তরাষ্ট্রের মিসিসিপি নদীর তীরে মিসৌরি শহরে পলি খালার সাথে বসবাস করত চঞ্চল স্বভাবের Tom, তার ভাই সিড আর মেরি। টমের স্বভাবসুলভ চপলতায় তার খালা অতিষ্ঠ, কিন্তু তিনি খুবই ভালোবাসেন মা-মরা ছেলেটাকে। পলি খালার হাজার শাস্তির ভয়েও কোন ভাবান্তর হয় না তার। পড়ার সময় তাকে বন্ধু জো হারপারের সঙ্গে জঙ্গলে রবিনহুড খেলতে দেখা যায়। মাঝরাতে সবাই যখন গভীর ঘুমে অচেতন তখন সবার চোখ ফাঁকি দিয়ে Huckleberry Finn এর সঙ্গে মরা বিড়াল হাতে কবরস্থানে চলে যায়। দুষ্টুমি করতে গিয়ে একদিন কবরস্থানে দুই বন্ধুর চোখের সামনে Dr Robinson খুন হন। খুনি তাদের পরিচিত Injun Joe, রোমহর্ষক হত্যাকাণ্ডটি দেখে ভয়ে শিউরে উঠে পালিয়ে আসে তারা। ভয়ে প্রথমে মুখ বন্ধ রাখলেও অচিরেই তাদের সব স্বীকার করতে হয়। ধরা পড়ার আগেই পালিয়ে যায় খুনি Joe, তাতে আরো ভীত হয়ে উঠে Tom আর Finn। একদা গরমের ছুটিতে তারা ২ জন এবং Tom এর বান্ধবী Becky Thatcher পাহাড়ে ঘুরতে গিয়ে ঘটনাক্রমে Injun Joe ও তার সহযোগীদের পাহাড়ের গুহায় গুপ্তধন লুকিয়ে রাখতে দেখে। তারা দমবন্ধ করে দৃশ্যটা দেখে, কিন্তু লুকানোর আগেই খুনীদের চোখে পড়ে যায়। পাহাড়ের গহিন অন্ধকার গুহায় আটকা পড়ে তারা সবাই। সবাই ধরে নেয় ওরা আর বেঁচে নেই। গির্জায় যখন তাদের অন্ত্যেষ্টিক্রিয়া চলছে, তখন সবাইকে হতবাক করে দিয়ে ফিরে আসে তারা। ডাকাত, খুনি আর গুপ্তধনের সন্ধানও পাওয়া যায় তাদের কল্যাণেই। কালজয়ী এ উপন্যাসটি লেখকের স্কুলজীবনের দুই বন্ধুর আদলে সৃষ্ট। প্রায় দেড়শ বছর আগের এ বইটি এখনো শিশু-কিশোরদের কাছে জনপ্রিয়।

Tess Durbeyfield from *Tess of the d'Urbervilles* by Thomas Hardy

Tess Durbeyfield টমাস হার্ডির অন্যতম সেরা উপন্যাস। Tess নামক এক সরল পল্লিবালার করুণ পরিণতির কাহিনি লেখক মমত্বের সাথে বর্ণনা করেছেন। ঘটনাক্রমে টেসের দরিদ্র পিতা জানতে পারেন যে, সে প্রাচীন ডারবারভিল বংশের উত্তরপুরুষ। এই তথ্যের ওপর ভিত্তি করে সে ও তার স্ত্রী Tess কে জনৈক Alec d'Urberville এর মায়ের কাছে কাজ করতে পাঠান। লম্পট Alec এর পাল্লায় পড়ে Tess সন্তান জন্ম দেয় কিন্তু বাচ্চাটি বেশিদিন বাঁচেনি। কিছুকাল পর Angel Clare নামক এক ছেলের সাথে তার বিয়ে হয়, কিন্তু Tess এর অতীতের কথা জানতে পেরে ঐ লোকও তাকে ফেলে দূরে সরে যায়। ভাগ্যবিড়ম্বনায় Tess পুনরায় Alec এর খপ্পরে পড়ে, অন্য দিকে Angel নিজের ভুল বুঝতে পেরে টেসকে গ্রহণ করতে চায়। ঝোঁকের মাথায় টেস Alec কে হত্যা করে। Angel র সাথে Tess এর পুনর্মিলন ঘটে। কিছুদিন লুকায়িত থাকার পর Tess ধরা খায় এবং আইনের চোখে দোষী প্রমাণিত হওয়ায় তার মৃত্যুদণ্ড হয়। লেখক এই চরিত্রটির মাধ্যমের দেখাতে চেয়েছেন যে, পৃথিবীতে এমন অনেক ঘটনা ঘটে যার উপর মানুষের কোন হাত নেই। সামান্য ভুলের জন্য মানুষকে অনেক বেশি কষ্ট পেতে হয়।

Sherlock Holmes from *Sherlock Holmes* by Arthur Conan Doyle



ব্রিটিশ লেখক স্যার Arthur Conan Doyle এর ১৮৮৭ সালে লেখা "আ স্টাডি ইন স্কারলেট" গল্পে প্রথম বিশ্বখ্যাত প্রাইভেট গোয়েন্দা শার্লক হোমস চরিত্রটিকে দেখা যায়, লেখক যাঁকে একজন "Consulting Detective" হিসেবে পরিচয় করিয়ে দেন। গোয়েন্দা শার্লক হোমস মূলত তাঁর পর্যবেক্ষণ ক্ষমতা, ফরেনসিক সায়েন্স বিষয়ে গভীর জ্ঞান ও ঘটনার যৌক্তিক ব্যাখ্যার মাধ্যমে একেবারেই সূত্রবিহীন অপরাধের সঠিক সমাধান দিয়ে থাকেন। শার্লক হোমস নামক বিখ্যাত এই গোয়েন্দা চরিত্রের ঠিকানা ছিলো ২২১/বি, বেকার স্ট্রিট, লন্ডনে আড়াইতলা বাড়ির দোতলায়। চরিত্রের বর্ণনায় পাওয়া যায় চৌকো চেহারা, অসাধারণ বুদ্ধিদীপ্ত একজোড়া চোখ ও অসাধারণ পর্যবেক্ষণশক্তি সম্পন্ন এক ব্যক্তিকে। সে একই সাথে রসায়নবিদ, বেহালাবাদক, মুষ্টিযোদ্ধা ও তলোয়ারবাজও বটে। ছয় ফুট তিন ইঞ্চি উচ্চতার কালো বা ছাইরঙা ওভারকোট পরিদৃশ্যমান এই প্রাইভেট গোয়েন্দার পড়ালেখা প্রচুর। তীক্ষ্ম পর্যবেক্ষণ ক্ষমতার কারণে তিনি তার মক্কেলকে দেখেই বলে দিতে পারেন তিনি কোন পেশায় রয়েছেন। এমনকি মিসেস হাডসনের বাসার নিচে সিঁড়িতে জুতার শব্দ শুনেও তিনি বুঝতে পারতেন তিনি ঠিক কি রকম বিপদে রয়েছেন। শার্লক হোমসের অধিকাংশ গল্পগুলো বর্ণিত হয়েছে তাঁর বন্ধু ড.ওয়াটসনের বর্ণনায়। তার ভাষায়, শার্লক হোমস খুবই খেয়ালি, আত্মকেন্দ্রিক ও অদ্ভুত স্বভাবের একজন মানুষ, যে একই সাথে প্রচণ্ড গোছালো ও অগোছালো একজন মানুষ। তাঁর বন্ধু বান্ধব বেশি ছিলো না, কখনও তিনি খুবই শীতল ও আত্মকেন্দ্রীক আচরণ করতেন, কখনও আবার তাকে প্রচণ্ড উচ্ছ্বসিত দেখা যেত। শার্লক হোমসের চরিত্রের "Unpredictability" তাঁকে প্রচণ্ড জনপ্রিয় করে তোলে।

Dr. Jekyll from *Strange Case of Dr. Jekyll and Mr. Hyde* by R.T. Stevenson



ভিক্টোরিয়ান যুগে যখন জনসাধারণের চোখে বিজ্ঞানীদের বেশ কুসংস্কারের নজরে দেখা হতো এবং অনেক সময়ই তাদের ক্রিয়া-কর্ম ও গবেষণা ঈশ্বর বিরোধী ভাবা হতো, ঠিক সেই সময়ে Robert Luis Stevenson সৃষ্টি করলেন তাঁর অমর Dr. Jekyll চরিত্রটি। ১৮৮৬ সালে প্রকাশিত *Strange Case of Dr Jekyll and Mr Hyde* উপন্যাসটিতে Dr. Jekyll নামক একজন সম্মানিত, মেধাবী ও ধনী বিজ্ঞানীর রহস্যময় কাহিনি তুলে ধরা হয়েছে। উপন্যাসটি Dr. Jekyll এর আইনজীবী বন্ধু Gabriel John Utterson এর দৃষ্টিকোণ থেকে বর্ণিত হয়েছে, নিজের বন্ধুর আচার আচরণের অদ্ভুত পরিবর্তন এবং দুর্বৃত্ত ও অপরাধপ্রবণ অশুভ চরিত্র Edward Hyde এর সাথে তার সম্পর্কের রহস্য উদঘাটনকে কেন্দ্র করে কাহিনি এগিয়েছে। এক সময়ের অতি সজ্জন ও সুচরিত্রের অধিকারী Dr. Jekyll এর আচরণ দিন দিন অস্বাভাবিক হতে থাকে, নানান ঘটনার ঘন-ঘটায় এক সময় আবিষ্কৃত হয়, তিনি এমন এক ঔষধ তৈরি করতে সমর্থ হয়েছেন, যা তার ভিতর থেকে সকল অশুভ ও মন্দ দিকগুলো বের করে আনতে পারে, তিনিই তখন পরিণত হন Mr. Hyde এ, অনিয়ন্ত্রিতভাবে নানান অপরাধ করে বেড়ান, এমনকি খুনও! আরেকটি ঔষধ ছিলো, যা Dr. Jekyll কে আবার নিজের স্বাভাবিক অবস্থায় ফিরিয়ে আনতে পারতো। তিনি দিনে স্বাভাবিক একজন বিজ্ঞানী ও রাতে এক ভয়ংকর অপরাধীর জীবন কাটাতে শুরু করেন। একটা সময় স্বাভাবিক অবস্থায় ফিরে আসার ঔষধ ফুরাতে থাকে, Dr. Jekyll উপলব্ধি করেন, নিজের অশুভ মূর্তিটির উপর তাঁর নিয়ন্ত্রণ হারানো শুরু হয়েছে। আরো মানুষ যেন তার ক্ষতির শিকার না হয়, সেজন্য একসময় নিজেকে তিনি তাঁর গবেষণাগারে আটকে ফেলেন এবং আত্মহত্যা করেন। অর্থাৎ নিজের জীবন দিয়েও বাকিদের নিরাপত্তা নিশ্চিত করতে চেয়ে নিজের মহৎ দিকটিই প্রদর্শন করেছেন Dr. Jekyll নামক চরিত্রটি। Dr. Jekyll চরিত্র হিসেবে শুধু ইংরেজি সাহিত্যে নয়, সমস্ত বিশ্বেই প্রবল প্রভাব বিস্তারকারী একটি চরিত্র। এর প্রভাব এতটাই বিশাল যে, সারা পৃথিবীতেই কোন ব্যক্তির মধ্যে একই সাথে শুভ ও অশুভ চরিত্রের উপস্থিতিকে "Jekyll and Hyde" শব্দগুচ্ছটি দ্বারা প্রকাশ করা হয়। মূলত বৈজ্ঞানিক কৌতূহলের প্রতি অদমনীয় আকর্ষণের জন্য নিজের জীবন বিলিয়ে দেওয়ার মাধ্যমে এই চরিত্রের মাধ্যমে তৎকালীন ভিক্টোরিয়ান সমাজে বিজ্ঞানীদের প্রতি দৃষ্টিভঙ্গিই তুলে ধরা হয়েছে।

THE VICTORIAN PERIOD এর সাহিত্যে প্রধান উক্তিসমূহ

I will drink life to the lees

Ulysses,
Lord Alfred Tennyson

No one is useless in this world who lightens the burdens of another

Doctor Marigold,
Charles Dickens

It is always fatal to have music or poetry interrupted

Middlemarch,
George Eliot

Knowledge comes,
but wisdom lingers

Locksley Hall,
Lord Alfred Tennyson

We need never be ashamed of our tears

Great Expectations,
Charles Dickens

It will never rain roses: when we want to have more roses, we must plant more roses

Middlemarch,
George Eliot

Better not be at all than not be noble

The Falcon,
Lord Alfred Tennyson

Charity begins at home and justice begins next door

Martin Chuzzlewit,
Charles Dickens

Truth sits upon the lips of dying men

Sohrab and Rustum,
Matthew Arnold

Into the valley of death
rode the six hundred

The Charge of the Light Brigade,
Lord Alfred Tennyson

I would always rather be happy than dignified

Jane Eyre,
Charlotte Brontë

Poetry is the criticism of life

The Study of Poetry,
Matthew Arnold

Thus I enter & thus I go!

The Patriot,
Robert Browning

She burned too bright for this world

Wuthering Heights,
Emily Brontë

The Sea of Faith was once, too, at the full

Dover Beach,
Matthew Arnold

My sun sets to rise again

An Introduction to the Study of Robert Browning's Poetry,
Robert Browning

Religion is opium to the people

Critique of Hegel's Philosophy of Right,
Karl Marx

Self preservation is the first law of nature

The Odyssey of Homer,
Samuel Butler

There are books of which the backs and covers are by far the best parts

Oliver Twist,
Charles Dickens

No man can be wise on an empty stomach

Wit and Wisdom of George Eliot,
George Eliot

The truth is rarely pure and never simple

The Importance of Being Earnest,
Oscar Wilde

Quotes	Source	Author
To live is to change, and to be perfect is to have changed often	A Defense of One's Life	**Henry Cardinal Newman**
If I had a flower for every time I thought of you, I could walk through my garden forever	Queen Mary and Harold	**Lord Alfred Tennyson**
The old order changeth, yielding place to new	Morte d'Arthur	
Tis better to have loved and lost than never to have loved at all	In Memoriam	
Made weak by time and fate, but strong in will To strive, to seek, to find, and not to yield	Ulysses	
I am a part of all that I have met	Ulysses	
Who are wise in love, love most, say least	Idylls of the King	
Sometimes the heart sees what's invisible to the eye		
Dreams are true while they last, and do we not live in dreams?	In Memoriam	
The old order changeth, yielding place to new And God fulfills Himself in many ways	Idylls of the King	
So absolutely good is truth, Truth never hurts the teller	Fifine at the Fair	**Robert Browning**
God is the Heaven All is right with the world	Pippa Passes	
Who hears music, feels his solitude peopled at once?	Balaustion's Adventure	
Grow old along with me! The best is yet to be, the last of life, for which the first was made	Rabbi Ben Ezra	
Love is the energy of life	Life in a Love	
I show you doubt, to prove that faith exists	Easter Day	
There is nothing in the world so irresistibly contagious as laughter and good humor	A Christmas Carol	**Charles Dickens**
Never close your lips to those whom you have already opened your heart	Pictures from Italy	
Ignorance is not innocence but sin	-	
Have a heart that never hardens, and a temper that never tires, and a touch that never hurts	Our Mutual Friend	
A wonderful fact to reflect upon, that every human creature is constituted to be that profound secret and mystery to every other	A Tale of Two Cities	
And O there are days in this life, worth life and worth death	Our Mutual Friend	
I am no bird; and no net ensnares me; I am a free human being with an independent will	Jane Eyre	**Charlotte Brontë**
I care for myself The more solitary, the more friendless, the more unsustained I am, the more I will respect myself	Jane Eyre	
He's more myself than I am Whatever our souls are made of, his and mine are the same	Wuthering Heights	**Emily Brontë**
I wish I were a girl again, half-savage and hardy, and free	Wuthering Heights	
If he loved with all the powers of his puny being, he couldn't love as much in eighty years as I could in a day	Wuthering Heights	
If you ever looked at me once with what I know is in you, I would be your slave	Wuthering Heights	
The history of all previous societies has been the history of class struggles	The Communist Manifesto	**Karl Marx**
Life seems to go on without effort when I am filled with music	The Mill on the Floss	**George Eliot**
It is never too late to be what you might have been	Middlemarch	
And, of course men know best about everything, except what women know better	Middlemarch	
No evil dooms us hopelessly except the evil we love, and desire to continue in, and make no effort to escape from	Daniel Deronda	

Quotes	Source	Author
We are here on earth to do good to others What the others are here for; I do not know	Essays in Criticism by Matthew Arnold	**Matthew Arnold**
Life is not an exact science; it is an art	-	
God was satisfied with his own work, and that is fact	The Way of All Flesh	**Samuel Butler**
Be yourself; everyone else is already taken	The Portrait of Mr.W H	
Always forgive your enemies; nothing annoys them so much	Notebook	**Oscar Wilde**
To live is the rarest thing in the world Most people exist, that is all	The Soul of Man Under Socialism	
I am so clever that sometimes I don't understand a single word of what I am saying	The Happy Prince and Other Tales	
We are all in the gutter, but some of us are looking at the stars	Lady Windermere's Fan	
If one cannot enjoy reading a book over and over again, there is no use in reading it at all	-	
It is what you read when you don't have to that determines what you will be when you can't help it	-	
The books that the world calls immoral are books that show the world its own shame	The Picture of Dorian Gray	
Justice delayed, Justice denied, Justice hurried, Justice buried	-	**William Ewart Gladstone**
Failure is success if we learn from it	-	
Good laws make it easier to do right and harder to do wrong	-	
Moral indignation is jealousy with a halo	The Wife of SIH	**H G Wells**
We are kept keen on the grindstone of pain and necessity	The Time Machine	
For after the battle, comes quiet.	The Time Machine	

Potential Questions & Answers

01. Who introduced ''Dramatic Monologue'' in his poems?
(a) Emily Bronte (b) Charlotte Bronte (c) Thomas Hardy (d) Robert Browning

02. Who was the greatest Victorian novelist?
(a) George Eliot (b) Charles Dickens (c) Robert Browning (d) Alfred Tennyson

03. What is the unfinished novel by Charles Dickens?
(a) Bleak House (b) The Pick-Wike Paper (c) Hard Times (d) The Mystery of Edwin Drood

04. Charles Dickens was the writer of —
(a) Jane Eyre (b) Wuthering Heights (c) David Copperfield (d) Return of the Native

05. "Ernest Defarge" is a character from–
(a) Your Mutual Friend (b) A Christmas Carol (c) A Tale of Two Cities (d) War and peace

06. Who of the following is not a poet?
(a) William Wordsworth (b) Charles Dickens (c) John Keats (d) Alfred Tennyson

07. "Ivanhoe" is written by
(a) Thomas Hardy (b) Sir Walter Scott (c) Oscar Wilde (d) Charles Dickers

08. 'A Tale of Two Cities' refers to—
(a) London and Washington (b) London and Paris (c) London and Rome (d) London and Berlin

09. Great Expectations is a novel written by—
(a) Shakespeare (b) Daniel Defoe (c) Charles Dickens (d) Rudyard Kipling

10. Who is the author of the novel "Moby Dick"?
(a) Herman Melville (b) Samuel Langhorne Clemens
(c) Henry James (d) George Robert Gissing

11. "English Idyll" is a collection of various poems by —
(a) W. M. Thackeray (b) R. L. Stevenson (c) Robert Herrick (d) Alfred Tennyson

12. The poem 'The Patriot' is written by —
(a) Alfred Tennyson (b) Robert Browning (c) Mathew Arnold (d) John Done

13. Charles Dickens is not the novelist for one of the following-
(a) A Tale of Two Cities (b) Treasure Island (c) David Copperfield (d) Great Expectation

14. "Ignorance is not innocence but sin"– quoted by–
(a) George Eliot (b) Robert Browning (c) Robert Hardy (d) Oscar Wilde

15. 'The Return of the Native' is written by–
(a) Thomas Hardy (b) Jane Austen (c) Charles Dickens (d) D. H. Lawrence

16. Who wrote the novel 'The Mayor of Casterbridge'?
(a) Thomas Hardy (b) Jane Austen (c) Charles Dickens (d) D. H. Lawrence

17. ''A Tale of Two Cities'' is a novel by —
(a) Dickens (b) Thackeray (c) Scott (d) Fielding

18. Who was the greatest Victorian novelist?
(a) George Eliot (b) Charles Dickens (c) Robert Browning (d) Alfred Tennyson

19. George Eliot belongs to which century?
(a) 17th century (b) 18th century (c) 19th century (d) 20th century

20. Poetry is the criticism of life– Quoted by–
(a) Matthew Arnold (b) Samuel Butler (c) Charles Dickers (d) Wordsworth

21. What is the pen-name of Mary Anne Evans?
(a) Evou (b) Boz (c) Maxim Gorky (d) George Eliot

22. 'Adam Bede' was written by–
(a) Swift (b) G B Shaw (c) Mark Twain (d) Eliot

23. Who is considered to be the chief representative poet of the Victorian age?
(a) Robert Browning (b) William Makepeace Thackeray
(c) Alfred Lord Tennyson (d) Emily Bronte

24. Which of the following is not a novel by Charles Dickens?
(a) Bleak House (b) Hard Times (c) Your Mutual Friend (d) A Christmas Carol

25. Who wrote Wuthering Heights?
(a) Emily Bronte (b) George Eliot (c) Charles Dickens (d) Charlotte Bronte

26. Which of the Bronte sisters wrote *Jane Eyre?*
(a) Anne (b) Charlotte (c) Emily (d) Louise

27. Who is called the Father of English Short Story?
(a) Edgar Allan Poe (b) Mark Twain (c) Alexander Dumas (d) Samuel Butler

28. Who has written the novel 'Vanity Fair'?
(a) Jane Austen (b) Charles Dickens (c) W. M Thackeray (d) Thomas Hardy

29. Charles Dickens did not write—
(a) A Tale of Two Cities (b) Great Expectation (c) David Copperfield (d) Vicar of Wakefield

30. What is the autobiographical novel by Charles Dickens?
(a) A Tale of Two Cities (b) Great Expectation (c) David Copperfield (d) Our Mutual Friend

31. 'Charity begins at home and justice begins next door' who says-
(a) Alfred Tennyson (b) G. B. Shaw (c) Charles Dickens (d) Emile Bronte

32. Who among the following is not a recipient of the Nobel Prize in literature?
(a) Rabindranath Tagore (b) W. B Yeats (c) T. S. Eliot (d) Robert Browning

33. Which one is a play of Oscar Wilde?
(a) The Importance of Being Earnest (b) Picture of Dorian Gray
(c) The Happy Prince (d) Ravenna

34. Who wrote the novel ''The Picture of Dorian Gray''?
(a) Samuel Beckett (b) Thomas Kyd (c) J. M. Singh (d) Oscar Wilde

35. Author of the poem "The Scholar Gipsy"?
(a) Mathew Arnold (b) Oscar Wilde (c) Robert Frost (d) Lord Byron

36. Karl Marx was born in-
(a) Germany (b) Russia (c) UK (d) Poland

37. Browning was the composer of any of the following poems
(a) Two Voices (b) Oenone (c) The Scholar (d) Andrea Del Sarto

38. 'Robbi Ben Ezra' was written by—
(a) Swift (b) Chaucer (c) G.B. Shaw (d) Robert Browning

39. Who wrote the 'Christmas Eve and Easter Day'?
(a) Robert Browning (b) Chaucer (c) Shelley (d) Keats

40. Who wrote the play "An Ideal Husband" ?
(a) Earnest Hemingway (b) Mark Twin (c) Oscar Wilde (d) Matthew Arnold

41. "Tess" is a character taken from–
(a) A pair of Blue Eyes (b) Jude the Obscure
(c) Ten of the D'Urbervilles (d) Far from the Madding Crowd

42. Who is the Composer of the famous poem "The Ballad of Reading Gaol"?
(a) Oscar Wilde (b) W. B. Yeats (c) T. S. Eliot (d) John Keats

43. Who is the author of 'The importance of being Earnest'?
(a) Oscar Wilde (b) Emile Legouis (c) O. H. Lawrence (d) J. M. Lyinge

44. Which newspaper did Oscar Wilde edit?
(a) Harald Sun (b) The Westminster Review (c) The Lady's World (d) Morning Chronicle

45. বনলতা সেন the poem is inspired by-
(a) Tintern Abbey (b) Rebecca (c) No More Troy (d) To Helen

46. What was the great age of the English novel?
(a) Modern Era (b) Romantic Period (c) Elizabethan Period (d) Victorian Period

47. Who wrote the poem about 'The Pied Piper of Hamelin'?
(a) Christian Andersen (b) Jonathon Swift (c) Robert Browning (d) Tobias Smollett

48. Who of the following is a character from 'Silas Marner' by George Eliot?
(a) William Dane (b) Jane Eyre (c) Tom Sawyer (d) Dr. Jekyll

49. Who of the Following wrote this 'A woman of No Importance'?
(a) Oscar Wilde (b) Mathew Arnold (c) Edgar Allan Poe (d) Charles Dickens

50. Who wrote this poem 'Rugby Chapel'?
(a) Thomas Hardy (b) Oscar Wilde (c) Mathew Arnold (d) None of those

Answers

01	d	02	b	03	d	04	c	05	c	06	b	07	b	08	b	09	c	10	☼
11	d	12	b	13	b	14	b	15	a	16	a	17	a	18	b	19	c	20	a
21	d	22	d	23	c	24	c	25	☼	26	b	27	a	28	c	29	d	30	☼
31	c	32	d	33	a	34	d	35	a	36	a	37	d	38	d	39	a	40	c
41	c	42	a	43	a	44	c	45	d	46	d	47	☼	48	a	49	a	50	c

[বিশেষ দ্রষ্টব্য: সুপ্রিয় বিসিএস প্রার্থী, উত্তরমালায় কিছু প্রশ্নের উত্তর না দেয়া থাকলেও আমরা বিশ্বাস করি আপনারা পরিপূর্ণ আত্মবিশ্বাসের সাথেই সঠিক উত্তরে বৃত্ত ভরাট করতে পারবেন।]

Chapter 09 (1901-1939) Modern Period

"Literature is news that stays news"
-Ezra Pound

প্রচলিত কাঠামো ও বৃত্তের বাইরে পা রাখার সাহসিকতা নিয়ে একটি অভ্যুত্থান ঘটিয়েছিলেন রোমান্টিক যুগের কবিরা। তাঁদের সংগ্রাম উৎসরিত হয়েছিল মনের কথা মনের ভাষায় বলার প্রয়োজন থেকে। আধুনিক সাহিত্যিকরাও বৃত্ত ভাঙতে চাইলেন। এবারে উদ্দেশ্য উলটে গেল। আত্মপ্রকাশের রোমান্টিক আকাঙ্ক্ষার বিপরীতে দাঁড়ালো আত্ম-অনুসন্ধানের আধুনিক বোধ।

সামষ্টিক মনোজগতে "ভাঙার গান" পৌঁছে দিতে কিছু ঘটনা অনুঘটকের ভূমিকা রেখেছিল। ব্রিটেনে দীর্ঘ ভিক্টোরীয় শাসনের অবসান ও উপনিবেশগুলোয় রাজনৈতিক অস্থিরতা ছিলো এতে প্রাথমিক প্রস্তাবনা। এরই মধ্যে আইনস্টাইনের হাত ধরে বিজ্ঞানের রাজ্যান্তর (Paradigm Shift) হয়ে গেল। মহাবিশ্বের গঠনমূলে অনিশ্চয়তা (Heisenberg's Uncertainty Principle) বৈজ্ঞানিক সত্য হিসেবে স্বীকৃত হয়ে গেল। Sigmund Freud আলো ফেললেন মানুষের অবচেতন (Subconscious) মনে। মনোজগতের অন্ধকার খুঁড়ে বের করলেন অবদমিত যৌনতা (Sexual Repression)। মানুষ হঠাৎ আবিষ্কার করলো যে সে মহাজগত সম্পর্কে যেমন অজ্ঞ, তেমনই প্রতারক নিজের আত্মপরিচয় নিয়েও। জনতাকে সামান্য স্বস্তির সুযোগও না দিয়ে প্রকাশিত হলো *Communist Manifesto*, মানুষ জানলো আর্থ-সামাজিক প্রেক্ষাপটেও তারা কেমন অন্ধকারের যাত্রী। ধনতন্ত্র এবং তার আগে সামন্তবাদ ও রাজতন্ত্র কেমন করে তাদের শ্রেণিবিভক্ত করে শোষণ করেছে, সুবিধাবাদীদের সৈন্য হিসেবে ব্যবহার করেছে।

Modern Period Timeline

- 1890 — Principles of Psychology by William James
- 1900 — Interpretation of Dreams by Freud
- 1905 — Special Theory of Relativity developed by Albert Einstein
- 1908 — Three Lives by Gertrude Stein
- 1914 — World War I begins
- 1916 — Potrait of the Artist as a Young Man by James Joyce
- 1921 — Republic of Ireland is formed
- 1922 — The Waste Land by T.S. Eliot
- 1925 — Mrs Dalloway by Woolf, The Trial by Franz Kafka, Mein Kampf by Adolf Hitler
- 1929 — Great Depression in USA

ফটোগ্রাফি ও সিনেমার বিকাশ সব ধরনের শিল্পে নন্দনতত্ত্ব ও শিল্পবোধের সংজ্ঞাকে প্রশ্নবিদ্ধ করতে শুরু করলো। চিত্রশিল্পে তার জবাব এলো Post Expressionism, Surrealism, Cubism এর মাধ্যমে। সাহিত্যিকরাও নিয়ে এলেন এসব ধারণার সাহিত্যরূপ। জন্ম নিলো Magic Realism, Stream of Consciousness। সমকালীন মহাজাগতিক, বৈশ্বিক ও আর্থ-সামাজিক প্রেক্ষাপটের প্রতিক্রিয়া হয়েই আধুনিকতা জন্মেছে। এইসব নতুনত্বের উন্মোচনে একরকম মনমরা হয়েই পিছিয়ে পরে ঘোর ইংরেজেরা। আধুনিকতার শ্রেষ্ঠ কাজগুলো এসেছে ফ্রান্সে Gertrude Stein এর বাড়িতে জমে ওঠা আড্ডায়। আমেরিকান ব্রিটিশরাও এই সময় মুখ্য চরিত্র হয়ে ওঠেন। T.S Eliot, Ezra Pound, Sylvia Plath- সবাই আমেরিকান ব্রিটিশ। আরেকটি প্রশাখা ছিলো আয়ারল্যান্ডে। ডাবলিনার Joyce আর আইরিশ ন্যাশনালিস্ট Yeats আধুনিকতার মধ্যমণি হয়ে উঠেছিলেন। দিন শেষে আধুনিক সাহিত্য বলেছে মানুষের কথা, তার কল্পনা ও বাস্তবতার জগতই সর্বকালে সাহিত্যের উপজীব্য।

আধুনিক সাহিত্যের বৈশিষ্ট্য

বৈশিষ্ট্য	বোধ	উদাহরণ
Make It New আরোপিত নতুনত্ব	পুরাতনের পুনর্ব্যবহার, ভিন্ন আঙ্গিকে, বিচ্ছিন্ন কোনও দৃষ্টিভঙ্গি থেকে। পরিচিত সাহিত্যবস্তুর নতুন সংগ্রহ ও সন্নিবেশও এরই ছত্রছায়ায়।	T.S. Eliot এর *The Wasteland* কবিতায় Holy Grail এর উপকথার সাথে এসে জুড়েছে সামসময়িক ব্রিটিশ জীবন। ক্লাসিক সাহিত্য যেমন *Metamorphosis, Devine Comedy* ইত্যাদির দৃষ্টান্ত যেমন নিয়েছেন তেমনই জুড়েছেন সংস্কৃত ও বৌদ্ধ দর্শন উপাদান।
The City of Love ভালোবাসার শহর	শহরজীবন ও নগরবাস্তবতা মেনে নিয়ে এই প্রেক্ষাপটেই সাহিত্য রচনা।	W.C Williams এর আধুনিক মহাকাব্য *Paterson* এ ফুটে ওঠা New Jersey শহরের চিত্রকল্প।
Imagism and Vorticism চিত্রবাদ ও ঘূর্ণিবাদ	কবি যা দেখছে সেটাই ন্যূনতম অলঙ্করণে বলে চলেছে, এটাই চিত্রবাদ। একই কথাগুলো একটু তাড়া দিতে দিতে বলাই ঘূর্ণিবাদ।	Ezra Pound উভয় মুভমেন্টেরই পুরোধা ব্যক্তিত্ব। তার সম্পাদিত ও Hilda Doolittle এর লেখা *Oread* কবিতা থেকে Imagism আন্দোলনের শুরু। কবিতায় কথা কম কিন্তু পাঠকের জন্য কল্পনার খোরাক বেশি।

বৈশিষ্ট্য	বোধ	উদাহরণ
New Paradigm নব্য প্রেক্ষাপট	নতুন বৈজ্ঞানিক তত্ত্ব (আপেক্ষিকতা ও মনোবিশ্লেষণ) সাহিত্যে গাঠনিক সংগতির সংজ্ঞা পরিবর্তন করে দেয়।	Virginia Woolf এর *Mrs. Dalloway* উপন্যাসে Clarissa-এর চোখে লন্ডন এর একটি দিনের চিত্র ফুটে উঠেছে মোজাইকের মতো পরিবর্তনশীল দৃষ্টিভঙ্গি ও সমরেখায়।
Avant-garde পরীক্ষণ/ নতুন ফ্যাশন	প্রথার বাইরে যাওয়াই নব্য প্রথা। যা কিছু বিধিবদ্ধ তাকেই অন্তর থেকে নিষিদ্ধ ঘোষণা করা। ভেঙে আবার নতুন করে গড়া।	James Joyce এর *Finnegan's Wake* উপন্যাসে এতটাই নতুনত্ব এসেছে যে বইটি বুঝতে টেক্সটের তিনগুণ রেফারেন্স আর কয়েকটি ভাষার শব্দকোষ সাথে নিয়ে বসতে হয়।
The Lost Generation বিশ্বযুদ্ধে হৃত যৌবন	যুদ্ধের বিভীষিকায় হারিয়ে গেছে যৌবনের অনেকগুলো অমূল্য বছর। ফিরে এসেছে দুঃসহ অভিজ্ঞতা আর নব্য প্রযুক্তির ধ্বংসক্ষমতার ভীতি নিয়ে।	Earnest Hemingway এর প্রায় সবগুলো উপন্যাসে এর দৃষ্টান্ত কমবেশি আছে। সবচেয়ে বেশি ধরা পড়ে *A Fairwell to Arms* উপন্যাসে। লেখক যুদ্ধের ঘটনাগুলি নিস্পৃহভাবে বলে গেছেন। পড়ে পাঠকের অনুভূতি কী হবে তা নিয়ে যেন ভ্রুক্ষেপ নেই।
Revolution নবজাগরণ	বলশেভিক বিপ্লব ও সমাজতন্ত্র প্রতিষ্ঠা। আইরিশ স্বাধীনতার আন্দোলনের প্রভাব।	Yeats ও Joyce উভয়েই আইরিশ ন্যাশনালিস্ট ছিলেন। Andrei Beli এর উপন্যাস *Petersburg* এ সমাজতন্ত্রী আন্দোলন কেন্দ্রীয় পটভূমি।
Jazz Age তরঙ্গভঙ্গ	ব্রিটিশ আমেরিকান সাংস্কৃতিক মিশ্রণ। আমেরিকা কেন্দ্রিক আধুনিক সাহিত্য ও চিন্তাধারা।	F. Scott Fitzerald এর *Great Gatsby* উপন্যাসে শহরস্তুতি ও উৎসবমুখর আমেরিকান জীবনের অন্তর্জগৎ ফুটে ওঠে।
Stream of Consciousness চেতনাপ্রবাহ	চরিত্রের মনোজগতে ঘটতে থাকা ঘটনামালা, নিজের সাথে নিজেকেই বলা কথামালা সাহিত্যের কেন্দ্রীয় ভাববস্তু।	James Joyce এর *Ulysses* উপন্যাসের প্রতি চ্যাপ্টারে আমরা ইউলিসেসের মস্তিষ্কের অভ্যন্তরটাই শুধু যে দেখতে পাচ্ছি তা নয়- সেই সাথে যোগ হচ্ছে তার অভ্যন্তরীণ কথকের কণ্ঠ পরিবর্তন। বিভিন্ন সাহিত্যিকের লেখনিভঙ্গী অনুকরণ হয়েছে বিভিন্ন অধ্যায়ে।
Unconscious অবচেতন	ফ্রয়েডীয় মনোবিজ্ঞানের প্রভাব পড়ে সাহিত্যে। বিশেষ করে অবদমিত যৌনতা ও অবচেতন অপরাধবোধ ব্যবহৃত হয়।	Franz Kafka এর *The Trial* উপন্যাসে কথক Joseph K এর অপরাধের দণ্ড নির্ধারিত হয়েছে কিন্তু কেউই বলছে না তার অপরাধটা কী। দণ্ডটা কি তবে বিবেকেরই বিচার?

(1901-1910)
The Edwardian Period

Previous Years' BCS Preli Questions & Answers

01. "All changed, changed utterly: -[44thBCS]
A terrible beauty is born."
This extract is taken from W.B. Yeats poem titled-
(a) No second Troy (b) Easter 1916 (c) The Second Coming (d) The Wild Swans at Coole

02. 'Caesar and Cleopatra' is-[44th BCS]
(a) a tragedy by William Shakespeare (b) a poem by Lord Byron
(c) a play by Bernard Shaw (d) a novel by S.T. Coleridge

03. 'No Second Troy' is a-[43rd BCS]
(a) short story (b) novel (c) poem (d) drama

04. O'Henry was from- [43rd BCS]
(a) Canada (b) America (c) England (d) Ireland

05. The Character 'Alfred Doolittle' is taken from Shaw's play titled- [41st BCS]
(a) Pygmalion (b) Man and Superman (c) The Doctor's Dilemma (d) Mrs. Warren's Profession

06. Which of the following is not an American poet? [40th BCS]
(a) Robert Frost (b) W.B. Yeats (c) Emily Dickinson (d) Langston Hughes

07. The short story 'The Diamond Necklace' was written by-[40th BCS]
(a) Guy de Maupassant (b) O Henry (c) Somerset Maugham (d) George Orwell

08. Who is the author of 'Man and Superman'? [38th BCS]
(a) G.B. Shaw (b) Thomas Hardy (c) Ernest Hemingway (d) Charles Dickens

09. The play 'Candida' is by–[36th BCS]
(a) James Joyce (b) Shakespeare (c) G. B. Shaw (d) Arthur Miller

10. 'Gitanjali' of Rabindranath Tagore was translated by–[36th BCS]
(a) W. B. Yeats (b) Robert Frost (c) John Keats (d) Rudyard Kipling

11. Who of the following writers was not a novelist? [36th BCS]
(a) Charles Dickens (b) W.B. Yeats (c) James Joyce (d) Jane Austen

12. The play "Arms and the Man" is by —[35th BCS]
(a) James Joyce (b) Samuel Beckett (c) Arthur Miller (d) George Bernard Shaw

13. The poem "Isle of Innisfree" is written by —[35th BCS]
(a) Dylan Thomas (b) Ezra Pound (c) W.H. Auden (d) W.B. Yeats

14. "Riders to the Sea" is —[35th BCS]
(a) an epic poem (b) a novella
(c) a one-act play (d) a theatrical adaptation of a poem

15. What is the full name of the great American short story writer O'Henry? [14th BCS]
(a) Walt Whitman (b) William Sydney Porter (c) Marjorie Kinnan Rawlings (d) Mark Twain

16. What was the real name of the great American short story writer, 'O Henry'? [13th BCS]
(a) Samuel L. Clemen (b) William Sydney Porter (c) Fitz-James O'Brien (d) William Huntington Wright

17. 'Caesar and Cleopatra' is—[12th BCS]
(a) a tragedy by Shakespeare (b) a play By G. B. Shaw (c) a poem by Lord Byron (d) a novel by S.T. Coleridge

18. Who is the greatest modern English dramatist? [12th BCS]
(a) Virginia Woolf (b) George Bernard Shaw (c) P.B. Shelley (d) S. T. Coleridge

19. Who is the modern philosopher who was awarded Nobel Prize for literature? [12th BCS]
(a) James Baker (b) Dr. Kissinger (c) Bertrand Russell (d) Lenin

Answers																			
01	b	02	c	03	c	04	b	05	a	06	b	07	a	08	a	09	c	10	a
11	b	12	d	13	d	14	c	15	b	16	b	17	b	18	b	19	c		

1901 সালে রানি ভিক্টোরিয়া মৃত্যুবরণ করেন। একই বছর তার জ্যেষ্ঠ পুত্র Edward (VII) ইংল্যান্ডের সিংহাসনে আরোহন করেন। তাই তাঁর নামানুসারে এ যুগের নামকরণ করা হয়েছে The Edwardian Period। এ সময়ে সাধারণ মানুষ ও নারীরা ক্রমান্বয়ে রাজনীতি সচেতন হয়ে উঠে। তারা তাদের অধিকার চায় এবং শ্রমিক শ্রেণি তাদের কর্মের অনুকূল পরিবেশের জন্য আন্দোলন শুরু করে। এছাড়াও আফ্রিকা ও ভারতে ইংরেজ উপনিবেশগুলো ইংরেজ শাসনের বিরুদ্ধে বিদ্রোহ শুরু করে।

Edwardian যুগের সাহিত্য দুই ধারায় বিভক্ত (i) জনপ্রিয় সাহিত্য (Popular Fiction) (ii) উচ্চমার্গীয় সাহিত্য (Highbrow Literature)

THE EDWARDIAN PERIOD এর কিংবদন্তি সাহিত্যিক

Henry James (1843-1916)

Henry James ছিলেন একজন মার্কিন-ব্রিটিশ লেখক ও সাহিত্য সমালোচক। তিনি তাঁর পূর্ণ ও স্বল্প দৈর্ঘ্যের উপন্যাস এবং ছোট গল্পের জন্য বিখ্যাত। অনেকের কাছেই তিনি ইংরেজি ভাষার অন্যতম শ্রেষ্ঠ ঔপন্যাসিক হিসেবে স্বীকৃত। তাঁর পিতা ছিলেন বিখ্যাত ধর্মতাত্ত্বিক, তাঁর অপর দুই ভাই William James এবং Alice James ছিলেন যথাক্রমে বিখ্যাত দার্শনিক ও ডায়েরি লেখক।

তাঁর উপন্যাসের মূল বৈশিষ্ট্য হলো বিভিন্ন পরিস্থিতিতে মানব মনের মনস্তাত্ত্বিক বিশ্লেষণ। তিনি তাঁর রচনায় সাহিত্যিক বাস্তবতা এবং সাহিত্য আধুনিকতার মধ্যে রূপান্তরমূলক চিত্র অঙ্কন করেছেন। তাঁর *The Portrait of a Lady*, *The Ambassadors* এবং *The Wings of the Dove* এই তিনটি উপন্যাসে যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য ও ইউরোপ মহাদেশের মানুষদের মধ্যে সামাজিক ও বৈবাহিক বিনিময়কে কেন্দ্র করে রচিত। কিন্তু এরপর তার রচনাগুলো খুবই পরীক্ষামূলক, জটিল ও অস্পষ্ট হয়ে উঠে, তিনি কাহিনিতে পরস্পরবিরোধী কার্যকারণের ব্যবহার শুরু করেন।

Henry James

Novels
The Portrait of a Lady
What Maisie Knew
The Turn of the Screw
The Awkward Age
The Aspern Papers
The Ambassadors
The Spoils of the Poynton
The Wings of the Dove
The Beast in the Jungle
The Ivory Tower (Unfinished)
The Europeans
The Bostonians
The Golden Bowl
Daisy Miller

মনস্তাত্ত্বিক উপন্যাসের পাশাপাশি Henry James সাহিত্য সমালোচনা, ভ্রমণ কাহিনি, আত্মজীবনী, জীবনীসাহিত্য ইত্যাদিও রচনা করেন। তাঁর রচিত *The Turn of the Screw* নামক ভৌতিক গল্পটি ইংরেজি ভাষায় রচিত সবচেয়ে বেশি বিশ্লেষিত ভৌতিক কাহিনির একটি। এছাড়াও তিনি আরো কিছু উচ্চমানসম্পন্ন ভৌতিক গল্প লিখেন।

যুক্তরাষ্ট্রে জন্ম নিলেও তরুণ বয়সে তিনি ইউরোপে চলে আসেন এবং ইংল্যান্ডে থিতু হন। তিনি মৃত্যুর মাত্র এক বছর পূর্বে ব্রিটিশ নাগরিকত্ব পেয়েছিলেন। ১৯১১, ১৯১২ ও ১৯১৬ সালে তিনি সাহিত্যে নোবেল পুরস্কারের জন্য মনোনীত হলেও তা পাননি।

Poems
A Tragedy of Error
A Passionate Pilgrim
The Romance of Certain Old Clothes
The Story of a Year
The Path of Duty

George Bernard Shaw (1856-1950)

Short Stories
The Miraculous Revenge
The Black Girl in Search of God

Plays (Unpleasent)
Philanderer
Widower's House
Mrs. Warren's Profession

Plays (Pleaseant)
You Never Can Tell
Arms and the Man
Candida
The Man of Destiny

Plays (Puritans)
Caesar and Cleopatra
The Devil's Disciple
The Admirable Bashville
Captain Brassbound's Conversation

George Bernard Shaw কে William Shakespeare এর পর দ্বিতীয় সেরা ব্রিটিশ নাট্যকার হিসেবে আখ্যায়িত করা হয়। এই আইরিশ নাট্যকার ও সমালোচকের জন্ম ডাবলিনের একটি নিম্নমধ্যবিত্ত পরিবারে। ১৮৭৬ সালে মায়ের কাছে লন্ডনে গিয়ে পরবর্তী ২৯ বছর আর আয়ারল্যান্ডে ফিরে যাননি। তিনি চিত্রশিল্পী হওয়ার উচ্চাকাঙ্ক্ষা ত্যাগ করে ব্যঙ্গাত্মক সাপ্তাহিকী *'The Hornet'*-এ লেখা শুরু করেন। লেখালেখির শুরুতে সঙ্গীত, সাংবাদিকতা ও সাহিত্য সমালোচনা থাকলেও তাঁর প্রতিভার সম্পূর্ণ বিকাশ ঘটে নাটকে। এছাড়াও প্রবন্ধ, ছোটগল্প ও উপন্যাসও লিখেছেন Shaw। প্রথমদিকে মার্ক্সবাদীয় চেতনায় আগ্রহী হয়ে পরবর্তীতে একজন কট্টর সমাজতান্ত্রিক হিসেবে ফ্যাবিয়ান সোসাইটির পক্ষে দিয়েছেন অসংখ্য বক্তৃতা, করেছেন অসংখ্য পুস্তিকা রচনা। ১৮৯০-এর দশকের শেষভাগে নাট্যকার হিসেবে নিজের নাম প্রতিষ্ঠার দিকে মনোযোগে দিতে গিয়ে Shaw এর রাজনৈতিক কর্মকাণ্ড হ্রাস পায়।

নাটক রচনায় তার প্রথম প্রচেষ্টা শুরু হয় ১৮৭৮ সালে। অমিত্রাক্ষর ছন্দে ধর্মীয় বিষয়বস্তুর উপর ব্যঙ্গধর্মী রচনা লেখা শুরু করেন। তারপর সেটা অসম্পূর্ণ রেখে, প্রথম সম্পূর্ণ উপন্যাস *'Immaturity'* লিখেন। পরবর্তীতে আর্থিক ও নীতিগত কারণে নিরামিষাশী হয়ে যান এবং মুখে গুটি বসন্তের দাগ লুকানোর জন্য দাঁড়ি রাখা শুরু করেন। তিনি দ্রুত সফলতার জন্য *'The Irrational Knot'* এবং *'Love Among the Artist'* দুটি উপন্যাস লিখেছিলেন।

১৮৮০ এর দশকের মাঝামাঝি সময়টা Shaw-র ব্যক্তিগত ও পেশাগত জীবনের উভয় অংশের বাঁক বদলের সময় হিসেবে চিহ্নিত। তবে Bernard Shaw এর প্রথম ব্যবসায়িক সাফল্য এনে দেয় *Arms and The Man (1894)* / বিংশ শতাব্দীর প্রথম দশকে তিনি নাট্যকার হিসেবে বিপুল সুখ্যাতি অর্জন করেন। সামাজিক বিভিন্ন ধরনের সমস্যাগুলো হাস্যরসের মাধ্যমে তিনি অত্যন্ত দক্ষ শিল্পীর হাতে ফুটিয়ে তুলতে পারতেন। অধিকাংশ লেখাতেই শ্রমজীবী মানুষের শোষণের বিপক্ষে তার অবস্থান ছিল সুস্পষ্ট।

তাঁর প্রকাশিত নাটকের সংখ্যা মোট ৬২টি। তাঁকে The Father of Modern English Literature বা আধুনিক ইংরেজি সাহিত্যের জনক বলা হয়। তাঁর রচিত নাটকসমূহ Drama of Ideas নামে পরিচিত। তিনিই প্রথম ব্যক্তি যিনি একই সাথে Nobel ও Academy Award পুরস্কার লাভ করেন। তাঁর রচিত *Pygmalion* নাটক অবলম্বনে চলচ্চিত্র নির্মিত হয়েছিল যা তাঁকে Oscar পুরস্কার এনে দিয়েছিল। 1925 সালে সাহিত্যে তিনি নোবেল পুরস্কার পান।

Other Plays			
	Man and Superman	Saint Joan	The Great Catherine
	Pygmalion	Doctor's Dilemma	The Apple Cart

Joseph Conrad (1857-1924)

Novels

- The Heart of Darkness
- An Outcast of the Islands
- Secret Agents
- Arrow of Gold
- Almayer's Folly (First)
- Lord Jim
- Nostromo
- The Rescue
- Victory

ইউক্রেনের সম্ভ্রান্ত এক পোলিশ পরিবারে জন্ম Joseph Conrad- এর। পিতা মাতার যক্ষ্মা রোগে মৃত্যুর পর আর্থিক অস্বচ্ছলতার কারণে Mont Blanc নামক জাহাজের শিক্ষানবিস হিসেবে যাত্রা করেন। নৌবাহিনীর নাবিক হতে শুরু করে ক্যাপ্টেন পদবী লাভ করা পর্যন্ত প্রতিটি যাত্রার অভিজ্ঞতাকেই তিনি তাঁর লেখনীতে তুলে ধরেছেন। প্যালেস্টাইন নামক জাহাজের এক রোমাঞ্চকর যাত্রার কাহিনি পরবর্তীতে একটি গল্প (*Youth*) হিসেবে প্রকাশ করেছিলেন। *Almayer's Folly, An Outcast of the Islands* এবং *Lord Jim* এই তিনটি উপন্যাসে তাঁর সাড়ে চার মাসের দক্ষিণ-পূর্ব এশীয় দ্বীপপুঞ্জের ভ্রমণের অভিজ্ঞতালব্ধ ঘটনা প্রতিফলিত হয়েছে। তবে কঙ্গোতে তিনি যা দেখেছেন বা অনুভব করেছেন তা থেকেই সৃষ্টি হয়েছে বিখ্যাত উপন্যাস *Heart of Darkness* এর। অর্থাৎ সারাজীবন বিভিন্ন সমুদ্র অভিযান থেকে প্রাপ্ত মনস্তাত্ত্বিক, আধ্যাত্মিক এবং অধিবিদ্যাগত আঘাত Joseph Conrad- এর লেখনীকে প্রভাবিত করেছে।

William Butler Yeats (1865-1939)

Poems

- Leda and the Swan
- Among School Children
- He Wishes for the Cloths of Heaven
- The Second Coming
- Sailing to Byzantium
- An Irish Airman Foresees

Plays

- The King's Threshold
- Cathleen in Houlihan
- The Land of Heart's Desire
- His Death
- Deirdre
- Countess Cathleen

Poetry

- The Wild Swans at Coole
- Last Poems and Plays
- The Tower
- The Wanderings of Oisin and Other Poems
- The Winding Stair and Other poems
- Michael Robartes and the Dancer
- The Green Helmet
- The Winding Stair
- No Second Troy
- Isle of Innisfree

W.B. Yeats ছিলেন একজন আইরিশ কবি, নাট্যকার এবং বিশ শতকের ইংরেজি সাহিত্য জগতে অন্যতম গুরুত্বপূর্ণ ও প্রভাবশালী ব্যক্তিত্ব। তাঁর মা তাঁকে গল্পে গল্পে আইরিশ লোককথা শোনাতেন এবং এর থেকে সৃষ্ট দেশমাতৃকার প্রতি অকৃত্রিম ভালোবাসা তিনি সারাজীবন ধারণ করেছেন। তিনি বিশ্বাস করতেন যে, তাঁর কবিতা ও নাটকগুলো আইরিশ জাতির রূপান্তর ঘটাতে সক্ষম হবে। Yeats এর প্রথমদিকের কবিতাগুলো Shelly এবং Edmund Spenser দ্বারা প্রভাবিত ছিলো। লন্ডনে এসে তিনি লেখক হিসেবে জীবিকা বেছে নেন। বিজ্ঞানের যুগেও Yeats নিজের কাব্যের আবরণে কল্পনার একটি জগৎ গড়ে তোলেন। তার জীবনের দীর্ঘসময় ব্যাপী (২ বছর) রচিত কবিতা *The Wanderings of Oisin.* বিতর্কিত আইরিশ নেতা চার্লস স্টুর্য়ার্টের মৃত্যু Yeats এর মনে আইরিশ রাজনীতি সম্পর্কে বিরূপ প্রতিক্রিয়া সৃষ্টি করে এবং সেই সূত্রে সৃষ্টি হয় *Celtic Twilight'।* তিনি অ্যাবে থিয়েটারের সূচনা করেন। তিনি *The Wind Among the Reeds* কবিতায় যেমন আইরিশ লোককাহিনি তুলে ধরেছেন, আবার *In the seven woods* এবং *The Green Helme* কবিতার মাধ্যমে ছন্দের পরিবর্তন করে কল্পনার জগৎ থেকে সরে এসে বাস্তবে পা রাখেন। তিনি 1923 সালে সাহিত্যে নোবেল পুরস্কার লাভ করেন। তিনি রবীন্দ্রনাথ ঠাকুরের *গীতাঞ্জলি* কাব্যের ইংরেজি অনুবাদের সম্পাদনা করেন এবং ভূমিকা লেখেন।

Franz Kafka (1883-1924)

Novels

- The Trial
- The Castle
- Amerika

Short Stories

- The Judgment
- The Hunger Artist
- The Metamorphosis

বিংশ শতাব্দীর অন্যতম প্রভাবশালী জার্মান ভাষার সাহিত্যিক Franz Kafka তৎকালীন বোহেমিয়া রাজ্যে জন্মগ্রহণ করেন। এটি তখন অস্ট্রো-হাঙ্গেরীয় সাম্রাজ্যের অন্তর্ভুক্ত ছিলো। বর্তমানে এটি চেক রিপাবলিকের অন্তর্ভুক্ত। তাঁর পরিবার ছিলো চেক ইহুদী এবং তিনি এই পরিচয় নিয়ে সচেতন ছিলেন। শৈশবে দুই ভাইয়ের মৃত্যুর পর Kafka পরিবারের বড় সন্তান হয়ে ওঠেন। এই পরিচয়ের প্রতিও তাঁর নিবেদন ছিলো। কনিষ্ঠতম বোন Ottla ছিলেন পরিবারে তাঁর কাছের মানুষ। কিন্তু তাঁর পিতার সাথে তাঁর মানসিক একটা দূরত্ব ছিলো যা তার ব্যক্তিত্বে প্রভাব ফেলে।

তাঁর সাহিত্যকর্মে বাস্তবতা ও কল্পনার উপাদানগুলোর চমৎকার সংমিশ্রণ ঘটেছে। তাঁর উপন্যাস ও গল্পের নায়কদের সমাজ থেকে বিচ্ছিন্ন হয়ে বিচিত্র বা পরাবাস্তব পরিস্থিতির মুখোমুখি হতে দেখা যায় এবং তারা প্রচণ্ড সামাজিক-আমলাতান্ত্রিক ক্ষমতার সম্মুখীন হয়। তাঁর রচিত সবচেয়ে বিখ্যাত ছোটগল্প *The Metamorphosis* এর উৎকৃষ্ট উদাহরণ। তাঁর রচনা বিচ্ছিন্নতা, অস্তিত্ব সংক্রান্ত উদ্বেগ, অপরাধবোধ এবং অযৌক্তিকতার মত বিষয়গুলো অন্বেষণ করে। তাঁর সাহিত্যে যে পরিস্থিতি তৈরী করা হয় তা বর্ণনার জন্য 'Kafkaesque' শব্দটি উদ্ভাবিত হয়েছে।

বাইরে যা-ই হোক; ভেতরে ভেতরে লেখক বিদ্রোহের দেয়াল তুলেছিলেন। নিজেকে সমাজতন্ত্রী ও নাস্তিক হিসেবে পরিচিত করেছিলেন। কিন্তু তার জীবনে দ্বৈততাও কম ছিলো না। যৌনজীবনের অবদমন ও দ্বিতীয় এক ব্যক্তিসত্ত্বা প্রতিপালনে এর দৃষ্টান্ত মেলে। তিনি দীর্ঘ সময় বীমা কম্পানিতে কাজ করেছেন যেখানে তাঁর লেখনীর বিপরীত ব্যক্তিত্ব চোখে পড়ে। সেখানে তিনি উচ্চাভিলাষী, উদ্যমী কর্মী এবং কর্মকর্তার ডান হাত।

জীবদ্দশায় কাফকার প্রকাশিত সাহিত্যের সংখ্যা সামান্য। মৃত্যুর সময় তিনি বন্ধুকে বলে গিয়েছিলেন যেন তাঁর সমস্ত অপ্রকাশিত পাণ্ডুলিপি ধ্বংস করা হয়। বন্ধু সে কথা রাখেননি। পৃথিবী তাই পরিচিত হয়েছে তাঁর অদ্ভূত স্বপ্নময় লেখার ধরনের সাথে। বিংশ শতাব্দী থেকে বিশ্ব রাজনীতি যে অন্ধকার দিকে যাচ্ছে তার বিবিধ পূর্বাভাস তাঁর লেখা ব্যতিক্রমী এসব উপন্যাসে উঠে এসেছিল। *The Trial* এই লেখকের সবচেয়ে জননন্দিত উপন্যাস। এতে দেখা যায় Joseph K. এর রায় হয়ে গেছে, মৃত্যুদণ্ড- অথচ কেউ বলছে না তার অপরাধ কী। এই উদ্ভট কাহিনির মঞ্চায়ন হয় দ্বিতীয় বিশ্বযুদ্ধে হিটলারের নৃশংস নিধনকেন্দ্রগুলোতে। লেখকের তিন বোনও সেরকম একটা ক্যাম্পেই বিনা বিচারে খুন হন।

আধুনিক সাহিত্যের এই মহান লেখক ৪০ বছর বয়সে যক্ষ্মা রোগে আক্রান্ত হয়ে মৃত্যুবরণ করেন। তাঁর সাহিত্য নিয়ে পরবর্তীতে বহু গবেষণা হয়েছে, বহু সাহিত্যিক তাঁদের সাহিত্য রচনায় তাঁর প্রভাবের কথা স্বীকার করেছেন।

Author	Short Bio	Major Works
Jules Verne (1828-1905)	ফরাসি ঔপন্যাসিক, কবি ও নাট্যকার। রোমাঞ্চধর্মী উপন্যাস ও বিজ্ঞান ভিত্তিক কল্পকাহিনির জন্য বিখ্যাত। বিশ্ব সাহিত্যে সবচেয়ে বেশি অনূদিত লেখকদের একজন। বৈজ্ঞানিক কল্পকাহিনির জনকদের একজন এই লেখক ব্যক্তিজীবনে ঘরকুনো ছিলেন। চিলেকোঠায় বসে লিখতেন।	**Adventure** Five Weeks in a Balloon The Steam House Around the World in Eighty Days **Sci-fi** Twenty Thousand Leagues under the Sea Journey to the Center of the Earth
Henrik Ibsen (1828-1906)	বাস্তববাদী নাটকের (Realism) প্রভাত ডেকেছিলেন এই মহান নাট্যকার। তাঁর ব্যতিক্রমী চিন্তাশক্তিতে প্রভাবিত হয়েছেন Bernard Shaw থেকে শুরু করে James Joyce পর্যন্ত। নরওয়ের সর্বকালের শ্রেষ্ঠতম সাহিত্যিক।	**Plays** A Doll's House When We Dead Awaken The Wild Duck Peer Gynt Ghosts

Author	Short Bio	Major Works
Sigmund Freud (1856-1939)	অস্ট্রিয়ার স্নায়ুরোগ বিশেষজ্ঞ ও মনোরোগবিদ্যার অধ্যাপক। Psychoanalysis এর উদ্ভাবক। Repression ও Oedipus Complex ধারণাগুলো তিনিই সামনে নিয়ে আসেন। শিল্প-সাহিত্য ও সমাজে তিনি যে বিতর্কের জন্ম দিয়েছিলেন তার প্রভাব আজও স্পষ্ট। তিনি "Goethe Prize" পেয়েছিলেন।	**Psychoanalysis** The Interpretations of Dreams The Ego and the ID Three Essays on the Theory of Sexuality
David Emile Durkheim (1858-1917)	ফরাসি সমাজবিজ্ঞানী ও সমাজবিজ্ঞানের জনকদের একজন। Max Weber ও Karl Marx এর সাথে তাঁর নামটি সমাজবিজ্ঞানের স্থপতিদের তালিকায় চলে আসে।	**Sociology** The Division of Labour in Society On the Normality of Crime Suicide
O'Henry (1862-1910)	আমেরিকান ব্যাংক কর্মচারী William Sydney Porter যিনি গল্প লিখে বিক্রি করতেন O'Henry ছদ্মনামে। ছোটগল্পে তাঁর অবস্থান কিংবদন্তিতুল্য।	**Stories** The Gift of Magi The Ransom of Red Chief The Duplicity of Hargraves **Story Books** Cabbages and Kings
Guy De Maupassant (1850-1893)	ফরাসি এই গল্পকারকে ছোটগল্পের মুকুটহীন সম্রাট হিসেবে দেখা হয়। প্লটের গঠন ও ভাষার পরিমিত ব্যবহারের জন্য তাঁর মেথড অন্য সব সাহিত্যিকের জন্য স্মরণীয় হয়ে থাকবে।	**Short Stories** Claire De Lune Miss Harriet The Necklace
John Galsworthy (1867-1933)	ইংল্যান্ডের Surrey কাউন্টিতে জন্ম নেওয়া এই মহান ঔপন্যাসিক ও নাট্যকার ১৯৩৩ সালে নোবেল পুরস্কার পান।	**Novels** The Forsyte Saga **Plays** The Silver Box Justice
John Millington Synge (1871-1909)	আইরিশ নাট্যকার ও কবি। ইয়েটস ও লেডি গ্রেগরিকে সাথে নিয়ে ডাবলিনে Abbey Theatre প্রতিষ্ঠা করেছিলেন। মাত্র ৩৭ বছরের জীবনে তিনি বেশ কিছু কালজয়ী সাহিত্য সৃষ্টি করেছেন। One Act Play "Riders to the Sea" তাঁর অন্যতম সেরা কীর্তি।	**Play** The Playboy of the Western World Deirdre of the Sorrows Riders to the Sea The Shadow of the Gilen
Bertrand Russel (1872-1970)	ব্রিটিশ গণিতবিদ ও দার্শনিক। সমকালীন বুদ্ধিজীবী সমাজের নেতৃস্থানীয় ব্যক্তি। মানব স্বাধীনতার পক্ষে দীর্ঘ বুদ্ধিবৃত্তিক সংগ্রামের স্বীকৃতি তিনি পেয়েছেন ১৯৫০ সালের নোবেল জয়ে।	**Math** The Principles of Mathematics **Philosophy** A History of Western Philosophy Theory of Knowledge

THE EDWARDIAN PERIOD এর গুরুত্বপূর্ণ সাহিত্যকর্ম

The Interpretations of Dreams by Sigmund Freud



মনোবিজ্ঞান তো বটেই, Sigmund Freud বিংশ শতাব্দীতে মানুষের চিন্তা-চেতনায় একটি বিপ্লব নিয়ে আসেন। তাঁর শ্রেষ্ঠ কর্ম হিসেবে বিবেচিত এই বইটিতে স্বপ্নের ব্যবচ্ছেদ করেছেন। স্বপ্নের তিনটি উৎস আর তিনটি গঠন নিয়ে বিস্তারিত বিবরণ পাওয়া যাবে বইটি পড়লে।

স্বপ্নের তিনটি উৎস- (১) সাম্প্রতিক বাস্তব ঘটনা (Recent Real-Life Events), (২) শৈশবস্মৃতি (Childhood Memories) ও (৩) শারীরিক স্পৃহা (Physical Stimuli)

স্বপ্নের তিনটি গঠন- (১) ঘণীভূতকরণ (Condensation), (২) স্থানচ্যুতি (Displacement) ও (৩) সংহতি (Coherence)

এখন প্রশ্ন হতে পারে স্বপ্ন নিয়ে এই মানুষের এত মাথাব্যথা কেন? উত্তরটা বইয়েই পাওয়া যাবে। ফ্রয়েড মনে করেন স্বপ্নের মাধ্যমে মানুষের অবচেতন মনের সাথে যোগাযোগ স্থাপন করা যায়। স্বপ্নের মাধ্যমেই অবদমিত চাহিদা ও দীর্ঘশ্বাসের গল্পগুলো জেনে নেওয়া যায়। মানুষ যা বলে এবং অন্যদের যা দেখায় সেটা তার মানসিক গঠনের বাস্তব প্রতিফলন না। মনস্তত্ত্বের কাজ হলো পর্দার আড়ালে থাকা এসব দুঃখ কষ্টের মানসিক কারণ খুঁজে বের করা এবং সম্ভব হলে সেই সমস্যাগুলোর সমাধান করা। ফ্রয়েড তার এই "খোয়াবনামা" তে এই কাজটিই করতে চেয়েছেন।

Arms and the Man by G.B. Shaw



1885 সালে বুলগেরিয়ান যুদ্ধের প্রেক্ষাপটে নাটকটি লিখিত। এর কাহিনি গড়ে উঠেছে Raina Petkoff, এক তরুণী প্রণয়িনীকে ঘিরে যে তার দিগ্বিজয়ী হবু স্বামীর অপেক্ষায় বসে আছে। বুলগেরিয়ান যুদ্ধবাহিনীর অন্যতম নেতা Major Petkoff তার পিতা ও Sergius Saranoff তার হবু স্বামী। যুদ্ধের ময়দানে পুরুষের পরাক্রমশীল সাহস ও শক্তিমত্তার গল্পে Raina মুগ্ধ। হবু স্বামীর অপেক্ষা তার যেন আর সইছে না।

কাজের মেয়ে Louka যুদ্ধের খবর নিয়ে এসে বলে, এই বুঝি রাস্তায় চলে এলো যুদ্ধসেনার দল। জানালাটা বন্ধ করে রেখো। Raina তো সৈন্যদের আসার অপেক্ষাতেই আছে। সে আর জানালা বন্ধ করে না। ওই জানালা দিয়ে ঢুকে পড়ে Captain Bluntschli নামক এক সুইস মার্সেনারি, যে কিনা বিরোধী সার্বিয়ানদের পক্ষে যুদ্ধ করছে। সে Raina কে ছুরির ভয় দেখিয়ে আত্মগোপন করে থাকে। সে সময় তাদের মধ্যে আলাপচারিতাও হয় কিছু। Raina যুদ্ধ প্রসঙ্গে Bluntschli এর সরল সোজা ও বাস্তববাদী চিন্তাভাবনা দেখে অবাক হয় যে । যুদ্ধের বীরত্ব ও অহংকার নিয়ে তার কোনও ভাবনাই যেন নেই।

এদিকে যুদ্ধ জিতে বাবা ও হবু স্বামী ফিরে আসে। Raina দেখে তার বীরপ্রতিম স্বামী Sergius Saranoff বীরপুরুষ নয়, বরং বোকা ও ভীরু। এদিকে Sergius এরও পছন্দ হয়না তার স্ত্রীর অস্থিরমতি রোমান্টিকতা। সে বরং কাজের মেয়ে Louka এর সাথে ফ্লার্ট করা শুরু করে। এমন বেগতিক অবস্থায় Bluntschli ফিরে আসে আবার তাদের বাসায়; নিয়ে যাওয়া কোট ফিরিয়ে দিতে। যার পকেটে ছিল Raina'র ছবি। ওপরে লেখা *"To my chocolate-cream soldier"*

কিন্তু উপন্যাসের প্রেক্ষাপটে Raina'র এই কথাটি Bluntschli কেই বলা মানায়। কোট ফেরত দিতে আসার পর হতবুদ্ধি Sergius ভুলবুঝে Bluntschli এর উপর হুংকার ছোড়ে। আত্মসম্মান রক্ষার্থে Sergius এর জবাবে Bluntschli কিছু বলেনা। তার এই বাস্তববাদী আচরণ Riana'র খুব পছন্দ হয়। অন্যদিকে Sergius এর পছন্দ ছিল কাজের মেয়ে Louka কে। এসব ঘটনা মিলিয়ে Sergius কে পরিত্যাগ করে Bluntschli কে গ্রহণ করে Riana। অবশেষে Riana-Bluntschli'র বিয়ে যা দ্বারা লেখক জাতীয়তাবাদের উপর মনের মিলকে তুলে ধরেছেন।

Man and Superman by G.B. Shaw



চার অংকের এই নাটকটি জর্জ বার্নার্ড শ তাঁর আরেক বিখ্যাত নাটক *Don Juan* এর থিমকে সম্প্রসারিত করে লেখেন। এখানে মানব চরিত্রের প্রবাহমানতার সাথে মহাবৈশ্বিক দর্শনের একটি সংযোগ উঠে এসেছে।

নাটকে দেখা যায়, Mr. Whitefield সম্প্রতি মারা গেছেন। তার রেখে যাওয়া উইল ইঙ্গিত দেয় যে তার মেয়ে Anne কে দুই ব্যক্তি, Ramsden এবং John Tanner এর যত্নে ছেড়ে দেওয়া উচিত। দুইজনের মধ্যে Ramsden একজন সম্মানী বৃদ্ধলোক, অপরজন হলেন John Tanner, Tanner কে অবিশ্বাস করেন Ramsden। কারণ সে বিপ্লবী চিন্তাধারার একজন বাগ্মী যুবক, অসাধারণ সাবলীল বাগ্মিতা, অস্থির, উত্তেজনাপূর্ণ এবং একটু পাগলাটে স্বভাবের। Ramsden এর নিষেধ উপেক্ষা করে Anne তার অভিভাবক হিসাবে John Tanner কে গ্রহণ করে। কিন্তু John Tanner এই দায়িত্বটি মোটেই চান না। Anne তার নিজস্ব ধারনা দিয়ে John Tanner এর বিপ্লবী বিশ্বাসকে চ্যালেঞ্জ করেন। নৈরাজ্যের প্রতি John Tanner এর আত্মনিবেদন সত্ত্বেও, তিনি Anne এর আকর্ষণকে ফিরিয়ে দিতে পারেন নি এবং শেষ পর্যন্ত তিনি তাকে বিয়ে করতে রাজি হন। Anne এর পাণিপ্রার্থী আরও যোগ্যতর ব্যক্তি ছিলেন John Tanner এর বন্ধু Octavius Robinson। কিন্তু Anne ভিতর ভিতর বিপ্লবী চিন্তাধারা পছন্দ করায় তাকে ছেড়ে John Tanner এর সাথেই মিলিত হবার সিদ্ধান্ত নেন।

A Doll's House by Henrik Ibsen

আধুনিক নাটকের জনক Henrik Ibsen তাঁর নাটকে তৎকালীন সামাজিক মূল্যবোধের গুণগান গেয়েই দমে যাননি বরং কালো শক্তির বিরুদ্ধে সত্য সর্বদাই জয়লাভ করে- তা প্রতীয়মান করেছেন। তাঁর রচিত *A Doll's House* নাটকটিও এর ব্যতিক্রম নয়। পুরুষতান্ত্রিক সংসারের বিরুদ্ধে Nora Helmer নামক চরিত্রটির নারীসত্তার বিদ্রোহ, আত্মোপোলব্ধি এবং ব্যক্তিত্বের বিকাশই *'A doll's house'* নাটকের প্রধান উপজীব্য। সে বলে-

"I must make up my mind which is right– society on I"

ছেলেবেলায় পিতার হাতে আর পরিণতকালে স্বামীর হাতের পুতুল হওয়া Nora-র জীবনের কাম্য নয় বরং বৃহত্তর সমাজ জীবনে বিকাশ ও আত্মপ্রতিষ্ঠাই তার জীবনকে দিয়েছে স্বার্থকতা। নিঃস্বার্থ ভালোবেসে স্বামী Torvald কে সুস্থতার জন্য তাকে না জানিয়ে টাকা ধার করা, মৃত পিতার স্বাক্ষর জাল করা ইত্যাদি কর্মকাণ্ডের পেছনে নারীর অকৃত্রিম আবেগই প্রভাবক ছিল। বিনিময়ে Nora-কে শুনতে হয় ভর্ৎসনা, যা তাকে বাস্তবতার মুখোমুখি দাঁড় করায় এবং নিজ চিন্তাশক্তির বিকাশ ঘটিয়ে সিদ্ধান্ত নিতে সাহায্য করে।

The Gift of the Magi by O'Henry

O' henry তাঁর *The Gift of the Magi* গল্পে এক চিরন্তন ভালোবাসার বহিঃপ্রকাশ ঘটিয়েছেন, যার রূপ দান করেছে Jim এবং Della নামক দুইজন তরুণ-তরুণী। ক্রিসমাস বা বড়দিনে সারপ্রাইজ গিফট দেয়ার পরিকল্পনা হতে শুরু করে গিফট দেয়ার মুহূর্ত পর্যন্ত পরতে পরতে রয়েছে মায়া এবং অকৃত্রিম ভালোবাসার সংমিশ্রণ। Jim-এর প্রিয় ঘড়ির চেইন কেনার জন্য Della নিজের সুদর্শন চুল বিক্রি করে। আর Della-র চুলের চিরুনি কেনার জন্য Jim তার প্রিয় ঘড়িটি বিক্রি করে দেয়। নিজেদের সবচেয়ে প্রিয় জিনিস বিসর্জনের মধ্য দিয়ে হলেও একে অপরকে খুশি করার প্রয়াসই গল্পটির মূল উপজীব্য।

"Life is full of sniffles sobs and smiles."



The Forsyte Saga by John Galsworthy

লেখক John Galsworthy তাঁর এ উপন্যাস সিরিজে একটি বৃহৎ উচ্চ-মধ্যবিত্ত ইংরেজ পরিবারের নেতৃস্থানীয় সদস্যদের জীবনের চড়াই উতরাই বর্ণনা করেন। প্রধান চরিত্র আইনজীবী এবং মনীষী Soames Forsyte বস্তুগত সম্পদ সংগ্রহ করার ক্ষমতার কারণে নিজেকে একজন "man of property" হিসেবে দেখেন কিন্তু এটি তাঁকে আনন্দ বা তৃপ্তি দিতে সফল হয় না। তাই তিনি বলেছেন,

"That small emotion, love, grows amazingly when threat end with extinction".

Soames Forsyte একজন বস্তুবাদী মানুষ। আইনজীবী হওয়ায় ক্ষমতাধর সমাজের সাথে তার সখ্যতা আছে যথেষ্ট। তার দুর্বলতা হলো, Irene Heron নামের একজন দরিদ্র মহিলা যার প্রতি তিনি অযৌক্তিক প্রেম অনুভব করেন। ভালো না বাসলেও সৎ মায়ের পরামর্শ নেওয়ার পর Irene ঠিকই Somes কে বিয়ে করেন। বিয়ের চার বছর পরও আইরিন সুখী হতে পারেন না কারণ ভালোবাসাহীন সংসারে সুখী হওয়া কঠিন।

Soames Forsyte এর চাচাতো ভাই Jolyon Forsyte, যে আচরণে তার একেবারেই বিপরীত। সে একজন শিল্পী। জীবন সম্পর্কে তার আবেগী চিন্তাধারার ফলাফলে সে বউকে ছেড়ে সে সন্তানদের ন্যানির সাথে পালায়। Jolyon এবং Soames এর সন্তানদের জীবন ধরে এই উপন্যাস সিরিজ এগিয়ে যায়। তাদের সুখ দুঃখ ও সমকালীন সমাজচিত্র এইভাবে উঠে আসে।

Heart of Darkness by Joseph Conrad

ফ্রেইম ন্যারেটিভ পদ্ধতিতে লেখা এই উপন্যাসটিতে Charless Marlow নামের একজন চরিত্রকে দেখা যায় যিনি মধ্য আফ্রিকার Congo নদীর মধ্য দিয়ে হাতির দাঁত পরিবহনের কাজ করতে যান। একটি স্টিমবোটের দায়িত্ব তার। ভ্রমনের পরিক্রমায় Kurtz নামে এক ইংরেজের কথা শুনতে পান। হাতির দাঁত সংগ্রহে Kurtz এর খ্যাতি কিংবদন্তিতুল্য। কিন্তু, এখন লোকটা অসুস্থ, সম্ভবত পাগল হয়ে গেছে। তাকে ঘিরে একদল আদিবাসী বসতি ও ঘাঁটি স্থাপন করেছে। Marlow এর ওপর দায়িত্ব বর্তালো যে এই Kurtz কে খুঁজে বের করে দেখতে হবে কী সমস্যা। তাকে ছাড়া হাতির দাঁতের ব্যবসা মাঠে মারা যাচ্ছে।

আফ্রিকার অজানা গহীনে যেতে যেতে Marlow যেন ঢুকে পড়ছেন নিজের পাশবিক অবচেতনের অভ্যন্তরে। একই সাথে হয়তো সমস্ত পশ্চিমা সভ্যতারই অন্ধকারে। ঔপনিবেশিকতার শোষণ ও নির্যাতনে দগ্ধ আফ্রিকার গল্প বলতে বলতে বিবেকের দংশনে পাগল হয়ে গিয়েছে Kurtz। মৃত্যুশয্যায় বলেছে- *"The horror! The horror!"* উপন্যাসটি ঔপনিবেশিক শাসকেদের নির্যাতনের গল্প লেখক তুলে ধরেছেন Kurtz এর কণ্ঠে।



The Wild Swans at Coole by W.B. Yeats

একই নামের কাব্য সংগ্রহে ১৯১৭ সালে প্রকাশিত হয় ইয়েটসের অন্যতম শ্রেষ্ঠ এই গীতিকবিতাটি। পঞ্চাশোর্ধ কবি আয়ারল্যান্ডের Coole পার্কে বেড়াতে গেছেন বন্ধু Lady Gregory এর সাথে। এখানে তিনি এসেছিলেন আরও উনিশ বছর আগে। তখনো প্রকৃতি এমন মায়ায় বেঁধেছিল, তখনো রাজহংসরা ভেসে চলেছিল হ্রদের কাকচক্ষু জলে। স্মৃতির সাথে কবি মেলাতে চাইলেন বর্তমান। কী যেন এক বিষাদ এসে ভর করলো মনে। হারানো বয়স ও ভালোবাসার কথাগুলো হয়তো উঁকি দিয়ে গেল মনে –

All's changed since I, hearing at twilight,
The first time on this shore

তখন প্রথম বিশ্বযুদ্ধ শুরু হয়ে গেছে। আইরিশ জাতীয়তাবাদী আন্দোলনের কোনও ফলাফল নেই। যুদ্ধে ধ্বংস হয়েছে প্রকৃতি। যুদ্ধে হারিয়ে গেছে সৌন্দর্যপিপাসু মন আর কাব্যিকতার কলধ্বনি। কবিতায় হাহাকারের সুরে বুঝি সেই কথাগুলোই এলো।

	Title	Author	Short Summary
Sci-Fi	Twenty Thousand Leagues Under the Sea	Jules Verne	ক্যাপটেন নিমো ও তার "Nautilus" সাবমেরিনের কাহিনি। সমুদ্রে দৈত্যবধের অভিযানে গিয়ে দেখা মেলে এই বৈজ্ঞানিক কল্পকাহিনির যন্ত্রদানবের।
	The Time Machine	H.G. Wells	এ গল্পে টাইম ট্রাভেলকে একটি চতুর্মাত্রিক বিষয় হিসেবে তুলে ধরে বৈজ্ঞানিক কল্পকাহিনির সূত্রপাত করা হয়েছে।
	The War of the Worlds	H.G. Wells	যুগান্তকারী এ বৈজ্ঞানিক কল্পকাহিনিটি মানুষ এবং বহির্জাগতিক "মঙ্গলবাসীদের" মধ্যে একটি বিপর্যয়মূলক সংঘর্ষ নিয়ে রচিত।
Adventure	Around the World in Eighty Days	Jules Verne	২ হাজার পাউন্ড বাজি ধরে লন্ডনবাসী Phileas Fogg ও তার ফ্রেঞ্চ ভ্যালে (ভৃত্য) Passepartout সারা পৃথিবী আশি দিনে এক চক্কর ঘুরে আসে।
	The Steam House	Jules Verne	দুই বন্ধু একটা বাড়ি নির্মাণ করল, যেটার সাথে চাকা লাগিয়ে দিব্যি চালিয়ে নেয়া যাবে। একটা কয়লাচালিত যান্ত্রিক হাতি তৈরি করা হয় এর সাথে। এভাবে দুই বন্ধু বিশ্বভ্রমণ করে এবং একসময় ব্রিটিশ-ভারতীয় আন্দোলনের দাঙ্গায় জড়িয়ে যায়।
Horror	The Turn of the Screw	Henry James	উপন্যাসটি একজন পরিচারিকা একটি প্রত্যন্ত এস্টেটে দুটি শিশুর যত্ন নিচ্ছেন, তিনি একসময় নিশ্চিত হন যে, তাদের বাসস্থানটি ভূতুড়ে। প্রাথমিকভাবে এটিকে শুধু একটি ভয়ঙ্কর ভূতের গল্প হিসাবে বিবেচিত হয়েছিল, পরবর্তীতে কিছু সমালোচকের মতে অতিপ্রাকৃত উপাদানগুলি তৎকালীন শাসন ব্যবস্থার বিভিন্ন দিক রূপকভাবে তুলে ধরেছে।
Prose	The Ego and the ID	Sigmund Freud	এটি Sigmund Freud এর একটি বিশিষ্ট গবেষণাপত্র। এটি মানব মানসিকতার একটি বিশ্লেষণাত্মক অধ্যয়ন যা তার অহংবোধ এবং সুপার-ইগোর তত্ত্বগুলিকে রূপরেখা দেয়।
	On the Normality of Crime	Emile Durkheim	এ রচনায় Durkheim অপরাধকে সমাজের একটি স্বাভাবিক অংশ এবং প্রয়োজনীয় এবং অপরিহার্য দিক হিসেবে উপস্থাপন করেছেন। এছাড়াও অপরাধের অন্যান্য দিক তুলে ধরেছেন।
	A History of Western Philosophy	Bertrand Russell	এ বইয়ে গ্রীক সভ্যতার উত্থান থেকে বিংশ শতাব্দীতে যৌক্তিক বিশ্লেষণের উদ্ভব পর্যন্ত দর্শনের সন্ধান করেছেন।
	Proposed Roads to Freedom	Bertrand Russell	উক্ত বইয়ে Bertrand Russell নৈরাজ্যবাদ, সমাজতন্ত্র এবং সংগঠন সম্পর্কিত বিচক্ষণ রাজনৈতিক ভাষ্য সম্পর্কে মতবাদ দিয়েছেন।
Plays	Deirdre	W.B. Yeats	আইরিশ কিংবদন্তীর নায়ক Dierdre এর উপর ভিত্তি করে নির্মিত এই ট্র্যাজিক কিন্তু শৈল্পিক নাটকে Yeats প্রেম, সম্মান, প্রতারণা এবং আত্মত্যাগের বিষয়বস্তু অন্বেষণ করেছেন।
	The Silver Box	John Galsworthy	এ নাটকের সূত্রপাত একটি সিগারেটের বাক্স (রূপার বাক্স) অদৃশ্য হয়ে যাওয়া নিয়ে। লেখক এই নাটকে ব্রিটিশ সমাজের সমালোচনা করেছেন যেখানে ধনীরা আইনের সুবিধা পায় এবং দরিদ্রদের প্রতি অবিচার করা হয়।

	Title	Author	Short Summary
	When We Dead Awaken	Henrik Ibsen	Arnold Rubek, একজন বিখ্যাত ভাস্কর, একটি পাহাড়ি রিসোর্টে তার প্রাক্তন মডেল Irena এর সাথে দেখা করেন, যার প্রেম তিনি কয়েক বছর আগে প্রত্যাখ্যান করেছিলেন। পাহাড়ে আরোহণের সময় তারা দুইজনই একটি তুষারধ্বসে নিহত হয়।
Poems	Deirdre of the Sorrows	Millington Synge	এ নাটকটি আইরিশ পৌরাণিক কাহিনি, বিশেষ করে ডেইড্রে এবং কনকোবার সম্পর্কিত পৌরাণিক কাহিনির উপর ভিত্তি করে তৈরি।
	No Second Troy	W.B. Yeats	১৯২১ সালে *The Green Helmet and Other Poems* শিরোনামে কবিতাটি প্রকাশিত হয়। কবি Yeats এর প্রস্তাব প্রত্যাখান করে Maud Gonne আইরিশ বিপ্লবী John MacBride কে বিয়ে করায় ১৯০৩ সালে এই কবিতাটি লিখেন।
	Easter 1916	W.B. Yeats	ব্রিটিশ শাসনের বিরুদ্ধে আইরিশদের ইস্টার সোমবার, 24 এপ্রিল, 1916-এ সংঘটিত একটি সশস্ত্র বিদ্রোহ, যা আয়ারল্যান্ডের ডাবলিনে শুরু হয়েছিল, তা নিয়ে লেখা কবিতা।
	The Lake Isle of Innisfree	W.B. Yeats	বারো লাইনের কবিতায় শহুরে জীবনযাপন করা কবির ইনস্ফ্রি হ্রদে শান্তি খোঁজার আকাঙ্ক্ষা প্রতিফলিত হয়। সেই হ্রদের শান্ত ও নীরব পরিবেশের টানে কবি সেখানে ফিরে যেতে চান।

THE EDWARDIAN PERIOD এর সাহিত্যে প্রধান চরিত্রসমূহ

Mrs. Warren from *Mrs Warren's Profession* by G.B. Shaw



বিখ্যাত আইরিশ নাট্যকার G.B. Shaw রচিত *Mrs. Warren's Profession* নাটকটি Mrs. Kitty Warren এবং তার মেয়ে Vivie এর উপর ভিত্তি করে রচিত। Warren একজন পতিতালয়ের মালিক এবং Vivie তার মেয়ে, একজন বুদ্ধিমতী এবং বাস্তববাদী যুবতী। Vivie সবেমাত্র ক্যামব্রিজ বিশ্ববিদ্যালয় থেকে গণিতে স্নাতক লাভ করেছেন, জীবনে প্রথমবার তার মায়ের সাথে পরিচিত হতে বাড়িতে এসেছেন। মায়ের পেশা সে জানতো না, যখন সে জানতে পারলো তার মা এর সারা ইউরোপ জুড়ে পতিতালয়ের ব্যবসা আছে সে তখন প্রথমে খুবই বিচলিত হয়ে পড়লো। তখন তার মা কেন সে এই পেশায় এসেছে তা ব্যখ্যা করলো, তখন সে তার মাকে জীবনযুদ্ধে জয়ী এক বিজয়ী নারী হিসেবে উপলব্ধি করলো। সে সময়কার ইংলিশ সমাজে পতিতাবৃত্তি নিয়ে যে দ্বিচারিতা প্রচলিত ছিলো সেগুলোই Mrs. Warren চরিত্রটির মাধ্যমে তুলে ধরা হয়েছে। নৈতিকতার অভাবে নয়, বরং সেসময়ে নারীদের অর্থ উপার্জনের সুযোগের অভাবের জন্যই নারীরা পতিতাবৃত্তিতে আসতো বলে এই চরিত্রটির মাধ্যমে যুক্তি দেখানো হয়েছে। নাটকের শেষের দিকে অবশ্য Vivie যখন বুঝতে পারে তার মা আর প্রয়োজন না থাকার পরও পতিতালয় চালিয়ে যাচ্ছে, তখন সে ঘৃণাভরে মাকে ত্যাগ করে শহরে গিয়ে চাকরি নেয় এবং নিজের সাথে প্রতিজ্ঞা করে, সে জীবনেও কখনও বিয়ে করবে না। এদিকে বাকি জীবন মেয়ের সাথে কাটানোর আশায় থাকা Mrs. Warren ভগ্নহৃদয় নিয়ে পড়ে থাকেন।

Joan of Arc from *Saint Joan* by G.B. Shaw



George Bernard Shaw লিখিত একমাত্র Tragedy '*Saint Joan*' নাটকটি বিখ্যাত ফরাসি সেনানায়ক Joan of Arc কে নিয়ে লেখা। তিনি ১৪১২ সালে ফ্রান্সের একটি কৃষক পরিবারে জন্মগ্রহণ করেন। ইতিহাসে তিনি Maid of Orleans নামে পরিচিত। তিনি মাত্র ষোল বছর বয়সে ফ্রান্স ও ব্রিটেনের মধ্যে সংঘটিত শতবর্ষী যুদ্ধে বীরত্বপূর্ণ অবদান রাখেন এবং রাজা সপ্তম চার্লসকে ফ্রান্সের বিভিন্ন অঞ্চল উদ্ধারে সহায়তা করেন। তার ভূমিকার জন্য তিনি ফ্রান্সের একজন জাতীয় বীর হিসেবে বিবেচিত হন। ঈশ্বরের কাছে থেকে তিনি সরাসরি নির্দেশনা পেতেন বলে তিনি দাবি করতেন। ফরাসি বিপ্লবের পর তিনি ফ্রান্সের জাতীয় প্রতীক হয়ে উঠেন। ১৯২০ সালে তাঁকে রোমান ক্যাথলিক চার্চের Saint হিসেবে ঘোষণা করা হয়।

এই নাটকটি রচিত হয়েছে যুদ্ধের দুই বছর পরের এক প্রেক্ষাপটে। ফ্রান্সের স্বাধীনতার পর ইংরেজরা Joan কে জব্দ করার ফন্দি আঁটতে থাকে। Compiègne শহরের বহির্ভাগে শত্রুসৈন্যদের ওপর আক্রমণকালে ফ্রান্সের রাজনৈতিক দল বার্গেন্ডির কর্মীদের বিশ্বাসঘাতকতার সুযোগ নিয়ে ইংরেজরা Joan কে আটক করতে সক্ষম হয়। তারপর এক ইংরেজ পাদ্রির অধীনে তার বিচারকাজ চলে। বিচারে তার কার্যকলাপকে প্রচলিত ধর্মমতের বিরোধী আখ্যা দিয়ে তাকে 'ডাইনি' সাব্যস্ত করা হয়। আইনে এর শাস্তির বিধান ছিল জীবন্ত পুড়িয়ে মারা। এই রায় অনুসারে মাত্র উনিশ বছর বয়সী এই তরুণী বীরকে তাই ১৪৩১ খ্রিষ্টাব্দে জীবন্ত পুড়িয়ে মারা হয়। নাট্যকার Shaw এই নাটকে মূলত দেখাতে চেয়েছেন, সে সময় যারা এই বিচারকাজ পরিচালনা করেছিলো, তারা সঠিক কাজটিই করেছিলো বিশ্বাস করতো। তাই, এখানে কাউকে অপরাধী বলা যাবেনা। সমালোচকরা এই নাটকটিকে তাই "A tragedy without villains" হিসেবে আখ্যা দিয়েছেন।

Christy Mahon from *The Playboy of the Western World* by J.M. Synge



বিখ্যাত আইরিশ নাট্যকার John Millington Synge রচিত বিখ্যাত নাটক *The Playboy of the Western World* এর কেন্দ্রীয় চরিত্র Christy Mahon একজন অকর্মণ্য, ভীরু, কাপুরুষ মানুষ। কিন্তু নাটকের বিভিন্ন ঘটনা পরিক্রমায় সে সাহসী ও আত্মবিশ্বাসী হয়ে ওঠে। নাটকে সকলের কাছে তার Playboy/ Hero হয়ে উঠার ব্যাপারটিই বর্ণিত হয়েছে। নাটকটির ঘটনাগুলো Flaherty's tavern নামক একটি মদ্যশালায় সংঘটিত হয়। Mahon একরাতে পানশালায় হাজির হয়ে দাবি করে যে, সে তার বাবাকে হত্যা করে এসেছে। পানশালার লোকেরা Christy কে তিরস্কার না করে বরং তার সাহসিকতার জন্য বাহবা দেয়। Christy নিজ গ্রামে মেয়েদের কাছে পাত্তা পায় না কিন্তু এখানে মেয়েরা তাকে খুব মনোযোগ দেয়। এমনকি মদ্যশালার মালিকের মেয়ে Pegeen তার প্রেমে পড়ে যায়, যদিও তার Shawn Keogh নামক এক ব্যক্তির সাথে বিবাহ ঠিক হয়েই ছিলো। গ্রামের অন্যসব মেয়ের পাশাপাশি এক বিধবাও Christy কে আকৃষ্ট করার ব্যর্থ চেষ্টা করে, Keogh এর প্ররোচনায়। গ্রামে বিভিন্ন ক্রীড়া প্রতিযোগিতায়ও Christy অংশগ্রহণ করে এবং পুরস্কার লাভ করে। ফলে সকলে তার জনপ্রিয়তা আরো বৃদ্ধি পায়। ভালোই সময় কাটতে থাকে তার।

কিন্তু একদিন Christy এর সুখের সময় শেষ হয়। তার বাবা, যাকে সে মেরে ফেলেছে ভেবেছিলো, সেই বৃদ্ধ এসে ঐ গ্রামে হাজির হয়। গ্রামের লোকজন তখন Christy কে মিথ্যাবাদী ও কাপুরুষ বলতে শুরু করে। নিজের জনপ্রিয়তা ধরে রাখতে আবারো Christy সজোরে তার বাবাকে আঘাত করে ধরাশয়ী করে। কিন্তু এবার আর গ্রামবাসী তাকে বাহবা না দিয়ে বরং নিজেদের খুনের অভিযোগ থেকে বাঁচাতে তাকে ধরে ফাঁসি দিতে চায়। আশ্চর্যজনকভাবে সেই বৃদ্ধ তখনও মারা জাননি, আহত ও রক্তাক্ত অবস্থায় পুনরায় হাজির হয়ে তিনি ছেলের জীবন বাঁচান। তিনি তাঁর ছেলের সাহস ও আত্মবিশ্বাসে মুগ্ধ, সে আর আগের কাপুরুষ নেই। পিতা-পুত্র তখন একত্রে গ্রাম থেকে বিদায় নেয় দুনিয়া ঘুরবে বলে। আর পেছনে পড়ে থাকা Pegeen প্রতারিত ও শোকস্তব্ধ হয়ে বলে উঠে- "I've lost the only playboy of the western world."

CHARLES MARLOW
Joseph Conrad

Charles Marlow from *Lord Jim* by Joseph Conrad

ক্যাপ্টেন Charles Marlow চরিত্রটি জোসেফ কনরাডের তিনটি উপন্যাস ও একটি ছোটগল্পে এসেছে। ভিন্ন সাহিত্যকর্মে এলেও এই চরিত্রটির বৈশিষ্ট্য অক্ষত রেখেছেন লেখক। প্রতিটি উপন্যাসেই কথকের (Narrator) ভূমিকায় ছিলেন এই চরিত্রটি। তবে *Lord Jim* উপন্যাসে Charles Marlow গুরুত্বপূর্ণ এবং অনেকের মতে প্রধান চরিত্রের ভূমিকায় থেকেছেন।

বিপর্যয়ের মুখে জাহাজ ও যাত্রীদের রেখে নিজের জীবন বাঁচাতে পালিয়ে যাওয়া নাবিক Jim। সমুদ্র আইনে তার বিচারসভায় জুরি হিসেবে আসেন Marlow। Jim কে পছন্দ না হলেও তার অপরাধবোধ Marlow কে প্রভাবিত করে। Jim কে নতুন জীবন দেওয়া যায় কিনা সেই ভাবনাতেই অপরাধবোধ থেকে দূরে জনবিচ্ছিন্ন এক দ্বীপে তার কাজের ব্যবস্থা করে দেন। সেখানে Jim নিপীড়ক Sherif Ali ও Rajah Tunku Allang দের প্রতিহত করে সবার মন জয় করে নেন। দ্বীপের মানুষের কল্যানে কাজ করতে গিয়ে জিমের মৃত্যুও সেখানেই হয় এবং এভাবেই সে তার জীবনের প্রায়শ্চিত্ত করে। এইভাবে Marlow'র পরিকল্পনা সফল হয়।

Joseph Conrad ইংরেজি উপন্যাসে অ-ইংরেজিয় প্রভাব নিয়ে এসেছিলেন। তাঁর কাহিনি ও বিষয়বস্তুর নিজস্বতা তাঁকে কথাসাহিত্যের ইমপ্রেশনিস্ট স্বীকৃতি দিয়েছে। তাঁর অনবদ্য উপন্যাস Lord Jim যেখানে কেন্দ্রীয় চরিত্রটি ভালো-মন্দ মিশ্রণের ধূসর জগতে একজন এন্টি-হিরো। আর Marlow চরিত্রটি তার আশ্রয়।

Gregor Samsa from *The Metamorphosis* by Franz Kafka

"As Gregor Samsa awoke one morning from uneasy dreams, he found himself transformed in his bed into a gigantic insect."

প্রথম বাক্যেই পাঠককে চমকে দেওয়ার এমন উদাহরণ কমই আছে। বিংশ শতাব্দীর অন্যতম প্রভাবশালী লেখক Franz Kafka লিখিত সবচেয়ে বিখ্যাত ছোট গল্প *The Metamorphosis* এর শুরুটা এমনই। এই গল্পের প্রধান চরিত্র Gregor Samsa একদিন সকালে ঘুম থেকে উঠে আবিষ্কার করলো সে বিরাট এক পোকা হয়ে গেছে। যেভাবে বলা হলো, যেন বাস্তবেই এমন সম্ভব। ব্যাপারটা Samsa এরও বিশ্বাস করতে ইচ্ছে ছিলো না। তার অফিসে যেতে হবে। বেচাবিক্রির কাজ তার- যত দেরি ততোই ক্ষতি। সংসার চলে গ্রেগরির টাকায়। অফিসে না গেলে তার অথর্ব অস্তিত্ব কি পরিবারের লোকজন মেনে নেবে? বিশাল আরশোলায় পরিণত হয়ে সবচেয়ে বড় ক্ষতি যেটা হয়েছে- উলটে গেলেই আর সোজা হওয়া যাচ্ছে না। মা বোনের দুর্বল প্রচেষ্টায় এত ভারী শরীরটা কি নড়ানো চলে? কী পাপে এই পরিণতি হলো? আবার কি ফেরা যাবে নিজের শরীরে?

এত বড় একটা ঘটনা ঘটে যাবার পরও Samsa এর ভাবনা থাকে তার প্রাত্যহিক জীবনকে ঘিরেই। তার মা বোনের কী হবে, সংসার চলবে তো? এসব প্রশ্ন। এক সময় তার পরিবার Samsa এর এই Metamorphosis বা পরিবর্তন মেনে নিয়ে নিজেরাই চাকরি খুঁজে নেয়। আর ধীরে ধীরে তারা আরশোলায় পরিণত হয়ে ঘরের এক কোণায় পড়ে থাকা Samsa কে ভুলে যায়। সে যেন কাফকা নির্মিত জগতের মধ্যবিত্ত সমাজের প্রতিনিধি- উপযোগিতা না থাকলে পরিবারেও একসময় বিস্মৃত হয়ে যেতে হয়।

THE EDWARDIAN PERIOD এর সাহিত্যে উক্তিসমূহ

Anything one man can imagine; other men can make real

Journey to the Center of the Earth,
Jules Verne

We may brave human laws, but we cannot resist natural ones

20,000 Leagues Under the Sea,
Jules Verne

The earth does not need new continents, but new men

20,000 Leagues Under the Sea,
Jules Verne

The strongest men are the most alone

A Doll's House,
Henrik Ibsen

A thousand words will not leave so deep an impression as one deed

Ghosts,
Henrik Ibsen

If you've been hated, you've also been loved

The Portrait of a Lady,
Henry James

Try to be one of those on whom nothing is lost

The Art of Fiction,
Henry James

Immorality, no less than morality, has at all times found support in religion

The Future of an Illusion,
Sigmund Freud

Dream is the dreamer's own psychical act

The Interpretation of Dreams
Sigmund Freud

Places are often treated like persons

The Interpretation of Dreams,
Sigmund Freud

Never wrestle with pigs. You both get dirty and the pig likes it

Man and Superman,
George Bernard Shaw

Your strength is just an accident arising from the weakness of others

Heart of Darkness,
Joseph Conrad

Religion is in a word the system of symbols by means of which society becomes conscious of itself

A Study in Sociology,
Émile Durkheim

Life is full of sniffles sobs and smiles. With sniffles predominating

The Gift of the Magi,
O. Henry

I have spread my dreams under your feet

Cloths of Heaven,
W. B. Yeats

She feels in italics and thinks in CAPITALS

Daisy Miller,
Henry James

For he would be thinking of love Till the stars had a run away

Brown Penny,
W. B. Yeats

A sick thought can devour the body's flesh more than fever or consumption

Le Horla,
Guy De Maupassant

Men are in fact, quite unable to control their own inventions

The Forsyte Saga,
J.M. Synge

All changed, changed utterly: A terrible beauty is born.

Easter 1916,
W. B. Yeats

Men are born ignorant, not stupid; they are made stupid by education

A History of Western Philosophy,
Bertrand Russell

Quote	Origin	Auther
It is the very mark of the spirit of rebellion to crave for happiness in this life	Ghosts	**Henrik Ibsen**
I call people rich when they're able to meet the requirements of their imagination	The Portrait of a Lady	**Henry James**
There are two tragedies in life. One is to lose your heart's desire. The other is to gain it	Man and Superman	**George Bernard Shaw**
Happy is the man who can make a living by his hobby	Pygmalion	
When mores are sufficient, laws are unnecessary; when mores are insufficient, laws are unenforceable	A Study in Sociology	**Émile Durkheim**
Methodological rules are for science what rules of law and custom are for conduct	The Division of Labor in Society	
I did not, but i saw a young girl, and she had the walk of a queen	A Prayer for my Daughter	**W.B. Yeats**
Accursed who brings to light of day the writings I have cast away	-	
Words are, of course, the most powerful drug used by mankind	The Jungle Book	**Rudyard Kipling**
You must learn to forgive a man when he's in love. He's always a nuisance	The Light That Failed	
That slow and beautiful decay which flings crowns underfoot to star the earth with fallen glories	The Man Of Property	**John Galsworthy**
The search for something permanent is one of the deepest of the instincts leading men to philosophy	A History of Western Philosophy	**Bertrand Russell**

Potential Questions & Answers

01. Who was famous for sea stories as he worked as a sailor?
(a) Joseph Conrad (b) E. M. Forster (c) Rudyard Kipling (d) James Joyce

02. 'Mrs. Warren's Profession' is written by—
(a) G. B. Shaw (b) Thomas Kyd (c) J. M. Synge (d) Samuel Beckett

03. Who wrote 'The Apple Cart'?
(a) Thomas Kyd (b) J. M. Synge (c) G. B. Shaw (d) Samuel Beckett

04. Who among the following is a dramatist?
(a) George Bernard Shaw (b) E. M. Forster (c) T. S. Eliot (d) Stephen Spencer

05. "Happy is the man who can make a living by his hobby" is a quote from GB Shaw's Play-
(a) Caudida (b) Man and Superman (c) Doctor's Dilemma (d) Pygmalion

06. 'Caesar and Cleopatra' is—
(a) a tragedy by Shakespeare (b) a play by Bernard Shaw
(c) a poem by Lord Byron (d) a novel by S. T. Coleridge

07. Who wrote the short novel, ''Arrow of Gold''?
(a) E. M. Forster (b) Rudyard Kipling (c) Joseph Conrad (d) James Joyce

08. Who wrote 'Heart of Darkness'?
(a) Joseph Conrad (b) E. M. Forster (c) Rudyard Kipling (d) James Joyce

09. Who wrote the play 'Doctor's Dilemma'?
(a) Samuel Beckett (b) J. M. Synge (c) G. B. Shaw (d) Thomas Kyd

10. George Bernard Shaw is—
(a) a play wright (b) a novelist (c) a poet (d) an essayist

11. Who was granted British nationality in 1886 but was always considered himself a polish—
(a) Joseph Conrad (b) E.M. Forster (c) Thomas Hardy (d) Rudyard Kipling

12. Who wrote ''The Secret Agent''?
(a) James Joyce (b) E. M. Forster (c) Rudyard Kipling (d) Joseph Conrad

13. Who wrote the Poem 'Sailing to Byzantium'?
(a) W.B. Yeats (b) S.T. Coleridge (c) T.S. Eliot (d) Ezra Pound

14. Who was the first Irish poet and dramatist that was awarded the Nobel Prize for literature?
(a) W. B. Yeats (b) G. B. Shaw (c) Oscar Wilde (d) Mathew Arnold

15. Who wrote the poem, 'The Winding Stair'?
(a) S. T. Coleridge (b) T. S. Eliot (c) Ezra Pound (d) W. B. Yeats

16. 'The Second Coming' is written by—
(a) T. S. Eliot (b) Ezra Pound (c) W. B. Yeats (d) S. T. Coleridge

17. Who wrote 'The Wild Swans at Coole'?
(a) S. T. Coleridge (b) T. S. Eliot (c) Ezra Pound (d) W. B. Yeats

18. G.B-Show was born in-
(a) Ireland (b) USA (c) Italy (d) England

19. Who was a psychologist known for his theory of psycho-analysis?
(a) J. M. Synge (b) Sigmund Freud (c) Thomas Kyd (d) Samuel Beckett

20. Who wrote "Interpretation of Dreams"?
(a) Samuel Beckett (b) Thomas Kyd (c) J. M. Synge (d) Sigmund Freud

21. 'Almayer's Folly is a —
(a) novel (b) poem (c) drama (d) essay

22. Who was born in Ukraine but wrote his works in English?
(a) E. M. Forster (b) Rudyard Kipling (c) James Joyce (d) Joseph Conrad

23. Which drama was include Memory of the world Register by UNESCO-?
(a) Dierdre (b) The Silver Box (c) A Doll's House (d) The Gift of The Mogi

24. Who is famous for his 'drama of ideas'?
(a) Thomas Kyd (b) G. B. Shaw (c) Samuel Backetle (d) J. M. Synge

25. Who wrote, 'Cabbages and Kings'?
(a) O' Henry (b) J. K. Rowling (c) Saul Bellow (d) A. Miller

26. O'Henry was—
(a) an American novelist (b) an American dramatist
(c) an American poet (d) an American short story writer

27. 'The Ransom of the Red Chief is written by—
(a) M. K. Rawlings (b) Saul Bellow (c) O'Henry (d) A. Miller

28. Who was the Editor of 'The Gitanjali'?
(a) Robindranath Tagore (b) S. T. Coleridge (c) W.B. Yeats (d) G. B. Shaw

29. In which year Bertrand Russell won the Nobel Prize for literature?
(a) 1952 (b) 1951 (c) 1962 (d) 1950

30. The famous play called "The Playboy of the Western World" was written by-
(a) Arthur Miller (b) J.M. Synge (c) Henrik Ibsen (d) G.B. Shaw

31. Who wrote the drama called "The Silver Box"?
(a) G.B. Shaw (b) Arthur Miller (c) John Galsworthy (d) Henrik Ibsen

32. Popular adventure novel 'Journey to the Center of the Earth' was written by-
(a) H.G. Wells (b) Arthur C. Clarke (c) Joules Verne (d) Victor Hugo

33. "Men are born ignorant, not stupid; they are made stupid by education" is quoted by –
(a) Thomas Kyd (b) J. M. Synge (c) G. B. Shaw (d) Bertrand Russell

34. For contributing in psychology and to German literary culture Sigmund Freud got–
(a) Nobel Prize (b) Pulitzer Prize (c) Goethe Prize (d) Dante Prize

35. Which of the following dramas is written by G.B. Shaw?
(a) A man with destiny (b) Arms and the Man (c) Antony and Cleopatra (d) Nobody can tell

36. Joseph Conrad wrote most of his novels based on–
(a) Southern America (b) Dystopian Future (c) Sea adventure (d) Imperial South Asia

37. Who wrote the book 'Socialism'?
(a) Harold Laski (b) Karl Marx (c) Émile Durkheim (d) Voltaire

38. O'Henry was famous for his–
(a) Novels (b) Short Stories (c) Novellas (d) Plays

39. Who is the leading figure of Irish Poet?
(a) G.B. Shaw (b) Oscar Wilde (c) James Joyce (d) W.B. Yeats

40. Which of the following books was not written by H.G. Wells?
(a) The Door and the Wall (b) The War in the Worlds (c) Kipps (d) Hollow Man

41. In which city Synge and Yeats established the Abbey theatre?
(a) Belfast (b) Dublin (c) London (d) Kent

42. G.B. Shaw won Nobel Prize for literature in–
(a) 1930 (b) 1926 (c) 1935 (d) 1925

43. Who wrote the play 'The Wild Duck'?
(a) G. B. Shaw (b) Henrik Ibsen (c) Eugene O'Neill (d) Arthur Miller

44. 'The Portrait of a Lady' this novel was written by?
(a) Henry James (b) James Taylor (c) Henry Adams (d) James Joyce

45. 'The Miraculous Revenge' this is a ___ written by G.B. Shaw.
(a) Novel (b) Drama (c) Short Story (d) Poem

46. Which of the following writers went to jail for money embezzlement?
(a) John Galsworthy (b) John Millington Synge (c) George Orwell (d) O'Henry

47. Who wrote the poem 'The Tower'?
(a) T.S. Eliot (b) W. B. Yeats (c) Robert Frost (d) W.H. Auden

48. Guy De Maupassant is famous for his–
(a) Novels (b) Short Stories (c) Novellas (d) Plays

49. Charles Marlow in the novels of Joseph Conrad is a -
(a) Protagonist (b) Antagonist (c) Plot Point (d) Narrator

50. Joseph K. is a character from-
(a) Shooting an Elephant (b) Isle of Innisfree (c) The Trial (d) Metamorphosis

Answers

01	a	02	a	03	c	04	a	05	d	06	b	07	c	08	a	09	✡	10	a
11	a	12	d	13	a	14	a	15	d	16	✡	17	d	18	a	19	b	20	d
21	a	22	d	23	c	24	b	25	a	26	d	27	c	28	✡	29	d	30	b
31	c	32	c	33	✡	34	c	35	b	36	c	37	c	38	b	39	d	40	c
41	b	42	d	43	b	44	a	45	✡	46	d	47	b	48	b	49	d	50	c

বিশেষ দ্রষ্টব্য: সম্প্রিয় বিসিএস প্রার্থী, উত্তরমালায় কিছু প্রশ্নের উত্তর না দেয়া থাকলেও আমরা বিশ্বাস করি আপনারা পরিপূর্ণ আত্মবিশ্বাসের সাথেই সঠিক উত্তরে বৃত্ত ভরাট করতে পারবেন।

(1910-1939)

The Georgian Period

1910 সাল থেকে 1939 সাল পর্যন্ত সময় বা কালকে বলা হয় Georgian Period। রাজা পঞ্চম জর্জের (George V) নামানুসারে এ যুগের নামকরণ করা হয়। 1912 থেকে 1922 সালের মধ্যে Edward Marsh চারটি কাব্য সংকলন গ্রন্থে *(Four Anthologies)* সে সময়ের কবিদের কবিতা প্রকাশ করেন। এ সংকলনের নাম ছিল *The Georgian Poetry*. আর এ কাব্য সংকলকদের বলা হত Georgian Poets.
ইংরেজি সাহিত্যের আকাশে সত্যিকার অর্থে আধুনিকতার বাতাস বইতে শুরু করে 1922 সালে T.S Eliot এর বিখ্যাত কবিতা *The Waste Land* এবং James Joyce এর বিখ্যাত উপন্যাস *Ulysses* একই সাথে প্রকাশের সাথে সাথে। এছাড়াও Virginia Woolf, E. M. Forster, D. H. Lawrence, Ernest Hemingway, William Faulkner প্রমুখ এ যুগের কয়েকজন প্রভাবশালী সাহিত্যিক।

Previous Years' BCS Preli Questions & Answers

01. The poetic drama 'Murder in the Cathedral' was written by-[44th BCS]
(a) Harold Pinter (b) G.B. Shaw (c) T.S. Eliot (d) Samuel Beckett

02. Who wrote the short story 'The Ant and the Grasshopper'?- [44th BCS]
(a) Guy de Maupassant (b) W. Somerest Maugham (c) J.K. Rawlings (d) O'Henry

03. Who is not an Irish writer? [43rd BCS]
(a) Oscar Wilde (b) James Joyce (c) Jonathan Swift (d) D. H. Lawrence

04. Who wrote Dr. Zhivago? [42nd BCS]
(a) Maxim Gorky (b) Boris Pasternak (c) Fyodor Dostoevsky (d) Leo Tolstoy

05. "A Passage to India" is written by—[42nd BCS, 36th BCS]
(a) E.M. Forster (b) Rudyard Kipling (c) Galsworthy (d) A.H. Auden

06. "September on the Jessore Road" is written by: [42nd BCS]
(a)Madhusudan Dutt (b) Allen Ginsberg (c)Kaiser Huq (d)Vikram Seth

07. 'Lady Chatterley's Lover' was written by the author of- [41st BCS]
(a) Lord Jim (b) The Rainbow (c) Ulysses (d) A Passage to India

08. Who is not a romantic poet? [41st BCS]
(a) P. B Shelley (b) S. T. Coleridge (c) John Keats (d) T. S. Eliot

09. Adela Quested and Mrs. Moore are characters from the novel- [41st BCS]
(a) David Copperfield (b) The Return of the Native (c) A Passage to India (d) Adam Bede

10. 'Time held me Green and dying
Though I sang in my chains like the sea.' These lines have been quoted from Dylan Thomas' poem- [41st BCS]
(a) The Flower (b) Fern Hill (c) By Fire (d) After the Funeral

11. The poem 'The Love Song of J. Alfred Prufrock' is written by- [41st BCS]
(a) W. B. Yeats (b) T. S. Eliot (c) Walter Scott (d) Robert Browning

12. 'Ulysses' is a novel written by-[40th BCS]
(a) Joseph Conrad (b) Thomas Hardy (c) Charles Dickens (d) James Joyce

13. Who among the following Indian English writers is a famous novelist? -[38th BCS]
(a) Kamala Das (b) R.K. Narayan (c) Nissim Ezekiel (d) Gayatri Chakravorty Spivak

14. "Gerontion" is a poem by —[37th BCS]
(a) T.S. Eliot (b) W.B.Yeats (c) Mathew Arnold (d) Robert Browning

15. 'The Sun Also Rises' is a novel written by—[37th BCS]
(a) Charles Dickens (b) Hermanne Melville (c) Ernest Hemingway (d) Thomas Hardy

16. Who among the following writers is not a Nobel Laureate? -[35th BCS]
(a) T.S. Eliot (b) Toni Morrison (c) Graham Greene (d) William Faulkner

17. Find the odd-man-out—[35th BCS]
(a) The Bluest Eye (b) Sula (c) As I Lay Dying (d) A Mercy

18. One day women will have what has so long been denied them— leisure, money and <u>room</u> to themselves'. Expresses–[31st BCS]
(a) Space (b) Liberty (c) Office (d) Capacity

19. 'Animal Farm' was written by —[28th BCS]
(a) Geogre Orwell (b) Stevenson (c) Swift (d) Mark Twain

20. Any one of the following pairs are literary collaborators—-[17th BCS]
(a) Eliot and Pound (b) Yeats and Eliot (c) Pope and Dryden (d) Shelley and Keats

21. Which of the following ages in literary history is the latest? [15th BCS]
(a) The Augustan Age (b) The Victorian Age (c) The Georgian Age (d) The Restoration Age

22. 'The Rainbow' is—[13th BCS]
(a) a poem by Wordworth (b) a short story by Somerset Maugham
(c) a novel by D.H. Lawrence (d) a verse by Coleridge

23. T. S. Eliot was born in—[13th BCS]
(a) Ireland (b) England (c) Wales (d) USA

24. Who is the author of 'A Farewell to Arms'? [12th BCS]
(a) T.S Eliot (b) John Milton (c) Plato (d) Ernest Hemingway

25. Who is the author of 'For Whom the Bell Tolls'? [11th BCS]
(a) Charles Dickens (b) Homer (c) Lord Tennison (d) Ernest Hemingway

26. Who is the author of 'A Farewell to Arms'? [10th BCS]
(a) H. G. Wells (b) George Orwell (c) Thomas Hardy (d) Ernest Hemingway

27. Who is the author of 'Animal Farm'? [10th BCS]
(a) Thomas More (b) George Orwell (c) Boris Pasternak (d) Charles Dickens

28. Who is the author of 'India Wins Freedom'? [10th BCS]
(a) Mahatma Gandhi (b) J.L. Nehrun (c) Abul Kalam Azad (d) Moulana Akram Khan

Answers

01	c	02	b	03	d	04	b	05	a	06	b	07	b	08	d	09	c	10	b
11	b	12	d	13	b	14	a	15	c	16	c	17	c	18	b	19	a	20	a
21	c	22	c	23	d	24	d	25	d	26	d	27	b	28	c				

THE GEORGIAN PERIOD এর কিংবদন্তি সাহিত্যিক

William Somerset Maugham (1874-1965)

উপন্যাস ও ছোট গল্পের দক্ষ লেখক হিসেবে বিখ্যাত W. S Maugham তাঁর সময়ের সবচেয়ে বেশি আয় করা লেখক ছিলেন। খুব ছোট বেলাতেই মা-বাবা হারানো এই লেখক বড় হন এক চাচার কাছে। তিনি তোতলা ছিলেন বলে তার পরিবারের অন্যান্য সদস্যদের ন্যায় আইনজীবী হতে চাননি। তিনি Saint Thomas হাসপাতালে সার্জন হিসেবে দীক্ষা নেন। তাঁর প্রথম উপন্যাস প্রকাশিত হবার পর এত বেশি বিক্রি হয় যে তিনি তখন চিকিৎসা পেশা ছেড়ে পুরোপুরি লেখালিখিতে মনোযোগ দেন। প্রথম বিশ্বযুদ্ধ চলাকালীন সময়ে তিনি Red Cross এর হয়ে কাজ করেন এবং 1916 সালে তিনি British Secret Intelligence Service এ যোগ দেন। যুদ্ধ শেষে তিনি ভারত ও প্রশান্ত মহাসাগরীয় দেশ গুলোতে ভ্রমণ করেন যা তাঁর সাহিত্যকর্ম রচনায় সাহায্য করে।

তাঁর নাটকগুলো সমসাময়িক নাট্যাঙ্গনে জনপ্রিয় হলেও কালের বিচারে এদের সাহিত্যিক মূল্য খুব বেশি নয়। একজন ঔপন্যাসিক ও ছোট গল্প লেখক হিসেবেই তিনি স্মরণীয়। লেখার ভঙ্গিতে অকপট প্রবাহ আর প্লটের নিয়ন্ত্রণে স্বভাবজাত দক্ষতা তাঁর ট্রেডমার্ক। একজন ঔপন্যাসিক হিসাবে তার খ্যাতি মূলত চারটি উপন্যাস নিয়ে এসেছে: *Of Human Bondage (1915)*, একজন তরুণ মেডিকেল ছাত্রের জীবনে পরিপক্কতার দিকে অগ্রগতির একটি বেদনাদায়ক আধা-আত্মজীবনীমূলক বিবরণ; *The Moon and Sixpence (1919)*, বিদ্রোহী, ভিন্নধর্মী এক শিল্পির জীবনকাহিনি যেটা সম্ভবত Paul Gaugain এর জীবন দ্বারা প্রভাবিত; *Cakes and Ale (1930)*, একজন বিখ্যাত ঔপন্যাসিকের গল্প, যেটিতে Thomas Hardy এবং Hugh Walpole এর ব্যঙ্গচিত্র রয়েছে বলে মনে করা হয়; এবং *The Razor's Edge (1944)*, আমেরিকান যুদ্ধের অভিজ্ঞ একজন তরুণ সৈনিকের একটি স্বাভাবিক জীবনযাত্রা সন্ধানের গল্প। ছোটগল্প রচনায় তাঁকে Guy De Maupassant এর মতো নিয়মতান্ত্রিক ও নির্ভরযোগ্য ধরা যায়। তাঁর ছোটগল্পগুলো এখনো পাঠকের কাছে সমাদৃত।

Short Stories

- The Vessel of Wrath
- A Friend in Need
- The Colonel's Lady
- The Luncheon
- The Ant and The Grasshopper
- The Letter
- The Alien Corn
- The Facts of Life
- The Treasure
- Mr. Know-All
- The Verger

Novels

- Of Human Bondage
- The Moon and Sixpence
- Razor's Edge
- Liza of Lambeth
- Cakes and Ale

Plays

- A Man of Honour
- The Constant Wife
- The Unknown
- The Circle
- Lady Frederick
- The Sacred Flame
- Shepppey
- Our Betters
- Jack Straw

James Joyce (1882-1941)

Novels

- A Portrait of the Artist as a Young Man
- Ulysses
- The Finnegan's Wake
- Finn's Hotel

Poems

- Poems Penyeach

Short Story

- Dubliners

Play

- Exiles

সর্বকালের শ্রেষ্ঠতম ঔপন্যাসিক হিসেবে তাঁকে বিবেচনা করা হয়। ভাবনা ও ভাষায় নিজস্বতা নিয়ে James Joyce উপন্যাস এর ধারণাটিকেই একটি নতুন মাত্রা দিয়েছেন। তাঁর রচনার সংখ্যা সামান্য। কিন্তু প্রতিটি লেখার দুর্বোধ্য গভীরতা সাধারণ পাঠকের ক্ষমতার বাইরে চলে যায় প্রায়ই। যারা লেখার মধ্যে শিল্প খোঁজেন, হাজার বছরের চেনা ভাষাতেও যে নতুনত্ব সম্ভব- সেটা যারা অস্বীকার করতে চান, তাদের জন্য James Joyce অবশ্যপাঠ্য। লেখকের জন্ম আয়ারল্যান্ডের এক জেসুইট (কট্টর খ্রিস্টান) পরিবারে। জন্মসূত্রেই ধর্মের বার্তাবাহক হবার কথা তাঁর। কিন্তু এই জেসুইট স্কুলেই কয়েক বছর অধ্যয়ন করে তাঁর ধর্মবিশ্বাসে ফাটল ধরে। যাজক হওয়া তো দূরের কথা, তিনি নাস্তিকতার দিকে সরতে থাকেন। James Joyce এর সারা জীবন এমনই ভাঙাগড়ার আখ্যানে ভরা।

লেখক হয়ে ওঠার ব্যাপারে তাঁর কোনও সন্দেহই ছিলো না। ইবসেনের নাটক *When We Dead Awaken* এর সমালোচনা যেদিন লিখলেন, মূলত সেইদিনই নিয়তির সিলমোহর হয়ে গেল। ছাত্রাবস্থায় তাঁর প্রিয় লেখার ভঙ্গী ছিলো ছোট স্কেচধর্মী ভাবনা যাকে তিনি বলতেন Epiphanies. এগুলো লিখতে গিয়েই তাঁর বিভিন্ন স্টাইলে লেখার একটা অনুশীলন হয়ে যায়।

Joyce এ পর্যায়ে প্রেমে পড়েন। Nora Bernacle এর সাথে তাঁর প্রথম মিলনমুহূর্তকে নাম দেন "Bloomsday". এত উচ্ছ্বাসের যে প্রেম, তাতে প্রতারণা ছিলো- এই কথা জানতে পেয়ে লেখক যে কষ্ট পেয়েছিলেন সেটা তাঁর সাথে সারা জীবনই রয়ে গিয়েছিলো।

এদিকে সাহিত্য চর্চায় সাফল্য ধরা দেয়নি তখনো। টাকার বিনিময়ে *'The Dubliners'* শিরোনামে কিছু গল্প লিখলেন। নিজের নাম ব্যবহার না করে ছদ্মনাম নিলেন Stephen Dedalus. আত্মচিত্রে কল্পিত এই চরিত্রের জীবন নিয়েই তিনি প্রথম উপন্যাস লিখতে বসলেন, নাম- *Stephen Hero.* পরে অবশ্য নামটা নিজেই বদলে দিলেন- *A Portrait of the Artist as a Young Man.* নাম বদলে কাজ হলোনা খুব। এ উপন্যাসটি প্রকাশ করতে কেউ রাজি হলেন না।

দারিদ্র্যের কশাঘাতে জর্জরিত এই মহান লেখক ভুগছেন একের পর এক চোখের অসুখে– গ্লুকোমা, ছানি, অন্ধ হয়ে যাচ্ছেন মাঝেমাঝেই। এর মধ্যে তখনো একটাও বড় কাজ প্রকাশ হয়নি। তবু তাঁর কিছু অনুরাগী জন্মেছিল। Harriet Shaw Weaver, Ezra Pound, Sylvia Beach- প্রমুখের অনুদানে তাঁর সাহিত্যজীবন চলতে পারছিল। বিশেষ করে *Ulysses* এর দীর্ঘ ৭ বছর প্রকাশনাকালে তাঁর পেট চলেছে এইসব অনুদানেই। *Ulysses* কে ইংরেজি ভাষার সেরা উপন্যাস বলেন অনেকেই। যদিও প্রকাশকালে এই উপন্যাসটি নিষিদ্ধ হয়েছিল ব্রিটেন ও যুক্তরাষ্ট্রে।

Ulysses এর পর Joyce তাঁর প্রতিভার সবটুকু ঢেলে ১৭ বছর সময় নিয়ে লিখলেন *The Finnegan's Wake.* বিশাল কলেবরের এই উপন্যাসটি শুধু লেখনীর নতুন ভঙ্গিই নয়, ভাষা এমনকি শব্দ গঠনের ক্ষেত্রেও নতুনত্ব নিয়ে আসে। প্রচলিত সাহিত্যিক ধারা থেকে বের হয়ে এসে এই উপন্যাসে Stream of consciousness এবং Allusions এর সর্বোচ্চ ব্যবহার করা হয়েছে। সারা জীবন অনেক দেশে ভ্রমণ ও অবস্থান করলেও Joyce এর সব রচনাতেই অন্যতম চরিত্র ডাবলিন শহর। কাহিনি ও চরিত্র নির্মাণে তাঁর নিখুঁত বর্ণনা, শব্দের খেলা, নানা উপমা-অলঙ্কারের অভূতপূর্ব ব্যবহার, কাহিনি বিন্যাসে তাঁর নতুনত্ব ইত্যাদি কারণে James Joyce এর উপন্যাস গুলো নিয়ে আজও সাহিত্য সামালোচক ও গবেষকরা আলোচনা ও গবেষণা করছেন।

Virginia Woolf (1882-1941)

বিশেষ কোনও লক্ষ্য বা উদ্দেশ্য নয়, ভাঙবো বলেই ভাঙতে হয়। আধুনিকতার এই মূলমন্ত্র যাঁর কাজে সবচেয়ে স্পষ্ট ধরা পড়ে তিনি Virginia Woolf. ভিক্টোরীয় ফর্মায় বাঁধা সাহিত্য থেকে বেরিয়ে এসে নতুন সৌন্দর্য ও সমাজবোধ নির্মাণ করার প্রত্যয়ে Virginia এর ব্যক্তি ও সাহিত্যজীবন কেটেছে। জন্মেছেন সম্ভ্রান্ত পরিবারে। জমিদারি দেখাশোনা ছাড়াও বাবার কাজ ছিলো অনেক। সাহিত্য সমালোচনা, অভিধান সংগ্রহ, পর্বতারোহন- ইত্যাদি বিভিন্ন নেশায় তিনি ব্যস্ত ছিলেন। মা ছিলেন ডাঁকসাইটে সুন্দরী। পোস্ট ইমপ্রেশনিস্ট মহারথীদের ছবির নিয়মিত মডেল ছিলেন। বাবার অবশ্য আরেকটা সংসারও ছিলো। দুই সংসারের লোকজন মিলেমিশেই থাকতেন।

পেইন্টার বোন Venessa Bell ভার্জিনিয়ার জীবনে সবচেয়ে গুরুত্বপূর্ণ প্রভাব রাখেন। তিনিও মায়ের মতোই সুন্দরী ছিলেন, উঁচু সমাজে মিশতে জানতেন। Venessa এর কল্যাণেই বিভিন্ন পার্টি Pub-এ ভার্জিনিয়া নিজের কথাগুলো বলার সুযোগ পান। তাঁর চিন্তা করার নিজস্ব একটা দক্ষতা ছিলো। সেই সাথে, উঁচু সমাজে অনুপ্রেরণা দেওয়ার একটা প্রচলন তো ছিলই।

Virginia Woolf

Novels

- The Voyage Out
- Mrs Dalloway
- To the Lighthouse
- Orlando
- Jacob's Room
- The Waves
- The Years

Essays

- A Room of One's Own
- Three Guineas
- Women and Writing

Short Story Collection

- Monday or Tuesday

ভার্জিনিয়া আবিষ্কার করলেন যে তাঁর চিন্তাভাবনা ভালোই প্রশংসা পাচ্ছে। সেই থেকে ভার্জিনিয়ার সাহিত্যযাত্রা প্রকৃতপক্ষে শুরু হয়। বিয়ে করেন শ্রীলঙ্কায় বৃটিশ ঔপনিবেশিক অফিসারকে। এই স্বামীর নাম থেকেই Woolf অংশটি জুড়ে যায় নামের সাথে। স্বামীর সাথে মিলে একটা প্রেস কিনে ফেলেন, নাম- Hogarth Press. সেখান থেকেই নিজের ও বন্ধুদের রচনা ধারাবাহিকভাবে প্রকাশ করতে থাকেন। আত্মীয়-স্বজন ও বিভিন্ন অনুরাগী গোষ্ঠীকে নিয়ে তাঁদের একটা সংঘও হয়, নাম- The Bloomsburry Group. সাসেক্সে Venessa এর বাগানবাড়িতে তাঁদের নিয়মিত সামাজিক আড্ডা জমতো।

ভিক্টোরীয় সাহিত্যের চরিত্রগুলো ছিলো দৃঢ় ও সুনিশ্চিত কাঠামো অনুসরণ করে নির্মিত এবং বাস্তবতা বিবর্জিত। কিন্তু Woolf অনুভব করেন যে, মানবচরিত্র এরকম সুগঠিত আকৃতিতে গড়ে ওঠে না। বরং সেটা ইমপ্রেশনিস্ট মোজাইক চিত্রকর্মের মতো, আকৃতি থাকলেও অনির্ধারিত। এই ভাবনা থেকেই লেখা হয় তাঁর সেরা দুটো কাজ *Mrs Dalloway (1925)* এবং *To the Lighthouse (1927)* যেখানে তিনি মানুষের অনুভবে সময়ের প্রকৃতি, চরিত্র চিত্রনের অসম্ভাব্যতা ও চেতনার ওপর বাইরের ঘটনার প্রভাব- ইত্যাদি জটিল বিষয় পর্যবেক্ষণ করেন।

তাঁর কাহিনি বর্ণনায় Stream of Consciousness এবং Interior Monologue এর ব্যবহারের জন্য বিখ্যাত। ধারাবাহিক ঘটনা পরম্পরা ও গল্প কাঠামো ব্যবহারের পরিবর্তে তাঁর উপন্যাসের চরিত্রসমূহের মনস্তাত্ত্বিক বিষয়াবলির প্রতি বেশি গুরুত্ব আরোপ করেন। তাঁর লেখনী, বিশেষ করে *A Room of One's Own (1929)* তাঁর মৃত্যুর অনেক পরেও নারী অধিকার ও নারীবাদী আন্দোলনে অনুপ্রেরণা জুগিয়েছে। জীবদ্দশাতেই নিজ সাহিত্যকর্মের জন্য খ্যাতির স্বাদ লাভ করেছিলেন। অভিজাত পরিবারে জন্মানোর সৌভাগ্যে দারিদ্রও কোনদিন স্পর্শ করে নাই। তবু জীবনজুড়ে বিষন্নতায় ভুগেছেন। ডিপ্রেশনের সাথে লড়াই করে ব্যর্থ হয়ে Ouse নদীতে ডুবে স্বেচ্ছামৃত্যু বেছে নেন।

David Herbert Lawrence (1885-1930)

Novels

- The White Peacock
- Lady Chatterley's Lover
- Sons and Lovers
- The Rainbow
- Trespasser
- Women in Love
- The Captain's Doll (Short Story/ Novella)

কয়লা খনির অশিক্ষিত শ্রমিক বাবা এবং ভদ্র ও ধার্মিক মায়ের ঘরে জন্ম David Herbert Lawrence এর। নটিংহ্যামশায়ারের মিডল্যান্ড কয়লাখনি ঘিরে গড়ে ওঠা শহরে তাদের বাড়ি। ছোট্ট শহরটা পার হলেই অবশ্য অকলুষ গ্রাম্যজীবন শুরু। বাবা মায়ের চারিত্রিক আর মাইনিং কাউন্টি আর গ্রামের প্রাকৃতিক - এই দুই বিপরীতের মাঝে Lawrence এর শৈশব ও প্রাথমিক বোধের উত্থান।

শৈশবের গণ্ডি পেরোতেই লেখকের জীবনে বিভিন্ন নারীর প্রভাব পড়তে শুরু করে। প্রথমেই আসেন Jessie Chambers, এই নারীর উদ্যোগেই তাঁর প্রথম কাজগুলো প্রকাশিত হয়। Jessie এর সাথে সম্পর্কের উত্থান পতন Lawrence এর প্রথম জীবনের সাহিত্যের কেন্দ্রবস্তুতে পরিণত হয়েছিল। প্রথম উপন্যাস *The White Peacock* এ Jessie এর সাথে বিয়ে হলে জীবনটা কেমন হত সেই কল্পনাটিই তুলে ধরা হয়েছে। বলাই বাহুল্য- Lawrence এই সম্পর্ক নিয়ে নিজেও আশাবাদী ছিলেন না।

এক পর্যায়ে Jessie এর সাথে চূড়ান্ত বিচ্ছেদ হয়। লেখক তখন শিক্ষক হিসেবে কর্মরত। এরপর Louie Burrows নামক এক পুরানো মেয়ে বন্ধুর সাথে তাঁর বাগদান হয়। এমন অবস্থায় তিনি নটিংহামের এক অধ্যাপকের স্ত্রী Freida Weekli-এর সাথে পালিয়ে যান যিনি ছিলেন লেখকের চেয়ে ৬ বছরের বড় এবং ৩ সন্তানের মা। Freida এর সাথে ইউরোপ ঘুরে বেড়ানোর সময়েই তিনি তাঁর শ্রেষ্ঠ উপন্যাস *Sons and Lovers* এর কাজ শেষ করেন। Freida এর সাথেই লেখক বাকি জীবন কাটান।

সামাজিক শ্রেণিবৈষম্য খুব কাছ থেকে দেখেছেন বলেই তাঁর উপন্যাসগুলোয় দুই পৃথিবীর বর্ণনা খুব সাবলীলভাবে এসেছে। মায়ের খুব কাছাকাছি ছিলেন, প্রেমও করেছেন অনেক ধাঁচের- এসব মিলে তাঁর সাহিত্যে নারী চরিত্রগুলোও ফুটেছে ভালোই। জীবনভর ইউরোপের বিভিন্ন দেশ-শহর ঘুরে বেড়িয়েছেন। তবে তাঁর উপন্যাসগুলো পাখা মেলেছে চেনা নটিংহাম, সাউথ লন্ডন, এসেক্স– এসব এলাকাকে ঘিরে। তাঁর উপন্যাসগুলো অনেকটাই আত্মজীবনীমূলক।

Lawrence ভাষা ও ভাবের ব্যাপারে কোনও আপোষ করেননি। সেই সময় অবশ্য তাঁর লেখা উপন্যাসগুলো যৌনতায় কুরুচিপূর্ণ আখ্যা পেত, *Lady Chatterley's Lover* তো অশ্লীলতার অভিযোগে নিষিদ্ধই হয়েছিল। কিন্তু উপন্যাসগুলোর সাহিত্যমান নিয়ে সাহিত্য সমালোচকদের মনে কোনো দ্বিধা ছিলো না। জীবনকে কাছ থেকে দেখা যদি শিল্পের উদ্দেশ্য হয় তবে D.H. Lawrence ইতিহাসের অন্যতম সেরা শিল্পী।

T.S Eliot (1888-1965)

Poems

- The Waste Land
- The Love Song of J. Alfred Prufrock
- Four Quartets
- The Hollow Men
- Gerontion
- Ash Wednesday
- The Portrait of a Lady

Plays

- Murder in the Cathedral
- The Cocktail Party
- The Elder Statesman

Prose

- Tradition and Individual Talent
- Christianity & Culture
- The Second-Order Mind
- Shakespeare and the Stoicism of Seneca
- The Idea of a Christian Society

কবিতা হলো মানব আবেগের অনিয়ন্ত্রিত বহি:প্রকাশ। Thomas Sterns Eliot এই রোমান্টিক ধারণাকে পুরোপুরি বর্জন করেছিলেন। তাঁর কবিতা পরিশীলিত। তাঁর কবিত্ব ঠিক ততোটুকু নিয়ন্ত্রিত যতোটুকু তা আধুনিক। ইতিহাসে তাঁর আগে অথবা পরে এমন Methodic কবি খুব একটা দেখা যায় না।

Eliot এর জন্ম আমেরিকার New London এ। পারিবারিক স্বচ্ছলতা ছিলো। নিজেকে আবিষ্কার করার অভিযাত্রায় কোনও বাঁধাও আসেনি। কবি এই সুযোগের পূর্ণ সদ্ব্যবহার করেছিলেন। তাঁর পড়াশুনা হয়েছিল হার্ভার্ডে। সেখানে Teaching Assistant হিসেবে এক বছর কাজও করেছিলেন। প্রথম বিশ্বযুদ্ধটা না বাধলে তাঁর দর্শনে একটা ডক্টরেটও থাকতো। তাঁর থিসিসের বিষয় ছিলো "Knowledge and Experience in the Philosophy of F. H. Bradley" কিন্তু তিনি শেষ পর্যন্ত মৌখিক পরীক্ষা দিতে পারেননি।

কবির পড়াশোনার ব্যাপ্তি ঈর্ষণীয়। কবিতার Motive খুঁজতেই কি-না, তিনি হিন্দি ও সংস্কৃত শিখেছিলেন- হার্ভার্ড থেকেই। মধ্য যৌবনে পাড়ি জমান ইউরোপে। বেশি সময় কাটে ফ্রান্সে। বন্ধুত্ব হয় আরেক আমেরিকান কবি Ezra Pound এর সাথে।

রোমান্টিক কবিদের ভাবনা ছিলো মুখের ভাষা ও মনের ভাষায় কাব্য করা। এমন অবস্থায় Eliot নিয়ে এলেন *The Love Song of J. Alfred Prufrock*। অপ্রচলিত শব্দের ব্যবহার ও বিষয়ের আঙ্গিক- দুই দিক থেকেই এই কবিতাগুলো বুঝতে প্রয়োজন হবে বুদ্ধিবৃত্তিক অন্তর্দৃষ্টি ও পড়াশুনার ব্যাপ্তি। *Prufrock* থেকেই আধুনিক কবিতার শুরু। সাত বছর পর প্রকাশিত হলো *The Waste Land*, তর্কাতীতভাবে তাঁর সেরা কাজ। ভাব ও উপমায় প্রাচীন অথচ রূপক অর্থের আঙ্গিকে সমসাময়িক এই কবিতা সমকালীন সাহিত্যের গতিপথ বেমালুম পাল্টে দিলো।

Eliot এর আরও কিছু পরিচয় আছে। তিনি নাটক লিখেছেন। *Murder in the Cathedral* নাটকটি কালজয়ী স্বীকৃতির দাবিদার। শিল্প ও সাহিত্য সমালোচক হিসেবে তাঁর মতামতের গুরুত্ব ছিলো। দীর্ঘ দিন তিনি পত্রিকার সম্পাদক পদে থেকে এই কাজটি করেছেন । তাঁর Theory of Objective Correlative ভাবনাটি সাহিত্য ও শিল্পে নতুন মূল্যায়নের মাত্রা যোগ করেছিল। *The Waste Land* এর জন্য 1948 সালে নোবেল পুরস্কার লাভ করেন এবং একই কবিতার জন্য সে বছরই 'Order of Merit' উপাধিতে ভূষিত হন। তিনি রবীন্দ্রনাথ রচিত গীতাঞ্জলি সম্পাদনা করেছিলেন।

Ernest Hemingway (1899-1961)

Ernest Hemingway বিংশ শতাব্দীর অন্যতম শীর্ষ খ্যাতিমান ও জনপ্রিয় ঔপন্যাসিক, ছোটগল্প লেখক ও সাংবাদিক। লেখার পুরুষালি ভঙ্গিতে সরল শক্তিমত্তা তাঁর লেখনীর সহজাত বৈশিষ্ট্য। এই বৈশিষ্ট্য ভাবনা ও পরিকল্পনার ফসল হিসেবে জন্মায়নি। বরং, একটি বিচিত্র অভিজ্ঞতাময় জীবনের সারমর্ম হিসেবে লেখকের ওপর আরোপিত হয়েছে।

উনিশ শতকের শেষ বছরে আমেরিকার শিকাগো শহরের উপকণ্ঠে Hemingway জন্ম নেন। ডাক্তার বাবার সন্তান এই লেখক হাই স্কুলের পাট চুকিয়েই আর পড়াশোনা করেননি। Star পত্রিকার রিপোর্টার হিসেবে কর্মজীবন শুরু করেন। বিশ্বযুদ্ধ শুরু হতেই তিনি যুদ্ধে যাবার জন্য মুখিয়ে ওঠেন। ত্রুটিপূর্ণ চোখের কারণে বারবার বাদ পড়েন সেনাবাহিনী থেকে। শেষ অবধি রেডক্রসের এম্বুলেন্স ড্রাইভার হিসেবে যুদ্ধে যাবার সুযোগ পান।

Ernest Hemingway

Novels
The Sun Also Rises
A Farewell to Arms
For Whom the Bell Tolls
The Old Man and the Sea
The Toronto Star
The Torrents of Spring
To Have and Have Not
The Garden of Eden
Stories
In our Time
Men Without Women
Winners Take Nothing
The Nick Adams Stories
Play
Fifth Column

যুদ্ধক্ষেত্রে একসাথে তিনটি প্রেমে পড়েন Hemingway। প্রথমত, যুদ্ধ ও এডভেঞ্চার। দ্বিতীয়ত, ইউরোপ- বিশেষ করে স্পেন এবং এর ম্যাটাডোর ও ষাঁড়ের লড়াই। তৃতীয়ত, রেড ক্রসের নার্স Agnes von Kurowsky- যিনি লেখকের প্রেমে সাড়া দেন নাই। এই প্রেমগুলোর পরিণতি লেখকের ঘটনাবহুল জীবন।

প্যারিসে Gertrude Stein এর বাড়িতে তাঁর যাতায়াত ছিলো। তিনি The Lost Generation এর গর্বিত সদস্য। সেখানকার প্ররোচনাতেই রিপোর্টিং এর পাশাপাশি সাহিত্য রচনায় মনোনিবেশ করেন। ছোটগল্পের সংকলন *In Our Times* থেকে শুরু। এরপর এলো প্রথম গুরুত্বপূর্ণ উপন্যাস *The Sun Also Rises*. প্রথম বিশ্বযুদ্ধের পর লেখায় ভালোই সময় দিতে শুরু করেন– বরফে স্কি করা, স্পেনে ষাঁড়ের লড়াইয়ে মাতা, কিউবার উপকূলে মাছ ধরা- এসবের মাঝে যেটুকু সময় পাওয়া যায় আরকি। এসব কাজের ফলাফলও মিলেছে। মাছ ধরা থেকে *The Old Man and The Sea*, বুলফাইট থেকে *Death in the Afternoon*-এর মতো সাহিত্য বেরিয়ে এসেছে তাঁর কলম থেকে। 1954 সালে সাহিত্যে নোবেল পুরস্কার লাভ করেন তিনি। বিচিত্র অভিজ্ঞতা ও অভিযান সমৃদ্ধ জীবনে তিনি মোট ৪ বার বিয়ে করেন। 1960 সালের দিকে তিনি গুরুতর অসুস্থ হয়ে পড়েন এবং তখন থেকে তিনি মানসিকভাবেও বেশ বিচলিত হতে শুরু করেন। ৬১ বছর বয়সে তিনি নিজের প্রিয় বন্দুক দিয়ে গুলি করে আত্মহত্যা করেন।

George Orwell (1903-1950)

Novels
Burmese Days
Animal Farm
Nineteen Eighteen- Four
Keep the Aspidistra Flying
Prose
Shooting an Elephant
Reflection on Gandhi
Down and out in Paris and London
Polities and the English Language

Eric Arthur Blair ভারতের পূর্বাঞ্চলে ২৫ জুন 1903 সালে জন্মগ্রহণ করেন। তিনি George Orwell নামেই বেশি পরিচিত ছিলেন। তাঁর পিতা ছিলেন ভারতীয় সিভিল সার্ভেন্ট। 1911 সালে তাঁর পিতামাতা ইংল্যান্ডে ফিরে যাওয়ায় তিনি সাসেক্সের একটি বিদ্যালয়ে তার শিক্ষাজীবন শুরু করেন। Eric ইংল্যান্ডের দুটি শীর্ষ স্কুলে স্কলারশিপ লাভ করেও আগের বিদ্যালয়ে থেকে যান। সেখানে তিনি শিক্ষক হিসাবে পেয়েছিলেন Adous Huxley কে, যিনি তাঁর পরবর্তী জীবনে সাহিত্যিক প্রতিভাকে উন্মোচিত করতে সহযোগিতা করেছিলেন। শিক্ষাজীবন শেষে পারিবাবিক রেওয়াজ অনুসরণ করে বার্মায় Indian Imperial Police Force এ যোগদেন। 1927 সালে তাঁর বাল্যকালের স্বপ্ন লেখক হওয়ার উদ্দেশ্যে চাকরি ছেড়ে দেন। তাঁর সংক্ষিপ্ত কর্মজীবনে বর্ণনা দিয়ে 1933 সালে George Orwell ছদ্মনামে প্রকাশ করেন *Down and out in Paris and London* এবং এরপরই 1934 সালে প্রকাশ করেন প্রথম উপন্যাস *Burmese Days.*

সমাজতান্ত্রিক ধারণায় বিশ্বাসী লেখক 1936 সালে ফ্রাংকোর জাতীয়তাবাদীদের বিরূদ্ধে যুদ্ধ করতে স্পেন গিয়েছিলেন। সোভিয়েত কমিউনিস্টদের ভয়ে প্রাণ বাঁচাতে সেখান থেকে পলায়ন করেন। 1938 সালে স্পেনিশ যুদ্ধের অভিজ্ঞতা Autobiography হিসেবে প্রকাশ করেন *Homage to Catalonia* নামে। এই যুদ্ধের অভিজ্ঞতা এবং Stalin এর বিশ্বাসঘাতক কর্মকাণ্ড তাঁকে Stalin বিদ্বেষী করে তোলে।

1944 সালে Russian Revolution কে ভিত্তি করে প্রকাশ করেন *Animal Farm*। 1949 সালে নাৎসিজম এবং স্টালিনিজম এর বিরূদ্ধে প্রকাশ করেন তাঁর বিখ্যাত Dystopian উপন্যাস *Nineteen Eighty-four।*

তিনি আজীবন তাঁর লেখনীর মাধ্যমে স্বৈরাচারী ও কর্তৃত্ববাদী শাসনের বিরুদ্ধে সোচ্চার ছিলেন। মাত্র 46 বছর বয়সে Tuberculosis এ আক্রান্ত হয়ে 21 জানুয়ারি, 1950 সালে George Orwell মৃত্যুবরণ করেন।

Author	Short Bio	Major Works
Edward Morgan Forster (1879-1970)	ব্রিটিশ ঔপন্যাসিক, ছোটগল্প লেখক ও সাহিত্য সমালোচক। তাঁর বেশিরভাগ সাহিত্যকর্মে সমাজের শ্রেণি বিভেদ ও মানুষের স্ববিরোধীতার উপর আলোকপাত করা হয়েছে। জীবদ্দশায় তিনি ১৬ বার সাহিত্যে Nobel পুরস্কারের জন্য মনোনীত হলেও তা লাভ করতে পারেননি।	**Novels** A Room with a View, Howards End, A Passage to India, Where Angels Fear to Tread, The Longest Journey, Maurice **Short Story** The Eternal Moment
Robert Frost (1874-1963)	বিংশ শতাব্দীর অন্যতম শ্রেষ্ঠ মার্কিন কবি। গ্রামীণ জীবনের বাস্তব বর্ণনা ও আমেরিকান চলিত ভাষার উপর দক্ষতার জন্য বিখ্যাত এই কবির অধিকাংশ লেখনীতে যুক্তরাষ্ট্রের New England এর জীবন ও ভূ-প্রকৃতির বর্ণনা ফুটে উঠেছে। একমাত্র কবি হিসেবে তিনি ৪বার মর্যাদাবান Pulitzer পুরস্কার লাভ করেন এবং 1962 সালে তিনি Congressional Gold Medal পুরস্কার লাভ করেন।	**Poetry books** A Boy's Will, New Hemisphere, North of Boston, Mountain Interval, A Witness Tree, West-running Brook, A Further Range **Play** The Cow's in the Corn
Eugene Gladstone O'Neill (1888-1951)	Eugene Gladstone O'Neill তিনি ছিলেন একজন আমেরিকান নাট্যকার। তিনি 1936 সালে সাহিত্যে নোবেল পুরস্কার পান। এছাড়াও তিনি ৪ বার নাট্যসাহিত্যে Pulitzer পুরস্কার পান।	**Plays** Beyond the Horizon, Anna Christie, Strange Interlude, The Hairy Ape, Long Day's Journey into Night
W. H. Auden (1907-1973)	বিংশ শতাব্দীর বিশিষ্ট অ্যাংলো-মার্কিন কবি। তাঁর পূর্ণ নাম Wystan Hugh Auden. তিনি ইংরেজি ভাষার কবিদের নতুন প্রজন্মের অগ্রদূত হিসেবে সমাদৃত। তাঁর কবিতার বিষয়বস্তু হিসেবে রাজনীতি, নৈতিকতা, ভালোবাসা, ধর্ম ইত্যাদি এসেছে।	**Poetry** The Double Man, For the Time Being, The Sea and the Mirror, Autumn song, In Memory of W B Yeats, Funeral Blues **Play** The Dog Beneath the Skin, The Dance of Death (Verse)
Pablo Neruda (1904-1973)	চিলি'র বিখ্যাত কবি, কুটনীতিবিদ এবং রাজনীতিবিদ। তিনি 1971 সালে নোবেল পুরস্কার লাভ করেন। কলম্বিয়ার ঔপন্যাসিক Gabriel García Márquez তাঁকে 'The Greatest Poet of 20th Century in any language' হিসেবে আখ্যায়িত করেন।	**Poetry** Twenty Love Poems and a Song of Despair, 100 Love Sonnets
Pearl S. Buck (1892-1973)	মার্কিন ঔপন্যাসিক, ছোটগল্প লেখক ও আত্মজীবনীকার। খ্রিষ্টান মিশনারি পিতামাতার ঘরে জন্মানো ও জীবনের একটা বড় অংশ চীনে কাটানো এই লেখিকার লেখায় চীনের কৃষকজীবনের বাস্তব জীবন ফুটে উঠেছে। তিনি নারী ও সংখ্যালঘুদের অধিকার নিয়েও সোচ্চার ছিলেন। 1958 সালে এই মহান লেখিকা সাহিত্যে নোবেল পুরস্কার লাভ করেন।	**Novel** The Good Earth, Sons, A House Divided, Dragon Seed
Arthur Miller (1915-2005)	এই প্রখ্যাত আমেরিকান নাট্যকার ছাত্রজীবনেই নাটক লিখে বেশ কয়েকটি পুরস্কার পান। তাঁর রচিত *Death of a Salesman* নাটকটি বিংশ শতাব্দীর অন্যতম শ্রেষ্ঠ নাটক হিসেবে বিবেচিত হয়।	**Plays** Death of a Salesman, All My Sons, The Crucible, A View from the Bridge

Author	Short Bio	Major Works
Allen Ginsberg (1926-1997)	মার্কিন কবি, লেখক ও গীতিকার Allen Ginsberg ছিলেন 1950-এর দশকের বিট প্রজন্ম এবং Counter Culture আন্দোলনের নেতৃস্থানীয় ব্যক্তি। তিনি সামরিকতন্ত্র, অর্থনৈতিক বস্তুবাদ এবং যৌন নিপীড়নের মতো বিষয়গুলোর জোরালো বিরোধিতা করেন। 1971 সালে বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধের সময় ভারতীয় সাহিত্যিক সুনীল গঙ্গোপাধ্যায়ের সাথে ভারতে অবস্থিত বাংলাদেশি শরণার্থী শিবিরগুলোতে ঘুরে বেড়িয়েছিলেন। এ সময় যশোরের অভিজ্ঞতা নিয়ে ১৫২ লাইনের *September on Jessore Road* কবিতাটি লিখেন।	**Poetry** 📖 Howl and other poems 📖 Kaddish and other poems 📖 The Fall of America 📖 Poems of These States 📖 Planet News
Dylan Thomas (1914-1953)	জাতিতে ওয়েলস Dylan Thomas বিংশ শতাব্দীর একজন প্রসিদ্ধ কবি। কবিতায় শব্দ ও দৃশ্যকল্পের অকৃত্রিম, অভিনব ও ছন্দময় ব্যবহারের জন্য তিনি সুখ্যাত। মাত্র ১৬ বছর বয়সে তিনি স্কুল জীবন ত্যাগ করে সাংবাদিকতা পেশায় যুক্ত হন। কবি হিসেবে সামসময়িক অন্য সাহিত্যিকদের কাছে সমাদৃত হলেও তিনি উচ্ছৃঙ্খল জীবন যাপনের জন্য নিন্দিত ছিলেন। যুক্তরাষ্ট্রে থাকা অবস্থায় মাত্র ৩৯ বছর বয়সে হঠাৎ অসুস্থ হয়ে তিনি মারা যান।	**Poems** 📖 Do not Go Gentle into That Good Night 📖 And Death Shall have No dominion 📖 Fern Hill 📖 Poem in October 📖 In the White Giant's Thigh 📖 In Country Sleep 📖 Ballad for the Long-legged Bait **Play** 📖 Under Milk Wood
Ezra Pound (1885-1972)	Ezra Pound আমেরিকায় 1885 সালে জন্মগ্রহণ করেন। তিনি ইংরেজি সাহিত্যের আধুনিকায়নের অন্যতম গুরুত্বপূর্ণ ব্যক্তিত্ব এবং কবিতায় ধারালো ও যথাযথ ভাষা প্রয়োগের মাধ্যমে সুস্পষ্ট দৃশ্যকল্প ফুটিয়ে তোলার Imagism আন্দোলনের প্রবক্তা ছিলেন। তিনি সম্পাদক হিসেবে বহুখ্যাতিমান লেখকের সাথে তাদের বিখ্যাত সাহিত্যকর্ম প্রকাশে কাজ করেছিলেন, এদের মধ্যে T. S. Eliot, Ernest Hemingway এবং James Joyce উল্লেখযোগ্য। তবে তিনি ফ্যাসিস্ট মতবাদ ও হিটলার-মুসোলিনির মত কুখ্যাত রাজনৈতিক নেতাদের সমর্থন করে চরম বিতর্কিত ও বন্দী হন।	**Poems** 📖 Usura 📖 A Lume Spento 📖 Pernonae 📖 Provenca 📖 The Spirit of Romance 📖 Ripotes 📖 Hugh Selwyn Mauberly **Epic Poem** 📖 The Cantos
William Faulkner (1897-1962)	যুক্তরাষ্ট্রের মিসিসিপিতে জন্ম নেওয়া বিখ্যাত মার্কিন ঔপন্যাসিক ও ছোটগল্পকার। তিনি 1949 সালে সাহিত্যে Nobel পুরস্কার পান। এছাড়াও তিনি 1955 ও 1963 সালে দুইবার যথাক্রমে *A Fable* এবং *The Reivers* এই দুইটি উপন্যাসের জন্য Pulitzer পুরস্কার লাভ করেন। তিনি গল্প-উপন্যাস ছাড়াও কবিতা, প্রবন্ধ, নাটক, চিত্রনাট্য ইত্যাদি লিখেছেন। তাঁকে মার্কিন সাহিত্য বিশেষত যুক্তরাষ্ট্রের দক্ষিণাঞ্চল ভিত্তিক সাহিত্যের একজন গুরুত্বপূর্ণ ব্যক্তিত্ব হিসেবে বিবেচনা করা হয়। তাঁর লেখায় Stream of Consciousness পদ্ধতির ব্যবহার লক্ষ্য করা যায়।	**Novels** 📖 The Sound and the Fury 📖 As I Lay Dying 📖 Light in August 📖 Absalom, Absalom! 📖 A Fable 📖 The Reivers 📖 Intruder in the Dust 📖 Requiem for a Num 📖 Soldier's Pay 📖 Mosquitoes 📖 Sanctuary 📖 Pylon 📖 The Unvanquished 📖 The Town 📖 The Mansion
Graham Greene (1904-1991)	Graham Greene ছিলেন একজন ইংরেজ ঔপন্যাসিক। অনেকেই তাকে বিংশ শতাব্দীর অন্যতম সেরা লেখক বলে অভিহিত করে থাকেন। ব্যাপক জনপ্রিয় ও সমাদৃত এই লেখক 1966 ও 1967 সালে সাহিত্যে নোবেল পুরস্কারের ক্ষুদ্রতালিকায় অন্তর্ভুক্ত হয়েছিলেন কিন্তু শেষ পর্যন্ত আর পাননি। ৬৭ বছরের সাহিত্য জীবনে তিনি ২৫টির অধিক উপন্যাস রচনা করেছেন।	**Novels** 📖 Brighton Rock 📖 The Man Within 📖 The Name of Action 📖 The Power and Glory 📖 The Human Factor 📖 The Heart of the Matter

Author	Short Bio	Major Works
R. K Narayan (1906-2001)	বিখ্যাত ভারতীয় ইংরেজি ভাষার ঔপন্যাসিক R. K. Narayan এর পুরো নাম Rasipuram Krishnaswami Lyer Narayanaswami। তিনি 1906 সালে ভারতের মাদ্রাজে জন্মগ্রহণ করেন। কাল্পনিক দক্ষিণ ভারতীয় শহর Malgudi এর পটভূমিকায় লেখা তাঁর উপন্যাসের জন্য তিনি সর্বাধিক পরিচিত। তাঁর সাহিত্যকর্মের জন্য তিনি পদ্মভূষণ, পদ্মবিভূষণ, সাহিত্য একাডেমির ফেলোশিপ ছাড়াও বহু পুরস্কারে ভূষিত হন।	**Poetry** 📖 Swami and Friends 📖 The Bachelor of Arts 📖 The Dark Room 📖 The English Teacher 📖 Waiting for the Mahatma 📖 The Man-Eater of Malgudi **Short Story** Under the Banyan Tree

THE GEORGIAN PERIOD এর গুরুত্বপূর্ণ সাহিত্যকর্ম

The Luncheon by William Somerset Maugham

William Somerset Maugham ব্যঙ্গ ও হাস্যরসিকতাকে অত্যন্ত দক্ষতার সঙ্গে ব্যবহার করে *'The Luncheon'* গল্পটিকে সুপাঠ্য ও উপভোগ্য করে তোলেন। যুবক বয়সে লেখক প্যারিসে থাকা অবস্থায় প্রশংসামূলক একটি চিঠির প্রত্যুত্তর স্বরূপ ভক্তকে মধ্যাহ্নভোজের নিমন্ত্রণ দিয়ে বসেন। কিন্তু গোগ্রাসী, নির্লজ্জ, কদাকার মহিলাটি লেখকের সর্বস্ব খরচ করিয়ে ক্ষান্ত হন। যার বর্ণনা দিতে গিয়ে লেখক তার অপরূপ শব্দচয়নের মাধ্যমে একটি উপভোগ্য প্রেক্ষাপটের অবতারণা করেন। লেখক আফসোস করে বলেন,

"I was too young to say no to a woman."



Stopping by *Woods on a Snowy Evening* by Robert Frost

Robert Frost এর অনেক কবিতার মতো এই কবিতায় তিনি প্রকৃতির মনন নিয়ে কাজ করেছেন। অনেক পাঠক এই কবিতার স্বর শান্ত ও নির্মল নাকি অন্ধকার ও বিষণ্ন- এই নিয়ে বিতর্ক করেন। কবিতার কথক তার চার পাশের গভীর অন্ধকার নীরবতায় আকৃষ্ট হয়ে জঙ্গলের কাছে দাঁড়িয়ে থাকে। তার মনে হয় কেমন হতো যদি এই ঘন জঙ্গলের ঘোর অন্ধকারে হারিয়ে যাওয়া যেতো! সে তুষারময় জঙ্গলের দিকে একটা অমোঘ আকর্ষণ অনুভব করতে থাকে। কিন্তু শেষ পর্যন্ত তার আর যাওয়া হয় না। অজানা এক কর্তব্যের দোহাই দিয়ে তার এগিয়ে যাওয়ার সিদ্ধান্তেই বহাল থাকে।

"But I have promises to keep/And miles to go be before I sleep/And miles to go before I sleep."

A Passage to India by E.M Forster

E.M Forster কে আকর্ষণ করেছিল প্রাচ্যের অধ্যাত্মবাদ। *'A Passage to India'* প্রথম মহাযুদ্ধ এবং তার বিভীষিকা মানুষের প্রাচীনপন্থী কুসংস্কার সম্পর্কে অত্যন্ত নির্মমভাবে উপহাস করেছিল।

উপন্যাসের এক মুখ্য চরিত্র Fielding। Fielding ঈশ্বর বিশ্বাসী নয় কিন্তু অবিশ্বাসী নাস্তিকও সে নয়। কাঁধের লুকানো ডানা মেলে দিয়ে মানুষ যখন হঠাৎ পথ সম্বল করে বেরিয়ে পড়ে, তখন Fielding অভিভূত হয়ে যায়। ভারতবর্ষে যুগে যুগে পাঠান, মুঘল, ইংরেজরা এসেছে কিন্তু সবাই মিশে গেছে ভারতবর্ষের আত্মায়। তবুও Fielding এর বাড়ানো হাত ধরলো না Dr. Aziz। পূর্ব পশ্চিমের মিলন অতো সহজে সম্ভব হয় না, হবে না।

Adela Quested আসল ভারতবর্ষ দেখতে চায়। Mrs Moore এর সাথে করে সে পাড়ি জমায় ভারতে। নিজস্ব মূল্যবোধের ব্যক্তিগত দর্শন তাকে প্রথাগত ভারতীয় মেমবউ হতে বাধা দেয়। Ronny'র প্রতি তার প্রেম আসে না, বিয়েও হয় না।

ইস্ট এবং ওয়েস্টদের মিলনের জটিল ও দুর্বোধ্য অনুসন্ধানই *'A Passage to India'* উপন্যাসের মূল আশ্রয়। মূলত ভারতবর্ষ স্বাধীন হয়েছে কিন্তু অখণ্ড সত্তা নিয়ে নয়। দেশ খণ্ডিত হয়েছে, জীবনে জীবন মেলেনি।

"Life never gives us what we want at the moment that we consider appropriate. Adventures do occur, but not punctually."



A Portrait of the Artist as a Young Man by James Joyce

James Joyce-এর অদ্ভুত সৃজনশীলতার শুরু হয় এই পরীক্ষণধর্মী উপন্যাসটি দিয়ে। তাঁর অন্য সব গল্প ও উপন্যাসের মতো এটিও আত্মজীবনীমূলক। এখানেও তাঁর মূল চরিত্রের নাম Stephen Dedalus। স্টিফেন চরিত্রটিকে আমরা শৈশবের প্রাথমিক বোধ থেকে ধীরে ধীরে বেড়ে উঠতে দেখি। Stream of Consciousness স্টাইলে লেখা এই উপন্যাসে প্রতিটি সময়রেখায় শব্দ ও বাক্যের ব্যবহারে ভিন্নতা আসে। শৈশবে শিশুতোষ মনের কথামালা থেকে শুরু করে বিশ্ববিদ্যালয়ে চিন্তা চেতনায় পরিপূর্ণ একজন ভাবুকের বাক্যশৈলী পর্যন্ত এই উপন্যাসে পাওয়া যায়।

দশ সন্তানের কট্টর ক্যাথলিক পরিবারে জন্ম স্টিফেনের। জীবন জুড়ে সে দেখে তার সংসারের ক্রমাগত অর্থনৈতিক অধঃপতনের দিকে যেতে থাকা। প্রাইভেট স্কুল থেকে পাবলিক স্কুল ঘুরে ফের প্রাইভেট স্কুলে আসা- চরিত্র ও চিন্তার পট পরিবর্তন চলতে থাকে। কৈশোরেই যৌনতার প্রতি প্রবল আগ্রহে পতিতাপল্লীতে যায় স্টিফেন। এরপর রীতিমতো আসক্ত হয়ে পড়ে। তার ক্যাথলিক মন তাকে পিষতে থাকে। সে নরকের দুঃস্বপ্ন দেখে। সেখান থেকেই তার ধর্মবিশ্বাস উঠে যায়।

সৈকতে এক সুন্দরীর দিকে তাকিয়ে তার হঠাৎ পাপবোধ চলে যায়। সে বুঝতে পারে সৌন্দর্য উপভোগ করা পাপ নয়। বিশ্ববিদ্যালয়ে এসে সে একাডেমিক নন্দনতত্ত্বের সাথে পরিচিত হয়। Stephen নিজের মতো করে সৌন্দর্যের একটা সংজ্ঞাও তৈরি করে। সে বুঝতে পারে যে তাকে পরিবার, ধর্ম ও দেশের বেড়াজালে বন্দী হয়ে থাকলে চলবে না। তাকে লেখক হতে হবে, অনুভব করতে হবে সম্ভাব্য সব অনুভূতি। উপন্যাসটি এখানে রেখেই শেষ হয়।



To the Lighthouse by Virgina Woolf

Virginia Woolf এর অন্যান্য কাজের মতো এইটিও মনস্তত্ত্বের গভীর বিশ্লেষণ, চেতনাপ্রবাহ স্টাইল ও অরৈখিক সময় সংযোগের সমন্বয়। এখানে পাঠক একটি বিশেষ উপলব্ধি ও দৃষ্টিভঙ্গির মধ্য দিয়ে যায়; যে বিশেষত্ব কেবল ভার্জিনিয়া উলফের সাহিত্যেই পাওয়া যায়।

উপন্যাসটির সেটিং Isle of Skye এ Ramsay পরিবারের গ্রীষ্মকালীন অবকাশ নিয়ে। কর্তা Mr. Ramsay একজন কঠোর যুক্তিবাদী ও আত্মবিশ্বাসী মানুষ। নিজের মতামতের যৌক্তিক ভিত্তি সম্পর্কে নিঃসন্দেহ এই ব্যক্তির স্ত্রী Mrs Ramsay কিন্তু তার কোনও কথাতেই সহমত হতে পারেন না। উপন্যাসের প্রথম অংশ The Window শুরু হয় Mrs. Ramsay তার আট সন্তানের একজন James কে বলছেন তিনি ওই দূরের লাইটহাউজে যাবেন। তার স্বামী মনে করেন ওখানে যাওয়ার মতো অনুকূল আবহাওয়া পাওয়া যাবে না।

এই অবকাশে পরিবার সংশ্লিষ্ট অনেক মানুষ বেড়াতে আসেন। এর মধ্যে Lily Briscoe উল্লেখযোগ্য। তিনি একজন চিত্রশিল্পী। নারী হওয়ায় তার শিল্পক্ষমতা নিয়ে আশেপাশের মানুষ সন্দেহ প্রকাশ করে, যে সন্দেহ তার স্বীয় মনস্তত্ত্বেও সঞ্চারিত হয়। দ্বিতীয় অংশ Time Passes এ আমরা দেখি দশ বছর পেরিয়ে গেছে। মিসেস রামসে মারা গেছেন, যুদ্ধ ও সন্তান জন্ম দিতে যেয়ে মারা গেছে তার আরও দুই সন্তান। এক শূন্যতা এসে ঘিরে রেখেছে মিস্টার রামসের জীবন।

তৃতীয় অংশ The Lighthouse এ অবশেষে এই পরিবার বাতিঘরের দিকে যাত্রা করে। সন্তানেরা দেখে তার পিতার মধ্যে অবিশ্বাস্য পরিবর্তন ঘটে গেছে। সে আর আগের মতো সমালোচনাপ্রবণ নেই- অনায়াসে প্রশংসা করতে পারছেন। তার নিজের দর্শনতত্ত্বের স্থায়িত্ব নিয়েও তিনি ভাবিত নন। এই দেখেই বোধ হয় Lily তার চিত্রশিল্পে নতুন সংকল্প খুঁজে পায়। সে এখন আর রিসেপশন নিয়ে ভাববে না, বরং কাজে তার নিজস্বতা ঢেলে দিতে পারলো কিনা সেটাই ভাববে।



Sons and Lovers by D.H Lawrence

D.H Lawrence এর রচনাবলিতে আধুনিকায়ন ও শিল্পায়ন প্রসূত মানবিক অবক্ষয়ের দিক বিশদভাবে প্রতিফলিত হয়। বেঁচে থাকার প্রতি মানুষের তীব্র আকাঙ্ক্ষা আর বেঁচে থাকার ডারউইনিয়ান সংগ্রাম তাঁর রচনায় বারবার বিবিধ আঙ্গিকে এসেছে। তিনি *'Son and Lovers'* উপন্যাসটিতে অসম প্রেমের সাথে, মানসিক দ্বন্দ্ব সংঘাতের মাধ্যমে সামাজিক অসঙ্গতিসমূহ তুলে ধরেছেন। স্বামী অত্যাচারিতা Mrs. Morel নিজ সন্তানদের মাঝে নিজ জগৎ খুঁজে নেওয়ার চেষ্টা করেন। এরই মধ্যে আবার অসম প্রেমে জড়িয়ে পড়েন। সন্তানদের সাথে, বিশেষ করে তার ছেলের সাথে সম্পর্কের ফ্রয়েডীয় দৃষ্টিকোণটিও চোখে পড়ার মতো। ছেলে Paul বান্ধবী Miriam এবং Clara Dawes-র চতুর্মূখী অসম প্রেমের সম্পর্ক উপন্যাসের কাহিনিকে বেগবান করেছে। Paul মাতৃবিয়োগে Miriam-এর সাথে আত্মিক সম্পর্ক ছিন্ন করে হতাশাগ্রস্ত, একক জীবন বেছে নেয়, এর মাধ্যমেই লেখক উপন্যাসের রেশ টেনেছেন।

"Each forgot everything save the hatred of the other"
"He could not be free to go forward with his own life, really love another woman."

The Hairy Ape by Eugene Glasdstone O'Neill



সমাজের কম গুরুত্বপূর্ণ চরিত্রাবলির মিশ্রণ, তাদের আশা-আকাঙ্ক্ষা পূরণের সংগ্রাম কিন্তু পরিশেষে মোহমুক্তি ও নৈরাজ্যকে ফুটিয়ে তোলা Eugene O'Neill নাটকগুলোর বৈশিষ্ট্য। পঙ্গুত্ব মানুষের মনুষ্যত্বের অবমাননা ঘটিয়ে ধীরে ধীরে একজন মানুষকে পশুর সমপর্যায়ে নিয়ে যায়, যা আট অঙ্ক বিশিষ্ট 'The Hairy Ape'-এর মূল উপজীব্য। জাহাজের ফায়ারম্যানদের নেতা Yank হঠাৎই সুনিয়ন্ত্রিত জীবন হতে অস্তিত্ব সংকটে ভুগতে থাকে। সমাজের উচ্চ বিত্তদের প্রতি বিদ্রোহ এবং ক্রোধ একটা সময় Yank কে ভাবাতে শুরু করে তার এবং গরিলার মাঝে কোন পার্থক্য নেই। ফলশ্রুতিতে চিড়িয়াখানার খাঁচায় গরিলার হাতে তার মৃত্যু ঘটে।

"He slips on the floor and dies. The monkeys set up a chattering, whimpering wail. And perhaps the Hairy Ape at last belongs."

The Cantos by Ezra Pound

Ezra Pound এর Cantos আধুনিক যুগের প্রকাণ্ড কবিতা। প্রায় আটশ পৃষ্ঠার অধিক এই কবিতাটি যদিও Pound শেষ করেননি তবুও এটি তার সাহিত্যকর্মগুলো মধ্যে অনন্য। কবিতার প্রথম অংশটিতে মৃতের জগতে Odysseus এর যাত্রা বর্ণনা করেছেন। পাশাপাশি circe's island এ Odysseus এর ভ্রমণ এবং বিশ্বের প্রান্তে তার সফরের ও চিত্রায়ণ করেছেন। এসব সফরের মাধ্যমে Odysseus তার পরবর্তী দিনগুলো সম্পর্কে জানতে চাচ্ছিল। মৃতের জগতে Odysseus তার circe's island এ মারা যাওয়া তার বন্ধু Eplenor এর দেখা পায়, যে তার সঠিক সৎকারের অনুরোধ করে Odysseus কে। এরপর Odysseus তার মাকে দেখতে পায় এবং Tiresias এর উপদেশ লাভ করে। Tiresias তাকে জানায় সে শীঘ্রই Sirens দের সম্মুখীন হবে এবং তার সকল বন্ধুকে হারাবে। [গ্রিক রূপকথা অনুযায়ী Tiresias একজন অন্ধ সাধু যিনি ভবিষ্যৎ জানেন এবং Sirens এক ধরনের মানুষের মত দেখতে সামুদ্রিক জীব যারা তাদের সুন্দর কণ্ঠের মাধ্যমে নাবিকদের বিমোহিত করে অবশেষে হত্যা করে।]

The Waste Land by T.S. Eliot



প্রথম বিশ্ব যুদ্ধের ভয়াবহ নৃশংসতার প্রতিবাদে T.S. Eliot এক কেন্দ্রস্থিত শ্বাশত ঐতিহ্যের সন্ধানে এবং তৎকালীন আত্মসংকট থেকে উত্তরণের আকাঙ্ক্ষায় রচনা করেন তার দীর্ঘ কবিতা *'The Waste Land'*. কবিতায় এলিয়টের বর্ণনায় দেখা যাচ্ছে এই 'Tom' চরিত্রের সঙ্গে অন্য চরিত্র গুলো এক সময় মদ্যপান করে যাত্রাপালায় অভিনয় শেষে পতিতালয়ে গমন করে। সেখানে তারা 'A Fly Cop' মানে একজন সাধারণ পুলিশের সাথে বন্দী হয়। এখন আমাদের কাছে *The Waste Land* মানেই এর সূচনাবাক্য-

April is the cruelest month!

এছাড়া কবিতার একটা বিশেষ অংশে রয়েছে একজন টাইপিস্ট মহিলা আর ভগ্নস্বাস্থ্য যুবকের যৌনতার দৃশ্য। এক্ষেত্রে তিনি অতি যৌন উত্তেজনাকে সংহত করার পরামর্শ দেন। প্রথম বিশ্বযুদ্ধের বিধস্ত ইউরোপে আধুনিক সংস্কৃতির নামে যে অবক্ষয় নেমেছিল, তারই প্রতিচ্ছবি এই *'The waste land'* কবিতাটি।

The Good Earth by Pearl S. Buck

এ উপন্যাসের কেন্দ্রীয় চরিত্র Wang Lung সরল গ্রাম্য যুবক। চীনের যেকোনো শহর বা আধুনিকতা থেকে অনেক দূরের গ্রামে তার বসবাস। তার সঙ্গে থাকে তার বৃদ্ধ পিতা। নেহাত দরিদ্র তারা। এত দরিদ্র যে সকালে কাশিকাতর পিতার সামনে গরম পানি ভর্তি বাটি মেলে ধরার সময় তাতে এক চিমটি চায়ের পাতা মিশিয়ে দেবার সামর্থ্য পর্যন্ত নেই। তাদের বাড়ির সবগুলো ঘর মাটির তৈরি নিজেদের ক্ষেতের উৎপন্ন গমের খড়ে ছাওয়া তাদের চালা। তাদের এলাকায় শুষ্ক মৌসুমে থাকে পানির তীব্র অভাব। পুরো শরীর ধুয়ে স্নান করা সেই সময় অনেক-বড় বিলাসিতা। তাই নিজের বিয়ের দিনেও সেইরকম বিলাসিতা করতে ভয় পায় Wang। Wang এর বিয়েতে আনুষ্ঠানিকতা ও খুব সমান্য। আসলে সে তো ভদ্র বা গেরস্থ ঘর থেকে কোনো মেয়েকে বউ হিসেবে পাচ্ছে না। এখন বিয়ে ব্যাপারটা খুবই ব্যয়বহুল আর গেরস্থ ঘরের মেয়েরা দামি কাপড় চোপড়ের কড়া দাবি পূরণ না করা পর্যন্ত বিয়েতে রাজি হয় না। তাই Wang এর মতো গরিবদের কপালে বউ হিসেবে জোটে দাসী-বাঁদি। Wang যাকে বিয়ে করতে যাচ্ছে, সেই মেয়েটি হচ্ছে 'হোয়াঙ মঞ্জিল' নামক জমিদার বাড়ির আশৈশব বাঁদি। তার নাম O-Lan।

বিয়ের পর Wang ও O-Lan তাদের ছোট্ট জমিতে কাজ করে ফসল ফলিয়ে ভাগ্য পরিবর্তনের চেষ্টা চালায়। তাদের উন্নতিও হয়। কিন্তু এরই মাঝে গ্রেট চাইনিজ দুর্ভিক্ষ শুরু হয়ে যায়। Wang পরিবার শহরে পালায়। সেখানের মানুষের সাথে তাদের যেন কোনও মিলই নেই। Wang রিকশা চালায় আর বৃদ্ধ পিতা ভিক্ষা করে। এভাবে তাদের সংসারে আবার কিছু উন্নতি হয়। দুটো সন্তান আসে। শহরে খাদ্য দাঙ্গা শুরু হয়। Wang সেখানে একদল মানুষের সাথে যেয়ে এক বড়লোকের বাসা থেকে সোনাদানা লুট করে আনে। লুটের টাকায় তার ভাগ্য ফেরে। তারা এক সময় গ্রামে ফিরে আসে। Wang একজন উপপত্নী গ্রহণ করে। তার বউ মনের দুঃখেই মারা যায়।

Wang এর ছেলে প্রবল ক্ষুধার দিনে মাংস চুরি করে এনেছিল। তাঁকে মেরেছিল খুব। তখন O-Lan বলেছিল,

"Hunger Makes a thief of any man".

কথাটি কী Wang এর লুঠতরাজ সৌভাগ্যে এসে সত্য হয়েছিল? প্রশ্নটির অনুরণন রেখে যায় এই উপন্যাস। যেভাবে এক বিয়ের অনুষ্ঠানে শুরু হয়েছিল, সেভাবেই Wang এর ছেলের বিয়ের অনুষ্ঠানে উপন্যাসের সমাপ্তি নেমে আসে।

Brave New World by Aldous Huxley

উপন্যাসটি 2540 সাল ধরে সেট করা হয়েছে, যা উপন্যাসটি AF 632 হিসাবে চিহ্নিত করা হয়েছে। এখানে AF শব্দটির অর্থ, After Ford, কারণ Henry Ford এখানে God-এর মত সম্মানিত। এই যুগের সূচনা হয়েছিল যখন ফোর্ড আর টি মডেলের এক অত্যাধুনিক গাড়ি চালু করেছিলেন। উপন্যাসটিতে World State নামে একটি ভবিষ্যৎ সমাজের বর্ণনা দেওয়া হয় যা বিজ্ঞান ও প্রযুক্তিতে উন্নত এবং সমৃদ্ধ। World State এর বাচ্চাদের মধ্যে আবেগ স্বকীয়তা অল্প বয়সের মধ্যে কন্ডিশন্ড করে দেওয়া হয়। অর্থাৎ তার ভবিষ্যতে কি হবে, এটি ঠিক করে সে হিসেবেই তাদের বড় করা হয়। এখানে শিশুদের গর্ভের বাইরে তৈরি করা হয় এবং জনসংখ্যা বাড়ানোর লক্ষ্যে ক্লোন করা হয়। এখানে আবার প্রথম থেকেই উচ্চ শ্রেণির জন্য নির্ধারিত ভ্রুণগুলো তাদের শারীরিক ও মানসিক উভয় ক্ষেত্রেই নিখুঁত করার জন্য সঠিক মাত্রায় রাসায়নিক দিয়ে তাদের কালচার করা হয়। আবার নিম্নবৃত্ত শ্রেণির ভ্রুণগুলো আলাদা ভাবে হয়। এখানে Alpha শ্রেণির ভ্রুণদের ভবিষ্যতে এর নেতৃত্ব দিবে এবং উচ্চশ্রেণি হবে এবং Epsilon-দের শ্রমিক হিসেবে ব্যবহার করা হবে, সে হিসেবেই বড় করা হয়।

Lenina Crowne এই হ্যাচারীর একজন কর্মী, যে দেখতে খুবই আকর্ষণীয় এবং জনপ্রিয়, Sexual বিষয়ে সে ভালোই আগ্রহী। মনোবিজ্ঞানী Bernard Marx আবার এসব বিষয়ে আগ্রহী নয়। তার উচ্চতা খাটো হওয়ায় সে ইনফেরিওরিটি কমপ্লেক্স এ ভোগে।

এই সভ্যতা Soma নামের একটি রাসায়নিক ব্যবহার করে, যার প্রভাবে মানুষ আবেগ অভিজ্ঞতা বিবর্জিত একটি অকৃত্রিম আনন্দের জগতের নেশায় ঘোরগ্রস্ত থাকে। বার্নার্ড, লেনিনা এই সোমা গ্রহণ করে না। তারা মানব জীবনে সুখ শান্তির বিপরীতে কষ্ট ও সংগ্রামে মাহাত্ম্য খুঁজে পায়। একদিন তারা World State এর বাইরে একটি রিজার্ভেশনে বেড়াতে যায়। সেখানে তারা John নামে এক যুবকের সাথে পরিচিত হয়। জানা যায় তার বাবা World State এর প্রোজেক্ট ডিরেক্টর। এমন উচ্চপদস্থ মানুষের জৈবিক সন্তান থাকার কথা কেউ বিশ্বাস করেনা। অন্যদিকে অল্প কিছু শেক্সপিয়র পড়া John হৃত প্রজন্মের আবেগ অনুভূতিতে আচ্ছন্ন হয়ে পড়ে। বিষণ্নতা ভেসে এক পর্যায়ে সে আত্মহত্যার পথ বেছে নেয়।

Absalom, Absalom! by William Faulkner

1833 সালে Thomas Sutpen নামের এক ব্যক্তি কিছু সংখ্যক দাস সহ Mississippi তে আসে। সেখানে জায়গা-জমি কিনে নেয় ও স্থানীয় এক মেয়েকে বিবাহ করে। তার এঘরে ছেলে Henry ও মেয়ে Judith আছে। Henry কলেজে যায় ও Charles Bon এর সাথে তার বন্ধুত্ব হয়। Christmas এর দিনে Bon, Henry দের বাসায় আসে ও Judith এর সাথে তার পরিচয় হয় ও সময়ের প্রেক্ষিতে তারা Engagement করতে চায়। কিন্তু Judith এর বাবা Thomas বুঝতে পারে যে Henry-Bon তারা পরস্পর সৎ ভাই। কারণ Thomas একজন কৃষ্ণাঙ্গ মহিলাকে বিবাহ করেছিলো Bon তারই সন্তান তাই সে তাদেরকে Engagement করতে নিষেধ করে। নিষেধাজ্ঞা উপেক্ষা করে Judith কে নিয়ে Bon পালিয়ে যায় ও বিয়ে করে। এতে Henry ক্ষুব্ধ হয়ে Bon কে হত্যা করে এবং Thomas এর ঘরবাড়ি ভেঙ্গে পুড়িয়ে দিয়ে নিরুদ্দেশ হয়ে যায়।

উপন্যাসে Determination, happiness, optimism, suffering সম্পর্কে বলা হয়েছে,

"If happy I can be I will, if suffer I must I can".

The Old Man and the Sea by Ernest Hemingway



এই উপন্যাস পড়ে অনেকে বলেছেন বুড়ো Santiago এই গল্পের নায়ক। অনেকে বলেছেন সমুদ্রই এই গল্পের নায়ক। এই সমুদ্র সম্ভবত সকল প্রাণীর শিক্ষক, বুড়ো Santiago তাঁর ছাত্র। সে সমুদ্রকে বলে দয়ালু। যারা সমুদ্রকে ভালোবাসে তারাই আবার গালমন্দ করে। এখানে সমুদ্রটা একজন পেশীবহুল ঢেউ বিশিষ্ট দেহের ভরা যৌবনের নর বা লাস্যময় তাণ্ডব নৃত্যের ভরা যৌবনের পুরুষ। ওরা সমুদ্রকে বলে প্রতিদ্বন্দ্বী নয়তো শত্রু। এই বুড়ো Santiago যে কিনা নিজে জেলে হয়ে ওঠার আগে একটা কচ্ছপ ধরার বোটে কাজ করতো। সে কচ্ছপের সাদা ডিম খেয়েছে। গায়ে জোর হবে সে আশায়। সে রোজ এক গ্লাস হাঙরের তেলও খেত। বুকে ঠান্ডা ও সর্দি বসার হাত থেকে এই তেল বাঁচায়, চোখ ভালো রাখে, এভাবেই সমুদ্র্যের জন্য নিজেকে প্রস্তুত করেছিলো সে। সমুদ্রের পানি কেটে বেরিয়ে যাওয়া উড়ুক্কু মাছ। তলা থেকে বেরিয়ে আসা নানা জাতের হাঙর। হাঙরের বিভিন্ন শারীরিক কসরত সমুদ্র ও মাছের দিক থেকে দেখতে গেলে আমাদের বুড়ো Santiago কে পাওয়া যায় একটা খলনায়ক হিসেবে। সমুদ্রের এক বিরাট মাছকে হত্যা করে। দিনের পর দিন তাকে বড়শি বিধিয়ে রাখে। এক ভয়াবহ যন্ত্রণা পায় মাছটি। প্রথমে মাছটি যখন সহজে ধরা দেয়নি তখন বুড়ো হুংকার ছেড়ে বলেছে, যত বড়ই হোক ওটাকে আমি ধরবই। ওর বিরাটত্ব আর বড়াই আমি শেষ করবই। ওকে আমি দেখাবো মানুষ কী করতে পারে আর মানুষের লেগে থাকার শক্তি কত ভয়ংকর। মাছটি নৌকায় বেঁধে আনার সময় সমুদ্রের হাঙর আসতে থাকে। আর একটি হাঙর মৃত মাছটির গায়ে কামড় দিয়ে অনেক খানি খুবলে নেয়। এরপর বুড়ো আর মাছটির দিকে তাকায় না। ভাবতেই পারে না মাছটির অঙ্গহানি হয়েছে। তবে মাছটিকে যে কেউ খাচ্ছে তার জন্য খারাপ লাগছে তা নয়, তার খারাপ লাগছে এইজন্য যে এতে সে দাম কম পাবে। Santigo বলে ওঠে, *"A man can be destroyed but not defeated".*

Animal Farm by George Orwell

এটি রুশ বিপ্লব পরবর্তী রাশিয়ার তুখোড় ব্যঙ্গাত্মক উপন্যাস, Manor Farm এর মালিক Mr. Jones তার ফার্মের পশুদের উপর দিনের পর দিন অবিচার করে আসছিলো একদিন ফার্মের সবচেয়ে জ্ঞানী এবং বয়স্ক শূকর Old Major ফার্মের এক নির্দিষ্ট স্থানে সভা আহ্বান করে। Old Major শোনায় মুক্তির কথা, মনুষ্যশ্রেণির বিরুদ্ধে সংগ্রামের কথা। তার কথা শুনে সমস্ত পশু বিপ্লবী চেতনায় ঐক্যবদ্ধ হয়। এর কিছুদিন পরই মারা যায় Old Major কিন্তু থেমে থাকেনা বিপ্লবের স্বপ্ন। এই বিপ্লবের নেতৃত্ব দেয় ফার্মের পশুদের মধ্যে সবচেয়ে বুদ্ধিমান প্রাণী শুকর। একদিন সব পশু ঐক্যবদ্ধ হয়ে আতর্কিত আক্রমনের মাধ্যমে ফার্ম থেকে বিতাড়িত করে ফার্মের অত্যাচারী মালিক Mr. Joner কে। তারপর শুরু হয় সম্পূর্ণ পশুদের রাজ্য। Manor Farm এর নাম পাল্টে রাখা হয় Animal Farm গ্রহণ করা হয় ৭টি নীতিমালা যা সকল পশুর সামনে ফার্মের দেয়ালে লিখে রাখে। শুকরদের মধ্যে মেধাবী শুকর Old Major মারা যাওয়ার পর পশুদের মুক্তির স্বপ্ন বাস্তবায়নের জন্য কাজ করতে থাকে তাদের মধ্যে Napoleon এবং Snowball অন্যতম। পশুরা সবাই মিলে কাজ করতে থাকে এবং পশুদের সুন্দর ভবিষ্যতের জন্য নেওয়া হয় নানা পদক্ষেপ এরই মধ্যে হঠাৎ একদিন কবুতরেরা খবর নিয়ে আসে যে Mr. Jones বন্দুক সহ কতগুলো মানুষ নিয়ে *Animal Farm* এর দিকে আসছে। একদিন সভায় Snowball পশুদের বিদ্যুৎ সুবিধার জন্য বায়ুকল প্রতিষ্ঠার পক্ষে যুক্তি প্রদর্শন করতে গেলে নেপোলিয়ন তার বিরোধীতা করেন। কিন্তু Napoleon এর গোপনে পালিত কুকুর গুলো Snowball কে ধাওয়া করে Farm থেকে বিতাড়িত করে দেয়। পরে শুকুররা সবার চেয়ে বেশি খাবার পায় ও অন্যরা কম খাবার পায়। অর্থাৎ Nepolean ক্রমেই স্বৈরাচারী আচরণ শুরু করে এবং Farm পরিচালনার জন্য একাই দায়িত্ব নেয় যা Squealer Napoleon এর সমস্ত কাজকে পশুদের মাঝে মহৎ ভাবে উপস্থাপন করে। কিন্তু যে সব পশুরা বিদ্রোহ করে তারে শাস্তি দেওয়া হয় এবং ৭টি নীতিমালা ধীরে ধীরে মুছে ফেলে Napoleon। দিন যায়, ঋতু বদলায় অনেক কিছুই পরিবর্তন ঘটে *Animal Farm* এর কিন্তু পশুদের দূরাবস্থার পরিবর্তন ঘটে কি? *Animal Farm* এ বিখ্যাত সংলাপ – *"Four Legs Good, Two Legs Bad"*.

Title	Author	Short Summary
History of the Second World War	Winston Churchill	সর্বকালের সেরা ঐতিহাসিক গ্রন্থগুলোর মধ্যে অন্যতম এই স্মৃতিচারণমূলক গ্রন্থ। এর ৬ টি খণ্ডে জার্মান ও অক্ষ শক্তির বিরুদ্ধে ইউরোপীয় মিত্র শক্তির যুদ্ধ ও বিজয়ের লিখিত বর্ণনা রয়েছে।
Of Human Bondage	William Somerset Maugham	লেখকের অন্যতম শ্রেষ্ঠ উপন্যাস। লেখনীর ভঙ্গিতে যদিও প্রচণ্ডভাবে আত্মজীবনীমূলক, তবে লেখকের দাবি এটি অনেকটাই তাঁর কল্পনা থেকে লেখা। শুরুতে এই উপস্যাসের নাম ছিলো *Beauty from Ashes.*
The Voyage Out	Virginia Woolf	লেখিকার প্রথম উপন্যাস, অনেকটা নিজের জীবন থেকে অনুপ্রাণিত হয়ে লেখা। এ উপন্যাসে এর মূল চরিত্র Rachel Vinrace এর লন্ডনের নিভৃত জীবন থেকে চ্যালেঞ্জিং, বুদ্ধিজীবীদের সমাজে নিজেকে প্রতিষ্ঠা ও আত্ম-অনুসন্ধান ও স্বাধীনতা অর্জনের যাত্রা বর্ণিত হয়েছে।
The Rainbow	D. H. Lawrence	ইংল্যান্ডের নটিংহ্যামশায়ারের এক কৃষক পরিবারের ৩ পুরুষের ৬৫ বছরের কাহিনি বর্ণিত হয়েছে এ উপন্যাসে। বিংশ শতাব্দীর শুরুতে শিল্পায়ন ও নগরায়নের যে প্রভাব কৃষিভিত্তিক সমাজে পড়েছিলো তাই এই উপন্যাসের মূল থিম।
Long Day's Journey into Night	Eugene O'Neill	চার অঙ্কের এই ট্র্যাজেডি লেখকের শ্রেষ্ঠ এবং বিংশ শতাব্দীর অন্যতম গুরুত্বপূর্ণ নাটক হিসেবে সমাদৃত। অনেকটা নিজ জীবনের উপর ভিত্তি করে লেখা এই নাটক দুই ভাই ও তাদের বাবা মাকে নিয়ে লিখিত এবং পুরো নাটকের ঘটনা একটি মাত্র দিনের মধ্যে ঘটে। এই নাটকের জন্য তিনি 1957 সালে মরণোত্তর চতুর্থ Pulitzer Prize লাভ করেন।
Murder in the Cathedral	T.S. Eliot	এই কাব্যনাট্যটি 1935 সালে প্রথম মঞ্চস্থ হয়। এই নাটকটি 1170 সালে দ্বিতীয় হেনরির রাজত্বকালে ক্যান্টারবেরি ক্যাথেড্রালে আর্চবিশপ Thomas Becket হত্যার ঘটনার উপর ভিত্তি করে রচিত।
Doctor Zhivago	Boris Pasternak	রাশিয়ার সমাজতান্ত্রিক বিল্পব থেকে দ্বিতীয় বিশ্বযুদ্ধ পর্যন্ত সময়ের প্রেক্ষাপটে রচিত দীর্ঘ ও জটিল এই উপন্যাসটির জন্য লেখক 1958 সালে সাহিত্যে নোবেল পুরস্কার লাভ করেন। যদিও তৎকালীন সোভিয়েত কর্তৃপক্ষের হুমকির কারণে তিনি তা গ্রহণ করতে পারেননি।

Title	Author	Short Summary
As I Lay Dying	William Faulkner	যুক্তরাষ্ট্রের দক্ষিণাঞ্চলের পটভূমিতে রচিত এই Southern Gothic ঘরনার উপন্যাসটিতে লেখক Stream of consciousness পদ্ধতি ব্যবহার করেছেন। ৫৯ টি অধ্যায় ও ১৫ জন চরিত্রের বয়ানে বর্ণিত এই উপন্যাসে Addie Bundren নামক এক মহিলার মৃতদেহ নিয়ে নিজ জন্মস্থানের উদ্দেশ্যে তার দরিদ্র পরিবারের যাত্রার বর্ণনা রয়েছে।
For Whom the Bell Tolls	Ernest Hemingway	এই উপন্যাসে এক আমেরিকান স্বেচ্ছাসেবী যুবকের কথা বলা হয়েছে যে রিপাবলিকান গেরিলা দলের অংশ হিসেবে স্প্যানিশ গৃহযুদ্ধে অংশগ্রহণ করে। দিবাস্বপ্নে বিভোর এই যুবকের উপর দায়িত্ব ছিলো একটি সেতু ধ্বংস করার।
Bury the dead	Irwin Shaw	একটি Expressionist এবং যুদ্ধবিরোধী নাটক। একটি অজানা যুদ্ধে নিহত ৬ জন সৈনিকের নিজস্ব বয়ান এ নাটকে ফুটে উঠেছে যারা সমাহিত হতে অস্বীকৃতি জানাচ্ছে। এই নাটক থেকে অনুপ্রাণিত হয়ে মুনীর চৌধুরী তাঁর *কবর* নাটকটি রচনা করেছিলেন।
Do not go gentle into that good night	Dylan Thomas	নিজের মৃত্যুপথযাত্রী পিতাকে নিয়ে লেখা এই কবিতাটি কবির শ্রেষ্ঠ সাহিত্যকর্ম হিসেবে স্বীকৃত। কবিতাটির আলাদা কোন শিরোনাম ছিলনা, প্রথম লাইনটিই শিরোনাম হিসেবে ব্যবহৃত হয়।

THE GEORGIAN PERIOD এর সাহিত্যে প্রধান চরিত্রসমূহ



Lucy Honey Church from *A Room with a View* by E.M. Forster

উপন্যাসের শুরুতে লুসির পরিচয় দেয়া হয়, যে ইতালিতে বসবাসকারী সাদাসিধে একজন ব্রিটিশ তরুণী। সেখানে Lucy তার চাচাতো বড় বোন Charlotte এর তত্ত্বাবধানে থাকলেও সে স্বাধীন জীবনযাপন করতে আগ্রহী ছিল। ফ্লোরেন্স শহরের বাইরে হঠাৎ George এর চুম্বনে সে হতবাক হয়ে যায় এবং শার্লটের নির্দেশনা অনুসরণ করে কাউকে না বলার প্রতিশ্রুতি দেয়। এরপর Cecille এর সাথে তার বাগদানের জন্য সে ইংল্যান্ডে ফিরে যায় এবং ধীরে ধীরে বিশ্বাস করে সে George কে ভালোবাসে। জর্জের প্রতি তার আসল অনুভূতি অস্বীকার করে। যখন তারা লুসির বাড়ির নিকটে একটি বাসায় চলে যায় এবং সেখানে জর্জকে দেখতে পায় তখন লুসির পক্ষে জর্জের আকর্ষণ প্রত্যাখ্যান করা আরো কঠিন হয়ে পড়ে। জর্জ তাকে দ্বিতীয়বার উইন্ডি কর্ণারে চুম্বন করে ফলে লুসি তার উপর ক্রুদ্ধ হয়ে চলে যেতে বললে জর্জ তাকে বুঝায় কিভাবে সেসিল তাকে তার প্রাপ্য সম্মান থেকে বঞ্চিত করছে। ফলস্বরূপ অল্পকিছুদিনের মধ্যে লুসি সেসিলকে বিয়ে করতে অস্বীকৃতি জানায়। এরপরেও লুসি জর্জের প্রতি তার অনুভূতি অস্বীকার করে এবং তার আবেগ নিয়ন্ত্রণ করতে গ্রিসে চলে যাওয়ার সিদ্ধান্ত নেয়। এসময় Mr. Emarson লুসিকে নিজের আবেগের প্রতি গুরুত্বারোপ করে এবং আরো দৃঢ় হয়ে উঠার পরামর্শ দেন। অবশেষে লুসি তার নিজের পারিবারিক এবং সামাজিক প্রত্যাশা এবং নিয়ম উভয়কেই উপেক্ষা করে জর্জকে বিয়ে করে এবং তার সাথে ইতালিতে চলে যায়।

Orlando from *Orlando* by Virginia Woolf



1928 সালে প্রকাশিত হয় ভার্জিনিয়া উলফের *Orlando* উপন্যাসটি। এই উপন্যাসে পাঠক একটি পরাবাস্তব চরিত্র পায়, যে চরিত্রটি শতাব্দীর পর শতাব্দী বেঁচে থাকে কিন্তু বয়স বাড়ে না একদিনও। এটিকে যেমনি মানুষের অস্তিত্বের এক দৃষ্টিভঙ্গি বলা চলে; তেমনি বলা যায় প্রচলিত সামাজিক রীতিনীতি, ভণ্ডামি, মূল্যবোধকে নস্যাৎ করে মানুষকে নান্দনিক হতে শেখানোর পন্থাও। বিস্তৃত দর্শকদের জন্য, *"Orlando"* লিঙ্গ দ্বৈতত্ত্বের ইশতেহারে পরিণত হয়েছিল। অরল্যান্ডো এক সকালে ঘুম থেকে ওঠে এবং নিজেকে একজন মহিলার রূপে খুঁজে পায়। সে ইংল্যান্ডে ফিরে আসে এবং লন্ডনের বুদ্ধিজীবী সমাজে সমাদৃত হয়। কিন্তু এ জীবন থেকে মুক্ত হওয়ার জন্য সে ব্যকুল হয়ে পড়ে। অরল্যান্ডো 1928 সাল নাগাদ লন্ডনে ফিরে আসে। লন্ডনে তার পুরানো বন্ধু Green এর সাথে সাক্ষাৎ ঘটে। গ্রিনকে বই প্রকাশের জন্য একজন প্রকাশক খোঁজার প্রস্তাব করে। সর্বশেষ, ওক গাছের নিচে অরল্যান্ডোর শতবর্ষের জীবন পরিক্রমার স্মৃতিচারণা দিয়ে উপন্যাসটির সমাপ্তি ঘটে। চেতনা প্রবাহ রীতি অনুসারে লিখিত এ উপন্যাস সাহিত্যবোদ্ধাদের নিকট অত্যন্ত জনপ্রিয়।



Lady Chatterley from *Lady Chatterley's Lover* by D.H. Lawrence

ইংল্যান্ডের নটিংহ্যামশায়ার অঞ্চলের প্রেক্ষাপটে তখনকার উঁচু সমাজের এক নারী Constance Reed প্রেমে পড়েছিলেন বাগানের মালির সঙ্গে। তার স্বামী Clifford Chatterley ইংল্যান্ডের বিত্তবান শ্রেণির মানুষ ছিলেন। কিন্তু তিনি ছিলেন একজন পঙ্গু। হুইলচেয়ারে বসে থাকা স্বামী আর অন্যদিকে সুদর্শন মালি এ দুই চরিত্রের মাঝে দ্বিধাদ্বন্দ্বে ভোগেন লেডি চ্যাটার্লি। সেই সময়ে লরেন্স তাঁর উপন্যাসে দেখাতে চেয়েছিলেন শ্রেণি বৈষম্য থাকলেও মালির সঙ্গে মালিকের প্রেম হতে পারে। আর সে প্রণয়ে শরীরই প্রধান। লরেন্স দেখিয়েছেন, শুধু মনের দেওয়া নেওয়ার মাঝেই প্রেম সীমাবদ্ধ নয়, শরীরের আকর্ষণ মনকেও ছাপিয়ে যায়। অশ্লীলতার অভিযোগে বইটির বিরুদ্ধে মামলা হয়। অবশেষে মামলার রায় বইটির পক্ষে এলে পুনরায় প্রকাশিত হয় লরেন্স রচিত সর্বশেষ উপন্যাসটি।

Leopold Bloom from *Ulysses* by James Joyce



জেমস জয়েসের নায়ক Leopold Bloom তার নিজ দেশ আয়ারল্যান্ডে নির্বাসিত। তিনি গভীর যন্ত্রণায় আছেন। তার শিশু পুত্রের অকালমৃত্যু তার হৃদয়ে একটি ক্ষত সৃষ্টি করেছে। কাহিনির পরিসর ১৬ ঘন্টারও কম। ব্লুম একদিন সকালে তার অবিশ্বাসী স্ত্রী মলি ব্লুমের জন্য প্রাতরাশ বানাতে বানাতে নানা স্মৃতি, গল্প, দৃশ্যের সন্নিবেশে যন্ত্রণার দহন ও ক্রিয়া-প্রতিক্রিয়ার বিবরণের পাশাপাশি তাদের মনোজগৎ, স্বপ্ন-কল্পনায় অভাবনীয় চেতনা, স্রোতের জটিলতা এবং স্থান-কালের সম্পর্ক মিলিয়ে এক অস্পষ্টতার ছবি নিয়ে ভাবতে থাকেন। কখনো কবিতার পংক্তি, কখনো নাটকের আদর্শ সংলাপ তৈরী, কখনো রেস্তোরায় বা পতিতালয়ে জীবন্ত দৃশ্যের ভেতরে দৃশ্যাতীত অবচেতনার সৃষ্টি, কখনো জাতিগত নানা তর্ক-বিতর্কে সম্পূর্ণ অপরিচিত পথে এই উপন্যাসের পথ চলা। প্রাচীন মিথকে আধুনিক জীবনের প্রাত্যহিক ঘটনাবলিতে একটা অভিন্ন ঐক্যে আত্মীকরণ করার ক্ষেত্রে জয়েসের ক্ষমতাকে এলিয়ট এই বলে প্রশংসা বলেন *"... manipulating a continuous parallel between contemporaneity and antiquity"* এ উপন্যাসে পুরাণের ইউলিসিসের ভ্রমণের সঙ্গে তার ঘুরে বেড়ানোর সমান্তরাল চিত্র দেখানো হয়েছে বলেই উপন্যাসের নাম *"Ulysses"*। পুরাণের চরিত্র ইউলিসিস, পেনিলোপ ও টেলিমেকাসের আধুনিক প্যারোডি রূপ তৈরী করা হয়েছে উপন্যাসের প্রধান চরিত্র লিওপোল্ড ব্লুম, মালি ব্লুম ও স্টিফেন ডেডালাসের চরিত্রে।



J. Alfred Prufrock from *The Love Song of J.A.P* by T.S. Eliot

ইংরেজি কবিতায় আধুনিকতাবাদের জনক T.S. Eliot। যে কবিতাটি তাঁকে বিশ্বখ্যাতি এনে দেয় তার নাম *"The Lovesong of J. Alfred Prufrock"*। এ কবিতার নায়ক Alfred Prufrock নামের এক মধ্যবয়স্ক, সুদর্শন চেহারার পাতলা মানুষ, যে শহরের বিত্তবান এলাকার নৈশক্লাব এবং গ্যালারি গুলোতে ঘোরাঘুরি করে সুন্দরী রমনীদের সান্নিধ্যলাভের আশায়। কিন্তু কাঙ্ক্ষিত রমণীর কাছে প্রেম নিবেদনের সাহস পায় না। নায়ক Prufrock এ কবিতায় অত্যাচারিত আত্মার আধুনিক মানুষের প্রতিমূর্তি। কবিতায় তিনি তাঁর কথাগুলো বলছিলেন সম্ভাব্য প্রেমিকাকে উদ্দেশ্য করে। তবে তিনি নিজেকে দুভাগে বিভক্ত দেখতে পেয়েছেন-একটি তাঁর রোমান্টিক সত্ত্বা এবং অপরটি বাস্তববাদী সত্ত্বা। তাঁর রোমান্টিক সত্ত্বা বলছে প্রণয়ের প্ররোচনায় এগিয়ে যেতে। ঐদিকে তার বাস্তববাদী সত্ত্বা জানে, প্রত্যাখ্যান হবার সম্ভাবনাই বেশি। তাঁর চিন্তাগুলো পৃথিবীর বিভিন্ন স্থানে ঘুরতে থাকে-শহরের দৃশ্য থেকে টেবিলে শোয়া মুমূর্ষু রোগী, ল্যাম্পপোস্টে নারীর হাত, ফায়ারপ্লেস সবখানে তার মন ঘুরেফিরে এসেছে। এছাড়া সমুদ্র সম্পর্কিত তাঁর অস্পষ্ট বর্ণনাগুলো আধুনিক পৃথিবী থেকে তাঁর মনের দূরত্বকেই প্রকাশ করে। এসব বর্ণনা একজন মধ্যবয়সী ব্যক্তির হতাশা ও নিষ্ক্রিয়তার বৈশিষ্ট্য উপস্থাপন করে। তাই আধুনিক মানুষ যে সিদ্ধান্তহীনতায় ভোগে কবি Prufrock এর মাধ্যমে তা প্রকাশ করতে চেয়েছেন।

Lt. Frederick Henry from *A Farewell To Arms* by Ernest Hemingway



1928 সালে আর্নেস্ট হেমিংওয়ের *"A Farewell to Arms"* প্রকাশিত হয়। উপন্যাসটি প্রকাশের অল্প সময়ের মাঝেই তা হেমিংওয়ের পূর্বের সব রচনাকে ছাড়িয়ে এক নতুন উচ্চতায় আরোহণ করে। এ গল্পে যুক্তরাষ্ট্র থেকে যুদ্ধে যোগদান করে তরুণ অ্যাম্বুলেন্স চালক Frederick Henry। যুদ্ধকালীন তার পরিচয় হয় Catherine Burkley নামধারী একজন সুন্দরী সেবিকার সাথে। খুব দ্রুত তাদের বন্ধুত্বের সম্পর্ক প্রেমে পরিণত হয়। এ সময় হেনরি যুদ্ধের ময়দানে দায়িত্বরত অবস্থায় এক শেলের আঘাতে মারাত্মক ভাবে আহত হয়। তাকে দ্রুত চিকিৎসার জন্য মিলানে পাঠানো হয়। ভাগ্যক্রমে সেখানে সেই সুন্দরী সেবিকা মিস বার্কলিও ছিলেন। যুদ্ধের তীব্রতা থেকে দূরে একে অপরকে নতুন ভাবে আবিষ্কার করে। ফলে তাদের প্রেমের সম্পর্ক বহুদূর পর্যন্ত গড়ায়। কিন্তু দেখতে দেখতে হেনরির পুনরায় ময়দানে ফেরার সময় ঘনিয়ে আসে। হেনরি দুঃখ ভারাক্রান্ত মন নিয়ে বিদায় জানিয়ে ফিরে যায় নিজের কর্মস্থানে। কিন্তু সময়ের ব্যবধানে অনেক কিছু বদলে যায়। হেনরি নিজে বদলে গেছে, বদলে গেছে যুদ্ধের অবস্থা। জার্মানরা খুব দ্রুত ইতালির প্রতিরোধ ভেঙ্গে ঢুকে পড়বে সীমানার ভেতর। এক দিকে যুদ্ধ, আরেক দিকে প্রেমিকা ক্যাথেরিন বার্কলি এরূপ মানসিক দ্বন্দ্বের মাধ্যমে চিত্রায়িত হয় অসাধারণ এই রোমান্স ও যুদ্ধের উপন্যাস।

THE GEORGIAN PERIOD এর সাহিত্যে প্রধান উক্তিসমূহ

Who controls the past controls the future. Who controls the present controls the past.
1984, George Orwell

God made food; the devil the cooks.
Ulysses, James Joyce

Recklessness is almost a man's revenge on his woman.
Sons and Lovers, D.H. Lawrence

In the face of pain there are no heroes
1984, George Orwell

The object of the artist is the creation of the beautiful. What the beautiful is is another question.
A Portrait of the Artist as a Young Man, James Joyce

In my end is my beginning.
Four Quartets, T.S. Eliot

All animals are equal, but some animals are more equal than others
Animal Farm, George Orwell

Books are the mirrors of the soul.
Between the Acts, Virginia Woolf

Half the harm that is done in this world Is due to people who want to feel important.
The Cocktail Party, T.S. Eliot

All men are enemies. All animals are comrades
Animal Farm, George Orwell

As long as she thinks of a man, nobody objects to a woman thinking.
Orlando, Virginia Woolf

"There is no friend as loyal as a book."
The Old Man and the Sea, Ernest Hemingway

Man is the only creature that consumes without producing
Animal Farm, George Orwell

All extremes of feeling are allied with madness.
Orlando, Virginia Woolf

"All thinking men are atheists."
A Farewell to Arms, Ernest Hemingway

There is nothing so terrible as the pursuit of art by those who have no talent.
Of Human Bondage, William Somerset Maugham

We've got to live, no matter how many skies have fallen.
Lady Chatterley's Lover, D.H. Lawrence

Happiness in intelligent people is the rarest thing I know
The Garden of Eden, Ernest Hemingway

Think you're escaping and run into yourself. Longest way round is the shortest way home.
Ulysses, James Joyce

Time Held me Green and dying Though I sang in my chains like the sea
Fern Hill, Dylan Thomas

One day women will have what has so long been denied them- liberty leisure, money and room to themselves
A room of one's own, Virginia Woolf

Potential Questions & Answers

01. Who wrote the short story 'The Captain's Doll'–
(a) D.H. Lawrence (b) William Blake (c) Thomas Hardy (d) Charles Dickens

02. Who wrote famous novel 'A Portrait of An Artist'
(a) Joseph Conrad (b) Rudyard Kipling (c) James Joyce (d) E.M. Forster

03. The literary technique 'Interior Monologue' is seen in–writings.
(a) T.S. Eliot (b) Virginia Woolf's (c) Maughan's (d) Kipling's

04. Who wrote, 'A Lume Spento'?
(a) H. Q. Well (b) T.S. Eliot (c) Ezra Pound (d) W.B. Yeats

05. Who was an American novelist and a missionary's daughter who spent her childhood and youth in China?
(a) Emily Bronte (b) Pearl S. Buck (c) Jane Austin (d) Charlotte Bronte

06. Who wrote 'The Waste Land'?
(a) T.S. Eliot (b) W.B. Yeats (c) Thomas Hardy (d) Walt Whitman

07. Who wrote 'Burmese Days'–
(a) Thomas More (b) Boris Pasternk (c) George Orwell (d) Charles Dickens

08. Who wrote the poem, 'Mending Wall'?
(a) Walt Whitman (b) Robert Frost (c) Ezra Pound (d) T.S. Eliot

09. Who is the writer of the short story 'Mr. Know All'?
(a) W. Somerset Maugham (b) M.K. Rawlings (c) Joseph Conrad (d) E.M. Forister

10. 'The Cow in the Corn' is a play written by–
(a) Walt Whitman (b) T.S. Eliot (c) Ezra Pound (d) Robert Frost

11. Who wrote the poem, 'The Road Not Taken'?
(a) Ezra Pound (b) T.S. Eliot (c) Robert Frost (d) Walt Whitman

12. Who wrote the famous short story, 'The Ant and the Grasshopper'?
(a) E.M. Forster (b) M.K. Rawlings (c) Joseph Conrad (d) W. Somerset Maugham

13. What was the unfinished novel by E.M. Forster?
(a) A Room with a view (b) Arctic Summer (c) Arctic Summer Fear (d) Where Angels to Tread

14. With what did forster achieve his greatest success?
(a) Arctic Summer Fear (b) Where Angels to Tread (c) A Passage to India (d) A Room with a view

15. "Howards End" is a novel by–.
(a) E.M. Forster (b) James Joyce (c) Rudyard Kipling (d) Thomas Hardy

16. 'Luncheon' is a famous short story written by–
(a) James Joyce (b) W.B. Yeats (c) Joseph Conrad (d) William Somerset Maugham

17. Who is the friend of R.K Narayan?
(a) Graham Greene (b) Robert Greene (c) Dylan Thomas (d) William Golding

18. 'The Mansion' is written by–
(a) Herman Melville (b) William Faulkner (c) Ernest Hemingway (d) Saul Bellow

19. What is the unpublished complete novel by E. M. Forster–
(a) Howards end (b) A passage to India (c) Arctic Summer (d) Maurice

20. Who wrote 'Where Angels Fear to Tread'?
(a) James Joyce (b) Rudyard Kipling (c) E.M. Forster (d) Joseph Conrad

21. James Joyce's famous novel is–
(a) Utopia (b) Ulyssess (c) The Wasteland (d) Sons and Lovers

22. Who wrote the collection of short stories 'The Dubliners'?
(a) James Joyce (b) Rudyard Kipling (c) James Joyce (d) E.M. Forster

23. 'Of Human Bondage' is written by–
(a) Virginia Woolf (b) Somerset Maugham (c) L.A.G Strong (d) T.S. Eliot

24. Who wrote 'My African Journey'?
(a) Winston Churchill (b) Bertrand Russel (c) George Orwell (d) D.H. Lawrence

25. The famous literary technique 'Stream of consciousness' is seen in –writings.
(a) James Joyce's (b) Virginia Woolf's (c) Mathew Arnold's (d) Both a and b

26. Who was an American poet and won four Pulitzer Prizes for poetry?
(a) Walt Whitman (b) T.S. Eliot (c) Ezra Pound (d) Robert Frost

27. Who wrote 'The Voyage Out'?
(a) James Joyce (b) Kipling (c) Virginia Woolf (d) Maughan

28. Whose pictures are of real beauty and of great vitality?
(a) William Blake's (b) Pablo Picaso's (c) Leo-Nardoda Vinci's (d) D.H. Lawrence's

29. Which of the novel of D.H. Lawrence's was banned in the United States of America until 1959?
(a) Lady Chatterley's Lover(b) Sons and Lovers (c) The White Peacock (d) Kangaroo

30. Who wrote the novel 'Mrs. Dalloway'?
(a) Kipling's (b) Maugham's (c) Virginia Woolf (d) James Joyce

31. 'The Rainbow' is–.
(a) a Poem by Wordsworth (b) a short story by Somerset Maugham
(c) a novel by D.H. Lawrence (d) a verse by Coleridge

32. Who was a novelist and a painter in English literature?
(a) William Blake (b) D.H. Lawrence (c) Thomas Hardy (d) Charles Dickens

33. Who wrote 'Usura'?
(a) H. Q. Well (b) T. S. Eliot (c) Ezra Pound (d) W.B. Yeats

34. Who is the writer of the novel 'To the Light House'?
(a) Virginia Woolf (b) Maughan (c) James Joyce (d) Kipling

35. Who is the writer of 'Hugh Selwyn Mauberly'?
(a) W.B. Yeats (b) Ezra Pound (c) T.S. Eliot (d) H. Q. Well

36. T.S. Eliot was born in–.
(a) Ireland (b) England (c) Wales (d) U.S.A

37. T.S. Eliot is a/an - Poet.
(a) classical (b) ancient (c) modern (d) old

38. The famous drama 'Murder in the Cathedral' is written by–?
(a) T.S. Eliot (b) W.B. Yeats (c) Samuel Beckett (d) Oscar Wilde

39. Who wrote the poem, 'Stopping by Woods on a Snowy Evening'?
(a) Robert Frost (b) T.S. Eliot (c) Ezra Pound (d) Walt Whitman

40. 'Lady Chatterley's Lover's is written by–'
(a) Thomas Hardy (b) D.H. Lawrence (c) G.B. Shaw (d) Charles Dickens

41. Who wrote the famous novel 'Brighton Rock'?
(a) Graham Greene (b) Samuel Beckett (c) G.B Shaw (d) Oscar Wilde

42. Who is the writer of the drama 'The Family Reunion'?
(a) W.B. Yeats (b) T.S. Eliot (c) Oscar Wilde (d) Samuel Beckett

43. Pearl S. Buck was awarded the nobel prize for–
(a) A House Divided (b) Fast Wind: West Wind (c) Command the Morning (d) The Good Earth

44. "There is no friend as loyal as a book" is quoted by–
(a) Ernest Hemingway (b) Charlotte Bronte (c) Jane Austin (d) Emily Bronte

45. Who wrote the famous novel 'Liza of Lambeth'?
(a) Joseph Conrad (b) William Somerset Maugham
(c) James Joyce (d) W.B. Yeats

46. Who was an assistant editor of 'The Egoist'?
(a) W.B. Yeats (b) T.S. Eliot (c) H.G. Wells (d) Ezra Pound

47. 'The Good Earth' has been written by–
(a) Virginia Woolf (b) George Eliot (c) Charles Dickens (d) Pearl Buck

48. Who wrote the play, 'Soldiers' Pay'?
(a) Ernest Hemingway (b) Herman Melville (c) William Faulkner (d) Saul Bellow

49. Who wrote the poem, 'The White Horse'?
(a) G.B. Shaw (b) Thomas Hardy (c) D.H. Lawrence (d) Charles Dickens

50. Who is the writer of a famous novel 'The Sound and the Fury'?
(a) Ernest Hemingway (b) Saul Bellow (c) William Faulkner (d) Herman Melville

51. What is the last novel of William Faulkner?
(a) The Mansion (b) Light in August (c) A Fable (d) The Reivers

52. What is the last major novel of William Somerset Maugham?
(a) The Summing Up (b) Razor's Edge (c) Liza of Lambeth (d) Cakes and Ale

53. Who was born in France but wrote his works in English?
(a) William Somerset Maugham (b) James Joyce
(c) W.B. Yeats (d) Joseph Conrad

54. Who wrote 'Woman in Love'?
(a) Thomas Hardy (b) G.B. Shaw (c) Charles Dickens (d) D.H. Lawrence

55. Who wrote the poem 'The Love Song of J. Alfred Prufrock'?
(a) H.G. Wells (b) Ezra Pound (c) W.B. Yeats (d) T.S. Eliot

56. Who is the author of 'The Old Man and The Sea'?
(a) Ernest Hemingway (b) William Faulkner (c) Herman Melville (d) Saul Bellow

57. Who is the writer of the famous essay 'Shooting an Elephant'–
(a) George Orwell (b) Charles Dickens (c) Thomas More (d) Boris Pasternk

58. 'Animal Farm' is a/an–.
(a) allegorical novel (b) satirical (c) Witty (d) humorous

59. Who is 'Eric Blair'?
(a) George Eliot (b) Maxim Gorky (c) Emily Bronte (d) George Orwell

60. Who is considered one of the greatest novelists of the 20th century?
(a) Dylan Thomas (b) W.H Auden (c) T.S Eliot (d) Graham Greene

61. 'The Power and the Glory' is a?
(a) novel by Walter Scott (b) novel by Graham Greene (c) novel by Dylan Thomas (d) novel by T.S Eliot

62. Who is the composer of the poem 'Fern Hill'?
(a) Dylan Thomas (b) Samuel Beckett (c) G.B Shaw (d) Oscar Wilde

63. Which of the following novels is regarded as 'The Gold Standard' of the Catholic novel?
(a) Brighton Rock (b) The Third Man (c) One Man is Havana (d) The Human Factor

64. Who was famous for his theory of 'Objective Co-relative'?
(a) W.B. Yeats (b) T.S Eliot (c) H.G. Wells (d) Ezra Pound

65. Who helped R.K Narayan?
(a) Graham Greene (b) William Golding (c) Dylan Thomas (d) Robert Greene

66. Who wrote the novel 'Swami and Friends'?
(a) R.K Narayan (b) G.B Shaw (c) Graham Greene (d) William Golding

67. Who wrote the famous short story "Under the Banyan Tree"?
(a) G.B Shaw (b) Graham Greene (c) William Golding (d) R.K Narayan

68. "Nambi" is a vital character in the short story?
(a) Malgudi Golding (b) Under the Banyan Tree (c) A Horse and Two Goats (d) An Astrologer's Days

69. Who wrote the verse drama 'The Dance of Death'?
(a) H.G Wells (b) W.H Auden (c) Ezra Pound (d) G.B Shaw

70. 'The Dog Beneath the Skin' is a–
(a) play by W.H. Auden (b) Poem by W.H Auden (c) novel by Samuel Beckett (d) prose by Francis Bacon

Answers

01	a	02	c	03	b	04	c	05	b	06	✡	07	c	08	b	09	a	10	d
11	c	12	d	13	b	14	c	15	a	16	d	17	a	18	b	19	d	20	c
21	b	22	a	23	b	24	a	25	d	26	d	27	c	28	d	29	a	30	c
31	✡	32	b	33	c	34	a	35	b	36	d	37	✡	38	a	39	a	40	b
41	a	42	b	43	d	44	a	45	b	46	b	47	d	48	c	49	c	50	c
51	b	52	b	53	a	54	d	55	✡	56	a	57	a	58	a	59	d	60	d
61	✡	62	a	63	a	64	b	65	a	66	a	67	d	68	b	69	b	70	a

[বিশেষ দ্রষ্টব্য: সুপ্রিয় বিসিএস প্রার্থী, উত্তরমালায় কিছু প্রশ্নের উত্তর না দেয়া থাকলেও আমরা বিশ্বাস করি আপনারা পরিপূর্ণ আত্মবিশ্বাসের সাথেই সঠিক উত্তরে বৃত্ত ভরাট করতে পারবেন।]

Chapter 10

(1939-)

Post-Modern Period

"The more man learned, the more he realized he did not know"
-Dan Brown

বর্তমানে যে যুগটা যাপিত হচ্ছে তার বিশ্লেষণ করা সত্যিই কঠিন। পেছনে তাকিয়ে বর্তমান বাস্তবতার অনেক কার্যকারণ খুঁজে পাওয়া যায়, মিলে যায় যুক্তি-সম্পর্ক। আমরা মূলত যাপন করছি উত্তরাধুনিকতার যুগে। অনেকে অবশ্য মনে করেন আমরা উত্তরাধুনিকতাকেও পার করে এসেছি, এসেছি উত্তর-উত্তরাধুনিকতার তথ্যযুগে। সে যা-ই হোক, এই আলোচনা উত্তরাধুনিকতা কেন্দ্রিক। এটি এমন একটা বিষয় যার সম্পর্কে আমাদের নিজস্ব ধারণাগুলি গোছানো হয়ে ওঠেনি।

আধুনিক সমাজ ঈশ্বরে বিশ্বাস হারিয়ে বিজ্ঞানের দিকে ঝুঁকেছিল। সুনির্ধারিত বৈজ্ঞানিক পন্থায় সত্যের স্বরূপ উন্মোচন সম্ভব এই বিশ্বাসে মানুষের চিন্তা ও চেতনায় বস্তুবাদ, যুক্তিবাদ ও তথ্যনির্ভরতা স্থান করে নিয়েছিলো। কোয়ান্টাম মেকানিক্সের অনিশ্চয়তা এসে দোলা দিলেও প্রযুক্তির উত্তরোত্তর মানবমুখী অবদানে বৈজ্ঞানিক সত্যের ওপর আস্থার ভিত্তিকে দৃঢ়ই করেছে শুধু। বিশ্বাসটা টলে গেল দ্বিতীয় বিশ্বযুদ্ধে। কোনো যুক্তিতেই এই নৃশংসতার ব্যাখ্যা হয় না। মানুষ ও মহাবিশ্ব সম্পর্কে আমাদের যে জ্ঞানগরিমা ছিলো তা ধূলিসাৎ হতে মুহূর্তও লাগলো না।

Post Modern Period Timeline

- 1945 End of World War II
- 1946 Begin of Cold War
- 1947 'Post-modern' term used by Arnold J. Toybee
- 1955 Lolita by Vladimir Nabokov published
- 1957 Jack Kerouac's On the Road published
- 1961 The Berlin Wall build; Catch 22 by J. Heller published
- 1962 Campbell's Soup Cans by Andy Warhol
- 1969 Kurt Vonnegut's Slaughter-Five publihsed
- 1979 The Stalker made by Andrei Tarkovsky
- 1989 Berlin Wall falls
- 1996 Infinite Jest by David Foster Wallace published

দর্শনের ভুবনে শুরু হলো উত্তরাধুনিকতার অঙ্কুরোদগম। "সত্য" সম্পর্কে নতুন মূল্যায়নের চেষ্টা থেকে পূর্বতন ধারণাগুলো প্রশ্নের সম্মুখীন হলো। চিন্তা করে দেখলেন সত্যের ধ্রুব কোনও ধারণা সম্ভব না। সত্য আপেক্ষিক, সত্য ব্যক্তিক (Subjective)। একই মুল্যায়ন এলো "বাস্তবতা" সম্পর্কে। দার্শনিক Derrida এর *Deconstruction* ও Baudrillard এর *Simulacra and Simulation* গ্রন্থগুলোয় বাস্তবতার সমান্তরাল অধিবাস্তবতার বৈজ্ঞানিক ও যৌক্তিক সম্ভাবনা যাচাই করা শুরু হলো। আরেক দার্শনিক Wittgenstein দেখালেন ভাষাতত্ত্বেও একই ধারণা প্রযোজ্য। শিল্প ও সাহিত্যে এই ধারণাগুলো দীর্ঘস্থায়ী প্রভাব ফেললো।



Campbell's Soup expresses positive view of modern culture.

ল্যাটিন ভাষায় 'Post' এর অর্থ 'পরে' (After) এবং 'Modernism' দিয়ে বোঝায় আধুনিকতা, অর্থাৎ Post-Modern Period দিয়ে বোঝায় আধুনিকতার পরবর্তী সময় বা যুগ। বিংশ শতাব্দীর মাঝামাঝিতে Post-Modernism বা উত্তর-আধুনিকতাবাদ বিকশিত হতে শুরু করেছিল। 1970 ও 1980 এই দুই দশক ধরে সাহিত্য, কবিতা, চিত্রাঙ্কন ও স্থাপত্যে উত্তর-আধুনিকতাবাদের প্রভাব পরিলক্ষিত হয়েছিল।

উত্তর-আধুনিকতাবাদ পরম সত্যে বিশ্বাস করে না, বরং "কোন বিষয়ের উপর জ্ঞান মানুষের দৃষ্টি ভঙ্গির উপর নির্ভর করে"– এই মতবাদে বিশ্বাস করে। উত্তর-আধুনিক সাহিত্যে ধারাবাহিক সময়ানুক্রমিক বর্ণনা অনুপস্থিত। "মানব জাতির উন্নয়নের একমাত্র হাতিয়ার হল বিজ্ঞান ও প্রযুক্তি"- এই ধারণায় এযুগের দার্শনিক ও চিন্তাবিদেরা বিশ্বাস হারানো শুরু করেন। অসঙ্গতিপূর্ণ ঘটনা-বর্ণনামূলক উপন্যাস ও পার্থিব বিষয় কেন্দ্রিক কবিতা উত্তরাধুনিক সাহিত্যের অন্তর্ভূক্ত সামসময়িক সমাজের আদর্শগত ধ্যান-ধারণা মানতে নারাজ। উত্তর-আধুনিকতাবাদী লেখকগণ মানবিক মূলবোধ, মানবাধিকার ও ব্যক্তি স্বাতন্ত্রতাকে বেশি গুরুত্ব দিয়েছেন। Jean-François Lyotard, Jacques Derrida, Fredric Jameson, Jean Baudrillard প্রমুখ উত্তর-আধুনিকতাবাদের বিশিষ্ট প্রবক্তা।

উত্তরাধুনিক সাহিত্যের উল্লেখযোগ্য বৈশিষ্ট্য

বৈশিষ্ট্য	বোধ	উদাহরণ
Intertextuality সাহিত্যের অন্তঃসম্পর্ক	নতুন কিছুই যে লেখার নেই। সব কল্পনা, সব ভাবনা লেখা হয়ে গেছে। সচেতন হোক অথবা হোক অবচেতনে, অন্য সাহিত্যের রেফারেন্স চলে আসেই।	*Library of Babel* উপন্যাসে Jorge Luis Borges এর কল্পনায় একটি লাইব্রেরির কথা এসেছে যেখানে সম্ভাব্য সব শব্দ, বাক্য, গদ্য ও কবিতা লেখা হয়ে আছে। মানুষ সে লাইব্রেরিতে হন্যে হয়ে হাতড়াচ্ছে জ্ঞানের পরশপাথর।
Pastiche পূর্বতনের উদযাপন	লেখার মধ্যে পূর্ববর্তী (অনেক ক্ষেত্রে সমকালীন) লেখকের বিষয়বস্তু ও লেখার ভঙ্গী অনুকরণ করার মাধ্যমে তাঁর প্রতি সম্মান জ্ঞাপন, তাঁর কাজের উদ্‌যাপন।	David Mitchell এর *Cloud Atlas* উপন্যাসে ছয়টি ভিন্ন কাহিনি ও স্তবকে ছয় জন স্বীকৃত সাহিত্যিক ও শিল্পীর কর্মকাণ্ডের অনুকরণ এসেছে। লেখক নিজেই তার উৎসগুলোর নাম বলেছেন।

বৈশিষ্ট্য	বোধ	উদাহরণ
Metafiction আত্মসচেতনতা	কাহিনির পাত্র পাত্রীরা জানে যে তারা কল্পজগতের বাসিন্দা। পাঠকের সাথে তারা যোগাযোগের চেষ্টাও করে।	*A Clockwork Orange* উপন্যাসে Anthony Burgess তাঁর মূল চরিত্র Alex কে কথক এবং একই সাথে উপন্যাসের রচয়িতা হিসেবে উপস্থাপন করেন। Alex বারবার পাঠকের সাথে সরাসরি কথা বলে।
Maximalism অতিরঞ্জন	বিষয়বস্তু বর্ণনার অতিরঞ্জন, অনেক ক্ষেত্রে প্রেক্ষাপটের অতিমাত্রায় সম্প্রসারণ।	Salman Rushdie-এর *Midnight's Children* উপন্যাসে ঔপনিবেশিক শাসনের অবসানের পর ভারতীয় উপমহাদেশের রাজনৈতিক পট পরিবর্তনের মতো বিশাল ক্যানভাস উঠে এসেছে।
Minimalism মিনিমালিজম	অল্প কথায়, কখনো প্রয়োজনীয় কথাগুলিও না বলে সাহিত্য রচনার ধরণ। ফ্যাশন ও জীবনপদ্ধতির সাথে সঙ্গতি রেখে সাহিত্যে এসেছে মিনিমালিজম।	*Waiting for Godot* নাটকে, Beckett একটি সম্পূর্ণ অস্তিত্বের আখ্যান তৈরি করেছেন যেখানে কেবল দুইটি মাত্র চরিত্র গডোটের অপেক্ষায় বসে অস্তিত্বের দার্শনিক মূল্যায়ন করছে।
Absurdism অযৌক্তিকতা	পৃথিবী ও মানবজীবন এতটাই জটিলতায় জড়িয়েছে যে এর যৌক্তিক মূল্যায়ন নিরর্থক। সাহিত্যে এই নিরর্থকতাকে গ্রহণ করা হয়েছে বাস্তবতা হিসেবে।	Albert Camus এর *The Myth of Sisyphus* এ মানবজীবনের নিরর্থকতাকে ঈশ্বরের উপহাস হিসেবে গ্রহণ করে ঈশ্বরেরই চোখের দিকে তাকিয়ে এই নিরর্থকতায় অবগাহন করে যাওয়াতেই জীবনের সার্থকতা হিসেবে দেখানো হয়েছে।
Magic Realism জাদু বাস্তবতা	জাদুময় উপাদান বা উপস্থাপনার মধ্য দিয়ে আধুনিক বিশ্বের এক বাস্তব দৃষ্টিভঙ্গি রচনা করা। কিছু জাদু উপাদান অন্তর্ভুক্ত করা সত্ত্বেও, এটি সাধারণত কল্পনার থেকে আলাদা ধরনের হিসেবে বিবেচিত হয়।	*One Hundred Years of Solitude* উপন্যাসে Márquez এর চিরাচরিত শব্দচিত্র সবচেয়ে সফলভাবে জাদু বাস্তবতার প্রয়োগ ঘটিয়েছে। উপন্যাসে বুয়েন্দিয়া পরিবারের পুরুষেরা দীর্ঘ ইতিহাসে বারবার ফিরে ফিরে আসে, নাকি এই পরিবারই মানব ইতিহাসের প্রতিরূপ- এই বিভ্রম তৈরী করে!
Irony বক্রাঘাত	সাহিত্যের সার্বজনীন উপাঙ্গ এই বক্রাঘাত। প্রশংসার ছলে প্রতিপক্ষের সমালোচনা। অথবা, আদর্শ ভাবনার যুক্তিরেখা ধরে দেখা করুণ পরিণতি।	Joseph Heller এর *Catch 22* উপন্যাসে দ্বিতীয় বিশ্বযুদ্ধের বিভিন্ন ঘটনা একাধিক দৃষ্টিভঙ্গীতে উপস্থাপন করেছেন। একজনের চোখে দেখা মহা গুরুত্বপূর্ণ ঘটনা অন্য চোখে দেখতে গেলে কৌতুকে পরিণত হয়। যুদ্ধটা যেন এক বিরাট প্রহসন।
Hyper-reality অতিবাস্তবতা	কল্পিত বাস্তবতার বিশদ বিশ্লেষণ। এমন না হয়ে কেমন হতে পারতো পৃথিবী ও তাতে মানুষের জীবন কেমন হতো- সেটা কল্পনা করা।	William Gibson এর *Neuromancer* উপন্যাসে সিমুলেটেড বা কৃত্রিম বাস্তবতাকে সত্য হিসেবে দেখনো হয়েছে। সেই ভার্চুয়াল জগতে সবাই আমাদের চেনা জগতের মতোই ক্ষমতা ও ভোগ-বিলাসের প্রচেষ্টায় সুখী-দুঃখী।
Paranoia আশঙ্কা	আরেকটি বিশ্বযুদ্ধের ভীতি। আশংকা নিউক্লিয়ার কেয়ামত নেমে আসতে পারে যে কোনও সময়।	Alan Moore এর *Watchmen* সিরিজে নায়ক-প্রতিনায়কেরা আসন্ন ধূসর বাস্তবতায় মানবতার ব্যর্থ জয়গান গেয়ে চলে।
Fragmentation বিভাজন	একক অখণ্ড সত্যের যুক্তিবাদী ধারণাটি মধ্যযুগীয় হয়ে গেছে। সত্য আপেক্ষিক, কথক ও ভাবুকের দৃষ্টিভঙ্গী ছাড়া সত্য অস্তিত্বহীন। তাদের মাঝে সত্যের সত্যতা বিভাজিত।	William Faulkner এর Absalom! Absalom! এই রীতির পথ প্রদর্শক। Kurt Vonnegut এর *Slaughterhouse Five* এই রীতির উত্তরাধুনিক নিদর্শন।
Post World War 2 দ্বিতীয় বিশ্বযুদ্ধ পরবর্তী	অজস্র সাহিত্যকর্মে দ্বিতীয় বিশ্বযুদ্ধের ছাপ। যুদ্ধের ভয়াবহতা ও মহত্ত্বের দিকগুলো মুদ্রার এপিঠ ওপিঠে উঠে আসা।	Albert Camus এর *The Plague* উপন্যাসে আলজেরিয়ার ওরান শহরে যেমন করে প্লেগ ছড়িয়ে পড়ে তেমনি পৃথিবীর সবখানে যুদ্ধ ছড়িয়ে পড়ে।
Late-Stage Capitalism পুঁজিবাদের সমাপ্তিকাল	শীতল যুদ্ধের দীর্ঘ সময় জুড়ে পুঁজিবাদের ভালো-মন্দ নিয়ে একাডেমিক তো বটেই, সাহিত্যিক বিশ্লেষণও কম হয় নাই।	Chuck Palahniuk এর *Fight Club* উপন্যাসে ভোগবাদী সমাজে মানুষের অবক্ষয়ের চিত্র উঠে এসেছে। দিন শেষে মানুষ তো একটা জন্তুই- বন্য ও আদিম।

Previous Years' BCS Preli Questions & Answers

01. Who is the author of the novel 'The God of Small Things'? [43rd BCS]
(a) Thomas Hardy (b) Jhumpa Lahiri (c) R. K. Narayan (d) Arundhati Roy

02. Which of the following novels is not written by an English writer? [43rd BCS]
(a) A Passage to India (b) Sons and Lovers
(c) One Hundred Years of Solitude (d) Pride and Prejudice

03. The play 'The Birthday Party' is written by- [41st BCS]
(a) Samuel Beckett (b) Henry Livings (c) Harold Pinter (d) Arthur Miller

04. "I have a — that one day this nation will live out the true meaning of its creed that all men are created equal." [29th BCS]
(a) desire (b) hope (c) dream (d) wish

Answers							
01	d	02	c	03	c	04	c

POST MODERN PERIOD এর কিংবদন্তি সাহিত্যিক

Samuel Beckett (1906-1989)

Plays
- Waiting for Godot
- Endgame
- Krapp's Last Tape
- Catastrophe
- Happy Days
- Breath
- Not I

Novels
- Dream of Fair to Middling
- Women
- Murphy
- Watt
- How It Is
- (i) Molloy (ii) Malone Dies ও
- (iii) Unnamable: *তাঁর লেখা ত্রয়ী উপন্যাস।*

Poems
- Whoroscope
- Echo's Bones and other Precipitated
- What is the Word

Collection of Short Stories
- More Pricks than Kicks

বিখ্যাত আইরিশ লেখক George Bernard Shaw, W. B. Yeats, Oscar Wilde এর মতো Beckett এর জন্মও ডাবলিনে। প্রথম জীবন ও বেড়ে ওঠা প্রিয় শহরেই। তিনি স্নাতক করেন রোমান্স ভাষাগোষ্ঠীর ওপর। অন্য অনেক বিষয়েও তাঁর গভীর পড়াশোনা ছিল।

শিক্ষাজীবনের প্রাতিষ্ঠানিক পর্ব চুকিয়ে Samuel Beckett নিজেকে খুঁজে পাওয়ার আশায় ইউরোপজুড়ে দীর্ঘ ভ্রমণে বের হন। প্রায় তিন বছর জুড়ে ইতালি, জার্মানি, বেলজিয়াম ঘুরে তাঁর মন স্থিত হয় অন্য অনেক সাহিত্যিকের মতোই সংস্কৃতির তীর্থভূমি ফ্রান্সের প্যারিস শহরে। এখানেই পরিচয় আধুনিক উপন্যাসের মহাগুরু James Joyce এর সাথে। তিনি Joyce এর ঘনিষ্ঠ সহচরদের দলে ছিলেন।

দ্বিতীয় বিশ্বযুদ্ধে Beckett ফ্রান্সেই কাটান। তিনি সেখানে জার্মানবিরোধী Underground Resistance এ যোগ দেন। সহচরদের একজন কুখ্যাত গেস্টাপোর হাতে ধরা পড়লে লেখকের সাহস শেষ হয়ে যায়। তড়িঘড়ি করে তিনি গ্রামে পালিয়ে যান। যুদ্ধের সময়ে এই মহান লেখক কৃষিক্ষেতের শ্রমিক হিসেবে জীবিকা নির্বাহ করেন।

Beckett এর সাহিত্যজীবন মূলত দ্বিতীয় বিশ্বযুদ্ধের পরই শুরু। প্রেমিকা ও পরবর্তীতে স্ত্রী Suzane এর চেষ্টায় তাঁর প্রাথমিক কাজগুলো প্রকাশিত হয়। ইংরেজি সাহিত্যে তিনি Absurd ধারার সূচনা করেন। তাঁর বিশ্বব্যাপী খ্যাতির সূচনা *Theatre of Absurd* প্রকৃতির নাটক *Waiting for Godot* প্রকাশের পর থেকে। 1969 সালে এই লেখক সাহিত্যে নোবেল পুরস্কার লাভ করেন।

René Descartes-এর বড় ভক্ত ছিলেন Samuel Beckett। তাঁর বিখ্যাত "I think, therefore I am." ঘোষণাটির চেতনার গভীর স্রোতের সারমর্মটি ধরার চেষ্টা করেছিলেন। অনেকেই মনে করেন Beckett এর চরিত্রেরা দুর্দমনীয় জটিল সব কষ্টে পড়ে খাবি খেতে থাকে। ধারণাটি অসত্য। কষ্টের মাঝে খুঁজে নেওয়া কৌতুকের মাধ্যমে লেখক মানব অস্তিত্বের নিরর্থকতার দিকটিই উপস্থাপন করেছেন। সাধারণ সাহিত্যে চরিত্রদের সুনির্ধারিত ব্যক্তিগত ও বস্তুগত উদ্দেশ্য থাকে। Beckett এর অনেক রচনাতেই চরিত্রদের সেইরকম কোনও উদ্দেশ্য নেই। তাঁর রচনায় পর্যবেক্ষকরা নতুন এক পর্যবেক্ষকের আগমনে নিজেরাই পর্যবেক্ষণের বস্তুতে পরিণত হয়।

Albert Camus (1913-1960)

Novels

- The stranger
- The plague
- The fall
- A Happy Death
- The First Man

Short-stories

- The Adulterous Woman
- The Renegade or a Confused Spirit
- The Silent Men
- The Guest
- Jonas or the Artist at Work
- The Growing Stone
- Exile and The Kingdom

Philosophy

- The myth of Sisyphus

Plays

- Caligula
- The Misunderstanding
- The State of Siege
- The Just Assassins
- The Possessed

Essays

- The Crisis of Man
- Neither Victims nor Executioners

Non-Fictions

- The Rebel
- Algerian Chronicles
- Notebooks

Albert Camus এর জন্ম ফ্রেঞ্চ আলজেরিয়ার একটি শ্রমজীবী পরিবারে। তাঁর বাবা প্রথম বিশ্বযুদ্ধে নিহত হলে মা ও ভাই নিয়ে লেখকের পরিবার নানীর বাড়িতে চলে আসে। তাঁর স্প্যানিশ বংশোদ্ভূত মা পরের বাড়িতে ঝিয়ের কাজ জুটিয়ে সংসারের হাল ধরেন। ভাই Lucien, মা ও নানীর সাথে কাটানো সেই জীবনের কথা এসেছে লেখকের প্রথম দিককার প্রকাশনা *"The Wrong Side and the Right Side"* বইয়ে।

Camus-এর পরিবারের হয়তো প্রাইমারি স্কুলের বেশি পড়ানোর সামর্থ্য ছিলো না। কিন্তু তবু লেখকের উচ্চশিক্ষা জোটে এক মহান শিক্ষিকার সৌজন্যে। তিনি লেখককে পথ দেখান, একটি বৃত্তি পেতে সহায়তা করেন। সেই বৃত্তির কল্যাণেই লেখকের মাধ্যমিক স্কুলে পড়া হয়। সেখানে শিল্প, মনন ও সাহিত্যের এক আলাদা ভুবন উন্মুক্ত হয় যার প্রভাব লেখকের লেখনীতে স্পষ্ট। প্রথম জীবনে Camus থিয়েটারের বড় ভক্ত ছিলেন। শ্রমজীবী মানুষের থিয়েটার প্রতিষ্ঠান Theatre Du Travail এ তিনি নিয়মিত কাজ করতেন। অদ্ভুত বিষয় হলো লেখকের এই নাট্যকার পরিচয়টাই সবচেয়ে কম আদৃত হয়েছে। যদিও তাঁর আবসার্ডধর্মী *Caligula* নাটকটিকে সফল হিসেবেই বিবেচনা করা যায়।

দ্বিতীয় বিশ্বযুদ্ধে Camus ফ্রান্সেই ছিলেন। প্রথমে পলায়নপর হলেও কিছুদিনের মধ্যেই তাকে French Resistance এর আড্ডায় দেখা যায়। তিনি বিপ্লবী পত্রিকা Combat এর সম্পাদক হিসেবে যুদ্ধকালে অনেক খ্যাতি ও Jean Paul Sartre এবং Simone De Beauvoire এর মতো বন্ধু জুটিয়েছিলেন।

যুদ্ধকালেই তার দর্শন ও উপন্যাসে পরিপূর্ণতা আসতে শুরু করে। 1942 সালে লেখা *The Plague* উপন্যাসটি তাকে নোবেল পুরস্কার এনে দেয়।1957 সালে কনিষ্ঠতম ব্যক্তি হিসেবে সাহিত্যে নোবেল পুরস্কার গ্রহণ করতে মঞ্চে উঠেছেন Albert Camus। মানব সভ্যতায় মহার্ঘ্য এই পুরস্কার হাতে নিয়ে লেখক বললেন "ধন্যবাদ আমার প্রিয় শিক্ষিকা Germain কে। যার কল্যাণে আমার শিক্ষাজীবন সম্ভব হয়েছিল।"

দর্শনে তার সেরা কাজ হিসেবে ধরা হয় শূন্যতাবাদের বিরুদ্ধে দাঁড়ানো *Absurdism*, এ ধারায় তাঁর সবচেয়ে বিখ্যাত কর্ম *The Myth of Sisyphys*।

ফুটবল ও সাঁতাড়ে প্রবল আগ্রহ থাকলেও যক্ষ্মায় ওইদিকে আর বেশি এগুনো হয়নি। আলজেরিয়া স্বাধীনতা যুদ্ধের সময় দেখা গেল তার বিপ্লবী চেতনাও অনেকটা নিষ্প্রভ হয়েছে। শেষজীবনে তিনি নিজেই সিসিফাসের মতো করে অর্থহীনতার চোখে চোখ রেখে হাসতে পেরেছিলেন কিনা সেটা প্রশ্ন সাপেক্ষ।

Saul Bellow (1915-2005)

Saul Bellow বিংশ শতাব্দীর অন্যতম শ্রেষ্ঠ একজন সাহিত্যিক। তার লেখনী আধুনিক সভ্যতার বিশৃঙ্খলার কথা বলে- বলে মানুষের দুর্বলতা কাটিয়ে উঠে শ্রেষ্ঠত্ব অর্জনের কথা। মাত্র আট বছর বয়সে তিনি শ্বাসনালীর প্রদাহজনিত সমস্যায় ভোগা শুরু করেন। সেই অসুস্থতার সময়টা তাঁকে আত্মনির্ভরশীল হতে শেখায়। এই গুণটিই সাহিত্য রচনায় বারবার ঢেলে দিতে পেরেছেন।

পৃথিবীর নানা প্রান্তে ঘুরে বেরিয়েছেন Saul, তবে ইউরোপেই ঘোরা হয়েছে বেশি। তরুণ বয়সে বাম রাজনীতি করতেন। বয়স বেড়ে গেলে অবশ্য সে পথ থেকে সরে আসেন। এই পর্যায়ে তিনি রক্ষণশীলদের ঘনিষ্ঠ হন। নব্য ধর্মীয় চেতনায় দীক্ষিত হয়ে এর একটা নামও দিয়ে ফেলেন, Suffocating Orthodoxy।

Saul Bellow

Novels
Dangling Man (1944)
The Victim
The Adventures of Augie March
Seize the Day
Henderson the Rain King
Herzog (1964)
Mr. Sammler's Planet (1970)
The Dean's December (1982)
Ravelstein (2000)
Humboldt's Gift (1975) *[1976 সালের Pulitzer Prize for Fiction]*

শিকাগো ছিলো Bellow-এর উপন্যাসগুলোর মূল পটভূমি। তিনি এই শহরকে নিউইয়র্কের চেয়ে বেশি যোগ্য মনে করতেন। তাঁর পড়াশুনা হয়েছিল নৃতত্ত্বে। বিভিন্ন উপন্যাসে এই বিষয়ে জ্ঞান ব্যবহার করতে তিনি কোনও আপত্তি করেননি।

দ্বিতীয় বিশ্বযুদ্ধে মার্চেন্ট মেরিন হিসেবে কাজ করার সময় তার প্রথম উপন্যাস *Dangling Man* লেখেন। তার প্রথম পাঠকপ্রিয় উপন্যাস *Herzog*। সমালোচকরাও ধীরে ধীরে তাঁর কাজকে স্বীকৃতি দিতে শুরু করেন। এরই ধারাবাহিকতায় 1976 সালে নোবেল পুরস্কার লাভ করেন।

Saul Bellow এর উপন্যাসে একটা হেঁয়ালিপূর্ণ তীব্রতা আছে। তার চরিত্রেরা এই উত্তরাধুনিক জগতে বসবাস করেও কেমন একটু প্রাচীনপন্থি। "আধুনিকতা ত্যাগ করে প্রকৃতিতে ফিরে যাবো" -এ ধরনের আবেগী সংলাপ তারা বলেনা ঠিক, কিন্তু উত্তরাধুনিক বিশ্বের অপ্রয়োজনীয় জটিলতায়ও তাদেরকে আমরা মানিয়ে নিতে দেখি না। এইটাই বোধ করি Saul এর সাহিত্যভাষ্য।

- More Die of Heartbreak (1987)
- A Theft (1989)
- The Bellarosa Connection (1989)
- The Actual (1997)

Doris Lessing (1919-2013)

Novels
The Grass is Singing
Children of Violence
The Golden Note Book
The Good Terrorist
Canopus in Argos
Brefing for a Desunt into Hell

Doris May Lessing ছিলেন একজন ব্রিটিশ-জিম্বাবুইয়ান (রোডেশিয়ান) ঔপন্যাসিক। তিনি ১৯১৯ সালে ইরানে ব্রিটিশ পিতা মাতার ঘরে জন্ম গ্রহণ করেন, যেখানে তিনি ১৯২৫ সাল পর্যন্ত বসবাস করেন। এরপর তাঁর পরিবার দক্ষিণ রোডশিয়ায় (বর্তমান-জিম্বাবুয়ে) চলে যায়। যেখানে তিনি ১৯৪৯ সালে লন্ডনে চলে যাওয়ার আগ পর্যন্ত ছিলেন।

Lessing ২০০৭ সালে The Golden Note Book বইটির জন্য সাহিত্যে নোবেল পুরস্কার লাভ করেন। সাহিত্যে নোবেল পুরস্কার পাওয়া লেসিং ছিলেন সবচেয়ে বয়স্ক ব্যক্তি। এই সম্মাননা খুব সহজে অর্জিত হয়নি। ব্যক্তিজীবনে অনেক কঠিন সিদ্ধান্তের মধ্যে দিয়ে যেতে হয়েছে তাঁকে। বিশেষ করে তাঁর প্রথম সংসার ও দুই সন্তান রেখে নিজের মনের টানে Left Book Club এ যোগ দেন ও সমাজতন্ত্র প্রতিষ্ঠায় ব্রতী হন।

Doris Lessing এর উপন্যাস গুলির মধ্যে রয়েছে *"The Grass is Singing" (1950),* পাঁচটি উপন্যাসের সম্মিলিত রূপ *"Childen of Violence" (1952-1969), The Golden Note Book (1962), The Good Terrorist (1985)* এবং পাঁচটি উপন্যাস সম্মিলিত ভাবে *Canopus in Argos* নামে পরিচিত।

তাঁকে নোবেল পুরস্কার প্রদানের সময় সুইডিশ একাডেমি তাঁর সাহিত্য সম্পর্কে বলেছিলো, "এতে একজন নারী হিসেবে অভিজ্ঞতার মহাকাব্যিক বর্ণনা পাওয়া যায়, যা সন্দেহবাদ, অগ্নিঝরা বর্ণনা এবং দূরদর্শীতার মাধ্যমে একটি বিবাদমান সভ্যতাকে নিগূঢ় ভাবে যাচাই করে দেখে।"

Gabriel Garcia Marquez (1927-2014)

কলম্বিয়ার সর্বকালের শ্রেষ্ঠ সাহিত্যিক হিসেবে বিবেচিত হন Gabriel Garcia Marquez। সাহিত্য মানের হিসেবে তাঁকে George Luis Borges ও ভাষা হিসেবে স্প্যানিশে তার উপন্যাস *One Hundred Years of Solitude* কে Miguel de Cervantes এর *Don Quixote* এর সাথে তুলনা করা হয়। একজন ঔপন্যাসিক হিসেবে একই সাথে জনপ্রিয়তা ও সমালোচক গ্রহণযোগ্যতা উভয় ক্ষেত্রে শীর্ষে থাকার এমন দৃষ্টান্ত বিরল। শুধু জনপ্রিয় হয়েই ক্ষান্ত হননি, এই মহান ঔপন্যাসিক ১৯৮২ সালে সাহিত্যে নোবেল পুরস্কারও লাভ করেন।

Marquez এর জন্ম কলম্বিয়ার এক নদীমাতৃক শহর Aracataca তে। সন্তান সন্ততিসহ মার্কেজ পরিবার আট বছর কাটান গ্যাব্রিয়েলের নানাবাড়িতে, নানা Colonel Nicolas Marquez এর কাছে। নানার বয়ানে শোনা গল্পগুলো মার্কেজের সাহিত্যে উপাদান যোগান দিয়ে গেছে আজীবন।

শৈশবে মানসম্পন্ন শিক্ষা পেয়েছিলেন, কর্মজীবনে সফল হতে আইন বিষয়ে পড়াশোনাও শুরু করেন।

Gabriel Gracia Marquez

Novels
🕮 One Hundred Years of Solitude
🕮 The Autumn of the Patriarch
🕮 Love in the Time of Cholera
🕮 The General in His Labyrinth
🕮 Of Love and Other Demons

কিন্তু উকিল হওয়া বাদ রেখে হঠাৎই তিনি রিপোর্টারের কাজে ঢুকে পড়লেন। এখানেই মোড় ঘুরে গেল তার জীবনের। কাজ করলেন সারা পৃথিবী ঘুরে। সঞ্চিত অভিজ্ঞতা ঢেলে দিলেন সাহিত্যে। সাংবাদিকতা ও সাহিত্য, উভয় ক্ষেত্রে এমন অসাধারণ সাফল্যের নিদর্শনও খুব বেশি নেই।
কিউবার বিপ্লবী নেতা Fidel Castro এই লেখককে খুব ভালোবাসতেন। কিউবায় তার জন্য একটি রাজপ্রাসাদ বরাবর প্রস্তুত থাকতো। তবু, বাড়ি হিসেবে মেক্সিকোকেই বেছে নিয়েছিলেন। এখানেই শেষ নিঃশ্বাস ত্যাগ করেন।

Harold Pinter (1930-2008)

Harold Pinter একজন বিখ্যাত ব্রিটিশ সাহিত্যিক ও মঞ্চ নির্দেশক। নিজ পরিবারকে Sephardic ইহুদী ভেবে প্রথম কাব্যে তাঁর ছদ্মনাম ছিলো Pinta। পরে জানা যায় তার পরিবার আসলে ছিলো Ashkenazik ইহুদী।
পিন্টারের প্রথম দিকের কাজগুলোকে সমালোচকেরা বলেন Comedy of Menace। এই পর্বে আছে তার বিখ্যাত নাটক *The Birthday Party*।
দ্বিতীয় পর্বে- যেমন- *No Man's Land*, *Betrayal* ইত্যাদি পরিচিতি পায় Memory Plays নামে। পিন্টার ঘোর যুদ্ধবিরোধী ছিলেন। ইহুদী হয়েও তাঁর অবস্থান ছিলো ফিলিস্তিনে ইসরায়েলি আগ্রাসনের বিরুদ্ধে। সমকালীন সব যুদ্ধ বিগ্রহের বিরুদ্ধে তিনি কলম ধরেছিলেন।
Harold Pinter গলনালীর ক্যান্সারে আক্রান্ত হন। এই অবস্থায়ও এই নাটকপাগল লোকটা Samuel Beckett এর একাঙ্কিকা আত্মকথন *Krapp's Last Tape* নাটকে অভিনয় করেন। Pinter তাঁর বর্ণাঢ্য ক্যারিয়ারের স্বীকৃতি স্বরূপ 2005 সালে নোবেল পুরস্কারে ভূষিত হন।

Plays			
🕮 The Room	🕮 Betrayal	🕮 Silence	🕮 The Caretaker
🕮 The Birthday Party	🕮 Family Voices	🕮 Old Times	🕮 Landscape
🕮 The Dumb Waiter	🕮 One for the Road	🕮 No Man's Land	

Toni Morrison (1981-2019)

Chloe Anthony Wofford Morrison যিনি Toni Morrison নামে পরিচিত একজন আমেরিকান ঔপন্যাসিক। কাজের ভাববস্তু হিসেবে তিনি কৃষ্ণাঙ্গদের, বিশেষ করে আমেরিকান সমাজে কৃষ্ণাঙ্গ নারীদের অভিজ্ঞতা উপস্থাপন করতে পেরেছেন। এই কাজের স্বীকৃতি স্বরূপ তিনি 1989 সালে *Beloved* উপন্যাসের এর জন্য Pulitzer পুরস্কার পান।
Toni Morrison ব্যক্তিজীবনে সফল ছিলেন। তিনি Cambridge থেকে পড়াশুনা করেছেন এবং বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে শিক্ষক হিসেবে কাজ করেছেন। কৃষ্ণাঙ্গ মানুষের জীবনসচেতনতা বাড়ানোর কাজটি করতে যেয়ে তিনি নিউইয়র্ক সিটির Random House এর সম্পাদক হন। তিনি তাঁর সন্তানের সাথে মিলে বেশ কিছু শিশুসাহিত্যও রচনা করেছেন।
তার প্রথম উপন্যাস *"The Bluest Eye"* প্রকাশিত হয় 1970 সালে। এই উপন্যাসের জন্য তিনি ১৯৯৩ সালে সাহিত্যে নোবেল পুরস্কার লাভ করেন। তাঁকে জাতীয় পর্যায়ে আলোচনায় নিয়ে এসেছিল সমালোচকদের দ্বারা প্রশংসিত *Song of Solomon*। পরবর্তী কাজগুলোর জন্য তাঁকে আর পিছু ফিরে তাকাতে হয় নি।

Plays	Novels		
🕮 Dreaming Emmett	🕮 Song of Solomon	🕮 The Bluest Eye	🕮 Beloved
🕮 Desdemona	🕮 Love	🕮 Sula	🕮 Jazz
	🕮 A Mercy	🕮 Tar Baby	🕮 Paradise
	🕮 God Help the Child	🕮 Home	

Author	Short Bio	Major Works
Chinua Achebe (1930 – 2013)	নাইজেরিয়ান ঔপন্যাসিক ও লেখক। তাঁকে The Father of Modern African Writing বা আধুনিক আফ্রিকান উপন্যাসের জনক বলা হয়। তার সাহিত্যকর্মে ঔপনিবেশিক দৃষ্টিভঙ্গির সাথে দ্বন্দ্বে লিপ্ত হওয়া নাইজেরিয়ার ঐতিহ্যবাহী জীবন চিত্রিত হয়েছে।	**Novels** No Longer at Ease A Man of the People Anthills of Savannah Arrow of God Things Fall Apart **Short Story Collection** Civil Peace The Girls at War and other stories
Ted Hughes (1930 – 1998)	একজন ইংরেজ কবি ও শিশু সাহিত্যিক। তিনি 1984 সালে ইংল্যান্ডের রাজকবি (poet laureate) নিযুক্ত হয়েছিলেন এবং আমৃত্যু সেই পদে বহাল থাকেন। তাঁর কবিতায় প্রায়ই নানান বন্য প্রাণীদের উপস্থিতির জন্য তিনি The Poet of the Wild হিসেবে আখ্যা পান। "Flowers and Insects" তাঁর শ্রেষ্ঠ কাব্যকর্ম হিসেবে স্বীকৃত।	**Poetry** The Hawk in the Rain, Crow Birthday Letters, Capriccio **Poems** The Thought Fox, Jaguars View of a Pig, Hawk Roosting **Children's Literature** Tales of the Early World, The Iron Man The Cat and the Cuckoo
Jack Kerouac (1922 –1969)	দ্বিতীয় বিশ্বযুদ্ধ পরবর্তী Beat Generation এর অন্যতম প্রধান পুরুষ ছিলেন এই মার্কিন ঔপন্যাসিক। তাঁর দ্বিতীয় উপন্যাস *On the Road* তাঁকে রাতারাতি খ্যাতি এনে দেয়। তাঁর লেখায় আধ্যাত্মিকতা, দারিদ্র্য, জ্যাজ সংগীত, মাদক, নিউইয়র্কের জীবন ইত্যাদি বিষয়গুলো তুলে ধরা হয়েছিলো।	**Novels** The Town and the City The Subterraneans On the Road The Dharma Bums
Alice Ann Munro (1931- present)	একজন প্রসিদ্ধ কানাডীয় ছোটগল্প রচয়িতা। তিনি ছোটগল্প রচনায় নতুন কাঠামো ও ধারা এনেছেন। তিনি তাঁর সাহিত্যকর্মের জন্য 2009 সালে Man Booker International Prize এবং 2013 সালে সাহিত্যে Nobel পুরস্কার লাভ করেন।	**Short Story Collection** Dance of the Happy Shades Lives of Girls and Women The Progress of Love The Love of a Good Woman Friend of My Youth Who Do You Think You Are?
Sylvia Plath (1932-1963)	এই আমেরিকান কবিকে Confessional poetry ধারার সাহিত্যকর্মের বিকাশের একজন পুরোধা হিসেবে বিবেচনা করা হয়। আরেক বিখ্যাত ইংরেজ কবি Ted Hughes কে বিয়ে করেছিলেন তিনি। ক্লিনিকাল ডিপ্রেশনে ভোগা এই কবি মাত্র ৩১ বছর বয়সে আত্মহত্যা করেন ও প্রথম ব্যক্তি হিসেবে মৃত্যুর পর পুলিৎজার পুরস্কার লাভ করেন।	**Novels** The Bell Jar **Poems** Colossus Ariel Lady Lazarus

V S Naipaul (1932-2018)	স্যার বিদ্যাধর সূর্য প্রসাদ নাইপল ভারতীয় বংশোদ্ভূত ত্রিনিদাদ-টোবাগোতে জন্ম নেওয়া প্রখ্যাত বৃটিশ লেখক। তিনি তাঁর প্রথম দিকে ত্রিনিদাদ কেন্দ্রিক হালকা ধাঁচের এবং পরবর্তীতে বৈশ্বিক প্রেক্ষাপটে লেখা ভাবগম্ভীর উপন্যাসের জন্য বিখ্যাত। নাইপল 1990 সালে ব্রিটেনে Knighthood এবং 2001 সালে সাহিত্যে Nobel পুরস্কার লাভ করেছিলেন।	**Novels** A House for Mr. Biswas In a Free State Guerrillas **Short Story Collection** Miguel Street A Flag on the Island **Non-fictions** Among the Believers: An Islamic Journey India: A Wounded Civilization India: A Million Mutinies Now
Wole Soyinka (1934- present)	নাইজেরিয়ার নাট্যকার, কবি ও রাজনৈতিক কর্মী। তিনি ঔপনিবেশিক শক্তি ও স্বৈরশাসকদের বিরুদ্ধে প্রচণ্ড সোচ্চার ছিলেন। 1967 সালের নাইজেরিয়ান গৃহযুদ্ধের সময় তিনি গ্রেফতার হন ও দুই বছর বন্দী জীবন কাটান। 1986 সালে সাব-সাহারান আফ্রিকার প্রথম ব্যক্তি হিসেবে সাহিত্যে নোবেল পুরস্কার লাভ করেন।	**Plays** The Lion and the Jewel Death and King's Horseman Kongi's Harvest **Novels** The Interpreters Season of Anomy
Salman Rushdie (1947- present)	ভারতীয় বংশোদ্ভূত ব্রিটিশ ঔপন্যাসিক ও ছোট গল্প লেখক। তাঁকে বিংশ শতাব্দীর অন্যতম শীর্ষ ঔপন্যাসিক হিসেবে বিবেচনা করা হয়। তাঁর সাহিত্য কর্মগুলি প্রাচ্য ও পাশ্চাত্যের দেশগুলোর মধ্যে যোগাযোগ, ভুল বোঝাবুঝি ও বিভ্রান্তি নিয়ে আলোচনা করে। তাঁর লেখনীর ধরনে প্রায়ই Magic realism এর প্রয়োগ দেখা যায়।	**Novels** Midnight's Children (১৯৮১ সালে বুকার পুরস্কার লাভ) The Satanic Verses (বিতর্কিত উপন্যাস) The Moor's Last Sigh Shame Fury
Orhan Pamuk (1952-present)	তুরস্কের বিখ্যাত ঔপন্যাসিক যার লেখা সাহিত্যকর্মগুলো সারা পৃথিবীতে ৬০টিরও বেশি ভাষায় ৩ কোটিরও বেশি কপি বিক্রি হয়েছে। তিনি 2006 সালে সাহিত্যে নোবেল পুরস্কার লাভ করেন।	**Novels** Silent House The White Castle The Black Book A Strangeness in My Mind The Red-Haired Woman. The New Life My Name Is Red Snow The Museum of Innocence
Arundhuti Roy (1961- present)	ভারতীয় ঔপন্যাসিক, প্রাবন্ধিক, চিত্রনাট্য লেখক, অভিনেত্রী, রাজনৈতিক সমালোচক ও শান্তি কর্মী। তাঁর প্রথম উপন্যাস *The God of Small Things* এর জন্য 1997 সালে Man Booker Prize for Fiction লাভ করেন।	**Novels** The God of Small Things The Ministry of Utmost Happiness The End of Imagination **Essay Books** The Cost of Living
Dan Brown (1964- present)	জনপ্রিয় মার্কিন রহস্য রোমান্স লেখক। তাঁর জনপ্রিয় উপন্যাসগুলোতে নায়ক অধ্যাপক Robert Langdon কে গুপ্তসংকেত, শব্দের ধাঁধাঁ, ধর্মীয় ও ঐতিহাসিক বিভিন্ন নিদর্শন ইত্যাদির মাধ্যমে ২৪ ঘণ্টার ভিতর একটি রহস্যের জট খুলতে দেখা যায় । তাঁর সব বই এখন পর্যন্ত ৫৭ টি ভাষায় অনূদিত হয়েছে এবং ২০ কোটিরও বেশি কপি বিক্রি হয়েছে।	**Novels** Angels and Demons The Da Vinci Code The Lost Symbol Inferno

POST MODERN PERIOD এর গুরুত্বপূর্ণ সাহিত্যকর্ম

Waiting for Godot by Samuel Beckett



উত্তরাধুনিক Thetre of Absurd শ্রেণির প্রথম সাফল্য হিসেবে বিবেচিত এই নাটকটির প্রধান ২ চরিত্র Vladimir ও Estragon জানেনা তাদের এই পৃথিবীতে আসার উদ্দেশ্য কী। তারা Godot এর জন্য অপেক্ষা করে। সে আসলে তাদের পথ দেখাবে, জীবনের উদ্দেশ্য গড়ে দেবে। তারা ফাঁসিতে ঝুলে আত্মহত্যার কথা ভাবে। এই ভাবনা নিয়েই তারা বসে থাকে, Godot আসবে, এলো বলে, এক্ষুনি এলো। পুরো নাটকে Godot আর আসে না। আরেকটি ব্যাপার হচ্ছে, যে গড়োর জন্য Vladimir আর Estragon অপেক্ষা করে, তাকে তারা চেনে না, কোনদিন দেখেওনি। বাস্তব জীবনে এটা যেন আমাদের সবার প্রতিদিনকার অপেক্ষার কথা বলে যে আগামীকাল কিছু না কিছু ঘটবে। সেই আগামীকাল আর শেষ হয় না। আগামীকালের নামে আমরা এক অনিশেষ বর্তমানের মাঝে আটকে থেকেই কারো জন্য, কিছুর জন্য অপেক্ষামাণ কিন্তু সেই অপেক্ষা অনন্তকালের মতো আমাদের না পাবার বেদনায় বিদ্ধ করে। দুই অঙ্কবিশিষ্ট এই নাটকটি মঞ্চায়িত হতে আড়াই ঘণ্টার মতো সময় লাগে। Beckett এর পরবর্তী কাজের মতো একে মিনিমালিস্ট বলা যায় না। ইউরোপিয়ান থিয়েটারে এই নাটকটি প্রবল জনপ্রিয় হয়েছিল। একই সাথে জুটেছিল সমালোচকদের সুদৃষ্টি। অজস্র সাহিত্য এই নাটকটি থেকেই প্রভাবিত। এই নাটক অবলম্বনে হলিউড সিনেমাও হয়েছে।

Lord of the Flies by William Golding



নোবেলজয়ী লেখক William Golding এর প্রথম প্রকাশিত এই উপন্যাসে দেখা যায়, নিউক্লিয়ার যুদ্ধের পটভূমিতে বৃটিশ শিশু-কিশোরদের দেশ থেকে দূরে, নিরাপদ কোনও স্থানে সরিয়ে নেওয়ার চেষ্টা করা হচ্ছে। পথিমধ্যে তাদের বহনকারী বিমান শত্রু হামলায় জনবিচ্ছিন্ন একটি দ্বীপে ভূপাতিত হয়। বালকদের অভিভাবক হিসেবে প্লেনে থাকা বয়স্করা সব মারা পড়ে। বেঁচে যাওয়া বালকেরা তাদের মধ্যে সংঘবদ্ধ সমাজ গঠনে সচেষ্ট হয়। নেতৃত্বে বেরিয়ে আসে কিছু নাম- Ralph, Jack, Simon। Ralph এর সহযোগী চরিত্র Piggy- অত্যন্ত গুরুত্বপূর্ণ চরিত্র।
সাগরধারে কুড়িয়ে পাওয়া একটি শঙ্খে ফুঁ দিয়ে Ralph সব বালকদের জড়ো করে। Piggy এর চোখে থাকা চশমা দিয়ে সে আগুন জ্বালায়। তার এই কাজকর্মে প্রায় সবাই তাকে নেতা হিসেবে মেনে নেয়। কিন্তু, ধর্মসঙ্গীত দলের নেতা Jack ও তার দলের করেকজন Ralph কে মেনে নিতে নারাজ। তারা আলাদা হয়ে একটি শিকারী দল তৈরি করে। এরই মাঝে এক রাতে পিশাচের ভীতি বালকদের ক্যাম্পে ছড়িয়ে পড়ে। Jack এর দল এই পিশাচকে তুষ্ট করতে শিকার করা শুকরের মাথা বলি দেয়। মুহূর্তেই ওই মাথার চারপাশে মাছি ভনভন করা শুরু করে। Simon এর মনে হয় ওই মাথাটা যেন "Lord of the Flies"!
পিশাচকাণ্ড ও অন্তর্দ্বন্দ্বে ভীত বালকেরা আগ্রাসী হয়ে ওঠে। তাদের ভুলে খুন হয় Simon। অন্যদিকে নেতৃত্বের প্রতীক শঙ্খটি নিয়ে মারামারির মধ্যে Piggyও খুন হয়। অবশেষে যখন উদ্ধারকারী দল উপস্থিত হয়, তারা দেখে একঝাঁক কোমলমতি বৃটিশ বালক কীভাবে যেন বন্য হয়ে গেছে। এ উপন্যাসে মূলত তিনটি জিনিস দেখানো হয়েছে- ১. ভয় ও অনিশ্চয়তা মানুষকে বেপরোয়া করে তোলে এবং এখান থেকেই সকল সমস্যার উৎপত্তি হয়। ২. মানুষ স্বভাবজাত হিংস্র কিন্তু শিক্ষা, মানবিক চর্চা ও শৃঙ্খলার মাধ্যমে সুন্দর মানসিকতার স্বরূপ প্রকাশিত হয়। ৩. সুন্দর সমাজ ব্যবস্থার জন্য আইন, শৃঙ্খলা ও সুদৃঢ় নেতৃত্ব প্রয়োজন।

The Plague by Albert Camus



Albert Camus-এর একটি বিখ্যাত উপন্যাস *'The Plague'*। ফ্রেঞ্চ আলজেরিয়ার (ফ্রান্সের অধীন আলজেরিয়ার) একটি শহর ওরানে ইদুর বাহিত প্লেগ রোগ ছড়িয়ে পড়ে, যা মহামারি (Epidemic) আকার ধারণ করে এবং অনেক মানুষের মৃত্যু হয়। Dr. Bernard Rieux (বানার্ড রিও) উপন্যাসের একজন গুরুত্বপূর্ণ চরিত্র যে সামনে থেকে মহামারি মোকাবেলায় নেতৃত্ব দেয় কিন্তু মহামারিতে সে তার স্ত্রীকে হারায়। Father Penelaux এই মহামারিকে কোনো ভাইরাসঘটিত ব্যাপার নয়, বরং মানুষের পাপের ফল হিসেবে আখ্যায়িত করে, কিন্তু এই মহামারিতে সে নিজেও মৃত্যুবরণ করেন। একসময় মহামারি দূর হয়ে যায় এবং মানুষ স্বাভাবিক জীবন ফিরে পায়।
দা প্লেগ (ফরাসি *La Peste)* উপন্যাসের জন্যই Camus নোবেল পুরস্কারে ভূষিত হয়েছিলেন। উপন্যাসটি লেখা হয়েছিল দ্বিতীয় বিশ্বযুদ্ধ চলাকালীন উত্তাল সময়ে। মৃত্যু ও বিপর্যয় সামনে রেখে মানুষের একতাবদ্ধ আশা-হতাশা, আবিষ্কার ও কুসংস্কারের অন্তর্দ্বন্দ্বগুলো এই উপন্যাসে মূর্ত হয়েছে। কোভিড অতিমারী ও ফের বেজে উঠা যুদ্ধের দামামার প্রেক্ষাপটে এই উপন্যাসটি পুনরায় আলোচনা ও সমালোচনার মাঝে চলে এসেছে।



Death of A Salesman by Arthur Asher Miller

বাস্তবতার সাপেক্ষে চরিত্রসমূহের সর্বোচ্চ ব্যবহার দেখা যায় 'Arthur Miller'–এর নাটকে। *'Death Of A Salesman'* তারই প্রকৃষ্ট উদাহরণ। নিজ জীবনের বাস্তব অভিজ্ঞতা এবং দুঃখ দুর্দশা তাঁর লেখনীতে ছুয়ে গেছে। নাটকটির কেন্দ্রীয় চরিত্র Willy Loman নামের একজন সেলসম্যান যার স্ত্রীর নাম Linda। Willy-র বিখ্যাত ব্যবসায়ী হওয়ার মনোবাসনা ছিল। Biff Loman এবং Happy Loman নামক দুজন ছেলের জনক হয়েও, তাদের ভবিষ্যৎ সুরক্ষিত না করতে পারার আক্ষেপে এবং নিজ কৃতকর্ম Willy কে বিষণ্নতায় ফেলে দেয়। স্বপ্ন এবং বাস্তবতার অসীম পার্থক্য মানুষের চিন্তাশক্তির জগৎকে করে তোলে জটিল। ফলশ্রুতিতে নিজ জীবনকে পণ্য বানিয়ে Willy Loman-র আত্মহত্যার মধ্য দিয়ে নাটকটির সমাপ্তি ঘটে। এই নাটকের ২টি বিখ্যাত সংলাপ–

"After all the highways, and the trains, and the appointments, and the years, you end up worth more dead than alive."

"Never fight fair with a stranger boy. You'll never get out the jungle that way."

The Grass is Singing by Doris Lessing



নোবেল জয়ী ঔপন্যাসিক Doris Lessing এর প্রথম প্রকাশিত উপন্যাস *'The Grass is Singing'*; এটি ব্রিটিশ উপনিবেশ হয়ে থাকা রোডেশিয়াতে (বর্তমান জিম্বাবুয়ে) শ্বেতাঙ্গ ও কৃষ্ণাঙ্গদের মধ্যে টানাপোড়েন ও রাজনীতির প্রেক্ষাপটে রচিত। উপন্যাসটিতে Mary Turner নামক একজন মহিলার ভালোবাসাহীন শৈশব, এক ব্যর্থ কৃষকের সাথে অসুখী বিবাহিত জীবন হতে শুরু করে তার করুণ মৃত্যু পর্যন্ত বিভিন্ন ঘটনাবলির অবতারণা ঘটেছে। নিজের দরিদ্রতার জন্য Mary তার অন্যান্য শ্বেতাঙ্গ প্রতিবেশিদের সাথেও মিশতে পারেননি। আবার দুর্ভাগ্য নয়, বরং অযোগ্যতাই তার স্বামীর ব্যর্থতার কারণ- এটি আবিষ্কার করে তিনি আরো মানসিক ভাবে দূরে সরে যান। কখনও কৃষ্ণাঙ্গদের সাথে না মেশার ফলে তিনি তার কৃষ্ণাঙ্গ ভৃত্যদের সাথেও অবজ্ঞামূলক আচরণ করেন। এক সময় নিজের ফার্মে বন্দী হয়ে মৃত্যুমুখে পতিত হয়। প্রকাশের পর পরই উপন্যাসটি ইউরোপ ও যুক্তরাষ্ট্রে আলোড়ন তোলে।

One Hundred Years of Solitude by Gabriel Garcia Marquez

ম্যাজিক রিয়ালিজম বা জাদু বাস্তবতা হচ্ছে অন্য চোখে পৃথিবী দেখার প্রচেষ্টা বা অভিজ্ঞতা। Gabriel García Márquez-তাঁর লেখায় জাদু বাস্তবতার প্রয়োগের মাধ্যমে বিশ্বসাহিত্যে এক নতুন দিকের উন্মোচন করেছেন। যেখানে লৌকিক আর অলৌকিকের মধ্যে ফারাক নেই। *'One Hundred Years of Solitude'* এর শুরুটা বাহ্যিক জগৎ থেকে বিচ্ছিন্ন মাকোন্দোকে দিয়ে। মাঝে বিদ্রোহ, খুন, রাজনীতি, পুঁজিবাদ, প্রেম ঘটিত টানাপোড়েন, অস্তিত্ব-সংকট প্রভৃতি জড়াজড়ি করে দাড়িয়ে, আবার শেষটা ঠিক আগের মতোই এক নিঃসঙ্গ জনহীন বিচ্ছিন্ন মাকোন্দোকে দিয়েই। প্রজন্মের ব্যবধানে মানুষের ভেতরে বাস্তবিক অর্থে বড় কোনো পরিবর্তন আসে না। যা বুয়েন্দিয়া পরিবারের ষষ্ঠ প্রজন্মের Aureliano কর্তৃক উদ্ধারকৃত পাণ্ডুলিপির বর্ণনা হতে প্রতীয়মান হয়। একশর বেশি বছর ধরে বুয়েন্দিয়া পরিবারের বর্ণনা তুলো ধরা হয়েছে, যেখানে মোরগযুদ্ধ, জিপসিদের আগমন, প্রযুক্তিগত ছোঁয়া, ব্যানানা ম্যাসাকার, পুঁজিবাদ, সাম্রাজ্যবাদীর ভবিষ্যদ্বাণী অর্থাৎ কোনো প্রেক্ষাপটই বাদ যায়নি এবং অতীত, বর্তমান ও ভবিষ্যৎ যেন হাত ধরাধরি করে করে এগিয়ে গেছে।

José Arcadio Buendía এবং স্ত্রী Úrsula Iguarán দিয়ে গল্পের শুরু হয়। একরাশি রহস্যজনক অকাল মৃত্যুর পর বুয়েন্দিয়া পরিবারের মেয়ে Amaranta বাইরে চলে গেলেও স্বপ্ন দেখে গ্রামের অগ্রগতির এবং Aureliano পূর্বপুরুষের অসমাপ্ত কাজ সম্পন্ন করতে মনোনিবেশ করে। স্বাভাবিক অস্বাভাবিক ঘটনার সংমিশ্রণে এবং চরিত্রের পরিপ্রেক্ষিতে বাস্তবতা সৃষ্টি করার সফলতম প্রয়াসই *'One Hundred Years of Solitude'* উপন্যাসটি। এ উপন্যাসের গুরুত্বপূর্ণ সংলাপ-

"There were so close to each other that they preferred death to separation"

"There is always something left to love"

"It's enough for one to be sure that you and I exist of this moment"

The Tin Drum by Gunter Grass

Gunter Grass তাঁর *'The Tin Drum* উপন্যাসে দ্বিতীয় বিশ্বযুদ্ধ এবং তার সামাজিক ও আর্থ-সামাজিকতার সাথে Oskar Matzerath নামক ব্যক্তির জীবনপ্রবাহ তুলে ধরেছেন। যেখানে Oskar নিজেই বক্তা হিসাবে জীবনের প্রতিটি ঘটনা বর্ণনা করেছেন। Danzig এবং Dusseldorf নামক দুটো শহরে কাটানো তার ক্রান্তিকালীন সময়গুলো উঠে এসেছে উপন্যাসে। Oskar পাগলাগারদ থেকে উপন্যাসটি বর্ণনা করেছেন। তার দাবি, প্রাপ্তবয়স্ক হওয়ার প্রতিবাদে সচেতনভাবে তিন বছর বয়সে নিজের বৃদ্ধি বন্ধ করে ফেলেছে; যদিও তার বুদ্ধি স্বাভাবিক মানুষের কিন্তু তার শরীর একটি বামনের মতো। অস্কারের কণ্ঠস্বর কাঁচকে ভেঙে ফেলার মতো তীক্ষ্ণ, এবং তার শখ হলো তার টিনের ড্রামে আঘাত করা, যা দ্বারা তিনি অতীতের স্মৃতিগুলিকে মনে করেন এবং বর্তমানের সমস্যা নিয়ে অভিযোগ করেন। মানুষ এবং ঘটনা থেকে বিচ্ছিন্ন হয়ে, তিনি যে ভয়াবহতা, অবিচার এবং উদ্ভটতা দেখেছেন তার বর্ণনা দেন। অস্কার তার মায়ের উদ্ভট মৃত্যু এবং তার বাবা হিসেবে দাবী করা দুইজন ব্যক্তির সমান অস্বাভাবিক মৃত্যুর স্মৃতি নিয়ে বেঁচে থাকে। নিরাপরাধ অস্কারকে খুনের দায়ে বন্দী করা হয়। উপন্যাসটিতে ব্যক্তি জীবনকে ছাপিয়ে তৎকালীন বিশ্বযুদ্ধের বিভৎস চিত্র এবং অর্থনৈতিক মন্দা উঠে এসেছে। এই উপন্যাসের কিছু স্মরণীয় লাইন-

"You are vain and wicked–as a genius should be."

"Even bad books are books and therefore sacred"

"Today I know that all things are watching, that nothing goes unseen, that even wallpaper has a better memory than human beings."

The Birthday Party by Harold Pinter

'The Birthday Party' হলো Harold Pinter এর ২য় নাটক, যা 1957 সালে প্রথম মঞ্চস্থ হয় এবং 1959 সালে প্রকাশিত হয়। এটি একটি Absurd Drama যা Stanley Webber নামের এক ব্যক্তিকে কেন্দ্র করে রচিত। Stanley সমুদ্রতীরবর্তী একটি বোর্ডিং হাউসে প্রায় ১ বছর ধরে রয়েছে, বোর্ডিং হাউজের মালিক Meg এবং Petey Boles নামের দুইজন ব্যক্তি। এখানে সাধারণত কোনো অতিথি আসেনা। Webber এর সাথে মালিকদের সম্পর্ক ছিল অনেকটা পরিবারের মতো। তাই Meg এবং Petey মিলে Webber এর জন্মদিনে একটি ছোট্ট অনুষ্ঠানের আয়োজন করে। কিন্তু Goldberg এবং McCann নামের দুইজন দুষ্ট অপ্রত্যাশিত আগন্তুক অনুষ্ঠানে এসে উদ্ভট আচরণ করে এবং Webber কে হুমকি দিয়ে ভয় দেখিয়ে তাদের সাথে জোরপূর্বক নিয়ে যায়। একটি জন্মদিনের পার্টি একটি দুঃস্বপ্নে পরিণত হওয়ার ঘটনাই হলো নাটকটির বিষয়বস্তু। নাটকটিকে Comedy Of Menace হিসেবে শ্রেণিবদ্ধ করা হয়েছে।

Things Fall Apart by Chinua Achebe

নাইজেরিয়ান লেখক Chinua Achebe এর প্রথম উপন্যাস 'Things Fall Apart', যা প্রথম প্রকাশিত হয়েছিল 1958 সালে। Colonialism আসার আগে আফ্রিকা মহাদেশের নাইজেরিয়া ও তার পার্শ্ববর্তী এলাকার সমাজব্যবস্থা কেমন ছিল অর্থাৎ তাদের কলহ-বিবাদ, আধিপত্য, ধর্মাচরণ এবং জীবনের উত্থান-পতন এছাড়া Colonialism আসার পর তাদের জীবনের যে পরিবর্তন হয়েছিল এসবকিছুই Chinua Achebe তাঁর উপন্যাসের মধ্য দিয়ে তুলে ধরতে চেয়েছেন। একটি আফ্রিকান গ্রামের কৃষ্ণাঙ্গদের সাদা মানুষের সাথে প্রথম যোগাযোগ থেকে শুরু করে একটি বড় শহরে পরিবর্তিত মূল্যবোধের বাইরে একান্ত দৃঢ় নৈতিক শৃঙ্খল তৈরি করার জন্য শিক্ষিত আফ্রিকানদের প্রচেষ্টা উঠে এসেছে এই উপন্যাসে।

উপন্যাসটি একটি ইগবো সম্প্রদায়ের নেতা Okonkwo-এর জীবনকাহিনি দিয়ে শুরু হয়। কোনো এক ঘটনাক্রমে অন্য গোষ্ঠীর একজন লোককে হত্যা করার জন্য তাকে সাত বছরের জন্য নির্বাসিত করা হয়। উদীয়মান আফ্রিকার উপজাতীয় ইগবো সমাজে শ্বেতাঙ্গ মিশনারী এবং ঔপনিবেশিক সরকারের 1890-এর দশকে অনুপ্রবেশ এসবকিছুই এখানে পরিলক্ষিত হয়। উপন্যাসটি উপজাতীয় বিশ্বাসের চমকপ্রদ ও বাস্তবসম্মত বর্ণনা এবং সামাজিক অবস্থার সাথে সামঞ্জস্যপূর্ণ মানসিক বিচ্ছিন্নতার স্বরূপ উৎঘাটনের জন্য প্রশংসিত হয়েছিলো।



Birthday Letters by Ted Hughes

Birthday Letters একটি কাব্যসংগ্রহ। এতে ৮০টি কবিতা আছে। ২টি বাদে সব কবিতায় কবি তার প্রেমিকাকে সম্বোধন করেছেন। কবিতাগুলোর বিষয়বস্তু তালিকায় আছে প্রেম, স্তুতি, আত্মমগ্ন ভাবনা ও বিয়োগান্তক হতাশা। কিছু কবিতায় প্রবলভাবে এসেছে ভীতি ও একাকীত্বের পাশবিক অত্যাচার প্রসঙ্গ। প্রেমিকার বিভিন্ন উক্তি থেকে শুরু করে এই কবিতাগুলোর চিত্রকল্পে এসেছে প্রকৃতি ও পুরাণের অনুপ্রাস। বিষয় ও সাহিত্যসৌন্দর্যে এই কাব্যসংকলনটি Ted Hughes এর শ্রেষ্ঠ কীর্তি হিসেবে স্বীকৃত।

Sylvia Plath এর অকাল আত্মহননের পেছনে অনেকেই প্রেমিক Ted Hughes এর সাথে তার বৈবাহিক জীবনকে দায়ী করতেন। এই ব্যাপারে Ted নিজে কোনোদিনও মুখ খোলেন নাই। আলোচনা গাঢ় হয়েছে, তাকে একজন পিশাচ হিসেবে দেখানো হয়েছে সংবাদমাধ্যমে, জনতাও তা-ই দেখেছে। কবি তবু কিছু বলেন নাই। তার অনুভূতির অশ্রুবিন্দু আর বহ্নিশিখা দিয়ে তিনি তিলে তিলে গড়ে তুলেছেন এই কবিতাগুলো। ২৫ বছরের দীর্ঘ পরিক্রমায় লেখা এই কবিতাগুলো কবির মৃত্যুর কয়েক বছর আগে প্রকাশিত হয়। Sylvia Plath এর আত্মহননের চলমান জল্পনার মাঝে এটাই দোষী কবির প্রথম ও একমাত্র উত্তর।

The God of Small Things by Arundhati Roy

1997 সালে লেখা *"The God of Small Things"* Arundhati Roy-এর প্রথম উপন্যাস। 1997 সালেই তিনি এই উপন্যাসের জন্য সম্মানজনক বুকার পুরস্কার লাভ করেন। এই উপন্যাসে বর্ণবাদ, সমাজতন্ত্র, পুঁজিবাদ, প্রেম, প্রতিশোধ, দুই জমজ শিশুর দুঃখময় বেড়ে উঠা, একে অপরের প্রতি তাদের ভালোবাসা, সব ঘটনাপ্রবাহ মিশেছে যেন এক মোহনায়। উপন্যাসের ঘটনাগুলো খণ্ডিতভাবে প্রকাশ করা হয়েছে, বেশিরভাগই 1969 এবং 1993 সালের । উপন্যাসটির কেন্দ্রীয় চরিত্র Ammu দুই ভ্রুনের দুই জমজ শিশু Estha ও Rahel এর মা। দক্ষিণ ভারতের কেরালা রাজ্যের শীনাচল নদীর তীরে এক ছোট শহর Eimenem। মালাবার, কালিকট, কোচিনসহ প্রাচীন ইতিহাস প্রসিদ্ধ জনপদ এ কেরালা রাজ্যেরই।

1969 সালের আগের কাহিনিতে দেখা যায়, মাম্মাচি পাপ্পাচিকে বিয়ে করেছিলেন। 1969 সাল নাগাদ পাপ্পাচি মারা গেছে এবং মাম্মাচি অন্ধ হয়ে যায়। তার বাড়ির পিছনে শীনাচল নদী এবং তার আচারের কারখানা- Paradise Pickles and Preserves। Baby Kochamma একজন তিক্ত, ঈর্ষান্বিত বৃদ্ধ মহিলা যিনি একজন আইরিশ ধর্মপ্রচারক Cahacko কে ভালোবাসতেন । Cahacko অক্সফোর্ডে গিয়ে মার্গারেট নামে এক ইংরেজ মহিলাকে বিয়ে করেন। তাদের একটি কন্যা ছিল, সোফি মল। মার্গারেট চাকোকে জো নামে একজন ব্যক্তির জন্য ছেড়ে যান। চাকো আইমেনেমে ফিরে আসেন এবং আচারের কারখানার দায়িত্ব নেন। আম্মু বাবাকে বিয়ে করেছিল, আয়েমেনেম থেকে পালানোর চেষ্টা করেছিল, কিন্তু বাবা একজন মদ্যপায়ী হয়ে ওঠে। যমজ সন্তানের জন্মের পর দুজন আলাদা হয়ে যায় এবং আম্মু আবার আয়েমেনেমে চলে যায়। কেরালার বৃহত্তর সমাজে কমিউনিস্ট পার্টি ক্ষমতা অর্জন করছে এবং Ipes-এর মতো জমিদারদের উৎখাত করার হুমকি দিচ্ছে। Ipes একটি অস্পৃশ্য (একটি নিকৃষ্ট বর্ণ) পরিবারের কাছে বাস করে যার মধ্যে রয়েছে Velutha। মামাচি এবং পাপাচীর মেয়ে Ammu-র সাথে তার স্বামীর আপত্তিজনক সম্পর্ক রয়েছে, যেখানে বাবা মাতাল ছিলেন এবং তাকে মারতেন। শেষে, যখন সে তাকে ছেড়ে যাওয়ার সিদ্ধান্ত নেয়, তখন সে তাঁর পাওয়া সবচেয়ে ভারী বইটি নিয়ে তাকে আঘাত করে এবং অবশেষে বাচ্চাদের নিয়ে চলে যায়। বিভিন্ন চরিত্রের দ্বন্দ্ব ও ঘাত প্রতিঘাতের মাধ্যমে মানব জীবনের ছোট ছোট মূহুর্তগুলোকে ছোট ছোট করে হৃদয়গ্রাহীভাবে লেখক তুলে ধরতে পেরেছেন সুনিপুণ দক্ষতায়।

Catcher in the Rye by J.D. Salinger

১৬ বছর বয়সী Holden Caulfield নামক একটি বালক এই উপন্যাসের মূল চরিত্র। Holden পড়াশুনায় অমনোযোগী। তার জীবনীশক্তি প্রবল। তার জীবনে ঘটতে থাকা ঘটনাগুলো সে প্রবল তীব্রতায় অনুভব করে। তার অনুভূতিপ্রবণতার সাথে আশেপাশের কারও মেলে না। সে যেমন কাজ দুষ্টুমি ভেবে করে, তেমন কাজে অনেকেই আহত হয়। অন্যদিকে বুলিং এর শিকারও হয় Holden।

পরীক্ষায় অকৃতকার্য হওয়ার কারণে সে চারটি স্কুল থেকে বরখাস্ত হয়। বিভিন্ন বাজে অভ্যাসের সাথে জড়িয়ে পরে। Holden এর একটা স্বপ্নদৃশ্য ছিল। সেখানে ঝাঁকে ঝাঁকে শিশুরা রাইয়ের মাঠে খেলছে। Holden দাঁড়িয়ে আছে তাদের প্রহরায়। কেউ যেন সেই সুউচ্চ রাইয়ের মাঠ থেকে খসে না পড়ে। কারও শৈশব যেন হারিয়ে না যায়। কেউ পড়তে গেলেই সে ধরে ফেলবে, সে হবে Catcher in the Rye।

Holden নিজেকে ধরে রাখতে পারে না। বাজে ভাষায় কথা বলে, বাজে চিন্তা করে। মানুষের কাজকর্মে অশ্লীল অর্থ খুঁজে পায়। এসব করতে করতে সে বড় হওয়া ও বেড়ে ওঠার কিছু মূল্যবান শিক্ষা পায়। তবু ক্যাচার হবার বাসনা তাকে তাড়া করে। প্রাপ্তবয়স্কদের জন্য উপন্যাসটি তৈরি করা হলেও অতিমাত্রায় সমালোচনার জন্য কিশোর কিশোরীরাও এটি পড়ে। উপন্যাসটি বিভিন্ন ভাষায় ব্যাপকভাবে অনুবাদ করা হয়।

	Title	Author	Short Summary
Plays	The Room	Harold Pinter	লেখকের প্রথম নাটক এবং এটি "Comedy of Menace" ধারার নাটকের শুরুর দিকের একটি উদাহরণ। এ ধারার নাটকগুলো একই সাথে হাস্যরসাত্মক আবার ভয়াবহ হয়ে উঠতে পারে।
	The Lion and the Jewel	Wole Soyinka	লেখকের সবচেয়ে বিখ্যাত নাটকগুলোর অন্যতম। এ নাটকের মাধ্যমে তিনি আফ্রিকান সংস্কৃতিতে ঢুকে পড়া দুর্নীতিকে তুলে ধরেন এবং আফ্রিকার তরুণদের নিজ সংস্কৃতিকে আঁকড়ে ধরার আহ্বান জানান।
Poem	Ariel	Sylvia Plath	কবির অকাল মৃত্যুর ২ বছর পর প্রকাশিত এই কবিতা সংকলনটি তাঁকে সত্যিকারের খ্যাতি এনে দেয়। এই বইটির কিছু বিখ্যাত কবিতা *Tulips, Daddy, Lady Lazarus* ইত্যাদি। এর মধ্যে *Daddy* তাঁর সর্বকালের সেরা অন্যতম বিতর্কিত কবিতা। এই কবিতাটি নারীদের উপর পুরুষদের আধিপত্যবাদের বিরুদ্ধে চরম ক্ষোভের বহিঃপ্রকাশ ও সব ধরনের সহিংসতার জন্য পুরুষকেই দায়ী করা হয়।
Novels	No Longer at Ease এবং Arrow of God	Chinua Achebe	প্রথম উপন্যাস *Things Fall Apart* প্রভূত সাফল্য লাভ করার পর লেখক এর পরবর্তী পর্ব হিসেবে এই দুইটি উপন্যাস লিখেন এবং এই ৩টি উপন্যাসকে একত্রে African Trilogy বলা হয়। এই দুইটি উপন্যাসের প্রেক্ষাপট ঔপনিবেশিক নাইজেরিয়ার জীবনচিত্র।
	In a Free State	V S Naipaul	পাঁচটি আলাদা গদ্যের এক ধারাবাহিক সংযোগে লিখিত এই উপন্যাসটি একটি সাধারণ বিষয়বস্তু দ্বারা পরস্পরের সাথে সংযুক্ত- স্বাধীনতার মূল্য ও নিজ জন্মভূমি থেকে বাস্তুচ্যুতি। এই উপন্যাসের জন্য লেখক Booker পুরস্কার লাভ করেছিলেন।
	The Field of Embroidered Quilt	E. M. Milford	পল্লীকবি জসীম উদ্‌দীনের বিখ্যাত কাব্যগ্রন্থ *'নক্সী কাঁথার মাঠ'* এর ইংরেজি অনুবাদ।
	The Satanic Verses	Salman Rushdie	লেখকের সবচাইতে বিতর্কিত উপন্যাস। ধর্মীয় বিশ্বাসে আঘাত ও মহানবী (সাঃ) কে অপমান করা হয়েছে- এই অভিযোগে গোটা মুসলিম বিশ্ব এই বইয়ের বিরুদ্ধে তীব্র প্রতিবাদ ও বিক্ষোভ করে। ইরানের সর্বোচ্চ ধর্মীয় নেতা আয়াতুল্লা খামেনী রুশদীর মৃত্যুদণ্ডের ফতোয়া জারি করে।
	The White Castle	Orhan Pamuk	সতের শতকের ইস্তাম্বুলের পটভূমিতে রচিত এই উপন্যাসে ঘটনাক্রমে বন্দী ও ক্রীতদাসে পরিণত হওয়া এক ইতালিয়ান পণ্ডিত ও তার মনিবের মধ্যে সম্পর্ক দেখানো হয়েছে। একই সাথে তুরস্কের অটোমান সাম্রাজ্যের ধারাবাহিক পতনের চিত্র আঁকা হয়েছে এবং "জ্ঞানই প্রকৃত শক্তি"- এই বার্তাটিই দেওয়া হয়েছে।
	The Ministry of Utmost Happiness	Arundhuti Roy	প্রথম উপন্যাস বিখ্যাত *The God of Small Things* এর প্রায় ২০ বছর পর 2017 সালে প্রকাশিত এই উপন্যাসে লেখিকা ভারতের ইতিহাসের কিছু ভয়ংকর অধ্যায়ের প্রেক্ষাপটে কিছু চরিত্র ও গল্প নির্মাণ করেছেন।
	The Da Vinci Code	Dan Brown	2003 সালে প্রকাশিত এই উপন্যাসের কাহিনি আবর্তিত হয়েছে ধর্মীয় চিহ্নের অধ্যাপক Robert Langdon এর ল্যুভর মিউজিয়ামে সংঘটিত একটি খুনের তদন্তকে ঘিরে যেখানে কাহিনি যত আগাতে থাকে ততই খ্রিস্টান ধর্মের প্রচলিত বিশ্বাসের ভিত নাড়িয়ে দিতে থাকে। অত্যধিক জনপ্রিয় এই উপন্যাসে সারা পৃথিবীতে ৮০ মিলিয়ন এরও বেশি কপি বিক্রি হয়েছে।
	Harry Potter Series	J. K Rowling	সাত খণ্ডের কাল্পনিক উপন্যাসের একটি সিরিজ। এই উপন্যাসগুলোর মূল বিষয় জাদুকরদের দুনিয়া নিয়ে এবং এর কাহিনি আবর্তিত হয়েছে Harry Potter নামের এক কিশোর জাদুকরকে ঘিরে, যে তার দুই প্রিয় বন্ধু Hermione Granger ও Ron Weasley কে সাথে নিয়ে নানা অ্যাডভেঞ্চারে অংশ নেয়। ৫০ কোটিরও বেশি কপি বিক্রি হওয়া এই সিরিজটি ইতিহাসের সবচেয়ে বিক্রিত বই এর সিরিজ।
	Brick Lane	Monika Ali	লেখিকার প্রথম উপন্যাস। এই কাব্যধর্মী উপন্যাসটি যুক্তরাজ্যে বসবাসকারী একটি বাংলাদেশী পরিবার নিয়ে রচিত ও এতে ব্রিটেনে অভিবাসী জীবন অভিজ্ঞতার বর্ণনা রয়েছে।
	Namesake	Jhumpa Lahiri	ভারতের কলকাতা থেকে যুক্তরাষ্ট্রে অভিবাসী হওয়া পিতামাতার সন্তান Gogol ও Sonia এর পরিবারের Calcutta, Boston ও New York এ কাটানো ৩০ বছরের জীবন তুলে ধরা হয়েছে এ উপন্যাসে।
	A Golden Age	Tahmima Anam	লেখিকার প্রকাশিত প্রথম উপন্যাস। উপন্যাসটিতে বাংলাদেশের মুক্তিযুদ্ধ একটি পরিবারের চোখে দেখানো হয়েছে। এই উপন্যাসের জন্য তিনি মুক্তিযোদ্ধাদের সাক্ষাৎকার নেওয়ার অভিজ্ঞতা কাজে লাগান। এ উপন্যাস 2008 সালের Commonwealth Writers' Prize এর Best First Book পুরস্কার লাভ করে।

POST MODERN PERIOD এর সাহিত্যে প্রধান চরিত্রসমূহ

Jimmy Porter from *Look Back in Anger* by John Osborne

জিমি হলেন নাটকের "Angry Young Man"। সাধারণত ব্রিটিশ উচ্চ শ্রেণীর আত্মতুষ্টির বিরুদ্ধে এবং বিশেষ করে তার স্ত্রী Alison এবং পরবর্তীতে তার প্রেমিকা Halen-এর বিরুদ্ধে তির্যকতা ছড়াতে দেখা যায়। Halen শ্রমজীবী পরিবারে জন্ম নিলেও তার বন্ধু এবং রুমমেট Cliff এর মতো উচ্চ শিক্ষিত। তার শিক্ষাগত যোগ্যতা ও চিন্তাধারার মধ্যে মিল পাওয়া যায় না উপন্যাসে। নিজেকে একজন শ্রমিক শ্রেণীর মানুষ হিসাবে বিবেচনা করে এবং এই ভেবে হতাশ হয় যে তার শিক্ষাগত যোগ্যতা তার শ্রেণি মর্যাদার কোন পরিবর্তন আনতে পারে নি। উপন্যাসে চরিত্রটি একই সাথে দায়িত্বসচেতন, প্রফুল্ল; সংবেদনশীল এবং অসংবেদনশীলকে একই চরিত্রের দুটি দিক হিসাবে দেখানো হয়েছে।



Pecola from *The Bluest Eye* by Toni Morrison

কাহিনি বিন্যাসে Tony Morrison এর নিজস্ব ধরনের প্রথম পরিচয় পাই তার প্রথম উপন্যাস *'The Bluest Eye'* এ। উপন্যাসটি ১৯৭০ সালে প্রকাশিত হয়। কাহিনি Claudia MacTeer নামে এক কৃষ্ণাঙ্গ মেয়ের জবানীতে বিধৃত। সে ওহাইও অঙ্গরাজ্যে তার বোন Freida কে নিয়ে একটি কড়া কিন্তু মমতাময় বাড়িতে বড়ো হয়েছে। উপন্যাসের অভিশপ্ত নায়িকা তাদের বান্ধবী Pecola Breedlove। Pecola এর বয়স ১১। সে এমন একটা আমেরিকায় বড় হচ্ছে, যেখানে ক্ষুদে চলচ্চিত্র তারকা Shirley Temple (শ্বেতাঙ্গ ও নীল চোখের অধিকারী) নিয়ে জয়জয়কার। সারা দেশে পাঠ্যবইয়ে ডিক আর জেন-এর ছবি– এরাও শ্বেতাঙ্গ ও নীল চোখের অধিকারী। এসব দেখে Pecola এর ধারণা হয়েছে সে কুশ্রী। সে নিজেকে চেনার আগে চিনেছে নিজের প্রতি ঘৃণাকে, চিনেছে বৈষম্য আর বিভেদকে, জেনেছে কেবল জন্ম আর বর্ণের ফেরে সে মানব সমাজে নেমে গেছে অনেক নিচে, হয়ে উঠেছে অবহেলা আর ঘৃণার পাত্র। সে অহোরাত্র প্রার্থনা করে এমন একটি জিনিসের জন্য যার ফলে সে এই অবস্থা থেকে পরিত্রাণ পাবে। সেটি হলো এক জোড়া নীল চোখ। বদ্ধ মাতাল অবস্থায় Pecola এর বাবার কাছে সে ধর্ষিত হয়ে Pecola গর্ভবতী হলো। এবার সে সমাজ এবং তার ভগ্ন পরিবার উভয়ের কাছে অবাঞ্ছিত হয়ে গেলো।

বইটি শেষ হয় একটি শৈশবের করুণ পরিণতি দিয়ে, মানবতার চরম পতন দিয়ে। শুধু শেষ হতে হতে বলে যায় সাদা চামড়ার এক জোড়া নীল চোখ কীভাবে হয়েছে সৌন্দর্য আর সামাজিক সম্মানের পরিমাপক, মানুষে মানুষে বাড়িয়েছে দূরত্ব অথবা হয়ে উঠেছে অভিশাপ হাজার জীবনের, বিষে নীলাভ করেছে শত সহস্র শৈশবকে। বইটি যেন পক্ষপাতী পৃথিবীর বৈষম্য আর বাস্তবতার এক কর্কশ হুংকার।

Sethe from *Beloved* by Toni Morrison

যুক্তরাষ্ট্রের ওহাইওর সিনসিনাটির পরিপ্রেক্ষিতে রচিত Tony Morrison এর ১৯৮৭ সালে প্রকাশিত উপন্যাস *'Beloved'*। ১৮৬১ থেকে ১৮৬৫ সাল পর্যন্ত আমেরিকার গৃহযুদ্ধ পরবর্তী পটভূমিতে রচিত হয়েছে উপন্যাসটি। আফ্রিকান-আমেরিকান ক্রীতদাস Margaret Garner-এর জীবনী দ্বারা অনুপ্রাণিত হয়ে লেখা হয়েছিল উপন্যাসটি। মূল চরিত্র Sethe একজন নারী কৃষ্ণাঙ্গ ক্রীতদাস। মালিকের অত্যাচার থেকে বাঁচতে সে পালিয়ে যায়। কিন্তু ২৮ দিন পর সে ধরা পড়ে। এ সময় তাকে ও তার দুই বছর বয়সী বাচ্চাকে জোর করে ফিরিয়ে নিয়ে যেতে চায় তার মালিক। কিন্তু ফিরে যেতে চায় না সে। আর সে চায় না তার কন্যাকেও একই ভাগ্য বরণ করে নিতে হোক। তাই নিজের দুই বছর বয়সী মেয়েকে মেরে ফেলে সে।

Sethe এর দুই ছেলে হাওয়ার্ড ও বাগলার তাঁদের দাদি সাগের মৃত্যুর আগেই বাড়ি থেকে পালিয়ে গিয়েছিল। Sethe এর ধারণা তাদের বাড়িতে অশুভ আত্মা রয়েছে বলেই তার দুই ছেলে ভয়ে পালিয়ে গেছে। আর নিজ হাতে খুন করার পর সবার ধারণা Sethe এর মৃত মেয়ের আত্মাও ঘুরে বেড়ায় তাদের বাড়িতে।

Esther Greenwood

Esther Greenwood from *The Bell Jar* by Sylvia Plath

The Bell Jar আমেরিকান লেখক ও কবি Sylvia Plath-এর লেখা একমাত্র উপন্যাস। মূলত 1963 সালে "Victoria Lucas" ছদ্মনামে প্রকাশিত, উপন্যাসটি স্থান এবং মানুষের নাম পরিবর্তিত সহ আধা-আত্মজীবনীমূলক। Sylvia মূল চরিত্রের নাম দিয়েছেন Esther Greenwood। Esther অসাধারণ মেধাবী, ভালো কবিতা লেখেন, তার একাডেমিক ফলাফল দুর্দান্ত, শিক্ষাজীবনে অনেক পুরস্কার জিতেছেন, বৃত্তি পেয়েছেন, শিক্ষকদের প্রশংসা কুড়িয়েছেন। উপন্যাসের কাহিনি যখন শুরু হয় তখন সময়টা 1953 সাল। সোভিয়েতের হয়ে গুপ্তচরবৃত্তি করা Rosenberg দম্পতির মৃত্যুদণ্ড কার্যকরের খবর তখন পত্রিকার শিরোনাম। ইলেকট্রিকিউশনের মাধ্যমে মৃত্যুদণ্ডের ব্যাপারটি Esther কে যথেষ্ট মানসিক পীড়া দিয়েছিল। সে তখন নিউ ইয়র্কের একটা নামকরা ফ্যাশন ম্যাগাজিনে অতিথি সম্পাদক হিসেবে কর্মরত। ভাল বেতন, বিলাসবহুল হোটেলে থাকার ব্যবস্থা, দামি পোশাক, জাঁকজমকপূর্ণ পার্টিতে যোগদানের সুযোগ – সমবয়সী বহু তরুণীর ঈর্ষা জাগানোর মতো জীবন ছিল তার। তারপরও ফ্যাশন ম্যাগাজিনের দিনগুলিতে সে বিষণ্ন ছিল, ঠিক করে উঠতে পারেনি তার জীবনের লক্ষ্য কী হওয়া উচিত। Esther এর স্মৃতিচারণায় পুরুষের সাথে তার ছোট-বড় বিভিন্ন সম্পর্কের কথা উঠে এসেছে। প্রেমিকের কাছ থেকে বিশ্বাসঘাতকতার শিকার হওয়া, লড়াই করে ধর্ষিত হওয়ার হাত থেকে বেঁচে ফেরা – তার কিছু উল্লেখযোগ্য ঘটনা। Esther তার বাবার অনুপস্থিতি অনুভব করে, যাকে সে হারিয়েছে নয় বছর বয়সে। কিন্তু কোন অজানা কারণে তার মাকে সে পছন্দ করে না, মায়ের সাথে দুর্ব্যবহার করে; যদিও এস্থারের মা আর দশটা সাধারণ মায়ের মতই সন্তানের প্রতি যত্নশীল, ভালবাসায় পরিপূর্ণ। একটা রাইটিং কোর্সে Esther এর আবেদন নামঞ্জুর হলে তার বিষণ্নতা প্রচণ্ড বেড়ে যায় এবং সে আত্মহত্যার চেষ্টা করে বেঁচে যায়। সময়ের পরিক্রমায় তার জায়গা হয় মানসিক হাসপাতালে। ক্লিনিকাল ডিপ্রেশনের কিছু চিকিৎসা প্রক্রিয়ায় উত্তীর্ণ হয়ে শেষ পর্যন্ত হাসপাতাল থেকে ছাড়া পায় সে।

Mohun Biswas from *A House of Mr. Biswas* by V.S. Naipaul

Mohun Biswas

V.S. Naipaul এর সেরা কাজ *A House for Mr. Biswas (1961)* নিঃসন্দেহে এই শতাব্দীর একটি অন্যতম শ্রেষ্ঠ উপন্যাস। বইটি হতাশা, দুঃখ, হারানোর যন্ত্রণা, পুনরায় ফিরে পাওয়া -এই সবকিছুকে ঘিরে গড়ে ওঠা একটি আধুনিক মহাকাব্য। এক প্রায় হাস্যকর কেন্দ্রীয় চরিত্রের এই কঠিন ও সমস্যাকীর্ন পৃথিবীতে খাপ খাইয়ে নেওয়ার আখ্যানের এক কাব্যিক ও রাজনৈতিক রূপক। উপন্যাসটি ভারতীয় অভিবাসীদের বঞ্চনা, দুঃখ, নিপীড়নের এক ঐতিহাসিক দলিল।

Mohun Biswas ত্রিনিদাদের ভারতীয় জনবসিতে এক ব্রাহ্মণ পরিবারে জন্মগ্রহণ করেন। জন্মমাত্রই গুরুদেব তার কুষ্ঠি পড়ে বলেন, এই ছেলে তার বাপ মা-কে খাবে। আর একে জল ও গাছপালা থেকে দূরে রাখলেই ভালো। উপরন্তু, এই দুর্মুখ বড় হলে কিপটে তো হবেই, মিথ্যুকও হতে পারে। এইসব শুনে বাপ-মা Mohun কে গুরুদেবের তথাস্তু করেই বড় করেন। একদিন প্রতিবেশীর গরু চড়াতে গিয়ে বেচারা Mohun প্রাকৃতিক ঝর্ণার সৌন্দর্য দেখে বিমোহিত হয়ে পড়ে। এইদিকে, গরু যায় হারিয়ে। ভয়ে লুকিয়ে থাকা Mohun কে খুঁজে না পেয়ে তার বাবা পানিতে ঝাঁপ দেয় ও ডুবে মরে।

বিশ্বাস পরিবার এরপর ছড়িয়ে ছিটিয়ে যায়। বিভিন্ন অবস্থাসম্পন্ন আত্মীয়ের বাসায় তাদের আশ্রয় হয়। পড়াশুনায় বেশিদূর এগুতে না পারা Mohun শেষমেশ Sign Writer হিসেবে চাকরি জোটে। এক খদ্দেরের কন্যাকে প্রেমমুগ্ধ করতে গিয়ে বেচারা Mohun এমন আচরণ করে যেন মনে হয় সে বিয়ের প্রস্তাব দিচ্ছে। এরই সূত্র ধরে খানদানি পরিবার Tulsi Family এর Shama-এর সাথে Mohun এর বিয়ে হয়ে যায়।

বিয়ের পর Mohun Biswas ঘরজামাই হিসেবে পড়ে থাকে। তার নিজের ঘর ও আত্মপরিচয় তৈরি করার বিভিন্ন প্রচেষ্টার মধ্য দিয়ে পাঠক একজন মানুষের স্বাবলম্বী হবার সংগ্রাম অনুভব করতে পারেন। অন্য সব কাজের মতোই Mohun Biswas এতেও ব্যর্থ হয়। সে যেন এক আধুনিক Tragi-comic হিরো।

Saleem Sinai

Saleem Sinai from *Midnight's Children* by Salman Rushdie

Salman Rushdie ভারতীয়-ব্রিটিশ ঔপন্যাসিক, প্রবন্ধকার। তাঁর দ্বিতীয় উপন্যাস *Midnight's Children* 1981 সালে সাহিত্যে বুকার পুরস্কার লাভ করে।

এ উপন্যাস দেখা যায় 1947 সালের ১৫ আগস্ট ১০০১ জন শিশু জন্মগ্রহণ করে। Saleem Sinai ঠিক মধ্যরাতে জন্ম নেয়। এই হিসেবে তার বয়স স্বাধীন ভারতবর্ষের সমান। একটু পরিণত বয়সে Saleem আবিষ্কার করে যে যেসব শিশু ঐ বিশেষ দিনের বিশেষ সময়ে জন্ম নিয়েছিল তাদের কিছু বিশেষ ক্ষমতা আছে। তারা Midnight's Children। Saleem এর ক্ষমতা হলো তার Telepathy। সে দূর দূরান্তের মানুষের মস্তিষ্কের সাথে যোগাযোগ স্থাপন করতে পারে। এই ক্ষমতার ব্যবহার করে সে তার মতো আরও *Midnight's Children* দের সাথে নিয়ে একটি কনফারেন্স করে। উপনিবেশ অবসানের পর ভারতের সমস্যাগুলো সমাধানে উদ্যোগী হয়।

কনফারেন্সে মতের মিল হয় না। Shiva ও Parvati সালিমের ঘোর বিরোধিতা করে। এইদিকে বিভিন্ন যুদ্ধ, দাঙ্গা লেগেই থাকে। স্বপ্নের ভারতবর্ষ আর অর্জন করা হয় না। ইন্দিরা গান্ধীর দুঃশাসন ও কঠোরতায় Saleem এর স্বপ্নভঙ্গ হয়। শেষমেশ বিগত দিনগুলোর কথা আনমনে ভাবা ছাড়া আর কিছুই করার থাকে না।

POST MODERN PERIOD এর সাহিত্যে প্রধান উক্তিসমূহ

The sun shone, having no alternative, on the nothing new

Murphy,
Samuel Beckett

Nothing is funnier than unhappiness

Endgame,
Samuel Beckett

When the soul suffers too much, it develops a taste for misfortune

The First Man,
Albert Camus

Art is the Mirror of our betrayed ideals

The Golden Notebook,
Doris Lessing

Millions of families hopeless alone

September on Jessore Road,
Allen Ginsberg

One minute of reconciliation is worth more than a whole life of friendship!

One Hundred Years of Solitude,
Gabriel García Márquez

Even bad books are books and therefore sacred

The Tin Drum,
Günter Grass

If Jesus had been a hunchback, they could hardly have nailed him to the cross

The Tin Drum,
Günter Grass

When the moon is shining the cripple becomes hungry for a walk

Things Fall Apart,
Chinua Achebe

You are who you choose to be

The Iron Man,
Ted Hughes

Freeing yourself was one thing, claiming ownership of that freed self was another

Beloved,
Toni Morrison

Love is or it ain't. Thin love ain't love at all

Beloved,
Toni Morrison

If you want to leave your footprints On the sands of time Do not drag your feet

Wings of Fire,
A.P.J. Abdul Kalam

If you expect nothing from somebody you are never disappointed

The Bell Jar,
Sylvia Plath

Small things start us in new ways of thinking

A Bend in the River,
V.S. Naipaul

From the beginning men used God to justify the unjustifiable

The Satanic Verses,
Salman Rushdie

We all owe death a life

Midnight's Children,
Salman Rushdie

Children are the vessels into which adults pour their poison

Midnight's Children,
Salman Rushdie

Does a country fall into fascism the way a person falls in love? Or, more accurately, in hate

Azadi,
Arundhati Roy

The more man learned, the more he realized he did not know

The Lost Symbol,
Dan Brown

I have a dream that one day this nation will live out the true meaning of its creed that all men are created equal.

Dr. Martin Luther King Jr

Quotes	Source	Author
The end is in the beginning and yet you go on	Endgame	Samuel Beckett
Estragon: People are bloody ignorant apes	Waiting for Godot	
When I look at my life and its secret colors, I feel like bursting into tears	A Happy Death	Albert Camus
In order to understand the world, one has to turn away from it on occasion	The Myth of Sisyphus and Other Essays	
People hasten to judge in order not to be judged themselves	The Fall	
I touch your book and dream of our odyssey in the supermarket and feel absurd	Howl and Other Poems	Allen Ginsberg
There is always something left to love	One Hundred Years of Solitude	Gabriel García Márquez
They were so close to each other that they preferred death to separation	One Hundred Years of Solitude	
If you don't like my story, write your own	Things Fall Apart	Chinua Achebe
Thinking is the capital, Enterprise is the way, Hard Work is the solution	Ignited Minds	A.P.J. Abdul Kalam
There is nothing like puking with somebody to make you into old friends	The Bell Jar	Sylvia Plath
Non-fiction can distort; facts can be realigned. But fiction never lies	A Bend in the River	V.S. Naipaul
What's real and what's true aren't necessarily the same	Midnight's Children	Salman Rushdie
That's what careless words do. They make people love you a little less	Arundhati Roy The God of Small Things	Arundhati Roy
If you're happy in a dream, does that count?	The God of Small Things	
It's a battle of those who know how to think against those who know how to hate	Azadi	
Science and religion are not at odds. Science is simply too young to understand	Angels & Demons	Dan Brown
It does not do to dwell on dreams and forget to live	Harry Potter and the Sorcerer's Stone	J.K. Rowling

Potential Questions & Answers

01. Who is the writer of the famous play "The Lion and the Jewel"?
(a) Chinua Achebe (b) Sani Abacha (c) R.K Narayan (d) Wole Soyinka

02. Who wrote the novel 'The Interpreters'?
(a) R.K Narayan (b) Sani Abacha (c) Wole Soyinka (d) Chinua Achebe

03. 'The God of Small Things' is written by–.
(a) Vikram Seth (b) John Galsworthy (c) Arundhati Roy (d) E.M. Foster

04. Writer of 'Da Vinci Code' is–.
(a) Dan Brown (b) Jules Verne (c) Sidney Sheldon (d) None of the above

05. Who is the first African to be honored by awarding the Nobel Prize in literature in 1986–?
(a) Chinua Achebe (b) Wole Soyinka (c) Derek Walcott (d) Nadine Goldmire

06. 'Arrow of God' was written by–.
(a) Jonathon Swift (b) G.B. Shaw (c) Mark Twain (d) Chinua Achebe

07. Ted Hughes was born in–.
(a) 1930 (b) 1924 (c) 1800 (d) 1918

08. Ted Hughes did not write?
(a) Jaguars (b) Crow (c) Capriccio (d) Cave Birds

09. Harold Pinter is a/an–.
(a) Essayist (b) Dramatist (c) Player (d) Novelist

10. 'Flowers and Insects' is the best work of–.
(a) James (b) Ted Hughes (c) John (d) Homer

11. Who is the author of Caretaker?
(a) Harold Pinter (b) Molire (c) O'neil (d) Samuel Bacckett

12. Who wrote "The Birthday Party"?
(a) James Joyce (b) G.B. Shaw (c) Harold Pinter (d) Jane Austen

13. Who wrote the drama, 'A Dance of the Forests'?
(a) Wole Soyinka (b) Chinua Achebe (c) Sani Abacha (d) R.K Narayan

14. 'Things Fall Apart' was written by–.
(a) W.B. Yeats (b) Chinua Achebe (c) Wole Soyinka (d) V.S. Naipaul

15. Toni Morrison was the editor of-
(a) Random House (b) New York Times (c) Nature (d) None

16. Down below, which is Camus' Philosophical Work?
(a) Caligula (b) Myth of Sisyphus (c) The Plague (d) The First Man

17. Which author is related to "Rhodesia"?
(a) Marquez (b) Lessing (c) Morrisson (d) Hughes

18. Who was an Irish but wrote dramas and novels in both English and French frequently?
(a) Thomas Kyd (b) Oscar Wilde (c) J.M. Synge (d) Samuel Beckett

19. Who wrote the famous play 'Waiting'?
(a) Samuel Beckett (b) Oscar Wilde (c) J.M Synge (d) Thomas Kyd

20. What kind of plays did Samuel Beckett write?
(a) Revenge play (b) Problem play (c) Witty Play (d) Absurd play

21. Samuel Beckett was of– origin.
(a) Irish (b) Polish (c) Canadian (d) English

22. Who was an American novelist born in Canada?
(a) Herman Melville (b) Pearl S. Buck (c) William Faulkner (d) Saul Bellow

23. Who is the writer of the novel 'The Adventure'?
(a) Derek Walcott (b) V.S Naipaul (c) Saul Bellow (d) Graham Greene

24. Who wrote the novel 'Seize the Day'?
(a) V.S Naipaul (b) Derek Walcott (c) Graham Greene (d) Saul Bellow

25. A Hundred Years of Solitude chronicles the family history of-
(a) Arnauts (b) Solzbergs (c) Aurelianos (d) Buendias

Answers

01	d	02	c	03	✡	04	a	05	b	06	d	07	a	08	d	09	b	10	b
11	a	12	c	13	a	14	b	15	a	16	b	17	b	18	✡	19	a	20	d
21	✡	22	d	23	c	24	d	25	d										

[বিশেষ দ্রষ্টব্য: সুপ্রিয় বিসিএস প্রার্থী, উত্তরমালায় কিছু প্রশ্নের উত্তর না দেয়া থাকলেও আমরা বিশ্বাস করি আপনারা পরিপূর্ণ আত্মবিশ্বাসের সাথেই সঠিক উত্তরে বৃত্ত ভরাট করতে পারবেন।]

Chapter 11 (Literature)
Some Important Essetial Lists

Nobel in Literature

Nobel Laureates in a nutshell				
Year	Laureate	Residence	Language(s)	Prize motivation
